নাম্না কৃতদ্যুতিস্তস্যৈ যজ্ঞোচ্ছিষ্টমদাদ্ দ্বিজঃ ॥২৮
অথাহ নৃপতিং রাজন্ ভবিতৈকস্তবাত্মজঃ।
হর্ষশোকপ্রদস্তুভ্যমিতি ব্রহ্মসুতো যযৌ ॥২৯
সাপি তৎপ্রাশনাদেব চিত্রকেতোরধারয়ৎ।
গর্ভং কৃতদ্যুতির্দেবী কৃত্তিকাগ্নেরিবাত্মজম্ ॥৩০

ক্ষুত্তৃড্ভ্যাম্ অন্নপানকামং পুরুষং যথা স্রক্‌চন্দনাদয়ঃ ন সুখয়ন্তি তথা লোকপালৈঃ অপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্যসম্পদঃ অপ্রজং পুত্রহীনং মাং ন নন্দয়ন্তি ॥২৫

ততঃ হে মহাভাগ! পুত্রাভাবাৎ পূর্ব্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমঃ নরকং মাং পাহি, তথা প্রজয়া হেতুভূতয়া যথা দুষ্পারং নরকং তরেম ন গচ্ছাম, তম্ উপায়ং নঃ বিধেহি উপদিশ ॥২৬

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ অর্থিতঃ রাজ্ঞা প্রার্থিতঃ সঃ কৃপালুঃ ব্রহ্মণঃ সুতঃ বিভুঃ কার্য্যসমর্থঃ ভগবান্ সর্ব্বজ্ঞঃ অঙ্গিরা ত্বাষ্ট্রং চরুং হবির্বিশেষং শ্রপয়িত্বা সিদ্ধং কৃত্বা ত্বষ্টারম্ অযজৎ ॥২৭

তথা রাজ্ঞঃ মহিষীণাং মধ্যে যা জ্যেষ্ঠা প্রথম-বিবাহিতা, শ্রেষ্ঠা গুণবিশিষ্টা নাম্না কৃতদ্যুতিঃ ইতি প্রসিদ্ধা পত্নী আসীৎ, হে ভারত! তস্যৈ সঃ দ্বিজঃ যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষম্ অদাৎ ॥২৮

অথ চরুদানানন্তরং হে রাজন্! তুভ্যং হর্ষশোকপ্রদঃ তব আত্মজঃ পুত্রঃ একঃ ভবিতা ভবিষ্যতি ইতি নৃপতিম্ আহ, তথা উক্ত্বা ব্রহ্মসুতঃ অঙ্গিরা ততঃ যযৌ ॥২৯

অগ্নেঃ সকাশাৎ যথা কৃত্তিকা দেবী আত্মজং স্কন্দম্ অধারয়ৎ, তথা কৃতদ্যুতিঃ অপি তস্য হবিঃ-শেষস্য প্রাশনাৎ ভক্ষণাৎ এব চিত্রকেতোঃ সকাশাৎ গর্ভম্ অধারয়ৎ ॥৩০

হে ব্রহ্মন্! যে ব্যক্তি ক্ষুধা-তৃষ্ণায় কাতর হইয়া অন্ন ও পানীয় লাভের আকাঙ্ক্ষা করে, মালাচন্দনপ্রভৃতি অপর ভোগ্য বস্তুসমূহ যেরূপ তাহাকে আনন্দ দান করিতে পারে না, যেরূপ লোকপালগণেরও বাঞ্ছনীয় এই সাম্রাজ্য, ঐশ্বর্য্য ও সম্পদ্‌রাশি সন্তানহীন আমাকে আনন্দ দান করিতে পারিতেছে না।২৫

হে মহাভাগ! আমি সন্তানের অভাবে পূর্ব পুরুষগণের সহিত নরকপ্রাপ্তির ভয়ে ভীত হইয়াছি, আপনি আমাকে রক্ষা করুন এবং যাহাতে সন্তানের সাহায্যে দুস্তর নরক উত্তীর্ণ হইতে পারি, তাহার ব্যবস্থা করুন।২৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা চিত্রকেতু এরূপ প্রার্থনা করিলে ব্রহ্মার পুত্র দয়ার্দ্রচিত্ত মহাপ্রভাবশালী ভগবান্ অঙ্গিরা ত্বষ্টৃদেবতার চরু পাক করিয়া তদ্দ্বারা ত্বষ্টৃদেবতার যাগ করিয়াছিলেন।২৭

হে ভরতকুলনন্দন! রাজা চিত্রকেতুর মহিষীগণের মধ্যে যিনি সর্বজ্যেষ্ঠা ও শ্রেষ্ঠা ছিলেন, তাঁহার নাম কৃতদ্যুতি; মহর্ষি অঙ্গিরা তাঁহাকে যজ্ঞের অবশিষ্ট চরুভাগ ভক্ষণ করিতে দিলেন।২৮

অনন্তর ব্রহ্মার পুত্র অঙ্গিরা চিত্রকেতুকে বলিলেন—হে মহারাজ! তোমার একটিমাত্র পুত্র হইবে, কিন্তু সে তোমাকে হর্ষ ও শোক প্রদান করিবে। এই কথা বলিয়াই মহর্ষি অঙ্গিরা তথা হইতে প্রস্থান করিলেন।২৯

হে মহারাজ! কৃত্তিকা যেরূপ অগ্নির ঔরসে নিজ গর্ভে পুত্রসন্তান ধারণ করিয়াছিলেন, দেবী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্যা অনুদিনং গর্ভঃ শুক্লপক্ষ ইবোড়ুপঃ।
ববৃধে শূরসেনেশতেজসা শনকৈর্নৃপ ॥৩১
অথ কাল উপাবৃত্তে কুমারঃ সমজায়ত।
জনয়ন্ শূরসেনানাং শৃণ্বতাং পরমাং মুদম্ ॥৩২
হৃষ্টো রাজা কুমারস্য স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ।
বাচয়িত্বাশিষো বিপ্রৈঃ কারয়ামাস জাতকম্ ॥৩৩
তেভ্যো হিরণ্যং রজতং বাসাংস্যাভরণানি চ।
গ্রামান্ হয়ান্ গজান্ প্রাদাদ্ধেনূনামর্ব্বুদানি ষট্ ॥৩৪

হে নৃপ! তস্যাঃ গর্ভঃ অপি শুক্লপক্ষে উড়ুপঃ চন্দ্রঃ ইব শূরসেনেশস্য তেজসা শনকৈঃ ক্রমেণ ববৃধে অবর্দ্ধত ॥৩১

অথ কালে প্রসূতি-সময়ে উপাবৃত্তে প্রাপ্তে সতি শৃণ্বতাং শূরসেনানাং পরমাং মুদং হর্ষং জনয়ন্ কুমারঃ সমজায়ত ॥৩২

তৎ শ্রুত্বা হৃষ্টঃ রাজা স্নাতঃ শুচিঃ অলঙ্কৃতঃ সন্ বিপ্রৈঃ কুমারস্য আশিষঃ বাচয়িত্বা জাতকং জাতকর্ম্ম কারয়ামাস ॥৩৩

তেভ্যঃ বিপ্রেভ্যঃ হিরণ্যং, রজতং, বাসাংসি, আভরণানি, গ্রামান্, হয়ান্, গজান্, ধেনূনাম্ অর্বুদানি ষট্ চ প্রাদাৎ ॥৩৪

কৃতদ্যুতিও সেরূপ উক্ত চরু ভক্ষণ করায়ই চিত্রকেতুর বীর্যে গর্ভধারণ করিলেন।৩০

হে মহারাজ! চন্দ্র যেরূপ শুক্লপক্ষে প্রতিদিন ধীরে ধীরে বৃদ্ধি পাইতে থাকে, রাজা চিত্রকেতুর বীর্য্যজাত কৃতদ্যুতির সেই গর্ভও সেরূপ প্রতিদিন ধীরে ধীরে বৃদ্ধি লাভ করিতেছিল।৩১

অনন্তর প্রসবকাল উপস্থিত হইলে মহিষী কৃতদ্যুতির একটি পুত্রসন্তান ভূমিষ্ঠ হইল এবং তাহা শ্রবণ করিয়া শূরসেনদেশবাসী সকলেরই পরম আনন্দের উদয় হইয়াছিল।৩২

তৎকালে পুত্রসন্তানলাভে হৃষ্টচিত্ত রাজা চিত্রকেতু স্নানপূর্বক শুদ্ধ ও অলঙ্কৃত হইয়া ব্রাহ্মণগণের দ্বারা আশীর্বাদ পাঠ করাইয়া পুত্রের জাতকর্ম সম্পাদন করাইয়াছিলেন।৩৩

অনন্তর রাজা চিত্রকেতু সেই ব্রাহ্মণগণকে সুবর্ণ, রজত, বস্ত্র, অলঙ্কার, বহু গ্রাম, অশ্ব, হস্তী এবং

ববর্ষ কামানন্যেষাং পর্জন্য ইব দেহিনাম্।
ধন্যং যশস্যমায়ুষ্যং কুমারস্য মহামনাঃ ॥৩৫
কৃচ্ছ্রলব্ধেঽথ রাজর্ষেস্তনয়েঽনুদিনং পিতুঃ।
যথা নিঃস্বস্য কৃচ্ছ্রাপ্তে ধনে স্নেহোঽন্ববর্দ্ধত ॥৩৬
মাতুস্ত্বতিতরাং পুত্রে স্নেহো মোহসমুদ্ভবঃ।
কৃতদ্যুতেঃ সপত্নীনাং প্রজাকামজ্বরোঽভবৎ ॥৩৭
চিত্রকেতোরতিপ্রীতির্যথা দারে প্রজাবতি।
ন তথান্যেষু সঞ্জজ্ঞে বালং লালয়তোঽন্বহম্ ॥৩৮

কুমারস্য ধন্যং ধনকরং, যশস্যং যশস্করম্, আয়ুষ্যম্ আয়ুঃপ্রদং কর্ম্ম মন্যমানঃ মহামনাঃ রাজা অন্যেষাম্ অপি দেহিনাং কামান্ মনোরথান্ পর্জ্জন্যঃ ইব ববর্ষ যথোচিতং পূরয়ামাস ॥৩৫

নিঃস্বস্য দরিদ্রস্য কৃচ্ছ্রাপ্তে ধনে যথা অনুদিনং স্নেহঃ বর্দ্ধতে, তথা কৃচ্ছ্রলব্ধে তনয়ে রাজর্ষেঃ পিতুঃ স্নেহঃ অন্ববর্দ্ধত ॥৩৬

মাতুঃ কৃতদ্যুতেঃ পুত্রে মোহসমুদ্ভবঃ স্নেহঃ অতিতরাম্ অন্ববর্দ্ধত। তথা সপত্নীনাং প্রজাকামজ্বরঃ অভবৎ ॥৩৭

অন্বহম্ অনুদিনং বালং পুত্রং লালয়তঃ চিত্রকেতোঃ রাজ্ঞঃ প্রজাবতি দারে যথা প্রীতিঃ তথা অন্যেষু দারেষু ন সংজজ্ঞে ॥৩৮

ষাট কোটি দুগ্ধবতী গাভী দান করিয়াছিলেন।৩৪

অতঃপর মেঘ যেরূপ লোকের কামনা পূরণ করিয়া অকাতরে বারিধারা বর্ষণ করে, রাজা উদারচেতা চিত্রকেতুও সেরূপ যাহাতে পুত্রের ধন, যশঃ ও আয়ুঃ বৃদ্ধি পায়—সেই ভাবেই অন্যান্য সকলকেই অকাতরে কাম্য বস্তুসমূহ দান করিয়াছিলেন।৩৫

হে মহারাজ! দরিদ্র ব্যক্তির কষ্টলব্ধ ধনের যেরূপ উত্তরোত্তর অনুরাগ বৃদ্ধি পায়, রাজর্ষি চিত্রকেতুরও কষ্টলব্ধ সন্তানের প্রতি সেরূপ ভাবেই উত্তরোত্তর স্নেহ বৃদ্ধি পাইয়াছিল।৩৬

মাতা কৃতদ্যুতির নবজাত পুত্রের প্রতি মোহজনক স্নেহের উদয় হইয়াছিল এবং পুত্রকামনায় তাঁহার সপত্নীগণের মনস্তাপ জন্মিয়াছিল।৩৭

তৎকালে সর্বদা পুত্রের লালনকার্য্যে আসক্ত চিত্রকেতুর পুত্রবতী মহিষীর প্রতি যেরূপ প্রীতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঃ পর্য্যতপ্যন্নাত্মানং গর্হয়ন্ত্যোঽভ্যসূয়য়া ।
আনপত্যেন দুঃখেন রাজ্ঞশ্চানাদরেণ চ ॥৩৯
ধিগপ্রজাং স্ত্রিয়ং পাপাং পত্যুশ্চাগৃহসম্মতাম্ ।
সুপ্রজাভিঃ সপত্নীভির্দাসীমিব তিরস্কৃতাম্ ॥৪০
দাসীনাং কো নু সন্তাপঃ স্বামিনঃ পরিচর্য্যয়া ।
অভীক্ষ্ণং লব্ধমানানাং দাস্যা দাসীব দুর্ভগাঃ ॥৪১
এবং সন্দহ্যমানানাং সপত্ন্যাঃ পুত্রসম্পদা ।
রাজ্ঞোঽসম্মতবৃত্তীনাং বিদ্বেষো বলবানভূৎ ॥৪২
বিদ্বেষনষ্টমতয়ঃ স্ত্রিয়ো দারুণচেতসঃ ।
গরং দদুঃ কুমারায় দুর্ম্মর্ষা নৃপতিং প্রতি ॥৪৩
কৃতদ্যুতিরজানন্তী সপত্নীনামঘং মহৎ ।
সুপ্ত এবেতি সঞ্চিন্ত্য নিরীক্ষ্য ব্যচরদ্ গৃহে ॥৪৪
শয়ানং সুচিরং বালমুপধার্য্য মনীষিণী ।
পুত্রমানয় মে ভদ্রে ইতি ধাত্রীমচোদয়ৎ ॥৪৫

আনপত্যেন অপুত্রত্ব-নিমিত্তেন দুঃখেন, তথা রাজ্ঞঃ অনাদরেণ চ তাঃ প্রজারহিতাঃ পত্ন্যঃ আত্মানং গর্হয়ন্ত্যঃ অভ্যসূয়য়া সপত্ন্যাং দোষারোপেণ পর্য্যতপ্যন্ ॥৩৯

সুপ্রজাভিঃ সপত্নীভিঃ দাসীন্ ইব তিরস্কৃতাং পত্যুঃ অগৃহ-সম্মতাম্ (ন গৃহে সম্মতাং ন বহুমতাং) অপ্রজাং পাপাং স্ত্রিয়ং ধিক্ ॥৪০

স্বামিনঃ পরিচর্য্যয়া অভীক্ষ্ণং লব্ধমানানাং দাসীনাং কঃ নু সন্তাপঃ ? বয়ং তু দাস্যাঃ দাসীব অতীব দুর্ভগাঃ ॥৪১

সপত্ন্যাঃ পুত্রসম্পদা এবং সংদহ্যমানানাং তথা রাজ্ঞঃ অসম্মত-বৃত্তীনাং (ন সম্মতা বৃত্তিঃ জীবনং যাসাং তাসাং) পুত্রে বলবান্ বিদ্বেষঃ অভূৎ ॥৪২

বিদ্বেষেণ নষ্টা মতিঃ যাসাং তাঃ দারুণ-চেতসঃ তাঃ স্ত্রিয়ঃ নৃপতিং প্রতি দুর্ম্মর্ষাঃ সত্যঃ কুমারায় গরং বিষং দদুঃ ॥৪৩

সপত্নীনাং মহৎ অঘং বিষদানরূপম্ অপরাধম্ অজানন্তী কৃতদ্যুতিঃ বালকঃ সুপ্তঃ এব ইতি সংচিন্ত্য তং প্রতি নিরীক্ষ্য চ গৃহে ব্যচরৎ ॥৪৪

বালং সুচিরং দীর্ঘকালং শয়ানম্ উপধার্য্য জ্ঞাত্বা মনীষিণী কৃতদ্যুতিঃ, ভদ্রে! মে পুত্রম্ আনয়। ইতি ধাত্রীং

জন্মিয়াছিল, অপর ভার্যাগণের প্রতি সেরূপ প্রীতি ছিল না ।৩৮

এ অবস্থায় রাজার অপর ভার্য্যাগণ নিজেদের নিন্দা করিতে করিতে—অসূয়া, পুত্রসন্তানের অভাবজনিত দুঃখ এবং রাজার অনাদরহেতু সর্বদা এরূপ পরিতাপ করিতেছিলেন ।৩৯

হায়! নিঃসন্তানা নারী বস্তুতই পাপীয়সী, তাহাকে ধিক্। স্বামী তাহাকে ভার্যারূপে গণ্য করে না এবং পুত্রবতী সপত্নীগণ তাহার প্রতি দাসীর ন্যায় অনাদরই প্রকাশ করে। বস্তুতঃ দাসীগণ প্রভুর পরিচর্যাদ্বারা সর্বদা তাহাদের নিকট আদরই পাইয়া থাকে, অতএব তাহাদের কোনরূপ সন্তাপ ঘটে না, পরন্তু আমরা দাসীর ন্যায় দুর্ভগা ।৪০-৪১

তাহারা সপত্নীর পুত্রসম্পদ্ দর্শন করিয়া সর্বদা এরূপ চিত্তদাহ অনুভব করিতেছিল এবং রাজার নিকটও তাহাদের জীবন অবাঞ্ছিত হইয়াছিল। এ অবস্থায় তাহাদের চিত্তে প্রবল বিদ্বেষের সঞ্চার হইল ।৪২

এইরূপ বিদ্বেষবশতঃ বুদ্ধিনাশ এবং চিত্তে নিষ্ঠুরতার উদয় হইলে তাহারা রাজার সুখের প্রতিও অসহিষ্ণু হইয়া একদা কুমারকে বিষ প্রদান করিয়াছিল ।৪৩

তৎকালে মহিষী কৃতদ্যুতি সপত্নীগণের এই ঘোরতর পাপকর্মের কিছুই জানিতে না পারিয়া পুত্রকে দেখিয়াও—সে নিদ্রা যাইতেছে মনে করিয়া নিজ গৃহমধ্যেই ইতস্ততঃ বিচরণ করিতে লাগিলেন ।৪৪

অনন্তর—পুত্র দীর্ঘকাল নিদ্রা গিয়াছে, আর নিদ্রার প্রয়োজন নাই এরূপ মনে করিয়া বুদ্ধিমতী কৃতদ্যুতি ধাত্রীকে সম্বোধনপূর্বক—'হে ভদ্রে! আমার পুত্রকে এখানে লইয়া আস' এরূপ নির্দেশ দান করিয়াছিলেন ।৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সা শয়ানমুপব্রজ্য দৃষ্ট্বা চোত্তারলোচনম্।
প্রাণেন্দ্রিয়াত্মভিস্ত্যক্তং হতাস্মীত্যপতদ্ভুবি ॥৪৬

তস্যাস্তদাকর্ণ্য ভৃশাতুরং স্বরং
ঘ্নন্ত্যাঃ করাভ্যামুর উচ্চকৈরপি।
প্রবিশ্য রাজ্ঞী ত্বরয়াত্মজান্তিকং
দদর্শ বালং সহসা মৃতং সুতম্ ॥৪৭

পপাত ভূমৌ পরিবৃদ্ধয়া শুচা
মুমোহ বিভ্রষ্টশিরোরুহাম্বরা ॥৪৮

ততো নৃপান্তঃপুরবর্ত্তিনো জনা
নরাশ্চ নার্য্যশ্চ নিশম্য রোদনম্।
আগত্য তুল্যব্যসনাঃ সুদুঃখিতা-
স্তাশ্চ ব্যলীকং রুরুদুঃ কৃতাগসঃ ॥৪৯

শ্রুত্বা মৃতং পুত্রমলক্ষিতান্তকং
বিনষ্টদৃষ্টিঃ প্রপতন্ স্খলন্ পথি।
স্নেহানুবন্ধৈধিতয়া শুচা ভৃশং
বিমূর্চ্ছিতোঽনুপ্রকৃতির্দ্বিজৈর্বৃতঃ ॥৫০

স্তনদায়িনীম্ অচোদয়ৎ ॥৪৫

সা ধাত্রী শয়ানং বালম্ উপব্রজ্য উত্তার-লোচনং (উদ্গতে তারকে কণীনিকে যয়োঃ তে লোচনে যস্য তথাভূতং) প্রাণেন্দ্রিয়াত্মভিঃ ত্যক্তং রহিতং চ দৃষ্ট্বা হতাস্মি ইতি ব্রুবাণা ভুবি অপতৎ ॥৪৬

করাভ্যাম্ উরঃ ঘ্নন্ত্যাঃ তস্যা ধাত্র্যাঃ তৎ ভৃশাতুরম্ অতি-ব্যাকুলম্ উচ্চকৈঃ স্বরম্ আকর্ণ্য রাজ্ঞী ত্বরয়া আত্মজান্তিকং প্রবিশ্য সহসা আকস্মিকেন বালং সুতং মৃতং দদর্শ ॥৪৭

দৃষ্ট্বা চ পরিবৃদ্ধয়া শুচা শোকেন বিভ্রষ্টশিরোরুহাম্বরা (বিভ্রষ্টাঃ বিকীর্ণাঃ শিরোরুহাঃ অম্বরে চ যস্যাঃ সাঃ) জননী

ভূমৌ পপাত। ততঃ চ হে নৃপ! অন্তঃপুরবর্ত্তিনঃ নরাঃ নার্য্যঃ চ সর্ব্বে জনাঃ রোদনং নিশম্য শ্রুত্বা তত্র আগত্য রুরুদুঃ, তথা কৃতাগসঃ কৃতাপরাধাঃ স্ত্রিয়শ্চাপি তুল্যব্যসনাঃ (তুল্যং ব্যসনং যাসাং তাঃ) সুদুঃখিতাঃ তাঃ অপি ব্যলীকং মিথ্যৈব রুরুদুঃ ॥৪৮-৪৯

অলক্ষিতান্তকং (অলক্ষিতঃ অন্তকঃ মৃত্যুঃ যস্য তং) পুত্রং মৃতং শ্রুত্বা বিনষ্ট-দৃষ্টিঃ (বিনষ্টা দৃষ্টিঃ যস্য সঃ) অনুপ্রকৃতিঃ (অনুগতাঃ প্রকৃতয়ঃ অমাত্যাদয়ঃ যস্য সঃ) দ্বিজৈঃ বৃতঃ চিত্রকেতুঃ স্নেহানুবন্ধৈধিতয়া শুচা শোকেন ভৃশম্ অত্যন্তং বিমূর্চ্ছিতঃ অথ পথি স্খলন্ প্রপতন্ এব তত্র আগত্য ॥৫০

মহিষীর নির্দ্দেশে ধাত্রী কুমারের নিকট গমন করিয়া, তাহার নেত্রযুগলের তারকা ঊর্দ্ধগত এবং দেহটি প্রাণ, ইন্দ্রিয়বর্গ ও জীবকর্তৃক পরিত্যক্ত দেখিয়া—'হায়! আমি প্রাণহারা হইলাম' বলিয়াই ভূতলে পতিত হইয়াছিল।৪৬

অনন্তর ধাত্রী নিজ করযুগলদ্বারা বক্ষঃস্থলে আঘাত করিতে করিতে উচ্চস্বরে অতিশয় আর্ত্তনাদ আরম্ভ করিলে রাজমহিষী সত্বর পুত্রের নিকটে যাইয়া দেখিলেন—বালকটি অকস্মাৎ মৃত্যুমুখে পতিত হইয়াছে।৪৭

অনন্তর তিনি ভূতলে পতিত হইয়াই শোকবশতঃ মূর্চ্ছাগ্রস্তা হইলেন এবং তৎকালে তাঁহার কেশরাশি ও বস্ত্র স্খলিত হইয়া পড়িল।৪৮

অনন্তর রাজার অন্তঃপুরবাসী নরনারীগণ সকলে সেই ক্রন্দন শ্রবণ করিয়া সেখানে আসিয়া সমবেদনায় অতিশয় দুঃখিতচিত্তে রোদন করিয়াছিল এবং অপরাধিনী সেই রাজপত্নীগণও তৎকালে কপট-রোদনে প্রবৃত্ত হইয়াছিল।৪৯

অনন্তর অজ্ঞাতকারণে পুত্রের মৃত্যু হইয়াছে ইহা শ্রবণ করিয়া চিত্রকেতুর দৃষ্টিশক্তি লোপ পাইয়াছিল, এ অবস্থায় প্রবল স্নেহবশতঃ উত্তরোত্তর শোকবেগ বর্দ্ধিত হইলে তিনি বার বার মূর্চ্ছা যাইতেছিলেন এবং অমাত্যগণ তাঁহার অনুগমন করিলে তিনি ব্রাহ্মণগণ কর্তৃক বেষ্টিত হইয়া পথ-মধ্যে কখনও পতিত, কখনও বা স্খলিত হইতে হইতে সেখানে আসিয়া মৃত পুত্রের পদমূলে পতিত হইয়াছিলেন। তৎকালে তাঁহার কেশ ও বস্ত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পপাত বালস্য স পাদমূলে
মৃতস্য বিস্রস্তশিরোরুহাম্বরঃ।
দীর্ঘং শ্বসন্ বাষ্পকলোপরোধতো
নিরুদ্ধকণ্ঠো ন শশাক ভাষিতুম্ ॥৫১
পতিং নিরীক্ষ্যোরুশুচার্পিতং তদা
মৃতঞ্চ বালং সুতমেকসন্ততিম্।
জনস্য রাজ্ঞী প্রকৃতেশ্চ হৃদ্রুজং
সতী দধানা বিললাপ চিত্রধা ॥৫২
স্তনদ্বয়ং কুঙ্কুমপঙ্কমণ্ডিতং
নিষিঞ্চতী সাঞ্জনবাষ্পবিন্দুভিঃ।

মৃতস্য বালস্য পাদমূলে পপাত। বিস্রস্তশিরোরুহাম্বরঃ (বিস্রস্তাঃ বিকীর্ণাঃ শিরোরুহাঃ অম্বরে চ যস্য তথাবিধঃ) সঃ রাজা দীর্ঘং শ্বসন্ বাষ্প-কলোপরোধতঃ (বাষ্পকলাভিঃ অশ্রুবিন্দুভিঃ উপরোধতঃ সংবৃতত্বেন নিরুদ্ধঃ কণ্ঠঃ যস্য) সঃ তথাবিধঃ সন্ ভাষিতুং কিঞ্চিৎ বক্তুং ন শশাক ॥৫১

উরু-শুচার্পিতং তীব্রশোকেন ব্যাপ্তং পতিম্, একসন্ততিং (একম্ এব সন্ততিরূপং) বালং সুতং চ মৃতং নিরীক্ষ্য তদা রাজ্ঞী অন্তঃপুরজনস্য প্রকৃতেঃ অমাত্যাদেঃ চ হৃদ্রুজং শোকং দধানা সতী চিত্রধা বিললাপ ॥৫২

অঞ্জনবাষ্পবিন্দুভিঃ (অঞ্জনৈঃ বাষ্পবিন্দুভিঃ) কুঙ্কুম-পঙ্কমণ্ডিতং স্তনদ্বয়ং নিষিঞ্চতী সা কৃতদ্যুতিঃ বিগলৎস্রজঃ

স্খলিত হইয়া পড়িল এবং অশ্রুবিন্দুসমূহদ্বারা কণ্ঠ অবরুদ্ধ হইলে তিনি কোন কথা বলিতে না পারিয়া কেবলমাত্র দীর্ঘশ্বাস ত্যাগ করিতে লাগিলেন।৫০-৫১

তৎকালে মহিষী কৃতদ্যুতি নিজ পতিকে গুরুতর শোকাক্রান্ত এবং একমাত্র সন্তান শিশুপুত্রটিকে মৃত দেখিয়া অমাত্যপ্রমুখ প্রকৃতিবর্গ ও অপর সকল লোকের মনস্তাপ সৃষ্টি করিয়া নানারূপ বিলাপ করিতে লাগিলেন।৫২

তৎকালে তিনি কুঙ্কুমপঙ্কলিপ্ত নিজ স্তনযুগলকে অঞ্জনরঞ্জিত অশ্রুবিন্দুরাশিদ্বারা সিক্ত করিতেছিলেন এবং মাল্যবেষ্টন স্খলিত হইলে উন্মুক্ত কেশরাশি ইতস্ততঃ বিক্ষিপ্ত করিয়া পুত্রের উদ্দেশ্যে কুররীর

বিকীর্য্য কেশান্ বিগলৎস্রজঃ সুতং
শুশোচ চিত্রং কুররীব সুস্বরম্ ॥৫৩
অহো বিধাতস্ত্বমতীব বালিশো
যস্ত্বাত্মসৃষ্ট্যপ্রতিরূপমীহসে।
পরে নু জীবত্যপরস্য যা মৃতি-
র্বিপর্য্যয়শ্চেৎ ত্বমসি ধ্রুবঃ পরঃ ॥৫৪
নহি ক্রমশ্চেদিহ মৃত্যুজন্মনোঃ
শরীরিণামস্তু তদাত্মকর্ম্মভিঃ।
যঃ স্নেহপাশো নিজসর্গবৃদ্ধয়ে
স্বয়ং কৃতস্তে তমিমং বিবৃশ্চসি ॥৫৫

(বিগলন্ত্যঃ স্রজঃ যেভ্যঃ তান্) কেশান্ বিকীর্য্য সুস্বরং চিত্রং যথা ভবতি তথা কুররী ইব সুতং শুশোচ ॥৫৩

অহো আশ্চর্য্যম্! হে বিধাতঃ! ত্বম্ অতীব বালিশঃ মহামূর্খঃ এব। যতঃ ত্বম্ আত্মসৃষ্টেঃ অপ্রতিরূপং প্রতিকূলম্ ঈহসে চেষ্টসে। যতঃ পরে বৃদ্ধে জীবতি সতি অপরস্য বালস্য যা মৃতিঃ তৎ এবং বিপর্য্যয়ঃ বিপরীতঃ ত্বম্ অসি চেৎ, অতঃ প্রাণিনাং ত্বম্ এব ধ্রুবঃ নিশ্চিতঃ পরঃ শত্রুঃ অসি ॥৫৪

ইহ মৃত্যুজন্মনোঃ কশ্চিৎ ক্রমঃ ন হি বিদ্যতে, শরীরিণাম্ আত্ম-কর্ম্মভিঃ এব তৎ জন্মাদিকম্ অস্তু ইতি চেৎ, তদা নিজ-সর্গবৃদ্ধয়ে যঃ স্নেহপাশঃ তে ত্বয়া কৃতঃ, তম্ ইমং পাশং ত্বং স্বয়ম্ এব বিবৃশ্চসি ছিনৎসি ॥৫৫

ন্যায় উচ্চকণ্ঠে বিচিত্র বিলাপ করিয়াছিলেন।৫৩

অহো বিধাতঃ! তুমি অতিশয় অজ্ঞ বলিয়াই নিজেই নিজের সৃষ্টির প্রতিকূল আচরণ করিতেছ। যেহেতু সৃষ্টিকার্যে অনুপযোগী বৃদ্ধ পিতা জীবিত থাকিতেছে, অথচ ভবিষ্যৎ সৃষ্টির উপযোগী বালক পুত্রের মৃত্যু হইতেছে—ইহাই বিপরীত ঘটনা (ইহাতে পরিণামে তোমার সৃষ্টিলোপ অবশ্যম্ভাবী) আর যদি স্বভাবতই তোমার আচরণ এরূপ বিপরীত হয়, তাহা হইলে তুমি প্রাণিগণের দুঃখদাতা চিরশত্রু, পরম দয়ালু নহ।৫৪

তোমার সৃষ্ট জগতে মৃত্যু ও জন্মের যদি কোন ক্রম না থাকে অর্থাৎ পুত্র জীবিত থাকিতেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং তাত নার্হসি চ মাং কৃপণামনাথাং
ত্যক্তুং বিচক্ষ্ব পিতরং তব শোকতপ্তম্।
অঞ্জস্তরেম ভবতাপ্রজদুস্তরং যদ্
ধ্বান্তং ন যাহ্যকরুণেন যমেন দূরম্ ॥৫৬
উত্তিষ্ঠ তাত ত ইমে শিশবো বয়স্যা-
স্ত্বামাহ্বয়ন্তি নৃপনন্দন সংবিহর্ত্তুম্।
সুপ্তশ্চিরং হ্যশনয়া চ ভবান্ পরীতো
ভুঙ্ক্ষ্ব স্তনং পিব শুচো হর নঃ স্বকানাম্ ॥৫৭

নাহং তনূজ দদৃশে হতমঙ্গলা তে
মুগ্ধস্মিতং মুদিতবীক্ষণমাননাব্জম্।
কিং বা গতোঽস্য পুনরন্বয়মন্যলোকং
নীতোঽঘৃণেন ন শৃণোমি কলা গিরস্তে ॥৫৮

শ্রীশুক উবাচ।

বিলপন্ত্যা মৃতং পুত্রমিতি চিত্রবিলাপনৈঃ।
চিত্রকেতুর্ভৃশং তপ্তো মুক্তকণ্ঠো রুরোদ হ ॥৫৯

হে তাত! কৃপণাং দীনাম্ অনাথাং মাং ত্যক্তুং ত্বং ন অর্হসি। তব শোকেন তপ্তং পিতরং চ বিচক্ষ পশ্য। ভবতা পুত্রেণ অপ্রজদুস্তরং (অপ্রজানাং দুস্তরং) যৎ ধ্বান্তং নরকদুঃখং তৎ অঞ্জঃ অনায়াসেন এব বয়ং তরেম। অকরুণেন যমেন সহ দূরং ন যাহি ॥৫৬

হে তাত! ত্বং চিরং বহুকালং সুপ্তঃ, ইদানীম্ উত্তিষ্ঠ। তে তব ইমে বয়স্যাঃ শিশবঃ বালাঃ, হে নৃপনন্দন! সংবিহর্ত্তুং ত্বাম্ আহ্বয়ন্তি আকারয়ন্তি। ভবান্ অশনয়া চ ক্ষুধয়া চ পরীতঃ ব্যাপ্তঃ, অতঃ অন্নং ভুঙ্ক্ষ্ব, স্তনং পিব। স্বকানাং নঃ শুচঃ শোকান্ হর অপনয় ॥৫৭

হে তনূজ! হে পুত্র! অঘৃণেন নির্দয়েন যমেন নীতঃ ত্বম্ অপুনরন্বয়ং পুনরাগমনং যথা ন ভবতি তথা অন্যলোকং যমলোকং বা কিং গতঃ অসি? অহো! হতমঙ্গলা অহং ত্বৎপার্শ্বম্ আগতাপি মুগ্ধস্মিতং (মুগ্ধম্ অল্পং স্মিতং যস্মিন্ তৎ) মুদিতং বীক্ষণং যস্মিন্ তৎ তে তব আননাব্জং মুখকমলং ন দদৃশে ন পশ্যামি তথা কলাঃ মধুরাঃ গিরঃ চ ন শৃণোমি ॥৫৮

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং চিত্র-বিলাপনৈঃ মৃতং পুত্রং বিলপন্ত্যাঃ সত্যাঃ তচ্ছ্রুত্বা চিত্রকেতুঃ ভৃশম্ অত্যন্তং তপ্তঃ অতঃ মুক্তকণ্ঠঃ সন্ রুরোদ ॥৫৯

পিতার মৃত্যু হইবে এবং পিতা জীবিত থাকিতেই পুত্রের জন্ম হইবে—যদি এরূপ নিয়ম না থাকে, তাহা হইলে জীবগণের নিজ নিজ কর্ম্মানুসারেই যে কোন সময়ে জন্ম মৃত্যু হউক, তোমাদ্বারা প্রয়োজন কি? আর যদি বল, অধ্যক্ষ ঈশ্বর না থাকিলে কেবলমাত্র জড় কর্ম্মদ্বারা জন্মমরণাদি নিষ্পাদিত হইতে পারে না, তাহা হইলে বলিব তুমি নিজ সৃষ্টি-বৃদ্ধির জন্য যে স্নেহপাশ রচনা করিয়াছ, সম্প্রতি নিজ কার্য্যদ্বারা স্বয়ংই উহার ছেদন করিতেছ (অতঃপর এ অবস্থা দেখিয়া আর কেহই পুত্রাদির প্রতি স্নেহ করিবে না)।৫৫

(অনন্তর পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন) হে বৎস! আমি দুঃখাতুরা অসহায়া, আমাকে পরিত্যাগ করা তোমার সঙ্গত কার্য্য নহে। তোমার শোকসন্তপ্ত পিতার প্রতি দৃষ্টিপাত কর। আমরা তোমার সাহায্যেই অপুত্রক জনগণের পক্ষে যাহা দুস্তর, সেই নরক অনায়াসে উত্তীর্ণ হইতে আশা করিতেছি, অতএব তুমি নিষ্ঠুর যমের সহিত দূরে চলিয়া যাইও না।৫৬

হে বৎস! তুমি উঠ। হে রাজনন্দন! তোমার চিরসঙ্গী বালক বয়স্যগণ খেলার জন্য তোমাকে আহ্বান করিতেছে। তুমি অনেক কাল নিদ্রিত থাকায় ক্ষুধায় কাতর হইয়াছে, অতএব আহার ও স্তন পান কর। আমরা তোমার আত্মীয় বলিয়া আমাদের শোক দূর কর।৫৭

হে পুত্র! আমি এখানে প্রবেশ করিয়াই তোমার মুখপদ্মের মনোরম মৃদুহাস্য ও নয়নযুগলের প্রফুল্লভাব দেখিতে পাই নাই এবং এখনও তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তয়োর্বিলপতোঃ সর্ব্বে দম্পত্যোস্তদনুব্রতাঃ।
রুরুদুঃ স্ম নরা নার্য্যঃ সর্ব্বমাসীদচেতনম্ ॥৬০
এবং কশ্মলমাপন্নং নষ্টসংজ্ঞমনায়কম্।
জ্ঞাত্বাঙ্গিরা নাম ঋষিরাজগাম সনারদঃ ॥৬১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪

দম্পত্যোঃ তয়োঃ এবং বিলপতোঃ সতোঃ তদনুব্রতাঃ অমাত্যাদয়ঃ নরাঃ নার্য্যঃ চ রুরুদুঃ। তথা সর্ব্বম্ এব নগরম্ অচেতনম্ আসীৎ ॥৬০

এবং সর্ব্বং জনং কশ্মলং মোহম্ আপন্নং প্রাপ্তম্ অতএব নষ্টসংজ্ঞং হতচেতনং তথা অনায়কং প্রতিবোধকরহিতং জ্ঞাত্বা সনারদঃ নারদেন সহিতঃ অঙ্গিরা নাম ঋষিঃ তত্র আজগাম ॥৬১

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥

শ্রুতিমধুর অব্যক্ত ভাষা শুনিতে পাইতেছি না। তাহা হইলে—যেস্থান হইতে লোকের আর ইহলোকে প্রত্যাগমন হয় না, নিষ্ঠুর যম কি তোমাকে সেই লোকান্তরেই লইয়া গিয়াছে ?৫৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহিষী কৃতদ্যুতি মৃত পুত্রের উদ্দেশ্যে এরূপ বিচিত্র বিলাপ-বাক্য প্রয়োগ করিয়া বিলাপমগ্না হইলে চিত্রকেতু অতিশয় দুঃখসন্তপ্ত হইয়া মুক্তকণ্ঠে ক্রন্দন করিয়াছিলেন।৫৯

হে মহারাজ! তৎকালে স্ত্রী ও স্বামী উভয়ে এইরূপ বিলাপরত হইলে তাঁহাদের অনুগত নরনারী সকলেই রোদন করিতে লাগিল এবং পরে সকলেই অচেতন হইয়া পড়িয়াছিল।৬০

অনন্তর ভগবান্ অঙ্গিরা ঋষি তাহাদের সকলকে এরূপ বিপত্তিগ্রস্ত, অচেতন ও রক্ষকশূন্য জানিতে পারিয়া দেবর্ষি শ্রীনারদের সহিত তথায় আগমন করিলেন।৬১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[চিত্রকেতবে নারদাঙ্গিরসোরুপদেশদানম্ ।]

শ্রীশুক উবাচ ।

উচতুর্ম্মৃতকোপান্তে পতিতং মৃতকোপমম্ ।
শোকাভিভূতং রাজানং বোধয়ন্তৌ সদুক্তিভিঃ ॥১

কোঽয়ং স্যাৎ তব রাজেন্দ্র ভবান্ যমনুশোচতি ।
ত্বঞ্চাস্য কতমঃ সৃষ্টৌ পুরেদানীমতঃ পরম্ ॥২

যথা প্রয়ান্তি সংযান্তি স্রোতোবেগেন বালুকাঃ ।
সংযুজ্যন্তে বিযুজ্যন্তে তথা কালেন দেহিনঃ ॥৩

যথা ধানাসু বৈ ধানা ভবন্তি ন ভবন্তি চ ।
এবং ভূতানি ভূতেষু চোদিতানীশমায়য়া ॥৪

বয়ঞ্চ ত্বঞ্চ যে চেমে তুল্যকালাশ্চরাচরাঃ
জন্মমৃত্যোর্যথা পশ্চাৎ প্রাঙ্ নৈবমধুনাপি ভোঃ ॥৫

ভূতৈর্ভূতানি ভূতেশঃ সৃজত্যবতি হন্তি চ ।
আত্মসৃষ্টৈরস্বতন্ত্রৈরনপেক্ষোঽপি বালবৎ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। শোকাভিভূতং শোকেন অচেতনীকৃতং মৃতকোপান্তে শব-সমীপে মৃতকোপমং পতিতং রাজানং সদুক্তিভিঃ বোধয়ন্তৌ নারদাঙ্গিরসৌ উচতুঃ ॥১

হে রাজেন্দ্র! ভবান্ যম্ অনুশোচতি, সঃ অয়ং সৃষ্টৌ ব্রহ্ম-কৃতপ্রজারূপায়াং পুরা ইদানীম্ অতঃ পরং বা তব কঃ স্যাৎ, ত্বং চ অস্য কতমঃ অসি ॥২

যথা স্রোতসঃ প্রবাহস্য বেগেন বালুকাঃ প্রযান্তি বিযুজ্যন্তে সংযান্তি সংযুজ্যন্তে, তথা কালেন কালবেগেন দেহিনঃ জীবাঃ অপি সংযুজ্যন্তে বিযুজ্যন্তে চ ॥৩

যথা ধানাসু যবাদিবীজেষু ধানাঃ বীজান্তরাণি কচিৎ কদাচিৎ ভবন্তি, কদাচিৎ ন ভবন্তি ন উৎপদ্যন্তে, উৎপন্নাঃ অপি নশ্যন্তি, এবম্ ঈশ-মায়য়া (ঈশস্য মায়য়া ইচ্ছয়া) চোদিতানি প্রেরিতানি ভূতানি পুত্রাদিরূপাণি ভূতেষু পিত্রাদিষু ভবন্তি ন ভবন্তি; ভূতানি উৎপন্নানি অপি নশ্যন্তি চ ॥৪

তুল্যকালাঃ বর্ত্তমান-কালীনাঃ বয়ং চ ত্বং চ যে চ ইমে অন্যে

পঞ্চদশ অধ্যায়

[নারদ ও অঙ্গিরা মুনিকর্ত্তৃক চিত্রকেতুকে উপদেশদান]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহর্ষি অঙ্গিরা ও দেবর্ষি শ্রীনারদ মৃত পুত্রের নিকট পতিত ও শোকে অভিভূত মৃততুল্য রাজা চিত্রকেতুকে নানারূপ সদ্‌বাক্যদ্বারা প্রবোধ দান করিয়া এরূপ বলিয়াছিলেন।১

হে রাজেন্দ্র! তুমি সম্প্রতি যাহার জন্য শোক প্রকাশ করিতেছ, বাস্তব বিচারে পূর্বজন্মে, বর্তমান জন্মে এবং ভবিষ্যৎ জন্মে সে তোমার কে? আর তুমিই বা তাহার কে?২

স্রোতের বেগে বালুকারাশির যেরূপ পরস্পর সংযোগ ও বিয়োগ ঘটে, সেরূপ জীবগণও কালের প্রভাবে পরস্পর সংযুক্ত এবং পৃথক্ হইয়া থাকে।৩

বীজসমূহের মধ্যে যেরূপ কোন বীজ হইতে বীজান্তর উৎপন্ন হয়, কোন বীজ হইতে হয় না, আবার কোন বীজ হইতে তাহা হইয়াও নষ্ট হইয়া যায়, সেরূপ পিত্রাদিরূপে পরিচিত কোন জীব হইতে পুত্রাদিরূপে কদাচিৎ অন্য জীবের উৎপত্তি হয়, কখনও বা হয় না, আবার কখনও বা উৎপত্তি হইলেও পশ্চাৎ বিনাশ হইতে দেখা যায়। বস্তুতঃ ঈশ্বরের মায়ার প্রেরণায়ই এই সকল ঘটে বলিয়াই ইহার কোন সত্যতা নাই।৪

হে মহারাজ! আমরা, তুমি, অথবা সমকালীন এই স্থাবর জঙ্গম পদার্থসমূহ—ইহাদের কেহই যেরূপ উৎপত্তির পূর্বে ছিল না, মৃত্যুর পরেও থাকিবে না, সেরূপ বর্তমানেও ইহাদের কাহারও কোন বাস্তব সত্তা নাই, (পরন্তু স্বপ্নদৃষ্ট পদার্থের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহেন দেহিনো রাজন্ দেহাদ্দেহোঽভিজায়তে।
বীজাদেব যথা বীজং দেহ্যর্থ ইব শাশ্বতঃ ॥৭
দেহদেহিবিভাগোঽয়মবিবেককৃতঃ পুরা।
জাতিব্যক্তিবিভাগোঽয়ং যথা বস্তুনি কল্পিতঃ ॥৮

শ্রীশুক উবাচ।

এবমাশ্বাসিতো রাজা চিত্রকেতুর্দ্বিজোক্তিভিঃ।
বিমৃজ্য পাণিনা বক্ত্রমাধিম্লানমভাষত ॥৯

চরাচরাঃ তে সর্ব্বে যথা জন্মনঃ প্রাক্ মৃত্যোঃ পশ্চাৎ চ ন সন্তি অতঃ হে প্রভো! এতে সর্ব্বে অপি শোচ্যাঃ ॥৫

আত্মসৃষ্টৈঃ অতএব অস্বতন্ত্রৈঃ স্ববশীভূতৈঃ পঞ্চমহাভূতকার্য্যৈঃ পিত্রাদিভিঃ ভূতানি পুত্রাদীন্ ভূতেশঃ জগদীশ্বরঃ অজঃ ভগবান্ অনপেক্ষঃ প্রয়োজন-রহিতঃ অপি বলবৎ লীলয়া এব সৃজতি অবতি পালয়তি তথা হন্তি চ ॥৬

হে রাজন্! (পিতুঃ) দেহেন (সংযুক্তাৎ মাতুঃ) দেহাৎ দেহিনঃ পুত্রস্য দেহঃ অভিজায়তে প্রাদুর্ভবতি। যথা বীজাৎ এব বীজং বীজান্তরং জায়তে, তথা দেহী জীবঃ তু অর্থঃ ইব ভূম্যাদিবৎ শাশ্বতঃ নিত্যঃ এব ॥৭

অয়ং জাতি-ব্যক্তি-বিভাগঃ (জাতিঃ গোত্বাদি সামান্যং, ব্যক্তিঃ গবাদি-পিণ্ডবিশেষঃ, তয়োঃ বিভাগঃ) যথা বস্তুনি সন্মাত্রে কল্পিতঃ, তথা অয়ং দেহদেহি-বিভাগঃ দেহদেহিনঃ ভেদঃ পুরা অনাদিঃ অবিবেক-কৃতঃ অজ্ঞান-কল্পিতঃ ॥৮

শ্রীশুকঃ উবাচ। দ্বিজোক্তিভিঃ এবম্ আশ্বাসিতঃ প্রতিবোধিতঃ রাজা চিত্রকেতুঃ আধিনা ম্লানং বক্ত্রং পাণিনা বিমৃজ্য অভাষত ॥৯

ন্যায় ইহাদের সকলেরই প্রতীতি অসত্য বলিয়া সকল পদার্থই শোচনীয় (এ অবস্থায় একমাত্র পুত্রই তোমার শোকের বিষয় হইতে পারে না)।৫

(যদি সকল পদার্থই অসত্য হয়, তাহা হইলে ইহাদের প্রতীতি এবং 'এই ব্যক্তি আমার পুত্র' ইত্যাদি অভিমান কিরূপে সঙ্গত হয়? এরূপ আশঙ্কার উত্তর বলিতেছেন) ভূতগণের ঈশ্বর পূর্ণকাম বলিয়া সৃষ্টিপ্রভৃতি কার্যের ফলাকাঙ্ক্ষী না হইলেও বালকের ন্যায় লীলাচ্ছলেই নিজ মায়ারচিত পরতন্ত্র ভূতসমূহদ্বারাই ভূতসমূহের সৃষ্টি, পালন ও সংহার করেন (অর্থাৎ কাহারও দ্বারা কাহারও সৃষ্টি, কাহারও দ্বারা কাহারও পালন এবং কাহারও দ্বারা কাহারও সংহার করিতেছেন। বস্তুতঃ ঐ সমুদয় কার্য তাঁহার মায়াবলেই সাধিত হইতেছে বলিয়া এ বিষয়ে বাস্তব বিচারে কোনরূপ অসঙ্গতি ঘটিতে পারে না)।৬

(দেহেরই জন্মাদি ব্যবহার-প্রসিদ্ধ, পরন্তু দেহীর নহে—ইহাই বলিতেছেন) হে মহারাজ! বীজ হইতে যেরূপ অপর বীজই উৎপন্ন হয়, সেরূপ পিতৃপ্রভৃতি দেহধারী ব্যক্তির দেহদ্বারা মাতৃপ্রভৃতি দেহধারী অপর ব্যক্তির দেহ হইতে পুত্রাদি দেহধারীর দেহই উৎপন্ন হইতেছে, বীজের উৎপত্তিস্থলে ভূমির যেরূপ কোন পরিবর্তন ঘটে না, এস্থলেও তদ্রূপ দেহসৃষ্টিব্যাপারে দেহী আত্মা কোনরূপ অবস্থান্তর প্রাপ্ত হয় না।৭

(দেহ আছে বলিয়াই জীবকে দেহী বলা হয়, এ অবস্থায় দেহ যদি নশ্বর হয়, তাহা হইলে দেহী আত্মাও অর্থাধীন নশ্বরই হইয়া পড়ে, উহাকে কিরূপে শাশ্বত বলা যায়? এরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেন) হে মহারাজ! একমাত্র সৎস্বরূপ অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে—মনুষ্যত্বাদি জাতি এবং মনুষ্যাদিরূপ ব্যক্তির ভেদ যেরূপ অজ্ঞান বা মায়ারই কল্পনামাত্র, সেরূপ সেই ব্রহ্মবস্তুতেই দেহ ও দেহী—এরূপ ভেদ অজ্ঞান কর্তৃকই অনাদি কাল হইতে রহিয়াছে (সুতরাং অনাদিসিদ্ধ বস্তুসম্বন্ধে কোনরূপ আশঙ্কার উদয় হইতে পারে না)।৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা চিত্রকেতু মহর্ষি অঙ্গিরা ও দেবর্ষি শ্রীনারদকর্তৃক এরূপ আশ্বাসিত হইয়া মনস্তাপে মালিন্যগ্রস্ত নিজ মুখমণ্ডল হস্তদ্বারা মার্জনপূর্বক এরূপ বলিয়াছিলেন।৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজোবাচ।

কৌ যুবাং জ্ঞানসম্পন্নৌ মহিষ্ঠৌ চ মহীয়সাম্।
অবধূতেন বেশেন গূঢ়াবিহ সমাগতৌ ॥১০
চরন্তি হ্যবনৌ কামং ব্রাহ্মণা ভগবৎপ্রিয়াঃ।
মাদৃশাং গ্রাম্যবুদ্ধীনাং বোধায়োন্মত্তলিঙ্গিনঃ ॥১১
কুমারো নারদ ঋভুরঙ্গিরা দেবলোঽসিতঃ।
অপান্তরতমা ব্যাসো মার্কণ্ডেয়োঽথ গৌতমঃ ॥১২
বসিষ্ঠো ভগবান্ রামঃ কপিলো বাদরায়ণিঃ।
দুর্ব্বাসা যাজ্ঞবল্ক্যশ্চ জাতুকর্ণস্তথারুণিঃ ॥১৩
রোমশশ্চ্যবনো দত্ত আসুরিঃ সপতঞ্জলিঃ।
ঋষির্ব্বেদশিরা ধৌম্যো মুনিঃ পঞ্চশিখস্তথা ॥১৪
হিরণ্যনাভঃ কৌশল্যঃ শ্রুতদেব ঋতধ্বজঃ।
এতে পরে চ সিদ্ধেশাশ্চরন্তি জ্ঞানহেতবঃ ॥১৫
তস্মাদ্ যুবাং গ্রামপশোর্মম মূঢ়ধিয়ঃ প্রভূ।
অন্ধে তমসি মগ্নস্য জ্ঞানদীপ উদীর্য্যতাম্ ॥১৬

অঙ্গিরা উবাচ।

অহং তে পুত্রকামস্য পুত্রদোঽস্ম্যঙ্গিরা নৃপ।
এষ ব্রহ্মসুতঃ সাক্ষান্নারদো ভগবানৃষিঃ ॥১৭

রাজা উবাচ। অবধূতেন বেশেন গূঢ়ৌ ইহ সমাগতৌ মহীয়সাং মহিষ্ঠৌ জ্ঞানসম্পন্নৌ যুবাং কৌ এব ॥১০

মাদৃশাং গ্রাম্যবুদ্ধীনাং বিষয়-সুখাবিষ্ট-মনসাং, মাদৃশাং মূর্খাণাং বোধায় ভগবৎ-প্রিয়াঃ (ভগবান্ প্রিয়ঃ যেষাং তে) ব্রহ্মবিদঃ উন্মত্তলিঙ্গিনঃ (উন্মত্তস্য ইব লিঙ্গং যেষাং তে) ব্রাহ্মণাঃ অবনৌ পৃথিব্যাং কামং যথেষ্টং চরন্তি ॥১১

কুমারঃ, নারদঃ, ঋভুরঙ্গিরা, দেবলঃ, অসিতঃ অপান্তরতমা, ব্যাসঃ, মার্কণ্ডেয়ঃ, গৌতমঃ, বশিষ্ঠঃ, ভগবান্ রামঃ, কপিলঃ, বাদরায়ণিঃ, দুর্বাসা, যাজ্ঞবল্ক্যঃ, জাতুকর্ণঃ, আরুণিঃ, রোমশঃ, চ্যবনঃ, দত্তঃ, সপতঞ্জলিঃ আসুরিঃ, বেদশিরা ঋষিঃ, ধৌম্যঃ, পঞ্চশিখা মুনিঃ, হিরণ্যনাভঃ, কৌশল্যঃ, শ্রুতদেবঃ, ঋতধ্বজঃ এতে কুমারাদয়ঃ জীবানাং জ্ঞানহেতবঃ পরমোপকারিণঃ পরে চ সিদ্ধেশাঃ চরন্তি ॥১২-১৫

অতঃ তস্মাৎ অন্ধে তমসি মহামোহে মগ্নস্য গ্রাম্যপশোঃ তদ্বৎ বিষয়াসক্তস্য, মূঢ়ধিয়ঃ বিবেক-রহিতস্য মম সম্বন্ধে যুবাম্ এব প্রভূ। অতঃ যুবাভ্যাং জ্ঞানদীপঃ উদীর্য্যতাম্ প্রবর্ত্ত্যতাম্ ॥১৬

অঙ্গিরা উবাচ। হে নৃপ! পুত্রকামস্য তে তব অহং পুত্রদঃ অঙ্গিরা অস্মি। তথা এষঃ সাক্ষাৎ ব্রহ্মসুতঃ ভগবান্ ঋষিঃ নারদঃ উপস্থিতঃ ॥১৭

রাজা চিত্রকেতু বলিলেন—মহাপুরুষগণের মধ্যে অতিমহান্ ও জ্ঞান-সমৃদ্ধ আপনারা কে দুইজন অবধূতবেশে স্বরূপ গোপন করিয়া এখানে আগমন করিয়াছেন?১০

ভগবানের প্রিয় ব্রাহ্মণগণই আমাদের ন্যায় মূঢ়বুদ্ধি জনগণের জ্ঞানসঞ্চারের জন্য উন্মত্ত ব্যক্তির বেশে স্বেচ্ছায় ভূতলে বিচরণ করেন।১১

সনৎকুমার, নারদ, ঋভু, অঙ্গিরা, দেবল, অসিত, অপান্তরতম, ব্যাসদেব, মার্কণ্ডেয়, গৌতম, বশিষ্ঠ, পরশুরাম, কপিল, শুকদেব, দুর্বাসা, যাজ্ঞবল্ক্য, জাতুকর্ণ, আরুণি, রোমশ, চ্যবন, দত্তাত্রেয়, আসুরি, পতঞ্জলি, বেদশিরা ঋষি, ধৌম্য, পঞ্চশিখ, হিরণ্যনাভ, কৌশল্য, শ্রুতদেব ও ঋতধ্বজ—ইঁহারা এবং অপর অনেক প্রধান সিদ্ধপুরুষগণ জ্ঞানদানের জন্য সর্বত্র বিচরণ করিয়া থাকেন।১২-১৫

অতএব জ্ঞানপ্রদানে সমর্থ আপনারা উভয়ে অজ্ঞান-অন্ধকারে নিমগ্ন, মূঢ়বুদ্ধি ও গ্রাম্য পশুতুল্য আমার নিকট জ্ঞানপ্রদীপ প্রকাশ করুন।১৬

অঙ্গিরা বলিলেন—হে মহারাজ! আমি পুত্রকামী তোমার পুত্রদাতা অঙ্গিরা ঋষি এবং ইনি সাক্ষাৎ ব্রহ্মার পুত্র দেবর্ষি ভগবান্ শ্রীনারদ।১৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইত্থং ত্বাং পুত্রশোকেন মগ্নং তমসি দুস্তরে।
অতদর্হমনুস্মৃত্য মহাপুরুষগোচরম্ ॥১৮
অনুগ্রহায় ভবতঃ প্রাপ্তাবাবামিহ প্রভো।
৭ ব্রহ্মণ্যো ভগবদ্ভক্তো নাবসীদিতুমর্হসি ॥১৯
তদৈব তে পরং জ্ঞানং দদামি গৃহমাগতঃ।
জ্ঞাত্বান্যাভিনিবেশং তে পুত্রমেব দদাম্যহম্ ॥২০
অধুনা পুত্রিণাং তাপো ভবতৈবানুভূয়তে।
এবং দারা গৃহা রায়ো বিবিধৈশ্বর্য্যসম্পদঃ ॥২১
শব্দাদয়শ্চ বিষয়াশ্চলা রাজ্যবিভূতয়ঃ।
মহী রাজ্যং বলং কোষো ভৃত্যামাত্যসুহৃজ্জনাঃ ॥২২
সর্ব্বেঽপি শূরসেনেমে শোকমোহভয়ার্ত্তিদাঃ।
গন্ধর্ব্বনগরপ্রখ্যাঃ স্বপ্নমায়ামনোরথাঃ ॥২৩
দৃশ্যমানা বিনার্থেন ন দৃশ্যন্তে মনোভবাঃ।
কর্ম্মভির্ধ্যায়তো নানাকর্ম্মাণি মনসোঽভবন্ ॥২৪
অয়ং হি দেহিনো দেহো দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ।
দেহিনো বিবিধক্লেশ-সন্তাপকৃদুদাহৃতঃ ॥২৫

অধুনা পুত্রশোকেন দুস্তরে তমসি ইত্থং মগ্নং কিন্তু মহাপুরুষ-গোচরং (মহাপুরুষঃ গোচরঃ অনুভববিষয়ঃ যস্য তং) ভগবদ্ভক্তম্ অতঃ অতদর্হং দুঃখানুভবাযোগ্যং ত্বাম্ অনুস্মৃত্য জ্ঞাত্বা ॥১৮

হে প্রভো! ভবতঃ অনুগ্রহায় আবাম্ ইহ প্রাপ্তৌ। ব্রহ্মণ্যঃ ভগবদ্ভক্তঃ ত্বম্ অবসীদিতুং ন অর্হসি ॥১৯

(যদা অহং পূর্ব্বং তব গৃহম্ আগতঃ) তদা এব তে তুভ্যং পরম্ উৎকৃষ্টং বন্ধবিমোচকং জ্ঞানং দদামি দদ্যাম্, পরং তু তদা তে তব অন্যাভিনিবেশং পুত্রাগ্রহং জ্ঞাত্বা পুত্রম্ এব অহং দদামি অদাস্যম্ ॥২০

অধুনা পুত্রিণাং পুত্রবতাং তাপঃ ভবতা এব অনুভূয়তে, এবং দারাঃ, গৃহাঃ, রায়ঃ অর্থাঃ বিবিধৈশ্বর্য্য-সম্পদঃ শব্দাদয়ঃ বিষয়াঃ রাজ্য-বিভূতয়ঃ চ সর্ব্বে এব চলাঃ॥

হে শূরসেন! মহী, রাজ্যম্, বলম্, কোষঃ, ভৃত্যাঃ, অমাত্যাঃ, সুহৃজ্জনশ্চ ইমে সর্ব্বে অপি যতঃ গন্ধর্ব্বনগর-প্রখ্যাঃ (গন্ধর্ব্ব-নগরবৎ অকস্মাৎ এব আয়ান্তি অপযান্তি চ), অতঃ স্বপ্নমায়া-মনোরথাঃ (স্বপ্নঃ চ মায়া চ মনোরথাঃ চ তে যথা তথা) শোক-মোহ-ভয়ার্ত্তিদাঃ এব জ্ঞেয়াঃ ॥২১-২৩

মনোভবাঃ মনোমাত্র-বিজৃম্ভিতাঃ বিষয়াঃ অর্থেন তাত্ত্বিক-স্বরূপেণ বিনৈব দৃশ্যমানাঃ, যতঃ ক্ষণান্তরে ন দৃশ্যন্তে। তথা কর্ম্মভিঃ কর্ম্মবাসনাভিঃ অর্থান্ ধ্যায়তঃ পুংসঃ মনসঃ এব নিমিত্তাৎ নানা কর্ম্মাণি অভবন্ ॥২৪

অয়ং দ্রব্যজ্ঞান-ক্রিয়াত্মকঃ অধিভূতাধিদৈবাধ্যাত্মস্বরূপঃ দেহঃ দেহিনঃ হি (দেহী অহম্ ইতি মন্যমানস্য জীবস্য) বিবিধক্লেশ-সন্তাপকৃৎ (বিবিধান্ ক্লেশসন্তাপান্ করোতি ইতি) উদাহৃতঃ

হে মহারাজ! তুমি হরিভক্ত বলিয়া শোকের অযোগ্য হইলেও সম্প্রতি তোমাকে পুত্রশোকবশতঃ এরূপ দুস্তর অজ্ঞান অন্ধকারে নিমগ্ন জানিয়া তোমার প্রতি অনুগ্রহ প্রকাশের জন্যই আমরা এখানে উপস্থিত হইয়াছি। তুমি ব্রাহ্মণগণের হিতকারী এবং ভগবদ্ভক্ত বলিয়া তোমার পক্ষে এরূপ অবসাদগ্রস্ত হওয়া যুক্তিযুক্ত নহে।১৮-১৯

আমি পূর্বে যে সময়ে তোমার গৃহে আসিয়াছিলাম, তখনই পরম জ্ঞান প্রদান করিতাম, কিন্তু তৎকালে তোমার পুত্রাভিলাষ জানিতে পারিয়া পুত্রদানই করিয়াছিলাম।২০

পুত্রবান্ ব্যক্তিগণের যে মনস্তাপ অবশ্যম্ভাবী, সম্প্রতি তুমি নিজেই তাহা অনুভব করিতেছ। এইরূপ স্ত্রী, গৃহ, ধন, বিবিধ ঐশ্বর্য ও সম্পদ্‌রাশি সকলই সন্তাপদায়ক।২১

হে শূরসেনরাজ! ইন্দ্রিয়ভোগ্য শব্দাদি এই বিষয়পঞ্চক, রাজৈশ্বর্য, পৃথিবী, রাজত্ব, বল, ধন-ভাণ্ডার, ভৃত্য, অমাত্য, সুহৃদ্‌বর্গ ও প্রজাবৃন্দ—ইহারা সকলেই অস্থায়ী এবং শোক, মোহ, ভয় ও পীড়াদায়ক। গন্ধর্বগণের ন্যায় সময়বিশেষে ইহাদের আবির্ভাব বইয়া কিছুকাল পরেই বিনাশ ঘটিয়া থাকে। অতএব ইহারা স্বপ্ন, ইন্দ্রজাল ও মনোরথের ন্যায় মিথ্যা বস্তু।২২-২৩

পূর্বোক্ত পদার্থসমূহ অল্পকাল থাকিয়াই অদৃশ্য হয় বলিয়া ইহাদের সাময়িক প্রতীতিও বাস্তব সত্তা ব্যতীতই হইয়া থাকে (বাস্তব সত্তা থাকিলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাৎ স্বস্থেন মনসা বিমৃশ্য গতিমাত্মনঃ।
দ্বৈতে ধ্রুবার্থবিশ্রব্ধং ত্যজোপশমমাবিশ ॥২৬

নারদ উবাচ।

এতাং মন্ত্রোপনিষদং প্রতীচ্ছ প্রয়তো মম।
যাং ধারয়ন্ সপ্তরাত্রাদ্দ্রষ্টা সঙ্কর্ষণং বিভুম্ ॥২৭

যৎ পাদমূলমুপসৃত্য নরেন্দ্র পূর্ব্বে
শর্ব্বাদয়ো ভ্রমমিমং দ্বিতয়ং বিসৃজ্য।
সদ্যস্তদীয়মতুলানধিকং মহিত্বং
প্রাপুর্ভবানপি পরং নচিরাদুপৈতি ॥২৮

ইতি শ্রীমদ্ভাগবতেমহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠ স্কন্ধে পঞ্চোদশোঽধ্যায়ঃ ॥১৫

তত্ত্বদর্শিভিঃ নিরূপিতঃ ॥২৫

তস্মাৎ স্বস্থেন মনসা আত্মনঃ গতিং বিমৃশ্য নিশ্চিত্য দ্বৈতে ধ্রুবার্থ-বিশ্রব্ধং (দ্বৈতে প্রপঞ্চেঽয়ং ধ্রুবঃ অর্থঃ ইতি বিশ্বাসং) ত্যজ। উপশমম্ উপরতিম্ আবিশ আশ্রয় ॥২৬

নারদঃ উবাচ। এতাং বক্ষ্যমাণাম্ মন্ত্রা এব উপনিষৎ তাং মন্ত্রোপনিষদং মম মত্তঃ প্রযতঃ সাবধানঃ সন্ প্রতীচ্ছ গৃহাণ; যাং ধারয়ন্ সপ্তরাত্রাৎ বিভুং সঙ্কর্ষণং দ্রষ্টা দ্রক্ষ্যতি ভবান্ ইতি শেষঃ ॥২৭

যৎ পাদমূলম্ (যস্য সঙ্কর্ষণস্য পাদমূলম্) উপসৃত্য প্রাপ্য পূর্ব্বে সর্ব্বাদয়ঃ মহাদেবাদয়ঃ ইমং দ্বিতয়ম্ অহন্তা-মমতাত্মকং ভ্রমং বিসৃজ্য ত্যক্ত্বা সদ্যঃ অতুলানধিকং (অতুলং চ তৎ অনধিকং চ) পরম্ উৎকৃষ্টং তদীয়ং মহিত্বং মহিমানং প্রাপুঃ। হে রাজেন্দ্র! ভবান্ অপি তৎ ফলং নচিরাৎ শীঘ্রম্ এব উপৈতি উপৈষ্যতি ॥২৮

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চদশোঽধ্যায়ঃ॥

সর্বদাই ইহাদের প্রতীতি হইত)। অতএব এই সকল পদার্থ মনঃসঞ্জাত অর্থাৎ মনের কল্পনাপ্রসূত মাত্র। যদিও মীমাংসকগণ ইহাদিগকে পুণ্য ও পাপকর্মের ফল বলেন, তথাপি পুরুষ মনের দ্বারা বিষয়সমূহের চিন্তা করিয়াই তাহা পাইবার জন্য কর্মের অনুষ্ঠান করিয়া ফলরূপে স্বর্গাদি প্রাপ্ত হয়, অতএব উক্ত স্বর্গাদিবিষয়ও মূলতঃ মনঃকল্পিত পদার্থ।২৪

দ্রব্য, জ্ঞান ও ক্রিয়াত্মক অর্থাৎ অধিভূত, অধিদৈব ও অধ্যাত্মস্বরূপ এই জীবদেহই—দেহাত্মাভিমানী জীবের বিবিধ ক্লেশদায়ক বলিয়া মনীষিগণকর্তৃক উক্ত হইয়াছে।২৫

হে মহারাজ! অতএব তুমি স্থিরচিত্তে আত্মতত্ত্ব বিচার করিয়া দ্বৈত পদার্থসম্বন্ধে 'ইহা সত্য বস্তু' এরূপ বিশ্বাস পরিত্যাগপূর্বক শান্তিমার্গে প্রবেশ কর।২৬

শ্রীনারদ বলিলেন—হে মহারাজ! তুমি আমার নিকট হইতে একনিষ্ঠ হইয়া এই মন্ত্র উপনিষদ্ গ্রহণ কর। ইহা ধারণ করিয়া তুমি সপ্তরাত্রমধ্যেই সর্বব্যাপক ভগবান্ সঙ্কর্ষণদেবের দর্শনলাভে সমর্থ হইবে।২৭

হে নরেন্দ্র! শঙ্করপ্রমুখ পূর্ববর্তী দেবতাগণ যে সঙ্কর্ষণদেবের পাদপদ্ম আশ্রয় করিয়া তদীয় অতুলনীয় ও সর্বাধিক পরম মহিমা লাভ করিয়াছিলেন, তুমিও অচিরেই তাহা প্রাপ্ত হইবে।২৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষোড়শঃ অধ্যায়ঃ

[রাজপুত্রদেহত্যক্তস্য জীবাত্মন আলাপঃ, চিত্রকেতবে নারদস্য সঙ্কর্ষণমন্ত্রদানম্, তজ্জপেন বিদ্যাধরত্বপ্রাপ্তিঃ, ভগবতোঽনন্তস্য দর্শনঞ্চ ।]

শ্রীবাদরায়ণিরুবাচ ।

অথ দেবঋষী রাজন্ সম্পরেতং নৃপাত্মজম্ ।
দর্শয়িত্বেতি হোবাচ জ্ঞাতীনামনুশোচতাম্ ॥১

নারদ উবাচ ।

জীবাত্মন্ পশ্য ভদ্রং তে মাতরং পিতরঞ্চ তে ।
সুহৃদো বান্ধবাস্তপ্তাঃ শুচা ত্বৎকৃতয়া ভৃশম্ ॥২
কলেবরং স্বমাবিশ্য শেষমায়ুঃ সুহৃদ্‌বৃতঃ ।
ভুঙ্‌ক্ষ্ব ভোগান্ পিতৃপ্রত্তানধিতিষ্ঠ নৃপাসনম্ ॥৩

জীব উবাচ ।

কস্মিন্ জন্মন্যমী মহ্যং পিতরো মাতরোঽভবন্ ।
কর্ম্মভির্ভ্রাম্যমাণস্য দেবতির্য্যঙ্‌নৃযোনিষু ॥৪
বন্ধুজ্ঞাত্যরিমধ্যস্থমিত্রোদাসীনবিদ্বিষঃ ।
সর্ব্ব এব হি সর্ব্বেষাং ভবন্তি ক্রমশো মিথঃ ॥৫
যথা বস্তূনি পণ্যানি হেমাদীনি ততস্ততঃ ।
পর্য্যটন্তি নরেষ্বেবং জীবো যোনিষু কর্ত্তৃষু ॥৬

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ উবাচ । হে রাজন্ ! অথ দেবর্ষিঃ নারদঃ সম্পরেতং মৃতং নৃপাত্মজং যোগবলেন অনুশোচতাং জ্ঞাতীনাং দর্শয়িত্বা (জীবাত্মন্) ইতি ইত্যাদি হ তম্ উবাচ ॥১

নারদঃ উবাচ । হে জীবাত্মন্ ! ত্বৎকৃতয়া শুচা শোকেন ভৃশং তপ্তান্ তে তব পিত্রাদীন্ পশ্য । তে ভদ্রং ভবতু ॥২

স্বং কলেবরং সমাবিশ্য সুহৃদ্‌বৃতঃ এব নৃপাসনম্ অধিতিষ্ঠ, তথা পিতৃপ্রত্তান্ পিত্রা দত্তান্ ভোগান্ তথা শেষম্ আয়ুঃ চ ভুঙ্‌ক্ষ্ব ।৩

অন্বয়ঃ

জীবঃ উবাচ । স্বকর্ম্মভিঃ দেবতির্য্যঙ্‌নৃযোনিষু ভ্রাম্যমাণস্য মহ্যং মম কস্মিন্ জন্মনি অমী পিতরঃ মাতরঃ চ অভবন্ ॥৪

বন্ধবঃ সম্বন্ধিনঃ, জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ, অরয়ঃ ঘাতকাঃ, মিত্রাণি উপকারকাঃ, মধ্যস্থাঃ ব্যবহারসম্বন্ধিনঃ অপি পক্ষপাতাদি-রহিতাঃ, বিদ্বিষঃ উৎকর্ষাসহনেন বিকৃতচিত্তাঃ, উদাসীনাঃ উপেক্ষকাঃ, সর্ব্বে এব প্রাণিনঃ সর্ব্বেষাম্ এব মিথঃ পরস্পরং ক্রমশঃ বন্ধ্বাদয়ঃ ভবন্তি ॥৫

পণ্যানি ক্রয়বিক্রয়ার্থার্হাণি হেমাদীনি বস্তূনি যথা ততস্ততঃ

ষোড়শ অধ্যায়ঃ ॥

[রাজপুত্রের দেহত্যক্ত জীবাত্মার বাক্যালাপ, চিত্রকেতুকে নারদ কর্ত্তৃক সঙ্কর্ষণ মন্ত্র দান, তাহার জপে বিদ্যাধরত্বপ্রাপ্তি এবং শ্রীভগবান্ অনন্তদেবের দর্শন লাভ ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! অনন্তর দেবর্ষি শ্রীনারদ যোগবলে মৃত রাজপুত্রের আত্মাকে অনুশোচনারত জ্ঞাতিগণের দৃষ্টিগোচর করাইয়া সেই আত্মাকেই সম্বোধনপূর্ব্বক এরূপ বলিয়াছিলেন ।১

শ্রীনারদ বলিলেন—হে জীবাত্মন্ ! তোমার মঙ্গল হউক । তুমি নিজ মাতা পিতার দিকে দৃষ্টিপাত কর । ঐ দেখ—তোমার সুহৃদ্ ও বান্ধবগণ তোমার বিচ্ছেদজনিত শোকানলে অতিশয় সন্তপ্ত হইয়াছে ।২

(অপমৃত্যুবশতঃ আয়ুষ্কাল পূর্ণ না হইতেই তোমার দেহত্যাগ হইয়াছে, অতএব) সম্প্রতি তুমি এই নিজদেহে প্রবেশপূর্ব্বক সুহৃদ্‌গণের দ্বারা পরিবেষ্টিত হইয়া আয়ুর অবশিষ্ট কাল পিতৃদত্ত ভোগ্য বিষয়রাশি ভোগ কর এবং রাজসিংহাসনে উপবেশন কর ।৩

(অনন্তর মৃত শরীরে প্রবেশপূর্ব্বক) জীব বলিল —আমি কর্মবশতঃ (অনাদিকাল হইতে) দেবতা, তির্যক্ প্রাণী ও মনুষ্যযোনিতে ভ্রমণ করিতেছি। এ অবস্থায় ইঁহারা কোন্ জন্মে আমার পিতামাতা হইয়াছিলেন ?৪

বস্তুতঃ জন্মভেদে ক্রমশঃ সকল লোকই সকলের বন্ধু (বিবাহাদিমূলক সম্বন্ধযুক্ত), জ্ঞাতি (সপিণ্ড), শত্রু (ঘাতক), মিত্র (রক্ষক), মধ্যস্থ (শত্রুতামিত্রতা-শূন্য), বিদ্বেষী (দ্রব্যাদির জন্য বিদ্বেষরত) এবং উদাসীন (সর্বত্র নির্লিপ্ত) হইয়া থাকে ।৫

সুবর্ণপ্রভৃতি পণ্য দ্রব্যসমূহ যেরূপ ক্রমশঃ ক্রয়-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্যস্যার্থস্য সম্বন্ধো হ্যনিত্যো দৃশ্যতে নৃষু।
যাবদ্ যস্য হি সম্বন্ধো মমত্বং তাবদেহ হি ॥৭
এবং যোনিগতো জীবঃ স নিত্যো নিরহঙ্কৃতঃ।
যাবদ্ যত্রোপলভ্যেত তাবৎ স্বত্বং হি তস্য তৎ ॥৮
এষ নিত্যোঽব্যয়ঃ সূক্ষ্ম এষ সর্ব্বাশ্রয়ঃ স্বদৃক্।
আত্মমায়াগুণৈর্বিশ্বমাত্মানং সৃজতে প্রভুঃ ॥৯

ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ঃ স্বঃ পরোঽপি বা।
একঃ সর্ব্বধিয়াং দ্রষ্টা কর্ত্তৄণাং গুণ-দোষয়োঃ ॥১০

নাদত্ত আত্মা হি গুণং ন দোষং ন ক্রিয়াফলম্।
উদাসীনবদাসীনঃ পরাবরদৃগীশ্বরঃ ॥১১

সর্ব্বত্র নরেষু পর্য্যটন্তি এবং জীবঃ অপি কর্ত্তৃষু পিতৃষু যোনিষু মাতৃষু চ ভ্রমতি ॥৬

নিত্যস্য অবিনষ্টস্য অপি অর্থস্য বস্তুনঃ মণিস্বুবর্ণাদেঃ সম্বন্ধঃ নৃষু অনিত্যঃ দৃশ্যতে, হি যস্মাৎ যাবৎ কালং যস্য বস্তুনঃ যস্মিন্ পুরুষে সম্বন্ধঃ বর্ত্ততে, তাবৎ কালম্ এব তস্য পুরুষস্য তত্র বস্তুনি মমত্বং ভবতি ॥৭

এবং যোনিগতঃ পিত্রাদিসম্বন্ধপ্রাপ্তঃ জীবঃ অপি নিত্যঃ নিরহঙ্কৃতঃ স্বরূপতঃ মমতাদিশূন্যঃ, সঃ যাবৎ-কালং যত্র পিত্রাদৌ সম্বন্ধিনি উপলভ্যতে কর্ম্মবশেন বর্ত্ততে, তস্য পিত্রাদেঃ তস্মিন্ পুত্রাদৌ তাবৎ-কালম্ এব তৎ স্বত্বং, ন তু মরণাৎ উত্তরকালম্ ॥৮

এষঃ জীবঃ নিত্যঃ, অব্যয়ঃ অপক্ষয়াদিশূন্যঃ, সূক্ষ্মঃ, এষঃ সর্ব্বাশ্রয়ঃ, স্বদৃক্ স্বয়ংপ্রকাশঃ, প্রভুঃ আত্মমায়াগুণৈঃ স্বশক্তি-রূপমায়াগুণৈঃ সত্ত্বাদিভিঃ আত্মানম্ এব বিশ্বং বিশ্বাত্মকং সৃজতে সৃজতি ॥৯

অস্য জীবাত্মনঃ কশ্চিৎ অপি অতিপ্রিয়ঃ নাপি কশ্চিৎ অপ্রিয়ঃ অস্তি; যতঃ কশ্চিৎ স্বঃ স্বকীয়ত্বেন অভিমতঃ, পরঃ শত্রুঃ ইতি বা কশ্চিৎ ন অস্তি। গুণদোষয়োঃ ধর্ম্মাধর্ম্ময়োঃ কর্ত্তৄণাং সর্ব্বধিয়াং (সর্ব্বাঃ ধিয়ঃ বিচিত্রাঃ বুদ্ধয়ঃ তাসাং) দ্রষ্টা সাক্ষী সর্ব্বাত্মকতয়া সঃ এক এব রাজতে ॥১০

হি যতঃ আত্মা (সর্ব্বসাক্ষী ভগবান্, অতঃ স্বকর্ম্মণাপি) গুণং পুণ্যং দোষং পাপং ন আদত্তে ন চ ক্রিয়াফলং সুখদুঃখাদিকম্ আদত্তে, যতঃ অবিদ্যা-সম্বন্ধভাবেন অধ্যাসাভাবাৎ উদাসীনবৎ আসীনঃ পরাবরদৃক্ (পরং কারণম্, অবরং কার্য্যং তৎ পশ্যতীতি) ঈশ্বরঃ স্বতন্ত্রঃ এব রাজতে ॥১১

বিক্রয়কারিগণের মধ্যে একের হাত হইতে অপরের হাতে ঘুরিতে থাকে, জীবও সেরূপ ক্রমশঃ মানবগণের মধ্যে একের নিকট হইতে অপরের নিকট পুত্রাদি নানারূপে ভ্রমণ করে।৬

আবার জীবদ্দশাতেই পশুপ্রভৃতির সহিত তাহার প্রভুর বর্তমান সম্বন্ধ বিক্রয়াদিদ্বারা নিবৃত্ত হইতে দেখা যায়। সুতরাং যাহার সহিত যাহার যতকাল সম্বন্ধ, তাহার প্রতি তাহার ততকালই 'ইহা আমার' এরূপ মমতা থাকে।৭

এইরূপ জীব যোনিসম্বন্ধ লাভ করিয়া পুত্রাদিরূপে অপরের সম্বন্ধ প্রাপ্ত হইলেও স্বরূপতঃ নিত্য বস্তু, যেহেতু দেহের জন্মমরণদ্বারা তাহার জন্ম-মৃত্যু ঘটে না। এই হেতুই 'আমি ইহার পুত্র' ইত্যাদি রূপ অভিমানও তাহার নাই। অতএব সে কর্মবশতঃ যতকাল পিতৃপ্রভৃতি সম্বন্ধিগণের নিকট অবস্থান করে, পিতৃপ্রভৃতিরও ততকালই তাহার উপর স্বত্ব থাকে।৮

এই আত্মা স্বপ্রকাশ বলিয়া দেহাদির আশ্রয়, অতএব জন্মাদিরহিত এবং অপক্ষয়শূন্য বলিয়া নিত্য পদার্থ, অথচ ইনিই নিজের মায়াশ্রিত গুণসমূহদ্বারা নিজেকে বিশ্বরূপে অর্থাৎ সর্বস্বরূপে প্রকাশ করেন।৯

আত্মা হিত ও অহিতকারী মিত্র ও শত্রুপ্রভৃতি সর্বলোকের সর্ব্বপ্রকার বুদ্ধির সাক্ষিমাত্র বলিয়া বস্তুতঃ সুহৃদাদির সঙ্গরহিত, অতএব তাহার প্রিয় বা অপ্রিয়, আত্মীয় বা পর কেহই নাই।১০

যেহেতু এই আত্মা দেহাদির অধীন নহেন, অতএব কার্য ও কারণসমূহের সাক্ষিমাত্র বলিয়া সর্বত্র উদাসীন থাকেন। আর এইহেতুই তিনি সুখ, দুঃখ ও রাজ্যাদি কর্মফল ভোগ করেন না (আমরা সকলেই এই আত্মা বলিয়া আমাদের মধ্যে কোন ভেদ না থাকায় আমার এবং তোমাদের মধ্যে কোনরূপ সম্বন্ধই নাই। সুতরাং তোমরা শোক বা মোহগ্রস্ত হইও না)।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীবাদরায়ণিরুবাচ।

ইত্যুদীর্য্য গতো জীবো জ্ঞাতয়স্তস্য তে তদা।
বিস্মিতা মুমুচুঃ শোকং ছিত্বাত্মস্নেহশৃঙ্খলাম্ ॥১২

নির্হৃত্য জ্ঞাতয়ো জ্ঞাতের্দেহং কৃত্বোচিতাঃ ক্রিয়াঃ।
তত্যজুর্দুস্ত্যজং স্নেহং শোকমোহভয়ার্ত্তিদম্ ॥১৩

বালঘ্ন্যো ব্রীড়িতাস্তত্র বালহত্যাহতপ্রভাঃ।
বালহত্যাব্রতং চেরুর্ব্রাহ্মণৈর্যন্নিরূপিতম্ ॥
যমুনায়াং মহারাজ স্মরন্ত্যো দ্বিজভাষিতম্ ॥১৪

স ইত্থং প্রতিবুদ্ধাত্মা চিত্রকেতুর্দ্বিজোক্তিভিঃ।
গৃহান্ধকূপান্নিষ্ক্রান্তঃ সরঃপঙ্কাদিব দ্বিপঃ ॥১৫

কালিন্দ্যাং বিধিবৎ স্নাত্বা কৃতপুণ্যজলক্রিয়ঃ।
মৌনেন সংযতপ্রাণো ব্রহ্মপুত্রাববন্দত ॥১৬

অথ তস্মৈ প্রপন্নায় ভক্তায় প্রযতাত্মনে।
ভগবান্ নারদঃ প্রীতো বিদ্যামেতামুবাচ হ ॥১৭

শ্রীবাদরায়ণিঃ উবাচ। ইতি এবম্ উদীর্য্য উক্ত্বা জীবঃ যদা গতঃ, তদা তে চিত্রকেত্বাদয়ঃ তস্য বালস্য জ্ঞাতয়ঃ (তদ্বচনেন বিস্মিতাঃ সন্তঃ) আত্মনঃ স্বস্য স্নেহশৃঙ্খলাং ছিত্বা শোকং মুমুচুঃ ॥১২

জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ চিত্রকেত্বাদয়ঃ জ্ঞাতেঃ সপিণ্ডস্য মৃতস্য বালস্য দেহং নির্হৃত্য দগ্ধ্বা উচিতাঃ ক্রিয়াঃ শ্রাদ্ধতর্পণাদিরূপাঃ চ কৃত্বা শোকমোহভয়ার্ত্তিদং দুস্ত্যজং স্নেহং তত্যজুঃ ॥১৩

বাল-হত্যাহত-প্রভাঃ (বালস্য হত্যয়া হতা প্রভা যাসাং তাঃ) অতএব ব্রীড়িতাঃ লজ্জিতাঃ তাঃ বালঘ্ন্যঃ রাজপত্ন্যঃ দ্বিজভাষিতং (দ্বিজেন অঙ্গিরসা ভাষিতং বালহননজনিতম্ উভয়-লোকনাশকরং পাপং ভবতি ইতি যৎ উক্তং) তৎ স্মরন্ত্যঃ সত্যঃ হে মহারাজ! প্রায়শ্চিত্তার্থং ব্রাহ্মণৈঃ যৎ বালহত্যাব্রতং নিরূপিতং, তৎ যমুনায়াং চেরুঃ ॥১৪

ইত্থং দ্বিজোক্তিভিঃ নারদাঙ্গিরো-বাক্যৈঃ প্রতিবুদ্ধাত্মা (প্রতিবুদ্ধঃ জ্ঞাতঃ আত্মা জীবস্বরূপং ভগবৎস্বরূপং চ যেন সঃ) সঃ চিত্রকেতুঃ সরঃ-পঙ্কাৎ নির্গতঃ দ্বিপঃ হস্তী ইব গৃহান্ধকূপাৎ নিষ্ক্রান্তঃ নির্গতঃ ॥১৫

বিধিবৎ কালিন্দ্যাং যমুনায়াং স্নাত্বা কৃতপুণ্য-জল-ক্রিয়ঃ (কৃতাঃ পুণ্যাঃ দুরিতনিবর্ত্তকাঃ জলক্রিয়াঃ দেবর্ষিপিতৃতর্পণাদ্যাঃ যেন সঃ) চিত্রকেতুঃ মৌনেন সহ সংযতপ্রাণঃ বশীকৃতেন্দ্রিয়ঃ সন্ ব্রহ্মপুত্রৌ নারদাঙ্গিরসৌ অবন্দত প্রণনাম ॥১৬

অথ অনন্তরং প্রীতঃ নারদঃ প্রযতাত্মনে বশীকৃতান্তঃ-করণাদি-সংঘাতায় প্রপন্নায় শরণাগতায় তস্মৈ ভক্তায় এতাং বিদ্যাং হ উবাচ ॥১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! জীব এই সকল কথা বলিয়া পুনরায় দেহ হইতে প্রস্থান করিল। তখন তাহার জ্ঞাতিগণ বিস্মিত হইয়া নিজেদের স্নেহবন্ধন ছেদনপূর্বক শোক পরিত্যাগ করিয়াছিল।১২

অনন্তর জ্ঞাতিগণ জ্ঞাতি রাজকুমারের শবদেহ দাহ করিয়া যথাবিধি তর্পণাদি ক্রিয়া সম্পাদনপূর্বক শোক, মোহ, ভয় ও সন্তাপজনক দুস্ত্যজ স্নেহ পরিত্যাগ করিয়াছিল।১৩

হে মহারাজ! তৎকালে বালকের হত্যাকারিণী অপর রাজপত্নীগণেরও চিত্তে লজ্জার উদয় হইল এবং শিশুহত্যার পাপে তাহাদের কান্তিও মলিন হইয়াছিল। এ অবস্থায় তাহারা মহর্ষি অঙ্গিরার বাক্যানুসারে পুত্রাদিকে দুঃখের কারণরূপে স্মরণ করিয়া পুত্রকামনা পরিত্যাগপূর্বক ব্রাহ্মণগণের নির্দেশানুসারে যমুনার তীরে শিশুহত্যার প্রায়শ্চিত্ত করিয়াছিল।১৪

মহর্ষি অঙ্গিরার পূর্বোক্ত বাক্যে মহারাজ চিত্রকেতুর চিত্ত প্রবোধপ্রাপ্ত হইলে মহাবল হস্তী যেরূপ সরোবরের গভীর পঙ্ক হইতে নির্গত হয়, তিনিও সেরূপ গৃহরূপ অন্ধকূপ হইতে নিষ্ক্রান্ত হইয়াছিলেন।১৫

অনন্তর তিনি যমুনার জলে যথাবিধি স্নান ও পিতৃপুরুষের তর্পণাদি ক্রিয়া সম্পাদনপূর্বক মৌনাবলম্বী ও সংযতেন্দ্রিয় হইয়া মহর্ষি অঙ্গিরা ও দেবর্ষি শ্রীনারদকে বন্দনা করিলে, ভগবান্ শ্রীনারদ সন্তুষ্ট হইয়া শরণাগত, জিতেন্দ্রিয় ও ভক্তিমান্ রাজা চিত্রকেতুকে এই বিদ্যার উপদেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় ধীমহি।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥১৮
নমো বিজ্ঞানমাত্রায় পরমানন্দ-মূর্ত্তয়ে।
আত্মারামায় শান্তায় নিবৃত্তদ্বৈতদৃষ্টয়ে ॥১৯
আত্মানন্দানুভূত্যৈব ন্যস্তশক্ত্যূর্ম্ময়ে নমঃ।
হৃষীকেশায় মহতে নমস্তেহনন্তমূর্ত্তয়ে ॥২০

বচস্যুপরতেহপ্রাপ্য য একো মনসা সহ।
অনামরূপশ্চিন্মাত্রঃ সোহব্যান্নঃ সদসৎপরঃ ॥২১
যস্মিন্নিদং যতশ্চেদং তিষ্ঠত্যপ্যেতি জায়তে।
মৃন্ময়েষ্বিব মৃজ্জাতিস্তস্মৈ তে ব্রহ্মণে নমঃ ॥২২
যন্ন স্পৃশন্তি ন বিদুর্মনোবুদ্ধীন্দ্রিয়াসবঃ।
অন্তর্ব্বহিশ্চ বিততং ব্যোমবত্তন্নতোহস্ম্যহম্ ॥২৩

ভগবতে জ্ঞানাদিগুণপূর্ণায় বাসুদেবায় (চিত্তে উপাস্যায়), প্রদ্যুম্নায় (বুদ্ধৌ উপাস্যায়), সঙ্কর্ষণায় (অহঙ্কারে উপাস্যায়), অনিরুদ্ধায় (মনসি উপাস্যায়), তুভ্যং নমঃ নমঃ ধীমহি ধ্যায়েম ইতি ॥১৮

শান্তায় রাগলোভাদ্যূর্ম্মিরহিতায়, নিবৃত্ত-দ্বৈত-দৃষ্টয়ে (নিবৃত্তা দ্বৈতে দৃষ্টিঃ অহংমমাধ্যাসলক্ষণা যস্মাৎ তস্মৈ), বিজ্ঞান-মাত্রায় (বিজ্ঞানং চিচ্ছক্তিঃ এব মাত্রা পরিচ্ছদঃ যস্য তস্মৈ), পরমানন্দমূর্ত্তয়ে (পরমানন্দময়ী মূর্ত্তিঃ যস্য তস্মৈ), আত্মারামায় (আত্মনি এব রমমাণায়) নমঃ ॥১৯

আত্মানন্দানুভূত্যা (আত্মনঃ স্বস্য স্বরূপভূতানন্দস্য অনুভবেন) এব ন্যস্তশক্ত্যূর্ম্ময়ে (ন্যস্তাঃ নিরস্তাঃ শক্ত্যূর্ম্ময়ঃ মায়ানির্জ্জিতাঃ রাগদ্বেষাদয়ঃ যেন তস্মৈ) নমঃ। তথা হৃষীকেশায় (হৃষী-কাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশায় প্রবর্ত্তকায়) অন্তর্য্যামিণে মহতে অনন্তমূর্ত্তয়ে বিশ্বরূপায় তে নমঃ ॥২০

মনসা সহ বচসি (সর্ব্বেন্দ্রিয়েষু) যম্ অপ্রাপ্য উপরতে সতি অপি যঃ চিন্মাত্রঃ সচ্চিদানন্দবিগ্রহঃ সদসৎপরঃ (সদসতঃ প্রকৃতস্থূলসূক্ষ্মরূপাৎ প্রপঞ্চাৎ পরঃ) অনামরূপঃ প্রাকৃত-নামরূপাদিরহিতঃ, সঃ নঃ অস্মান্ অব্যাৎ সংসারভয়াৎ রক্ষতু ॥২১

ইদং কার্য্যকারণাত্মকং বিশ্বং যতঃ জায়তে, জাতং চ যস্মিন্ তিষ্ঠতি, অপ্যেতি লীয়তে চ, তথা মৃন্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতিঃ মৃন্মাত্রমিব যৎ সর্ব্বানুস্যূতং তস্মৈ তে ব্রহ্মণে বেদপ্রতিপাদিতায় নমঃ ॥২২

যৎ ব্রহ্ম ব্যোমবৎ নির্লেপতয়া অন্তর্ব্বহিশ্চ বিততং ব্যাপ্তম্ অপি অসবঃ প্রাণাঃ কর্ম্মেন্দ্রিয়াণি ক্রিয়াশক্ত্যা ন স্পৃশন্তি; মনোবুদ্ধী জ্ঞানেন্দ্রিয়াণি চ জ্ঞানশক্ত্যা ন বিদুঃ, তৎ ব্রহ্ম অহং

করিয়াছিলেন ।১৬-১৭

(উক্ত বিদ্যা এইরূপ) হে প্রভো! আমি ভগবান্ বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ—এই চতুর্ব্যূহ-স্বরূপ আপনাকে অন্তরে নমস্কার করি।১৮

বিজ্ঞানমাত্রই যাঁহার স্বরূপ, পরম আনন্দই যাঁহার বিগ্রহ এবং যাঁহা হইতে দ্বৈত দৃষ্টি নিরস্ত হইয়াছে, সেই আত্মারাম ও প্রশান্তস্বভাব আপনাকে নমস্কার করি।১৯

আপনি নিজ স্বরূপসুখের অনুভূতিদ্বারাই মায়িক রাগ-দ্বেষাদি পরিহার করিয়াছেন। আপনাকে নমস্কার করি। এরূপ সকল ইন্দ্রিয়ের অধীশ্বর, অতি মহান্ ও অনন্তমূর্ত্তিধারী আপনাকে নমস্কার করি।২০

মনের সহিত বাগাদি ইন্দ্রিয়সমূহ যাঁহাকে প্রকাশ করিতে না পারিয়া নিবৃত্ত হইলে একমাত্র যিনি স্বয়ংই প্রকাশিত হন, নিখিল কার্যকারণসমষ্টির কারণস্বরূপ সেই নামরূপবিহীন চিন্ময় বস্তু (আপনি) আমাদিগকে রক্ষা করুন।২১

যাঁহা হইতে এই জগৎপ্রপঞ্চ আবির্ভূত হইয়া যাঁহাতে অবস্থান করে এবং অন্তে যাঁহার মধ্যে লয় প্রাপ্ত হয়—ঘটাদি সকল মৃন্ময় পদার্থের মধ্যেই কারণরূপে অনুগত একমাত্র মৃত্তিকার ন্যায় কার্য-প্রপঞ্চে সর্বত্র কারণরূপে অনুস্যূত সেই ব্রহ্মস্বরূপ আপনাকে নমস্কার করি।২২

যিনি জগতের অন্তরে ও বাহিরে আকাশের ন্যায় নিরন্তর ব্যাপকভাবে বিরাজ করিলেও প্রাণ ক্রিয়া-শক্তি দ্বারা যাঁহাকে স্পর্শ করিতে, কিংবা মনঃ, বুদ্ধি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়োঽমী
যদংশবিদ্ধাঃ প্রচরন্তি কর্ম্মসু।
নৈবান্যদা লৌহমিবাপ্রতপ্তং
স্থানেষু তদ্‌দ্রষ্ট্রপদেশমেতি ॥২৪

ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহাবিভূতিপতয়ে সকলসাত্বতপরিবৃঢ়নিকরকরকমলকুট্মলোপলালিতচরণারবিন্দযুগলপরমপরমেষ্ঠিন নমস্তে ॥২৫

শ্রীশুক উবাচ।

ভক্তায়ৈতাং প্রপন্নায় বিদ্যামাদিশ্য নারদঃ।
যযাবঙ্গিরসা সাকং ধাম স্বায়ম্ভুবং প্রভো ॥২৬

চিত্রকেতুস্তু তাং বিদ্যাং যথা নারদভাষিতাম্।
ধারয়ামাস সপ্তাহমব্‌ভক্ষঃ সুসমাহিতঃ ॥২৭

ততঃ স সপ্তরাত্রান্তে বিদ্যয়া ধার্য্যমাণয়া।
বিদ্যাধরাধিপত্যঞ্চ লেভেঽপ্রতিহতং নৃপ ॥২৮

নতঃ অস্মি ॥২৩

অমী দেহেন্দ্রিয়-প্রাণ-মনোধিয়ঃ যদংশবিদ্ধাঃ (যস্য চৈতন্যাংশেন বিদ্ধাঃ আবিষ্টাঃ সন্তঃ জাগ্রৎস্বপ্নয়োঃ) কর্ম্মসু স্ববিষয়েষু প্রচরন্তি। অন্যদা সুষুপ্তি-মূর্চ্ছাদৌ অপ্রতপ্তম্ অগ্নি-সম্বন্ধরহিতং লৌহম্ ইব ন প্রচরন্তি। অতঃ স্থানেষু জাগ্রদাদিষু চৈতন্য-সাহচর্য্যাৎ এব জীবঃ তদ্‌দ্রষ্ট্রপদেশং দ্রষ্টৃসংজ্ঞাম্ এতি প্রাপ্নোতি ॥২৪

সকলাঃ যে সাত্বতপরিবৃঢ়াঃ ভক্তশ্রেষ্ঠাঃ তেষাং নিকরস্য সমূহস্য কর-কমলানাং কুট্মলৈঃ মুকুলৈঃ উপলালিতং সেবিতং চরণারবিন্দযুগলং যস্য তৎসম্বোধনে তাদৃশ হে পরমেষ্ঠিন্ ব্রহ্মাদি-সর্ব্বনিয়ন্তঃ! মহানুভবায় জগদুদ্ভবাদি-প্রভাবায়, মহাবিভূতিপতয়ে মহাবিভূতিঃ শ্রীঃ তৎপতয়ে, ভগবতে মহাপুরুষায় তে তুভ্যং নমঃ ॥২৫

শ্রীশুকঃ উবাচ। হে প্রভো রাজন্! প্রপন্নায় ভক্তায় এতাং বিদ্যাম্ আদিশ্য নারদঃ অঙ্গিরসা সাকং স্বায়ম্ভুবং ধাম ব্রহ্ম-লোকং যযৌ ॥২৬

চিত্রকেতুঃ অব্‌ভক্ষঃ সুসমাহিতঃ সন্ তাং নারদভাষিতাং বিদ্যাং সপ্তাহং ধারয়ামাস জজাপ ॥২৭

ততঃ চ ধার্য্যমাণয়া বিদ্যয়া এব সঃ চিত্রকেতুঃ হে নৃপ! সপ্তরাত্রান্তে অপ্রতিহতম্ অনুল্লঙ্ঘিত-শাসনং বিদ্যাধরাণাম্ আধিপত্যং লেভে ॥২৮

ও ইন্দ্রিয়বর্গ জ্ঞানশক্তিদ্বারা যাঁহাকে অবগত হইতে সমর্থ হয় না, আমি সেই আপনাকে নমস্কার করি।২৩

লৌহ যেরূপ অগ্নিদ্বারা তপ্ত হইয়াই অপর বস্তুকে দগ্ধ করে, অন্য সময়ে দগ্ধ করিতে পারে না, কিংবা অগ্নিতপ্ত হইলেও যেরূপ অগ্নিকে দগ্ধ করিতে সমর্থ হয় না, সেরূপ দেহ, ইন্দ্রিয়, প্রাণ, মনঃ ও বুদ্ধি ইহারা সেই ব্রহ্ম বস্তুর চৈতন্যাংশ দ্বারা আবিষ্ট হইয়াই জাগ্রৎকালে বা স্বপ্নকালে নিজ নিজ কার্যে প্রবৃত্ত হয়, অন্য সময়ে অর্থাৎ সুষুপ্তি বা মূর্চ্ছাদি-কালে চৈতন্যাংশ দ্বারা আবিষ্ট হইয়া ও মূল-চৈতন্য ব্রহ্ম বস্তুকে স্পর্শ করিতে বা অবগত হইতে সমর্থ হয় না। যদিও জীব দ্রষ্টা, তথাপি জীবও সেই ব্রহ্ম বস্তুকে অবগত হয় না। কারণ—জাগ্রদাদি-কালে ব্রহ্মই দ্রষ্টা এই সংজ্ঞা প্রাপ্ত হন বলিয়া জীবও তাঁহা হইতে ভিন্ন নহে। এ অবস্থায় একের মধ্যে কর্তৃত্ব ও কর্মত্ব উভয়ভাব অসম্ভব বলিয়া ব্রহ্ম ভিন্ন জীবের পক্ষে ব্রহ্মাবগতি বা ব্রহ্মকে প্রকাশ করা সম্ভবপর হয় না (ব্যাখ্যান্তর—জাগ্রতাদিকালে ব্রহ্মই দ্রষ্টা এই সংজ্ঞাপ্রাপ্ত জীবকে অবগত হন, জীব তাঁহাকে অবগত হইতে পারে না)।২৪

হে ভগবন্! আপনি মহাপ্রভাবশালী ও মহা-বিভূতিরাশির অধীশ্বর মহাপুরুষরূপ। নিখিল ভক্ত-প্রবরগণ নিজ নিজ করকমলকলিকাদ্বারা নিরন্তর আপনার পাদপদ্মযুগলের সেবা করেন। হে সর্বোত্তম! হে সর্বেশ্বর! আপনাকে নমস্কার করি।২৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবর্ষি শ্রীনারদ শরণাগত ভক্ত রাজা চিত্রকেতুকে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততঃ কতিপয়াহোভির্বিদ্যয়েদ্ধমনোগতিঃ।
জগাম দেবদেবস্য শেষস্য চরণান্তিকম্ ॥২৯
মৃণালগৌরং সিতিবাসসং স্ফুরৎ-
কিরীটকেয়ূরকটিত্রকঙ্কণম্।
প্রসন্নবক্ত্রারুণলোচনং বৃতং
দদর্শ সিদ্ধেশ্বরমণ্ডলৈঃ প্রভুম্ ॥৩০
তদ্দর্শনধ্বস্তসমস্তকিল্বিষঃ
স্বস্থামলান্তঃকরণোঽভ্যয়ান্মুনিঃ।
প্রবৃদ্ধভক্ত্যা প্রণয়াশ্রুলোচনঃ
প্রহৃষ্টরোমানমদাদিপূরুষম্ ॥৩১
স উত্তমঃশ্লোকপদাব্জবিষ্টরং
প্রেমাশ্রুলেশৈরুপমেহয়ন্মুহুঃ।
প্রেমোপরুদ্ধাখিলবর্ণনির্গমো
নৈবাশকৎ তং প্রসমীড়িতুং চিরম্ ॥৩২

ততঃ কতিপয়ৈঃ অহোভিঃ বিদ্যয়া ইদ্ধেন দীপ্তেন মনসা গতিঃ যস্য তাদৃশঃ চিত্রকেতুঃ দেবদেবস্য শেষস্য সঙ্কর্ষণস্য চরণান্তিকং জগাম ॥২৯

গত্বা চ মৃণালং কমলকন্দঃ তদ্বৎ গৌরম্, সিতিবাসসং নীলাম্বরম্, স্ফুরন্তি কিরীটাদীনি যস্য তম্, প্রসন্নবক্ত্রারুণলোচনং প্রসন্নানি বক্ত্রাণি তথা অরুণানি লোচনানি যস্য তম্ তথা সিদ্ধেশ্বর-মণ্ডলৈঃ সনৎকুমারাদীনাং মণ্ডলৈঃ বৃতং প্রভুং সঙ্কর্ষণং দদর্শ ॥৩০

তস্য দর্শনেন ধ্বস্তং সমস্তং কিল্বিষং যস্য সঃ, অতএব স্বচ্ছম্ অমলং চ অন্তঃকরণং যস্য সঃ, তথা প্রণয়েন অশ্রুযুক্তে লোচনে যস্য সঃ, প্রহৃষ্টানি রোমাণি যস্য তথাবিধঃ সন্ মুনিঃ প্রবৃদ্ধয়া ভক্ত্যা আদিপূরুষং সঙ্কর্ষণম্ অভ্যয়াৎ অভিমুখম্ অগচ্ছৎ তথা অনমৎ ননাম ॥৩১

তথা প্রেমাশ্রুলেশৈঃ উত্তমঃশ্লোকস্য শেষস্য পদাব্জয়োঃ বিষ্টরম্ আসনং মুহুঃ উপমেহয়ন্ অভিষিঞ্চন্, প্রেম্না উপরুদ্ধঃ অখিলানাং বর্ণানাং নির্গমঃ উচ্চারণং যস্য সঃ মুনিঃ তং প্রসমীড়িতুং স্তোতুং চিরং ন অশকৎ ॥৩২

বিদ্যার উপদেশ করিয়া মহর্ষি অঙ্গিরার সহিত ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন।২৬

রাজা চিত্রকেতুও শ্রীনারদ যেরূপ নির্দেশ দান করিয়াছিলেন, তদনুসারে সপ্তাহকাল জল মাত্র পান করিয়া একাগ্রচিত্তে দেবর্ষির উপদিষ্ট সেই বিদ্যা ধারণ করিলেন।২৭

হে মহারাজ! সপ্ত রাত্র অতিবাহিত হইলে রাজা চিত্রকেতু উক্ত বিদ্যাধারণের প্রভাবে বিদ্যাধরগণের আধিপত্যরূপ অব্যর্থ ফললাভে সমর্থ হইয়াছিলেন।২৮

ইহার পর তিনি কয়েকদিনেই বিদ্যার প্রভাবে সমুজ্জ্বল মনোগতি ধারণ করিয়া দেবদেব ভগবান্ অনন্তের চরণপ্রান্তে গমন করিয়াছিলেন।২৯

অনন্তর রাজা চিত্রকেতু সেখানে সমুজ্জ্বল মুকুট, কেয়ুর, কটিসূত্র ও বলয় দ্বারা সুশোভিত, নীলবস্ত্রধারী, প্রসন্নবদন, অরুণলোচন ও মৃণালের ন্যায় গৌরবর্ণ প্রভু অনন্তদেবকে সিদ্ধেশ্বরগণ কর্তৃক পরিবৃত অবস্থায় দেখিতে পাইলেন।৩০

ভগবান্ অনন্তদেবের দর্শনে রাজা চিত্রকেতুর সমস্ত পাপ বিনষ্ট এবং অন্তঃকরণ নির্মল ও সুস্থ হইয়াছিল। এ অবস্থায় ভক্তির উদ্রেকহেতু নেত্রযুগলে প্রেমাশ্রু ও সর্বাঙ্গে রোমাঞ্চের উদয় হইলে তিনি মৌনভাবে সেই আদিপুরুষকে প্রণাম করিয়াছিলেন।৩১

তৎকালে চিত্রকেতু প্রেম-বিগলিত অশ্রুবিন্দুসমূহ দ্বারা উদারকীর্তি ভগবান্ অনন্তদেবের পাদপদ্মযুগলের আসনটিকে বার বার অভিষিক্ত করিয়াছিলেন, কিন্তু প্রেমবশতঃ কণ্ঠমধ্যে বর্ণসমূহের উচ্চারণ অবরুদ্ধ হওয়ায় দীর্ঘকাল পর্যন্ত তাঁহার স্তুতি-রচনায় সমর্থ হন নাই।৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততঃ সমাধায় মনো মনীষয়া
বভাষ এতৎ প্রতিলব্ধবাগসৌ।
নিযম্য সর্ব্বেন্দ্রিয়বাহ্যবর্ত্তনং
জগদ্গুরুং সাত্বতশাস্ত্রবিগ্রহম্ ॥৩৩

চিত্রকেতুরুবাচ।

অজিত জিতঃ সমমতিভিঃ
যে দেহে অভিমাননিবদ্ধ, সেই দেহের বধেই বধ বলিয়া স্বীকার করা হয়। যাঁহার অভিমানমাত্র নাই তাহার হিংসা কোনো মতেই কল্পনা করা যায় না। বৈষম্যের অভাবহেতু অখিলাত্মা ভগবানের হিংসা নাই। তবে পরম নিয়ন্তা যে দানব বধ করেন উহা তাহাদের মঙ্গলের নিমিত্ত দণ্ডদানমাত্র, উহা হিংসা নয়।২৪

অতএব বৈরভাবই হউক অথবা নির্বৈর ভক্তিভাব হউক স্নেহ কাম বা অন্য যে কোনো ভাবে ভগবানে মনঃসংযোগ করা কর্ত্তব্য।২৫

শত্রুতানিবন্ধন মর্ত্তজীব যেভাবে শীঘ্র তন্ময়তা লাভ করিবে, ভক্তিযোগে সেরূপ হয় না—ইহা আমার নিশ্চয়।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কীটঃ পেশস্কৃতা রুদ্ধঃ কুড্যায়াং তমনুস্মরন্।
সংরম্ভভয়যোগেন বিন্দতে তৎস্বরূপতাম্ ॥২৭
এবং কৃষ্ণে ভগবতি মায়ামনুজ ঈশ্বরে।
বৈরেণ পূতপাপ্মানস্তমাপুরনুচিন্তয়া ॥২৮
কামাদ্ দ্বেষাদ্ ভয়াৎ স্নেহাৎ যথা ভক্ত্যেশ্বরে মনঃ।
আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ ॥২৯
গোপ্যঃ কামাদ্ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্ বৃষ্ণয়ঃ স্নেহাৎ যূয়ং ভক্ত্যা বয়ং বিভো ॥৩০

কতমোঽপি ন বেণঃ স্যাৎ পঞ্চানাং পুরুষং প্রতি।
তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েৎ ॥৩১
মাতৃষ্বস্রেয়ো বশ্চৈদ্যো দন্তবক্রশ্চ পাণ্ডব।
পার্ষদপ্রবরৌ বিষ্ণোর্বিপ্রশাপাৎ পদচ্যুতৌ ॥৩২

যুধিষ্ঠির উবাচ।
কীদৃশঃ কস্য বা শাপো হরিদাসাভিমর্শনঃ।
অশ্রদ্ধেয় ইবাভাতি হরেরেকান্তিনাং ভবঃ ॥৩৩

কীটঃ পেশস্কৃতা ভ্রমরেণ কুড্যায়াং ভিত্তিচ্ছিদ্রে রুদ্ধঃ সংরম্ভভয়যোগেন (সংরম্ভঃ দ্বেষঃ, ভয়ং চ সঃ এব যোগঃ হেতুঃ তেন) তং ভ্রমরম্ অনুস্মরন্ ধ্যায়ন্ তৎস্বরূপতাং বিন্দতে লভতে, যথা ইতি ॥২৭

এবং মায়ামনুজে (মায়য়া স্বেচ্ছয়া এব মনুজাকারে) ভগবতি ঈশ্বরে কৃষ্ণে বৈরেণ অনুচিন্তয়া ধ্যানেন পূতাপ্মানঃ (পূতঃ নিবৃত্তঃ পাপ্মা যেষাং তে) তম্ আপুঃ ॥ ২৮

এবং কামাৎ দ্বেষ্যাৎ ভয়াৎ স্নেহাৎ ভক্ত্যা চ যথা ঈশ্বরে মনঃ আবেশ্য তৎ অঘং দ্বেষাদিজনিতং পাপং হিত্বা বহবঃ জীবাঃ তদ্গতিং সাযুজ্যাদি লক্ষণাং গতিং গতাঃ, তথা শৃণু। কামাৎ গোপ্যঃ, ভয়াৎ কংসঃ, দ্বেষাৎ চৈদ্যাদয়ঃ নৃপাঃ, সম্বন্ধাৎ বৃষ্ণয়ঃ, স্নেহাৎ যূয়ং, হে বিভো! ভক্ত্যা বয়ং ত্বং প্রাপ্তাঃ ॥২৯-৩০

(তর্হি বেণঃ কিমিতি নরকে পতিতঃ ইত্যাশঙ্ক্যাহ) পঞ্চানাম্ উক্ত-পঞ্চবিধ-ভগবদভিনিবেশবতাং পুরুষাণাং মধ্যে পুরুষং ভগবন্তং প্রতি বেণঃ কতমঃ অপি ন স্যাৎ ন ভবতি, তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েৎ ॥৩১

হে পাণ্ডব! চৈদ্যঃ বঃ যুষ্মাকং মাতৃষ্বস্রেয়ঃ তথা দন্তবক্রশ্চ এতৌ বিষ্ণোঃ পার্ষদপ্রবরৌ বিপ্রশাপাৎ পদচ্যুতৌ (পদাৎ বৈকুণ্ঠাৎ চ্যুতৌ) ॥৩২

যুধিষ্ঠিরঃ উবাচ। হরিদাসাভিমর্শনঃ (হরিদাসঃ অভি-

ভ্রমরকর্ত্তৃক অবরুদ্ধ কীট (তেলাপোকা) গর্ত্তে আবদ্ধ থাকিয়া দ্বেষ ও ভয়হেতু তাহাকেই (ভ্রমরকেই) ধ্যান করিতে করিতে তাহারই (ভ্রমরেরই) স্বরূপতা লাভ করে।২৭

এই প্রকার মায়ায় মানুষমূর্ত্তিতে অবতীর্ণ ভগবান্ কৃষ্ণকে শত্রুভাবে ব্যবহার করিয়াও পবিত্র হইয়া তাঁহার অনুধ্যানে তাঁহাকেই লাভ করে।২৮

জীব ভক্তিদ্বারা ভগবানে মন লাগাইয়া যেরূপ পাপ হইতে নিস্তার লাভ করিয়া ভগবান্‌কে পায়, সেইরূপ কাম, দ্বেষ, ভয় বা স্নেহদ্বারাও অনেকে তাঁহাকে লাভ করিয়াছেন। হে প্রভু! কামভাবে গোপীগণ, ভয়ে কংস ও দ্বেষ করিয়া শিশুপালপ্রভৃতি নৃপবৃন্দ, বৃষ্ণিগণ সম্বন্ধবোধে, আপনারা স্নেহে আর আমরা ভক্তিদ্বারা তাঁহাকে পাইয়াছি।২৯-৩০

যদি বল বেণ রাজা কেন নরকে পতিত হইল? তদুত্তরে বলিতে হয় পরম পুরুষের প্রতি তাহার পূর্বোক্ত কোনো ভাবই ছিল না। অতএব যে কোনো উপায়ে মন শ্রীকৃষ্ণে নিবিষ্ট করা কর্ত্তব্য।৩১

হে পাণ্ডব, তোমাদের মাসতুত ভাই শিশুপাল ও দন্তবক্র দুইজন ভগবান্ বিষ্ণুর দুই পার্ষদ জয়-বিজয় ছিলেন, ব্রহ্মশাপে তাহারা পদচ্যুত হইয়াছেন।৩২

যুধিষ্ঠির বলিলেন—হরিদাসকেও পদচ্যুত করিতে পারে, এরূপ অভিশাপ কাহার? একান্ত হরিভক্তের সংসারবন্ধন যেন বিশ্বাসের বিষয় হইতেছে না।৩৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহেন্দ্রিয়াসুহীনানাং বৈকুণ্ঠপুরবাসিনাম্।
দেহসম্বন্ধসম্বদ্ধমেতদাখ্যাতুমর্হসি ॥৩৪

নারদ উবাচ।

একদা ব্রহ্মণঃ পুত্রা বিষ্ণুর্লোকং যদৃচ্ছয়া।
সনন্দনাদয়ো জগ্মুশ্চরন্তো ভুবনত্রয়ম্ ॥৩৫

পঞ্চষড়্‌ঢায়নার্ভাভাঃ পূর্ব্বেষামপি পূর্ব্বজাঃ।
দিগ্বাসসঃ শিশূন্ মত্বা দ্বাঃস্থৌ তান্ প্রত্যষেধতাম্ ॥৩৬

অশপন্ কুপিতা এবং যুবাং বাসং ন চার্হথঃ।
রজস্তমোভ্যাং রহিতে পাদমূলে মধুদ্বিষঃ।
পাপিষ্ঠামাসুরীং যোনিং বালিশৌ যাতমাশ্বতঃ ॥৩৭

এবং শপ্তৌ স্বভবনাৎ পতন্তৌ তৌ কৃপালুভিঃ।
প্রোক্তৌ পুনর্জন্মভির্বাং ত্রিভির্লোকায় কল্পতাম্ ॥৩৮

জজ্ঞাতে তৌ দিতেঃ পুত্রৌ দৈত্য-দানববন্দিতৌ।
হিরণ্যকশিপুর্জ্যেষ্ঠো হিরণ্যাক্ষোঽনুজস্ততঃ ॥৩৯

নৃশতি অভিভবতি ইতি তথাভূতাঃ) শাপঃ কীদৃশঃ কীদৃগ্‌-রূপঃ কস্য শাপদাতুঃ বা ? হরেঃ একান্তিনাং পার্ষদপ্রবরাণাং ভবঃ জন্ম-মরণাদি-সংসারঃ অশ্রদ্ধেয়ঃ অনাদরণীয়ঃ ইব আভাতি ॥৩৩

দেহেন্দ্রিয়াসুহীনানাং প্রাকৃত-দেহেন্দ্রিয়-প্রাণৈঃ হীনানাং শুদ্ধসত্ত্বময়-দেহাদীনাং বৈকুণ্ঠপুরবাসিনাং দেহসম্বন্ধসম্বদ্ধম্ এতৎ কথাং তৎ ত্বম্ আখ্যাতুম্ অর্হসি ॥৩৪

নারদঃ উবাচ। ব্রহ্মণঃ পুত্রাঃ সনন্দনাদয়ঃ ভুবনত্রয়ং চরন্তঃ যদৃচ্ছয়া ভগবদিচ্ছয়া একদা বিষ্ণোঃ লোকং বৈকুণ্ঠং জগ্মুঃ॥৩৫

পূর্ব্বেষাং মরীচাদীনাং পূর্ব্বজাঃ অপি পঞ্চষড়্‌ঢায়নার্ভাভাঃ (পঞ্চ ষড়্ বা হায়নানি সংবৎসরাঃ যেষাং তেষাম্ অর্ভাণাং বালানাম্ ইব আভা যেষাং তে তথা বিধাঃ) দিগ্বাসসঃ নগ্নাঃ, যতঃ তে অতঃ শিশূন্ মত্বা দ্বাঃস্থৌ দ্বারপালৌ জয়-বিজয়ৌ তান্ প্রত্যষেধতাম্ অন্তঃপ্রবেশাৎ নিবারিতবন্তৌ ॥৩৬

এবং প্রতিষেধেন তে কুপিতাঃ সন্তঃ তৌ অশপন্ যথা হে বালিশৌ! অজ্ঞৌ! রজস্তমোভ্যাং রহিতে মধুসূদনস্য ভগবতঃ পাদমূলে বৈকুণ্ঠে যুবাং বাসম্ এব যতঃ ন অর্হথঃ, অতঃ কারণাৎ আশু শীঘ্রম্ এব পাপিষ্ঠাম্ আসুরীং যোনিং যাতং গচ্ছতম্ ॥৩৭

এবং শপ্তৌ অতঃ স্বভবনাৎ বৈকুণ্ঠাৎ পতন্তৌ তৌ তৈঃ কৃপালুভিঃ সনকাদিভিঃ, "বাং যুবয়োঃ, ত্রিভিঃ জন্মভিঃ লোকায় স্বস্থানং প্রাপ্তয়ে শাপঃ কল্পতাং তাবৎ অয়ং শাপঃ সমাপ্যতাম্" ইতি পুনঃ প্রোক্তৌ। অতঃ তৌ দৈত্যদানববন্দিতৌ দিতেঃ পুত্রৌ জজ্ঞাতে ॥৩৮-৩৯

বৈকুণ্ঠপুরবাসীর দেহ, ইন্দ্রিয় ও প্রাণ প্রাকৃতজনের মত নয়, সুতরাং তাহাদের আবার দেহসম্বন্ধ কি করিয়া হয়—তাহা বর্ণনা করুন।৩৪

শ্রীনারদ বলিলেন,—এক সময় ব্রহ্মার সনন্দনাদি চতুষ্টয় পুত্র ত্রিলোক পর্য্যটন করিতে করিতে যদৃচ্ছাক্রমে বিষ্ণুলোকে গমন করেন।৩৫

তাঁহাদের দেখিতে দেখিতে পাঁচ ছয় বৎসরের বালকের মত মনে হয়, তাহারা প্রাচীনগণেরও পূর্ব-জন্ম হইলেও বস্ত্রাবরণহীন বলিয়া সাধারণ শিশু মনে করিয়া বিষ্ণুলোকের দুই জন দ্বাররক্ষক তাঁহাদিগের প্রবেশ পথে বাধা দিলেন।৩৬

ইহাতে তাঁহারা (চতুঃসন) ক্রুদ্ধ হইয়া অভিশাপ দিয়া বলিলেন,—রজঃ ও তমোগুণরহিত মধুসূদনের চরণসন্নিধানে তোমরা বাস করিবার যোগ্য নও। অতএব মুর্খ তোমরা দুইজনে অনতিবিলম্বে পাপময় আসুরীযোনিতে যাইয়া জন্মগ্রহণ কর।৩৭

এই প্রকারে অভিশপ্ত তাঁহারা স্বস্থান হইতে পতনোন্মুখ হইলে, কৃপালু মুনিগণ পুনরায় বলিলেন তিন জন্মের অন্তে আবার তোমরা নিজের স্থান ফিরিয়া পাইবে। তাঁহারাই পরে দিতির গর্ভে দৈত্য-দানবগণ-বন্দিত জ্যেষ্ঠ হিরণ্যকশিপু ও কনিষ্ঠ হিরণ্যাক্ষ নামে জন্ম-গ্রহণ করেন।৩৮-৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হতো হিরণ্যকশিপুর্হরিণা সিংহরূপিণা।
হিরণ্যাক্ষো ধরোদ্ধারে বিভ্রতা শৌকরং বপুঃ ॥৪০
হিরণ্যকশিপুঃ পুত্ত্রং প্রহ্লাদং কেশবপ্রিয়ম্।
জিঘাংসুরকরোন্নানা যাতনা মৃত্যুহেতবে ॥৪১
তং সর্ব্বভূতাত্মভূতং প্রশান্তং সমদর্শনম্।
ভগবত্তেজসা স্পৃষ্টং নাশক্নোদ্ধন্তুমুদ্যমৈঃ ॥৪২

সিংহরূপিণা নরসিংহরূপেণ হরিণা হিরণ্যকশিপু হতঃ, তথা ধরোদ্ধারে শৌকরং বপুঃ বিভ্রতা হরিণা হিরণ্যাক্ষঃ চ হতঃ ॥৪০

হিরণ্যকশিপুঃ যদা কেশবপ্রিয়ং ভগবদ্ভক্তং স্বপুত্রং প্রহ্লাদং জিঘাংসুঃ সন্ তস্য মৃত্যুহেতবে নানাঃ যাতনাঃ অকরোৎ ॥৪১

ভগবত্তেজসা স্পৃষ্টং ব্যাপ্তং প্রশান্তং রাগদ্বেষাদিশূন্যং, সর্ব্বভূতানাম্ আত্মভূতং সমদর্শনং (সম্ ভগবান্ তমেব সর্ব্বত্র যঃ পশ্যতি তং) তং প্রহ্লাদং তদা উদ্যমৈঃ শস্ত্রাস্ত্রাদিভিঃ হন্তুং ন অশক্নোৎ ॥৪২

নরসিংহ মূর্ত্তিধারণ করিয়া শ্রীহরি হিরণ্যকশিপুকে বধ করেন এবং হিরণ্যাক্ষকর্ত্তৃক আক্রান্ত ধরাকে উদ্ধার করিবার নিমিত্ত হরি বরাহমূর্ত্তি প্রকাশ করেন।৪০

কেশবপ্রিয় পুত্র প্রহ্লাদকে হত্যা করিবার জন্য হিরণ্যকশিপু নানাপ্রকার মৃত্যুতুল্য যাতনার ব্যবস্থা করিয়াছিল।৪১

অনেকপ্রকার চেষ্টা করিয়াও ভগবানের তেজে অভিরক্ষিত, সর্বভূতাত্মভূত, প্রশান্তমনা, সর্বভূতে সমভাবাপন্ন প্রহ্লাদকে হত্যা করিতে পারা যায় নাই।৪২

ততস্তৌ রাক্ষসৌ জাতৌ কেশিন্যাং বিশ্রবঃসুতৌ।
রাবণঃ কুম্ভকর্ণশ্চ সর্ব্বলোকোপতাপনৌ ॥৪৩
তত্রাপি রাঘবো ভূত্বা ন্যহনচ্ছাপমুক্তয়ে।
রামবীর্য্যং শ্রোষ্যসি ত্বং মার্কণ্ডেয়মুখাৎ প্রভো ॥৪৪
তাবত্র ক্ষত্রিয়ৌ জাতৌ মাতৃষ্বস্রাত্মজৌ তব।
অধুনা শাপনির্ম্মুক্তৌ কৃষ্ণচক্রহতাংহসৌ ॥৪৫

ততঃ তদনন্তরং কেশিন্যাং বিশ্রবঃসুতৌ সর্ব্বলোকতাপনৌ রাক্ষসৌ ভূত্বা রাবণঃ কুম্ভকর্ণঃ চ ইতি তৌ জাতৌ ॥৪৩

তত্রাপি জন্মনি ভগবান্ রাঘবঃ ভূত্বা শাপমুক্তয়ে তৌ ন্যহনৎ। হে প্রভো! রামবীর্য্যং ত্বং মার্কণ্ডেয়মুখাৎ শ্রোষ্যসি ॥৪৪

তৌ অত্র জন্মনি তব মাতৃস্বস্রাত্মজৌ ক্ষত্রিয়ৌ জাতৌ। অধুনা কৃষ্ণচক্রেণ হতম্ অংহঃ যয়োঃ তৌ শাপনির্ম্মুক্তৌ জাতৌ ॥৪৫

অনন্তর তাহারা দুইজন কেশিনীর গর্ভে বিশ্রবার পুত্র রাবণ ও কুম্ভকর্ণ নামে দ্বিতীয় রাক্ষস-জন্মে সকল লোকের দুঃখদায়ক হইয়াছিল।৪৩

সেই সময় শ্রীহরি রাঘবরূপে উহাদিগকে শাপমুক্তির নিমিত্ত বধ করেন। হে রাজন্, মার্কণ্ডেয়মুনির মুখে শ্রীরামের কথা পরে শুনিবে।৪৪

সেই দুইজন এই জন্মে তোমার মাসীমার পুত্র রূপে শিশুপাল ও দন্তবক্র অধুনা শ্রীকৃষ্ণের সুদর্শন চক্রদ্বারা নিহত হওয়ার ফলে পাপনির্ম্মুক্ত হইয়া অভিশাপমুক্ত হইয়াছে।৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈরানুবন্ধতীব্রেণ ধ্যানেনাচ্যুতসাত্মতাম্।
নীতৌ পুনর্হরেঃ পার্শ্বং জগ্মতুর্বিষ্ণুপার্ষদৌ ॥৪৬

যুধিষ্ঠির উবাচ।
বিদ্বেষো দয়িতে পুত্রে কথমাসীন্মহাত্মনি।

বৈরানুবন্ধতীব্রেণ ধ্যানেন অচ্যুত-সাত্মতাং পরং নীতৌ প্রাপ্তৌ, পুনঃ ততঃ নিসৃত্য পার্ষদৌ সন্তৌ হরেঃ পার্শ্বং জগ্মতুঃ ॥৪৬

যুধিষ্ঠিরঃ উবাচ ॥ হে ভগবন্! মহাত্মনি দয়িতে পুত্রে

তীব্র বৈরভাবের অনুধ্যানে তাহারা অচ্যুতচিত্ত হইয়া পুনরায় বিষ্ণুপার্ষদ দেহে বিষ্ণুপার্শ্বে গমন করিয়াছে।৪৬

ব্রূহি মে ভগবন্ যেন প্রহ্লাদস্যাচ্যুতাত্মতা ॥৪৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

হিরণ্যকশিপোঃ বিরোধঃ কথম্ আসীৎ, তথা প্রহ্লাদস্য অচ্যুতাত্মতা যেন আসীৎ, তৎ মে মহ্যং ব্রূহি ॥৪৭

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে প্রথমোঽধ্যায়ঃ ॥

শ্রীযুধিষ্ঠির বলিলেন—মহাত্মা প্রিয়পুত্র প্রহ্লাদের প্রতি পিতা হিরণ্যকশিপুর বিদ্বেষ কেন হইল? প্রহ্লাদের অচ্যুতময় জীবনই বা কিরূপ? প্রভু! কৃপাপূর্ব্বক উহা বর্ণনা করুন।৪৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
প্রভুপাদ শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[শ্রীবিষ্ণুং প্রতি ক্রুদ্ধস্য হিরণ্যকশিপোঃ স্বভৃত্য-দানবেভ্যঃ প্রজানামত্যাচারায়োপদেশঃ, তত্ত্ববাক্যেন ভ্রাতৃবধূ-ভ্রাতৃপুত্রাদিভ্যঃ সান্ত্বনাদানঞ্চ।]

নারদ উবাচ।
ভ্রাতর্য্যেবং বিনিহতে হরিণা ক্রোড়মূর্ত্তিনা।
হিরণ্যকশিপূ রাজন্ পর্য্যতপ্যদ্ রুষা শুচা ॥১

অন্বয়ঃ

নারদঃ উবাচ। হে রাজন্! ক্রোড়মূর্ত্তিনা বরাহরূপধারিণা হরিণা ভ্রাতরি হিরণ্যাক্ষে এবং বিনিহতে সতি হিরণ্যকশিপুঃ রুষা রোষেণ শুচা চ পর্যতপ্যৎ ॥১

দ্বিতীয় অধ্যায়

(শ্রীবিষ্ণুর প্রতি ক্রুদ্ধ হিরণ্যকশিপু কর্ত্তৃক স্বভৃত্য দানবগণকে অত্যাচার করিতে উপদেশ এবং তত্ত্বকথায় ভ্রাতৃবধূ ও ভ্রাতুষ্পুত্রগণের সান্ত্বনা প্রদান।)

আহ চেদং রুষা পূর্ণঃ সন্দষ্টদশনচ্ছদঃ।
কোপোজ্জ্বলদ্ভ্যাং চক্ষুর্ভ্যাং নিরীক্ষন্ ধূম্রমম্বরম্ ॥২

অন্বয়ঃ

তথা রুষা পূর্ণঃ প্রকম্পিতগাত্রঃ, সন্দষ্টদশনচ্ছদঃ (সন্দষ্ট-দশনচ্ছদঃ ওষ্ঠঃ যেন সঃ) কোপেন উৎ অতিশয়েন জ্বলদ্ভ্যাং চক্ষুর্ভ্যাং ধূম্রম্ অম্বরম্ আকাশং নিরীক্ষমাণঃ ইদম্ আহ চ ॥২

শ্রীনারদ বলিলেন—এইরূপে বরাহমূর্ত্তি শ্রীহরির বিক্রমে হিরণ্যাক্ষ নিহত হইল, হে রাজন্! হিরণ্যকশিপু ভ্রাতার শোকে ক্রুদ্ধ ও সন্তপ্ত হইল।১

হিরণ্যকশিপু ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠাধর দংশন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করালদংষ্ট্রোগ্রদৃষ্ট্যা দুষ্প্রেক্ষ্যভ্রুকুটীমুখঃ।
শূলমুদ্যম্য সদসি দানবানিদমব্রবীৎ ॥৩
ভো ভো দানবদৈতেয়া দ্বিমূর্দ্ধংস্ত্র্যক্ষ শম্বর।
শতবাহো হয়গ্রীব নমুচে পাক ইল্বল ॥৪
বিপ্রচিত্তে মম বচঃ পুলোমন্ শকুনাদয়ঃ।
শৃণুতানন্তরং সর্ব্বে ক্রিয়তামাশু মা চিরম্ ॥৫
সপত্নৈর্ঘাতিতঃ ক্ষুদ্রৈর্ভ্রাতা মে দয়িতঃ সুহৃৎ।
পার্ষ্ণিগ্রাহেণ হরিণা সমেনাপ্যুপধাবনৈঃ ॥৬

করালাভিঃ দ্রংষ্ট্রাভিঃ যুক্তয়া উগ্রয়া দৃষ্ট্যা দুষ্প্রেক্ষ্যং ভ্রুকুটীযুক্তং মুখং যস্য সঃ হিরণ্যকশিপুঃ সদসি শূলম্ উদ্যম্য দানবান্ ইদন্ অব্রবীৎ ॥৩

দ্বিমূর্দ্ধন্, ত্র্যক্ষ, শম্বর ! শতবাহো, হয়গ্রীব, নমুচে পাক, ইল্বল, বিপ্রচিত্তে, পুলোমন্ শকুনাদয়ঃ ভোঃ ভোঃ দানবদৈতেয়াঃ! যূয়ং সর্ব্বে মম বচঃ শৃণুত, ততঃ অনন্তরম্ আশু শীঘ্রম্ এব তৎ ক্রিয়তাং, চিরং বিলম্বং মা কুরুত ॥৪-৫

হরিণা সমেনাপি ঔপধারণৈঃ নিমিত্তভূতৈঃ পার্ষ্ণিগ্রাহেণ সহায়ীভূতেন সতা ক্ষুদ্রৈঃ সপত্নৈঃ শত্রুভিঃ মে মম দয়িতঃ প্রিয়ঃ সুহৃৎ আজ্ঞানুসারী ভ্রাতা ঘাতিতঃ॥৬

করিয়া কোপোদ্দীপ্ত দৃষ্টিতে ধূমায়িত আকাশের দিকে দৃষ্টিপাত করিয়া বলিল।২

করালদন্ত, উগ্রদৃষ্টি, দুর্দ্দর্শ ভ্রূকুটীযুক্ত মুখে শূল উত্তোলিত করিয়া সভামধ্যে দানবগণকে বলিল।৩

হে দৈত্যদানবগণ! দ্বিমূর্দ্ধ, ত্র্যক্ষ, শম্বর, শতবাহু হয়গ্রীব, নমুচি, পাক, ইল্বল, বিপ্রচিত্তি, পুলোমা, শকুনপ্রভৃতি দানবগণ তোমরা আমার কথামত কাজ কর, দেরী করিও না।৪-৫

নীচ শত্রুগণ আমার প্রিয় পরমবান্ধব সহোদর ভ্রাতা হিরণ্যাক্ষকে হত্যা কবিয়াছে। ভগবান্ হরি দেবতা ও দানবসকলের প্রতি সমভাবাপন্ন হইলেও দেবতাদের পোষকতা করিয়া পক্ষপাতী হইয়াছে।৬

তস্য ত্যক্তস্বভাবস্য ঘৃণের্মায়াবনৌকসঃ।
ভজন্তং ভজমানস্য বালস্যেবাস্থিরাত্মনঃ ॥৭
মচ্ছূলভিন্নগ্রীবস্য ভূরিণা রুধিরেণ বৈ।
অসৃক্প্রিয়ং তর্পয়িষ্যে ভ্রাতরং মে গতব্যথঃ ॥৮
তস্মিন্ কূটেহিতে নষ্টে কৃত্তমূলে বনস্পতৌ।
বিটপা ইব শুষ্যন্তি বিষ্ণুপ্রাণা দিবৌকসঃ ॥৯
তাবদ্ যাত ভুবং যূয়ং ব্রহ্মক্ষত্রসমেধিতান্।
সূদয়ধ্বং তপোযজ্ঞ-স্বাধ্যায়ব্রতদানিনঃ ॥১০

এবং ত্যক্তঃ স্বভাবঃ সমত্বং যেন তস্য, ভজন্তং ভজমানঃ অনুসরতঃ অতএব মায়য়া বনৌকসঃ মায়য়া ধৃত-নিকৃষ্ট-শূকররূপস্য বালস্য ইব অস্থিরাত্মনঃ অব্যবস্থিত-চিত্তস্য, ঘৃণেঃ শোচ্যস্য ॥৭

মচ্ছূলেন ভিন্না গ্রীবা যস্য তস্য বিষ্ণোঃ ভূরিণা মে ম অসৃক্প্রিয়ং ভ্রাতরং যাবৎ গতব্যথঃ এব অহং তর্পয়িষ্যে তর্পয়িষ্যামি ॥৮

বনস্পতৌ কৃত্তমূলে সতি যস্য তস্য বিটপাঃ শাখাঃ শুষ্যন্তি তথা কূটেহিতে (কূটং দুর্জ্ঞেয়ম্ ঈহিতং চরিতং যস্য তস্মিন্ বিষ্ণৌ) নষ্টে সতি বিষ্ণুপ্রাণাঃ দিবৌকসঃ অমরাঃ, নষ্টপ্রাণাঃ ভবিষ্যন্তি॥৯

তাবৎ যূয়ং ব্রহ্মক্ষত্র-সমেধিতাং ব্রহ্ম-ক্ষত্রাভ্যাং সমৃদ্

সেই হরি সেবা-প্রলোভনমুগ্ধ অস্থিরচি বালকের মত দেবতাদের সেবায় নিজের স্বভা ত্যাগ করিয়া বরাহ মূর্ত্তি ধারণ করিয়াছে। যে তাহাকে ভজন করে, সেও তাহাকে ভজন করে শূলদ্বারা তাহার গলদেশছিন্ন করিয়া সেই রক্তে রুধির প্রিয় আমার ভ্রাতার তর্পণ করিয়া আমার মনের দুঃ দূর করিব।৭-৮

সেই কপটী বিনাশপ্রাপ্ত হইলে যেরূপ শাখা প্রশাখা শুষ্ক হইয়া যায়, সেইরূপ বিষ্ণুপ্রাণ দেবতা গণও বিনাশপ্রাপ্ত হইবে।৯

এখন তোমরা দৈত্যগণ ধরাতে যাইয়া যেখানে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণ সম্বর্দ্ধিত হইয়া আছে সেখানে যাইয়া যজ্ঞ, বেদপাঠ, ব্রতনিয়ম এবং দানপ্রভৃতি ধর্ম্মপরায়ণ ব্যক্তিবর্গকে সংহার করিতে থাক।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষ্ণুর্দ্বিজক্রিয়ামূলো যজ্ঞো ধর্ম্মময়ঃ পুমান্।
দেবর্ষি-পিতৃ-ভূতানাং ধর্ম্মস্য চ পরায়ণম্ ॥১১
যত্র যত্র দ্বিজা গাবো বেদা বর্ণাশ্রমক্রিয়াঃ।
তং তং জনপদং যাত সন্দীপয়ত বৃশ্চত ॥১২
ইতি তে ভর্ত্তৃনির্দ্দেশমাদায় শিরসাদৃতা।
তথা প্রজানাং কদনং বিদধুঃ কদনপ্রিয়াঃ ॥১৩

এধিতাং বর্দ্ধিতাং ভুবং যাত, তথা তপো-যজ্ঞ-স্বাধ্যায়-ব্রত-দানিনঃ তপোযজ্ঞাদি-যুক্তান্ জনান্ হৃদয়ধ্বং ঘাতয়ত ॥১০

ধর্ম্মময়ঃ পুমান্ যজ্ঞঃ বৈ বিষ্ণুঃ দ্বিজক্রিয়ামূলঃ (দ্বিজাঃ ক্রিয়াযাগাদ্যনুষ্ঠানম্ এব মূলং যস্য সঃ), সঃ হি দেবর্ষি-পিতৃ-ভূতানাং ধর্ম্মস্য চ পরায়ণম্ ॥১১

যত্র যত্র দ্বিজাঃ গাবঃ বেদাঃ বর্ণাশ্রমক্রিয়াঃ বিদ্যন্তে, তং তং জনপদং যাত, সন্দীপয়ত দহত, বৃশ্চত তদুপজীব্য-বৃক্ষাণাং ছেদং কুরুত ॥১২

তে দানবাঃ আদৃতাঃ সাদরাঃ ইত্যেবম্ভূতং স্বস্য ভর্ত্তুঃ নির্দ্দেশম্ আজ্ঞাং শিরসা শিরঃপ্রকম্পনেন আদায় অঙ্গীকৃত্য কদনপ্রিয়াঃ তে তথা তদাজ্ঞানুসারেণ প্রজানাং কদনং হিংসনং বিদধুঃ ॥১৩

যদিও তাহাদের কোনো অপরাধ নাই, তথাপি যজ্ঞক্রিয়াই বিষ্ণুর মূল আর বিষ্ণু স্বয়ং যজ্ঞমূর্ত্তি এবং ধর্ম্মময়। তিনিই দেবতা, ঋষি, পিতৃপুরুষ ও অন্যান্য প্রাণিগণের এবং ধর্ম্মের আশ্রয়, অতএব ঐ সকল লোক বিষ্ণুর মূল এবং আমার প্রতি অনাদর করিয়া তাহার আশ্রিত বলিয়া আমার বধ্য।১১

যেখানে যেখানে গো, ব্রাহ্মণ, বেদ ও বেদ-বিহিত বর্ণাশ্রম-ধর্ম্ম উচিত ক্রিয়া দেখিবে, সেই সেই নগর ও গ্রামে যাও এবং তৎসমস্ত জ্বালাইয়া দিও এবং সেখানকার গাছগুলি কাটিয়া দিও।১২

অত্যাচার করিতে অভ্যস্ত দানবগণ তাহাদের প্রভুর এই নির্দ্দেশ শিরোধার্য্য করিয়া উৎসাহের সহিত সেইরূপ অত্যাচার করিতে লাগিল। হাট-বাজার-

পুর-গ্রাম-ব্রজোদ্যান-ক্ষেত্রারামাশ্রমাকরান্।
খেট-খর্ব্বট-ঘোষাংশ্চ দদহুঃ পত্তনানি চ ॥১৪
কেচিৎ খনিত্রৈর্বিভিদুঃ সেতু-প্রাকার-গোপুরান্।
আজীব্যাংশ্চিচ্ছিদুর্বৃক্ষান্ কেচিৎ পরশুপাণয়ঃ।
প্রাদহন্ শরণান্যেকে প্রজানাং জ্বলিতোল্মুকৈঃ ॥১৫
এবং বিপ্রকৃতে লোকে দৈত্যেন্দ্রানুচরৈর্মুহুঃ।
দিবং দেবাঃ পরিত্যজ্য ভুবি চেরুরলক্ষিতাঃ ॥১৬

পুর-গ্রাম-ব্রজোদ্যান-ক্ষেত্রারামাশ্রমাকরান্ (পুরং হট্টাদিমৎ গ্রামস্তদ্রহিতঃ। ব্রজঃ গবাং বাসঃ, উদ্যানং পুষ্পপ্রধানং বনম্, ক্ষেত্রং ব্রীহ্যাদেরুৎপত্তিস্থানম্ ; আরামঃ ফল-প্রধানং বনম্ ॥ আশ্রমঃ ঋষীণাং স্থানম্ ; আকরঃ রত্নাদিস্থানং তান্ (তথা, খেট-খর্ব্বট-ঘোষান্ (খেটঃ কৃষীবলানাং বাসঃ ; খর্ব্বটঃ গিরিদ্রোণ্যাশ্রয়ঃ গ্রামঃ ; ঘোষঃ আভীরাণাং বাসঃ তান্) পত্তনানি রাজধানীঃ দদহুঃ ॥১৪

খনিত্রৈঃ খনন-সাধনৈঃ কেচিৎ সেতু-প্রাকার-গোপুরা বিভিদুঃ ; তথা পরশুঃ পাণৌ যেষাং কেচিৎ আজীব্যান্ উপজীব্যান্ আম্র-পনসাদীন্ বৃক্ষান্ চিচ্ছিদুঃ। তথা একে জ্বলিতোল্মুকৈঃ প্রজানাং শরণানি গৃহান্ প্রাদহন্ ॥১৫

দৈত্যেন্দ্রানুচরৈঃ এবং লোকে মুহুঃ বারং বারং বিপ্রকৃতে

সহিত নগর, গ্রাম, গোচারণভূমি, বাগানবাড়ী, ধানের ক্ষেত, বনপ্রদেশ, ঋষিগণের আশ্রম, খনি, চাষীদের ঘরবাড়ী, পার্বত্যপ্রদেশ, গোপপল্লী এবং রাজধানী সর্বত্র তাহারা অগ্নিকাণ্ড আরম্ভ করিল। ১৩-১৪

কেহ কেহ খননযন্ত্র লইয়া সেতু, প্রাচীর, ও গোপুর (বড় বড় দ্বার) ভাঙ্গিয়া ফেলিল, কেহ কেহ কুঠার দ্বারা ফলের গাছগুলি ছেদন করিয়া ফেলিল। আশ্রয়স্থানগুলিকেও কেহ কেহ জলন্ত কাষ্ঠাদিদ্বারা প্রজ্বলিত করিল।১৫

এই প্রকার দৈত্যরাজানুচরেরা জনগণকে অসহায় করিয়া ফেলিলে দেবতাবৃন্দ স্বর্গ পরিত্যাগ করিয়া আত্মগোপনপূর্ব্বক ধরাতলে বিচরণ করিতে লাগিলেন।১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিরণ্যকশিপুর্ভ্রাতুঃ সম্পরেতস্য দুঃখিতঃ।
কৃত্বা কটোদকাদীনি ভ্রাতৃপুত্রানসান্ত্বয়ৎ ॥১৭
শকুনিং শম্বরং ধৃষ্টিং ভূতসন্তাপনং বৃকম্।
কালনাভং মহানাভং হরিশ্মশ্রুমথোৎকচম্ ॥১৮
তন্মাতরং রুষাভানুং দিতিঞ্চ জননীং গিরা।
শ্লক্ষ্ণয়া দেশকালজ্ঞ ইদমাহ জনেশ্বরঃ ॥১৯

হিরণ্যকশিপুরুবাচ।
অম্বাম্ব হে বধূঃ পুত্রা বীরং মার্হথ শোচিতুম্।
রিপোরভিমুখে শ্লাঘ্যঃ শূরাণাং বধ ঈপ্সিতঃ ॥২০
ভূতানামিহ সংবাসঃ প্রপায়ামিব সুব্রতে।
দৈবেনৈকত্র নীতানামুন্নীতানাং স্বকর্ম্মভিঃ ॥২১
নিত্য আত্মব্যয়ঃ শুদ্ধঃ সর্ব্বগঃ সর্ব্ববিৎ পরঃ।
ধত্তেঽসাবাত্মনো লিঙ্গং মায়য়া বিসৃজন্ গুণান্ ॥২২

উপক্রতে সতি দিবং স্বর্গং পরিত্যজ্য দেবাঃ অলক্ষিতাঃ সন্তঃ ভুবি চেরুঃ ॥১৬

(ভ্রাতৃমরণাৎ) দুঃখিতঃ হিরণ্যকশিপুঃ সম্পরেতস্য মৃতস্য ভ্রাতুঃ হিরণ্যাক্ষস্য কটোদকাদীনি (প্রেতায় প্রদেয়ম্ উদকম্ আদিপদাৎ শ্রাদ্ধাদিকং চ) কৃত্বা ভ্রাতৃপুত্রান্ শকুনিং, শম্বরং ধৃষ্টিং, ভূতসন্তাপকং বৃকং, কালানাভং, মহানাভং, হরিশ্মশ্রুম্ অথ উৎকচং চ় অসান্ত্বয়ৎ ॥১৭-১৮

তেষাং শকুন্যাদীনাং মাতরং, রুষাভানুং তথা জননীং দিতিং চ সঃ দেশকালজ্ঞঃ জনেশ্বরঃ হিপণ্যকশিপুঃ শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা ইদম্ আহ ॥১৯

হিরণ্যকশিপুঃ উবাচ! হে অম্ব অম্ব! হে বধূঃ! হে পুত্রাঃ! বীরং হিরণ্যাক্ষং শোচিতুং মা অর্হথ! যতঃ রিপোঃ অভিমুখে শূরাণাং বধঃ ঈপ্সিতঃ ইষ্টঃ এব, যতঃ শ্লাঘ্যঃ কীর্ত্তনীয়শ্চ ॥২০

(মাতরং সম্বোধ্য আহ) হে সুব্রতে! প্রপায়াং পানীয়-শালায়াং ভূতানাং যথা সংবাসঃ অধ্রুবঃ, তথা ইহ সংসারে স্বকর্ম্মভিঃ দ্বারভূতৈঃ কৃত্বা দৈবেন ঈশ্বরেণ একত্র নীতানাং সংযোজিতানাং পুনশ্চ উন্নীতানাং বিযোজিতানাং মাতৃপুত্রাদীনাম্ অপি সহবাসঃ অধ্রুবঃ এব ॥২১

আত্মা তু নিত্যঃ মৃত্যুশূন্যঃ, অব্যয়ঃ অপক্ষয়শূন্যঃ, শুদ্ধঃ নির্ম্মলঃ, সর্ব্বগঃ সর্ব্বব্যাপী, সর্ব্ববিৎ সর্ব্বজ্ঞঃ, দেহাদেঃ পরঃ চ। যতঃ অসৌ আত্মনঃ ভগবতঃ, মায়য়া অবিন্ত্যয়া শক্ত্যা মোহিতঃ গুণান্ তত্তদ্‌বিষয়ান্, বিসৃজন্ সম্পাদয়ন্, তদর্থং লৌকিকালৌকিকানি কর্ম্মাণি কুর্ব্বন্ লিঙ্গং ধত্তে (দেহেন্দ্রিয়ান্তঃকরণেষু মমাহমিতি অধ্যাসং করোতি) ॥২২

হিরণ্যকশিপু ভ্রাতার মৃত্যুর পর তর্পণ শ্রাদ্ধাদি ঔর্দ্ধদেহিক কর্ম-সম্পাদন করিয়া ভ্রাতুষ্পুত্রগণকে সান্ত্বনা দিয়াছিলেন।১৭

শকুনি, শম্বর, ধৃষ্টি, ভূতসন্তাপন, বৃক্ষ, কালনাভ, মহানাভ, হরিশ্মশ্রু, উৎকচ প্রভৃতি ভ্রাতুষ্পুত্র ও তাহাদের মাতা, ভ্রাতৃবধূ রুষা ভানু এবং স্বজননী দিতিকে দেশকালজ্ঞ সকল লোকের প্রভু হিরণ্যকশিপু এই প্রকার বলেন।১৮-১৯

হিরণ্যকশিপু বলিলেন—মা, মা, ওগো বউমা, হে ভ্রাতুষ্পুত্রগণ! আমার বীর ভ্রাতার জন্য তোমাদের কাহারও শোক করা উচিত নয়। বীর পুরুষগণের শত্রুর মোকাবিলা করিতে করিতে মৃত্যুই-অভিলষিত। সকল বীরই এইভাবে প্রাণত্যাগ করিতে ইচ্ছুক।২০

অনন্তর মাতাকে সম্বোধন করিয়া বলিলেন,—হে সুব্রতে! কোনও জলাশয়ে যেমন জলপিপাসু জীবকুল চারিদিক হইতে মিলিত হয়, আবার নিজের নিজের কর্ম্ম ব্যপদেশে অন্যত্র গমন করে, সেই প্রকার স্ব-স্ব কর্ম্মানুসারে দৈবকর্ত্তৃক চালিত হইয়া প্রাণিগণ একত্র মিলিত ও বিয়োজিত হয় ॥২১

আত্মা নিত্য অব্যয় শুদ্ধ, সর্বগ ও সর্বজ্ঞ, দেহ হইতে মৃত্যুরহিত আত্মা পৃথক্। মায়ার প্রভাবে জীব লিঙ্গশরীর ধারণ করিয়া কখনও জন্ম, কখনও মৃত্যুর বশীভূত হয়।২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথাম্ভসা প্রচলতা তরবোঽপি চলা ইব।
চক্ষুষা ভ্রাম্যমাণেন দৃশ্যতে চলতীব ভূঃ ॥২৩
এবং গুণৈর্ভ্রাম্যমাণে মনস্যবিকলঃ পুমান্।
যাতি তৎসাম্যতাং ভদ্রে হ্যলিঙ্গো লিঙ্গবানিব ॥২৪
এষ আত্মবিপর্য্যাসো হ্যলিঙ্গে লিঙ্গভাবনা।
এষ প্রিয়াপ্রিয়ৈর্যোগো বিয়োগঃ কর্ম্মসংসৃতিঃ ॥২৫
সম্ভবশ্চ বিনাশশ্চ শোকশ্চ বিবিধঃ স্মৃতঃ।
অবিবেকশ্চ চিন্তা চ বিবেকাস্মৃতিরেব চ ॥২৬

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
যমস্য প্রেতবন্ধূনাং সংবাদং তং নিবোধত ॥২৭
উশীনরেষ্বভূদ্ রাজা সুযজ্ঞ ইতি বিশ্রুতঃ।
সপত্নৈর্নিহতো যুদ্ধে জ্ঞাতয়স্তমুপাসত ॥২৮
বিশীর্ণরত্নকবচং বিভ্রষ্টাভরণস্রজম্।
শরনির্ভিন্নহৃদয়ং শয়ানমসৃগাবিলম্ ॥২৯
প্রকীর্ণকেশং ধ্বস্তাক্ষং রভসা দষ্টদচ্ছদম্।
রজঃকুণ্ঠমুখাম্ভোজং ছিন্নায়ুধভুজং মৃধে ॥৩০

যথা প্রচলতা হেতুভূতেন অম্ভসা (তত্র প্রতিবিম্বিতাঃ) তরবঃ অপি চলাঃ ইব লক্ষ্যন্তে, তথা ভ্রাম্যমাণেন চক্ষুষা হেতুনা স্থিরা অপি ভূঃ চলতীব দৃশ্যতে ॥২৩

এবং সত্ত্বাদিভিঃ গুণৈঃ মনসি ভ্রাম্যমাণে সতি পুমান্ জীবঃ বস্তুতঃ অবিকলঃ শোকাদিবিকার-রহিতঃ অপি তৎসাম্যতাং মনঃসমানতাং যাতি। তথা হে ভদ্রে! অলিঙ্গঃ অধ্যাসমন্তরেণ দেহাদি-সঙ্গ-রহিতোঽপি আত্মা লিঙ্গবান্ দেহাদিমান্ ইব ভবতি প্রতীয়তে ॥২৪

অলিঙ্গে লিঙ্গাদিব্যতিরিক্তে লিঙ্গভাবনা দেহাদৌ অহং-মমাধ্যাসঃ, যঃ সঃ এষঃ এব আত্মনঃ জীবস্য বিপর্য্যাসঃ অন্যথাভাবঃ, এবং বিপর্য্যাসাৎ এষঃ এব প্রিয়াপ্রিয়ৈঃ প্রিয়ৈঃ বিয়োগঃ, অপ্রিয়ৈঃ চ যোগঃ নানাবিধং কর্ম্ম চ সংসৃতিঃ স্বর্গনরকাদিগমনং চ ভবতি ॥২৫

তথা সম্ভবঃ জন্ম, বিনাশঃ মরণং, বিবিধঃ শোকঃ চ তত্ত্বজ্ঞৈঃ স্মৃতঃ; অবিবেকঃ চিন্তা তথা বিবেকস্য অস্মৃতিঃ অননুসন্ধানং চ ভবতি ॥২৬

অত্র বৃথৈব শোকহেতৌ যমস্য সহ প্রেতবন্ধূনাং (প্রেতস্য মৃতস্য বন্ধূনাং সংবাদং যং পুরাতনম্ ইতিহাসং পুরাবিদঃ উদাহরন্তি বর্ণয়ন্তি, তং ময়া উচ্যমানং যূয়ং নিবোধত ॥২৭

উশীনরেষু দেশেষু সুযজ্ঞঃ ইতি নাম্না বিশ্রুতঃ প্রসিদ্ধঃ রাজা অভূৎ। স চ সপত্নৈঃ শত্রুভিঃ নিহতঃ, তং চ জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ উপাসত তৎসমীপে আবৃত্য স্থিতাঃ ॥২৮

বিশীর্ণং রত্নময়ং কবচং যস্য তং, বিভ্রষ্টানি স্রজশ্চ যস্য তং, শরেণ নির্ভিন্নং হৃদয়ং যস্য তং, মৃধে যুদ্ধক্ষেত্রে শয়নম্, অসৃজা রুধিরেণ আবিলং ব্যাপ্তম্ ॥২৯

প্রকীর্ণাঃ কেশাঃ যস্য তং, ধ্বস্তে অক্ষিণী যস্য তং, রভসা

যেরূপ প্রতিবিম্বের আশ্রয় জল চঞ্চল হইলে প্রতিবিম্বিত বৃক্ষকেও যেন চঞ্চল দেখা যায় এবং চক্ষুর দৃষ্টি ভ্রমণশীল হইলে পৃথিবী ঘূর্ণিত হইতেছে বলিয়া মনে হয়।২৩

এইপ্রকার গুণপ্রভাবে ভ্রাম্যমান্ চঞ্চল মনে অবিকল আত্মাও মনের সহিত লিঙ্গশরীরধারী বলিয়া সমতা বোধ করে।২৪

লিঙ্গশরীর বলিয়া কিছু না থাকিলেও আত্মায়-লিঙ্গশরীর ভাবনাই বিপরীত ভাবনা। ইহাতেই প্রিয়ের সহিত বিয়োগ, অপ্রিয়ের সহিত সংযোগাদি কর্মময় সংসারে নানাগর্ভে জন্ম হয়।২৫

এই বিপরীত ভাবনায় জন্ম-মৃত্যু, বিবিধ প্রকার শোক, অবিচার, নানাপ্রকার চিন্তা ও বিস্মৃতি প্রভৃতি হয়।২৬

এই বিষয়ে উদাহরণ স্বরূপে যমের সহিত মৃত-ব্যক্তির আত্মীয়গণের যে আলাপ হইয়াছিল, তাহা বলি—মনযোগ করিয়া শ্রবণ কর।২৭

উশীনর দেশে সুযজ্ঞনামে একজন প্রসিদ্ধ রাজা ছিলেন। তিনি শত্রুগণ কর্তৃক নিহত হইলে তাঁহার জ্ঞাতিগণ তাঁহার নিকটে গিয়া উপস্থিত হইলেন।২৮

সেই সময় যুদ্ধক্ষেত্রে পতিত রাজার শরীরের রত্নমণ্ডিত কবচ বিশীর্ণ এবং মালা ও অলঙ্কারাদি স্থানচ্যুত হইয়াছিল। তাঁহার বক্ষস্থল তীক্ষ্ণ বাণ বিদ্ধ হওয়ার ফলে রুধিরসিক্ত হইয়াছিল।২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উশীনরেন্দ্রং বিধিনা তথা কৃতং
পতিং মহিষ্যঃ প্রসমীক্ষ্য দুঃখিতাঃ।
হতাঃ স্ম নাথেতি করৈরুরো ভৃশং
ঘ্নন্ত্যো মুহুস্তৎপদয়োরুপাপতন্ ॥৩১

রুদত্য উচ্চৈর্দয়িতাঙ্ঘ্রি পঙ্কজং
সিঞ্চন্ত্য অস্রৈঃ কুচকুঙ্কুমারুণৈঃ।
বিস্রস্তকেশাভরণাঃ শুচং নৃণাং
সৃজন্ত্য আক্রন্দনয়া বিলেপিরে ॥৩২

অহো বিধাত্রাকরুণেন নঃ প্রভো
ভবান্ প্রণীতো দৃগগোচরাং দশাম্।
উশীনরাণামসি বৃত্তিদঃ পুরা
কৃতোঽধুনা যেন শুচাং বিবর্দ্ধনঃ ॥৩৩

ত্বয়া কৃতজ্ঞেন বয়ং মহীপতে
কথং বিনা স্যাম সুহৃত্তমেন তে।
তত্রানুযানং তব বীর পাদয়োঃ
শুশ্রূষতীনাং দিশ যত্র যাস্যসি ॥৩৪

সংরম্ভেণ দষ্টঃ দচ্ছদঃ ওষ্ঠঃ যস্য তং ; রজসা কুণ্ঠম্ আবৃতং মুখাম্ভোজং যস্য তং, ছিন্নম্ আয়ুধং ভুজশ্চ যস্য তং রাজানম্ উপাসত ॥৩০

উশীনরাণাং দেশানাম্ ইন্দ্রং স্বপতিং ভর্ত্তারং বিধিনা প্রারম্ভেণ তথাকৃতং প্রাণাদিরহিতং কৃতম্ প্রসমীক্ষ্য তস্য মহিষ্যঃ দুঃখিতাঃ সত্যঃ 'হে নাথ! ত্বয়ি নিহতে বয়ম্ অপি হতাঃ স্মঃ' ইতি বদন্ত্যঃ মুহুঃ করৈঃ উরঃ ভৃশং ঘ্নন্ত্যঃ তৎপদয়োঃ উপাপতন্ ॥৩১

উচ্চৈঃ অতিশয়েন রুদন্ত্যঃ কুচকুঙ্কুমারুণৈঃ (কুচেষু নিপাতেন তৎকুঙ্কুমেন অরুণৈঃ) অস্রৈঃ দয়িতস্য অঙ্ঘ্রিপঙ্কজং সিঞ্চন্ত্যঃ বিস্রস্তাঃ কেশাঃ আভরণানি চ যাসাং তাঃ মহিষ্যঃ নৃণাং প্রাণিনাং শুচং শোকং সৃজন্তঃ আক্রন্দনয়া আক্রোশেন বিলেপিরে বিলাপং চক্রুঃ ॥৩২

হে প্রভো! হে স্বামিন্! অহো আশ্চর্য্যম্! যেন বিধাত্রা ব্রহ্মণা উশীনরাণাং তদ্বাসিপ্রাণিনাং বৃত্তিদঃ কৃতঃ অসি, অধুনা তেন অকরুণেন বিধাত্রা এব ভবান্ নঃ অস্মাকং সর্ব্বেষাং দৃশাম্ অগোচরাং দশাং প্রণীতঃ গমিতোঽসি ॥৩৩

হে মহীপতে! কৃতজ্ঞেন সুহৃত্তমেন ত্বয়া বিনা বয়ং কথং স্যাম ভবেম জীবেম! অতঃ হে বীর! যত্র ত্বং যাসি, তত্র তে তব অনুযানম্ অনুগমনম্ তব পাদয়োঃ শুশ্রূষতীনাং শুশ্রূষাং কুর্ব্বতীনাম্ অস্মাকং দিশ আদিশ ॥৩৪

তাঁহার কেশ বিস্রস্ত, চক্ষু-কোটরগত, তখনও ক্রোধের চিহ্নবশতঃ দন্তদ্বারা ওষ্ঠাধর নিষ্পেষিত, মুখকমল ধূলিধূসরিত, হস্ত খণ্ডিত ও অস্ত্র কর্ত্তিত অবস্থায় ছিল। অদৃষ্টের ফলে উশীনর রাজাকে রণস্থলে ঐভাবে শয়ন অবস্থায় দেখিয়া তাঁহার পত্নীগণ অত্যন্ত দুঃখভরে "হা নাথ, আমরাও মরিলাম" বলিয়া হস্তদ্বারা স্ব স্ব বক্ষস্থলে আঘাত করিয়া তাঁহার পদতলে পতিত হইলেন।৩০-৩১

কুচকুঙ্কুমদ্বারা রঞ্জিত অশ্রুজলে প্রিয় স্বামীর পাদপদ্ম পুনঃ পুনঃ অভিষিক্ত করিয়া অনেকক্ষণ উচ্চস্বরে ক্রন্দনপূর্ব্বক বিলাপ করিতে আরম্ভ করিলেন। শোকবশতঃ তাঁহাদের কেশ-বেশ সকলই আলুথালু হইয়া গেল, তাঁহারা এরূপ আকুলভাবে ক্রন্দন করিতে লাগিলেন যে, দর্শক মনুষ্যমাত্রের উহাতে দুঃখ হইয়াছিল।৩২

তাঁহারা বিলাপ করিয়া বলিলেন—অহো অকরুণ বিধাতা তোমার এই কি দশা করিয়াছেন—যাহা দেখা যায় না! প্রভো! তুমি ছিলে উশীনর দেশবাসীর বৃত্তিদাতা পালক, এখন সেই তুমি আমাদের শোক-বৃদ্ধির কারণ।৩৩

হে মহীপতি! তোমার মত কৃতজ্ঞ পরম সুহৃদের বিরহে আমরা কি ভাবে জীবন ধারণ করিব! তুমি যেখানে গিয়াছ, সেই পথের সন্ধান দাও আমরাও তোমার অনুগমন করিয়া সেখানে তোমার সেবা করি।৩৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং বিলপতীনাং বৈ পরিগৃহ্য মৃতং পতিম্।
অনিচ্ছতীনাং নির্হারমর্কোঽস্তং সংন্যবর্ত্তত ॥৩৫
তত্র হ প্রেতবন্ধূনামাশ্রুত্য পরিদেবিতম্।
আহ তান্ বালকো ভূত্বা যমঃ স্বয়মুপাগতঃ ॥৩৬
যম উবাচ।
অহো অমীষাং বয়সাধিকানাং
বিপশ্যতাং লোকবিধিং বিমোহঃ।
যত্রাগতস্তত্র গতং মনুষ্যং
স্বয়ং সধর্ম্মা অপি শোচন্ত্যপার্থম্ ॥৩৭

অহো বয়ং ধন্যতমা যদত্র
ত্যক্তাঃ পিতৃভ্যাং ন বিচিন্তয়ামঃ।
অভক্ষ্যমাণা অবলা বৃকাদিভিঃ
স রক্ষিতা রক্ষতি যো হি গর্ভে ॥৩৮

য ইচ্ছয়েশঃ সৃজতীদমব্যয়ো
য এব রক্ষত্যবলুম্পতে চ যঃ।
তস্যাবলাঃ ক্রীড়নমাহুরীশিতু—
শ্চরাচরং নিগ্রহসংগ্রহে প্রভুঃ ॥৩৯

মৃতং পতিং পরিগৃহ্য বৈ এবং বিলপতীনাং তথা নির্হারং দাহম্ অনিচ্ছতীনাম্ অর্কঃ সূর্য্যঃ অস্তম্ অস্তাচলং প্রতি সংন্যবর্ত্তত সংপ্রাপ্তঃ ॥৩৫

প্রেতবন্ধূনাং পরিদেবিতং রোদনং স্বপূর্য্যাং স্থিত্বা এব আশ্রুত্য বালকঃ ভূত্বা স্বয়ং তত্র উপাগতঃ যমঃ তান্ আহ ॥৩৬

যমঃ উবাচ। অহো! লোকবিধিং (লোকস্য বিধিং জন্ম-মরণাদি-প্রকারং) বিপশ্যতাং বয়সাধিকানাম্ অমীষাং নারী-নরাণাং বিমোহঃ! যতঃ যত্র যস্মাৎ অব্যক্তাৎ মনুষ্যদেহঃ আগতঃ, তত্র এব প্রলয়ং গতঃ। স্বয়ং সধর্ম্মাঃ তেন সহ সমানঃ মৃত্যুলক্ষণঃ ধর্ম্মঃ যেষাং তে তথাভূতাঃ অপি তাদৃশং মনুষ্যম্ অপার্থং ব্যর্থং শোচন্তি ॥৩৭

অহো বয়ং বালাঃ অপি ধন্যতমাঃ! যৎ যস্মাৎ (রক্ষক-ত্বেনাভিমতাভ্যাং) পিতৃভ্যাং মাতাপিতৃভ্যাং অত্র দুঃখার্ণবে সংসারে ত্যক্তাঃ অপি বয়ম্ অত্র বনে বৃকাদিভিঃ অভক্ষ্যমাণাঃ; যতঃ যঃ হি গর্ভে রক্ষতি, সঃ এব হি বিশ্বং রক্ষিতা রক্ষতি ॥৩৮

যঃ অব্যয়ঃ ঈশঃ স্বেচ্ছয়া এব ইদং বিশ্বং সৃজতি, যঃ এব রক্ষতি, যঃ চ বিশ্বম্ অবলুম্পতে উপসংহরতি, সঃ এব প্রাণিনাং নিগ্রহে সংহারে, সংগ্রহে পালনে চ প্রভুঃ সমর্থঃ। হে অবলাঃ! তস্য ঈশিতুঃ ইদং চরাচরং ক্রীড়নং ক্রীড়াসাধনম্ আহুঃ বিবেকিনঃ ॥৩৯

এই প্রকার বিলাপ করিয়া তাঁহারা মৃত পতিকে বেষ্টন করিয়া রহিলেন। শবসংকারের ইচ্ছা তাঁহাদের ছিল না। এমতাবস্থায় সূর্য্যাস্তকাল উপস্থিত হইল।৩৫

মৃত ব্যক্তির আত্মীয়গণ কর্তৃক বিলাপ শুনিয়া স্বয়ং যম বালকমূর্ত্তি ধরিয়া সেখানে আসিয়া তাঁহাদিগকে বলিলেন।৩৬

যম বলিলেন—আহা! এই সব লোক আমার অধিক বয়স্ক। ইহারা বার বার মানুষের জন্ম-মৃত্যু দেখিয়াছে অথচ ইহাদের কি মোহ! যেখান হইতে মানুষ আসিয়াছিল, সেখানেই সে চলিয়া গিয়াছে; তবে এ প্রকার বৃথা শোক করে কেন? যাহারা শোক করে, তাহারাও যে মৃত ব্যক্তির সমান-ধর্মী অর্থাৎ তাহারাও মরিবে—তবে শোককেন?।৩৭

ইহাই আশ্চর্য্য যে, আমাদের বয়স অল্প হইলেও আমরা অতি ধন্য, মাতাপিতৃকর্ত্তৃক পরিত্যক্ত হইলেও আমাদের মনে চিন্তামাত্র নাই; কারণ, যাঁহার কৃপায় এই বলহীন অবস্থায় হিংস্র ব্যাঘ্রপ্রভৃতি পশু আমাদিগকে খায় নাই এবং যিনি গর্ভে আমাদের রক্ষা করিয়াছেন, তিনিই রক্ষক আছেন।৩৮

হে অবলাগণ! যে অব্যয় ঈশ্বর আপন ইচ্ছানু-সারে এই বিশ্ব রচনা করিয়াছেন, তিনিই রক্ষা করেন। চরাচর বিশ্ব তাঁহার ক্রীড়ার সামগ্রী, তিনিই ইহার সংহার ও পালনের প্রভু।৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পথিচ্যুতং তিষ্ঠতি দিষ্টরক্ষিতং
গৃহে স্থিতং তদ্‌বিহতং বিনশ্যতি।
জীবত্যনাথোঽপি তদীক্ষিতো বনে
গৃহেঽভিগুপ্তোঽস্য হতো ন জীবতি ॥৪০
ভূতানি তৈস্তৈর্নিজযোনিকর্ম্মভি—
র্ভবন্তি কালে ন ভবন্তি সর্ব্বশঃ।

পথি জন-সহস্র-দৃষ্টিপাতসম্ভবস্থলে মার্গে, চ্যুতং বস্তু যদি দিষ্টরক্ষিতং (দিষ্টেন দৈবেন পরমেশ্বরেণ রক্ষিতং, তদা তত্রৈব) তিষ্ঠতি (কেনাপি নাপহ্রিয়তে), তথা তদ্‌বিহতং (তেন ঈশ্বরেণ প্রাণিদ্বুরাদৃষ্টানুসারেণ বিহতং তিরোহিতং ভবতু ইতি চিন্তিতং চেৎ) তদা গৃহে স্থিতং সুগুপ্তম্ অপি বিনশ্যতি। বনে প্রক্ষিপ্তঃ অতএব অনাথঃ রক্ষকহীনঃ অপি তদীক্ষিতঃ তেন ঈশ্বরেণ অয়ং জীবতু ইতি কৃপাদৃষ্ট্যা ঈক্ষিতঃ চেৎ, তদা যেন কেনাপি রক্ষিতঃ জীবতি। তথা অস্য হতঃ অনেন ঈশ্বরেণ অয়ং ম্রিয়তাম্ ইতি বিচারিতশ্চেৎ, তদা গৃহে অপি স্বজনৈঃ ঔষধ-মন্ত্রাদ্যনেকোপায়ৈঃ গুপ্তঃ রক্ষিতঃ অপি ন জীবতি ॥৪০

ভূতানি সর্ব্বশঃ সর্ব্বাণি এব দেব-তির্য্যঙ্-মনুষ্যাদি-রূপাণি শরীরাণি নিজযোনি-কর্ম্মভিঃ স্বকারণ-ভূতৈঃ শরীরাধিষ্ঠিতৈঃ

যদি পরমেশ্বরের ইচ্ছা হয়, তবে পথিমধ্যে পতিত্যক্ত হইলেও সে রক্ষা পাইতে পারে, আবার গৃহে সযত্নে রাখিলেও তাঁহার ইচ্ছা না হইলে জীব বিনাশপ্রাপ্ত হয়। বনে অবস্থিত রক্ষকহীন প্রাণীও তাঁহার কৃপাদৃষ্টিতে বাঁচিয়া থাকে, পক্ষান্তরে গৃহে পিতা মাতা প্রভৃতি আত্মীয়স্বজন কর্তৃক রক্ষিত হইলেও শ্রীভগবান্ যদি প্রতিকূল হন্, তাহা হইলে সে জীবনধারণ করিতে পারে না।৪০

প্রাণীমাত্রই দেহের কারণ লিঙ্গ শরীরের স্বরূপগত কর্ম-সম্বন্ধে উৎপন্ন ও যথাকালে বিনাশপ্রাপ্ত হয়। দেবতাপ্রভৃতির এইভাবে কর্মবশে দেহ উৎপন্ন ও বিনাশ প্রাপ্ত হয়। কিন্তু দেহে থাকিয়াও আত্মা

ন তত্র হাত্মা প্রকৃতাবপি স্থিত—
স্তস্যা গুণৈরন্যতমো হি বধ্যতে ॥৪১
ইদং শরীরং পুরুষস্য মোহজং
যথা পৃথগ্‌ভৌতিকমীয়তে গৃহম্।
যথোদকৈঃ পার্থিবতৈজসৈর্জনঃ
কালেন জাতো বিকৃতো বিনশ্যতি ॥৪২

তৈঃ তৈঃ বিলক্ষণৈঃ কর্ম্মভিঃ কস্মিংশ্চিৎ কালে ভবন্তি জায়ন্তে স্বকারণ-কর্ম্ম-সমাপ্তৌ চ কস্মিংশ্চিৎকালে ন ভবন্তি বিনশ্যন্তি চ। তত্র সর্ব্বপ্রাণিশরীরে প্রকৃতৌ প্রকৃতিকার্য্যভূতে স্থিতঃ অপি অন্যতমঃ অহং-মমাধ্যাসরহিতঃ আত্মা পরমাত্মা তস্যাঃ সত্ত্বাদিভিঃ গুণৈঃ ন হি নিবধ্যতে ॥৪১

ইদং দেবমনুষ্যাদি শরীরং পুরুষস্য জীবস্য মোহজম্ অবিদ্যা-পূর্ব্বক-মধ্যাস-কৃতেন কর্ম্মণা জাতম্। ভৌতিকং গৃহং যথা গৃহস্থপুরুষাৎ পৃথক্ ঈয়তে, যথা উদকৈঃ পরমাণুভিঃ জাতঃ বুদ্‌বুদাদিঃ, পার্থিবৈঃ ঘটাদিঃ, তৈজসৈঃ কুণ্ডলাদিঃ যথা বিনশ্যতি, তথা তৈঃ এব ত্রিবিধৈঃ পরমাণুভিঃ (উপাদানভূতৈঃ) কালেন (নিমিত্তেন চ) জাতঃ জনঃ দেহঃ, বিকৃতঃ (কালেন পরিণতঃ সন্) বিনশ্যতি। ন তু আত্মা ॥৪২

দেহ-ধর্ম জন্ম-মৃত্যুপ্রভৃতিতে আবদ্ধ হন না, যেহেতু আত্মা দেহ হইতে অত্যন্ত ভিন্নধর্মী।৪১

মোহের বশে মানুষ নিজের দেহসম্বন্ধে আমি স্থূল আমি কৃশ এরূপ ভাবনা করে, যেমন অজ্ঞানের প্রভাবে গৃহকে তাহার নিজের বলিয়াই মনে করে। দেহই আত্মার মত প্রতীত হয়, যথার্থতঃ আত্মা দেহ হইতে পৃথক্। দেহ পাঞ্চভৌতিক, আত্মা সেরূপ নন্। যেমন জল পরমাণু-সৃষ্ট বুদ্‌বুদ, মৃৎ-পরমাণু হইতে সৃষ্ট ঘটাদি, তেজস-পরমাণু স্বর্ণনির্মিত কুণ্ডলাদি কালবশতঃ বিনষ্ট হয়, সেইরূপ পরমাণু হইতে উৎপন্ন সব কিছুই কালবশতঃ বিকৃত হইয়া নষ্ট হয়। আত্মা কিন্তু অবিনশ্বর।৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথানলো দারুষু ভিন্ন ঈয়তে
যথানিলো দেহগতঃ পৃথক্ স্থিতঃ।
যথা নভঃ সর্ব্বগতং ন সজ্জতে
তথা পুমান্ সর্ব্বগুণাশ্রয়ঃ পরঃ ॥৪৩
সুযজ্ঞো নন্বয়ং শেতে মূঢ়া যমনুশোচথ।
যঃ শ্রোতা যোঽনুবক্তেহ স ন দৃশ্যেত কর্হিচিৎ ॥৪৪
ন শ্রোতানানুবক্তায়ং মুখ্যোঽপ্যত্র মহানসুঃ।
যস্ত্বিহেন্দ্রিয়বানাত্মা স চান্যঃ প্রাণ-দেহয়োঃ ॥৪৫
ভূতেন্দ্রিয়-মনোলিঙ্গান্ দেহানুচ্চাবচান্ বিভুঃ।
ভজত্যুৎসৃজতি হ্যন্যস্তচ্চাপি স্বেন তেজসা ॥৪৬
যাবল্লিঙ্গান্বিতো হ্যাত্মা তাবৎ কর্ম্ম নিবন্ধনম্।
ততো বিপর্য্যয়ঃ ক্লেশো মায়া যোগোঽনুবর্ত্ততে ॥৪৭

যথা অনলঃ দারুষু অবস্থিতঃ অপি (দাহকত্বেন প্রকাশকত্বেন চ ততঃ ভিন্নঃ এব প্রতীয়তে) ; যথা চ অনলঃ বায়ুঃ (অপ্রত্যক্ষঃ অপি) দেহগতঃ (প্রাণাদিরূপ উদরনাসিকাদিচেষ্টয়া) ভিন্নঃ স্থিতঃ ঈয়তে ; যথা নভঃ সর্বগতম্ অপি ক্বাপি ন সজ্জতে, তথা পরঃ পুমান্ পুরুষোত্তমঃ সর্ব্বগুণাশ্রয়ঃ (সর্ব্বেষাং গুণানাং দেহেন্দ্রিয়াণাম্ আশ্রয়ভূতঃ অপি) ন সজ্জতে, অপি তু ভিন্নত্বেন প্রতীয়তে ॥৪৩

হে মূঢ়াঃ। যূয়ং যম্ অনুশোচথ, সঃ সুযজ্ঞঃ অয়ং শেতে এব। অপি তু যঃ শ্রোতা, যঃ ননু ইহ অনুবক্তা, সঃ কর্হিচিৎ ন দৃশ্যতে ॥৪৪

মহান্ (সর্ব্বেন্দ্রিয়-প্রবৃত্তি-হেতুত্বাৎ তেষু) মুখ্যঃ অত্র অসুঃ প্রাণঃ বৈ ন শ্রোতা ন অনুবক্তা (অচেতনত্বাৎ)। ইহ দেহে যঃ তু ইন্দ্রিয়বান্ আত্মা জীবঃ, সঃ তু প্রাণ-দেহয়োঃ প্রাণ-দেহেন্দ্রিয়াদিভ্যঃ অন্য এব ॥৪৫

হি যস্মাৎ অয়ং দেহাদিভ্যঃ অন্যঃ, তস্মাৎ এব ভূতেন্দ্রিয়-মনোভিঃ লিঙ্গ্যতে লক্ষ্যন্তে ইতি তথা তান্ উচ্চাবচান্ উৎকৃষ্টনিকৃষ্টান্ দেব-তির্য্যগাদিরূপান্ দেহান্ যঃ ভজতি স্বীকরোতি, তথা ভোগাবসানে স্বেন তেজসা ভগবদ্ভজন-প্রসাদজাতেন বিবেকবলেন উৎসৃজতি, সঃ বিভুঃ জীবঃ তু অন্যঃ এব ॥৪৬

যাবৎ মায়াযোগঃ অনুবর্ত্ততে, তাবৎ আত্মা জীবঃ হি নিশ্চিতং লিঙ্গান্বিতঃ ভবতি এব (দেহেন্দ্রিয়ান্তঃকরণাদৌ অহং-মমেত্যভিমানং করোতি) ; তথা তাবদেব তস্য কর্ম্ম-নিবন্ধনং বন্ধহেতু ভবতি ; ততঃ অস্য আনন্দরূপস্য বিপর্য্যয়ঃ আনন্দাংশতিরোভাবঃ ক্লেশঃ দুঃখাবির্ভাবশ্চ ভবতি ॥৪৭

যেরূপ কাষ্ঠে থাকিয়াও দাহক ও প্রকাশকরূপে অগ্নি কাষ্ঠ হইতে ভিন্ন, যেরূপ দেহগত একই বায়ু নাসিকাদি ভিন্ন স্থানে থাকিয়া ভিন্ন বলিয়া উপলব্ধ হয় এবং আকাশ সর্বগত হইয়াও কাহারও সঙ্গে আসক্ত হয় না, সেইরূপ পুরুষ বা আত্মাও সকল দেহ ও ইন্দ্রিয়ের আশ্রয় হইলেও পৃথক্।৪৩

তোমরা মোহগ্রস্ত, তাই তোমাদের সম্মুখে শায়িত সুযজ্ঞকে দেখিয়াও বৃথা শোক করিতেছ। কারণ যে শ্রবণ করে এবং উত্তর প্রদান করে, তাহাকে তো কোথাও দেখা যায় না।৪৪

যদি বল, মুখ-নাসিকাপ্রভৃতি ইন্দ্রিয়সঞ্চারী প্রাণকেই শ্রোতা-বক্তারূপে দেখা যায়, এখন সেই প্রাণরূপী শ্রোতা ও বক্তা অচেতন বলিয়া শুনিতে বা বলিতে অসমর্থ। তদুত্তরে বলি, দেহে ইন্দ্রিয়ের কর্ম-সাধক যে মুখ্য প্রাণ, তিনিও বক্তা বা শ্রোতা নন। ইহার অন্তরে যে আত্মা, তিনিই ইন্দ্রিয় ও বিষয়-সমূহের দ্রষ্টা। অচেতন প্রাণ ও দেহ হইতে চেতন আত্মা পৃথক্।৪৫

যদি বল, আত্মা চেতন ও দেহ হইতে ভিন্ন হইলে 'আমি কৃশ, আমি স্থূল' এরূপ উপলব্ধি কি করিয়া হয়? তদুত্তরে বলিতেছি—এই দেহ পঞ্চ মহাভূত, ইন্দ্রিয় ও মনের মিলনে হয়, উহা হইতে পৃথক্ আত্মা দেহাদির আশ্রয়ে আমি বলিয়া অভিমান করে আর স্বীয় তেজে বিবেকবলে তদ্ভজনে দেহভাব ত্যাগ করিয়া মোক্ষ লাভ করে।৪৬

যদি বল বিবেক উদয়ের পরেও তো আহারাদি-কর্মে প্রবৃত্তি দেখা যায়, তবে আর বন্ধন গেল কোথায়? তদুত্তরে বলিতেছি—যতদিন আত্মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিতথোঽভিনিবেশোঽয়ং যদ্ গুণেষ্বর্থদৃগ্ বচঃ।
যথা মনোরথঃ স্বপ্নঃ সর্ব্বমৈন্দ্রিয়কং মৃষা ॥৪৮

অথ নিত্যমনিত্যং বা নেহ শোচন্তি তদ্‌বিদঃ।
নান্যথা শক্যতে কর্ত্তুং স্বভাবঃ শোচতামিতি ॥৪৯

লুব্ধকো বিপিনে কশ্চিৎ পক্ষিণাং নির্ম্মিতোঽন্তকঃ।
বিতত্য জালং বিদধে তত্র তত্র প্রলোভয়ন্ ॥৫০
কুলিঙ্গমিথুনং তত্র বিচরৎ সমদৃশ্যত।
তয়োঃ কুলিঙ্গী সহসা লুব্ধকেন প্রলোভিতা ॥
সাঽসজ্জত সিচস্তস্যাং মহিষ্যঃ কালযন্ত্রিতা ॥৫১

গুণেষু গুণকার্য্যেষু বিষয়জন্য-সুখাদিষু যৎ অর্থঃ পরমার্থঃ ইতি দৃক্ দৃষ্টিঃ, বচঃ (অপামসোমমমৃতা অভূম; অপ্সরোভির্বিহরাম ইত্যাদি) বচনং চ তদ্ অয়ং বিতথঃ নিষ্ফলঃ মিথ্যা অভিনিবেশঃ অভিমানঃ। জাগ্রদবস্থায়াং মনোরথঃ প্রাপ্তরাজ্যাদিসুখং যথা স্বপ্নঃ (স্বপ্নাবস্থায়াং প্রাপ্ত-স্ত্রীসম্ভোগাদি সুখং চ) যথা মৃষা মিথ্যা, তথা ঐন্দ্রিয়কম্ ইন্দ্রিয়জন্যং সর্ব্বং (জন্ম-মরণাদিঃ দেহধর্ম্মঃ, ক্ষুৎপিপাসাদিঃ প্রাণধর্ম্মঃ, সুখদুঃখাদিঃ অন্তঃকরণধর্ম্মঃ অধ্যাসাদেব আত্মনি আরোপ্যন্তে) মৃষা এব ॥৪৮

অথ তস্মাৎ শোকস্য অনর্হত্বাৎ ইহ সংসারে তদ্‌বিদঃ পণ্ডিতাঃ নিত্যম্ আত্মানম্ অনিত্যং দেহং বা নৈব শোচন্তি (ততঃ আত্মা নিত্যঃ দেহাদিঃ অনিত্যঃ নশ্বরস্বভাবত্বাৎ নাপি শোকার্হঃ) অতঃ শোচতাং শোকং কুর্ব্বতাং স্বভাবঃ অপি নশ্বরত্বম্ অন্যথা কর্ত্তুং নৈব শক্যতে ইতি শোকো বৃথা ইতি তেষাম্ অভিপ্রায়ঃ ॥৪৯

ঈশ্বরেণ পক্ষিণাম্ অন্তকঃ নাশকঃ নির্ম্মিতঃ কশ্চিৎ লুব্ধকঃ বিপিনে বনে যত্র যত্র বনে পক্ষিণঃ অপশ্যৎ, তত্র তত্র জালং বিতত্য বিস্তার্য্য তান্ (মাংসাদিভিঃ) প্রলোভয়ন্ বিদধে বিশেষেণ ধৃতবান্ ॥৫০

তত্র বনে বিচরৎ সৎ কুলিঙ্গমিথুনং (কুলিঙ্গনামক পক্ষিবিশেষস্য মিথুনং যুগলং) সমদৃশ্যত। তয়োঃ মধ্যে কুলিঙ্গী লুব্ধকেন সহসা প্রলোভিতা। হে মহিষ্যঃ! সা চ কুলিঙ্গ ভার্য্যা কালেন যন্ত্রিতা প্রেরিতা সতী সিচঃ তস্যাং জালস্য অসজ্জত বন্ধনং প্রাপ ॥৫১

যুক্ত থাকিয়া তদভিমানী, ততদিন দৈহিক কর্ম বন্ধের কারণ। তাহার পর বিপর্য্যয় বা দেহধর্ম ক্লেশপ্রভৃতি দেখা গেলেও লিঙ্গদেহাভিমান নিবৃত্ত হইলে উহা মায়ামাত্র, পরমার্থতঃ নয়।৪৭

যদি বল সুখ-দুঃখপ্রভৃতিও উহাদের সাধন-সমূহের সত্যত্বই প্রতীত হয়, উহারা আবার মায়াময় কেমন করিয়া হইল? এই প্রকার মতবাদ অনেকে-পোষণ করিয়া উহাদের সত্যত্ব প্রতিপাদন করেন তদুত্তরে বলিলেন—ত্রিগুণ ও তাহাদের কার্য্যে অর্থাৎ সুখ ও দুঃখাদিতে পরমার্থ-সত্যভাবনা একান্তই মিথ্যাভিনিবেশ।৪৮

উপসংহারে বলিলেন—অতএব নিত্য আত্মা বা অনিত্য দেহকে স্বরূপতঃ যাঁহারা জানেন, তাঁহারা শোক করেন না। কখন কখন স্বভাব ত্যাগ করিতে না পারিয়া তাঁহারাও জানিয়া শুনিয়া শোকের বশীভূত হন।৪৯

মৃত ব্যক্তির সমানধর্মা হইয়াও তোমরা তাহার জন্য শোক করিতেছ—এ বিষয়ে একটি ইতিহাসের কথা বলিতেছি। পক্ষীকুলের যমস্বরূপ এক ব্যাধ নানা প্রলোভনের সামগ্রী ছড়াইয়া জাল ফেলিয়া এক বনে পক্ষি ধরিতেছিল। ৫০

কুলিঙ্গনামে এক পক্ষী-মিথুন সেই প্রলোভন সামগ্রী দেখিয়াছিল, তন্মধ্যে স্ত্রীপক্ষীটি লুব্ধক ব্যাধ কর্ত্তৃক সহসা প্রলোভিত হইল এবং কালপ্রেরিত সেই কুলিঙ্গী তখন ব্যাধের জালে আবদ্ধ হইল।৫১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুলিঙ্গস্তাং তথাপন্নাং নিরীক্ষ্য ভৃশদুঃখিতঃ।
স্নেহাদকল্পঃ কৃপণঃ কৃপণাং পর্য্যদেবয়ৎ ॥৫২

অহো অকরুণো দেবঃ স্ত্রিয়া করুণয়া বিভুঃ।
কৃপণং মানুশোচন্ত্যা দীনয়া কিং করিষ্যতি ॥৫৩

কামং নয়তু মাং দেবঃ কিমর্দ্ধেনাত্মনো হি মে।
দীনেন জীবতা দুঃখমনেন বিধুরায়ুষা ॥৫৪

কথং ত্বজাতপক্ষাংস্তান্মাতৃহীনান্ বিভর্ম্ম্যহম্।
মন্দভাগ্যাঃ প্রতীক্ষন্তে নীড়ে মে মাতরং প্রজাঃ॥৫৫

এবং কুলিঙ্গং বিলপন্তমারাৎ
প্রিয়াবিয়োগাতুরমশ্রুকণ্ঠম্।
স এব তং শাকুনিকঃ শরেণ
বিব্যাধ কালপ্রহিতো নিলীনঃ ॥৫৬

এবং যূয়মপশ্যন্ত আত্মাপায়মবুদ্ধয়ঃ।
নৈনং প্রাপ্স্যথ শোচন্ত্যঃ পতিঃ বর্ষশতৈরপি ॥৫৭

হিরণ্যকশিপুরুবাচ।

বাল এবং প্রবদতি সর্ব্বে বিস্মিতচেতসঃ।
জ্ঞাতয়ো মেনিরে সর্ব্বমনিত্যমযথোত্থিতম্ ॥৫৮

তাং কুলিঙ্গীং তথা আপন্নাম্ আপদং প্রাপ্তাং, কৃপণাং দীনাং নিরীক্ষ্য ভৃশদুঃখিতঃ তাং মোচয়িতুম্ অকল্পঃ অসমর্থঃ সন্ কৃপণঃ বিবেকরহিতঃ যথা তথা সঃ স্নেহাৎ পর্য্যদেবয়ৎ অতি বিলাপং কৃতবান্॥৫২

অহো! বিভুঃ মহান্ অপি দেবঃ ব্রহ্মা যমঃ বা অকরুণঃ এব; যতঃ করুণয়া ময়ি প্রেমবিশিষ্টয়া কৃপণং দীনং মাম্ অনুশোচন্ত্যা অতএব দীনয়া স্ত্রিয়া ভার্য্যয়া সঃ কিং করিষ্যতি ॥৫৩

সঃ দেবঃ (যদি ভার্য্যাং নয়তি তদা) মাম্ অপি কামং যথেষ্টং নয়তু! আত্মনঃ দেহস্য অর্দ্ধভাগস্য পত্নীরূপস্য নীতত্বাৎ অবশিষ্টেন অর্দ্ধেন বিধুরায়ুষা ভার্য্যাশূন্যজীবিতেন দীনেন দুঃখং যথা তথা জীবিতা মে মম কিং প্রয়োজনম্?৫৪

যে মে প্রজাঃ পুত্রাঃ (মৃত-মাতৃত্বাৎ) মন্দভাগ্যাঃ নীড়েস্থিতাঃ (আহারার্থং) মাতরং প্রতীক্ষন্তে, অজাতপক্ষান্ (ন জাতাঃ পক্ষাঃ যেষাং তান্) মাতৃহীনান্ অহং তু কথং বিভর্ম্মি পুষ্ণামি॥৫৫

এবং প্রিয়াবিয়োগেন আতুরং ব্যাকুলম্ অশ্রুকণ্ঠং বিলপন্তং তং কুলিঙ্গং সঃ প্রসিদ্ধঃ শাকুনিকঃ পক্ষিহন্তা কালেন প্রহিতঃ প্রেরিতঃ, নিলীনঃ প্রচ্ছন্নঃ সন্ আরাৎ দূরাৎ এব শরেণ বিব্যাধ তাড়িতবান্।৫৬

অবুদ্ধয়ঃ অজ্ঞাঃ যূয়ম্ এবং কুলিঙ্গবৎ আত্মাপায়ং স্বমৃত্যুম্ অপশ্যন্ত্যঃ অননুসন্ধত্যঃ পতিং শোচন্ত্যঃ বর্ষশতৈঃ অপি এনং ন প্রাপ্স্যথ ॥৫৭

হিরণ্যকশিপুঃ উবাচ। বালে বালস্বরূপে যমে এবং প্রবদতি সতি সুযজ্ঞস্য সর্ব্বে জ্ঞাতয়ঃ বিস্মিতচেতসঃ সন্তঃ সর্ব্বং সুখদুঃখাদিকম্ অনিত্যম্ অযথোত্থিতং বৃথৈব আত্মনি গ্রহণ করুক।৫৪

পুরুষ কুলিঙ্গ তাহার সঙ্গিনীকে জালে আবদ্ধ দেখিয়া ও তাহার অসহায় অবস্থার কোন প্রতীকার করিতে না পারিয়া অত্যন্ত দুঃখে বিলাপ করিতে লাগিল।৫২

আহা, দীনা আমার স্ত্রী সর্বতোভাবে কারুণ্য প্রকাশ করত আমার অবস্থা দেখিয়া অনুশোচনা করিতেছে। অকরুণ দেবতা ইহাকে লইয়া কি করিবে?৫৩

আমার অর্দ্ধাঙ্গিনীকে লইয়া গিয়াছে, ভার্য্যাশূন্য আমার বাঁচিয়া থাকা দুঃখ ভিন্ন আর কি, ইহাতে প্রয়োজনই বা কি? অতএব দৈব আমাকেও যথেচ্ছ

যে সকল শাবকের এখনও ডানা গজায় নাই, সেই মাতৃহীন দুর্ভাগ্য আমার শাবকগুলি তাহাদের মাতার প্রতীক্ষায় বাসায় অপেক্ষা করিতেছে। আমি কি করিয়া তাহাদের পালন করিব?।৫৫

কুলিঙ্গটি যখন প্রিয়াবিয়োগজনিত অশ্রু আকুল-কণ্ঠে বিলাপ করিয়া ক্রন্দন করিতেছিল, সেই পূর্ব্বোক্ত ব্যাধ লুকাইয়া থাকিয়া কালপ্রেরণাবশে একটি বাণ দিয়া কুলিঙ্গকেও বিদ্ধ করিল।৫৬

এই প্রকারে তোমরা নিজেদের মৃত্যুসম্বন্ধে না বুঝিয়া শতবর্ষ ধরিয়া শোক করিলেও এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যম এতদুপাখ্যায় তত্রৈবান্তরধীয়ত।
জ্ঞাতয়ো হি সুযজ্ঞস্য চক্রুর্যৎ সাম্পরায়িকম্ ॥৫৯

অতঃ শোচত মা যূয়ং পরঞ্চাত্মানমেব বা।
ক আত্মা কঃ পরো বাত্র স্বীয় পারক্য এব বা।
স্বপরাভিনিবেশেন বিনা জ্ঞানেন দেহিনাম্ ॥৬০

নারদ উবাচ।
ইতি দৈত্যপতের্বাক্যং দিতিরাকর্ণ্য সস্নুষা।
পুত্রশোকং ক্ষণাৎ ত্যক্ত্বা তত্ত্বে চিত্তমধারয়ৎ ॥৬১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে দ্বিতীয়োঽধ্যায়ঃ

আরোপিতং মেনিরে॥৫৮

এতৎ উপাখ্যায় উক্ত্বা যমঃ তত্র এব অন্তরধীয়ত; সুযজ্ঞস্য জ্ঞাতয়ঃ অপি যৎ সাম্পরায়িকং পরলোককৃত্যং, তৎ চক্রুঃ॥৫৯

অয়ং স্বঃ অয়ং পরঃ ইতি অভিনিবেশঃ এব তেন অজ্ঞানেন বিনা অত্র সংসারে দেহিনাং কঃ আত্মা স্বয়ং, কঃ বা পারক্যঃ এব। অতঃ যূয়ং পরম্ অন্যম্ আত্মানম্ এব মা শোচত॥৬০

নারদঃ উবাচ। সস্নুষা স্নুষয়া সহিতা দিতিঃ দৈত্যপতেঃ ইতি এবং বাক্যম্ আকর্ণ্য ক্ষণাৎ পুত্রশোকং ত্যক্ত্বা তত্ত্বে ব্রহ্মণি চিত্তম্ অধারয়ৎ॥৬১

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ

পতিকে আর ফিরিয়া পাইবে না।৫৭

হিরণ্যকশিপু বলিলেন—বালক (যম) এই প্রকার বলিলে অশ্চর্য্যান্বিত হইয়া জ্ঞাতিগণ সকল বিষয়ই অনিত্য বলিয়া বুঝিলেন।৫৮

যম এই উপাখ্যান বলিয়া অন্তর্হিত হইলেন, জ্ঞাতিরাও যথাযোগ্যভাবে সুযজ্ঞের পরলোককৃত্য সম্পাদন করিলেন।৫৯

অতএব তোমরা পরের জন্য বা নিজের জন্য শোক করিও না। কে আপন, কে পর—এই সংসারে কে আপনার বা পরের ইহা অজ্ঞানতাহেতু ঘটিয়া থাকে। অজ্ঞান অভিনিবেশ ভিন্ন কোন ব্যক্তির আপন পর বিচার হয় না।৬০

শ্রীনারদ বলিলেন—দৈত্যপতি হিরণ্যকশিপুর এইরূপ বাক্য শুনিয়া দিতিমাতা বধূসহ পুত্রশোক অল্পক্ষণের মধ্যে ত্যাগ করিয়া তত্ত্ববিষয়ে চিত্তকে ন্যস্ত করিলেন।৬১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের সপ্তম স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[হিরণ্যকশিপোস্তপস্যা, বরপ্রাপ্তিশ্চ ।]

নারদ উবাচ ।

হিরণ্যকশিপূ রাজন্নজেয়মজরামরম্ ।
আত্মানমপ্রতিদ্বন্দ্বমেকরাজং ব্যধিৎসত ॥১
স তেপে মন্দরদ্রোণ্যাং তপঃ পরমদারুণম্ ।
উর্দ্ধবাহুর্নভোদৃষ্টিঃ পাদাঙ্গুষ্ঠাশ্রিতাবনিঃ ॥২
জটাদীধিতিভী রেজে সংবর্ত্তার্ক ইবাংশুভিঃ ।
তস্মিংস্তপস্তপ্যমানে দেবাঃ স্থানানি ভেজিরে ॥৩
তস্য মূর্দ্ধ্নঃ সমুদ্ভূতঃ সধূমোঽগ্নিস্তপোময়ঃ ।
তির্য্যগূর্দ্ধমধো লোকান্ প্রাতপদ্ বিষ্বগীরিতঃ ॥৪
চক্ষুভুর্নদ্যুদন্বন্তঃ সদ্বীপাদ্রিশ্চচাল ভূঃ ।
নিপেতুঃ সগ্রহাস্তারা জজ্বলুশ্চ দিশো দশ ॥৫
তেন তপ্তা দিবং ত্যক্ত্বা ব্রহ্মলোকং যযুঃ সুরাঃ ।
ধাত্রে বিজ্ঞাপয়ামাসুর্দেবদেব জগৎপতে ॥৬

অন্বয়ঃ

নারদঃ উবাচ । হে রাজন্ ! হিরণ্যকশিপুঃ আত্মানম্ অজেয়ম্, অজরম্ অপক্ষয়রহিতম্, অমরং মৃত্যুশূন্যম্, অপ্রতিদ্বন্দ্বং প্রতিপক্ষহীনম্, একরাজম্ (একম্ এব রাজানং) ব্যধিৎসত কর্ত্তুম্ ঐচ্ছৎ ॥১

যঃ মন্দরাচলস্য পর্ব্বতস্য দ্রোণ্যাম্ উর্দ্ধবাহুঃ নভোদৃষ্টিঃ (নভসি দৃষ্টিঃ যস্য সঃ) পাদাঙ্গুষ্ঠাশ্রিতাবনিঃ (পাদাঙ্গুষ্ঠেন আশ্রিতা অবনিঃ যেন তথাবিধঃ সন্) পরমদারুণং দুষ্করং তপঃ তেপে ॥২

স্বস্য জটাদীধিতিভিঃ (জটানাং দীধিতিভিঃ কান্তিভিঃ), রশ্মিভিঃ সংবর্ত্তকঃ অর্কঃ ইব প্রলয়কর্ত্তা সূর্য্যঃ ইব রেজে। তস্মিন্ হিরণ্যকশিপৌ তপঃ তপ্যমানে সতি দেবাঃ স্ব স্ব স্থানানি ভেজিরে ॥৩

তস্য মূর্দ্ধ্নঃ সমুদ্ভূতঃ নিঃসৃতঃ, তপোময়ঃ তপসা সমেধিতঃ সধূমঃ অগ্নিঃ বিষ্বক্ সর্ব্বতঃ ঈরিতঃ প্রসৃতঃ সন্ তির্য্যক্ উর্দ্ধম্ অধঃ লোকান্ প্রাতপৎ ॥৪

নদ্যঃ উদন্বন্তঃ সমুদ্রাঃ চক্ষুভুঃ বৃদ্ধিং প্রাপ্তাঃ, দ্বীপৈঃ অদ্রিভিঃ চ সহিতা ভূঃ চচাল ; গ্রহৈঃ শুক্রাদিভিঃ সহিতাঃ তারাঃ নিপেতুঃ ; দশ দিশঃ জজ্বলুঃ ॥৫

তেন অগ্নিনা তপ্তাঃ সুরাঃ দেবাঃ দিবং ত্যক্ত্বা ব্রহ্মলোকং যযুঃ ; তথা ধাত্রে বিজ্ঞাপয়ামাসুঃ যথা হে দেবদেব জগৎপতে !

তৃতীয় অধ্যায়

[হিরণ্যকশিপুর তপস্যা ও বরলাভ ।]

হে রাজন্ (যুধিষ্ঠির) ! হিরণ্যকশিপু নিজেকে অজর, অমর, অপরাজেয়, অপ্রতিদ্বন্দ্বী ও এক অদ্বিতীয় রাজা করিবার ইচ্ছা করিয়াছিলেন ।১

এ জন্য তিনি মন্দরপর্ব্বতের কন্দরে উর্দ্ধবাহু ও উর্দ্ধদৃষ্টি হইয়া পাদাঙ্গুষ্ঠের উপরমাত্র ভর করিয়া পরম দারুণ কষ্টসাধ্য তপস্যা করেন ।২

তাঁহার মস্তকের জটার কিরণ এরূপ তীব্র যে, প্রলয়কালের সূর্য্যকিরণের মত প্রকা পাইতেছিল। তাঁহার তপস্যায় প্রবৃত্তি দেখিয়া যে সকল দেবতা তাহার ভয়ে অন্যত্র লুকাইয়া ছিলেন, তাঁহারা নিজের নিজের স্থানে গমন করিলেন ।৩

তাঁহার মস্তক হইতে তপঃপ্রভাবে ধূম্রসহ অগ্নি উদ্ভূত হইয়া এদিক ওদিক্ করিয়া উপরে নীচে সর্ব-লোকের সন্তাপের কারণ হইল ।৪

তাঁহার তপস্যার প্রভাবে সলিলসহিত নদী সাগর বিক্ষুব্ধ, দ্বীপ ও পর্ব্বতসহ ভূমির কম্প, গ্রহগণ তারকাসহিত কক্ষচ্যুত এবং দশদিক্ প্রজ্বলিত হইল। তপোবহ্নির তাপে অসহিষ্ণু দেবতাগণ স্বর্গ ত্যাগ করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

দৈত্যেন্দ্রতপসা তপ্তা দিবি স্থাতুং ন শক্নুমঃ।
তস্য চোপশমং ভূমন্ বিধেহি যদি মন্যসে।
লোকা ন যাবন্নঙ্ক্ষ্যন্তি বলিহারাস্তবাভিভূঃ ॥৭
তস্যায়ং কিল সঙ্কল্পশ্চরতো দুশ্চরং তপঃ।
শ্রূয়তাং কিং ন বিদিতস্তবাথাপি নিবেদিতম্ ॥৮
সৃষ্ট্বা চরাচরমিদং তপোযোগসমাধিনা।
অধ্যাস্তে সর্ব্বধিষ্ণ্যেভ্যঃ পরমেষ্ঠী নিজাসনম্ ॥৯

দৈত্যেন্দ্রতপসা তপ্তাঃ বয়ং দিবি স্থাতুং ন শক্নুমঃ! ভোঃ ভূমন্! তব বলিহারাঃ পূজাকারিণঃ লোকাঃ প্রজাঃ অভি অভিতঃ ন নঙ্ক্ষ্যন্তি যাবৎ তাবৎ তস্য উপশমং নিবারণং যদি মন্যসে, তদা বিধেহি ॥৬-৭

দুশ্চরং তপঃ চরতঃ তস্য অয়ং কিল সঙ্কল্পঃ তব সর্ব্বজ্ঞস্য কিং ন বিদিতঃ? অপি তু বিদিতঃ এব, তথাপি অস্মাভিঃ নিবেদিতং ত্বয়া শ্রূয়তাম্ ॥৮

তপো-যোগ-সমাধিনা (তপসি ব্রতোপবাসাদৌ, যোগে ধ্যান-ধারণাদৌ চ যঃ সমাধিঃ নিষ্ঠা তেন) চরাচরম্ ইদং সর্ব্বং জগৎ সৃষ্ট্বা সর্ব্বপূজ্যঃ সন্ সর্ব্বধিষ্ণ্যেভ্যঃ ইন্দ্রাদিস্থানেভ্যঃ শ্রেষ্ঠং যৎ নিজাসনং সত্যলোকং তৎ পরমেষ্ঠী ব্রহ্মা যথা অধ্যাস্তে অধিতিষ্ঠতি ॥৯

ব্রহ্মলোকে গমনপূর্ব্বক বিধাতা ব্রহ্মাকে জানাইলেন। হে দেবদেব, জগতের পালক! দৈত্যরাজ হিরণ্যকশিপুর তপস্যার প্রতাপে আমরা স্বর্গে থাকিতে অসমর্থ; যদি আপনার ইচ্ছা হয়, হে প্রভু! আপনি ইহার শান্তি বিধান করুন। আপনার পূজোপহার প্রদানকারী প্রজাগণ বিনষ্ট হওয়ার পূর্ব্বেই ইহার ব্যবস্থা করুন।৫-৭

দুশ্চর তপস্যাকারী তাঁহার এই কঠিন তপস্যার সঙ্কল্প যদিও আপনার অবিজ্ঞাত নয়, তথাপি আমরা নিবেদন করিতেছি—আপনি শ্রবণ করুন।৮

হিরণ্যকশিপুর সঙ্কল্প—পরমেষ্ঠী ব্রহ্মা যেরূপ তপস্যা ও যোগপ্রভাবে স্থাবর-জঙ্গমাত্মক ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া সর্ব্বশ্রেষ্ঠ সত্যলোকে নিজের আসনে অধিষ্ঠিত

তদহং বর্দ্ধমানেন তপোযোগসমাধিনা।
কালাত্মনোশ্চ নিত্যত্বাৎ সাধয়িষ্যে তথাত্মনঃ ॥১০
অন্যথেদং বিধাস্যেঽহমযথাপূর্ব্বমোজসা।
কিমন্যৈঃ কালনির্ধূতৈঃ কল্পান্তে বৈষ্ণবাদিভিঃ ॥১১
ইতি শুশ্রুম নির্ব্বন্ধং তপঃ পরমমাস্থিতঃ।
বিধৎস্বানন্তরং যুক্তং স্বয়ং ত্রিভুবনেশ্বর ॥১২

তথা অহম্ অপি আত্মনঃ মম বর্দ্ধমানেন তপোযোগসমাধিনা কালস্য আত্মনঃ চ নিত্যত্বাৎ বহুভির্জন্মভিঃ তপস্যু তৎ এব স্থানং সাধয়িষ্যে সাধয়িষ্যামি ॥১০

ওজসা তপোবলেন ইদং বিশ্বম্ অহম্ অন্যথা অযথাপূর্ব্ব যথা (যে ব্রহ্মচর্য্যব্রতাদিভিরিহ লোকে দুঃখিনঃ, তা পরলোকেঽপি নরকাদি দুঃখভাজঃ করিষ্যামি। যঃ ইহলোকে বৈষয়িক-সুখভোগামাত্রনিরতাঃ, তান্ পরলোকে স্বর্গ বৈষয়িকসুখভাজঃ করিষ্যামি। পাপমেব সুখসাধনম্, পুণ্য চ দুঃখসাধনম্। অসুরাণাং স্থানং স্বর্গঃ, দেবানাং স্থান পাতালাদি ইত্যেবং) বিধাস্যে করিষ্যামি। কল্পান্তে কালনির্ধূতৈঃ কালেন বিনাশ্যৈঃ অন্যৈঃ বৈষ্ণবাদিভিঃ ধ্রুবাদিপদৈঃ কিং প্রয়োজনম্?১১

ইতি এবং ত্বৎপদাহরণে তস্য নির্ব্বন্ধম্ অভিপ্রায়ং বয়

আছেন, আমিও সেই প্রকার তপস্যা ও সমাধি দ্বারা বহু জন্মসাধ্য হইলেও উহা সাধন করিব।৯-১০

আমার বৃদ্ধিশীল তপস্যার ফলে জগতের বিধান বিপর্য্যস্ত করিব। (সুরাসুরের পাপপুণ্যের ফল বিপরীত করিয়া দিব। যাহারা ব্রহ্মচর্য্য তপস্যাব্রতপ্রভৃতি করিয়া ইহলোকে দুঃখভোগ করে, তাহারা পরলোকে দুঃখ পাইবে। যাহারা বৈষয়িক সুখভোগ লইয়া থাকে, তাহারা পরলোকেও সুখভোগ করিবে এরূপ বিপরীত নিয়ম প্রবর্ত্তন করিব।) ধ্রুব প্রভৃতি বৈষ্ণবগণের প্রাপ্ত ধ্রুবপদে আমার প্রয়োজন কি! কারণ, উহারা কল্পান্তে কালকর্ত্তৃক ধ্বংস প্রাপ্ত হয়।১১

তাঁহার পরম তপস্যায় অবস্থিতির এই উদ্দেশ্য আমরা শুনিয়াছি। এখন স্বয়ং ত্রিভুবনেশ্বর আপনি যাহা যুক্তিযুক্ত মনে করেন, তাহাই করুন।১২

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবাসনং দ্বিজ-গবাং পারমেষ্ঠ্যং জগৎপতে।
ভবায় শ্রেয়সে ভূত্যৈ ক্ষেমায় বিজয়ায় চ ॥১৩
ইতি বিজ্ঞাপিতো দেবৈর্ভগবনাত্মভূর্নৃপ।
পরিতো ভৃগু-দক্ষাদ্যৈর্যযৌ দৈত্যেশ্বরাশ্রমম্ ॥১৪
ন দদর্শ প্রতিচ্ছন্নং বল্মীক-তৃণ-কীচকৈঃ।
পিপীলিকাভিরাচীর্ণমেদস্ত্বঙ্মাংসশোণিতম্ ॥১৫
তপন্তং তপসা লোকান্ যথাভ্রাপিহিতং রবিম্।
বিলক্ষ্য বিস্মিতঃ প্রাহ হসংস্তং হংসবাহনঃ ॥১৬

ব্রহ্মোবাচ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রং তে তপঃ সিদ্ধোঽসি কাশ্যপ।
বরদোঽহমনুপ্রাপ্তো ব্রিয়তামীপ্সিতো বরঃ ॥১৭
অদ্রাক্ষমহমেতং তে হৃৎসারং মহদদ্ভুতম্।
দংশভক্ষিতদেহস্য প্রাণা হ্যস্থিষু শেরতে ॥১৮
নৈতৎ পূর্ব্বর্ষয়শ্চক্রুর্ন করিষ্যন্তি চাপরে।
নিরম্বুর্ধারয়েৎ প্রাণান্ কো বৈ দিব্যসমাঃ শতম্ ॥১৯

শুশ্রূম। তদর্থম্ এব পরমং তপঃ অয়ম্ আস্থিতঃ। ত্বম্ অপি ত্রিভুবনেশ্বরঃ সর্ব্বথা তৎপ্রতিকারে সমর্থঃ; অতঃ যৎ অত্র যুক্তম্, তৎ অনন্তরম্ আশু বিধৎস্ব ॥১২

হে জগৎপতে! তব ইদং পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টং স্থানং দ্বিজানাং গবাং চ ভবায় উদ্ভবায় অলভ্যলাভায় শ্রেয়সে সুখায়, ভূত্যৈ ঐশ্বর্য্যায়, ক্ষেমায় লব্ধপালনায়; বিজয়ায় উৎকর্ষায় এব ॥১৩

হে নৃপ! ইতি এবং দেবৈঃ বিজ্ঞাপিতঃ আত্মভূঃ ব্রহ্মা ভৃগু-দক্ষাদ্যৈঃ প্রজেশৈঃ পরিতঃ সন দৈত্যেশ্বরস্য আশ্রমং তপশ্চর্য্যাস্থানং যযৌ ॥১৪

তত্র গত্বা বল্মীক-তৃণ-কীচকৈঃ প্রতিচ্ছন্নং তথা পিপীলিকাভিঃ আচীর্ণং সমন্তাৎ ভক্ষিতং মেদঃ চ ত্বক্ চ মাংসং চ শোণিতং (চ) যস্য তং হিরণ্যকশিপুং ন দদর্শ ॥১৫

ততঃ পশ্চাৎ অভ্রৈঃ অপি প্রতিচ্ছন্নং রবিং সূর্য্যম্ ইব তপসা লোকান্ যথা তপন্তং তং বিলোক্য বিস্মিতঃ হংসবাহনঃ ব্রহ্মা হসন্ তং প্রাহ ॥১৬

ব্রহ্মা উবাচ। হে কাশ্যপ! উত্তিষ্ঠ! উত্তিষ্ঠ! (এতাবন্তং কালং তে ত্বয়া যৎ তপঃক্লেশাদি-অনুভূতং তৎ ইদানীং তিষ্ঠতু!) তব ভদ্রম্ এব ভবিষ্যতি। অতঃ তপসা সিদ্ধঃ অসি। অহং বরদঃ অনুপ্রাপ্তঃ অস্মি। ত্বয়া ঈপ্সিতঃ বরঃ ব্রিয়তাম্ ॥১৭

তে তব এতৎ হৃৎসারং ধৈর্য্যং, মহৎ অদ্ভুতম্ আশ্চর্য্যজনকম্ অহম্ অদ্রাক্ষং দৃষ্টবানস্মি। হি যস্মাৎ দংশভক্ষিতদেহস্য (দংশৈঃ মক্ষিকাবিশেষৈঃ ভক্ষিতঃ দেহঃ যস্য তস্য) তব প্রাণাঃ অস্থিষু শেরতে ॥১৮

এতৎ এবংবিধং তপঃ পূর্ব্বর্ষয়ঃ ন চক্রুঃ, ন চ অপরে

আপনার স্থান ভ্রংশ হইলে সাধুগণের অনিষ্ট হইবে। গো-ব্রাহ্মণের উদ্ভব, সুখ, ঐশ্বর্য্য, রক্ষণ ও উৎকর্ষের জন্যই হে জগৎপতি! আপনার এই পারমেষ্ঠ্য শ্রেষ্ঠ আসন। এই প্রকারে বিজ্ঞাপিত হইয়া আত্মযোনি ব্রহ্মা ভৃগু-দক্ষপ্রভৃতির সহিত মিলিতভাবে দৈত্যেশ্বর হিরণ্যকশিপুর আশ্রমে গমন করিলেন।১৩—১৪

সেখানে বল্মীকাদিদ্বারা আবৃত দৈত্যেশ্বরকে প্রথম দেখিতে পাইলেন না, তিনি তৃণ ও কীচকে (ক্ষুদ্রবংশ-বিশেষের পত্রাদিদ্বারা) আচ্ছাদিত ও চারিদিকে বহু পিপীলিকা তাঁহার ত্বক্ মাংস মেদ ও রক্ত ভোজনরত।১৫

এই ভাবে তপস্যায় লোকতাপকারী মেঘাচ্ছন্ন সূর্য্যের মত তাঁহাকে বিশেষ করিয়া লক্ষ্য করিয়া হংসবাহন ব্রহ্মা বিস্মিত হইয়াও হাস্যপূর্ব্বক তাঁহাকে বলিলেন।১৬

শ্রীব্রহ্মা বলিলেন—ওহে কশ্যপনন্দন; উঠ উঠ, তোমার মঙ্গল হউক। তুমি তপস্যায় সিদ্ধ হইয়াছ, আমি বরদাতা তোমার সমীপে উপস্থিত, অভিলষিত বর প্রার্থনা কর।১৭

আমি তোমার হৃদয়ের অতি অদ্ভুত ধৈর্য্য দেখিলাম। মক্ষিকা সকলে তোমার দেহ ভক্ষণ করিয়াছে, তোমার প্রাণ শুধু অস্থিতে ভর করিয়া রহিয়াছে।১৮

এরূপ তপস্যা পূর্ব্বে কোনো ঋষি করেন নাই পরেও হয়তো কেহ করিতে পারিবেন না। জল পর্য্যন্ত ত্যাগ করিয়া নিরম্বু উপবাসে দিব্য শতবর্ষ পর্য্যন্ত কে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবসায়েন তেঽনেন দুষ্করেণ মনস্বিনাম্।
তপোনিষ্ঠেন ভবতা জিতোঽহং দিতিনন্দন ॥২০

ততস্তে আশিষঃ সর্ব্বা দদাম্যসুরপুঙ্গব।
মর্ত্ত্যস্য তে হ্যমর্ত্ত্যস্য দর্শনং নাফলং মম ॥২১

নারদ উবাচ।

ইত্যুক্ত্বাদিভবো দেবো ভক্ষিতাঙ্গং পিপীলিকৈঃ।
কমণ্ডলুজলেনৌক্ষদ্দিব্যেনামোঘরাধসা ॥২২

স তৎকীচক-বল্মীকাৎ সহ-ওজো-বলান্বিতঃ।
সর্ব্বাবয়বসম্পন্নো বজ্রসংহননো যুবা।
উত্থিতস্তপ্তহেমাভো বিভাবসুরিবৈধসঃ ॥২৩

স নিরীক্ষ্যাম্বরে দেবং হংসবাহমুপস্থিতম্।
ননাম শিরসা ভূমৌ তদ্দর্শনমহোৎসবঃ ॥২৪

উত্থায় প্রাঞ্জলিঃ প্রহ্ব ঈক্ষমাণো দৃশা বিভুম্।
হর্ষাশ্রুপুলকোদ্ভেদো গিরা গদ্গদয়াগৃণাৎ ॥২৫

অর্ব্বচীনাঃ করিষ্যন্তি। কঃ দিব্যসমাঃ শতং দেবযানেন সংবৎসর-শতপর্য্যন্তং নিরম্বুঃ ত্যক্তোদকঃ সন্ প্রাণান্ ধারয়েৎ ॥১৯

হে দিতিনন্দন! মনস্বিনাং মনস্বিভিঃ সাত্ত্বিকৈঃ ঋষ্যাদিভিঃ দুষ্করেণ অনেন তে তব ব্যবসায়েন তথা তপোনিষ্ঠেন ভবতা দৈত্যেন অহং জিতঃ বশীকৃতঃ অস্মি ॥২০

হে অসুর-পুঙ্গব! তে তুভ্যং সর্ব্বাঃ আশিষঃ সর্ব্বান্ ইষ্টান্ অর্থান্ দদামি। মর্ত্ত্যস্য মরণ-ধর্ম্মশীলস্য তব অমর্ত্ত্যস্য দেবদেবস্য মম দর্শনম্ অফলং নিষ্ফলং ন ভবতি ॥২১

নারদঃ উবাচ। আদৌ ভবতীতি আদিভবঃ দেবঃ ব্রহ্মা ইতি এবম্ উক্ত্বা পিপীলিকৈঃ ভক্ষিতাঙ্গং হিরণ্যকশিপুম্ অমোঘরাধস্য (অমোঘম্ অব্যর্থং রাধঃ সংসিদ্ধিঃ যতঃ তেন) দিব্যেন কমণ্ডলুজলেন ঔক্ষৎ প্রোক্ষিতবান্ ॥২২

তৎ ততঃ প্রোক্ষণাৎ এব সঃ হিরণ্যকশিপুঃ সহ ওজোবলান্বিতঃ (সহঃ মনঃশক্তিঃ, ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, বলং দেহশক্তিঃ তৈঃ অন্বিতঃ), সর্ব্বাবয়বসম্পন্নঃ (সর্ব্বৈঃ অবয়বৈঃ পাণি-পাদাদিভিঃ সম্পন্নঃ যুক্তঃ), বজ্রসংহননঃ (বজ্রবৎ সংহননং অঙ্গদার্ঢ্যং যস্য সঃ), যুবা যৌবনযুক্তঃ, তপ্তহেমাভঃ (তপ্তস্য হেম্নঃ ইব আভা কান্তিঃ যস্য তথাবিধঃ) সন্ এধসঃ কাষ্ঠাৎ বিভাবসুঃ অগ্নিঃ ইব কীচকাচ্ছন্নাৎ বল্মীকাৎ উত্থিতঃ ॥২৩

এবংবিধঃ যঃ দেবং হংসবাহং ব্রহ্মাণম্ অম্বরে উপস্থিতম্ নিরীক্ষ্য তদ্দর্শন-মহোৎসবঃ (তস্য দর্শনেন মহান্ উৎসবঃ আনন্দঃ যস্য সঃ তথাভূতঃ) সন্ শিরসা ভূমৌ ননাম ॥২৪

ততঃ উত্থায় দৃশা নেত্রেণ বিভুঃ ব্রহ্মাণম্ ঈক্ষমাণঃ হর্ষাশ্রু-পুলকোদ্ভেদঃ (হর্ষেণ অশ্রূণি, পুলকোদ্ভেদঃ রোমোদ্গমঃ চ যস্য তাদৃশঃ) প্রাঞ্জলিঃ প্রহ্বঃ নম্রঃ সন্ গদ্গদয়া স্খলিতাক্ষরয়া গিরা অগৃণাৎ অস্তৌষীৎ ॥২৫

আবার প্রাণ ধারণ করিতে পারিবে ?১৯

হে দিতিনন্দন! তোমার তপস্যায় নিষ্ঠা ও মনস্বীদিগেরও দুঃসাধ্য তোমার এই প্রচেষ্টা দ্বারা আমাকে তুমি জয় করিয়াছ।২০

হে অসুরশ্রেষ্ঠ! অতএব তোমাকে আমি সর্ব্ব-প্রকার আশীর্ব্বাদ প্রদান করিব। মর্ত্যজীবের পক্ষে অমর্ত্য আমার দর্শন নিষ্ফল হইতে পারে না।২১

শ্রীনারদ বলিলেন—এই বলিয়া আদিজন্মা ব্রহ্মা পিপীলিকাদ্বারা ভুক্ত শরীরকে তাঁহার অমোঘবল কমণ্ডলুজলে প্রোক্ষণ করিলেন।২২

তখন সেই হিরণ্যকশিপু তৃণ ও বংশপ্রভৃতি আচ্ছন্ন বল্মীক মৃত্তিকা হইতে সর্বাবয়বসম্পন্ন ও বজ্রের ন্যায় সুদৃঢ় অঙ্গ শক্তি ও তেজের সহিত উঠিয়া আসিলেন। তাঁহার দেহ অগ্নিতপ্ত কাঞ্চনের উজ্জ্বলতা বহন করিতেছিল এবং কাষ্ঠ হইতে উত্থিত অগ্নির মত প্রকাশ পাইয়াছিল।২৩

তিনি হংসবাহন ব্রহ্মাকে আকাশে দেখিয়া আনন্দে উল্লসিত হইলেন এবং তাঁহাকে ভূমিতে মস্তক রাখিয়া প্রণাম করিলেন।২৪

তারপর ভূমি হইতে উঠিয়া ব্রহ্মাকে করযোড়ে বিনীতভাবে দর্শনে হর্ষ অশ্রু পুলকপ্রভৃতি সঞ্চার হইলে গদ্গদকণ্ঠে বলিতে লাগিলেন।২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিরণ্যকশিপুরুবাচ।

কল্পান্তে কালসৃষ্টেন যাঽন্ধেন তমসাবৃতম্।
অভিব্যনগ্ জগদিদং স্বয়ংজ্যোতিঃ স্বরোচিষা ॥২৬

আত্মনা ত্রিবৃতা চেদং সৃজত্যবতি লুম্পতি।
রজঃ-সত্ত্ব-তমোধাম্নে পরায় মহতে নমঃ ॥২৭

নম আদ্যায় বীজায় জ্ঞানবিজ্ঞানমূর্ত্তয়ে।
প্রাণেন্দ্রিয়-মনোবুদ্ধি-বিকারৈর্ব্যক্তিমীয়ুষে ॥২৮

ত্বমীশিষে জগতস্তস্থুষশ্চ
প্রাণেন মুখ্যেন পতিঃ প্রজানাম্।
চিত্তস্য চিত্তের্মনইন্দ্রিয়াণাং
পতির্মহান্ ভূতগুণাশয়েশঃ ॥২৯

ত্বং সপ্ততন্তূন্ বিতনোষি তন্বা
ত্রয্যা চতুর্হোত্রকবিদ্যয়া চ।
ত্বমেক আত্মাত্মবতামনাদি-
রনন্তপারঃ কবিরন্তরাত্মা ॥৩০

হিরণ্যকশিপুঃ উবাচ। কল্পান্তে দৈনন্দিন-প্রলয়ে কালেন নিমিত্তেন, সৃষ্টেন প্রেরিতেন, তমসা অন্ধকারেণ আবৃতম্ ইদং জগৎ যঃ স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশরূপঃ স্বরোচিসা স্বপ্রকাশেন পুনঃ অভিব্যনক্ অভিব্যক্তম্ অকরোৎ ॥২৬

যঃ চ ত্রিবৃতা (ত্রীন্ গুণান্ রজআদীন্ বৃণোতি সৃষ্ট্যাদিকার্য্যার্থং স্বীকরোতি ইতি তথা তেন) আত্মনা বিভক্ত-স্বরূপেণ ইদং বিশ্বং সৃজতি, অবতি রক্ষতি, লুম্পতি সংহরতি চ, তস্মৈ রজঃ-সত্ত্ব-তমসাং ধাম্নে আশ্রয়ায় মহতে ব্যাপকায় নমঃ ॥২৭

নমঃ আদ্যায়, বীজায় কারণায়, জ্ঞান-বিজ্ঞান-মূর্ত্তয়ে (জ্ঞানং জ্ঞপ্তিঃ, বিজ্ঞানং বিষয়াকারং জ্ঞানং তে মূর্ত্তির্যস্য তস্মৈ), প্রাণেন্দ্রিয়-মনোবুদ্ধিবিকারৈঃ (প্রাণাঃ উভয়-বিধানীন্দ্রিয়াণি চ মনঃ বুদ্ধিশ্চ বিকারাশ্চ তৈঃ) ব্যক্তিং কার্য্যরূপতাম্ ঈয়ুষে প্রাপ্তবতে নমঃ ॥২৮

মুখ্যেন প্রাণেন সূত্রাত্মকেন জগতঃ জঙ্গমস্য, তস্থুষঃ স্থাবরস্য চ ত্বমেব ঈশিষে নিয়ন্তা ভবসি। অত ত্বং প্রজানাং পতিঃ; তাসাং চিত্তস্য চিত্তেঃ তৎপরিণামভূতায়াঃ চেতনায়াঃ চ, মনসশ্চ (তন্নিয়ম্যানাম্ ইন্দ্রিয়াণাং চ পতিঃ পালকঃ ত্বমেব) যতঃ ভূতগুণাশয়েশঃ (ভূতাণাম্ আকাশাদীনাং গুণানাং শব্দাদিবিষয়াণাম্ আশয়ানাম্ অন্তঃকরণানাং তদ্‌বাসনানাং চ ঈশঃ স্রষ্টা) মহান্ ঐশ্বর্য্যাদিগুণপূর্ণঃ ত্বমেব ॥২৯

ত্রয্যা তন্বা বেদত্রয়রূপেণ ত্বম্ এব সপ্ততন্তূন্ (তন্যন্তে বিস্তার্য্যন্তে ইতি তন্তবঃ তান্) অগ্নিষ্টোমাদিযজ্ঞান্ চতুর্হোত্রকবিদ্যয়া চ (চত্বারঃ হোতারঃ হোতা উদ্গাতা অধ্বর্যুঃ ব্রহ্ম ইতি উপলক্ষিতাঃ ঋত্বিজঃ যত্র তৎ চতুর্হোত্রকং কর্ম্ম তদ্বিষয়কয়া বিদ্যয়া) বিতনোষি বিস্তারয়সি। আত্মবতাং সমনস্কানাং ত্বম্ একঃ এব অনাদিঃ অনন্তপারঃ (নাস্তি অন্তঃ কালতঃ পারঃ দেশতঃ চ যস্য তাদৃশঃ), কবিঃ সর্ব্বজ্ঞঃ,

শ্রীহিরণ্যকশিপু বলিলেন—যিনি স্বয়ংজ্যোতি, যিনি কল্পান্তে কালের প্রভাবে সৃষ্ট অন্ধকারময় আবৃত জগৎকে স্বীয় প্রভায় পুনরায় অভিব্যক্ত করিয়াছেন। আত্মগুণ সত্ত্ব, রজঃ ও তমঃ—তিনগুণের দ্বারা যিনি এই জগৎ সৃষ্টি, পালন ও সংহার করিতেছেন, সেই রজঃ, সত্ত্ব ও তমোগুণের আশ্রয়স্বরূপ পরমমহৎ আপনাকে নমস্কার করি ।২৭

(স্বপ্রকাশক, জগৎপ্রকাশক, জগৎকারণ, সৃষ্ট্যাদির কর্ত্তৃত্ব, মহত্ত্ব ও পরমেশ্বরত্ব এই ছয় ভাবে বলিয়া উহা বিশেষভাবে প্রকাশের জন্য একে একে বলেন) যিনি জগতের আদি ও বীজ, জ্ঞান-বিজ্ঞান যাঁহার মূর্ত্তি, প্রাণ ইন্দ্রিয় মন বুদ্ধি প্রভৃতি বিকার দ্বারা যিনি নিজেই নিজেকে প্রকটিত করিয়াছেন, আমি তাঁহাকে প্রণাম করি ।২৮

এই প্রকারে জগতের কারণরূপে তাঁহাকে প্রণামপূর্বক তাঁহার মহত্ত্ব ও ঈশ্বরত্ব খ্যাপনের জন্য বলিতেছেন—তুমিই এই স্থাবর ও জঙ্গমময় জগতে মুখ্য প্রাণবায়ুরূপে প্রবেশ করিয়া সকল জীবগণের পতি বা প্রজাপতি হইয়া বিরাজ করিতেছ। তুমিই চিত্তের চিত্ত, মন ও ইন্দ্রিয়গণের পতি, তুমিই মহৎ আকাশাদি, পঞ্চমহাভূত, শব্দাদি ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় এবং উহা গ্রহণ বা ত্যাগ বিষয়ে বাসনার ঈশ্বর ।২৯

(এখানে যজ্ঞের প্রবর্ত্তক এবং অন্তর্য্যামিরূপে জগতের পালকত্ব প্রতিপাদন করিয়া বলিতেছেন) তুমিই সপ্ততন্তুর ন্যায় অগ্নিষ্টোমাদি যজ্ঞ বিস্তার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

ত্বমেব কালোঽনিমিষো জনানা-
মায়ুর্লবাদ্যাবয়বৈঃ ক্ষিণোষি।
কূটস্থ আত্মা পরমেষ্ঠ্যজো মহাং-
স্ত্বং জীবলোকস্য চ জীব আত্মা ॥৩১

ত্বত্তঃ পরং নাপরমপ্যনেজ-
দেজশ্চ কিঞ্চিদ্ ব্যতিরিক্তমস্তি।
বিদ্যাঃ কলাস্তে তনবশ্চ সর্ব্বা
হিরণ্যগর্ভোঽসি বৃহৎ ত্রিপৃষ্ঠঃ ॥৩২

ব্যক্তং বিভো স্থূলমিদং শরীরং
যেনেন্দ্রিয়প্রাণমনোগুণাংস্ত্বম্।
ভুঙ্ক্ষে স্থিতো ধামনি পারমেষ্ঠ্যে
অব্যক্ত আত্মা পুরুষঃ পুরাণঃ ॥৩৩

অনন্তাব্যক্তরূপেণ যেনেদমখিলং ততম্ ।
চিদচিচ্ছক্তিযুক্তায় তস্মৈ ভগবতে নমঃ ॥৩৪

অন্তরাত্মা অন্তর্য্যামী আত্মা আত্মভূতঃ ॥৩০

ত্বম্ এব অনিমিষঃ নিমেষোন্মেষাদিরাহিতঃ কালঃ ; অতঃ লবাদ্যৈঃ অবয়বৈঃ জনানাম্ আয়ুঃ ক্ষিণোষি ক্ষপয়সি ॥ কিঞ্চ ত্বমেব জীবলোকস্য জীবঃ জীবয়িতা আত্মা তত্তদ্-ভোগ্যসম্পাদনেন সন্তর্পকঃ। যতঃ কূটস্থঃ ; অজঃ জন্মাদিরহিতঃ, পরমেষ্ঠী (পরমে স্বস্বরূপে অবস্থাতুং শীলং যস্য সঃ), মহান্ নিজানন্দপূর্ণঃ, আত্মা পরমাত্মা পুরুষোত্তমঃ ত্বম্ এব ॥৩১

পরং কারণম্, অপরং কার্য্যং, তত্রাপি এজৎ জঙ্গমং, অনেজৎ স্থাবরং চ যৎকিঞ্চিৎ অপি বস্তু ত্বত্তঃ ব্যতিরিক্তং নাস্তি। বেদাঃ বেদোপবেদাদয়ঃ, কলাঃ তদঙ্গানি ব্যাকরণাদি [illegible] তনবঃ শরীরভূতাঃ, যতঃ

ত্বম্ এব বৃহৎ ব্রহ্ম হিরণ্যগর্ভঃ (হিরণ্যং প্রকাশমানং ব্রহ্মাণ্ড গর্ভে যস্য সঃ), ত্রিপিষ্ঠঃ (ত্রয়াণাং ত্রিগুণকার্য্যভূতানাং পু[রাং] বহিরপি স্থিতঃ অসি ॥৩২

হে বিভো ! যেন পারমেষ্ঠ্যে সর্ব্বোৎকৃষ্টে স্বধামনি সত্যলোকে স্থিতঃ ত্বম্ ইন্দ্রিয়-প্রাণ-মনোগুণান্ ভুঙ্ক্ষে, অতঃ ত্ব[ম্] এব অব্যক্তঃ আত্মা নিরুপাধি ব্রহ্ম এব ; পুরাণঃ পুরুষঃ চ ॥৩৩

অনন্তাব্যক্তরূপেণ (অনন্তং ত্রিবিধপরিচ্ছেদ-শূন্যম্, অব্যক্তম্ অতীন্দ্রিয়ং চ যৎ স্বরূপং তৎ অনন্তাব্যক্তরূপং তেন) যে[ন] অখিলম্ ইদং বিশ্বং ততং ব্যাপ্তং, তস্মৈ চিদচিচ্ছক্তিযুক্তায় (চিচ্ছক্তিঃ বিদ্যা, অচিচ্ছক্তিঃ মায়া তাভ্যাং যুক্তায়) ভগবতে পূর্ণষড়্গুণায় তে নমঃ ॥৩৪

করিয়াছ। ত্রিবিধ বেদ ও চারিপ্রকার হোতার যজ্ঞকর্ম-সম্বন্ধি বিদ্যাদ্বারা এই যজ্ঞের বিস্তার করিয়া তুমিই প্রাণিগণের আত্মা, অন্তর্য্যামী অতএব সর্বজ্ঞ। তুমি এক, অখণ্ড, অনাদি ও অনন্ত ; দেশ বা কাল-দ্বারা তোমার অন্ত বা পরিচ্ছেদ নাই ।৩০

কালরূপে তুমিই সংহর্ত্তা। কালের ক্ষুদ্র অংশ লবাদিদ্বারা তুমিই সকলকে ক্ষীণ কর। এই ভাবে সৃষ্ট্যাদির কর্ত্তৃত্ব থাকিলেও তুমি নির্বিকার কূটস্থ ; যেহেতু তুমি সকলের আত্মা, জ্ঞানময় পরমেষ্ঠী, পরমেশ্বর, জন্মরহিত ও অপরিচ্ছন্ন। জীবজগৎ কর্মবশে বিকার প্রাপ্ত হয়, তুমি জীবের জীবনের হেতু অধিকারী ।৩১

তুমি ব্যতিরিক্ত আর কেহ থাকিলে তো তাহা হইতে তোমার জন্মাদি বিকার বা নিয়ামকত্বাদি থাকিত। তুমি ভিন্ন আর কোনো পরম কারণ বা কার্য্য নাই। স্থাবর-জঙ্গম তুমি ব্যতিরিক্ত কি[ছু] নাই। বেদ উপবেদ কলাবিদ্যা সকলেই তোমার অঙ্গে, তুমি হিরণ্যগর্ভ, তুমি ত্রিগুণাত্মক এক প্রধানেরও পরাৎপর ।৩২

হে বিভো, এই জগৎ আপনার স্থূল শরীর, এই শরীরের ইন্দ্রিয়, প্রাণ ও মনের বিষয় আপনি ভোগ করেন সত্য, কিন্তু আপনি এই ভাবেও পরম ঈশ্বররূপে আছেন, ঐ সকল ভোগ করিয়াও আপনি নিরুপাধি ব্রহ্ম এবং পুরাণপুরুষ আত্মা ।৩৩

একজনই কিভাবে ব্রহ্ম, আত্মা, পুরাণপুরুষ হইতে পারে এরূপ শংকা নিরসন করিয়া বলিতেছেন,—হে অনন্ত ! অব্যক্তরূপে আপনি এই জগৎ ব্যাপিয়া চিৎ অচিৎ উভয় প্রকার শক্তিযুক্ত হইয়া বিরাজ করিতেছেন, অতএব ষড়ৈশ্বর্য্যশালী আপনাকে নমস্কার ।৩৪

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি দাস্যস্যভিমতান্ বরান্ মে বরদোত্তম।
ভূতেভ্যস্ত্বদ্‌বিসৃষ্টেভ্যো মৃত্যুর্মাভূন্মম প্রভো ॥৩৫
নান্তর্বহির্দিবা নক্তমন্যস্মাদপি চায়ুধৈঃ।
ন ভূমৌ নাম্বরে মৃত্যুর্ন নরৈর্ন মৃগৈরপি ॥৩৬
ব্যসুভির্বাসুমদ্ভির্বা সুরাসুরমহোরগৈঃ।
অপ্রতিদ্বন্দ্বতাং যুদ্ধে ঐকপত্যঞ্চ দেহিনাম্ ॥৩৭
সর্বেষাং লোকপালানাং মহিমানং যথাত্মনঃ।
তপো-যোগপ্রভাবাণাং যন্ন রিষ্যতি কর্হিচিৎ ॥৩৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

হে বরদোত্তম! হে প্রভো! যদি মম অভিমতান্ বরান্ ত্বং দাস্যসি, তদা ত্বদ্‌বিসৃষ্টেভ্যঃ ভূতেভ্যঃ সকাশাৎ মম মৃত্যুঃ মরণং মা ভূৎ ॥৩৫

(গৃহাদীনাম্) অন্তঃ মধ্যে ন তেভ্যঃ বহিঃ চ, ন দিবা অহনি, ন নক্তং রাত্রৌ, অন্যস্মাৎ ত্বৎ-সৃষ্ট-ব্যতিরিক্তাৎ ত্বত্তঃ কালাৎ চ আয়ুধৈঃ খড়্গাদিভিঃ ভূমৌ পৃথিব্যাং, ন অম্বরে আকাশে, ন নরৈঃ,ন মৃগৈঃ অপি। ব্যসুভিঃ প্রাণরহিতৈঃ বা অসুমদ্ভিঃ স্বপ্রাণৈঃ, সুরাসুর-মহোরগৈঃ (সুরৈঃ দেবৈঃ অসুরৈঃ মহোরগৈঃ সর্পৈঃ চ) মে মৃত্যুঃ মা ভূৎ (ইতি মে একো বরঃ)। যথা সর্বেষাং লোকপালানাং মহিমা আত্মনঃ তব যথা অস্তি, তথা তং মহিমানং মমাপি দেহি। যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বতাং দেহিনাম্ ঐকপত্যং, তথা তপোযোগ-প্রভাবাণাং (তপসা যোগেন চ প্রভাবঃ যেষাং তেষাং) যৎ অনিমাদ্যৈশ্বর্য্যং কর্হিচিৎ অপি ন রিষ্যতি ন নশ্যতি, তৎ অপি দেহি ॥৩৬-৩৮

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

হে বরদাতাগণের শ্রেষ্ঠ! যদি আমার অভিমত বরদান করিবেন, তবে আমাকে এই বরদান করুন যেন আপনার সৃষ্ট কোন প্রাণি হইতে আমার মৃত্যু না হয় ।৩৫

আরও গৃহের অভ্যন্তরে বা বাহিরে, দিবসে বা রাত্রিতে, আপনার সৃষ্ট ব্যতিরিক্ত কাহারও দ্বারা, কোনও অস্ত্রশস্ত্রদ্বারা, ভূমিতে বা শূন্য আকাশে কোনও মানুষ বা কোনও পশুদ্বারা প্রাণহীন বা প্রাণবান্ দেবতা অসুর বা মহাসর্পাদিদ্বারাও যেন আমার মৃত্যু না হয়। যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বতা এবং জীবগণের উপর একাধিপত্য ও লোক-পালগণের উপর যে মহিমা আপনার আছে, উহা আমাকে দান করুন এবং আমার তপস্যা ও সমাধিলব্ধ প্রভাব অনিমাদি ঐশ্বর্য্য যেন কোন দিন বিনষ্ট না হয়—এই বর প্রদান করুন ।৩৬-৩৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে সপ্তমস্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
তৃতীয় অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থঃ অধ্যায়ঃ

[বরলাভানন্তরং নিখিল-লোকপালান্ পরাজিত্য বিষ্ণুদ্বেষিণা হিরণ্যকশিপুনা তেষামুৎপীড়নম্]

নারদ উবাচ।

এবং বৃতঃ শতধৃতির্হিরণ্যকশিপোরথ।
প্রাদাৎ তত্তপসা প্রীতো বরাংস্তস্য সুদুর্ল্লভান্ ॥১

ব্রহ্মোবাচ।

তাতেমে দুর্ল্লভাঃ পুংসাং যান্ বৃণীষে বরান্ মম।
তথাপি বিতরাম্যঙ্গ বরান্ যদ্যপি দুর্ল্লভান্ ॥২

ততো জগাম ভগবানমোঘানুগ্রহো বিভুঃ।
পূজিতোঽসুরবর্য্যেণ স্তূয়মানঃ প্রজেশ্বরৈঃ ॥৩
এবং লব্ধবরো দৈত্যো বিভ্রদ্ধেমময়ং বপুঃ।
ভগবত্যকরোদ্ দ্বেষং ভ্রাতুর্বধমনুস্মরন্ ॥৪
স বিজিত্য দিশঃ সর্ব্বা লোকাংশ্চ ত্রীন্ মহাসুরঃ।
দেবাসুর-মনুষ্যেন্দ্র-গন্ধর্ব্ব-গরুড়োরগান্ ॥৫
সিদ্ধ-চারণ-বিদ্যাধ্রান্ ঋষীন্ পিতৃপতীন্ মনূন্।
যক্ষ-রক্ষঃ-পিশাচেশান্ প্রেত-ভূতপতীনপি ॥৬

অন্বয়ঃ

নারদঃ উবাচ। অথ এবং বৃতঃ যাচিতঃ শতধৃতিঃ ব্রহ্মা তস্য হিরণ্যকশিপুঃ তপসা প্রীতঃ সন্ তস্য তস্মৈ সুদুর্ল্লভান্ বরান্ প্রাদাৎ ॥১

ব্রহ্মা উবাচ। হে তাত! যান্ বরান্ ত্বং মম মত্তঃ বৃণীষে, তে ইমে পুংসাং দুর্ল্লভাঃ যদ্যপি যদ্যেবং, তথাপি হে অঙ্গ! দুর্ল্লভান্ তান্ বরান্ বিতরামি দদামি ॥২

ততঃ অনন্তরম্ অসুরবর্য্যেণ পূজিতঃ প্রজেশ্বরৈঃ চ স্তূয়মানঃ অমোঘানুগ্রহঃ (অমোঘঃ অব্যর্থঃ অনুগ্রহঃ যস্য সঃ) ভগবান্ বিভুঃ ব্রহ্মা স্বস্থানম্ জগাম ॥৩

এবং লব্ধাঃ বরাঃ যেন সঃ দৈত্যঃ হিরণ্যকশিপুঃ হেমময় হিরণ্যবৎ প্রকাশমানং বপুঃ বিভ্রৎ বিভ্রাণঃ ভ্রাতুঃ হিরণ্যাক্ষস্য বধম্ অনুস্মরন্ ভগবতি বিষ্ণৌ দ্বেষম্ অকরোৎ ॥৪

সঃ মহাসুরঃ হিরণ্যকশিপুঃ ত্রীন্ লোকান্ সর্ব্বাঃ দিশঃ চ বিজিত্য দেবাসুর-মনুষ্যেন্দ্রান্, গন্ধর্ব-গরুড়-সর্পান্, সিদ্ধ-চারণ-

চতুর্থ অধ্যায়

বরলাভের পর নিখিল লোকপালগণকে পরাজিত করিয়া বিষ্ণুর প্রতি হিংসুক হিরণ্যকশিপু কর্তৃক তাঁহাদের উৎপীড়ন)

শ্রীনারদ বলিলেন—অশেষ ধৈর্য্যের আকর ব্রহ্মা হিরণ্যকশিপুর তপস্যায় প্রীত হইয়া সুদুর্লভ বর চাহিলেও উহা দিয়াছিলেন।১

ব্রহ্মা বলিলেন—বৎস! যে সকল বর আমার সমীপে তুমি প্রার্থনা করিতেছ, উহা পুরুষের অতি দুর্লভ। অতি দুর্লভ হইলেও তোমাকে আমি উহা প্রদান করিলাম।২

অনন্তর অসুরশ্রেষ্ঠ হিরণ্যকশিপুকর্ত্তৃক পূজিত এবং প্রজাপতিগণের দ্বারা সংস্তুত হইয়া অমোঘানুগ্রহ ব্রহ্মা স্বস্থানে গমন করিলেন।৩

এই প্রকারে বরলাভ করিয়া স্বর্ণকান্তি দেহ ধারণপূর্বক সে ক্রমে দেবতা, অসুর, মানুষ, ইন্দ্র, গন্ধর্ব, গরুড় ও সর্পগণকে, এমন কি সিদ্ধ, চারণ, বিদ্যাধর, ঋষিকুল, পিতৃগণ, মনুগণ, যক্ষ, রক্ষ, পিশাচেশ্বর, প্রেত ও ভূতপতিপ্রভৃতি সমস্ত প্রাণি জগতের পালকগণকে পরাজিত ও স্ববশে আনয়ন করিয়া বিশ্বজয়ী নিজের বলে লোকপালগণের স্থানও সে হরণ করিল।৪-৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বসত্ত্বপতীন্ জিত্বা বশমানীয় বিশ্বজিৎ।
জহার লোকপালানাং স্থানানি সহ তেজসা ॥৭

দেবোদ্যানশ্রিয়া জুষ্টমধ্যাস্তে স্ম ত্রিপিষ্টপম্।
মহেন্দ্রভবনং সাক্ষান্নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা।
ত্রৈলোক্যলক্ষ্ম্যায়তনমধ্যুবাসাখিলর্দ্ধিমৎ ॥৮

যত্র বিদ্রুমসোপানা মহামারকতা ভুবঃ।
যত্র স্ফাটিককুড্যানি বৈদূর্য্যস্তম্ভপঙ্‌ক্তয়ঃ ॥৯

যত্র চিত্রবিতানানি পদ্মরাগাসনানি চ।
পয়ঃফেননিভাঃ শয্যা মুক্তাদামপরিচ্ছদাঃ ॥১০

কূজদ্ভির্নূপুরৈর্দেব্যঃ শব্দয়ন্ত্য ইতস্ততঃ।
রত্নস্থলীষু পশ্যন্তি সুদতীঃ সুন্দরং মুখম্ ॥১১

তস্মিন্ মহেন্দ্রভবনে মহাবলো
মহামনা নির্জ্জিতলোক একরাট্।
রেমেঽভিবন্দ্যাঙ্‌ঘ্রিযুগঃ সুরাদিভিঃ
প্রতাপিতৈরূর্জ্জিতচণ্ডশাসনঃ ॥১২

তমঙ্গ মত্তং মধুনোরুগন্ধিনা
বিবৃত্ততাম্রাক্ষমশেষধিষ্ণ্যপাঃ।
উপাসতোপায়নপাণিভির্বিনা
ত্রিভিস্তপো-যোগ-বলৌজসাং পদম্ ॥১৩

বিদ্যাধরান্, ঋষীন্, পিতৃপতীন্, মনূন্, যক্ষ-রাক্ষস-পিশাচপতীন্, প্রেতভূতপতীন্, সর্ব্বসত্ত্বপতীন্ জিত্বা বংশম্ আনীয় বিশ্বজিৎ সন্ লোকপালানাং তেজসা সহ স্থানানি জহার ॥৫-৭

দেবোদ্যান-শ্রিয়া জুষ্টং সেবিতং ত্রিপিষ্টপং স্বর্গম্ অধ্যাস্তে স্ম, তথা সাক্ষাৎ বিশ্বকর্ম্মণা শিল্পাচার্য্যেণ নির্ম্মিতং ত্রৈলক্যলক্ষ্ম্যাঃ আয়তনম্ আশ্রয়ম্ অখিলর্দ্ধিমৎ সর্বভোগ্যোপকরণযুক্তং মহেন্দ্রভবনম্ অধ্যুবাস অধিষ্ঠিতবান্ ॥৮

যত্র ভবনে বিদ্রুমমণিময়াঃ সোপানাঃ মহামারকতাঃ ইন্দ্রনীলময়াঃ ভুবঃ স্থলানি বেদিকাদীনি, যত্র ভবনে স্ফাটিক-কুড্যানি স্ফটিকময়ানি কুড্যানি ভিত্তয়ঃ, তথা বৈদূর্য্য-মণিময়াঃ স্তম্ভানাং পংক্তয়ঃ ॥৯

যত্র চিত্রাণি বিতানানি, পদ্মরাগময়ানি আসনানি, মুক্তা-দামানি পরিচ্ছদাঃ পরিকরাঃ যাসাং তাঃ পয়ঃ-ফেননিভাঃ দুগ্ধফেনবন্মৃদুলাঃ শুভ্রাশ্চ শয্যাঃ ॥১০

তত্র চ সুদতীঃ সুদত্যঃ দেবাঃ দেবাস্ত্রয়ঃ, কূজদ্ভিঃ ধ্বনদ্ভিঃ নূপুরৈঃ ইতস্ততঃ তত্র তত্র শব্দয়ন্ত্যঃ শব্দং কুর্ব্বত্যঃ রত্নস্থলীষু সুন্দরং স্বকীয়ং মুখং পশ্যন্তি ॥১১

তস্মিন্ মহেন্দ্রভবনে সঃ মহামনাঃ নির্জ্জিতলোকঃ (নির্জিতাঃ লোকাঃ যেন সঃ) মহাবলঃ হিরণ্যকশিপুঃ প্রতাপিতৈঃ সুরাদিভিঃ দেবাদিভিঃ অভিবন্দ্যাঙ্‌ঘ্রিযুগঃ (অভিবন্দ্যে অঙ্‌ঘ্রিযুগে যস্য সঃ) ঊর্জ্জিত-চণ্ডশাসনঃ (ঊর্জ্জিতম্ অধিকং চণ্ডং প্রচণ্ডং শাসনং তাপকং যস্য সঃ) একরাট্ যথা তথা রেমে ॥১২

হে অঙ্গ যুধিষ্ঠির! ত্রিভিঃ ব্রহ্ম-বিষ্ণু-শিবৈঃ বিনা অন্যে অশেষধিষ্ণ্যপাঃ সর্ব্বে লোকপালাঃ উরুগন্ধিনা উরুগন্ধেন মধুনা সুরয়া মত্তম্ অনবহিতম্, অতঃ বিবৃত্ততাম্রাক্ষং (বিবৃত্তে বিঘূর্ণিতে তাম্রে অক্ষিণী যস্য তং) তপো-যোগ-বলৌজসাং পদম্ আশ্রয়ং তম্ অসুরম্ উপায়নং পূজাদ্রব্যং তদ্‌যুক্তৈঃ পাণিভিঃ উপাসত ॥১৩

নন্দনবনাদি দিব্য উদ্যানে পরিশোভিত স্বর্গে যাইয়া সেখানেও আবার সাক্ষাৎ বিশ্বকর্মার নির্মিত ইন্দ্রের গৃহে ত্রিলোকের সকল সম্পদের আশ্রয়স্থলে সর্ব-প্রকার সমৃদ্ধিতে পূর্ণ হইয়া সে বাস করিতে লাগিল।৮

যেখানে সোপানসমূহ প্রবাল নির্মিত ও ভূমি মরকতমণিময়, স্ফটিকের ভিত্তি আর তাহার উপর বৈদূর্য্যমণিময় স্তম্ভ শোভিত আছে।৯

বিচিত্র চন্দ্রাতপতলে পদ্মরাগমণিময় আসন, দুগ্ধ-ফেন তুল্য মৃদু ও শুভ্র শয্যা ও তাহাতে মুক্তামণির ঝালর।১০

যেখানে নূপুরসিঞ্জনে চতুর্দিক মুখরিত করিয়া দেবাঙ্গনারা রত্নখচিত স্থানে নিজেদের সুন্দর মুখ এবং দন্তের শোভা দেখিয়া থাকেন।১১

সেই ইন্দ্রালয়ে মহামনা মহাপরাক্রমশালী অসুর ত্রিলোকজয়ী একাধিপত্য বিস্তার করিয়া দেবতাগণের দ্বারাও অভিবন্দিতচরণ হইয়া মহাপ্রতাপী এবং উগ্র শাসন হিরণ্যকশিপু বিরাজ করিতে থাকিল।১২

হে রাজন্ যুধিষ্ঠির! উগ্রগন্ধ সুরাপানে প্রমত্ত, বিকশিত রক্তচক্ষু, যোগবল ও তেজের আশ্রয় সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগুর্ম্মহেন্দ্রাসনমোজসা স্থিতং
বিশ্বাবসুস্তুম্বুরুরস্মদাদয়ঃ।
গন্ধর্ব্ব সিদ্ধা ঋষয়োঽস্তুবন্ মুহু-
র্বিদ্যাধরাশ্চাপ্সরসশ্চ পাণ্ডব ॥১৪

স এব বর্ণাশ্রমিভিঃ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
ইজ্যমানো হবির্ভাগানগ্রহীৎ স্বেন তেজসা ॥১৫

অকৃষ্টপচ্যা তস্যাসীৎ সপ্তদ্বীপবতী মহী।
তথা কামদুঘা দ্যৌস্তু নানাশ্চর্য্যপদং নভঃ ॥১৬

ওজসা স্ববলেন মহেন্দ্রস্য আসনং স্থিতম্ অধিষ্ঠিতং তং হিরণ্যকশিপুং বিশ্বাবসুঃ গন্ধর্ব্বমুখ্যঃ, তুম্বুরুঃ, অস্মদাদয়ঃ নারদাদয়ঃ গাননিপুণাঃ সর্ব্বে জগুঃ তস্য গুণগানং চক্রুঃ। তথা হে পাণ্ডব। গন্ধর্ব্বসিদ্ধাঃ ঋষয়ঃ বিদ্যাধরাঃ চ অপ্সরসঃ চ মুহুঃ অস্তুবন্ ॥১৪

সঃ এব অসুরঃ বর্ণাশ্রমিভিঃ কর্তৃভিঃ ভূরিদক্ষিণা যেষু তৈঃ ক্রতুভিঃ ইজ্যমানঃ আরাধ্যমানঃ স্বেন তেজসা বলেন এব হবির্ভাগান্ অগ্রহীৎ ॥১৫

তস্য অসুরস্য সম্বন্ধিনী যা সপ্তদ্বীপবতী মহী পৃথিবী সা অকৃষ্টপচ্যা কর্ষণেন বিনা পক্কফলবতী আসীৎ; তথা দ্যৌঃ স্বর্গাভিমানিনী দেবতা কামং যথেষ্টং দোগ্ধি ইষ্টান্ অর্থান্

দানবকে সকল লোকপালগণ নানা উপহার হাতে করিয়া উপাসনা করিত। শুধু ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর তিনজন বাকী ছিলেন।১৩

যে বলপূর্ব্বক ইন্দ্রের আসন অধিকার করিয়া বসিয়াছে, বিশ্বাবসু, তুম্বুরু এবং আমি (নারদ) সকল গন্ধর্ব, সিদ্ধ, বিদ্যাধর ও অপ্সরা সকলকেই তাহার স্তব গান করিতে হইত। সে-ই নিজের বলে বর্ণাশ্রমাচারপরায়ণ ব্যক্তিগণের অনুষ্ঠিত বহু দক্ষিণাসহ যজ্ঞের হবির ভাগ গ্রহণ করিত। তাহার এরূপ প্রভাব হইল যে সপ্তদ্বীপবতী ধরণী বিনা বর্ষণেই শস্য প্রদান করিতে লাগিল। স্বর্গাভিমানিনী দেবতাগণ তাহার অভিলাষ পূর্ণ করিতে লাগিলেন এবং আকাশেও নানারূপ আশ্চর্য্য দর্শন হইতে লাগিল।১৪-১৬

রত্নাকরাশ্চ রত্নৌঘাংস্তৎপত্ন্যশ্চোহুরূর্ম্মিভিঃ
ক্ষার-সীধু-ঘৃত-ক্ষৌদ্র-দধি-ক্ষীরামৃতোদকাঃ ॥১৭

শৈলা দ্রোণীভিরাক্রীড়ং সর্ব্বর্ত্তুষু গুণান্ দ্রুমাঃ।
দধার লোকপালানামেক এব পৃথগ্ গুণান্ ॥১৮

স ইত্থং নির্জ্জিতককুবেকরাড়্ বিষয়ান্ প্রিয়ান্।
যথোপজোষং ভুঞ্জানো নাতৃপ্যদজিতেন্দ্রিয়ঃ ॥১৯

পূরয়তীতি কামদুঘা এবং নভঃ অন্তরীক্ষাভিমানিনী দেব নানাশ্চর্য্যময়ং বিবিধবস্তুপ্রদম্ অভূৎ ॥১৬

ক্ষার-সীধু-ঘৃত-ক্ষৌদ্র-(ইক্ষুরস)-দধি-ক্ষীরামৃতোদকাঃ রত্নাকরাঃ সমুদ্রাঃ তৎপত্ন্যঃ নদ্যশ্চ ঊর্ম্মিভিঃ তরঙ্গৈঃ রত্নৌঘান্ রত্নসমূহান্ উহুঃ প্রাপয়ামাসুঃ ॥১৭

শৈলাঃ পর্ব্বতাঃ, দ্রোণীভিঃ আক্রীড়ং ক্রীড়াস্থানং, দ্রুমাঃ সর্ব্বে এব সর্ব্বেষু এব ষট্সু ঋতুষু স্ব-স্ব-গুণান্ ফলপুষ্পাদীন্ প্রকটিতবন্তঃ। সঃ একঃ এব সর্ব্বেষাং লোকপালানাম্ ইন্দ্রাগ্নিবায়্বাদীনাং পৃথক্ গুণান্ বর্ষণ-দাহ-শোষণাদিরূপান্ দধার সর্ব্বেষাম্ আধিপত্যমেক এব চকার ॥১৮

ইত্থং নির্জ্জিতাঃ ককুভঃ দিশঃ যেন সঃ অতএব একঃ রা

লবণ, ইক্ষু, সুরা, ঘৃত, মধু, দধি, দুগ্ধ ও অমৃতাস্বাদ জলে পূর্ণ, রত্নাকর সাগরগণ বহুরত্ন দান করিতে প্রবৃত্ত হইল। তাহাদের পত্নী নদীরাও তরঙ্গে তরঙ্গে রত্ন বহন করিয়া দিতে লাগিল।১৭

গহ্বর সহ শৈলসমূহ তাহার ক্রীড়াস্থলী হইল। সকল লোকপালের কার্য্য (বর্ষণ, দহন ও শোষণ প্রভৃতি) সে একাই সমাধান করে বলিয়া তাহার নিমিত্ত বৃক্ষসকল সকল ঋতুতেই স্ব স্ব ফল পুষ্প নিজগুণ ভূষিত হইয়া অবস্থান করে।১৮

এই প্রকারে দিগ্‌বিজয়ী একাধিপতি নিজের প্রিয় ভোগ্যবিষয় ভোগ করিয়াও কিন্তু অজিতেন্দ্রিয় বলিয়া তৃপ্তি লাভ করিল না। এই প্রকার ঐশ্বর্য্য প্রমত্ত, অভিমানী ও উৎপথগামী দানবের বহুকাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবমৈশ্বর্য্যমত্তস্য দৃপ্তস্যোচ্ছাস্ত্রবর্ত্তিনঃ।
কালো মহান্ ব্যতীয়ায় ব্রহ্মশাপমুপেয়ুষঃ ॥২০
তস্যোগ্রদণ্ডসংবিগ্নাঃ সর্ব্বে লোকাঃ সপালকাঃ।
অন্যত্রালব্ধশরণাঃ শরণং যযুরচ্যুতম্ ॥২১
তস্মৈ নমোঽস্তু কাষ্ঠায়ৈ যত্রাত্মা হরিরীশ্বরঃ।
যদ্গত্বা ন নিবর্ত্তন্তে শান্তাঃ সান্ন্যাসিনোঽমলাঃ॥২২
ইতি তে সংযতাত্মানঃ সমাহিতধিয়োঽমলাঃ।
উপতস্থুর্হৃষীকেশং বিনিদ্রা বায়ুভোজনাঃ ॥২৩

তেষামাবিরভূদ্ বাণী অরূপা মেঘনিস্বনা।
সন্নাদয়ন্তী ককুভঃ সাধুনামভয়ঙ্করী ॥২৪

মা ভৈষ্ট বিবুধশ্রেষ্ঠাঃ সর্ব্বেষাং ভদ্রমস্তু বঃ।
মদ্দর্শনং হি ভূতানাং সর্ব্বশ্রেয়োপপত্তয়ে ॥২৫

জ্ঞাতমেতস্য দৌরাত্ম্যং দৈতেয়াপসদস্য যৎ।
তস্য শান্তিং করিষ্যামি কালং তাবৎ প্রতীক্ষত ॥২৬

রাজতে ইত্যেকরাট্ সন্ যথোপজোষং যথাপ্রীতি প্রিয়ান্ ইষ্টান্ বিষয়ান্ ভুঞ্জানঃ অপি অজিতেন্দ্রিয়ঃ অত্যন্তাবিবেকী ন অতৃপ্যৎ ॥১৯

এবম্ উচ্ছাস্ত্রবর্ত্তিনঃ শাস্ত্রমর্য্যাদামুল্লঙ্ঘ্য বর্ত্তমানস্য ঐশ্বর্য্য-মত্তস্য দৃপ্তস্য গর্বিতস্য ব্রহ্মশাপম্ উপেয়ুষঃ সনকাদিশাপাৎ প্রাপ্তবতঃ মহান্ কালঃ ব্যতীয়ায় অতিক্রান্তঃ অভূৎ ॥২০

তস্য দৈত্যস্য উগ্রেণ দণ্ডেন শাসনেন সংবিগ্নাঃ অতিভীতাঃ সপালকাঃ সর্ব্বে লোকাঃ অন্যত্র ভগবতঃ সকাশাৎ ন লব্ধং শরণং রক্ষকঃ রক্ষণং বা যৈঃ তে অচ্যুতং বিষ্ণুং শরণং যযুঃ ॥২১

যত্র যস্যাং হরিঃ শরণাগতদুঃখহর্ত্তা ভগবান্ আস্তে, তস্যৈ কাষ্ঠায়ৈ দিশে নমঃ; যৎ যং শ্রীহরিং গত্বা প্রাপ্য শান্তাঃ অমলাঃ, সন্ন্যাসিনঃ ন নিবর্ত্তন্তে ॥২২

ইতি এবং সংযতাত্মানঃ বশীকৃত-বাহেন্দ্রিয়াঃ ; সমাহিতধিয়ঃ বশীকৃতান্তঃকরণা, বিনিদ্রাঃ বশীকৃতদেহাঃ, বায়ুভোজনাঃ বশীকৃতপ্রাণাঃ, অমলাঃ মৎসরাদি-দোষ-রহিতাঃ সন্তঃ তে হৃষীকেশং হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাং নিয়ন্তারং ভগবন্তম্ উপতস্থুঃ তুষ্টুবুঃ ॥২৩

উপতিষ্ঠতাং তেষাম্ অরূপা মেঘনিস্বনা গম্ভীরঘোষা সাধুনাম্ অভয়ঙ্করী ভয়নিবর্ত্তকা বাণী ককুভঃ দিশঃ সন্নাদয়ন্তী প্রতিধ্বনয়ন্তী আবিরভূৎ ॥২৪

হে বিবুধশ্রেষ্ঠাঃ! যূয়ং মা ভৈষ্ট! ভয়ং মা কুরুত! বঃ যুষ্মাকং সর্ব্বেষাং ভদ্রং সুখম্ এব অস্তু। হি যস্মাৎ, মম দর্শনং কটাক্ষঃ এব ভূতানাং সর্ব্বশ্রেয়সাং পুরুষার্থানাম্ উপপত্তয়ে প্রাপ্তয়ে ভবতি ॥২৫

দৈতেয়াপসদস্য (দৈতেয়েষু অপসদস্য অধমস্য) এতস্য হিরণ্যকশিপোঃ যৎ দৌরাত্ম্যং দুর্জ্জনত্বম্, তৎ ময়া জ্ঞাতমেব। অতঃ তস্য শান্তিং বধং যাবৎ করিষ্যামি, তাবৎ কালং প্রতীক্ষত। বিলম্বং সহধ্বম্ ॥২৬

অতিবাহিত হইল। ব্রহ্মশাপগ্রস্ত সেই দানবের উগ্র দণ্ডবিধানের ফলে লোকপালসহ সকলেরই অত্যন্ত উদ্বেগ হইল। তাঁহারা অন্যত্র কোথাও শরণ গ্রহণ করিবার মত আশ্রয় না পাইয়া অচ্যুতের শরণাপন্ন হইলেন। তাঁহারা সংযতেন্দ্রিয়, সমাহিত-চিত্ত, নির্মল, বিনিদ্র ও বায়ুমাত্র ভোজন করিয়া হৃষীকেশের উপাসনা করিয়া বলিলেন—যেদিকে আত্মা শ্রীহরি-পরমেশ্বর অবস্থান করেন, যেখানে গেলে শান্তমনা নির্মলান্তঃকরণ সন্ন্যাসিগণ আর ফিরিয়া আসেন না, সেই দিক্‌কে প্রণাম করি।১৯-২৩

এই ভাবে লোকপালগণ উপাসনা করিতে থাকিলে বক্তারহিত অশরীরী বাণী দিক্‌সমূহকে মুখরিত করিল। মেঘগম্ভীর সেই ধ্বনি সাধুগণের অভয়ঙ্করী।২৪

তাঁহারা শুনিলেন—হে বিবুধশ্রেষ্ঠগণ! আপনাদের সকলের মঙ্গল হউক। আমার দর্শন সকল জীবের পরম মঙ্গলের কারণ। দানবাধমের দৌরাত্ম্য আমি জানিয়াছি, তাহার উপশমের কাল পর্য্যন্ত আপনারা প্রতীক্ষা করুন।২৫-২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথা দেবেষু বেদেষু গোষু বিপ্রেষু সাধুষু।
ধর্ম্মে ময়ি চ বিদ্বেষঃ স বা আশু বিনশ্যতি ॥২৭

নির্ব্বৈরায় প্রশান্তায় স্বসুতায় মহাত্মনে।
প্রহ্লাদায় যদা দ্রুহ্যেদ্ধনিষ্যেঽপি বরোর্জ্জিতম্ ॥২৮

নারদ উবাচ।

ইত্যুক্তা লোকগুরুণা তং প্রণম্য দিবৌকসঃ।
ন্যবর্ত্তন্ত গতোদ্বেগা মেনিরে চাসুরং হতম্ ॥২৯

যদা যস্মিন্ কালে যস্য প্রাণিনঃ দেবেষু, বেদেষু, গোষু, বিপ্রেষু, সাধুষু, ধর্ম্মে, ময়ি চ বিদ্বেষঃ জায়তে, তদা সঃ বৈ অবধারণে, আশু বিনশ্যতি ॥২৭

যদা হিরণ্যকশিপুঃ নির্ব্বৈরায় প্রশান্তায় স্বসুতায় মহাত্মনে প্রহ্লাদায় দ্রুহ্যেৎ, তদা বরোর্জ্জিতম (ব্রহ্মবরৈঃ উর্জ্জিতং বর্দ্ধিতম্ অপি) এনম্ অহং হনিষ্যে ॥২৮

নারদঃ উবাচ। ইতি এবং লোকগুরুণা উক্তাঃ, অতঃ গতোদ্বেগাঃ (গতঃ উদ্বেগঃ ভয়ং যেষাং তথাবিধাঃ তে) দিবৌকসঃ দেবাঃ তং প্রণম্য তদুপস্থানম্ উপাসনাৎ ন্যবর্ত্তন্ত তথা অসুরং চ হতপ্রায়ং মেনিরে অমন্যন্ত ॥২৯

যখন কোনও ব্যক্তি দেবতা, বেদ, গোমাতা, ব্রাহ্মণ, সাধু, ধর্ম ও আমার প্রতি বিদ্বেষ করে, তখন সেই বিদ্বেষী অনতিবিলম্বে বিনিষ্ট হয়।২৭

ব্রহ্মার বরে অত্যন্ত তেজোদৃপ্ত হইলেও হিরণ্যকশিপু যখন তাহার নিজপুত্র মহাত্মা প্রশান্তমনা নির্বৈর-প্রহ্লাদের প্রতি দ্রোহ আচরণ করিবে, তখন আমি তাহাকে নিহত করিব।২৮

শ্রীনারদ বলিলেন—এই প্রকার উক্তি শ্রবণ করিয়া দেববৃন্দ লোকগুরু ভগবান্‌কে প্রণাম করিয়া "আর চিন্তা নাই, অসুর এবার মরিয়াছে" ভাবিয়া স্বস্থানে প্রত্যাবর্তন করিলেন।২৯

তস্য দৈত্যপতেঃ পুত্রাশ্চত্বারঃ পরমাদ্ভুতাঃ।
প্রহ্লাদোঽভূন্মহাংস্তেষাং গুণৈর্মহদুপাসকঃ ॥৩০

ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ।
আত্মবৎ সর্ব্বভূতানামেকপ্রিয়সুহৃত্তমঃ ॥৩১

দাসবৎ সন্নতার্য্যাঙ্ঘ্রিঃ পিতৃবৎ দীনবৎসলঃ।
ভ্রাতৃবৎ সদৃশে স্নিগ্ধো গুরুষ্বীশ্বরভাবনঃ।
বিদ্যার্থরূপজন্মাঢ্যো মানস্তম্ভবিবর্জ্জিতঃ ॥৩২

তস্য দৈত্যপতেঃ প্রহ্লাদানুহ্লাদ-সংহ্লাদ-হ্লাদাখ্যাঃ চত্বারঃ পরমাদ্ভুতাঃ পুত্রাঃ আসন্। তেষাং মধ্যে প্রহ্লাদঃ গুণৈঃ কৃত্বা মহান্ অভূৎ; যতঃ মহদুপাসকঃ মহতাং ভগবদ্ভক্তানাম্ উপাসকঃ ভগবদ্ভক্তিনিষ্ঠঃ ইতি ॥৩০

ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ (শীলেন সুস্বভাবেন যুক্তঃ) সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, জিতেন্দ্রিয়ঃ (জিতানি অন্তর্বাহ্যানি ইন্দ্রিয়াণি যেন সঃ) আত্মবৎ পরমাত্মবৎ একঃ এব সর্ব্বভূতানাং প্রিয়ঃ সুহৃত্তমঃ হিতৈষী চ ॥৩১

দাসবৎ সম্যক্ নতাঃ নমস্কৃতাঃ আর্য্যাণাং মহতাম্ অঙ্ঘ্রয়ঃ যেন সঃ; পিতৃবৎ দীনেষু বাৎসল্যযুক্তঃ, ভ্রাতৃবৎ সদৃশেষু স্বতুল্যেষু স্নিগ্ধঃ অনুরাগযুক্তঃ, গুরুষু ঈশ্বরঃ ইতি ভাবনা দৃষ্টিঃ যস্য সঃ;

দানবের বিদ্বেষের কথা বলিবার নিমিত্ত প্রথমতঃ পুত্র প্রহ্লাদের মহত্ত্বের কথা প্রকাশ করিতেছেন। সেই দৈত্যপতি হিরণ্যকশিপুর চারিটি পুত্র। পরম অদ্ভুতচরিত্র তাহারা। তন্মধ্যে প্রহ্লাদ মহদ্দিগের উপাসনায় গুণে মহান্ হইয়াছিলেন।৩০

তিনি জিতেন্দ্রিয়, ব্রহ্মণ্য, সুশীল, সত্যসন্ধ, সর্বভূতে প্রীতিসম্পন্ন সকলের সুহৃত্তম পরমবান্ধব ছিলেন।৩১

মান্যব্যক্তির সমীপে তিনি দাসের মত থাকিতেন, দীনজনের প্রতি বাৎসল্য-ভাবাপন্ন, সমান ব্যক্তির সঙ্গে স্নেহবান্ ও গুরুজনের প্রতি ঈশ্বরভাবনা-পরায়ণ ছিলেন। তাঁহার বিদ্যা, ধন, রূপ এবং আভিজাত্য সম্বন্ধে অহঙ্কার বা অভিমান ছিল না।৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নোদ্বিগ্নচিত্তো ব্যসনেষু নিস্পৃহঃ
শ্রুতেষু দৃষ্টেষু গুণেষ্ববস্তুদৃক্।
দান্তেন্দ্রিয়-প্রাণ-শরীরধীঃ সদা
প্রশান্তকামো রহিতাসুরোঽসুরঃ ॥৩৩
যস্মিন্ মহদ্গুণা রাজন্ গৃহ্যন্তে কবিভির্মুহুঃ।
ন তেঽধুনাপিধীয়ন্তে যথা ভগবতীশ্বরে ॥৩৪
যং সাধুগাথাসদসি রিপবোঽপি সুরা নৃপ।
প্রতিমানং প্রকুর্ব্বন্তি কিমুতান্যে ভবাদৃশাঃ ॥৩৫
গুণৈরলমসংখ্যেয়ৈর্মাহাত্ম্যং তস্য সূচ্যতে।
বাসুদেবে ভগবতি যস্য নৈসর্গিকী রতিঃ ॥৩৬
ন্যস্তক্রীড়নকো বালো জড়বৎ তন্মনস্তয়া।
কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ন বেদ জগদীদৃশম্ ॥৩৭
আসীনঃ পর্য্যটন্নশ্নন্ শয়ানঃ প্রপিবন্ ব্রুবন্।
নানুসন্ধত্ত এতানি গোবিন্দপরিরম্ভিতঃ ॥৩৮
ক্বচিদ্ রুদতি বৈকুণ্ঠচিন্তাশবলচেতনঃ।
ক্বচিদ্ধসতি তচ্চিন্তাহ্লাদ উদ্গায়তি ক্বচিৎ ॥৩৯

তথা বিদ্যা শাস্ত্রজ্ঞানম্, অর্থঃ বিত্তম্, রূপং সৌন্দর্য্যম্, জন্ম আভিজাত্যম্ তৈঃ আঢ্যঃ সম্পন্নঃ অপি মানস্তম্ভবিবর্জিতঃ অভিমান-শূন্যঃ ॥৩২

ব্যসনেষু দুঃখেষু ন উদ্বিগ্নং ভীতং ব্যাকুলং চিত্তং যস্য সঃ; শ্রুতেষু আমুষ্মিকেষু স্বর্গাদিষু, দৃষ্টেষু বিষয়েষু গুণেষু চ অবস্তুদৃক্ অপ্রয়োজকত্ববুদ্ধিঃ, অতঃ নিস্পৃহঃ তৃষ্ণারহিতঃ। দান্তেন্দ্রিয়প্রাণ-শরীরধীঃ (দান্তাঃ নিয়মেন বশীকৃতাঃ ইন্দ্রিয়াদয়ঃ যস্য সঃ) প্রশান্তঃ কামঃ কামহেতু মনঃ যস্য সঃ; স্বয়ম্ অসুরঃ অপি রহিতাসুরঃ মাৎসর্য্যাত্তসুর-ভাবরহিতঃ প্রহ্লাদঃ আসীৎ ॥৩৩

হে রাজন্! ভগবতি ঈশ্বরে যথা তথা, যস্মিন্ প্রহ্লাদে মহদ্গুণাঃ (মহতঃ ভগবতঃ মহতাং ভক্তানাং বা যে গুণাঃ নিঃস্পৃহত্বাদয়ঃ) কবিভিঃ বিবেকিভিঃ মুহুঃ গৃহ্যন্তে এব, তথা মহতি কালে গতে অপি অধুনা তে গুণাঃ ন অপিধীয়ন্তে তিরোহিতাঃ ন ভবন্তি ॥৩৪

হে নৃপ! সাধুগাথাসদসি সাধুকথাপ্রসঙ্গবত্যাং সভায়াং রিপবঃ শত্রবঃ অপি সুরাঃ, যং প্রহ্লাদং প্রতিমানং (সাধনম্বে প্রহ্লাদতুল্যোঽয়ং ভক্তঃ ইতি দৃষ্টান্তং) প্রকুর্ব্বন্তি, অন্যে ভবাদৃশঃ তং প্রতিমানং কুর্ব্বন্তি ইতি কিমু বক্তব্যম্ ॥৩৫

অসংখ্যেয়ৈঃ গুণৈঃ তস্য মাহাত্ম্যম্ অলম্ অত্যর্থম্ এব সূচ্যতে দ্যোত্যতে মাত্রম্; যতঃ যস্য প্রহ্লাদস্য বাসুদেবে ভগবতি নৈসর্গিকী স্বাভাবিকী রতিঃ জাতা ॥৩৬

বালঃ অপি ন্যস্তক্রীড়নকঃ পরিত্যক্ত-ক্রীড়াসাধনঃ, জড়বৎ সন্ কৃষ্ণ এব গ্রহঃ তেন গৃহীতঃ আকৃষ্টঃ আত্মা মনঃ যস্য সঃ; তন্মনস্তয়া ভগবদেকচিত্তত্বেন ঈদৃশং যথাভিব্যক্তং জগৎ ন বেদ ॥৩৭

গোবিন্দেন পরিরম্ভিতঃ সন্ আসীনঃ পর্য্যটন্ অশ্নন্ শয়ানঃ প্রপিবন্ ব্রুবন্ এতানি ন অনুসন্ধত্তে ন জানাতি ॥৩৮

বৈকুণ্ঠচিন্তয়া শবলা ব্যামিশ্রা চেতনা যস্য সঃ ক্বচিৎ রুদতি;

বিপদে তাঁহার চিত্ত উদ্বিগ্ন হইত না, দৃষ্ট ও শ্রুত বিষয়ে অবস্তু বিচার করিতেন, এজন্য তিনি বিষয়ের প্রতি স্পৃহাহীন ছিলেন। তাঁহার দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও বুদ্ধি সংযত এবং কামনা শান্ত হওয়ার ফলে অসুরকুলে জন্মগ্রহণ করিলেও তাহার অসুরভাব ছিল না।৩৩

হে রাজন্! কবি জ্ঞানীজন যাঁহার মহদ্ গুণসকল গ্রহণ করিয়া থাকেন, তাঁহার আজও সেই সকল গুণ তিরোহিত হয় নাই। যেমন ভগবান্ ঈশ্বরে সদ্গুণ-সমূহ বিদ্যমান থাকে, তেমন তাঁহারও জানিবে।৩৪

হে রাজন্! দেবতারা অসুরকুলের শত্রু হইয়াও সৎকথা আলোচনা প্রসঙ্গে যে প্রহ্লাদকে সর্ব্বজন-গ্রাহ্য সাধনমার্গে আদর্শ স্থল বলিয়া স্বীকার করেন, তখন আপনাদের কথা আর কি বলিব ?৩৫

ভগবান্ বাসুদেবে যাঁহার রতি স্বাভাবিক তাঁহার গুণ অগণিত, আমি শুধু তাহার মাহাত্ম্য সূচনা করিলাম।৩৬

বাল্যাবস্থায়ই প্রহ্লাদ খেলার সামগ্রী পরিত্যাগ করত কৃষ্ণগ্রহ গৃহীত হইয়া তন্ময়ভাবে জড়বস্তুর মত নিস্পন্দ হইয়া থাকিতেন, জাগতিক কোন ও কিছুই তিনি জানিতেন না এরূপ তাঁহার স্বাভাবিক রতি।৩৭

শ্রীগোবিন্দকর্ত্তৃক আলিঙ্গন অনুভব করিয়া উপবিষ্ট অবস্থায়, ভ্রমণদশায়, ভোজন সময়ে, শয়নাবস্থায়, জলপান সময়ে বা কথা বলিবার কালে কোনও সময়েই ঐ সকল বিষয়ে অনুসন্ধান রাখিতেন না।৩৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নদতি ক্বচিদুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি ক্বচিৎ।
ক্বচিৎ তদ্ভাবনাযুক্তস্তন্ময়োঽনুচকার হ ॥৪০
ক্বচিদুৎপুলকস্তূষ্ণীমাস্তে সংস্পর্শনির্বৃতঃ।
অস্পন্দপ্রণয়ানন্দসলিলামীলিতেক্ষণঃ ॥৪১
স উত্তমঃশ্লোকপদারবিন্দয়ো-
র্নিষেবয়াঽকিঞ্চনসঙ্গলব্ধয়া।
তন্বন্ পরাং নির্বৃতিমাত্মনো মুহু-
র্দুঃসঙ্গদীনস্য মনঃ শমং ব্যধাৎ ॥৪২

তস্মিন্ মহাভাগবতে মহাভাগে মহাত্মনি।
হিরণ্যকশিপূ রাজন্নকরোদঘমাত্মজে ॥৪৩

যুধিষ্ঠির উবাচ।

দেবর্ষ এতদিচ্ছামো বেদিতুং তব সুব্রত।
যদাত্মজায় শুদ্ধায় পিতাদাৎ সাধবে হ্যঘম্ ॥৪৪
পুত্রান্ বিপ্রতিকূলান্ স্বান্ পিতরঃ পুত্রবৎসলাঃ।
উপালভন্তে শিক্ষার্থং নৈবাঘমপরো যথা ॥৪৫

পুনঃ ক্বচিৎ হসতি, ক্বচিৎ তচ্চিন্তাহ্লাদঃ (চিন্তয়া আহ্লাদঃ যস্য সঃ) ক্বচিৎ উদ্গায়তি ॥৩৯

ক্বচিৎ উচ্চীকৃতকণ্ঠঃ সন্ নদতি, ক্বচিৎ বিলজ্জঃ সন্ নৃত্যতি, ক্বচিৎ তস্য কৃতস্য ভাবনাতিশয়েন যুক্তঃ তন্ময়ঃ সন্ অনুচকার তল্লীলাং স্বয়ং কৃতবান্ ॥৪০

ক্বচিৎ অকস্মাৎ স্বহৃদয়ে এব ভগবন্তম্ আলোক্য তৎপাণি-স্পর্শেন নির্বৃতঃ, অতএব উৎপুলকঃ উদঞ্চিতরোমা, অস্পন্দঃ স্থিরঃ যঃ প্রণয়ঃ স্নেহঃ, তেন যঃ আনন্দঃ তেন যৎ সলিলং তেন যুক্তে আমীলিতে ঈষন্নিমীলিতে ঈক্ষণে যস্য সঃ প্রহ্লাদঃ ক্বচিৎ তূষ্ণীম্ আস্তে ॥৪১

সঃ প্রহ্লাদঃ অকিঞ্চিন-সঙ্গলব্ধয়া (অকিঞ্চনাঃ ত্যক্তসর্ব্ব-লৌকিক-বৈদিকব্যবহারাঃ ভগবদ্ভক্তাঃ তেষাং সঙ্গেন লব্ধয়া) উত্তমঃশ্লোকস্য পদারবিন্দয়োঃ নিষেবয়া আত্মনঃ স্বস্য পরাং নির্বৃতিং পরমানন্দং তন্বন্ বিস্তারয়ন্ মুহুঃ দুঃসঙ্গেন দীনানাং অন্যেষাম্ অপি মনঃ সমং শান্তং ব্যধাৎ ভগবন্নিষ্ঠং অকোরৎ ॥৪২

হে রাজন্! মহাভাগবতে ভগবদ্ভক্তশ্রেষ্ঠে, মহাভাগে ভগবতা অনুগ্রাহ্যে, মহাত্মনি আনন্দপূর্ণত্বেন উদারচিত্তে আত্মজে প্রীতিযোগ্যে, তস্মিন্ প্রহ্লাদে হিরণ্যকশিপুঃ অঘং দ্রোহম্ অকরোৎ ॥৪৩

যুধিষ্ঠিরঃ উবাচ। হে সুব্রত দেবর্ষে! শুদ্ধায় সাধবে আত্মজায় পুত্রায় পিতা যৎ অঘম্ অদাৎ, এতৎ তব হৃদয়ে বেদিতুম্ ইচ্ছামঃ ॥৪৪

বিপ্রতিকুলান্ স্বান্ স্বকীয়ান্ পুত্রান্ পুত্রবৎসলাঃ পিতরঃ

ভগবান্ বৈকুণ্ঠের চিন্তার সংমিশ্রণে তাহার চেতনা ক্ষুব্ধ হইত। তাই তিনি কখনও কাঁদিতেন, কখনও হাসিতেন, কখনও আনন্দে উচ্চস্বরে গান করিতেন।৩৯

উৎকণ্ঠায় কোন সময় চিৎকার করিতেন, আবার নির্লজ্জের মত নৃত্য করিতেন, কখনও ভগবদ্‌ভাবনায় তন্ময় হইয়া তাহার লীলার অনুকরণ করিতেন।৪০

কখনও পুলকাঙ্গ হইয়া চুপ্ করিয়া ভগবৎ-সংস্পর্শের আনন্দ অনুভব করিতেন। তখন তাঁহার দেহ স্পন্দনহীন ও নয়নযুগল প্রেমানন্দাশ্রুতে ঈষৎ নিমীলিত হইয়া থাকিত।৪১

অকিঞ্চন ভক্তসঙ্গলব্ধ ভগবান্ উত্তমঃশ্লোকের চরণকমলযুগলের সেবানন্দে মুহুর্মুহু আনন্দ বিস্তার করিয়া তিনি দুঃসঙ্গজনিত দীনজনেরও মনকে শান্ত করিয়া দিতেন।৪২

হে রাজন্! সেই মহাভাগ্যবান্ মহাভাগবত মহাত্মা নিজের পুত্র হইলেও তাঁহার প্রতি হিরণ্যকশিপু দ্রোহাচরণ করিতে লাগিল।৪৩

শ্রীযুধিষ্ঠির বলিলেন—হে সুব্রত দেবর্ষি! পিতা হইয়াও শুদ্ধ-চরিত্র স্বপুত্রের প্রতি কেন তিনি দ্রোহাচরণ করেন, তাহা জানিতে ইচ্ছা করি।৪৪

পুত্র যদি বিপরীত ভাবাপন্ন অবাধ্য হয়, তবে পুত্রবৎসল পিতা তাহাদিগকে শিক্ষা প্রদানের নিমিত্ত তিরস্কার করেন, অপর কোনও ব্যক্তির মত তিনি কি পুত্রের দ্রোহাচরণ করেন না।৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিমুতানুবশান্ সাধূংস্তাদৃশান্ গুরুদেবতান্।
এতৎ কৌতূহলং ব্রহ্মন্নস্মাকং বিধম প্রভো।
পিতুঃ পুত্রায় যদ্ দ্বেষো মরণায় প্রযোজিতঃ ॥৪৬

কিল শিক্ষার্থম্ এব উপালভন্তে আক্ষিপন্তে; অপরঃ শত্রুঃ যথা অঘং দ্রোহং নৈব কুর্ব্বন্তি ॥৪৫

অনুবশান্ স্বানুকূলান্ সাধূন্ তাদৃশান্ প্রহ্লাদসদৃশান্ গুরুদেবতান্ (গুরুঃ পিতা মন্ত্রাদ্যুপদেষ্টা চ দেবতাবৎ উপাসনীয়ঃ যেষাং তান্) দ্রোহং কুর্ব্বন্তি ইতি কিমুত বক্তব্যম্ ইতি॥

পিতাপ্রভৃতি গুরুজনকে যাঁহারা দেবতার মত শ্রদ্ধা করেন, সেইরূপ সাধুস্বভাব অনুকূলভাবাপন্ন পুত্রের সম্বন্ধে আর কি বলা যায়। হে ব্রহ্মন্, পুত্রের

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ ।৪

হে ব্রহ্মন্! হে প্রভো! পিত্রা যৎ পুত্রায় দ্বেষঃ প্রযোজিতঃ, সঃ তস্য পিতুঃ মরণায় কথম্ অভূৎ ইত্যেতৎ অস্মাকং কৌতূহলং সন্দেহং বিধম অপাকুরু ইতি ॥৪৬

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

মৃত্যুর নিমিত্ত পিতার যে শত্রুতা ইহা আমাদের বিরুদ্ধ বলিয়া মনে হয়। প্রভো! এই বিষয়ে আমাদের কৌতূহল নিবৃত্ত করুন ।৪৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ

[হিরণ্যকশিপোঃ প্রহ্লাদবধপ্রয়াসঃ।]

নারদ উবাচ।
পৌরোহিত্যায় ভগবান্ বৃতঃ কাব্যঃ কিলাসুরৈঃ।
শণ্ডামর্কৌ সুতৌ তস্য দৈত্যরাজগৃহান্তিকে ॥১

অন্বয়ঃ

নারদঃ উবাচ। ভগবান্ জ্ঞানী কাব্যঃ শুক্রঃ কিল অসুরৈঃ পৌরহিত্যায় পুরোহিতকর্ম্ম কর্ত্তুং বৃতঃ স্বীকৃতঃ। তস্য কাব্যস্য সুতৌ শণ্ডামর্কাখ্যৌ দৈত্যরাজস্য হিরণ্যকশিপোঃ গৃহস্য অন্তিকে সমীপে ন্যবসতাম্ ॥১

পঞ্চম অধ্যায়

[হিরণ্যকশিপুকর্ত্তৃক প্রহ্লাদকে বধ করিবার প্রয়াস।]

শ্রীনারদ বলিলেন—অসুরগণ ভগবান্ শুক্রাচার্য্যকে পুরোহিতের পদে বরণ করিয়াছিলেন।

তৌ রাজ্ঞা প্রাপিতং বালং প্রহ্লাদং নয়কোবিদম্।
পাঠয়ামাসতুঃ পাঠ্যানন্যাংশ্চাসুরবালকান্ ॥২

অন্বয়ঃ

তৌ চ শণ্ডা-মর্কৌ রাজ্ঞা হিরণ্যকশিপুনা প্রাপিতং প্রেষিতং নয়কোবিদং (নয়ে মুক্ত্যা তত্ত্ববিচারে কোবিদং নিপুণং) বালং প্রহ্লাদং তথা অন্যান্ অসুরবালকান্ পাঠ্যান্ দণ্ডনীত্যাদীন্ পাঠয়ামাসতুঃ॥২

তাঁহার দুই পুত্র ষণ্ড এবং অমর্ক দৈত্যরাজ হিণ্যকশিপুর গৃহের নিকটেই থাকিতেন।১

তাঁহারা দুইজনে নৃপতি হিরণ্যকশিপুকর্ত্তৃক প্রেরিত তাঁহার নীতিনিপুণ এবং পুত্র প্রহ্লাদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যত্তত্র গুরুণা প্রোক্তং শুশ্রুবেঽনু পপাঠ চ।
ন সাধু মনসা মেনে স্বপরাসদ্‌গ্রহাশ্রয়ম্ ॥৩
একদাসুররাট্ পুত্রমঙ্কমারোপ্য পাণ্ডব।
পপ্রচ্ছ কথ্যতাং বৎস মন্যতে সাধু যদ্ভবান্ ॥৪
প্রহ্লাদ উবাচ।
তৎ সাধু মন্যেঽসুরবর্য্য দেহিনাং
সদা সমুদ্বিগ্নধিয়ামসদ্‌গ্রহাৎ।
হিত্বাত্মপাতং গৃহমন্ধকূপং
বনং গতো যদ্ধরিমাশ্রয়েত ॥৫
নারদ উবাচ।
শ্রুত্বা পুত্রগিরো দৈত্যঃ পরপক্ষসমাহিতাঃ।
জহাস বুদ্ধির্বালানাং ভিদ্যতে পরবুদ্ধিভিঃ ॥৬
সম্যগ্বিধার্য্যতাং বালো গুরুগেহে দ্বিজাতিভিঃ।
বিষ্ণুপক্ষৈঃ প্রতিচ্ছন্নৈর্ন ভিদ্যেতাস্য ধীর্যথা ॥৭

তত্র গুরুগৃহে যৎ দণ্ডনীতিশাস্ত্রং গুরুণা প্রোক্তং, তৎ প্রহ্লাদঃ শুশ্রুবে শ্রুতবান্ ; অনু অনন্তরং পপাঠ চ, পরং তু তৎ সাধু সম্যক্ মনসা ন মেনে ; যতঃ স্বপরাসদ্‌গ্রহাশ্রয়ম্ (অয়ম্ স্বঃ স্বকীয়ঃ, অয়ং পরঃ শত্রুঃ ইত্যেবম্ভূতঃ যঃ অসদ্‌গ্রহঃ। মিথ্যাভিনিবেশঃ সঃ এব আশ্রয়ঃ যস্য তৎ এব দণ্ডনীত্যাদি) ॥৩

হে পাণ্ডব ! একদা অসুররাট্ পুত্রঃ প্রহ্লাদম্ অঙ্কম্ আরোপ্য উৎসঙ্গে নিধায় হে বৎস ! ভবান্ যৎ সাধু মন্যতে, তৎ কথ্যতাম্ ইতি পপ্রচ্ছ ॥৪

প্রহ্লাদঃ উবাচ। হে অসুরবর্য্য ! অসদ্‌গ্রহাৎ মিথ্যাভিনিবেশাৎ সদা সমুদ্বিগ্নধিয়াং (সম্যক্ উদ্বিগ্না ধীঃ যেষাং তেষাং) দেহিনাং সম্বন্ধে আত্মপাতম্ (আত্মনঃ নরকাদৌ পাতঃ যস্মাৎ তথা নরকপাতনিমিত্তম্) অন্ধকূপং তমোদৃশং গৃহং হিত্বা পরিত্যজ্য বনং গতঃ সন্ হরিম্ আশ্রয়েত যৎ, তৎ এব সাধু মন্যে ॥৫

নারদঃ উবাচ। পরপক্ষে বিষ্ণৌ সমাহিতাঃ তাঃ পরিনিষ্ঠিতাঃ পুত্রস্য গিরঃ শ্রুত্বা দৈত্যঃ হিরণ্যকশিপুঃ পরবুদ্ধিভিঃ বালানাং বুদ্ধিঃ ভিদ্যতে ইতি মত্বা জহাস ॥৬

আহ চ। হে দৈত্যাঃ ! অয়ং বালঃ গুরুগেহে সম্যক্ তথা বিধার্য্যতাং স্থাপ্যতাম্, যথা প্রতিচ্ছন্নৈঃ বিষ্ণুপক্ষৈঃ ভক্তৈঃ দ্বিজাতিভিঃ অস্য ধীঃ ন ভিদ্যেত বিপরীতা ন ভবেৎ ॥৭

অন্যান্য অসুর বালকগণকে দণ্ডনীতিপ্রভৃতি পাঠ্য-বিষয় পাঠ করাইতেন।২

শিক্ষক যাহা শিক্ষা দিতেন, তাহা শ্রবণ করিয়া আবার উহা নিজে পাঠ করিলেও "আপন, পর" এইরূপ ভাব সেই শিক্ষার মধ্যে থাকা হেতু প্রহ্লাদ উহা মনে মনে সৎশিক্ষা বলিয়া মানিয়া লইতে পারেন নাই।৩

হে পাণ্ডব যুধিষ্ঠির ! এক সময় দৈত্যরাজ হিরণ্যকশিপু পুত্রকে ক্রোড়ে বসাইয়া জিজ্ঞাসা করিলেন,—বৎস ! বলতো তোমার কাছে কি ভাল লাগে ?৪

শ্রীপ্রহ্লাদ বলিলেন,—হে অসুরশ্রেষ্ঠ ! 'আমি ও আমার' এই অসৎ অভিনিবেশ জন্য সর্বদা মানুষ উদ্বিগ্ন। আত্মার অধঃপতনের হেতু গৃহরূপ অন্ধকূপ পরিত্যাগ করিয়া বনে গমনপূর্ব্বক শ্রীহরির আশ্রয় গ্রহণ করাই আমি ভাল বলিয়া মনে করি।৫

শ্রীনারদ বলিলেন,—শত্রুপক্ষ বিষ্ণুবিষয়ে পরিনিষ্ঠিত-বুদ্ধি পুত্রের বাক্য শুনিয়া দৈত্যরাজ "বালকগণের বুদ্ধি শত্রুর বুদ্ধি দ্বারা বিচলিত হয়" এই বলিয়া হাসিলেন।৬

গুরুগৃহে ব্রাহ্মণগণ ইহাকে ভালভাবে রক্ষা করুন—যাহাতে ছদ্মবেশ ধারণ করিয়া বিষ্ণু-পক্ষাশ্রিত কোনও ব্যক্তি ইহার বুদ্ধিকে বিচলিত না করে।৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৃহমানীতমাহূয় প্রহ্লাদং দৈত্যযাজকাঃ।
প্রশস্য শ্লক্ষ্ণয়া বাচা সমপৃচ্ছন্ত সামভিঃ ॥৮
বৎস প্রহ্লাদ ভদ্রং তে সত্যং কথয় মা মৃষা।
বালানতি কুতস্তুভ্যমেষ বুদ্ধিবিপর্যয়ঃ ॥৯
বুদ্ধিভেদঃ পরকৃত উতাহো তে স্বতোঽভবৎ।
ভণ্যতাং শ্রোতুকামানাং গুরূণাং কুলনন্দন ॥১০
প্রহ্লাদ উবাচ।
পরঃ স্বশ্চেত্যসদ্গ্রাহঃ পুংসাং যন্মায়য়া কৃতঃ।
বিমোহিতধিয়াং দৃষ্টস্তস্মৈ ভগবতে নমঃ ॥১১
স যদানুব্রতঃ পুংসাং পশুবুদ্ধির্বিভিদ্যতে।
অন্য এষ তথান্যোঽহমিতি ভেদগতাসতী ॥১২
স এষ আত্মা স্বপরেত্যবুদ্ধিভি-
র্দুরত্যয়ানুক্রমণো নিরূপ্যতে।
মুহ্যন্তি যদ্বর্ত্মনি বেদবাদিনো
ব্রহ্মাদয়ো হ্যেষ ভিনত্তি মে মতিম্ ॥১৩
যথা ভ্রাম্যত্যয়ো ব্রহ্মন্ স্বয়মাকর্ষসন্নিধৌ।
তথা মে ভিদ্যতে চেতশ্চক্রপাণের্যদৃচ্ছয়া ॥১৪

ততশ্চ দৈত্যযাজকাঃ পুরোহিতাঃ গৃহম্ আনীতং প্রহ্লাদম্ আহূয় প্রশস্য প্রস্তুত্য শ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা সামভিঃ সমপৃচ্ছন্ত ॥৮

হে বৎস! প্রহ্লাদ! তে ভদ্রং ভবতু! বয়ং যৎ পৃচ্ছাম, তৎ সত্যং যথার্থং কথয়। মৃষা মা কথয়। বালান্ অতিক্রম্য তুভ্যং তব এষঃ বুদ্ধিবিপর্যয়ঃ কুতঃ হেতোঃ অভূৎ ॥৯

তব অয়ং বুদ্ধিভেদঃ বুদ্ধিবিপর্য্যাসঃ পরৈঃ বিষ্ণুপক্ষপাতিভিঃ কৈশ্চিৎ কৃতঃ, উতাহো অহোস্বিৎ স্বতঃ এব অভবৎ। হে কুলনন্দন! শ্রোতুকামানাং গুরূণাম্ অস্মাকম্ অগ্রে তৎ ভণ্যতাং কথ্যতাম্ ॥১০

প্রহ্লাদঃ উবাচ। বিমোহিতধিয়াং পুংসাং স্বঃ পরঃ চ ইতি অসদ্গ্রাহঃ মিথ্যাভিনিবেশঃ যস্য মায়য়া কৃতঃ দৃষ্টঃ, তস্মৈ ভগবতে নমঃ ॥১১

যদা সঃ এব ভগবান্ অনুব্রতঃ অনুকূলঃ ভবতি, তদা পুংসাং পশুবুদ্ধিঃ বিভিদ্যতে নিবৃত্তা ভবতি। সা বুদ্ধিঃ 'অন্যঃ এষঃ, তথা অহম্ অন্যঃ' ইতি ভেদগতা দেহাত্মবিষয়া অসতী এব ॥১২

অবুদ্ধিভিঃ (ভেদদর্শনরূপা অবুদ্ধিঃ অবিদ্যা যেষাং তৈঃ) দুরত্যয়ানুক্রমণঃ (দুরত্যয়ং দুর্ঘটম্ অনুক্রমণম্ অনুসরণং যস্য সঃ) সঃ এষঃ আত্মা পরমাত্মা এব স্বঃ পরঃ (ইতি ভেদবুদ্ধ্যা) নিরূপ্যতে। যতঃ যস্য বর্ত্মনি জিজ্ঞাসায়াং বেদবাদিনঃ ব্রহ্মাদয়ঃ অপি মুহ্যন্তি; এষঃ সর্বান্তর্য্যামী পরমাত্মা এব মে মম মতিং ভিনত্তি ॥১৩

হে ব্রহ্মন্! যথা অয়ঃ লৌহম্ আকর্ষস্য অয়স্কান্তস্য সন্নিধৌ ভ্রাম্যতি, তথা মে মম চেতঃ চিত্তং চক্রপাণেঃ ভগবতঃ সন্নিধৌ যদৃচ্ছয়া ভিদ্যতে ॥১৪

দৈত্যযাজক (শণ্ড ও অমর্ক) প্রহ্লাদকে স্বগৃহে আনয়নপূর্বক তাহাকে মধুর বাক্যে প্রশংসা করিয়া শান্তভাবে জিজ্ঞাসা করিলেন।৮

বৎস প্রহ্লাদ! তোমার মঙ্গল হউক। সত্য বলিও, মিথ্যার আশ্রয় লইও না। অন্যান্য বালকের বুদ্ধি অতিক্রম করিয়া তোমার এই বুদ্ধির বিপর্য্যয় কেমন করিয়া হইল ?৯

তোমার বুদ্ধির বিপর্য্যয় অপরে ঘটাইয়াছে? অথবা আপনা আপনি হইয়াছে? হে কুলনন্দন! আমরা তোমার শিক্ষক, আমরা শুনিতে চাই তুমি সত্য বল।১০

শ্রীপ্রহ্লাদ বলিলেন,—আহা, আপনারা মায়ায় মোহিত হইয়া আমাকে দোষী করিতেছেন। যাঁহার মায়াপ্রভাবে মায়ামোহিত বুদ্ধিগণের 'আপন ও পর' এই মিথ্যা অভিনিবেশ হয়, আমি সেই অচিন্ত্য মায়ার ঈশ্বরকে নমস্কার করি।১১

সেই ভগবান্ যখন কাহারও প্রতি অনুকূল হন, তখন সাধারণ জীবেরও পাশবিক বুদ্ধি (ভেদবুদ্ধি) দূর হইয়া যায়। সেই বুদ্ধি 'ইহা অন্য, আমি অন্য' এইরূপ ভেদ জন্মায় বলিয়া উহা মিথ্যা, সুতরাং সকলের পরিত্যাজ্য।১২

বুদ্ধিহীন লোক সেই আত্মাকেই 'ইনি আপন, উনি পর' এইভাবে নিরূপণ করে। যাঁহাকে জানিতে চেষ্টা করিয়া বেদবাদী ব্রহ্মাদিরও মোহ উৎপন্ন হয়, তিনিই আমার বুদ্ধির বিপর্য্যয় আনিয়া দিয়াছেন।১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নারদ উবাচ।

এতাবদ্ ব্রাহ্মণায়োক্ত্বা বিররাম মহামতিঃ।
তং সন্নির্ভৎ‍র্স্য কুপিতঃ সুদীনো রাজসেবকঃ ॥১৫
আনীয়তামরে বেত্রমস্মাকমযশস্করঃ।
কুলাঙ্গারস্য দুর্ব্বুদ্ধেশ্চতুর্থোঽস্যোদিতো দমঃ ॥১৬
দৈতেয়চন্দনবনে জাতোঽয়ং কণ্টকদ্রুমঃ।
যন্মূলোন্মূলপরশোর্বিষ্ণোর্নালায়িতোঽর্ভকঃ ॥১৭
ইতি তং বিবিধোপায়ৈর্ভীষয়ংস্তর্জনাদিভিঃ।
প্রহ্লাদং গ্রাহয়ামাস ত্রিবর্গস্যোপপাদনম্ ॥১৮
তত এনং গুরুর্জ্ঞাত্বা জ্ঞাতজ্ঞেয়চতুষ্টয়ম্।
দৈত্যেন্দ্রং দর্শয়ামাস মাতৃমৃষ্টমলঙ্কৃতম্ ॥১৯
পাদয়োঃ পতিতং বালং প্রতিনন্দ্যাশিষাঽসুরঃ।
পরিষ্বজ্য চিরং দোর্ভ্যাং পরমামাপ নির্বৃতিম্ ॥২০

নারদঃ উবাচ। ব্রাহ্মণায় শুক্রপুত্রায় এতাবৎ উক্ত্বা মহামতিঃ প্রহ্লাদঃ বিররাম তূষ্ণীম্বভূব। অথ তচ্ছ্রবণান্তরং কুপিতঃ সুদীনঃ রাজসেবকঃ তং প্রহ্লাদং নির্ভৎর্স্য প্রাহ ॥১৫

অরে! বেত্রং প্রহরণ-সাধন-যষ্টিবিশেষম্ আনীয়তাম্। অয়ম্ অস্মাকম্ অযশস্করঃ। কুলাঙ্গারস্য দুর্বুদ্ধেঃ অস্য সামাদ্যুপায়ানাং মধ্যে চতুর্থঃ দমঃ দণ্ডঃ এব উদিতঃ উক্তঃ ॥১৬

দৈতেয়াঃ এব চন্দনদ্রুমাঃ তেষাং বনে অয়ং কণ্টকদ্রুমঃ তত্তুল্যঃ জাতঃ; যস্য দৈতেয়বনস্য মূলোন্মূলনে পরশোঃ পরশু-স্থানীয়স্য বিষ্ণোঃ অয়ম্ অর্ভকঃ এব নালায়িতঃ নালবৎ আচরিতবান্ ॥১৭

ইতি এবং বদন্ তং প্রহ্লাদং বিবিধোপায়ৈঃ তর্জ্জনাদিভিঃ ভীষয়ন্ ত্রিবর্গস্য ধর্ম্মার্থকামস্য উপপাদনং শাস্ত্রং রাজক... গ্রাহয়ামাস ॥১৮

ততঃ কিঞ্চিৎ কালান্তরম্ এনং প্রহ্লাদং জ্ঞাতজ্ঞেয়-চতুষ্টয়ং (জ্ঞাতং জ্ঞেয়ং সামাদ্যুপায়চতুষ্টয়ং যেন তথাভূতং) জ্ঞাত্বা গুরুঃ মাতরং প্রতি নীতবান্। ততঃ মাত্রা মৃষ্টম্ অলঙ্কৃতং তং গুরুঃ দৈতেন্দ্রং প্রতি দর্শয়ামাস; তৎসমীপং নীতবান্ ॥১৯

অসুরঃ হিরণ্যকশিপুঃ পাদয়োঃ পতিতং বালং 'চিরং জীব' ইতি আশিষা প্রতিনন্দ্য দোর্ভ্যাং চিরং পরিষ্বজ্য আলিঙ্গ্য পরাং নির্বৃতিম্ আনন্দম্ আপ ॥২০

হে ব্রহ্মন্! যদি মনে করেন, নির্বিকার আত্মার পক্ষে বুদ্ধিবিপর্য্যয় ঘটাইবার সম্ভাবনা কি? তদুত্তরে বলি—লৌহখণ্ড নির্বিকার অয়স্কান্তমণির (চুম্বক) সমীপস্থ হইলে যেরূপ ভ্রমণ করে, সেইভাবেই চক্রধারী ভগবানের সন্নিকর্ষহেতু আমার চিত্তও আপনা হইতেই ভ্রামিত হইতেছে। ৪

শ্রীনারদ বলিলেন,—মহামতি প্রহ্লাদ ব্রাহ্মণকে এই পর্য্যন্ত বলিয়া বিরত হইলেন। কিন্তু সেই রাজসেবক নিরুপায় হইয়া ক্রোধপূর্বক তাহাকে ভর্ৎসনা করিয়া বলিলেন।১৫

তিনি বলিলেন,—ওরে কে আছিস্, বেত্রটি আনয়ন কর্ দেখি। আমাদের অখ্যাতির কারণ এই দুর্বুদ্ধি কুলাঙ্গারের দমনের জন্য চতুর্থ উপায় দণ্ডবিধান ভিন্ন আর উপায় নাই।১৬

দানবকুলরূপ চন্দনবনে এই একটি কণ্টকবৃক্ষ জন্মগ্রহণ করিয়াছে। এই বালক-কণ্টকবৃক্ষটি চন্দনবন উন্মূলিত করিবার নিমিত্ত বিষ্ণুর কুঠারের দণ্ডস্বরূপ হইয়াছে।১৭

এই প্রকারে বিবিধ উপায়ে তর্জন গর্জন করত তাহাকে ভয় দেখাইয়া গুরুপুত্রগণ ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ প্রতিপাদক বিদ্যা প্রহ্লাদকে পাঠ করাইলেন।১৮

কিছুদিন অতিবাহিত হইলে গুরু বুঝিলেন,—সাম, দান, ভেদ ও দণ্ড প্রভৃতি জ্ঞাতব্য চারিটি বিষয়ই পরিজ্ঞাত হইয়াছে। তখন সর্বপ্রথমে প্রহ্লাদের জননীকর্ত্তৃক তাঁহার স্নানাদি করাইয়া এবং রাজকুমারের যোগ্য ভূষণে ভূষিত করাইয়া দৈত্যপতি হিরণ্যকশিপুর সমীপে গমনপূর্বক তাঁহাকে দেখাইলেন।১৯

পিতার চরণে পড়িয়া প্রহ্লাদ প্রণাম করিলে তাহাকে আদর করত তুলিয়া দৈত্যপতি আশীর্বাদ পূর্বক দুই হাতে জড়াইয়া ধরিলেন এবং আলিঙ্গন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরোপ্যাঙ্কমবঘ্রায় মূর্দ্ধন্যশ্রুকলাম্বুভিঃ।
আসিঞ্চন্ বিকসদ্বক্ত্রমিদমাহ যুধিষ্ঠির ॥২১

হিরণ্যকশিপুরুবাচ।

প্রহ্লাদানূচ্যতাং তাত স্বধীতং কিঞ্চিদুত্তমম্।
কালেনৈতাবতায়ুষ্মন্ যদশিক্ষৎ গুরোর্ভবান্ ॥২২

প্রহ্লাদ উবাচ।

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্ ॥২৩

ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্ ॥২৪
নিশম্যৈতৎ সুতবচো হিরণ্যকশিপুস্তদা।
গুরুপুত্রমুবাচেদং রুষা প্রস্ফুরিতাধরঃ ॥২৫
ব্রহ্মবন্ধো কিমেতৎ তে বিপক্ষং শ্রয়তা সতা।
অসারং গ্রাহিতো বালো মামনাদৃত্য দুর্ম্মতে ॥২৬
সন্তি হ্যসাধবো লোকে দুর্মৈত্রাশ্ছদ্মবেশিনঃ।
তেষামুদেত্যঘং কালে রোগঃ পাতকিনামিব ॥২৭

হে যুধিষ্ঠির! তং পুত্রম্ অঙ্কম্ আরোপ্য তস্য মূর্দ্ধনি অবঘ্রায় অশ্রূণাং কলাভিঃ বিন্দবঃ এব অম্বূনি তৈঃ তম্ আসিঞ্চন্ বিকসদ্বক্ত্রঃ প্রসন্নমুখঃ এব ইদম্ আহ ॥২১

হিরণ্যকশিপুরুবাচ—হে প্রহ্লাদ! হে তাত! হে আয়ুষ্মন্! এতাবতা কালেন গুরোঃ সকাশাৎ ভবান্ যৎ অশিক্ষৎ, তত্র যৎ স্বধীতং সুষ্ঠু অভ্যস্তম্ উত্তমং চ তৎ অনূচ্যতাম্ ॥২২

প্রহ্লাদঃ উবাচ। বিষ্ণোঃ বিষ্ণুমাহাত্ম্যস্য শ্রবণম্, তস্য এব কীর্ত্তনম্, বিষ্ণোঃ স্মরণং তল্লীলাবিশেষস্য স্মরণম্, বিষ্ণোঃ পাদসেবনং পরিচর্য্যা, অর্চ্চনং পূজা, বন্দনং বাচা স্তুতিঃ, দাস্যং কর্ম্মার্পণম্, সখ্যং মিত্রত্ব-ভাবনয়া দৃঢ়বিশ্বাসাদি, আত্মনিবেদনম্ আত্মসমর্পণম্ ॥২৩

ভগবতি বিষ্ণৌ (তৎপ্রীত্যর্থম্ এব কেবলং ফলোদ্দেশং বিনৈব) পুংসা অর্পিতা সমর্পিতা ইতি এবং নবলক্ষণা ভক্তিঃ যেন অধীতেন অদ্ধা সাক্ষাৎ অনন্তরমেব চেৎ ক্রিয়েত, তৎ উত্তমম্ অধীতম্ অহং মন্যে ॥২৪

তদা স্বসুতস্য এতৎ বচঃ নিশম্য শ্রুত্বা রুষা ক্রোধেন প্রস্ফুরিতঃ অধরঃ যস্য সঃ হিরণ্যকশিপুঃ গুরুপুত্রম্ ইদম্ উবাচ ॥২৫

ব্রহ্মবন্ধো! হে ব্রাহ্মণেষু অধম! বিপক্ষং দেবপক্ষং শ্রয়তা দুষ্টেন ত্বয়া এতৎ কিং কৃতম্? যতঃ হে দুর্ম্মতে! মাম্ অনাদৃত্য অয়ং বালঃ অসারং মম দ্বেষিবিষ্ণুভজনং গ্রাহিতঃ ॥২৬

হি নিশ্চিতম্, অস্মিন্ লোকে দুর্মৈত্রাঃ (দুষ্টং কপটযুক্তং মৈত্রং মিত্রত্বং যেষাং তাদৃশাঃ) ছদ্মবেশিনঃ (ছদ্মঃ কপটযুক্তঃ মিত্রবদ্বেশঃ এষাম্ ইতি) অসাধবঃ সন্তি এব। তত্র যথা পাতকিনাং রোগঃ উদেতি তেন তৎ পাপং জ্ঞাতং ভবতি, তথা কালে তেষাম্ অঘম্ উদেতি (কার্য্যদ্বারা কপটমপি তথা জ্ঞায়তে চ) ॥২৭

করিয়া পরম আনন্দ লাভ করিলেন।২০

হে যুধিষ্ঠির! দৈত্যরাজ নিজের ক্রোড়ে প্রসন্নমুখ প্রহ্লাদকে বসাইয়া তাহার মস্তক আঘ্রাণ করত প্রেমাশ্রুধারায় তাহার মস্তক অভিষিক্ত করিলেন এবং প্রহ্লাদকে বলিলেন।২১

বৎস প্রহ্লাদ! এতদিন গুরুগৃহে থাকিয়া যে সকল বিষয় শিক্ষা করিয়াছ, তাহা হইতে কিছু উৎকৃষ্ট বিষয় আমাকে শুনাও দেখি।২২

শ্রীপ্রহ্লাদ তখন বলিলেন,—শ্রবণ, কীর্ত্তন, বিষ্ণুর স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন এই নববিধ ভক্তি অধ্যয়ন করিয়া যদি কোনও ব্যক্তি ভগবান্ বিষ্ণুতে সমর্পণবুদ্ধিতে উহা অনুষ্ঠান করে, আমার বিবেচনায় তাহারই উত্তম অধ্যয়ন হইয়াছে। (আমাদের গুরুর সমীপে সেরূপ শিক্ষা আমরা পাই নাই)।২৩-২৪

[বক্তব্য ও ব্যাখ্যা—পাদসেবন বলিতে পরিচর্য্যা, অর্চন—পূজা, দাস্য—কর্মার্পণ, সখ্য বলিতে তাঁহার প্রতি বিশ্বাস স্থাপন, আত্মনিবেদন অর্থ দেহ-সমর্পণ, তাহার দৃষ্টান্ত যেমন বিক্রীত গাভী বা অশ্বের ভরণ-পোষণ বা পালনের জন্য বিক্রেতার আর কোনো চিন্তা থাকে না, সেইরূপ দেহ ভগবানে সমর্পণ করিয়া তাহার রক্ষার জন্য চিন্তা ত্যাগ করা।

—শ্রীধরস্বামী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu. Trust. Funding by MoE-IKS

শ্রবণ বলিতে ভগবানের নামরূপ গুণপরিকর লীলাবর্ণনাময় শব্দের শ্রবণেন্দ্রিয় স্পর্শ বুঝিতে হইবে। এই রীতিতে কীর্ত্তন ও স্মরণেও ক্রম জানিবে। স্মরণ কথাটি ভগবৎসম্বন্ধে যে কিছু বিষয় মনের দ্বারা অনুসন্ধানকেই বুঝায়। কাল-দেশ অনুসারে যে পরিচর্য্যা উহাই পাদসেবা। বিষ্ণুপূজাই অর্চনার তাৎপর্য্য। নমস্কারই বন্দনা। আমি তাঁহার দাস এই ভাবই দাস্য। বন্ধুভাবে তাঁহার হিত হউক এরূপ বলা সখ্য-ভাব। দেহ হইতে শুদ্ধ আত্মা পর্য্যন্ত সর্বতোভাবে ভগবানে অর্পণ আত্মনিবেদন-লক্ষণ ভক্তি। এই নবাঙ্গ ভক্তির যে কোন একটি অঙ্গ-ভক্তি যে কোনও প্রকারে সাধনেই সিদ্ধিলাভ হয়; তথাপি প্রথম নাম-শ্রবণের উল্লেখের উদ্দেশ্য অন্তঃকরণ-শোধন। অন্তঃকরণ শুদ্ধ হইলে রূপের শ্রবণদ্বারা ভগবানের উদয়-যোগ্যতা লাভ হয়। সম্যক্‌ভাবে রূপের উদয়ে গুণের স্ফুরণ হয়। গুণের স্ফূর্ত্তি সুসম্পন্ন হইলে পরিকর-বৈশিষ্ট্যদ্বারা ভগবানের বিশিষ্টতা উপলব্ধি হয়। ভক্তের অন্তরে ভগবানের নাম-রূপ-গুণ-পরিকরপ্রভৃতি সম্যক্ স্ফুরিত হইলে লীলার স্ফুরণ ভালভাবে হয়। এই অভিপ্রায়েই সাধনার ক্রম লিখিত হইয়াছে। কীর্ত্তন ও স্মরণ সম্বন্ধেও এই রীতি।

এই শ্রবণ মহতের মুখনিঃসৃত হইলে অধিক মাহাত্ম্য হয় এবং উহা জাতরুচি ভক্তগণের অত্যন্ত সুখদায়ক হয়। উহা দ্বিবিধ (১) মহতের আবির্ভাবিত (২) মহতের কীর্ত্তিত। শ্রবণবিষয়ে শ্রীভাগবত শ্রবণই সর্ব্বশ্রেষ্ঠ। ভাগবত মহাপ্রভাবময় শব্দাত্মক এবং পরম রসময় হেতু সর্বশ্রেষ্ঠ শ্রব্য। নিজের অভিমত মূর্ত্তির ধ্যান করা কর্ত্তব্য। সেইরূপ নিজের অভীষ্ট নাম শ্রবণ ও কীর্ত্তন বার বার আবর্ত্তনীয়। ভগবৎ-সেবাভিলাষী মহানুভবের মুখে সকলের শ্রীকৃষ্ণনামপ্রভৃতি শ্রবণ পরমভাগ্যেই হইয়া থাকে। যেহেতু শ্রীকৃষ্ণই পূর্ণ ভগবান্। সংকীর্ত্তনাদিতেই এই ভাবটির অনুসন্ধান করি শ্রীশুকদেবপ্রভৃতি মহতের কীর্ত্তিতরূপেই অনুস রাখিয়া কীর্ত্তন করিবে।বক্তা উপস্থিত থাকিলে তাঁ নিকট শ্রবণ করিবে; অন্যথা নিজেই কীর্ত্তন করি কীর্ত্তনেও নামাদি শ্রবণের মত ক্রম জানিবে। না কীর্ত্তন কিন্তু উচ্চস্বরেই প্রশস্ত। এই কীর্ত্তন-ভ ভগবানের দ্রব্য-জাতি-গুণ-ক্রিয়া দীনজনের বি অপার করুণাময়ী। কলিকালে স্বভাবত কীর্ত্তন-ভ দীনজনের মধ্যে আবির্ভূত হইয়া অনায়াসে অন্যা যুগের সাধনার ফল প্রদান করিয়া সকলকে কৃতা করেন। এইজন্য কলিপ্রসঙ্গে কীর্ত্তনের গুণোৎক যে কোনও ভক্তিবিষয়ে দেশ-কালের নিয়ম নিষি সকলযুগেই কীর্তনের সমান সামর্থ্য; তবে যে কলি সম্বন্ধে কীর্ত্তন-ভক্তির প্রশংসা, তাহার কারণ উ ভগবান্ কৃপাপূর্বক কলিতে বিশেষ গ্রাহ্য বলিয়া প্রতি পাদন করিয়াছেন।

নাম-অপরাধ হইতে সাবধান থাকিয়াই কী করা কর্ত্তব্য। অবিশ্রান্ত নাম করিলে অপরা মুক্ত হওয়া যায়। কীর্ত্তনের মধ্যে দৈন্যবিজ্ঞ নিজের অভীষ্টস্সূচনা, স্তবপাঠপ্রভৃতিও অন্তর্ভুক্ত শ্রীভাগবতস্থিত নামাদির কীর্ত্তন অপর নামকী হইতে অধিক মহিমাযুক্ত বলিয়া জানিতে হইবে।

নামকীর্ত্তন ত্যাগ না করিয়াই স্মরণ করিবে স্মরণ বহুপ্রকার। ভগবৎসম্বন্ধে যে কিছু বিষয়ে অনুসন্ধানই স্মরণ। অপর সকল বিষয় হইতে চিত্তকে আকর্ষণপূর্বক সাধারণভাবে ভগবানের ধার করা "ধারণা"। বিশেষ করিয়া রূপচিন্তার না ধ্যান। উহা অমৃতধারার মত নিরবচ্ছিন্ন হইলে উহা ধ্রুবানুস্মৃতি। ধ্যেয়মাত্র স্ফুরণ সমাধি। কখ কখন লীলাদিযুক্ত শ্রীভগবানের স্ফুরণে অন্য সক ভুলিয়া যাওয়াকেও সমাধি বলা হয়।

স্মরণ পরিত্যাগ না করিয়াই পাদসেবা কর্ত্তব্য। শ্রীমূর্ত্তি দর্শন, স্পর্শন, পরিক্রমা, অনুব্রজ্যা, মন্দির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গঙ্গা, শ্রীক্ষেত্র, দ্বারকা, মথুরাপ্রভৃতি তীর্থগমন প্রভৃতি এই সেবার অন্তর্গত। আদর করিয়া সেবাই পাদসেবা। ভগবানের পরিকর-প্রায় গঙ্গাপ্রভৃতির পরমভাগবতত্ব, এই সেবাও মহৎ সেবার মধ্যেই অন্তর্ভুক্ত। তুলসী, গো, বিপ্রসেবাও ইহার অন্তর্গত।

অর্চনবিষয়ে শ্রদ্ধা হইলে মন্ত্রগুরুর আশ্রয়ে বিশেষ জিজ্ঞাসা করিয়া অর্চনায় প্রবৃত্ত হইবে। পাঞ্চরাত্রিক ব্যবস্থার মত ভাগবতমতে অর্চনের একান্ত আবশ্যকতা না থাকিলেও দেবর্ষি নারদের উপদিষ্ট পথ অনুসরণকারীর শ্রীভগবানের সহিত সম্বন্ধবিশেষ স্থাপনের জন্য শ্রীগুরুচরণে অবশ্য দীক্ষা গ্রহণপূর্বক অর্চন-ভক্তির অনুশীলন কর্ত্তব্য।

যাহারা সম্পত্তিমান্ গৃহস্থ, তাহাদের নিমিত্ত তো অর্চন-ভক্তিই মুখ্য। উহা না করিয়া কেবল নিষ্কিঞ্চনের মত স্মরণাদি-নিষ্ঠ হইয়া থাকিলে বিত্তশাঠ্য দোষ হইবে। অপরের দ্বারা অর্চন সমাধান ব্যবহারিক-নিষ্ঠা অথবা অলসতার পরিচায়ক। অর্চনপথে পরিচর্য্যায় দ্রব্যাদির প্রয়োজন। উহা গৃহস্থেরাই সংগ্রহ করিতে সমর্থ; অতএব অর্চন-পথ তাহাদের প্রধান। গৃহস্থের করণীয় দেবপূজা-যজ্ঞ-ব্রত-নিয়ম-প্রভৃতি সকল অনুষ্ঠানের মূলসেচনস্বরূপ ভগবানের অর্চনা অবশ্য-কর্ত্তব্য, না করিলে মহাদোষ। দীক্ষিত ব্যক্তিমাত্রের ইষ্ট-দেবার্চন কর্ত্তব্য। অশক্ত অযোগ্য হইলে পূজিত বিগ্রহ দর্শন করিবে।

অর্চনমার্গে বিধির অপেক্ষা অবশ্য স্বীকার্য্য। বৈষ্ণবসম্প্রদায় এই বিষয়ে প্রমাণ। যদি এরূপ আশঙ্কা করা যায় যে, মন্ত্র তো নামাত্মকই; তবে মন্ত্রে নমঃপ্রভৃতি অলঙ্কার আছে, নামে উহা নাই, আর মহৎ ঋষিগণ মন্ত্রে কিছু শক্তিবিশেষ এবং শ্রীভগবানের অঙ্গে সাধকের কোনও বিশেষ সম্বন্ধ প্রতিপাদন করে। আবার দেখ কেবল নামই অন্য কিছুর অপেক্ষা না করিয়াই পরমপুরুষার্থ ফল পর্য্যন্ত দান করিতে সমর্থ। তারপর আবার নাম হইতেও মন্ত্রে অধিক সামর্থ্য উপলব্ধ হইলে আবার দীক্ষাপ্রভৃতির অপেক্ষা কেন বলা হয়।

উপরোক্ত আশঙ্কার উত্তরে বলেন—যদিও মন্ত্র ও নামে স্বরূপতঃ ভেদ নাই, তথাপি প্রায়শঃ সাধারণ জীবের দেহাদি সম্বন্ধে কদর্থ্যশীল বিক্ষিপ্তচিত্ত জনগণের উহা সংকোচ করিবার নিমিত্ত মহৎ ঋষিগণের দ্বারা অর্চনমার্গে কোথাও কোথাও কিছু কিছু মর্য্যাদা স্থাপিত করা হইয়াছে। সেই সকল মর্য্যাদা লঙ্ঘন করিলে শাস্ত্র অনুসারে প্রায়শ্চিত্ত করিতে হয়।

অর্চন শুদ্ধ ও কর্মমিশ্রভেদে দুই প্রকার। শুদ্ধার্চন নিরপেক্ষ শ্রদ্ধালুর জন্য আর ব্যবহারিক চেষ্টাতিশয়তার সহিত ভক্তির অনুষ্ঠান বলিয়া যাহারা এই অর্চনকে মনে করেন, এরূপ শ্রদ্ধালুর জন্য কর্মমিশ্র অর্চনের ব্যবস্থা। অর্চনবিষয়েও অপরাধের সম্ভাবনা থাকে। সেইগুলি পরিহার করিয়া অর্চন কর্ত্তব্য।

শেষং সঙ্কর্ষণম্, মৎকলাং মম অংশভূতাং সূক্ষ্মাং মদাশ্রয়াং দেবীং শ্রিয়ং মহালক্ষ্মীং, ব্রহ্মাণম্ ঋষিং নারদং, ভবং মহাদেবং, প্রহ্লাদম্ ॥২০

মৎস্যাদ্যবতারৈঃ কৃতানি মে মম অনন্তপুণ্যানি কর্ম্মাণি, সূর্য্যং রবিং, সোমং চন্দ্রং, হুতাশনম্ অগ্নিম্ ॥২১

প্রণবম্ ওঙ্কারং, সত্যং যথার্থবচনম্, অব্যক্তং প্রধানং, গাঃ, বিপ্রান্ ব্রাহ্মণান্, অব্যয়ং ধর্ম্মং ভগবদ্ভক্তিরূপং, দাক্ষায়ণীঃ দক্ষদুহিতৄঃ ধর্ম্মস্য পত্নীঃ, তথা সোম-কশ্যপয়োঃ পত্নীঃ ॥২২

গঙ্গাং, সরস্বতীং, নন্দাম্ অলকনন্দাং, কালিন্দীং যমুনাং, সিতবারণম্ ঐরাবতং, ধ্রুবং, সপ্ত ব্রহ্মর্ষীন্, পুণ্যশ্লোকান্ ধার্ম্মিকান্ মানবান্ ॥২৩

প্রযতাঃ প্রযত্নবন্তঃ, সুসমাহিতাঃ নিয়মিতাঃ সন্তঃ অপররাত্রান্তে প্রভাতে উত্থায় ইত্যাদীনি মম রূপাণি যে স্মরন্তি, তে অখিলাৎ অংহসঃ পাপাৎ মুচ্যন্তে ॥২৪

হে অঙ্গ! নিশাত্যয়ে প্রভাতে প্রতিবুধ্য যে অনেন ত্বৎকৃতেন

হে কুরুবর! তৎকালে সর্বভূতময় বিভু শ্রীহরি প্রসন্ন হইয়া সর্বলোকের শ্রুতিগোচরেই গজেন্দ্রকে ইহা বলিয়াছিলেন।১৬

শ্রীভগবান্ বলিলেন—হে গজেন্দ্র! যাহারা রাত্রি-শেষে উত্থানপূর্ব্বক সংযত হইয়া একাগ্রচিত্তে আমাকে, তোমাকে, এই সরোবর, পর্বত, গুহা ও অরণ্যকে, বেত্র ও বংশগুল্মরাজিকে এবং দেবতরুসমূহ, ব্রহ্মা, শঙ্কর ও আমার অধিষ্ঠান এই পর্বতশৃঙ্গসমূহ, আমার প্রিয় আবাসস্থান ক্ষীরোদসাগর, অত্যুজ্জ্বল শ্বেতদ্বীপ, শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা, আমার গদা কৌমোদকী, সুদর্শন চক্র, পাঞ্চজন্য শঙ্খ, পক্ষিরাজ গরুড়, আমার সূক্ষ্ম কলা (অংশ) শেষ নাগ, আমার আশ্রিতা লক্ষ্মীদেবী, ব্রহ্মা, নারদঋষি, শিব, প্রহ্লাদ, মৎস্য-কূর্ম-বরাহাদি অবতারে আমার অনুষ্ঠিত অনন্ত-পুণ্যজনক কর্মসমূহ, সূর্য, চন্দ্র, অগ্নি, প্রণব, সত্য, মায়া, গো, ব্রাহ্মণ, ভক্তিরূপ অক্ষয় ধর্ম, চন্দ্র ও কশ্যপের পত্নী, দক্ষ-কন্যাগণ, গঙ্গা, সরস্বতী, নন্দা, যমুনা, ঐরাবত হস্তী, ধ্রুব, সপ্ত ব্রহ্মর্ষি এবং পুণ্য-কীর্তি মানবগণকে আমার বিভূতিরূপে স্মরণ করে, তাহারা সকল প্রকার পাপ হইতে মুক্ত হয়।১৭-২৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

ইত্যাদিশ্য হৃষীকেশঃ প্রধ্মায় জলজোত্তমম্।
হর্ষয়ন্ বিবুধানীকমারুরোহ খগাধিপম্ ॥২৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪

স্তোত্রেণ মাং স্তুবন্তি, তেষাং প্রাণাত্যয়ে প্রাণপ্রয়াণকালে বিপুলাম্ উৎকৃষ্টাং বিমলাং পবিত্রাং মদ্‌বিষয়াং গতিম্ অহং দদামি ॥২৫

শ্রীশুকঃ উবাচ। হৃষীকেশঃ ভগবান্ ইতি এবং গজেন্দ্রং প্রতি আদিশ্য আজ্ঞাপ্য জলজোত্তমং শঙ্খং প্রধ্মায় ধ্বনয়িত্বা বিবুধানীকং ব্রহ্মাদিদেবতাবর্গং হর্ষয়ন্ খগাধিপং গরুড়ম্ আরুরোহ ॥২৬

ইতি অষ্টমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ।

হে বৎস! যাহারা রাত্রিশেষে জাগ্রত হইয়া এই বৃত্তান্ত পাঠ দ্বারা আমার স্তুতি করে, আমি তাহাদের মৃত্যুকালে উত্তম গতি দান করিয়া থাকি।২৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি তৎকালে গজেন্দ্রকে এরূপ উপদেশ প্রদান-পূর্ব্বক পাঞ্চজন্য শঙ্খের ধ্বনিদ্বারা দেবতাগণকে হর্ষোৎফুল্ল করিয়া গরুড়ে আরোহণ করিয়াছিলেন।২৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ

[রৈবতচাক্ষুষমন্বন্তরবর্ণনম্, ব্রহ্মস্তুতিশ্চ।]

শ্রীশুক উবাচ।

রাজন্নুদিতমেতৎ তে হরেঃ কর্ম্মাঘনাশনম্।
গজেন্দ্রমোক্ষণং পুণ্যং রৈবতং ত্বন্তরং শৃণু ॥১

পঞ্চমো রৈবতো নাম মনুস্তামসসোদরঃ।
বলিবিন্ধ্যাদয়স্তস্য সুতা হার্জ্জুনপূর্ব্বকাঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! এতৎ পুণ্যং পুণ্যজনকং গজেন্দ্রমোক্ষণং হরেঃ অঘনাশনং কর্ম্ম তে তুভ্যং ময়া উদিতং বর্ণিতম্; অথ অনন্তরং তু রৈবতং পঞ্চমং মন্বন্তরং শৃণু ॥১

তামসসোদরঃ (তামসঃ চতুর্থঃ মনুঃ, তস্য সোদরঃ ভ্রাতা) রৈবতঃ নাম পঞ্চমঃ মনুঃ অভবৎ। তস্য মনোঃ অর্জ্জুনপূর্ব্বকাঃ (অর্জ্জুনঃ পূর্ব্বকঃ মুখ্যঃ যেষাং তাদৃশাঃ) বলিবিন্ধ্যাদয়ঃ সুতাঃ জাতাঃ ॥২

পঞ্চম অধ্যায়

[রৈবতচাক্ষুষ মন্বন্তর বর্ণন ও ব্রহ্মার স্তুতি]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! আমি তোমার নিকট ভগবান্ শ্রীহরির গজেন্দ্রমোচনরূপ পাপনাশক ও পুণ্যজনক কর্ম বলিয়াছি, সম্প্রতি রৈবত মন্বন্তরের কথা শ্রবণ কর।১

চতুর্থ মনু তামসের সহোদর রৈবত পঞ্চম মনু। অর্জুন, বলি ও বিন্ধ্যপ্রভৃতি তাঁহার পুত্র।২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভুরিন্দ্রঃ সুরগণা রাজন্ ভূতরয়াদয়ঃ।
হিরণ্যরোমা বেদশিরা ঊর্দ্ধবাহ্বাদয়ো দ্বিজাঃ ॥৩
পত্নী বিকুণ্ঠা শুভ্রস্য বৈকুণ্ঠৈঃ সুরসত্তমৈঃ।
তয়োঃ স্বকলয়া জজ্ঞে বৈকুণ্ঠো ভগবান্ স্বয়ম্ ॥৪
বৈকুণ্ঠঃ কল্পিতো যেন লোকো লোকনমস্কৃতঃ।
রময়া প্রার্থ্যমানেন দেব্যা তৎপ্রিয়কাম্যয়া ॥৫
তস্যানুভাবঃ কথিতো গুণাশ্চ পরমোদয়াঃ।
ভৌমান্ রেণূন্ স বিমমে যো বিষ্ণোর্বর্ণয়েদ্ গুণান্ ॥৬

ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্রশ্চাক্ষুষো নাম বৈ মনুঃ।
পূরুপূরুষসুদ্যুম্নপ্রমুখাশ্চাক্ষুষাত্মজাঃ ॥৭
ইন্দ্রো মন্ত্রদ্রুমস্তত্র দেবা আপ্যাদয়ো গণাঃ।
মুনয়স্তত্র বৈ রাজন্ হর্য্যস্মদ্‌বীরকাদয়ঃ ॥৮
তত্রাপি দেবঃ সম্ভূত্যাং বৈরাজস্যাভবৎ সুতঃ।
অজিতো নাম ভগবানংশেন জগতীপতিঃ ॥৯
পয়োধিং যেন নির্ম্মথ্য সুরাণাং সাধিতা সুধা।
ভ্রমমাণোঽম্ভসি ধৃতঃ কূর্ম্মরূপেণ মন্দরঃ ॥১০

তত্র বিভুনামা ইন্দ্রঃ আসীৎ। হে রাজন্! ভূতরয়াদয়ঃ দেবাঃ আসন্। হিরণ্যরোমাদয়ঃ দ্বিজাঃ সপ্ত ঋষয়ঃ আসন্ ॥৩

শুভ্রস্য ভর্ত্তুঃ বিকুণ্ঠাখ্যা পত্নী আসীৎ; তয়োঃ বিকুণ্ঠা-শুভ্রয়োঃ ভগবান্ কলয়া সাংশেন অন্যৈঃ সুরসত্তমৈঃ বৈকুণ্ঠাখ্যৈঃ সহ স্বয়ং জজ্ঞে ॥৪

দেব্যা স্বক্রীড়াসাধন-ভূতয়া রময়া লক্ষ্ম্যা প্রার্থ্যমানেন বৈকুণ্ঠসংজ্ঞকেন ভগবতা তস্যাঃ লক্ষ্ম্যাঃ প্রিয়কামনয়া লোক-নমস্কৃতঃ সর্ব্বৈঃ প্রার্থ্যঃ বৈকুণ্ঠঃ লোকঃ যেন কল্পিতঃ ॥৫

তস্য বৈকুণ্ঠ-সংজ্ঞস্য ভগবতঃ অনুভাবঃ প্রভাবঃ (সনকাদি-শাপেন দৈত্যতাং প্রাপ্তাভ্যাং স্বপার্ষদাভ্যাং হিরণ্যকশিপু-হিরণ্যাক্ষাভ্যাং বরাহাদিরূপেণ যুদ্ধাদিলক্ষণঃ) গুণাঃ ব্রহ্মণ্য-তাদয়ঃ, পরমোদয়াঃ মহর্দ্ধয়ঃ চ (তৃতীয়-স্কন্ধান্তে) কথিতাঃ। যঃ পুমান্ বিষ্ণোঃ গুণান্ বর্ণয়েৎ, সঃ ভৌমান্ রেণূন্ অপি বিমমে গণয়েৎ ॥৬

চক্ষুষঃ পুত্রঃ চাক্ষুষঃ নাম ষষ্ঠঃ মনুঃ জাতঃ। পূরু-পূরুষ-সুদ্যুম্ন-প্রমুখাঃ তস্য আত্মজাঃ জাতাঃ। তত্র মন্ত্রদ্রুমঃ নাম ইন্দ্রঃ অভূৎ। আপ্যাদয়ঃ গণাঃ দেবাঃ জাতাঃ; হে রাজন্! তত্র মন্বন্তরে হর্য্যস্মদ্‌বীরকাদয়ঃ মুনয়ঃ সপ্তর্ষয়ঃ জাতাঃ ॥৭-৮

তত্র ষষ্ঠে মন্বন্তরে বৈরাজস্য ভর্ত্তুঃ সম্ভূত্যাং ভার্য্যায়াং দেবঃ সমুদ্র-মন্থনাদি-ক্রীড়াপরঃ জগতীপতিঃ জগৎপালকঃ ভগবান অংশেন অজিতঃ ইতি নাম্না প্রসিদ্ধঃ সুতঃ জাতঃ ॥৯

যেন অজিতাখ্যেন পয়োধিং ক্ষীর-সমুদ্রং নির্মথ্য সুরাণাং সুধা অমৃতং সাধিতা তথা যেন চ কূর্ম্মরূপেণ অম্ভসি ভ্রমমাণঃ মন্দরঃ অদ্রিঃ পৃষ্ঠে ধৃতঃ ॥১০

হে মহারাজ! উক্ত মন্বন্তরে বিভু ইন্দ্র, ভূতরয়-প্রভৃতি দেবতা এবং হিরণ্যরোমা, বেদশিরা ও ঊর্দ্ধবাহুপ্রভৃতি ব্রাহ্মণগণ সপ্তর্ষি হইয়াছিলেন।৩

শুভ্রের পত্নীর নাম বিকুণ্ঠা। শুভ্রের ঔরসে বিকুণ্ঠার গর্ভে বৈকুণ্ঠনামক শ্রেষ্ঠ দেবগণের সহিত ভগবান্ শ্রীহরি স্বয়ং নিজ অংশ দ্বারা বৈকুণ্ঠ নামে আবির্ভূত হন।৪

বৈকুণ্ঠরূপী ভগবান্ শ্রীহরিই লক্ষ্মীদেবীর প্রার্থনায় তাঁহার প্রীতিসাধনের জন্য সর্ব্বলোকের বন্দনীয় বৈকুণ্ঠলোক রচনা করেন।৫

সেই বৈকুণ্ঠের প্রভাব, গুণ ও মহাসমৃদ্ধিসমূহ তৃতীয়স্কন্ধান্তে কিঞ্চিৎ বর্ণন করিয়াছি। বস্তুতঃ যে ব্যক্তি পৃথিবীর রেণুসমূহ গণনা করিতে পারে, তাহার পক্ষেই শ্রীহরির গুণরাশির সম্পূর্ণরূপে বর্ণন সম্ভবপর হইতে পারে।৬

চক্ষুর পুত্র চাক্ষুষ ষষ্ঠ মনু। পূরু, পূরুষ ও সুদ্যুম্নপ্রভৃতি তাঁহার পুত্র।৭

উক্ত মন্বন্তরে মন্ত্রদ্রুম ইন্দ্র, আপ্যপ্রভৃতি দেবতা এবং হর্য্যস্মান্ ও বীরকপ্রভৃতি সপ্তর্ষি হইয়াছিলেন।৮

সেই মন্বন্তরেই বৈরাজের ঔরসে দেবসম্ভূতির গর্ভে ভগবান্ জগৎপতি শ্রীহরি নিজ অংশদ্বারা 'অজিত' নামে আবির্ভূত হন।৯

এই অজিত সমুদ্র মন্থনপূর্বক দেবগণের জন্য সুধা সংগ্রহ করিয়াছিলেন এবং মন্থনদণ্ড মন্দর পর্বত জলমধ্যে বিচলিত হইলে তিনি কূর্মরূপে তাহাকে পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজোবাচ।

যথা ভগবতা ব্রহ্মন্ মথিতঃ ক্ষীরসাগরঃ।
যদর্থং বা যতশ্চাদ্রিং দধারাম্বুচরাত্মনা ॥১১
যথামৃতং সুরৈঃ প্রাপ্তং কিঞ্চান্যদভবৎ ততঃ।
এতদ্ভগবতঃ কর্ম্ম বদস্ব পরমাদ্ভুতম্ ॥১২
ত্বয়া সংকথ্যমানেন মহিম্না সাত্বতাং পতেঃ।
নাভিতৃপ্যতি মে চিত্তং সুচিরং তাপতাপিতম্ ॥১৩

সূত উবাচ।

সংপৃষ্টো ভগবানেবং দ্বৈপায়নসুতো দ্বিজাঃ।
অভিনন্দ্য হরের্বীর্য্যমভ্যাচষ্টুং প্রচক্রমে ॥১৪

শ্রীশুক উবাচ।

যদা যুদ্ধেঽসুরৈর্দেবা বধ্যমানাঃ শিতায়ুধৈঃ।
গতাসবো নিপতিতা নোত্তিষ্ঠেরন্ স্ম ভূরিশঃ ॥১৫
যদা দুর্ব্বাসঃশাপেন সেন্দ্রা লোকাস্ত্রয়ো নৃপ।
নিঃশ্রীকাশ্চাভবংস্তত্র নেশুরিজ্যাদয়ঃ ক্রিয়াঃ ॥১৬
নিশাম্যৈতৎ সুরগণা মহেন্দ্রবরুণাদয়ঃ।
নাধ্যগচ্ছন্ স্বয়ং মন্ত্রৈর্মন্ত্রয়ন্তো বিনিশ্চিতম্ ॥১৭

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! ভগবতা ক্ষীরসাগরঃ যথা মথিতঃ যদর্থং যেষাং প্রয়োজনায় যতঃ চ হেতোঃ অম্বুচরাত্মনা কূর্ম্মরূপেণ অদ্রিং মন্দরাচলং দধার ॥১১

যথা যেন চ প্রকারেণ সুরৈঃ অমৃতং প্রাপ্তং, ততঃ মথনাৎ অন্যৎ অমৃতাদ্ ব্যতিরিক্তং বস্তু কিম্ অভবৎ, এতৎ পয়োধিমন্থনাত্মকম্ অদ্ভুতং কর্ম্ম বদস্ব ॥১২

ত্বয়া সম্যক্ কথ্যমানেন কীর্ত্ত্যমানেন সাত্বতাং পতেঃ ভগবতঃ মহিম্না মে মম সুচিরং বহুকালং তাপৈঃ আধ্যাত্মিকাদিভিঃ তাপিতং দুঃখিতং চিত্তম্ অপি ন তৃপ্যতি ॥১৩

সূতঃ উবাচ। হে দ্বিজাঃ! দ্বৈপায়নস্য ব্যাসস্য সুতঃ ভগবান্ শুকঃ এবং সংপৃষ্টঃ সন্ তম্ অভিনন্দ্য হরেঃ বীর্য্যং মাহাত্ম্যম্ অভ্যাচষ্টুং কথয়িতুং প্রচক্রমে প্রারেভে ॥১৪

শ্রীশুকঃ উবাচ। যদা অসুরৈঃ কর্ত্তৃভিঃ শিতৈঃ তীক্ষ্ণৈঃ আয়ুধৈঃ বধ্যমানাঃ দেবাঃ গতাসবঃ প্রাণরহিতাঃ সন্তঃ যুদ্ধে ভূরিশঃ বহুশঃ নিপতিতাঃ, পুনঃ ন উত্তিষ্ঠেরন্ স্ম ॥১৫

হে নৃপ! যদা চ দুর্ব্বাসসঃ মুনেঃ শাপেন ইন্দ্রেণ সহিতাঃ ত্রয়ো লোকাঃ নিঃশ্রীকাঃ লক্ষ্মীরহিতাঃ অভবন্, তত্র ... ইজ্যাদয়ঃ যাগাদয়ঃ ক্রিয়াঃ নেশুঃ নষ্টাঃ বভূবুঃ ॥১৬

তদা মহেন্দ্র-বরুণাদয়ঃ সুরগণাঃ এতৎ নিঃশ্রীকত্বং ... দেবানাম্ অনুত্থানং চ নিশাম্য দৃষ্ট্বা স্বয়ং মন্ত্রৈঃ মন্ত্রয়ন্তঃ আলোচয়ন্তঃ অপি বিনিশ্চিতং নির্ণয়ং ন অধ্যগচ্ছন্ ন প্রাপুঃ ॥১৭

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! ভগবান্ যেহেতু যেভাবে ক্ষীর-সমুদ্র মন্থন করিয়াছিলেন, যে কারণে কূর্ম্মরূপে পৃষ্ঠে মন্দরপর্বত ধারণ করিয়াছিলেন, দেবগণ যেভাবে সুধা প্রাপ্ত হইয়াছিলেন এবং তৎকালে অন্য যাহা ঘটিয়াছিল, আপনি ভগবানের সেই সকল পরমাশ্চর্য্যজনক কর্ম আমাদের নিকট বর্ণন করুন।১১-১২

হে মুনিবর! আপনি জগৎপতি শ্রীহরির মহিমা সম্যগ ভাবে বর্ণন করিলেও উহাদ্বারা আমার চিরকালের সন্তাপতাপিত চিত্ত কোনরূপেই পরিতৃপ্ত হইতেছে না (পরন্তু শ্রবণের আগ্রহ উত্তরোত্তর বর্দ্ধিতই হইতেছে)।১৩

শ্রীসূত বলিলেন—হে ঋষিগণ! মহারাজ শ্রীপরীক্ষিৎ এরূপ জিজ্ঞাসা করিলে শ্রীশুকদেব তাঁহার অভিনন্দনপূর্বক শ্রীহরির পরাক্রমসমূহ বর্ণন করিতে প্রবৃত্ত হইলেন।১৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ। পুরাকালে যে সময়ে দেবতাগণ যুদ্ধে অসুরগণকর্ত্তৃক তীক্ষ্ণ অস্ত্রসমূহ দ্বারা আহত হইয়া প্রাণত্যাগপূর্বক রণক্ষেত্রে পতিত হইয়াছিল এবং তাঁহাদের অনেকেই আর পুনরায় উত্থিত হইলেন না, এইরূপ যে সময়ে দুর্বাসা ঋষির অভিশাপে ইন্দ্রপ্রমুখ ত্রিলোক লক্ষ্মীশূন্য হইয়াছিল এবং লোকমধ্যে যজ্ঞাদি সকল ক্রিয়া লোপ পাইয়াছিল, তৎকালে ইন্দ্র, বরুণপ্রভৃতি দেবতাগণ এ অবস্থা অবগত হইয়া নিজের মন্ত্রণা করিয়াও কোন উপায় স্থির করিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততো ব্রহ্মসভাং জগ্মুর্মেরোর্মূর্দ্ধনি সর্ব্বশঃ।
সর্ব্বং বিজ্ঞাপয়াঞ্চক্রুঃ প্রণতাঃ পরমেষ্ঠিনে ॥১৮

স বিলোক্যেন্দ্রবায়্বাদীন্ নিঃসত্ত্বান্ বিগতপ্রভান্।
লোকানমঙ্গলপ্রায়ানসুরানযথা বিভুঃ ॥১৯

সমাহিতেন মনসা সংস্মরন্ পুরুষং পরম্।
উবাচোৎফুল্লবদনো দেবান্ স ভগবান্ পরঃ ॥২০

অহং ভবো যূয়মথোঽসুরাদয়ো
মনুষ্যতির্য্যগ্দ্রুমঘর্ম্মজাতয়ঃ।
যস্যাবতারাংশকলাবিসর্জ্জিতা
ব্রজাম সর্ব্বে শরণং তমব্যয়ম্ ॥২১

ন যস্য বধ্যো ন চ রক্ষণীয়ো
নোপেক্ষণীয়াদরণীয়পক্ষঃ।
তথাপি সর্গস্থিতিসংযমার্থং
ধত্তে রজঃসত্ত্বতমাংসি কালে ॥২২

অয়ঞ্চ তস্য স্থিতিপালনক্ষণঃ
সত্ত্বং জুষাণস্য ভবায় দেহিনাম্।
তস্মাদ্ ব্রজামঃ শরণং জগদ্গুরুং
স্বানাং স নো ধাস্যতি শং সুরপ্রিয়ঃ ॥২৩

ততঃ তদা মেরোঃ মূর্দ্ধনি স্থিতাং ব্রহ্মণঃ সভাং সর্ব্বে জগ্মুঃ। তথা প্রণতাঃ সন্তঃ পরমেষ্ঠিনে সর্ব্বং তৎ বিজ্ঞাপয়াঞ্চক্রুঃ ॥১৮

ততঃ স বিভুঃ পরমেষ্ঠী ইন্দ্রবায়্বাদীন্ দেবান্ নিঃসত্ত্বান্ বলহীনান্ বিগতপ্রাণান্ তথা অমঙ্গলপ্রভান্ লোকান্ তথা অসুরান্ অযথা বল-পুষ্ট্যাদিযুক্তান্ বিলোক্য ॥১৯

সমাহিতেন একাগ্রেণ মনসা পরমপুরুষং সংস্মরন্ সঃ উৎফুল্লবদনঃ পরঃ ভগবান্ ব্রহ্মা দেবান্ উবাচ।২০

অস্মদাদয়ঃ সর্ব্বে দেবাঃ মনুষ্যতির্য্যগ্-দ্রুমাদয়ঃ তথা ঘর্ম্ম-জাতয়ঃ স্বেদজাঃ জীবাঃ চ যস্য ভগবতঃ অবতারঃ অনিরুদ্ধঃ তস্য অংশকলয়া অংশাংশেন জ্ঞানশক্ত্যাদিগুণলেশেন বিসর্জ্জিতাঃ উৎপাদিতাঃ, তম্ অব্যয়ং ভগবন্তম্ এব বয়ং সর্ব্বে শরণং ব্রজাম ॥২১

যস্য পরমানন্দ-বিগ্রহস্য ভগবতঃ ন বধ্যঃ, ন চ রক্ষণীয়ঃ, নাপি কশ্চিৎ উপেক্ষণীয়ঃ বা আদরণীয়পক্ষঃ যদি ন অস্তি, সর্ব্বেষু অসৌ সমঃ; তথাপি জগতঃ সর্গস্থিতি-সংযমার্থং কালে তত্তদবসরে রজঃ-সত্ত্ব-তমাংসি যথোচিত-কার্য্যার্থং ধত্তে ॥২২

দেহিনাং ভবায় স্থিতয়ে সত্ত্বগুণং জুষাণস্য স্বীকৃতবতঃ ভগবতঃ অয়ং স্থিতিপালনক্ষণঃ (স্থিতিঃ মর্য্যাদা তস্যাঃ পালনস্য ক্ষণঃ কালঃ) যতঃ তস্মাৎ সর্ব্বে বয়ং তং জগদ্গুরুং শরণং ব্রজামঃ অধ্যবসামঃ। সঃ সুরপ্রিয়ঃ (সুরাঃ প্রিয়াঃ যস্য সঃ) নঃ অস্মাকং স্বানাং শং সুখং ধাস্যতি করিষ্যতি ॥২৩

পারিলেন না।১৫-১৭

অনন্তর তাঁহারা সকলে সুমেরুর উপরিভাগে অবস্থিত ব্রহ্মার সভায় উপস্থিত হইয়া প্রণতিসহকারে ব্রহ্মার নিকট সকল কথা নিবেদন করিলেন।১৮

তৎকালে ভগবান্ ব্রহ্মা, ইন্দ্র, বায়ুপ্রভৃতি দেবতাগণকে নির্ব্বীর্য্য ও কান্তিহীন, ত্রিলোককে প্রায়শঃ অমঙ্গলযুক্ত এবং অসুরগণকে বলবান্ ও কান্তিযুক্ত লক্ষ্য করিয়া একাগ্রচিত্তে পরমপুরুষ শ্রীহরিকে ধ্যান করিতে করিতে উৎফুল্লমুখে দেবতাগণকে এরূপ বলিয়াছিলেন।১৯-২০

হে দেবগণ! আমি, শঙ্কর, তোমরা, অসুর প্রভৃতি জীবগণ এবং মনুষ্য, তির্য্যক্ প্রাণী, বৃক্ষ ও স্বেদজ প্রাণিগণ যাঁহার অবতারস্বরূপ পুরুষের অংশ-রূপী ব্রহ্মার অংশজাত মরীচিপ্রভৃতি কর্ত্তৃক পুত্র-পৌত্রাদিক্রমে উৎপাদিত হইয়াছি, আমরা সকলে সেই অব্যয় পুরুষোত্তম শ্রীহরিরই শরণাপন্ন হইব।২১

তাঁহার বধ্য বা রক্ষণযোগ্য, উপেক্ষাযোগ্য বা আদরযোগ্য কেহ না হইলেও তিনি সৃষ্টি, স্থিতি ও সংহারের জন্য যথাসময়ে রজঃ, সত্ত্ব ও তমোগুণ আশ্রয় করেন।২২

প্রাণিগণের কল্যাণের জন্য সত্ত্ব-গুণধারী সেই শ্রীহরির ইহা স্থিতিরক্ষার সময় বলিয়া আমরা সেই জগদ্গুরুরই শরণাপন্ন হইব। সেই দেবতাপ্রিয় ভগবানই আমাদের মঙ্গলসাধন করিবেন।২৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

ইত্যাভাষ্য সুরান্ বেধাঃ সহ দেবৈররিন্দম।
অজিতস্য পদং সাক্ষাজ্জগাম তমসঃ পরম্ ॥২৪
তত্রাদৃষ্টস্বরূপায় শ্রুতপূর্ব্বায় বৈ প্রভুঃ।
স্তুতিমব্রূত দৈবীভির্গীর্ভিস্ত্ববহিতেন্দ্রিয়ঃ ॥২৫

ব্রহ্মোবাচ।

অবিক্রিয়ং সত্যমনন্তমাদ্যং
গুহাশয়ং নিষ্কলমপ্রতর্ক্যম্।
মনোঽগ্রযাণং বচসানিরুক্তং
নমামহে দেববরং বরেণ্যম্ ॥২৬

বিপশ্চিতং প্রাণমনোধিয়াত্মনা-
মর্থেন্দ্রিয়াভাসমনিদ্রমব্রণম্।
ছায়াতপৌ যত্র ন গৃধ্রপক্ষৌ
তমক্ষরং খং ত্রিযুগং ব্রজামহে ॥২৭
অজস্য চক্রং ত্বজয়ের্য্যমাণং
মনোময়ং পঞ্চদশারমাশু।
ত্রিনাভি বিদ্যুচ্চলমষ্টনেমি
যদক্ষমাহুস্তমৃতং প্রপদ্যে ॥২৮

শ্রীশুকঃ উবাচ। হে অরিন্দম! বেধাঃ ব্রহ্মা ইতি এবং সুরান্ আভাষ্য আজ্ঞাপ্য তৈঃ দেবৈঃ সহ তমসঃ পরং সাক্ষাৎ অজিতস্য পদং স্থানং জগাম ॥২৪

তত্র অবহিতেন্দ্রিয়ঃ বশীকৃতেন্দ্রিয়ঃ প্রভুঃ ব্রহ্মা বৈ নিশ্চয়েন অদৃষ্টং স্বরূপং যস্য তস্মৈ তথা শ্রুতং পূর্ব্বম্ ইতি শ্রুতপূর্ব্বঃ তস্মৈ তৎপ্রাপ্তয়ে দৈবীভিঃ বৈদিকীভিঃ গীর্ভিঃ স্তুতিম্ অব্রূত অকরোৎ ॥২৫

ব্রহ্মা উবাচ। হে ঈশ! অবিক্রিয়ং, সত্যম্, অনন্তম্, আদ্যং, গুহাশয়ং, নিষ্কলং নিরুপাধিম্, অপ্রতর্ক্যং, মনসঃ অপি অগ্রে বর্ত্তমানং, বচসা অনিরুক্তং, বরেণ্যং বরণীয়ং, দেববরং ত্বাং বয়ং নমামহে ॥২৬

প্রাণমনোধিয়াত্মনাং বিপশ্চিতং সাক্ষাৎ কর্ত্তারং তথাপি অর্থেন্দ্রিয়াভাসম্ (অর্থাঃ শব্দাদয়ো বিষয়াঃ ইন্দ্রিয়াণি ত... গ্রাহকাণি তেষাম্ আভাসং প্রকাশকং), তথাপি অনি... জাগরাদ্যবস্থাত্রয়রহিতম্, অব্রণম্ অদেহম্, অক্ষরং পরিপূ... খং নিত্যসুখস্বরূপং যত্র যস্মিন্ গৃধ্রপক্ষৌ বাগাদিমজ্জীবপক্ষ... পাতিনৌ ছায়াতপৌ অবিদ্যা তন্নিবর্ত্তিকা বিদ্যা চ নাস্তি ... ত্রিযুগং ত্রিষু যুগেষু আবির্ভবন্তং শরণং ব্রজামহে ॥২৭

মনোময়ং মনঃপ্রধানং, পঞ্চদশারং (দশেন্দ্রিয়াণি পঞ্চ... প্রাণাশ্চ ইতি পঞ্চদশ অরাঃ যস্য তৎ), আশু শীঘ্রগং, ত্রিনা... (ত্রয়ঃ সত্ত্বাদয়ঃ গুণাঃ নাভিঃ যস্য তৎ), বিদ্যুদ্বৎচলম্, অষ্টনে... (ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ, অহঙ্কারঃ ই... অষ্টঃ প্রকৃতয়ঃ নেমিঃ যস্য তৎ), অজস্য ভগবতঃ অজ... মায়য়া ঈর্য্যমাণং প্রবর্ত্তমানং চক্রবদাবর্ত্তমানং, যদক্ষং (যঃ ভগব...

শ্রীশুকদেব বলিলেন—হে শত্রুদমন মহারাজ! ভগবান্ ব্রহ্মা দেবতাগণকে এরূপ বলিয়া তাঁহাদের সহিত তমোগুণের পরবর্তী যে স্থান শ্রীহরির সাক্ষাৎ অধিষ্ঠানক্ষেত্র, সেই ক্ষীরোদসাগরে গমন করিয়াছিলেন।২৪

ভগবান্ ব্রহ্মা সেখানে উপস্থিত হইয়া—পূর্বে যাঁহার কথা কেবল শুনিয়াছিলেন, কিন্তু যাঁহার রূপ দেখেন নাই—সেই শ্রীহরিকে সংযতচিত্তে লোকমধ্যে অপ্রসিদ্ধ বেদবাক্যসমূহ দ্বারা স্তুতি করিতে আরম্ভ করিলেন।২৫

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভগবন্! আপনি মন অপেক্ষাও বেগবান্ বলিয়া মনদ্বারা বিচারে... অযোগ্য, উপাধিমুক্ত বলিয়া সর্বত্র অনুপ্রবিষ্ট, আদ্যান্তরহিত বলিয়া নির্বিকার, অতএব বাক্যের অগোচর সত্যস্বরূপ বরেণ্য শ্রেষ্ঠ দেবতা। আম... আপনাকে প্রণাম করি ॥২৬

যিনি প্রাণ, মন, বুদ্ধি ও আত্মার (অহঙ্কা... বা দেহের) জ্ঞাতা, যিনি বিষয় ও ইন্দ্রিয়রূ... প্রকাশিত হন, অথচ যিনি স্বপ্নদ্রষ্টার ন্যায় অজ্ঞান... রহিত এবং দেহহীন বলিয়া আকাশের ন্যায় সর্ব... ব্যাপক, যাঁহার মধ্যে জীবপক্ষপাতী অবিদ্যা ও বিদ্যার সম্পর্ক নাই, ত্রিযুগে বিরাজমান যে...

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

য একবর্ণং তমসঃ পরং ত-
দলোকমব্যক্তমনন্তপারম্।
আসাঞ্চকারোপসুপর্ণমেন-
মুপাসতে যোগরথেন ধীরাঃ ॥২৯

ন যস্য কশ্চাতিতিতর্ত্তি মায়াং
যয়া জনো মুহ্যতি বেদ নার্থম্।
তং নির্জিতাত্মাত্মগুণং পরেশং
নমাম ভূতেষু সমং চরন্তম্ ॥৩০

ইমে বয়ং যৎপ্রিয়য়ৈব তন্বা
সত্ত্বেন সৃষ্টা বহিরন্তরাবিঃ।
গতিং ন সূক্ষ্মামৃষয়শ্চ বিদ্মহে
কুতোঽসুরাদ্যা ইতরপ্রধানাঃ ॥৩১

পাদৌ মহীয়ং স্বকৃতৈব যস্য
চতুর্ব্বিধো যত্র হি ভূতসর্গঃ।
স বৈ মহাপূরুষ আত্মতন্ত্রঃ
প্রসীদতাং ব্রহ্ম মহাবিভূতিঃ ॥৩২

অক্ষঃ যস্য তৎ যদধিষ্ঠানম্) আহুঃ, তম্ ঋতং সত্যম অহং প্রপদ্যে ॥২৮

যঃ উপসুপর্ণং (গরুড়স্য উপরি) বা জীবসমীপে নিয়ন্তৃ-ত্বেন আসাঞ্চকার আস্তে স্ম, অতএব ধীরাঃ বিবেকিনঃ যোগরথেন তৎপ্রাপ্তিসাধনেন যোগাদিনা এনম্ এব উপাসতে ভজন্তে, তম্ একবর্ণম্ আনন্দৈকস্বরূপং, তমসঃ প্রকৃতেঃ পরম্, অলোকং লোকাতীতম্, অব্যক্তম্ অদৃশ্যম্, অনন্তপারং দেশ-কালবস্তুতঃ পরিচ্ছেদশূন্যং যৎ পরং ব্রহ্ম তদেব ননাম ॥২৯

(শরণাগতিমন্তরেণ) যস্য মায়াং কশ্চিৎ অপি ন অতিতিতর্ত্তি নাতিক্রামতি, যয়া মায়য়া জনঃ মুহ্যতি, অর্থম্ আত্মানং ন বেদ নির্জ্জিতাত্মাত্মগুণং (নির্জ্জিতঃ আত্মা আত্মভূতা মায়া শক্তিঃ তদ্‌গুণাঃ সত্ত্বাদয়ঃ চ যেন তং) ভূতেষু সমং চরন্তং তং পরেশং নমাম ॥৩০

ইমে বয়ং দেবাঃ ঋষয়ঃ চ যস্য প্রিয়য়া তন্বা সত্ত্বেন গুণেন সৃষ্টাঃ অপি অন্তর্ অন্তর্য্যামিরূপেণ, বহিঃ চ কালরূপেণ আবিঃ প্রকটাম্ অপি সূক্ষ্মাং গতিং স্বরূপং ন বিদ্মহে, তর্হি ইতরপ্রধানাঃ রজস্তমঃপ্রধানাঃ অসুরাদ্যাঃ কুতঃ বিদুঃ; তং ননাম ॥৩১

যত্র যস্যাং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদেন চতুর্বিধঃ ভূতসর্গঃ তিষ্ঠতি, সা ইয়ং মহী যস্য পাদৌ, সঃ মহাবিভূতিঃ ব্রহ্ম আত্মতন্ত্রঃ মহাপুরুষঃ বৈ প্রসীদতাং প্রসীদতু ॥৩২

ভগবান্‌কে আমরা আশ্রয় করিতেছি।২৭

জীবের দেহাদি চক্রতুল্য, উহা মায়াদ্বারা ঘূর্ণিত হইতেছে। মন এই চক্রের প্রধান অংশ, দশ ইন্দ্রিয় ও পঞ্চ প্রাণ এই পঞ্চদশটি এই চক্রের অরা অর্থাৎ চক্রের মধ্যভাগে গ্রথিত ও চারিদিকে প্রান্তভাগে সংলগ্ন শলাকা। সত্ত্বাদি তিনগুণ ইহার নাভি অর্থাৎ মধ্যভাগ। উহা বিদ্যুতের ন্যায় চঞ্চল। প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার ও শব্দাদি পঞ্চ তন্মাত্র—এই আটটি এই চক্রের নেমি অর্থাৎ প্রান্তভাগের ন্যায় আবরণস্বরূপ। যিনি এই চক্রের অক্ষ অর্থাৎ অধিষ্ঠান বা অবলম্বন, সেই সত্যস্বরূপ পরমেশ্বরের শরণাগত হইতেছি।২৮

যিনি দেশ ও কালদ্বারা অপরিচ্ছিন্ন, অব্যক্ত ও অদৃশ্য হইয়া প্রকৃতির অতীত জ্ঞানমাত্ররূপে নিত্য বিরাজমান থাকিয়াও জীবের নিকটে তাহার নিয়ামকরূপে (অথবা ভক্তরক্ষার জন্য গরুড়ের উপর উপবিষ্টরূপে) বিদ্যমান রহিয়াছেন এবং ধীর পুরুষগণ যোগরূপ উপায়দ্বারা যাঁহার উপাসনা করেন, আমরা তাঁহাকেই প্রণাম করি।২৯

যাঁহার মায়াকে কেহই উত্তীর্ণ হইতে পারে না—যে মায়ার প্রভাবে লোক আত্মাকে অবগত হইতেও সমর্থ হয় না, অথচ যিনি আত্মশক্তি, মায়া ও মায়িক গুণসমূহকে জয় করিয়াছেন, সর্বভূতে সমভাবে বিচরণশীল সেই পরমেশ্বরকে প্রণাম করি।৩০

আমরা এই দেবতা ও ঋষিগণ যাঁহার প্রিয়-মূর্তি সত্ত্বগুণদ্বারা সৃষ্ট হইয়াও বাহিরে ও অন্তরে সত্তা ও প্রকাশদ্বারা সাক্ষাৎ প্রকাশমান যাঁহার সূক্ষ্ম স্বরূপ জানিতে পারি না, রজঃ ও তমোগুণপ্রধান অসুরাদি জীবগণ কিরূপে তাঁহাকে অবগত হইবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তস্তু যদ্রেতঃ উদারবীর্য্যং
সিধ্যন্তি জীবন্ত্যুত বর্দ্ধমানাঃ।
লোকা যতোঽথাখিললোকপালাঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৩
সোমং মনো যস্য সমামনন্তি
দিবৌকসাং যো বলমন্ধ আয়ুঃ।
ঈশো নগানাং প্রজনঃ প্রজানাং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৪

অগ্নির্মুখং যস্য তু জাতবেদা
জাতঃ ক্রিয়াকাণ্ডনিমিত্তজন্মা।
অন্তঃসমুদ্রেঽনুপচন্ স্বধাতূন্
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৫
যচ্চক্ষুরাসীৎ তরণির্দেবযানং
ত্রয়ীময়ো ব্রহ্মণ এষ ধিষ্ণ্যম্।
দ্বারঞ্চ মুক্তেরমৃতঞ্চ মৃত্যুঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৬

উদারং বীর্য্যং শক্তিঃ যস্য তৎ অন্তঃ জলং তু যৎ যস্য রেতঃ, যতঃ অন্তসঃ ত্রয়ঃ লোকাঃ তথা অখিললোকপালাঃ চ-সিধ্যন্তি জায়ন্তে, যতঃ চ জীবন্তি বর্দ্ধমানাঃ চ ভবন্তি, সঃ ব্রহ্মাপদ বাচ্যঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৩৩

সোমং চন্দ্রমসং যস্য মনঃ সমামনন্তি বেদাঃ বদন্তি, যং দিবৌকসং দেবানাম্ অন্ধঃ অন্নম্ অতএব বলম্ আয়ুশ্চ সমামনন্তি; নগানাং বৃক্ষাণাম্ ঈশঃ রাজা, প্রজানাম্ অপি প্রজনঃ উৎপাদকঃ যঃ, সঃ মহাবিভূতিঃ নঃ প্রসীদতাম্ ॥৩৪

ক্রিয়াকাণ্ড-নিমিত্ত-জন্মা (ক্রিয়াকাণ্ডং তৎ প্রতিপাদ্যং কর্ম্ম তন্নিমিত্তং জন্ম যস্য সঃ) তথা অন্তঃ-সমুদ্রে উদরমধ্যে স্বধাতূন্ স্বপাকার্হান্ অন্নাদীন্ অনুপচন্ যথোচিতং পরিণাময়ন্ অগ্নিঃ যথা প্রসিদ্ধসমুদ্রে অপি বাড়বরূপেণ উদকানি এব অনুপচন্ জাতবেদা (জাতং বেদো ধনং যস্মাৎ সঃ) অগ্নিঃ যস্য মুখং জাতঃ সঃ মহাবিভূতিঃ ন প্রসীদতাম্ ॥৩৫

দেবযানং (দেবলোক-প্রাপ্তিমার্গাধিষ্ঠাত্রী দেবতা) ত্রয়ীময়ঃ ঋক্ যজুঃ সাম বেদত্রয়-প্রচুরঃ, ব্রহ্মণঃ ধিষ্ণ্যং পরব্রহ্মণঃ উপাসনা-স্থানং, মুক্তেঃ দ্বারম্, অমৃতম্ অমৃতসাধনম্, উদয়াস্তময়াভ্যাং আয়ুর্ব্যয়করত্বাৎ মৃত্যুঃ চ এবং প্রসিদ্ধঃ তরণিঃ সূর্য্যঃ যস্য চক্ষুঃ আসীৎ, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মান্ প্রতি প্রসীদতাম্ ॥৩৬

আমরা তাঁহাকে প্রণাম করি।৩১

যে পৃথিবীতে জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ-রূপ চারিপ্রকার প্রাণী সৃষ্ট হয়, নিজ রচিত সেই পৃথিবী যাঁহার পদযুগল, মহাবিভূতিশালী অচ্যুত-স্বরূপ সেই স্বতন্ত্র মহাপুরুষ ব্রহ্ম আমাদের প্রতি প্রসন্ন হউন।৩২

মহাপ্রভাবশালী যে জল হইতে এই লোকসমষ্টি এবং নিখিল লোকপালগণ উৎপন্ন, জীবিত ও বর্ধিত হয়, সেই জল যাঁহার রেতঃস্বরূপ, মহাবিভূতিশালী সেই পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।৩৩

যে সোম দেবতাগণের বল, অন্ন ও আয়ুঃস্বরূপ, যিনি বৃক্ষগণের ঈশ এবং প্রজাগণের প্রবর্ধক, সেই সোমকে পণ্ডিতগণ যাঁহার মন বলিয়া বর্ণন করেন, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।৩৪

বেদের কর্মকাণ্ডের প্রতিপাদ্য যাগাদি ক্রিয়া-নুষ্ঠানের জন্য যাঁহার জন্ম, যিনি সমুদ্রে বাড়বানল-রূপে অবস্থানপূর্বক জলপ্রভৃতির পাক করার ন্যায় জীবের উদরে থাকিয়া পরিপাকযোগ্য অন্নাদি পরিপাক করেন এবং যে অগ্নি ধনপ্রসবকারী অর্থাৎ যজ্ঞে অর্চিত হইয়া যজমানের অভীষ্ট বিষয় দান করেন, সেই অগ্নি যাঁহার মুখস্বরূপ, সেই মহা-বিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।৩৫

যে সূর্য উত্তরায়ণমার্গের দেবতা, যিনি বেদত্রয়-স্বরূপ, যিনি ব্রহ্মের উপাসনার স্থান অর্থাৎ যাঁহার মধ্যে অধিষ্ঠিত ব্রহ্মের উপাসনা করা হয়, যে সূর্য মুক্তিদ্বারস্বরূপ এবং যে সূর্য পুণ্যধাম বলিয়া অমৃতস্বরূপ ও কালরূপী বলিয়া মৃত্যুরূপে গণ্য হন, সেই সূর্য যাঁহার চক্ষুঃ, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাণাদভূদ্ যস্য চরাচরাণাং
প্রাণঃ সহো বলমোজশ্চ বায়ুঃ।
অন্বাস্ম সম্রাজমিবানুগাঃ বয়ং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৭

শ্রোত্রাদ্ দিশো যস্য হৃদশ্চ খানি
প্রজজ্ঞিরে খং পুরুষস্য নাভ্যাঃ।
প্রাণেন্দ্রিয়াত্মাসুশরীরকেতং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৮

বলান্মহেন্দ্রস্ত্রিদশাঃ প্রসাদা-
ন্মন্যোর্গিরীশো ধিষণাদ্ বিরিঞ্চিঃ।
খেভ্যস্তু ছন্দাংস্যৃষয়ো মেঢ্রতঃ কঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৯

শ্রীর্বক্ষসঃ পিতরশ্ছায়য়াসন্
ধর্ম্মঃ স্তনাদিতরঃ পৃষ্ঠতোঽভূৎ।
দ্যৌর্যস্য শীর্ষ্ণোঽপ্সরসো বিহারাৎ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪০

চরাচরাণাং সহঃ বলম্ ওজঃ তত্তদ্রূপঃ প্রাণরূপঃ বায়ুঃ যস্য প্রাণাৎ অভূৎ; যৎ পঞ্চবৃত্তিং প্রাণম্ অনুগাঃ ইব বয়ম্ (বুদ্ধ্যাদ্যধিষ্ঠাতারঃ ব্রহ্মাদয়ঃ দেবতাঃ সম্রাজঃ সার্ব্বভৌমং তদ্ভৃত্যাঃ ইব) অন্বাস্ম অনুসৃত্য স্থিতাঃ সঃ মহাবিভূতিঃ নঃ প্রসীদতাম্ ॥৩৭

যস্য পুরুষস্য শ্রোত্রেন্দ্রিয়াৎ দিশঃ প্রজজ্ঞিরে, হৃদঃ খানি দেহগতানি ছিদ্রাণি প্রজজ্ঞিরে, নাভ্যাঃ চ প্রাণেন্দ্রিয়াত্মাসু শরীর-কেতং (প্রাণঃ পঞ্চবৃত্তিকঃ, ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি, বাগাদীনি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি চ আত্মা অন্তঃ-করণম্, অসবঃ নাগকূর্ম্মাদয়ঃ, শরীরং চ তেষাং কেতম্ অবকাশ-দাতৃত্বেন আশ্রয়ভূতং) খম্ আকাশঃ প্রজজ্ঞে, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৩৮

যস্য বলাৎ মহেন্দ্রঃ জজ্ঞে, প্রসাদাৎ ত্রিদশাঃ দেবাঃ জজ্ঞিরে, মন্যোঃ ক্রোধাৎ গিরিশঃ রুদ্রঃ জজ্ঞে, ধিষণাৎ বুদ্ধেঃ সকাশাৎ বিরিঞ্চিঃ ব্রহ্মা জজ্ঞে, খেভ্যঃ দেহছিদ্রেভ্যঃ ছন্দাংসি গায়ত্র্যাদীনি ঋষয়শ্চ জজ্ঞিরে, মেঢ্রাৎ কঃ প্রজাপতিঃ জজ্ঞে, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৩৯

যস্য বক্ষসঃ শ্রীঃ মহালক্ষ্মীঃ আসীৎ; ছায়য়া পিতরঃ আসন্, স্তনাৎ ধর্ম্মঃ অভূৎ, পৃষ্ঠতঃ ইতরঃ অধর্ম্মঃ জাতঃ, শীর্ষ্ণঃ শিরসঃ দ্যৌঃ স্বর্গঃ অভূৎ, বিহারাৎ অপ্সরসঃ আসন্, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৪০

আমাদের প্রতি প্রসন্ন হউন ॥৩৬

ভৃত্যগণ যেরূপ সম্রাটের অনুবর্তন করে, সেইরূপ বুদ্ধিপ্রভৃতির অধিষ্ঠাতা আমরা দেবতাগণ যে মুখ্য প্রাণের অনুবর্তন করিতেছি, স্থাবর-জঙ্গম নিখিল জগতের মন, শরীর ও ইন্দ্রিয়বর্গের সামর্থ্যবিশিষ্ট সেই প্রাণবায়ু যাঁহার প্রাণ হইতে উৎপন্ন হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৭

যাঁহার শ্রবণেন্দ্রিয় হইতে দিক্‌সমূহ, হৃদয় হইতে দেহস্থিত রন্ধ্রসমূহ এবং নাভি হইতে প্রাণ, ইন্দ্রিয়, মন, নাগ-কূর্মাদি পঞ্চবায়ু ও দেহ—এই সকলের আশ্রয় আকাশ উৎপন্ন হইয়াছে, সেই মহাবিভূতি-শালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৮

যাঁহার বল হইতে ইন্দ্র, অনুগ্রহ হইতে দেবগণ, ক্রোধ হইতে রুদ্র, বুদ্ধি হইতে ব্রহ্মা, দেহচ্ছিদ্র হইতে বেদ ও ঋষিগণ এবং লিঙ্গ হইতে প্রজাপতির উৎপত্তি হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৯

যাঁহার বক্ষঃস্থল হইতে লক্ষ্মী, ছায়া হইতে পিতৃগণ, স্তন হইতে ধর্ম, পৃষ্ঠ হইতে অধর্ম, মস্তক হইতে স্বর্গ এবং বিহার হইতে অপ্সরাগণের উৎপত্তি হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৪০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিপ্রো মুখাদ্ ব্রহ্ম চ যস্য গুহ্যং
রাজন্য আসীদ্ভুজয়োর্বলঞ্চ
ঊর্ব্বোর্বিড়োজোঽঙ্ঘ্রিরবেদশূদ্রৌ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪১

লোভোঽধরাৎ প্রীতিরুপর্য্যভূদ্ দ্যুতি-
র্নস্তঃ পশব্যঃ স্পর্শেন কামঃ।
ভ্রুবোর্যমঃ পক্ষ্মভবস্তু কালঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪২

দ্রব্যং বয়ঃ কর্ম্ম গুণান্ বিশেষং
যদ্‌যোগমায়াবিহিতান্ বদন্তি।
যদ্দুর্ব্বিভাব্যং প্রবুধাপবাধং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪৩

নমোঽস্তু তস্মা উপশান্তশক্তয়ে
স্বারাজ্যলাভপ্রতিপূরিতাত্মনে।
গুণেষু মায়া চরিতেষু বৃত্তিভি-
র্ন সজ্জমানায় নভস্বদূতয়ে ॥৪৪

যস্য মুখাৎ বিপ্রঃ ব্রাহ্মণকুলং, গুহ্যম্ অতীন্দ্রিয়ার্থাববোধকং ব্রহ্ম বেদঃ চ আসীৎ, ভুজয়োঃ বাহুভ্যাং রাজন্যঃ ক্ষত্রিয়ঃ, বলং প্রজাপালনসামর্থ্যং চ আসীৎ, ঊর্ব্বোঃ ঊরুভ্যাং বিট্ বৈশ্যঃ ওজঃ নৈপুণ্যং তস্য বৃত্তিঃ চ আসীৎ, অঙ্ঘ্রেঃ অঙ্ঘ্রেঃ সকাশাৎ অবেদঃ বেদব্যতিরিক্তা শুশ্রূষাবৃত্তিঃ, তদ্বৃত্তিমান্ শূদ্রঃ চ আসীৎ, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৪১

যস্য অধরাৎ অধরোষ্ঠাৎ লোভঃ আসীৎ, উপরি উত্তরোষ্ঠাৎ প্রীতিঃ অভূৎ, নস্তঃ নাসিকাতঃ দ্যুতিঃ কান্তিঃ অভূৎ, স্পর্শেন পশব্যঃ (পশূনাং তত্তুল্যানাম্ অজ্ঞানাং হিতঃ কামঃ) অভূৎ, ভ্রুবঃ যমঃ অভূৎ, কালঃ তু যস্য পক্ষ্মভবঃ পক্ষ্মণোঃ জাতঃ, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৪২

দ্রব্যং ভূতপঞ্চকং, বয়ঃ কালং, কর্ম্ম জীবাদৃষ্টং, গুণান্ সত্ত্বাদীন্ যৎ যস্মাৎ দুর্ব্বিভাব্যং প্রবুধাপবাদং বিদ্বদ্ভিঃ ত্যাজ্য বিশেষং ব্রহ্মাণ্ডে তদুপলক্ষিতং কার্য্যকারণাত্মকং সকলং যস্য যোগমায়য়া ঈক্ষণ-পূর্ব্বক-সঙ্কল্পাত্মিকয়া বিহিতান্ বদ সঃ মহাবিভূতিঃ ইতি ॥৪৩

উপশান্তা অসংশ্লিষ্টাঃ শক্তয়ঃ সত্ত্বাদীনি যস্মিন্ তস্মৈ, যে পরমানন্দস্বরূপেণ রাজতে ইতি স্বরাট্ তস্য ভাবঃ স্বারা তল্লাভেনৈব প্রতিপূরিতঃ আত্মা মনঃ যস্য তস্মৈ, অপ মায়ারচিতেষু প্রকৃত্যাঃ গুণেষু দর্শনাদিবৃত্তিভিঃ ন সজ্জমা আসক্তিরহিতায়, নভস্বদূতয়ে (নভস্বান্ বায়ুঃ তদ্বদূতিঃ লী যস্য তস্মৈ) নমঃ ॥৪৪

যাঁহার মুখ হইতে ব্রাহ্মণ ও পরমরহস্য বেদবাণী, ভুজযুগল হইতে ক্ষত্রিয় ও বল, উরুযুগল হইতে বৈশ্য ও পটুতা এবং পদ হইতে শূদ্র ও শুশ্রূষার উৎপত্তি হইয়াছে; সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।৪১

যাঁহার অধর হইতে লোভ, ওষ্ঠ হইতে প্রীতি, নাসিকা হইতে দীপ্তি, স্পর্শ হইতে পশুগণের হিতজনক কাম, ভ্রূযুগল হইতে যম এবং পক্ষ্ম (চক্ষুর পাতা) হইতে কালের উৎপত্তি হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন।৪২

জ্ঞানিগণ বিচারদ্বারা যাহার বাস্তবত্ব নিরা করেন, অথচ বস্তুতঃ যাহা দুর্জ্ঞেয়, সেই পঞ্চভূ কাল, কর্ম, গুণ ও এই ভৌতিক প্রপঞ্চ যাঁহার যোগমায়ার মহিমারূপে বর্ণিত হয়, সেই মহা বিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রস হউন।৪৩

যাঁহার মধ্যে মায়াশক্তিসমূহ উপশান্ত অর্থ নিষ্ক্রিয় রহিয়াছে, যাঁহার স্বরূপ স্বারাজ্যলাভে পরিপূর্ণ, যিনি দর্শনাদি বৃত্তিদ্বারা মায়াকল্পিত বিষ সমূহে আসক্ত নহেন এবং যাঁহার লীলা বায়ু ন্যায় অপ্রতিহত , সেই পরমেশ্বরকে প্রণাম করি।৪৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স ত্বং নো দর্শয়াত্মানমস্মৎকরণগোচরম্।
প্রপন্নানাং দিদৃক্ষূণাং সস্মিতং তে মুখাম্বুজম্ ॥৪৫

তৈস্তৈঃ স্বেচ্ছাভৃতৈ রূপৈঃ কালে কালে স্বয়ং বিভো।
কর্ম্ম দুর্ব্বিষহং যন্নো ভগবাংস্তৎ করোতি হি ॥৪৬

ক্লেশভূর্য্যল্পসারাণি কর্ম্মাণি বিফলানি বা।
দেহিনাং বিষয়ার্ত্তানাং ন তথৈবার্পিতং ত্বয়ি ॥৪৭

নাবমঃ কর্ম্মকল্পোঽপি বিফলায়েশ্বরার্পিতঃ।
কল্পতে পুরুষস্যৈব স হ্যাত্মা দয়িতো হিতঃ ॥৪৮

যথা হি স্কন্ধশাখানাং তরোর্মূলাবসেচনম্।
এবমারাধনং বিষ্ণোঃ সর্ব্বেষামাত্মনশ্চ হি ॥৪৯

সঃ ভক্তবৎসলঃ ত্বং তে তব সস্মিতং প্রসন্নং মুখাম্বুজং দিদৃক্ষূণাং প্রপন্নানাং শরণাগতানাং নঃ অস্মাকং করণগোচরম্ ইন্দ্রিয়গ্রাহ্যং যথা ভবতি এবম্ আত্মানং স্বস্বরূপং দর্শয় ॥৪৫

হে বিভো সর্ব্বথা কর্ত্তুং সমর্থ! হি যস্মাৎ কালে কালে তত্তৎ অবসরে স্বস্য ইচ্ছয়া তেষাম্ ইচ্ছয়া বা ভৃতৈঃ ধৃতৈঃ, তৈঃ তৈঃ রূপৈঃ যৎ নঃ অস্মাকং দুর্বিষহম্ অশক্যং তৎ কর্ম্ম ভগবান্ স্বয়ম্ এব করোতি ॥৪৬

বিষয়ার্ত্তানাং বিষয়াসক্ত্যা দুঃখিতানাং দেহিনাং দেহাত্মাধ্যাসবতাং কর্ম্মাণি যথা ক্লেশভূর্য্যল্পসারাণি (ক্লেশঃ ভূরিঃ যেষু অল্পং সারং ফলং যেষু তথা ভূতানি অপি) বিফলানি (স্বর্গাদেঃ ফলস্যাপি বিনাশিত্বাৎ) ভবন্তি; ত্বয়ি অর্পিতং তু কর্ম্ম তথা ন এব ভবন্তিঃ; অপি তু সফলম্ এব ॥৪৭

হি যস্মাৎ সঃ এষঃ ঈশ্বরঃ পুরুষস্য সর্ব্বজীবস্য আত্মা স্বরূপম্ (তদংশত্বাৎ) অতএব দয়িতঃ প্রিয়ঃ হিতঃ চঃ অতঃ অবমঃ লৌকিকঃ ব্যাপারঃ অল্পঃ, তথা কর্ম্মকল্পঃ বৈদিকঃ কর্ম্মাভাসঃ ঈশ্বরে ত্বয়ি অর্পিতঃ চেৎ বিফলায় ন কল্পতে ॥৪৮

যথা তরোঃ মূলাবসেচনং (মূলস্য অবসেচনং জলেন সেকঃ) স্কন্ধানাং শাখানাং চ অবসেচনং ভবতি, এবং বিষ্ণোঃ আরাধনং সর্ব্বেষাং স্থাবরজঙ্গমাত্মকানাং প্রাণিনাং তথা আত্মনঃ স্বস্য আরাধকস্য চ আরাধনং ভবতি ॥৪৯

হে ভগবন্! আমরা আপনার শরণাগত এবং আপনার হাস্যোজ্জ্বল মুখপদ্ম দর্শনে অভিলাষী। আপনি আমাদের দৃষ্টিগোচররূপে নিজমূর্তি প্রদর্শন করুন।৪৫

হে বিভো! আমাদের পক্ষে যে যে কর্ম সম্পাদন করা অসম্ভব হয়, আপনি ভগবান্ বলিয়া যুগে যুগে স্বেচ্ছাকৃত বিভিন্ন অবতাররূপে তৎসমুদয় সম্পাদন করেন।৪৬

হে ভগবন্! বিষয়কাতর ব্যক্তিগণের বিষয়ানুসন্ধানমূলক কর্মসমূহে প্রচুর ক্লেশ এবং অতি অল্প ফলই জন্মিয়া থাকে, আবার কখনও বা ঐ সকল কর্ম সম্পূর্ণভাবেই নিষ্ফল হয়, পরন্তু ভক্তগণ আপনাতে যে কর্ম অর্পণ করেন, তাহা সেরূপ নহে অর্থাৎ তাহা কখনও নিষ্ফল না হইয়া পরম মহাফলই প্রদান করে।৪৭

হে ভগবন্! অতি অল্প পরিমাণ কর্মাভাসও যদি ঈশ্বরের উদ্দেশ্যে অর্পিত হয়, তাহা হইলেও উহা অনুষ্ঠানকারীর আয়াসজনক হয় না; যেহেতু ঈশ্বরই জীবের আত্মা, প্রিয় এবং হিতকারী বলিয়া তাদৃশ কর্মসমর্পণ নিষ্ফল হইতে পারে না।৪৮

বৃক্ষের মূলে জল সেচন করিলে উহাতে যেরূপ কাণ্ড-শাখাপ্রভৃতি সকল অবয়বেরই সেচন নয়, সেরূপ ভগবান্ বিষ্ণুর আরাধনা করিলে উহাতে সর্বভূতের এবং নিজেরও আরাধনা হইয়া থাকে।৪৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নমস্তুভ্যমনন্তায় দুর্ব্বিতর্ক্যাত্মকর্ম্মণে

নিগু‌র্ণায় গুণেশায় সত্ত্বস্থায় চ সাম্প্রতম্ ॥৫০

দুর্ব্বিতর্ক্যাত্মকর্ম্মণে (দুর্ব্বিতর্ক্যাণি বিভাবয়িতুম্ অশক্যানি আত্মনঃ স্বস্য কর্ম্মাণি লীলাঃ যস্য তস্মৈ) অনন্তায় দেশ-কাল-বস্তু পরিচ্ছেদ-রহিতায়, নিগু‌র্ণায় প্রাকৃত-গুণ-নির্ম্মুক্তায়, গুণেশায় গুণত্রয়নিয়ন্ত্রে, অতএব সাম্প্রতম্ ইদানীং পালনকালে সত্ত্বস্থায় সত্ত্বগুণ-সঙ্গী কৃতবতে তুভ্যং নমঃ ॥৫০

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমোঽধ্যায়ঃ ॥

হে ভগবন্! আপনার স্বভাব ও কর্ম্মসমূহ বিতর্কের (বিচারের) অযোগ্য। আপনি নিগু‌র্ণ, গুণেশ্বর, সত্ত্বগুণে অধিষ্ঠিত ও স্বরূপতঃ অনন্ত। আমরা সম্প্রতি আপনার উদ্দেশ্যে কেবলমাত্র প্রণাম জ্ঞাপন করিতেছি।৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চম অধ্যায় সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ

[ভগবদাজ্ঞয়া দেবতানাং দিতিজৈঃ সহ সন্ধিস্থাপনম্, সমুদ্রমন্থনার্থ-মুদ্যোগশ্চ।]

শ্রীশুক উবাচ।

এবং স্তুতঃ সুরগণৈর্ভগবান্ হরিরীশ্বরঃ।

যেষামাবিরভূদ্ রাজন্ সহস্রার্কোদয়দ্যুতিঃ ॥১

তেনৈব মহসা সর্ব্বে দেবাঃ প্রতিহতেক্ষণাঃ।

নাপশ্যন্ খং দিশঃ ক্ষৌণীমাত্মানঞ্চ কুতো বিভুম্ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সুরগণৈঃ এবং স্তুতঃ সহস্রার্কোদয়দ্যুতিঃ (সহস্রানাম্ অর্কাণাং সূর্য্যানাম্ উদয়ে দ্যুতিঃ ইব দ্যুতিঃ যস্য তথাভূতঃ) ভগবান্ ঈশ্বরঃ হরিঃ তেষাং পুরতঃ আবিরভূৎ ॥১

তেন এব মহসা তেজসা, প্রতিহতানি ঈক্ষণানি যেষাং তে সর্ব্বে দেবাঃ খং দিশঃ ক্ষৌণীং ধরিত্রীম্ আত্মানং চ যদা ন অপশ্যন্, তদা কুতঃ বিভুং ভগবন্তং পশ্যেয়ুঃ ॥২

ষষ্ঠ অধ্যায়।

[শ্রীভগবানের আদেশে দেবগণের অসুরকুলের সহিত সন্ধিস্থাপন এবং সমুদ্রমন্থনের জন্য উদ্যোগ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবগণ ভগবান্ ঈশ্বর শ্রীহরির এরূপ স্তুতি করিলে, তিনি সহস্র সূর্য্যের ন্যায় উজ্জ্বল মূর্তিতে তাঁহাদের নিকট আবির্ভূত হইয়াছিলেন।১

তাঁহার সেই সমুজ্জ্বল তেজে দৃষ্টি প্রতিহত হওয়ায় দেবতাগণ আকাশ, দিঙ্মণ্ডল, পৃথিবী ও নিজকে দেখিতে পাইলেন না, এ অবস্থায় ভগবান্ শ্রীহরিকে কিরূপে দেখিতে সমর্থ হইবেন ?২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরিঞ্চো ভগবান্ দৃষ্ট্বা সহ শর্ব্বেণ তাং তনুম্।
স্বচ্ছাং মরকতশ্যামাং কঞ্জগর্ভারুণেক্ষণাম্ ॥৩

তপ্তহেমাবদাতেন লসৎকৌষেয়বাসসা।
প্রসন্নচারুসর্ব্বাঙ্গীং সুমুখীং সুন্দরভ্রুবম্ ॥৪

মহামণিকিরীটেন কেয়ূরাভ্যাঞ্চ ভূষিতাম্।
কর্ণাভরণনির্ভাত-কপোল-শ্রীমুখাম্বুজাম্ ॥৫

কাঞ্চীকলাপবলয়-হারনূপুরশোভিতাম্।
কৌস্তুভাভরণাং লক্ষ্মীং বিভ্রতীং বনমালিনীম্ ॥৬

সুদর্শনাদিভিঃ স্বাস্ত্রৈর্মূর্ত্তিমদ্ভিরুপাসিতাম্।
তুষ্টাব দেবপ্রবরঃ সশর্ব্বঃ পুরুষং পরম্।
সর্ব্বামরগণৈঃ সাকং সর্ব্বাঙ্গৈরবনিং গতৈঃ ॥৭

ব্রহ্মোবাচ।

অজাতজন্মস্থিতিসংযমায়া-
গুণায় নির্ব্বাণসুখার্ণবায়।
অণোরণিম্নেঽপরিগণ্যধাম্নে
মহানুভাবায় নমো নমস্তে ॥৮

সর্ব্বেণ রুদ্রেণ সহ ভগবান্ বিরিঞ্চঃ ব্রহ্মা দৃষ্ট্বা তাম্ আবির্ভূতাং তনুং স্বচ্ছাং মরকতমণিবৎ শ্যামাং কঞ্জগর্ভবৎ অরুণে ঈক্ষণে যস্যাং তাম্ ॥৩

তপ্তহেমবৎ অবদাতেন পীতেন, লসতা শোভমানেন কৌশেয়বাসসা পট্যবস্ত্রেণ যুক্তাং, প্রসন্নানি চারূণি সুন্দরাণি সর্ব্বাণি অঙ্গানি যস্যাং তাং, শোভনং মুখং যস্যাং তাং, সুন্দরে ভ্রুবৌ যস্যাং তাম্ ॥৪

মহান্তঃ মণয়ঃ যস্মিন্ তেন কিরীটেন, কেয়ূরাভ্যাং চ ভূষিতাং, কর্ণাভরণে কুণ্ডলে তাভ্যাং নিতরাং ভাতৌ কপোলৌ তাভ্যাং শ্রীঃ শোভা মুখাম্বুজে যস্যাঃ তাম্ ॥৫

কাঞ্চী-কলাপ-বলয়-হারনূপুরাদিভিঃ শোভিতাং, কৌস্তুভাভরণং কণ্ঠে যস্যাঃ তাং, বক্ষসি লক্ষ্মীং বিভ্রতীং, বনমালা অস্যাঃ অস্তীতি তাম্ ॥৬

মূর্ত্তিমদ্ভিঃ পুরুষাকৃতিভিঃ স্বকীয়ৈঃ অস্ত্রৈঃ সুদর্শনাদিভিঃ উপাসিতাং তাং তনুং দৃষ্ট্বা সর্ব্বাঙ্গৈঃ অবনিং গতৈঃ সাষ্টাঙ্গপ্রণতৈঃ সর্ব্বামরগণৈঃ সাকং সশর্ব্বঃ শর্ব্বেণ রুদ্রেণ সহিতঃ দেবপ্রবরঃ ব্রহ্মা পরং পুরুষং তুষ্টাব ॥৭

ব্রহ্মা উবাচ। ন জাতাঃ কর্ম্মাধীনাঃ জন্ম-স্থিতি-সংযমাঃ যস্য তস্মৈ, অগুণায় প্রাকৃতগুণরহিতায়, নির্ব্বাণসুখার্ণবায় নির্দুঃখপরমানন্দমহোদধয়ে, কিঞ্চ অনোঃ জীবাৎ অপি অনিম্নে অন্তর্য্যামিত্বাৎ অতিসূক্ষ্মায়, অপরিগণ্যং দেশ-কাল-বস্তু-পরিচ্ছেদ-রহিতং ধাম মূর্ত্তিঃ যস্য তস্মৈ, মহানুভাবায় তে তুভ্যং নমো নমঃ ॥৮

দেবপ্রধান ভগবান্ ব্রহ্মা শঙ্করের সহিত সেই মূর্তি দর্শন করিয়া, সাষ্টাঙ্গে ভূতলে প্রণত হইলেন এবং অন্য সকল দেবগণও শঙ্করের সহিত সেই পরমপুরুষকে স্তুতি করিয়াছিলেন। তাঁহার সেই মূর্তি সুনির্মল, মরকতমণির ন্যায় শ্যামবর্ণ, তাঁহার নয়নযুগল পদ্ম-পুষ্পের অভ্যন্তরভাগের ন্যায় রক্তবর্ণ, সর্বাঙ্গ উত্তপ্ত সুবর্ণের ন্যায় পীতবর্ণ, মনোহর কৌষেয় বস্ত্রদ্বারা আবৃত, অবয়বসমূহ প্রসন্ন ও সুন্দর, মুখমণ্ডল ও ভ্রূযুগল সুশোভন, মস্তক মহামণিময় মুকুটশোভিত, বাহুদ্বয় কেয়ূরমণ্ডিত, শ্রীমুখকমল কুণ্ডলযুগলদ্বারা উদ্ভাসিত গণ্ডদ্বয়ের শোভায় রমণীয়, নানা অঙ্গ চন্দ্রহার, বলয়, হার ও নূপুরদ্বারা অলঙ্কৃত এবং গলদেশ কৌস্তুভমণি ও বনমালাদ্বারা বিভূষিত হইয়াছিল। তিনি বক্ষঃস্থলে লক্ষ্মীদেবীকে ধারণ করিয়াছিলেন এবং সুদর্শনপ্রভৃতি নিজ অস্ত্রসমূহ মূর্তিমান্ হইয়া তাঁহার উপাসনা করিতেছিলেন।৩-৭

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভগবন্! যাঁহার জন্ম, স্থিতি ও বিনাশ আমাদের অজ্ঞাত, যিনি নির্গুণ ও অপার মুক্তিসুখস্বরূপ এবং যিনি অণু হইতেও অতিসূক্ষ্ম, অথচ যাঁহার মূর্তির ইয়ত্তা নাই, সেই মহাপ্রভাবশালী আপনাকে বার বার প্রণাম করি।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপং তবৈতৎ পুরুষর্ষভেজ্যং
শ্রেয়োঽর্থিভির্বৈদিকতান্ত্রিকেণ।
যোগেন ধাতঃ সহ নস্ত্রিলোকান্
পশ্যাম্যমুষ্মিন্নু হ বিশ্বমূর্ত্তৌ ॥৯

ত্বয্যগ্র আসীৎ ত্বয়ি মধ্য আসীৎ
ত্বয্যন্ত আসীদিদমাত্মতন্ত্রে।
ত্বমাদিরন্তো জগতোঽস্য মধ্যং
ঘটস্য মৃৎস্নেব পরঃ পরস্মাৎ ॥১০

ত্বং মায়য়াত্মাশ্রয়য়া স্বয়েদং
নির্ম্মায় বিশ্বং তদনুপ্রবিষ্টঃ।
পশ্যন্তি যুক্তা মনসা মনীষিণো
গুণব্যবায়েঽপ্যগুণং বিপশ্চিতঃ ॥১১

যথাগ্নিমেধস্যমৃতঞ্চ গোষু
ভুব্যন্নমম্বূদ্যমনে চ বৃত্তিম্।
যোগৈর্মনুষ্যা অধিযন্তি হি ত্বাং
গুণেষু বুদ্ধ্যা কবয়ো বদন্তি ॥১২

হে পুরুষর্ষভ! পুরুষোত্তম! হে ধাতঃ সর্ব্বস্রষ্টঃ! তে তব এতৎ রূপং বৈদিকতান্ত্রিকেণ বেদতন্ত্রাভ্যাম্ অববোধিতেন যোগেন সাধনেন শ্রেয়োর্থিভিঃ ইজ্যং পূজ্যং নঃ অস্মাভিঃ দেবৈ সহ ত্রিলোকান্ অমুষ্মিন্ অস্মিন্ এব বিশ্বমূর্ত্তৌ তব রূপে পশ্যামি ॥৯

ইদং বিশ্বম্ অগ্রে মধ্যে চ ত্বয়ি আত্মতন্ত্রে আশ্রয়ভূতে এব আসীৎ, ঘটস্য মৃৎস্না মৃত্তিকা ইব অস্য জগতঃ আদ্যবস্থং মধ্যাবস্থম্ অন্তাবস্থং চ পরস্মাৎ পরঃ ত্বম্ এব ॥১০

স্বয়া স্বাধীনয়া, স্বাশ্রয়য়া মায়য়া ইদং বিশ্বং নির্ম্মায় ত্বং তদনুপ্রবিষ্টঃ (অনুপশ্চাৎ অন্তর্য্যামিরূপতয়া বর্ত্তসে)। যুক্তাঃ বিপশ্চিতঃ শাস্ত্রজ্ঞাঃ মনীষিণঃ গুণব্যবায়ে (গুণানাং ব্যবায়ে পরিণামে অপি) অগুণম্ এব ত্বাং মনসা পশ্যন্তি ॥১১

যথা অগ্নিম্ এধসি কাষ্ঠে (মথনেন); ক্ষীরং গোষু দোহনেন, ভুবি অন্নং (ব্রীহ্যাদি কর্ষণাদিনা) অম্বু জলং চ খননাদিনা, উদ্যমনে পুরুষকারে বাণিজ্যাদিনা বৃত্তিং জীবিকাম্, এবং যোগৈঃ তত্তদুপায়ৈঃ মনুষ্যাঃ যথা অধিযন্তি প্রাপ্নুবন্তি, এবং গুণেষু কার্য্যকারণ-সঙ্ঘাতেষু, কবয়ঃ বিবেকিনঃ বুদ্ধ্যা এব ত্বাং বদন্তি অধিযন্তি চ ॥১২

হে পুরুষোত্তম! আপনার এই মূর্তি শ্রেয়স্কামী ব্যক্তিগণ কর্তৃক বৈদিক ও তান্ত্রিক উপায়দ্বারা চিরকাল পূজনীয়, অতএব ইহা সনাতন। হে বিধাতঃ! এই নিখিল বিশ্ব আপনার মূর্তির মধ্যে অবস্থিত বলিয়া আমরা আপনার মধ্যে ত্রিলোকসহ আমাদের সকলকেই দর্শন করিতেছি; অতএব এই মূর্তি পরিচ্ছিন্ন নহে।৯

হে দেব! আপনি স্বতন্ত্র পুরুষ, এই বিশ্ব—সৃষ্টির পূর্বে আপনাতেই ছিল, মধ্যদশায় অর্থাৎ বর্তমানেও আপনাতেই আছে, ধ্বংসের পরেও আপনাতেই থাকিবে। আপনি প্রকৃতিরও পরবর্ত্তী তত্ত্ব, অতএব মৃত্তিকা যেরূপ ঘটের আদি, মধ্য ও অন্তস্বরূপ, সেরূপ আপনিই এই বিশ্বের আদি, মধ্য ও অন্তস্বরূপ হন।১০

আপনি নিজ অধীন মায়াদ্বারা এই বিশ্ব রচনা করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন। শাস্ত্রজ্ঞ বিবেকী যোগিগণ মনদ্বারা, প্রকৃতির গুণরাজির পরিণামমধ্যেও আপনাকে গুণসম্পর্কশূন্যরূপেই দর্শন করেন।১১

মনুষ্যগণ যেরূপ মন্থনদ্বারা কাষ্ঠের মধ্যে অগ্নি, দোহনপ্রভৃতিদ্বারা গাভীর মধ্যে ঘৃত, কর্ষণাদিদ্বারা ভূতলে ধান্যাদি খাদ্য এবং বাণিজ্যাদিদ্বারা পুরুষকারের মধ্যে জীবিকার আবিষ্কার করে, সেইরূপ মনীষিগণ বুদ্ধিদ্বারা গুণসমূহের মধ্যে আপনাকে লাভ করেন এবং ইহা বলিয়া থাকেন।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং ত্বাং বয়ং নাথ সমুজ্জিহানং
সরোজনাভাতিচিরেপ্সিতার্থম্।
দৃষ্ট্বা গতা নির্ব্বৃতিমদ্য সর্ব্বে
গজা দবার্ত্তা ইব গাঙ্গমম্ভঃ ॥১৩

স ত্বং বিধৎস্বাখিললোকপালা
বয়ং যদর্থাস্তব পাদমূলম্।
সমাগতাস্তে বহিরন্তরাত্মন্
কিং বান্যবিজ্ঞাপ্যমশেষসাক্ষিণঃ ॥১৪

হে সরোজনাভ! (ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তৎ সম্বোধনে) হে নাথ! তং সর্ব্বকারণভূতম্ অতএব চিরাৎ ঈপ্সিতার্থং পরমপুরুষার্থরূপং সমুজ্জিহানম্ আবির্ভবন্তং ত্বাং প্রত্যক্ষতঃ দৃষ্ট্বা অদ্য বয়ং সর্ব্বে গাঙ্গং অম্ভঃ গঙ্গাজলং প্রাপ্তাঃ (তত্র নিমগ্নাঃ) দবার্ত্তাঃ দাবাগ্নিপীড়িতাঃ গজাঃ ইব নির্বৃতিং পরমানন্দং গতাঃ প্রাপ্তাঃ ॥১৩

অখিললোকপালাঃ বয়ং যদর্থাঃ যৎপ্রয়োজনাঃ সন্তঃ তব পাদমূলং শরণং সমাগতাঃ, সঃ উক্তবিধঃ অস্মাকং সর্ব্বেশ্বরঃ ত্বং তৎ বিধৎস্ব সম্পাদয়! হে বহিরন্তরাত্মন্ বহিরন্তশ্চ ব্যাপিন্ অশেষসাক্ষিণঃ সর্ব্বজ্ঞস্য তে তব অন্যেন বিজ্ঞাপ্যং বা কিম্ অস্তি ন কিমপি অস্তি ইতি ॥১৪

হে প্রভো পদ্মনাভ! দাবানলপীড়িত হস্তিগণ গঙ্গার জলরাশি প্রাপ্ত হইয়া যেরূপ শান্তিলাভ করে, আমরাও অদ্য চিরবাঞ্ছিত আপনাকে সাক্ষাৎ আবির্ভূত হইতে দেখিয়া সেরূপ শান্তিলাভ করিয়াছি।১৩

হে অন্তরাত্মন্! আমরা লোকপালগণ সকলে যে কার্য্যের জন্য আপনাব পদমূলে উপস্থিত হইয়াছি, আপনি তাহা সম্পাদন করুন। আপনি জগতে সকল বিষয়ই প্রত্যক্ষ করিতেছেন বলিয়া আপনার নিকট অপর লোকের জানাইবার কি আছে?১৪

অহং গিরিত্রশ্চ সুরাদয়ো যে
দক্ষাদয়োঽগ্নেরিব কেতবস্তে।
কিং বা বিদামেশ পৃথগ্বিভাতা
বিধৎস্ব শং নো দ্বিজদেবমন্ত্রম্ ॥১৫

শ্রীশুক উবাচ।
এবং বিরিঞ্চাদিভিরীড়িতস্তদ্—
বিজ্ঞায় তেষাং হৃদয়ং যথৈব।
জগাদ জীমূতগভীরয়া গিরা
বদ্ধাঞ্জলীন্ সংবৃতসর্ব্বকারকান্ ॥১৬

অহং ব্রহ্মা, গিরিত্রঃ রুদ্রঃ, যে চ অন্যে সুরাদয়ঃ, দক্ষাদয়ঃ প্রজাপতয়ঃ এতে সর্ব্বে অপি বয়ম্ অগ্নেঃ সকাশাৎ কেতবঃ বিস্ফুলিঙ্গাঃ ইব তে ত্বত্তঃ পৃথক্ বিভাতাঃ সন্তঃ আত্মনঃ শং সুখং; সুখসাধনং বা কিং বিদাম ন বিদ্মঃ এব। অতঃ হে ঈশ! দ্বিজানাং দেবানাং চ মন্ত্রং সুখোপায়ং নঃ অস্মাকং বিধৎস্ব ইদং কুরুত ইতি উপদিশ।॥১৫

শ্রীশুকঃ উবাচ। এবং বিরিঞ্চাদিভিঃ ঈড়িতঃ ভগবান্ তেষাং হৃদয়ম্ অভিপ্রায়ং যথাবদ্ এব বিজ্ঞায় জীমূতবৎ মেঘবৎ গভীরয়া গিরা বদ্ধাঃ অঞ্জলয়ঃ যৈঃ তান্ তথা সংবৃতানি নিয়মিতানি কারকাণি ইন্দ্রিয়াণি যৈঃ তান্ বিরিঞ্চাদীন্ জগাদ উবাচ ॥১৬

হে ভগবন্! আমি, শঙ্কর, ইন্দ্রাদি দেবগণ এবং দক্ষপ্রভৃতি প্রজাপতিগণ অগ্নির বিস্ফুলিঙ্গের ন্যায় আপনা হইতে পৃথক্ হইয়া নিজের মঙ্গল কিরূপেই বা অবগত হইব? অতএব আপনিই ব্রাহ্মণ ও দেবতাগণকে কর্তব্য বিষয়ে উপদেশ দান করুন ॥১৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি ব্রহ্মাদি দেবগণকর্তৃক পূর্বোক্তরূপে স্তুত হইয়া এবং তাঁহাদের হৃদয়ের অভিপ্রায় যথাযথরূপে জানিতে পারিয়া, কৃতাঞ্জলি হইয়া সম্মুখে অবস্থিত ও সংযতেন্দ্রিয় দেবতাগণের উদ্দেশ্যে মেঘগম্ভীর স্বরে এরূপ বলিয়াছিলেন।১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

এক এবেশ্বরস্তস্মিন্ সুরকার্য্যে সুরেশ্বরঃ।
বিহর্ত্তুকামস্তানাহ সমুদ্রোন্মথনাদিভিঃ ॥১৭

শ্রীভগবানুবাচ।

হন্ত ব্রহ্মন্নহো শম্ভো হে দেবা মম ভাষিতম্।
শৃণুতাবহিতাঃ সর্ব্বে শ্রেয়ো বঃ স্যাদ্ যথা সুরাঃ ॥১৮

যাত দানবদৈতেয়ৈস্তাবৎ সন্ধির্বিধীয়তাম্।
কালেনানুগৃহীতৈস্তৈর্যাবদ্ বো ভব আত্মনঃ ॥১৯

যদ্যপি সুরেশ্বরঃ ভগবান্ স্বয়ম্ একঃ একাকী এব তান্ তস্মিন্ সুরাণাং কার্য্যে ঈশ্বরঃ সমর্থঃ, তথাপি সমুদ্রোন্মথনাদিভিঃ বিহর্ত্তুকামঃ এব তান্ দেবান্ উপায়ম্ এব আহ ॥১৭

শ্রীভগবান্ উবাচ। হন্ত হে ব্রহ্মন্! হে শম্ভো! হে দেবাঃ! হে সুরাঃ! হে গন্ধর্ব্বাদয়ঃ! বঃ যুষ্মাকং যথা শ্রেয়ঃ স্যাৎ, তথা মম ভাষিতং যূয়ং সর্ব্বে অবহিতাঃ সাবধান-চিত্তাঃ সন্তঃ শৃণুত ॥১৮

যাবৎ বঃ যুষ্মাকম্ আত্মনঃ স্বস্য ভবঃ বৃদ্ধিঃ স্যাৎ, তাবৎ তান্ প্রতি যাত। কালেন অনুগৃহীতৈঃ কালবশাৎ সর্ব্বত্র অনুকূলতাং প্রাপ্তৈঃ শত্রুভিঃ দানবৈঃ দৈতেয়ৈঃ চ সন্ধিঃ বিধীয়তাং সখ্যং ক্রিয়তাম্ ॥১৯

যদিও সকল দেবতার অধীশ্বর ভগবান্ শ্রীহরি একাকীই দেবগণের কার্য্যসাধনে সমর্থ, তথাপি সমুদ্রমন্থনাদিদ্বারা বিহার করিবার জন্যই দেবতাগণকে এরূপ বলিতে লাগিলেন।১৭

শ্রীভগবান্ বলিলেন—হে ব্রহ্মন্! হে শঙ্কর! হে দেবগণ! হে গন্ধর্ব্বাদি দেবজাতীয়গণ! যাহাতে তোমাদের কল্যাণলাভ হইবে, সকলে সাবধানে তাহা শ্রবণ কর।১৮

সম্প্রতি তোমরা প্রস্থান কর এবং যে পর্যন্ত নিজেদের বৃদ্ধিসাধন না হয়, ততকাল শুক্রাচার্য্যের অনুগ্রহপুষ্ট দানব ও দৈত্যগণের সহিত সন্ধি স্থাপন কর।১৯

হে দেবগণ! দৈবক্রমে কোন পেটিকায় আবদ্ধ সর্প যেরূপ প্রথমতঃ মূষিকের সহিত সন্ধি স্থাপন-

অরয়োঽপি হি সন্ধেয়াঃ সতি কার্য্যার্থগৌরবে।
অহিমূষিকবদ্দেবা হ্যর্থস্য পদবীং গতৈঃ ॥২০

অমৃতোৎপাদনে যত্নঃ ক্রিয়তামবিলম্বিতম্।
যস্য পীতস্য বৈ জন্তুর্ম্মৃত্যুগ্রস্তোঽমরো ভবেৎ ॥২১

ক্ষিপ্ত্বা ক্ষীরোদধৌ সর্ব্বা বীরুত্তৃণলতৌষধীঃ।
মন্থানং মন্দরং কৃত্বা নেত্রং কৃত্বা তু বাসুকিম্ ॥২২

কার্য্যার্থস্য কর্ত্তব্যপ্রয়োজনস্য গৌরবে ভূয়স্ত্বে সতি অরয়ঃ শত্রবঃ অপি সন্ধেয়াঃ মিত্রতাং নেয়াঃ। হে দেবাঃ! অহি-মূষিকবৎ (যথা পেটিকায়াং নিরুদ্ধঃ অহিঃ স্বনির্গমদ্বারং মূষিকেণ সন্ধিঃ বিধত্তে, ততঃ স্বার্থসাধনানন্তরং মূষিকম্ অপি কদাচিৎ ভক্ষয়তি তথা) অর্থস্য পদবীং প্রয়োজনস্য সিদ্ধিং গতৈঃ প্রাপ্তৈঃ যুষ্মাভিঃ বধ্যঘাতকভাবেন বর্ত্তিতব্যম্ ॥২০

অমৃতোৎপাদনে অবিলম্বিতং শীঘ্রম্ এব যত্নঃ ক্রিয়তাম্ যস্য অমৃতস্য পীতস্য পীতেন অমৃতেন মৃত্যুগ্রস্তঃ অপি জন্তুঃ অমরঃ ভবেৎ ॥২১

বিরুধঃ গুল্মানি তৃণানি লতাঃ চ ওষধয়ঃ চ ইমাঃ সর্ব্বাঃ ক্ষীরোদধৌ ক্ষিপ্ত্বা মন্দরং তন্নামকং কনক-পর্ব্বতং মন্থানং মন্থনদণ্ডং বাসুকিং সর্পরাজং নেত্রং রজ্জুং কৃত্বা ॥২২

পূর্বক তাহাদ্বারা পেটিকা ছিদ্র করাইয়া তাহা হইতে বহির্গত হয় এবং পরে মূষিককে ভক্ষণ করে, সেরূপ কর্তব্যবিষয়ের গুরুত্ববোধে কার্য্যমার্গে প্রবৃত্ত ব্যক্তিগণের পক্ষে শত্রুগণের সহিতও সন্ধি স্থাপন করিতে হয়।২০

তোমরা সত্বর অমৃত উৎপাদনে যত্ন কর—যাহা পান করিলে মৃত্যুগ্রস্ত প্রাণীও অমরত্ব লাভ করিতে সমর্থ হয়।২১

হে দেবগণ! তোমরা ক্ষীরোদসাগরে তৃণ-লতা-গুল্ম ও ওষধিসমূহ নিক্ষেপপূর্বক মন্দরপর্বতকে মন্থন-দণ্ড এবং বাসুকিকে রজ্জু করিয়া আমার সাহায্যে সাবধানে মন্থন কর। ইহাতে দৈত্যগণ ক্লেশভাগী এবং তোমরা ফলভাগী হইবে।২২-২৩

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহায়েন ময়া দেবা নির্ম্মথধ্বমতন্দ্রিতাঃ।
ক্লেশভাজো ভবিষ্যন্তি দৈত্যা যূয়ং ফলগ্রহাঃ ॥২৩
যূয়ং তদনুমোদধ্বং যদিচ্ছন্ত্যসুরাঃ সুরাঃ।
ন সংরম্ভেণ সিধ্যন্তি সর্ব্বার্থাঃ সান্ত্বয়া যথা ॥২৪
ন ভেতব্যং কালকূটাদ্ বিষাজ্জলধিসম্ভবাৎ।
লোভঃ কার্য্যো ন বো জাতু রোষঃ কামস্তু বস্তুষু ॥২৫
শ্রীশুক উবাচ।
ইতি দেবান্ সমাদিশ্য ভগবান্ পুরুষোত্তমঃ।
তেষামন্তর্দ্দধে রাজন্ স্বচ্ছন্দগতিরীশ্বরঃ ॥২৬

হে দেবাঃ! অতন্দ্রিতাঃ নিরলসাঃ সন্তঃ ময়া সহায়েন মৎসহায়েন সিন্ধুং নির্ম্মথধ্বম্। তর্হি দৈত্যাঃ ক্লেশভাজঃ ভবিষ্যন্তি যূয়ং চ ফলগ্রহাঃ ভবিষ্যথ ॥২৩

হে সুরাঃ! অতঃ অসুরাঃ যৎ ইচ্ছন্তি, যূয়ং তৎ অনুমোদধ্বম্। যতঃ সান্ত্বয়া সামমার্গেণ যথা সর্ব্বে অর্থাঃ সিধ্যন্তি সংরম্ভেণ তথা ন ॥২৪

জলধি-সম্ভবাৎ কালকূটাৎ বিষাৎ ন ভবদ্ভিঃ ভেতব্যং ন উদ্বেজিতব্যম্। যতঃ বস্তুষু মথনাৎ উৎপন্নেষু বঃ যুষ্মাভিঃ জাতু কদাচিৎ অপি কামঃ লোভঃ রোষঃ চ ন কার্য্যঃ ॥২৫

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! স্বচ্ছন্দগতিঃ (স্বেচ্ছানুসারিণী গতিঃ যস্য সঃ) পুরুষোত্তমঃ ভগবান্ ঈশ্বরঃ দেবান্ ইতি এবং সমাদিশ্য তেষাং পশ্যতাম্ এব অন্তর্দধে ॥২৬

হে দেবগণ! কার্য্যসাধনকালে অসুরগণ যাহা করিতে ইচ্ছা করে, তোমরা তাহার অনুমোদন করিও। যেহেতু, সামভাবদ্বারা সকল কার্য্য যেরূপ সুসিদ্ধ হয়, ক্রোধদ্বারা সেরূপ সিদ্ধ হয় না।২৪

মন্থনকালে সমুদ্র হইতে সঞ্জাত কালকূট বিষ হইতে ভয় করিও না। আর সমুদ্রমন্থন হইতে যে সকল বস্তু উৎপন্ন হইবে, কখনও তাহার প্রাপ্তির জন্য লোভ ও কামনা, কিংবা না পাইলে ক্রোধ করিবে না।২৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! স্বচ্ছন্দগামী ঈশ্বর ভগবান্ শ্রীহরি দেবতাগণকে এরূপ আদেশ করিয়া তাঁহাদের সম্মুখেই অন্তর্ধান করিয়াছিলেন।২৬

অথ তস্মৈ ভগবতে নমস্কৃত্য পিতামহঃ।
ভবশ্চ জগ্মতুঃ স্বং স্বং ধামোপেয়ুর্বলিং সুরাঃ ॥২৭
দৃষ্ট্বারীনপ্যসংযত্তান্ জাতক্ষোভান্ স্বনায়কান্।
ন্যষেধদ্দৈত্যরাট্ শ্লোক্যঃ সন্ধিবিগ্রহকালবিৎ ॥২৮
তে বৈরোচনিমাসীনং গুপ্তঞ্চাসুরযূথপৈঃ।
শ্রিয়া পরময়া জুষ্টং জিতাশেষমুপাগমন্ ॥২৯
মহেন্দ্রঃ শ্লক্ষ্ণয়া বাচা সান্ত্বয়িত্বা মহামতিঃ।
অভ্যভাষত তৎ সর্ব্বং শিক্ষিতং পুরুষোত্তমাৎ ॥৩০

অথ অনন্তরং তস্মৈ তিরোহিতায় ভগবতে নমস্কৃত্য পিতামহঃ ব্রহ্মা ভবঃ রুদ্রঃ চ স্বং ধাম স্থানং জগ্মতুঃ। সুরাঃ ইন্দ্রাদয়ঃ চ বলিম্ উপেয়ুঃ উপজগ্মুঃ ॥২৭

অসংযত্তান্ যুদ্ধার্থম্ অনুদ্যতান্ অপি অরীন্ শত্রূন্ দেবান্ দৃষ্ট্বা জাতঃ ক্ষোভঃ যুদ্ধোৎসাহঃ যেষাং তান্ স্বনায়কান্ স্বসেনাপতীন্ সন্ধিবিগ্রহ-কালবিৎ (সন্ধিবিগ্রহয়োঃ উচিতং কালং বেত্তীতি) শ্লোক্যঃ স্তুত্যঃ দৈত্যরাট্ বলিঃ ন্যষেধৎ ন্যবারয়ৎ ॥২৮

অসুরাণাং যূথপৈঃ গুপ্তং সুরক্ষিতং, পরময়া শ্রিয়া সম্পদা জুষ্টং যুক্তং, জিতাঃ অশেষাঃ দেবাদয়ঃ যেন তম্, আসীনং বৈরোচনিং বলিং তে দেবাঃ উপাগমন্ ॥২৯

ততঃ চ মহামতিঃ মহেন্দ্রঃ শ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা সান্ত্বয়িত্বা তং বলিং প্রসন্নং কৃত্বা পুরুষোত্তমাৎ ভগবতঃ শিক্ষিতং তৎ

অনন্তর সেই ভগবানের উদ্দেশ্যে প্রণামপূর্ব্বক ব্রহ্মা ও শঙ্কর নিজ নিজ ধামে প্রস্থান করিলেন এবং দেবতাগণ দৈত্যরাজ বলির নিকট গমন করিয়াছিলেন।২৭

তৎকালে শত্রু দেবগণকে যুদ্ধসজ্জাহীন দেখিয়াও বলিরাজের সেনানায়কগণ (আক্রমণের আশঙ্কায়) ক্ষুব্ধ হইলে, সন্ধি ও বিগ্রহের সময়বিশেষে অভিজ্ঞ, কীর্তিভাজন দৈত্যরাজ তাহাদিগকে নিবারণ করিয়াছিলেন।২৮

অনন্তর দেবতাগণ অসুরসেনাপতিগণ কর্ত্তৃক রক্ষিত এবং পরম সমৃদ্ধিশালী ত্রিলোকবিজয়ী বলিরাজের নিকট গমন করিলেন।২৯

তন্মধ্যে মহামতি ইন্দ্র কোমল বাক্যে প্রথমতঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্ত্বরোচত দৈত্যস্য তত্রান্যে যেঽসুরাধিপাঃ।
শম্বরোঽরিষ্টনেমিশ্চ যে চ ত্রিপুরবাসিনঃ ॥৩১

ততো দেবাসুরাঃ কৃত্বা সংবিদং কৃতসৌহৃদাঃ।
উদ্যমং পরমং চক্রুরমৃতার্থে পরন্তপ ॥৩২

ততস্তে মন্দরগিরিমোজসোৎপাট্য দুর্ম্মদাঃ।
নদন্ত উদধিং নিন্যুঃ শক্তাঃ পরিঘবাহবঃ ॥৩৩

দূরভারোদ্বহশ্রান্তাঃ শক্রবৈরোচনাদয়ঃ।
অপারয়ন্তস্তং বোঢ়ুং বিবশা বিজহুঃ পথি ॥৩৪

নিপতন্ স গিরিস্তত্র বহূনমরদানবান্।
চূর্ণয়ামাস মহতা ভারেণ কনকাচলঃ ॥৩৫

তাংস্তথা ভগ্নমনসো ভগ্নবাহূরুকন্ধরান্।
বিজ্ঞায় ভগবাংস্তত্র বভূব গরুড়ধ্বজঃ ॥৩৬

সর্ব্বম্ অমৃতোৎপাদন-প্রযত্নরূপম্ অভ্যভাষত অকথয়ৎ ॥৩০

তৎ ইন্দ্রোক্তং দৈত্যস্য বলেঃ তথা যে তু অন্যে শম্বরঃ অরিষ্টনেমিঃ অন্যে অসুরাধিপাঃ যে চ ত্রিপুরবাসিনঃ তত্র আসন্, তেষাং চ অরোচত ॥৩১

হে পরন্তপ রাজন্! ততঃ দেবাঃ অসুরাঃ চ সংবিদং ভাব-সময়ং কৃত্বা কৃতং পরস্পরং সৌহৃদং যৈঃ তে তথাবিধাঃ সন্তঃ অমৃতার্থে পরমম্ উদ্যমং চক্রুঃ ॥৩২

পরিঘবাহবঃ দুর্ম্মদাঃ শক্তাঃ তে দেবাঃ অসুরাঃ চ ওজসা বলেন মন্দরগিরিম্ উৎপাট্য নদন্তঃ উদধিং নিন্যুঃ নেতুং প্রবৃত্তাঃ ॥৩৩

কিঞ্চ শক্রবৈরোচনাদয়ঃ সর্ব্বে দূরভারোদ্বহনেন শ্রা- অতএব মন্দরং বোঢ়ুম্ অপারয়ন্তঃ অশক্নুবন্তঃ অতএব বিব- সন্তঃ গিরিং পথি মার্গে এব বিজহুঃ ॥৩৪

কনকাচলঃ সঃ গিরিঃ নিপতন্ তত্র মহতা ভারেণ বহূন্ অমরান্ দানবান্ চ চূর্ণয়ামাস ॥৩৫

ভগ্ন-বাহূরু-কন্ধরান্ (ভগ্নাঃ বাহবঃ উরবঃ কন্ধরাঃ চ যেষাং তথাভূতান্) অতএব ভগ্নমনসঃ (ভগ্নং মনঃ যেষাং তথা- বিধান্) তান্ অমরদানবান্ বিজ্ঞায় গরুড়ধ্বজঃ গরুড়ারূঢ়ঃ ভগবান্ বিষ্ণুঃ তত্র আবির্ব্বভূব ॥৩৬

সান্ত্বনা প্রদানপূর্ব্বক বলিরাজকে ভগবান্ পুরুষোত্তমের নিকট হইতে শিক্ষিত সকল বিষয় নিবেদন করিয়াছিলেন।৩০

দেবরাজ ইন্দ্রের সেই সকল বাক্য দৈত্যরাজ বলির এবং তথায় উপস্থিত শম্বর, অরিষ্টনেমি ও ত্রিপুরবাসী সকল দৈত্যনায়কগণেরই সম্মত হইয়াছিল।৩১

হে শত্রুদমন! অনন্তর শপথপূর্ব্বক সৌহার্দবন্ধনে আবদ্ধ সেই দেবতা ও অসুরগণ অমৃত লাভের জন্য পরম উদ্যম প্রকাশ করিয়াছিলেন।৩২

অনন্তর পরিঘের ন্যায় বিশাল-বাহু, শক্তিশালী সেই দুর্মদ দেবাসুরগণ পরাক্রমসহকারে মন্দরপর্বত উৎপাটনপূর্ব্বক সিংহনাদ করিতে করিতে উহাকে সমুদ্রের দিকে লইয়া চলিলেন।৩৩

কিন্তু ইন্দ্র ও বলিপ্রভৃতি সেই দেবাসুরগণ দীর্ঘপথ সেই গুরুতর ভারবহনে শ্রান্ত ও অবশ হইয়া আর বহন করিতে না পারায় পথিমধ্যেই উহা পরিত্যাগ করিয়াছিলেন।৩৪

সুবর্ণময় সেই মন্দরপর্বত তৎকালে ভূতলে পতিত হইয়া নিজ গুরুতর ভারদ্বারা বহু দেবতা ও অসুরকে চূর্ণ করিয়াছিল।৩৫

অনন্তর গরুড়ধ্বজ ভগবান্ শ্রীহরি সেই দেবাসুর-গণের বাহু, উরু ও গ্রীবাভঙ্গহেতু সঙ্কল্প ত্যাগের কথা জানিতে পারিয়া সেখানে উপস্থিত হইলেন।৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রিপাতবিনিষ্পিষ্টান্ বিলোক্যামরদানবান্।
ঈক্ষয়া জীবয়ামাস নীরুজান্নির্ব্রণান্ যথা ॥৩৭

গিরিঞ্চারোপ্য গরুড়ে হস্তেনৈকেন লীলয়া।
আরুহ্য প্রযযাবব্ধিং সুরাসুরগণৈর্বৃতঃ ॥৩৮

অবরোপ্য গিরিং স্কন্ধাৎ সুপর্ণঃ পততাং বরঃ।
যযৌ জলান্ত উৎসৃজ্য হরিণা স বিসর্জ্জিতঃ ॥৩৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

গিরিপাতেন বিনিষ্পিষ্টান্ চূর্ণীকৃতান্ অমরান্ দানবান্ চ বিলোক্য ঈক্ষয়া অমৃতদৃষ্ট্যা নিরুজান্ নির্ব্রণান্ যথা ভবতি তথা তান্ জীবয়ামাস ॥৩৭

ততঃ একেন এব হস্তেন লীলয়া এব গিরিম্ উদ্ধৃত্য গরুড়ে আরোপ্য স্বয়ম্ অপি আরুহ্য সুরাসুরগণৈঃ বৃতঃ এব অব্ধিং সমুদ্রং প্রযযৌ ॥৩৮

ততঃ সঃ পততাং পক্ষিণাং বরঃ শ্রেষ্ঠঃ গরুড়ঃ স্কন্ধাৎ গিরিম্ অবরোপ্য অবতার্য্য জলান্তে জলসমীপে উৎসৃজ্য নিধায় হরিণা বিসর্জ্জিতঃ প্রস্থাপিতঃ সন্ যযৌ ॥৩৯

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

অনন্তর তিনি সেই দেবাসুরগণকে পর্বতের পতনে নিষ্পিষ্ট দেখিয়া নিজ দৃষ্টিদ্বারাই নীরোগ ও অক্ষত করিয়া জীবন দান করিয়াছিলেন।৩৭

অতঃপর তিনি এক হস্তদ্বারা অনায়াসে পর্বতটিকে গরুড়ের উপর স্থাপন করিয়া স্বয়ংও তাহার পৃষ্ঠে আরোহণ করিলেন এবং দেবতা ও অসুরগণকর্তৃক বেষ্টিত হইয়া ক্ষীরসমুদ্রের নিকট যাত্রা করিয়াছিলেন।৩৮

অনন্তর পক্ষিরাজ গরুড় নিজ স্কন্ধ হইতে সেই পর্বতটিকে নামাইয়া জলের প্রান্তভাগে স্থাপন করিলে ভগবান্ শ্রীহরির নিকট হইতে বিদায়প্রাপ্ত হইয়া তিনি অন্যত্র চলিয়া গেলেন (গরুড় এখানে থাকিলে বাসুকির আসা সম্ভব হইবে না বলিয়াই শ্রীহরি তাঁহাকে বিদায় দিয়াছিলেন)।৩৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের অষ্টম স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তমঃ অধ্যায়ঃ

অহো রূপমহো ধাম অহো অস্যা নবং বয়ঃ।
ইতি তে তামভিদ্রুত্য প্রপচ্ছুর্জাতহৃচ্ছয়াঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ততঃ চ তে অসুরাঃ অমৃতার্থং ত্যক্ত-সৌহৃদাঃ ত্যক্তস্নেহাঃ, অতএব অন্যোঽন্যতঃ ক্ষিপন্তঃ দুর্ব্বচনৈঃ তিরস্কুর্ব্বন্তঃ দস্যুধর্ম্মাণঃ, অতঃ অন্যোঽন্যতঃ সুধাপাত্রং হরন্তঃ সন্তঃ স্ত্রিয়ং মোহিনীরূপং ভগবন্তং দদৃশুঃ ॥১

অন্বয়ঃ

(তদ্দর্শনাৎ) জাতঃ হৃচ্ছয়ঃ কামঃ যেষাং তে অসুরাঃ অহো অস্যাঃ রূপং সৌন্দর্য্যম্, অহো অস্যাঃ ধাম দ্যুতিঃ, অহো অস্যাঃ নবং বয়ঃ ইতি বদন্তঃ তাম্ অভিদ্রুত্য প্রপপ্রচ্ছুঃ ॥২

নবম অধ্যায়।

[দেবগণের সুধাপান, দৈত্যদিগের বঞ্চনা এবং রাহুর শিরশ্ছেদ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! তৎকালে পরস্পর সৌহার্দপরিত্যাগী ও দস্যুধর্মী সেই অসুরগণ একে অন্যের নিকট হইতে সুধাভাণ্ড হরণ এবং পরস্পরে নিন্দাবাক্য উচ্চারণ করিতে করিতে নিজেদের অভিমুখে সেই স্ত্রীমূর্তিকে আসিতে দেখিল।১

অনন্তর সেই অসুরগণ কামপীড়িত হইয়া—'অহো! ইহার কি সুন্দর রূপ, কি অদ্ভুত কান্তি, কি মনোরম নব-যৌবন' এই বলিয়া তাঁহার দিকে ধাবিত হইয়া (তাঁহাকে) এরূপ জিজ্ঞাসা করিতে লাগিল।২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কা ত্বং কঞ্জপলাশাক্ষি কুতো বা কিং চিকীর্ষসি।
কস্যাসি বদ বামোরু মথ্নন্তীব মনাংসি নঃ ॥৩

ন বয়ং ত্বমরৈর্দৈত্যৈঃ সিদ্ধ-গন্ধর্ব্ব-চারণৈঃ।
নাস্পৃষ্টপূর্ব্বাং জানীমো লোকেশৈশ্চ
কুতো নৃভিঃ ॥৪

নূনং ত্বং বিধিনা সুভ্রু প্রেষিতাসি শরীরিণাম্।
সর্ব্বেন্দ্রিয়মনঃপ্রীতিং বিধাতুং সঘৃণেন কিম্ ॥৫

সা ত্বং নঃ স্পর্দ্ধমানানামেকবস্তুনি ভামিনি।
জ্ঞাতীনাং বদ্ধবৈরাণাং শং বিধৎস্ব সুমধ্যমে ॥৬

বয়ং কশ্যপদায়াদা ভ্রাতরঃ কৃতপৌরুষাঃ।
বিভজস্ব যথান্যায়ং নৈব ভেদো যথা ভবেৎ ॥৭

ইত্যুপামন্ত্রিতো দৈত্যৈর্মায়াযোষিদ্বপুর্হরিঃ।
প্রহস্য রুচিরাপাঙ্গৈর্নিরীক্ষন্নিদমব্রবীৎ ॥৮

কঞ্জপলাশবৎ কমল-পত্রবৎ অক্ষিণী যস্যাঃ তৎ সম্বোধনে হে কঞ্জপলাশাক্ষি! ত্বং কা? কুতঃ স্থানাৎ আগতা? কিং কর্ত্তুং বা ইচ্ছসি? হে বামোরু! (বামৌ মনোহরৌ উরূ যস্যাঃ তৎ সম্বোধনে) নঃ অস্মাকং মনাংসি মথ্নন্তীব ক্ষোভয়ন্তীব ত্বং কস্য কন্যা অসি? ত্বং তৎ সর্ব্বং বদ কথয় ॥৩

ত্বা ত্বাং কুতঃ নৃভিঃ অমরৈঃ দৈত্যৈঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ লোকেশৈঃ চ অস্পৃষ্টপূর্ব্বাং বয়ং ন জানীমঃ ইতি ন; অপি তু জানীমঃ এব। অতঃ ত্বয়ি কামদৃষ্টিঃ ন যুক্তা ইতি ॥৪

হে সুভ্রু (শোভনে ভ্রুবৌ যস্যাঃ তৎ সম্বোধনে)! শরীরিণাং সর্ব্বেন্দ্রিয়াণাং মনসঃ চ প্রীতিং বিধাতুং সঘৃণেন পরমদয়ালুনা পরমেশ্বরেণ বিধিনা কিং প্রেষিতা অসি? নূনম্ এবম্ এব। অন্যথা তব দর্শনং দুর্লভম্ এব ॥৫

হে ভামিনি! হে সুমধ্যমে! নঃ অস্মাকম্ একবস্তুনি অমৃতার্থে স্পর্দ্ধমানানাং বিবদমানানাং বদ্ধবৈরাণাং জ্ঞাতীনাং সা ঈশ্বরপ্রেরিতা ত্বং শং সুখং বিধৎস্ব ॥৬

বয়ং কশ্যপস্য দায়াদাঃ অপত্যানি, অতঃ পরস্পরং ভ্রাতরঃ কৃতপৌরুষাঃ অমৃতার্থং কৃততুল্যপ্রযত্নাঃ। অতঃ অস্মাকং ভেদঃ বিগ্রহঃ যথা ন ভবেৎ, তথা যথান্যায়ং যথাযোগ্যম্ অমৃতং ত্বম্ অস্মভ্যং বিভজস্ব বিভাগেন দেহি ॥৭

মায়য়া স্বেচ্ছয়া যোষিদ্বপুঃ হরিঃ দৈত্যৈঃ ইতি এবম্ উপামন্ত্রিতঃ সম্প্রার্থিতঃ সন্ প্রহস্য রুচিরাপাঙ্গৈঃ তান্ নিরীক্ষন্ ইদং বক্ষ্যমাণম্ অব্রবীৎ ॥৮

হে পদ্মপলাশলোচনে! তুমি কে? কোথা হইতে আসিয়াছ? তুমি কি করিতে ইচ্ছা কর? তুমি কাহারই বা কন্যা? এই সকল বল। হে সুন্দরি! তুমি আমাদের চিত্তকে যেন সর্বত্র আলোড়িত করিতেছ।৩

হে সুন্দরি! আমরা জানি যে—দেবতা, দৈত্য, সিদ্ধ, গন্ধর্ব ও চারণগণ এমন কি লোকপালগণও কেহই পূর্বে তোমাকে স্পর্শ করেন নাই, অতএব মনুষ্যগণের স্পর্শের সম্ভাবনা কোথায়?৪

হে সুন্দরি! করুণাময় বিধাতা প্রাণিগণের সকল ইন্দ্রিয় ও চিত্তের প্রীতিবিধানের জন্যই কি তোমাকে প্রেরণ করিয়াছেন?৫

হে কৃশোদরি সুন্দরি! আমরা জ্ঞাতিগণ সকলে একই বস্তুর লাভের জন্য স্পর্ধাসহকারে পরস্পর বৈরভাব অবলম্বন করিয়াছি। তুমি আমাদের মঙ্গল কর।৬

আমরা সকলেই কশ্যপের পুত্র বলিয়া পরস্পর ভ্রাতা এবং সকলেই এই অমৃতলাভের জন্য বিক্রম প্রকাশ করিয়াছি। অতএব তুমি আমাদিগকে যথোচিতভাবে এই অমৃত ভাগ করিয়া দাও, যাহাতে আমাদের মধ্যে বিবাদ না হয়।৭

দৈত্যগণ মায়িক স্ত্রীমূর্তিধারী ভগবান্ শ্রীহরির নিকট এরূপ প্রার্থনা জানাইলে, তিনি হাস্য করিয়া তাহাদিগকে দর্শন বা মনোরম নয়নকোণদ্বারা তাহাদিগকে নিরীক্ষণ করিতে করিতে এরূপ বলিয়াছিলেন।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

কথং কশ্যপদায়াদাঃ পুংশ্চল্যাং ময়ি সঙ্গতাঃ
বিশ্বাসং পণ্ডিতো জাতু কামিনীষু ন যাতি হি ॥৯

শালাবৃকাণাং স্ত্রীণাঞ্চ স্বৈরিণীনাং সুরদ্বিষঃ।
সখ্যান্যাহুরনিত্যানি নূত্নং নূত্নং বিচিন্বতাম্ ॥১০

শ্রীশুক উবাচ।

ইতি তে ক্ষ্বেলিতৈস্তস্যা আশ্বস্তমনসোঽসুরাঃ।
জহসুর্ভাবগম্ভীরং দদুশ্চামৃতভাজনম্ ।১১

ততো গৃহীত্বাঽমৃতভাজনং হরি-
র্বভাষ ঈষৎস্মিতশোভয়া গিরা।
যদ্যভ্যুপেত ক্ব চ সাধ্বসাধু বা
কৃতং ময়া বো বিভজে সুধামিমাম্ ॥১২

ইত্যভিব্যাহৃতং তস্যা আকর্ণ্যাসুরপুঙ্গবাঃ।
অপ্রমাণবিদস্তস্যাস্তৎ তথেত্যন্বমংসত ॥১৩

অথোপোষ্য কৃতস্নানা হুত্বা চ হবিষাঽনলম্।
নত্বা গো-বিপ্র-ভূতেভ্যঃ কৃতস্বস্ত্যয়না দ্বিজৈঃ ॥১৪

শ্রীভগবান্ উবাচ। হে কশ্যপদায়দাঃ! ময়ি পুংশ্চল্যাং যূয়ং কথং সঙ্গতাঃ বিশ্বাসং গতাঃ? হি যস্মাৎ পণ্ডিতঃ কামিনীষু বিশ্বাসং জাতু কদাচিৎ অপি ন যাতি ॥৯

হে সুরদ্বিষঃ। শালাবৃকাণাং বানরাণাং তথা নূত্নং নূত্নং নূতনং নূতনং পুরুষং সুখং চ বিচিন্বতাম্ অন্বেষমাণানাং স্বৈরিণীনাং স্বেচ্ছাচারিণীনাং স্ত্রীণাং সখ্যানি অনিত্যানি পণ্ডিতাঃ আহুঃ ॥১০

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং তস্যাঃ মোহিন্যাঃ ক্ষ্বেলিতৈঃ ছলবচনৈঃ আশ্বস্তং মনঃ যেষাং তে অসুরাঃ ভাবগম্ভীরং (ভাবেন গম্ভীরং) জহসুঃ; অমৃতভাজনং চ দদুঃ ॥১১

ততশ্চ অমৃতভাজনং গৃহীত্বা ঈষৎ স্মিতেন শোভা যস্যাঃ তয়া গিরা হরিঃ ইত্থং বভাষ, যথা ক্ব চ কস্মিন্ অপি অ... ময়া কৃতং সাধু অসাধু বা যদি অভ্যুপেত, তর্হি বঃ যুষ্ম... ইমাং সুধাং বিভজে যথোচিতং বিভাগং কৃত্বা দদামি ॥১২

তস্যাঃ মোহিন্যাঃ ইতি এবম্ অভিব্যাহৃতং বচনম্ আ... শ্রুত্বা অপ্রমাণবিদঃ তস্যাঃ প্রমাণম্ ইয়ত্তাম্ অজানন্তঃ ... অসুরপুঙ্গবাঃ তস্যাঃ তৎ বচনং তথা অস্মভ্যং বিভজ্য ... বা অন্যেভ্যঃ দেহি ইতি এবম্ অন্বমংসত অঙ্গীকৃতবন্তঃ ॥১৩

অথ মোহিনীকৃতসময়ানন্তরম্ উপোষ্য উপবাসাদিকং ... দ্বিজৈঃ কৃতস্বস্ত্যয়নাঃ কৃতস্নানাঃ তে হবিষা অনলং হুত্বা গো-বিপ্র-ভূতেভ্যঃ নত্বা ॥১৪

শ্রীভগবান্ বলিলেন—হে কশ্যপনন্দনগণ! আমি বেশ্যা, তোমরা কি হেতু আমার অনুসরণ করিতেছ? পণ্ডিত ব্যক্তি কখনও রমণীগণের প্রতি বিশ্বাস স্থাপন করেন না।৯

হে অসুরগণ! পণ্ডিতগণ বানর ও বেশ্যা রমণীগণের প্রণয়কে অনিত্য বলিয়া থাকেন, যেহেতু তাহারা প্রত্যহ নূতন নূতন প্রণয়ীর অন্বেষণ করে।১০

শ্রীশুকদেব বলিলেন—অনন্তর অসুরগণ সেই মোহিনী রমণীর তাদৃশ পরিহাসবাক্যে চিত্তে আশ্বস্ত হইয়া ভাবগম্ভীর হাস্য প্রকাশপূর্বক তাঁহার হস্তে সুধাভাণ্ড অর্পণ করিয়াছিল।১১

তৎকালে শ্রীহরি সেই সুধাভাণ্ড হাতে লইয়া মৃদু হাস্যসহকারে বলিলেন—আমার কার্য সঙ্গত বা অসঙ্গত যাহাই হউক তোমরা যদি নির্বিচারে তাহা স্বীকার কর, তাহা হইলেই আমি তোমাদের মধ্যে এই সুধা ভাগ করিয়া দিতে পারি।১২

শ্রেষ্ঠ অসুরগণও সেই মোহিনীমূর্তির লীলা... ইয়ত্তা না জানায় তাঁহার পূর্বোক্ত বাক্য শ্রবণ করিয়া তৎক্ষণাৎ ‘তথাস্তু’ বলিয়া সম্মতি প্রকাশ করিয়াছিল।১৩

অনন্তর তাহারা সকলে উপবাসী থাকিয়া স্নান... হবিদ্বারা অগ্নিতে আহুতিপ্রদানপূর্বক গো, ব্রাহ্মণ ও ভূতগণের প্রতি প্রণতি জ্ঞাপন করিলে ব্রাহ্মণ... তাহাদের স্বস্ত্যয়ন কর্ম সম্পাদন করিলেন।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথোপজোষং বাসাংসি পরিধায়াহতানি তে।
কুশেষু প্রাবিশন্ সর্ব্বে প্রাগগ্রেষ্বভিভূষিতাঃ ॥১৫
প্রাঙ্মুখেষূপবিষ্টেষু সুরেষু দিতিজেষু চ।
ধূপামোদিতশালায়াং জুষ্টায়াং মাল্যদীপকৈঃ ॥১৬
তস্যাং নরেন্দ্র করভোরুরুশদ্দুকূল-
শ্রোণীতটালসগতির্মদবিহ্বলাক্ষী।
সা কূজতী কনকনূপুরশিঞ্জিতেন
কুম্ভস্তনী কলসপাণিরথাবিবেশ ॥১৭

তাং শ্রীসখীং কনককুণ্ডলচারুকর্ণ-
নাসাকপোলবদনাং পরদেবতাখ্যাম্।
সংবীক্ষ্য সম্মুমুহুরুৎস্মিতবীক্ষণেন
দেবাসুরা বিগলিতস্তনপট্টিকান্তাম্ ॥১৮
অসুরাণাং সুধাদানং সর্পাণামিব দুর্নয়ম্।
মত্বা জাতিনৃশংসানাং ন তাং ব্যভজদচ্যুতঃ ॥১৯
কল্পয়িত্বা পৃথক্পঙ্‌ক্তীরুভয়েষাং জগৎপতিঃ।
তাংশ্চোপবেশয়ামাস স্বেষু স্বেষু চ পঙ্‌ক্তিষু ॥২০

অভিভূষিতাঃ তে সর্ব্বে যথোপজোষং যথাপ্রীতি অহতানি নবীনানি বাসাংসি পরিধায় প্রাক্ পূর্ব্বম অগ্রং যেষাং তেষু কুশেষু সর্ব্বে প্রাবিশন্ ॥১৫

মাল্যদীপকৈঃ (মাল্যৈঃ দীপকৈঃ চ) জুষ্টায়াং ধূপৈঃ আমোদিতায়াং সুরভীকৃতায়াং শালায়াং গৃহে সুরেষু দিতিজেষু দৈত্যেষু চ প্রাঙ্মুখেষু উপবিষ্টেষু সৎসু ॥১৬

অথ হে নরেন্দ্র! করভসদৃশৌ সুবৃত্তৌ উরূঃ যস্যাঃ সা করভোরুঃ, উশং কমনীয়ং দুকূলং যস্মিন্ তেন শ্রোণীতটেন বিশালয়া শ্রোণ্যা অলসা মন্দা গতিঃ যস্যাঃ সা, তথা মদেন বিহ্বলে অক্ষিণী যস্যাঃ সা, কনকনূপুরশিঞ্জিতেন (কনক-নূপুরয়োঃ সিঞ্জিতেন শব্দেন) কূজতী, কুম্ভবৎ স্তনৌ যস্যাঃ সা কুম্ভস্তনী, কলসপাণিঃ (অমৃতকলসঃ পাণৌ যস্যাঃ সা) সা মোহিনী তস্যাং শালায়াম্ আবিবেশ ॥১৭

শ্রীসখীং সৌন্দর্য্যেণ লক্ষ্মীতুল্যাং পরদেবতাখ্যাং কনকময়ে কুণ্ডলে যস্যাঃ সা চাসৌ চারবঃ কর্ণাদয়ঃ যস্যাঃ তাং; বিগলিতঃ বিস্রস্তঃ স্তন-পট্টিকায়াঃ অন্তঃ যস্যাঃ তাং সংবীক্ষ্য তস্যাঃ উৎস্মিত-পূর্ব্বক-বীক্ষণেন দেবাসুরাঃ সংমুমুহুঃ ॥১৮

সর্পাণাং ক্ষীরদানমিব জাতিনৃশংসানাং স্বভাবতঃ ক্রূরাণাম্ অসুরাণাং সুধাদানং দুর্নয়ম্ অন্যায়ং মত্বা অচ্যুতঃ মোহিনী-রূপঃ তাং সুধাং তেভ্যঃ ন ব্যভজৎ ॥১৯

জগৎপতিঃ মোহিনীরূপঃ ভগবান্ উভয়েষাং দেবানাম্ অসুরাণাং চ পৃথক্ পঙ্‌ক্তীঃ কল্পয়িত্বা বিধায় তান্ অসুরান্ দেবান্ অপি তাসু পঙ্‌ক্তিষু স্বেষু তৎ স্বজাতীয়েষু উপবেশয়া-মাস ॥২০

ইহার পর সকলে নিজ নিজ রুচি অনুসারে নূতন বস্ত্র পরিধানপূর্বক যথাযথভাবে অলঙ্কৃত হইয়া পূর্বাগ্র কুশরাশির উপর উপবেশন করিয়াছিলেন।১৫

হে মহারাজ! তৎকালে দেবতা ও অসুরগণ মাল্য ও প্রদীপদ্বারা শোভিত এবং ধূপের সৌরভযুক্ত গৃহমধ্যে পূর্বমুখ হইয়া উপবেশন করিলে, সুগঠিত ঊরুযুগলশালিনী, মদমত্তনয়না সেই মোহিনীমূর্তি হস্তে সুধাকুম্ভ ধারণ করিয়া সুবর্ণরচিত নূপুরের শিঞ্জন ধ্বনি বিস্তার করিতে করিতে সেই গৃহমধ্যে প্রবেশ করিলেন। তাঁহার সুগোল স্তনযুগল কলসের ন্যায় শোভা পাইতেছিল এবং মনোরম পট্টবস্ত্র-শোভিত বিশাল নিতম্বের ভারে তাঁহার গতিবেগ মন্থর হইয়াছিল।১৬-১৭

তৎকালে তাঁহার স্তনাবরণবস্ত্রের প্রান্তভাগ স্খলিত হইয়া পড়িয়াছিল। এ অবস্থায় স্বর্ণময় কুণ্ডলযুগল, মনোহর কর্ণ, নাসিকা, গণ্ডযুগল ও বদন-মণ্ডলের শোভাসম্পন্না এবং লক্ষ্মীদেবীর সখীরূপা পরমদেবতানাম্নী সেই মোহিনীকে দর্শন করিয়া দেবতা ও অসুরগণ তাঁহার সহাস দৃষ্টিভঙ্গীতে অতিশয় মোহগ্রস্ত হইয়াছিলেন।১৮

অনন্তর শ্রীহরি নৃশংসজাতি অসুরগণকে সুধাদান করা, সর্পগণকে দুগ্ধদান করার ন্যায় নীতিবিরুদ্ধ—এইরূপ বিচার করিয়া তাহাদিগকে সুধার ভাগ দান করিলেন না।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দৈত্যান্ গৃহীতকলসো বঞ্চয়ন্নুপসঞ্চরৈঃ।
দূরস্থান্ পায়য়ামাস জরা-মৃত্যুহরাং সুধাম্ ॥২১
তে পালয়ন্তঃ সময়মসুরাঃ স্বকৃতং নৃপ।
তূষ্ণীমাসন্ কৃতস্নেহাঃ স্ত্রীবিবাদজুগুপ্সয়া ॥২২
তস্যাং কৃতাতিপ্রণয়াঃ প্রণয়াপায়কাতরাঃ।
বহুমানেন চাবদ্ধা নোচুঃ কিঞ্চন বিপ্রিয়ম্ ॥২৩

দেবলিঙ্গপ্রতিচ্ছন্নঃ স্বর্ভানুর্দেবসংসদি।
প্রবিষ্টঃ সোমমপিবচ্চন্দ্রার্কাভ্যাঞ্চ সূচিতঃ ॥২৪
চক্রেণ ক্ষুরধারেণ জহার পিবতঃ শিরঃ।
হরিস্তস্য কবন্ধস্তু সুধয়াঽপ্লাবিতোঽপতৎ ॥২৫
শিরস্ত্বমরতাং নীতমজো গ্রহমচীক্লৃপৎ।
যস্তু পর্ব্বণি চন্দ্রার্কাবভিধাবতি বৈরধীঃ ॥২৬

ততঃ চ গৃহীতঃ কলসঃ যেন সঃ ভগবান্ উপসঞ্চরৈঃ উপ সমীপে এব সঞ্চরৈঃ (ভ্রূভঙ্গি-নেত্রস্মিত-ব্রীড়া-মুখার্দ্ধাচ্ছাদন-নূপুরাদিভূষণ-বসন-সঞ্চালন-পূর্ব্বকৈঃ চরণসঞ্চলনৈঃ) কিঞ্চিন্মাত্র-দানেন সমীপস্থান্ অসুরান্ বঞ্চয়িত্বা দূরস্থান্ অপি দেবান্ জরামৃত্যুহরাং তাং সুধাং পায়য়ামাস ॥২১

হে নৃপ পরীক্ষিৎ! তে অসুরাঃ স্বকৃতং (সাধ্বসাধু বা যথেষ্টং বিভজস্ব ইতি) সময়ং নিয়মং পালয়ন্ত, তথা কৃতস্নেহাঃ (তস্যাং কৃতঃ স্নেহঃ যৈঃ তে) তথা স্ত্রীবিবাদজুগুপ্সয়া স্ত্রিয়া সহ বিবাদস্য জুগুপ্সয়া লজ্জয়া তে তূষ্ণীম্ আসন্ এব ॥২২

তস্যাং মোহিন্যাং কৃতঃ অতিপ্রণয়ঃ যৈঃ তে, অতঃ প্রণয়স্য অপায়েন ভঙ্গেন কাতরাঃ ভীতাঃ তথা বহুমানেন চ আবদ্ধাঃ তে কিঞ্চন বিপ্রিয়ং ন উচুঃ ॥২৩

দেবানাং লিঙ্গেন বেশেন প্রতিচ্ছন্নঃ আবৃতাসুরস্বরূপঃ স্বর্ভানুঃ রাহুঃ দেবানাং সংসদি পঙ্‌ক্তৌ প্রবিষ্টঃ সন্ সোমম্ অমৃতম্ অপিবৎ; কিন্তু চন্দ্রার্কাভ্যাম্ (অয়ম্ অসুরঃ ইতি ভগবতে) সূচিতঃ জ্ঞাপিতঃ ॥২৪

জ্ঞাত্বা চ হরিঃ ক্ষুরধারেণ চক্রেণ অমৃতং পিবতঃ তস্য রাহোঃ শিরঃ জহার; সুধয়া আপ্লাবিতঃ তস্য কবন্ধঃ শিরোরহিতদেহঃ তু অপতৎ ॥২৫

তস্য শিরঃ তু অমৃতসম্বন্ধেন অমরতাং নীতম্, অতঃ অজঃ ভগবান তৎ শিরঃ গ্রহম্ অচীক্লৃপৎ সূর্য্যাদিবৎ গ্রহত্বাধিকারে স্থাপিতবান্। যঃ গ্রহঃ তু বৈরধীঃ সন্ পর্ব্বণি লব্ধাবসরে চন্দ্রার্কৌ অভিধাবতি ॥২৬

এ সময়ে তিনি দেবতা ও অসুরগণের পৃথক্ পৃথক্ পঙ্‌ক্তি রচনা করিয়া তাহাদিগকে নিজ নিজ পঙ্‌ক্তিতে উপবেশন করাইয়াছিলেন।২০

মোহিনীমূর্তি ভগবান্ শ্রীহরি এ অবস্থায় সুধাভাণ্ড লইয়া সমাদর ও প্রিয়বাক্যালাপাদিদ্বারা দৈত্যগণকে অতিক্রম করিয়া দূরস্থিত দেবতাগণকে জরামৃত্যু-নাশক অমৃত পান করাইয়াছিলেন।২১

হে মহারাজ! তৎকালে সেই মোহিনীমূর্তি দৈত্যগণের প্রতি বাহিরে স্নেহ প্রকাশ করিতেছিলেন এইহেতু, বিশেষতঃ স্ত্রীলোকের সহিত বিবাদ করা নিন্দনীয় বলিয়া তাহারা পূর্বকৃত শপথ রক্ষা করিয়া মৌনভাবেই অবস্থান করিয়াছিল।২২

বস্তুতঃ দৈত্যগণ সেই মোহিনীমূর্তির প্রতি অতিশয় প্রণয়ী হওয়ায় প্রণয়ভঙ্গের আশঙ্কায় কাতর ছিল এবং মোহিনীমূর্তিও নানারূপ সমাদর প্রকাশ করিয়া তাহাদিগকে অনুরক্ত করায় তাহারা কোনরূপ অপ্রিয় কথা বলে নাই।২৩

তৎকালে অসুর রাহু দেবতার চিহ্নদ্বারা স্বরূপ গোপন করিয়া দেবতাগণের পঙ্‌ক্তিতে চন্দ্র ও সূর্যের মধ্যস্থলে প্রবেশপূর্বক অমৃত পান করিলে চন্দ্র ও সূর্য তাহার স্বরূপ প্রকাশ করেন।২৪

অনন্তর ভগবান্ শ্রীহরি অমৃতপানকারী রাহুর মস্তকটি নিজ তীক্ষ্ণধার চক্রদ্বারা ছেদন করিলে তাহার মুণ্ডহীন দেহটি সুধাসিক্ত না হইয়াই ভূতলে পতিত হইয়াছিল।২৫

পরন্তু সেই ছিন্ন মুণ্ডটি সুধাপানহেতু অমরত্ব প্রাপ্ত হইলে ভগবান্ ব্রহ্মা তাহাকে গ্রহ করিয়াছিলেন। সেই রাহুগ্রহ বৈরবুদ্ধিহেতু এখন পর্বকালে অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পীতপ্রায়েঽমৃতে দেবৈর্ভগবান্ লোকভাবনঃ।
পশ্যতামসুরেন্দ্রাণাং স্বং রূপং জগৃহে হরিঃ ॥২৭

এবং সুরাসুরগণাঃ সমদেশকাল-
হেত্বর্থকর্ম্মমতয়োঽপি ফলে বিকল্পাঃ।
তত্রামৃতং সুরগণাঃ ফলমঞ্জসাঽপু-
র্যৎপাদপঙ্কজরজঃশ্রয়ণান্ন দৈত্যাঃ ॥২৮

যদ্যুজ্যতেঽসুবসুকর্ম্মমনোবচোভি-
র্দেহাত্মজাদিষু নৃভিস্তদসৎ পৃথক্ত্বাৎ।
তৈরেব সদ্ভবতি যৎ ক্রিয়তেঽপৃথক্ত্বাৎ
সর্ব্বস্য তদ্ভবতি মূলনিষেচনং যৎ ॥২৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে নবমোঽধ্যায়ঃ॥৯

দেবৈঃ অমৃতে পীতপ্রায়ে সতি লোকভাবনঃ ভগবান্ হরিঃ অসুরেন্দ্রাণাং পশ্যতাম্ এব স্বরূপং জগৃহে ॥২৭

এবং পূর্ব্বোক্ত-প্রকারেণ সম-দেশ-কাল-হেত্বর্থ-কর্ম্ম-মতয়ঃ (সমাঃ দেশঃ কালঃ হেতুঃ মন্দরাদিঃ, অর্থঃ সমুদ্রে ক্ষিপ্ত-বীরুধাদি কর্ম্ম-মন্থন-প্রযত্নঃ, মতি চ যেষাং তে তথা ভূতাঃ) অপি সুরাসুরগণাঃ ফলে বিকল্পাঃ বিপরীতফলভাগিনঃ বভূবুঃ। তত্র দেবাসুরমধ্যে যস্য পাদপঙ্কজরজঃশ্রয়ণাৎ সুরগণাঃ অমৃতং ফলম্ অঞ্জসা অনায়াসেন আপুঃ, তথা যদবৈমুখ্যাৎ দৈত্যাঃ তৎ ন আপুঃ; সঃ হরিঃ এব সেব্যঃ ॥২৮

অসুঃ প্রাণঃ, বসু ধনং, কর্ম্ম কর্ম্মেন্দ্রিয়প্রাণাদিভিঃ করণৈঃ মনসা চ নৃভিঃ যৎ সম্মাননং দেহাত্মজাদিষু যুজ্যতে ক্রিয়তে, তৎ পৃথক্ত্বাৎ দেহাদিনাং পরস্পরং ভিন্নত্বাৎ (শাখানিষে-চনবৎ) অসৎ ব্যর্থং ভবতি। তৈঃ এব প্রাণাদিভিঃ ঈশ্বরো-দ্দেশে যৎ ক্রিয়তে, তৎ তয়োঃ মূল-নিষেচনং যৎ যথা তথা অপৃথক্-ত্বাৎ সর্ব্বস্য সৎ মহাফলং ভবতি ॥২৯

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ॥

পূর্ণিমা ও অমাবস্যায় চন্দ্র-সূর্য্যকে গ্রাস করিবার জন্য তাহাদের দিকে ধাবিত হয়।২৬

দেবগণের অমৃতপান প্রায় সমাপ্ত হইলে লোক-পালক ভগবান্ শ্রীহরি অসুরশ্রেষ্ঠগণের দৃষ্টির সম্মুখেই পুনরায় নিজ রূপ ধারণ করিলেন।২৭

হে মহারাজ! সমুদ্রমন্থন কার্য্যে দেবতা ও অসুরগণ উভয়েরই দেশ, কাল ও মন্থনকার্য্যের উপায় মন্দরপর্বত সমানই ছিল এবং উভয়েই সমান অর্থব্যয় করিয়াছিলেন অর্থাৎ সমুদ্রে লতা ওষধিপ্রভৃতি সম-ভাবেই নিক্ষেপ করিয়াছিলেন। এইরূপ উভয়পক্ষই সমভাবে কর্মপ্রবৃত্ত হইয়া সমভাবেই বুদ্ধি প্রয়োগ করিয়াছিলেন। এ অবস্থায় ফললাভে উভয়পক্ষের মধ্যে বৈচিত্র্য ঘটিল। তন্মধ্যে যাঁহার শ্রীপাদপদ্ম-রেণুর আশ্রয়হেতু দেবতাগণ সমুদ্রমন্থনের ফল অমৃত ভোগ করিয়াছিলেন, পক্ষান্তরে অসুরগণ তাহা আশ্রয় না করায় অমৃতপানে সমর্থ হয় নাই, সেই শ্রীহরিই সকলের একমাত্র সেব্য।২৮

হে মহারাজ! মানবগণ দেহ ও পুত্রাদির উদ্দেশ্যে প্রাণ, ধন, কর্ম, মন ও বাক্যদ্বারা যাহা অনুষ্ঠান করে, তাহা অসৎ অর্থাৎ ব্যর্থই হয়, যেহেতু তাদৃশ কার্য্যভেদকে অবলম্বন করিয়াই প্রবৃত্ত হয়। পক্ষান্তরে উক্ত প্রাণাদিদ্বারাই ঈশ্বরের উদ্দেশ্যে যাহা অনুষ্ঠিত হয়, তাহা সৎ অর্থাৎ সার্থক হয়। কারণ ঈশ্বর সর্বগত বলিয়া তাঁহার তর্পণদ্বারা দেহাদিসকল পদার্থেরই তৃপ্তি হইয়া থাকে। ইহার দৃষ্টান্ত—বৃক্ষের মূলে জলসেচন করিলে উহা কাণ্ড শাখাপ্রভৃতি সকল অবয়বকেই সিক্ত করে, পরন্তু কেবল কাণ্ড বা শাখায় জলসেচন করিলে বৃক্ষের সকল অংশের সেচন হয় না।২৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
নবম অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দশমঃ অধ্যায়ঃ।

[দেব-দানবয়োঃ সংগ্রামঃ, দানবানাং মায়াবলম্বনম্, শ্রীভগবতো বিষ্ণোরাবির্ভাবঃ, দানবমায়ানিরাসশ্চ।]

শ্রীশুক উবাচ।

ইতি দানব-দৈতেয়া নাবিন্দন্নমৃতং নৃপ।
যুক্তাঃ কর্ম্মণি যত্তাশ্চ বাসুদেবপরাঙ্মুখাঃ ॥১

সাধয়িত্বাঽমৃতং রাজন্ পায়য়িত্বা স্বকান্ সুরান্।
পশ্যতাং সর্ব্বভূতানাং যযৌ গরুড়বাহনঃ ॥২

সপত্নানাং পরামৃদ্ধিং দৃষ্ট্বা তে দিতিনন্দনাঃ।
অমৃষ্যমাণা উৎপেতুর্দেবান্ প্রত্যুদ্যতায়ুধাঃ ॥৩

ততঃ সুরগণাঃ সর্ব্বে সুধয়া পীতয়ৈধিতাঃ।
প্রতিসংযুযুধুঃ শস্ত্রৈর্নারায়ণপদাশ্রয়াঃ ॥৪

তত্র দেবাসুরো নাম রণঃ পরমদারুণঃ।
রোধস্যুদন্বতো রাজংস্তুমুলো রোমহর্ষণঃ ॥৫

তত্রান্যোন্যং সপত্নাস্তে সংরব্ধমনসো রণে।
সমাসাদ্যাসিভির্বাণৈর্নিজঘ্নুর্বিবিধায়ুধৈঃ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! ইতি এবং যুক্তাঃ সাবধানাঃ কর্ম্মণি সমুদ্রমন্থনে যত্তাঃ প্রযত্নবন্তঃ অপি দানব-দৈতেয়াঃ কেবলং বাসুদেব-পরাঙ্মুখাঃ সন্তঃ এব অমৃতং ন প্রাপুঃ ॥১

হে রাজন্। (এবং সমুদ্র-মন্থনেন) অমৃতং সাধয়িত্বা তথা স্বকান্ স্বভক্তান্ সুরান্ অমৃতং পায়য়িত্বা গরুড়বাহনঃ সন্ হরিঃ সর্ব্বভূতানাং পশ্যতাম্ এব যযৌ ॥২

স্বপত্নানাং দেবানাং পরাং সিদ্ধিম্ ঋদ্ধিং সমৃদ্ধিং দৃষ্ট্বা অমৃষ্যমাণাঃ অসহমানাঃ তে দিতিনন্দনাঃ দৈত্যাঃ উদ্যতায়ুধাঃ সন্তঃ দেবান্ প্রতি উৎপেতুঃ আজগ্মুঃ ॥৩

অন্বয়ঃ

পীতয়া সুধয়া এধিতাঃ বল-পুষ্ট্যাদি-যুক্তাঃ অপি নারায়ণ-পদাশ্রয়াঃ সর্ব্বে সুরগণাঃ শস্ত্রৈঃ প্রতি-সংযুযুধুঃ ॥৪

হে রাজন্! তত্র উদন্বতঃ সমুদ্রস্য রোধসি তীরে দেবাসুরঃ নাম পরমদারুণঃ অতিভয়ঙ্করঃ, তুমুলঃ অতিসঙ্কীর্ণঃ রোমহর্ষণঃ রোমোদ্ভেদকঃ, রণঃ সংগ্রামঃ বভূব ॥৫

তত্র সমুদ্র-তীরস্থ-রণে তে দেবাসুরাঃ অন্যোঽন্যং স্ব স্ব বলৈশ্বর্য্যাদিসাদৃশ্যং বিলোক্য সংরুদ্ধমনসঃ ক্রোধব্যাপ্তমনসঃ এব সমাসাদ্য অসিভিঃ বাণৈঃ চ বিবিধায়ুধৈঃ অন্যোঽন্যং নিজঘ্নুঃ ॥৬

দশম অধ্যায়।

[দেবতা-দানবের যুদ্ধ, দানবগণের মায়াবলম্বন, শ্রীভগবান্ বিষ্ণুর আবির্ভাব এবং দানবদিগের মায়ানিরাস।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! এইরূপে দানব ও দৈত্যগণ মন্থনকার্যে নিযুক্ত এবং যত্নবান্ হইয়াও শ্রীহরির প্রতি বিমুখ বলিয়া অমৃতলাভে সমর্থ হয় নাই।১

গরুড়বাহন ভগবান্ শ্রীহরি এইরূপ অমৃত উদ্ধার-পূর্বক নিজ অনুগত দেবতাগণকে উহা পান করাইয়া সকলের দৃষ্টির সম্মুখেই নিজ ধামে প্রস্থান করিয়া-ছিলেন।২

তখন সেই দৈত্যগণ শত্রুগণের সেই পরম সমৃদ্ধি দর্শনে অসহিষ্ণু হইয়া অস্ত্র-শস্ত্র উত্তোলনপূর্বক দেবতা-গণের দিকে যুদ্ধার্থে অগ্রসর হইয়াছিল।৩

অনন্তর সুধাপানে শক্তিসমৃদ্ধ এবং শ্রীহরির পদাশ্রিত সেই দেবতাগণও সকলে মিলিয়া শস্ত্রদ্বারা অসুরগণের বিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন।৪

হে মহারাজ! এইরূপে ক্ষীরোদসমুদ্রের তীরে উভয়পক্ষের মধ্যে রোমাঞ্চকারী অতিদারুণ তুমুল যুদ্ধ সংঘটিত হইয়াছিল। ঐ যুদ্ধ দৈবাসুর নামে সুপ্রসিদ্ধ।৫

সেই যুদ্ধে শত্রুভাবাপন্ন ও ক্রুদ্ধচিত্ত দেবতা ও অসুরগণ পরস্পর নিকটে যাইয়া খড়্গ, বাণ ও অন্যান্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শঙ্খ-তূর্য্য-মৃদঙ্গানাং ভেরীডমরীণাং মহান্।
হস্ত্যশ্বরথপত্তীনাং নদতাং নিঃস্বনোঽভবৎ ॥৭

রথিনো রথিভিস্তত্র পত্তিভিঃ সহ পত্তয়ঃ।
হয়া হয়ৈরিভাশ্চেভৈঃ সমসজ্জন্ত সংযুগে ॥৮

উষ্ট্রৈঃ কেচিদিভৈঃ কেচিদপরে যুযুধুঃ খরৈঃ।
কেচিদ্গৌরমুখৈঋ্ক্ষৈর্দ্বীপিভির্হরিভির্ভটাঃ ॥৯

গৃধ্রৈঃ কঙ্কৈর্বকৈরন্যে শ্যেনভাসৈস্তিমিঙ্গিলৈঃ।
শরভৈর্মহিষৈঃ খড়্গৈর্গোবৃষৈর্গবয়ারুণৈঃ ॥১০

শিবাভিরাখুভিঃ কেচিৎ কৃকলাসৈঃ শশৈর্নরৈঃ।
বস্তৈরেকে কৃষ্ণসারৈর্হংসৈরন্যে চ শূকরৈঃ ॥১১

অন্যে জলস্থলখগৈঃ সত্ত্বৈর্বিকৃতবিগ্রহৈঃ।
সেনয়োরুভয়ো রাজন্ বিবিশুস্তেঽগ্রতোঽগ্রতঃ ॥১২

চিত্রধ্বজপটৈ রাজন্নাতপত্রৈঃ সিতামলৈঃ।
মহাধনৈর্বজ্রদণ্ডৈর্ব্যজনৈর্বার্হচামরৈঃ ॥১৩

বাতোদ্ধূতোত্তরোষ্ণীষৈরর্চ্চিভির্বর্ম্মভূষণৈঃ।
স্ফুরদ্ভির্বিশদৈঃ শস্ত্রৈঃ সুতরাং সূর্য্যরশ্মিভিঃ ॥১৪

তত্র শঙ্খ-তূর্য্য-মৃদঙ্গানাং ভেরীডমরীণাং তথা নদতাং হস্ত্য-শ্ব-রথ-পত্তীনাং মহান্ নিঃস্বনঃ শব্দঃ অভবৎ ॥৭

তত্র সংযুগে যুদ্ধে রথিনঃ রথিভিঃ সহ, পত্তিভিঃ পাদ-চারিভিঃ সৈন্যৈঃ সহ পত্তয়ঃ, হয়াঃ হয়ারূঢ়াঃ হয়ৈঃ হয়ারূঢ়ৈঃ সহ, ইভাঃ হস্ত্যারূঢ়াঃ ইভৈঃ হস্ত্যারূঢ়ৈঃ সহ সমসজ্জন্ত যুযুধুঃ ॥৮

তথা কেচিৎ দৈত্যভটাঃ উষ্ট্রেভ-খর-সিংহ-গৃধ্র-কঙ্ক-বক-শরভ-মহিষ-গোবৃষ-শিবাখু-কুক্কুট-বস্ত-হংস-শূকর-জল-স্থল-খগা-দিষু আরূঢ়ৈঃ গৌরমুখৈঃ বিকৃতবিগ্রহৈঃ অন্যৈঃ সর্বৈঃ প্রাণিভিঃ সহ যুযুধুঃ, এবম্ উভয়োঃ সেনয়োঃ মধ্যে অগ্রতঃ অগ্রতঃ তে বিবিশুঃ ॥৯-১২

হে রাজন্! চিত্রধ্বজপটৈঃ, সিতৈঃ অমলৈঃ স্বচ্ছৈঃ, আতপত্রৈঃ ছত্রৈঃ, মহাধনৈঃ বজ্রদণ্ডৈঃ হীরকমণ্ডিতদণ্ডৈঃ ব্যজনৈঃ, বার্হচামরৈঃ ময়ূর-পিচ্ছ-বিরচিত-চামরৈঃ ॥১৩

বাতেন উদ্ধূতৈঃ উত্তরীয়ৈঃ উষ্ণীষৈঃ চ অর্চ্চিভিঃ অগ্নি-জ্বালাদিভিঃ সূর্য্যরশ্মিভিঃ সুতরাং স্ফুরদ্ভিঃ বর্ম্মভূষণৈঃ বিশদৈঃ শস্ত্রৈঃ ॥১৪

নানারূপ অস্ত্রদ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন।৬

তৎকালে সেই রণক্ষেত্রে শঙ্খ, তূর্য্য, মৃদঙ্গ, ভেরী ও ডমরু এবং নিনাদকারী হস্তী, অশ্ব, রথ ও পদাতিক-গণের প্রচণ্ড ধ্বনি উত্থিত হইয়াছিল।৭

অনন্তর সেখানে রথিগণ রথিগণের সহিত, পদাতিকগণ পদাতিকগণের সহিত, অশ্বগণ অশ্বগণের সহিত এবং হস্তিগণ হস্তিগণের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়াছিল।৮

হে মহারাজ! দেবতা ও অসুর এই উভয়পক্ষের সৈন্যগণের মধ্যে কেহ কেহ উষ্ট্র, কেহ কেহ হস্তী, কেহ কেহ গর্দভ, কেহ কেহ গৌরমুখ, কেহ কেহ ভল্লুক, কেহ কেহ ব্যাঘ্র, কেহ কেহ বানর, কেহ কেহ বা গৃধ্র, কঙ্ক (গাড়গিলে পক্ষী), বক, শ্যেন ও ভাস, কেহ তিমিঙ্গিল (জলজন্তুবিশেষ), শরভ, মহিষ, গণ্ডার, বৃষ, গবয়, শৃগাল, মূষিক, কৃকলাস, শশক, মানুষ, ছাগল, কৃষ্ণসার, হংস ও শূকর লইয়া যুদ্ধ করিয়াছিল। আবার অপর কতিপয় যোদ্ধা জলচর ও স্থলচর পক্ষিগণ এবং বিকৃতদেহ অন্যান্য প্রাণি-গণের সহিত উভয়পক্ষের সৈন্যগণের অগ্রভাগে প্রবেশ করিয়াছিল।৯-১২

হে মহারাজ! তৎকালে জলজন্তুগণের দ্বারা বিশেষ শোভাপ্রাপ্ত দুইটি সমুদ্রের ন্যায় দেবতা ও অসুরপক্ষীয় বাহিনী দুইটিও পতাকার বিচিত্র বস্ত্র, শুভ্র নির্মল ছত্র, মহামূল্য হীরকদণ্ডযুক্ত ময়ূরপুচ্ছরচিত ও চমরীপুচ্ছরচিত ব্যজন, বায়ুসঞ্চালিত উত্তরীয় বস্ত্র, উষ্ণীষ সূর্যকিরণ সংস্পর্শে সমুজ্জ্বল বর্ম, বিবিধ ভূষণ, সমুজ্জ্বল শস্ত্রসমূহ এবং বীরগণের দ্বারা বিশেষ শোভা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেব-দানব-বীরাণাং ধ্বজিন্যৌ পাণ্ডুনন্দন।
রেজতুর্বীরমালাভির্যাদসামিব সাগরৌ ॥১৫
বৈরোচনো বলিঃ সংখ্যে সোঽসুরাণাং চমূপতিঃ।
যানং বৈহায়সং নাম কামগং ময়নির্ম্মিতম্ ॥১৬
সর্ব্বসাংগ্রামিকোপেতং সর্ব্বাশ্চর্য্যময়ং প্রভো।
অপ্রতর্ক্যমনির্দ্দেশ্যং দৃশ্যমানমদর্শনম্ ॥১৭
আস্থিতস্তদ্‌বিমানাগ্র্যং সর্ব্বানীকাধিপৈর্বৃতঃ।
বালব্যজনছত্রাগ্র্যৈ রেজে চন্দ্র ইবোদয়ে ॥১৮

তস্যাসন্ সর্ব্বতো যানৈর্যূথানাং পতয়োঽসুরাঃ।
নমুচিঃ শম্বরো বাণো বিপ্রচিত্তির্য়োমুখঃ ॥১৯
দ্বিমূর্দ্ধা কালনাভোঽথ প্রহেতির্হেতিরিল্বলঃ।
শকুনির্ভূতসন্তাপো বজ্রদংষ্ট্রো বিরোচনঃ ॥২০
হয়গ্রীবঃ শঙ্কুশিরাঃ কপিলো মেঘদুন্দুভিঃ।
তারকশ্চক্রদৃক্ শুম্ভো নিশুম্ভো জম্ভ উৎকলঃ ॥২১
অরিষ্টোঽরিষ্টনেমিশ্চ ময়শ্চ ত্রিপুরাধিপঃ।
অন্যে পৌলোমকালেয়া নিবাত-কবচাদয়ঃ ॥২২

হে পাণ্ডুনন্দন! দেবদানব-বীরাণাং ধ্বজিন্যৌ সেনে বীরমালাভিঃ যাদসাং জলচরাণাং মালাভিঃ সাগরৌ ইব রেজতুঃ ॥১৫

হে বিভো! সংখ্যে যুদ্ধে সঃ প্রসিদ্ধঃ অসুরাণাং চমূপতিঃ সেনাপতিঃ বৈরচনঃ বলিঃ বৈহায়সং কামগং ময়নির্ম্মিতং সর্ব্বসাংগ্রামিকোপেতং সর্ব্বসংগ্রামসাধনপূর্ণং সর্ব্বৈশ্বর্য্যময়ম্ আশ্চর্য্যজনকম্, অপ্রতর্ক্যং মনসঃ অবিষয়ম্, অনির্দ্দেশ্যং নিরূপয়িতুমশক্যং, তং বিমানাগ্র্যং শ্রেষ্ঠং যানম্ আস্থিতঃ সর্ব্বানীকাধিপৈঃ বৃতঃ বালব্যজনছত্রাগ্র্যৈঃ উদয়ে উদয়গিরিশিখরে স্থিতঃ চন্দ্রঃ ইব রেজে ॥১৬-১৮

তস্য সর্ব্বতঃ যানৈঃ যূথানাং পতয়ঃ যে অসুরাঃ আসন্, তে যথা নমুচিঃ, সম্বরঃ, বিপ্রচিত্তিঃ, বাণঃ, অয়োমুখঃ, দ্বিমূর্দ্ধা, কালনাভঃ, প্রহেতিঃ, হেতিঃ, ইল্বলঃ, শকুনিঃ, ভূতসন্তাপঃ, বজ্রদংষ্ট্রঃ, বিরোচনঃ, হয়গ্রীবঃ, শঙ্কুশিরাঃ, কপিলঃ, মেঘদুন্দুভিঃ, তারকঃ, চক্রদৃক্, শুম্ভঃ, নিশুম্ভঃ, জম্ভঃ, উৎকলঃ, অরিষ্টঃ, অরিষ্টনেমিঃ, ময়ঃ, ত্রিপুরাধিপঃ, অন্যে পৌলোম-কালেয়-নিবাতকবচাদয়ঃ দৈত্যাঃ সোমস্য অলব্ধভাগাঃ কেবলং ক্লেশভাগিনঃ, অতঃ রণমুখে নির্জ্জিতামরাঃ এতে সর্ব্বে সিংহনাদান্ বিমুঞ্চন্তঃ মহারবান্ শঙ্খান্ দধ্মুঃ। সপত্নান শত্রূন্ অসুরান্ উৎসিক্তান্ গর্ব্বিতান্ দৃষ্ট্বা ভৃশং কুপিতঃ বলভিৎ ইন্দ্রঃ দিক্‌করিণম্ ঐরাবতম আরূঢ়ঃ সন্ স্রবৎপ্রস্রবণং স্রবন্তি প্রস্রবণানি

ধারণ করিয়াছিল।১৩-১৫

হে মহারাজ! তৎকালে সংগ্রামক্ষেত্রে অসুরবাহিনীর অধিপতি বিরোচনপুত্র বলি ময়দানব নির্মিত, ইচ্ছানুরূপ গতিশালী বৈহায়স অর্থাৎ আকাশগামী যানে আরোহণ করিয়া উদয়গিরিস্থিত চন্দ্রের ন্যায় শোভা পাইয়াছিলেন। সেই উত্তম বিমানটি সর্বপ্রকার যুদ্ধসম্ভারে সুসজ্জিত, সর্বতোভাবে আশ্চর্যময়, তর্কের অগোচর ও বর্ণনার অযোগ্য ছিল এবং উহা কখনও কখনও দৃশ্যমান অবস্থায়ই অদৃশ্য হইয়া পড়িত। বলিরাজ উক্ত বিমানে উপবিষ্ট হইয়া সেনাপতিগণকর্তৃক পরিবৃত অবস্থায় চামর-ব্যজন ও উত্তম রাজছত্রে সুশোভিত হইয়াছিলেন।১৬-১৮

তৎকালে নমুচি, শম্বর, বাণ, বিপ্রচিত্ত, অয়োমুখ, দ্বিমূর্ধা, কালনাভ, প্রহেতি, হেতি, ইল্বল, শকুনি, ভূতসন্তাপ, বজ্রদংষ্ট্র, বিরোচন, হয়গ্রীব শঙ্কুশিরা, কপিল, মেঘদুন্দুভি, তারক, চক্রদৃক্, শুম্ভ, নিশুম্ভ, জম্ভ, উৎকল, অরিষ্ট, অরিষ্টনেমি, ময়, ত্রিপুরাধিপ এবং পৌলোম, কালেয় ও নিবাতকবচপ্রতি অন্যান্য যূথপতি অসুরগণ যথোচিত যানে আরোহণ করিয়া বলিরাজের চতুর্দিকে অবস্থান করিতেছিল। ইহারা সকলেই সমুদ্রমন্থনের ক্লেশভোগ করিয়াছিল, পরন্তু অমৃতের ভাগ পায় নাই। ইহারা সংগ্রামের উপক্রমেই অনেক দেবতাকে পরাজিত করিয়া সিংহনাদসহকারে প্রচণ্ড শব্দযুক্ত শঙ্খবাদ্য বিস্তার করিয়াছিল। এ সময়ে দেবরাজ ইন্দ্র ঐ সকল গর্বান্ধ শত্রুগণকে দেখিয়া অতিশয় ক্রুদ্ধ হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অলব্ধভাগাঃ সোমস্য কেবলং ক্লেশভাগিনঃ।
সর্ব্ব এতে রণমুখে বহুশো নির্জ্জিতামরাঃ ॥২৩
সিংহনাদান্ বিমুঞ্চন্তঃ শঙ্খান্ দধ্মুর্মহারবান্।
দৃষ্ট্বা সপত্নানুৎসিক্তান্ বলভিৎ কুপিতো ভৃশম্ ॥২৪
ঐরাবতং দিক্করিণমারূঢ়ঃ শুশুভে স্বরাট্।
যথা স্রবৎপ্রস্রবণমুদয়াদ্রিমহর্পতিঃ ॥২৫
তস্যাসন্ সর্ব্বতো দেবা নানাবাহধ্বজায়ুধাঃ।
লোকপালাঃ সহ গণৈর্বায়্বগ্নি-বরুণাদয়ঃ ॥২৬
তেঽন্যোন্যমভিসংসৃত্য ক্ষিপন্তো মর্ম্মভির্মিথঃ।
আহ্বয়ন্তো বিশন্তোঽগ্রে যুযুধুর্দ্বন্দ্বযোধিনঃ ॥২৭

যুযোধ বলিরিন্দ্রেণ তারকেণ গুহোঽস্যত।
বরুণো হেতিনাযুধ্যন্মিত্রো রাজন্ প্রহেতিনা ॥২৮
যমস্তু কালনাভেন বিশ্বকর্ম্মা ময়েন বৈ।
শম্বরো যুযুধে ত্বষ্ট্রা সবিত্রা তু বিরোচনঃ ॥২৯
অপরাজিতেন নমুচিরশ্বিনৌ বৃষপর্ব্বণা।
সূর্য্যো বলিসুতৈর্দেবো বাণজ্যেষ্ঠৈঃ শতেন চ ॥৩০
রাহুণা চ তথা সোমঃ পুলোম্না যুযুধেঽনিলঃ।
নিশুম্ভ-শুম্ভয়োর্দেবী ভদ্রকালী তরস্বিনী ॥৩১
বৃষাকপিস্তু জম্ভেন মহিষেণ বিভাবসুঃ।
ইল্বলঃ সহবাতাপির্ব্রহ্মপুত্রৈররিন্দম ॥৩২

নির্ঝরজলানি যস্মিন্ তম্ উদয়াদ্রিম্ আরূঢ়ঃ অহর্পতিঃ সূর্য্যঃ যথা তথা বিয়তি আকাশে স্বরাট্ স্বয়মেব শুশুভে ॥১৯-২৫

তস্য ইন্দ্রস্য সর্ব্বতঃ স্ব-স্বগণৈঃ সহ বর্ত্তমানাঃ নানাবাহ-ধ্বজায়ুধাঃ দেবাঃ অগ্নি-বরুণাদয়ঃ লোকপালাঃ চ আসন্ ॥২৬

তে দেবাঃ অসুরাঃ চ অন্যোন্যম্ অভিসংসৃত্য সম্মুখম্ আগত্য নামভিঃ আহ্বয়ন্তঃ দুর্ব্বচনৈঃ ক্ষিপন্তঃ তিরস্কুর্ব্বন্তঃ, অগ্রে বিশন্তঃ দ্বন্দ্বযোধিনঃ চ সন্তঃ মিথঃ যুযুধুঃ ॥২৭

বলিঃ ইন্দ্রেণ যুযোধ; তারকেন গুহঃ কার্ত্তিকেয়ঃ অস্যত অযুধ্যত। বরুণঃ হেতিনা অযুধ্যৎ, তথা প্রহেতিনা মিত্রঃ অযুধ্যৎ। যমঃ কালনাভেন, বিশ্বকর্ম্মা ময়েন, শম্বরঃ ত্বষ্ট্রা; বিরোচনঃ সবিত্রা চ সহ যুযুধে ॥২৮-২৯

অপরাজিতেন নমুচিঃ, বৃষপর্ব্বণা অশ্বিনৌ, দেবঃ সূর্য্যঃ এব বলিসুতৈঃ, শতেন বাণ-জ্যেষ্ঠৈঃ চ সহ যুযুধে ॥৩০

রাহুনা সহ সোমঃ, অনিলঃ পুলোম্নাঃ, নিশুম্ভ-শুম্ভয়োঃ শুম্ভ-নিশুম্ভাভ্যাং সহ তরস্বিনী মহাবেগবতী দেবী ভদ্রকালী; বৃষাকপিঃ জম্ভেন, বিভাবসুঃ অগ্নিঃ মহিষেণ সহ, বাতাপিঃ ইল্বলঃ ব্রহ্মপুত্রৈঃ, কামদেবেন সহ দুর্ম্মর্ষঃ, মাতৃভিঃ সহ উৎকলঃ, উশনসা শুক্রেণ সহ বৃহস্পতিঃ; নরকেণ সহ শনৈশ্চরঃ;

ছিলেন।১৯-২৪

অনন্তর দেবসম্রাট্ ইন্দ্র ঐরাবতনামক দিগ্‌হস্তীর পৃষ্ঠে আরোহণ করিয়া প্রস্রবণধারাযুক্ত উদয়পর্বতের উপরিস্থিত সূর্যের ন্যায় শোভা পাইয়াছিলেন।২৫

তৎকালে বিবিধ বাহন, ধ্বজ ও অস্ত্রধারী দেবতা-গণ এবং নিজ নিজ গণের সহিত বায়ু, অগ্নি ও বরুণ প্রভৃতি লোকপালগণ ইন্দ্রের চতুর্দিকে অবস্থান করিয়াছিলেন।২৬

দ্বন্দ্বযোদ্ধা দেবতা ও অসুরগণ পরস্পর অভিমুখী হইয়া নাম উচ্চারণপূর্ব্বক পরস্পরকে আহ্বান ও তিরস্কার করিতে করিতে সম্মুখে যাইয়া দ্বন্দ্বযুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল।২৭

হে মহারাজ! তন্মধ্যে ইন্দ্রের সহিত বলি, তারকাসুরের সহিত কার্তিক, হেতির সহিত বরুণ, প্রহেতির সহিত মিত্র, কালনাভের সহিত যম, ময়ের সহিত বিশ্বকর্মা, ত্বষ্টার সহিত শম্বর, বিরোচনের সহিত সবিতা, অপরাজিতের সহিত নমুচি, বৃষপর্বার সহিত অশ্বিনীকুমারযুগল, বাণপ্রমুখ একশত বলি-পুত্রের সহিত সূর্য্যদেব, রাহুর সহিত চন্দ্র, পুলোমার সহিত বায়ু, নিশুম্ভ ও শুম্ভের সহিত প্রচণ্ডবেগা দেবীভদ্রকালী, জম্ভের সহিত বৃষাকপি (বিষ্ণু), মহিষাসুরের সহিত অগ্নি, ব্রহ্মার পুত্রগণের সহিত ইল্বল ও বাতাপি, কামদেবের সহিত দুর্মর্ষ, মাতৃগণের সহিত উৎকল, শুক্রাচার্যের সহিত বৃহস্পতি;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামদেবেন দুর্ম্মর্ষ উৎকলো মাতৃভিঃ সহ।
বৃহস্পতিশ্চোশনসা নরকেণ শনৈশ্চরঃ ॥৩৩

মরুতো নিবাতকবচৈঃ কালেয়ৈর্বসবোঽমরাঃ।
বিশ্বেদেবাস্তু পৌলোমৈ রুদ্রাঃ ক্রোধবশৈঃ সহ ॥৩৪

ত এবমাজাবসুরাঃ সুরেন্দ্রা
দ্বন্দ্বেন সংহত্য চ যুধ্যমানাঃ।
অন্যোন্যমাসাদ্য নিজঘ্নুরোজসা
জিগীষবস্তীক্ষ্ণ-শরাসিতোমরৈঃ ॥৩৫

ভুশুণ্ডিভিশ্চক্রগদর্ষ্টি পট্টিশৈঃ
শক্ত্যুল্মুকৈঃ প্রাসপরশ্বধৈরপি।
নিস্ত্রিংশভল্লৈঃ পরিঘৈঃ সমুদ্গরৈঃ
সভিন্দিপালৈশ্চ শিরাংসি চিচ্ছিদুঃ ॥৩৬

গজাস্তুরঙ্গাঃ সরথাঃ পদাতয়ঃ
সারোহবাহা বিবিধা বিখণ্ডিতাঃ।
নিকৃত্তবাহূরুশিরোধরাঙ্ঘ্রয়-
শ্ছিন্নধ্বজেষ্বাসতনুত্রভূষণাঃ ॥৩৭

তেষাং পদাঘাতরথাঙ্গচূর্ণিতা-
দায়োধনাদুল্বণ উত্থিতস্তদা।
রেণুর্দিশঃ খং দ্যুমণিঞ্চ ছাদয়ন্
ন্যবর্ত্ততাসৃক্‌স্রুতিভিঃ পরিপ্লুতাৎ ॥৩৮

নিবাতকবচৈঃ সহ মরুতঃ, কালেয়ৈঃ সহ অমরাঃ বসবঃ, বিশ্বেদেবাঃ পৌলোমৈঃ সহ, তথা ক্রোধবশৈঃ সহ রুদ্রাঃ চ যুযুধুঃ ॥৩১-৩৪

জিগীষবঃ পরস্পরং জেতুম্ ইচ্ছবঃ তে অসুরাঃ সুরেন্দ্রাঃ চ আজৌ যুদ্ধে এবং দ্বন্দ্বেন সংহত্য মিলিত্বা, যুদ্ধমানাঃ ওজসা বেগেন অন্যোন্যম আসাদ্য প্রাপ্য তীক্ষ্ণ-শরসি তোমরৈঃ নির্জ্জঘ্নুঃ ॥৩৫

তে অন্যোন্যং ভুশুণ্ডিভিঃ, চক্রৈঃ, গদৈঃ, ঋষ্টিভিঃ, পট্টিশৈঃ, শক্তিভিঃ, উল্মুখৈঃ, প্রাসৈঃ, পরশুভিঃ, নিস্ত্রিংশৈঃ, ভল্লৈঃ, পরিঘৈঃ, মুদ্গরৈঃ, ভিন্দিপালৈঃ চ শিরাংসি চিচ্ছিদুঃ ॥৩৬

তদা তৈঃ অস্ত্রাদিভিঃ গজাঃ তুরঙ্গাঃ ইতি তত্তারূঢ়াঃ অপি যোদ্ধারঃ এব খণ্ডিতাঃ জাতাঃ। রথেন সহিতাঃ রথিনঃ, আরোহন্তি ইতি আরোহা বাহাঃ যোদ্ধারঃ তৈঃ সহিতাঃ অন্যে চ বাহাঃ বাহনাঃ বিখণ্ডিতাঃ। নিকৃত্তাঃ সংছিন্নাঃ বাহূরু-শিরোধরাদয়ঃ যেষাং তে, ছিন্নানি ধ্বজাদীনি ইষ্বাসঃ ধনুঃ, তনুত্রঃ কবচং, ভূষণানি চ যেষাং তে ॥৩৭

তেষাং দেবাদীনাং পদাঘাতৈঃ রথাঙ্গৈঃ রথচক্রৈঃ চূর্ণিতাৎ আয়োধনাৎ রণভূমেঃ সকাশাৎ উল্বণঃ উত্থিতঃ রেণুঃ দিশঃ খং আকাশং, দ্যুমণিং সূর্য্যং ছাদয়ন্ তদৈব অসৃক্‌স্রুতিভিঃ রক্তক্ষরণৈঃ পরিপ্লুতাৎ সংসিক্তাৎ স্থানেঃ সকাশাৎ ন্যবর্ত্তত ॥৩৮

নরকাসুরের সহিত শনি, নিবাতকবচগণের সহিত মরুদ্গণ, কালকেয়গণের সহিত বসুগণ, পৌলোমগণের সহিত বিশ্বেদেবগণ এবং ক্রোধবশগণের সহিত রুদ্রগণ যুদ্ধ করিয়াছিলেন।২৮-৩৪

এইরূপে সেই রণক্ষেত্রে দেবতা ও অসুরগণ দ্বন্দ্বভাবে অর্থাৎ দুই-দুইজন মিলিত হইয়া যুদ্ধ করিতে করিতে জয়লাভের আকাঙ্ক্ষায় পরস্পরকে আক্রমণপূর্ব্বক প্রবলশক্তিসহকারে তীক্ষ্ণ বাণ, খড়্গ ও তোমরদ্বারা নিহত করিয়াছিল।৩৫

এইরূপ তাহারা ভুশুণ্ডি, চক্র, গদা, ঋষ্টি, পট্টিশ, শক্তি, উল্মুক, প্রাস, কুঠার, নিস্ত্রিংশ, ভল্ল, পরিঘ, মুদ্গর ও ভিন্দিপালদ্বারা পরস্পর শিরশ্ছেদন করিয়াছিল।৩৬

হস্তী, অশ্ব, রথ, পদাতিক এবং আরোহিগণের সহিত অন্যান্য বাহনগণ অস্ত্রাঘাতে বিচ্ছিন্ন হইয়াছিল। উভয়পক্ষের বীরগণেরই বাহু, গ্রীবা ও পদ এবং ধ্বজ, ধনুঃ, বর্ম্ম ও ভূষণসমূহ ছিন্ন হইয়াছিল।৩৭

হে মহারাজ! তৎকালে দেবতা ও অসুরগণের পদাঘাত ও রথচক্রদ্বারা রণক্ষেত্রের মৃত্তিকা চূর্ণ-বিচূর্ণ হইলে তথা হইতে উত্থিত রেণুসমূহ ক্রমশঃ দিগ্‌মণ্ডল, আকাশ ও সূর্য্যকে আচ্ছন্ন করিয়া পশ্চাৎ যোদ্ধৃগণের রক্তস্রাবে সিক্ত হওয়ায় উত্থানে বাধা পাইয়া নিবৃত্ত হইয়াছিল।৩৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিরোভিরুদ্ধৃতকিরীটকুণ্ডলৈঃ
সংরম্ভদৃগ্ভিঃ পরিদষ্টদচ্ছদৈঃ।
মহাভুজৈঃ সাভরণৈঃ সহায়ুধৈঃ
সা প্রাস্তৃতা ভূঃ করভোরুভির্বভৌ ॥৩৯

কবন্ধাস্তত্র চোৎপেতুঃ পতিতস্বশিরোঽক্ষিভিঃ।
উদ্যতায়ুধদোর্দ্দণ্ডৈরাধাবন্তো ভটান্ মৃধে ॥৪০

উদ্ধৃতানি উৎপতিতানি কিরীটানি কুণ্ডলানি চ যেভ্যঃ তৈঃ, সংরম্ভদৃগ্ভিঃ (সংরম্ভঃ ক্রোধঃ তদ্যুক্তাঃ দৃশঃ যেষু তৈঃ,) পরিদষ্টদচ্ছদৈঃ (পরিদষ্টাঃ দচ্ছদাঃ ওষ্ঠাঃ যেষু তৈঃ) শিরোভিঃ তথা সাভরণৈঃ ভূষণসহিতৈঃ মহায়ুধৈঃ মহাভুজৈঃ তথা করভোরুভিঃ (করভঃ হস্তিশুণ্ডঃ তৎসদৃশৈঃ ঊরুভিঃ চ) সা রণভূঃ প্রকর্ষেণ আস্তৃতা আচ্ছাদিতা ইব বভৌ ॥৩৯

উদ্যতানি আয়ুধানি যৈঃ তথাভূতৈঃ দোর্দণ্ডৈঃ যুক্তাঃ কবন্ধাঃ (শিরোভিঃ রহিতাঃ দেহাঃ) তত্র মৃধে যুদ্ধভূমৌ পতিতানি যানি স্বশিরাংসি তত্রত্যৈঃ অক্ষিভিঃ এব তে পশ্যন্তঃ আ সর্বতঃ ধাবন্তঃ ভটান্ প্রতি উৎপেতুঃ যোদ্ধুং বেগেন আজগ্মুঃ ॥৪০

তৎকালে সেই রণক্ষেত্র যোদ্ধৃগণের ছিন্ন মস্তক এবং অলঙ্কার ও অস্ত্রধারী বিশাল ভুজসমূহদ্বারা পরিব্যাপ্ত হইয়া বিচিত্র আকার ধারণ করিয়াছিল। ঐ সকল ছিন্ন মুণ্ড তদবস্থায় ও দন্তসকলদ্বারা ওষ্ঠভাগ দংশন করিতেছিল, তাহাদের নয়নে ক্রোধের চিহ্ন প্রকাশ পাইতেছিল এবং ঐ সকল মুণ্ডের মুকুট ও কুণ্ডল স্থানচ্যুত হইয়াছিল।৩৯

অনন্তর উভয়পক্ষের মৃত সৈন্যগণের কবন্ধ অর্থাৎ মস্তকহীন দেহসকল ভূপতিত নিজ নিজ মুণ্ডস্থিত নেত্রদ্বারা দর্শন করিতে করিতে উদ্যত অস্ত্রধারী বিশাল বাহুসমূহ উত্তোলনপূর্বক যুদ্ধক্ষেত্রে বিপক্ষের সৈন্যগণের প্রতি ধাবিত হইয়াছিল।৪০

বলির্মহেন্দ্রং দশভিস্ত্রিভিরৈরাবতং শরৈঃ।
চতুর্ভিশ্চতুরো বাহানেকেনারোহমার্চ্ছয়ৎ ॥৪১

স তানাপততঃ শক্রস্তাবদ্ভিঃ শীঘ্রবিক্রমঃ।
চিচ্ছেদ নিশিতৈর্ভল্লৈরসম্প্রাপ্তান্ হসন্নিব ॥৪২

তস্য কর্ম্মোত্তমং বীক্ষ্য দুর্ম্মর্ষঃ শক্তিমাদদে।
তাং জ্বলন্তীং মহোল্কাভাং হস্তস্থামচ্ছিনদ্ধরিঃ ॥৪৩

বলিঃ দশভিঃ শরৈঃ ইন্দ্রম্ আর্চ্ছয়ৎ বিব্যাধ। ত্রিভিঃ ঐরাবতম্, চতুর্ভিঃ চতুরঃ বাহান্, ঐরাবত-পাদ-রক্ষকান্, তথা একেন শরেণ আরোহং হস্তিপং বিব্যাধ ॥৪১

সঃ শীঘ্রবিক্রমঃ দেবরাজঃ শক্রঃ তান্ বলিপ্রযুক্তান্ বাণান্ আপততঃ আগচ্ছতঃ অসম্প্রাপ্তান্ এব তাবদ্ভিঃ অষ্টাদশভিঃ নিশিতৈঃ তীক্ষ্ণৈঃ ভল্লৈঃ হসন্ ইব চিচ্ছেদ ॥৪২

তস্য ইন্দ্রস্য তৎ বাণচ্ছেদনলক্ষণম্ উত্তমং কর্ম্ম বীক্ষ্য দৃষ্ট্বা দুর্ম্মর্ষঃ উৎকর্ষাসহনঃ বলিঃ তৎ হন্তুং শক্তিম্ আদদে গৃহীতবান্; মহোল্কাভ্যাং মহোল্কাসদৃশীং জ্বলন্তীং হস্তস্থাম্ এব তাং হরিঃ ইন্দ্রঃ অচ্ছিনৎ ॥৪৩

অনন্তর অসুররাজ বলি দশটি বাণদ্বারা ইন্দ্রকে, তিনটি বাণদ্বারা ঐরাবত হস্তীকে, চারিটি বাণদ্বারা ঐরাবতের পাদরক্ষক চারিটিকে এবং একটি বাণদ্বারা উক্ত হস্তীর পরিচালককে লক্ষ্য করিয়াছিল।৪১

পরন্তু সেই সকল বাণ লক্ষ্যস্থানে উপস্থিত হওয়ার পূর্বেই দেবরাজ ইন্দ্র তৎসংখ্যক ভল্লাস্ত্রদ্বারা ত্বরিত-বিক্রমে আগমনপথেই ঐ সকল বাণকে হাসিতে হাসিতেই যেন ছেদন করিয়াছিলেন।৪২

তাঁহার এই প্রশংসনীয় কার্য্য দেখিয়া অসহিষ্ণু অসুররাজ একটি শক্তি গ্রহণ করিয়াছিল, পরন্তু দেবরাজ প্রদীপ্ত উল্কার ন্যায় সমুজ্জ্বল সেই শক্তিটিকে শক্রর হাতে থাকিতেই ছেদন করিয়াছিলেন।৪৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততঃ শূলং ততঃ প্রাসং ততস্তোমরমৃষ্টয়ঃ।
যদ্ যচ্ছস্ত্রং সমাদদ্যাৎ সর্ব্বং তদচ্ছিনদ্ বিভুঃ ॥৪৪
সসর্জ্জাথাসুরীং মায়ামন্তর্দ্ধানগতোঽসুরঃ।
ততঃ প্রাদুরভূচ্ছৈলঃ সুরানীকোপরি প্রভো ৪৫
ততো নিপেতুস্তরবো দহ্যমানা দবাগ্নিনা।
শিলাঃ সটঙ্কশিখরাশ্চূর্ণয়ন্ত্যো দ্বিষদ্‌বলম্ ॥৪৬

ততঃ শূলং, ততঃ প্রাসং, ততঃ তোমরং, তথা ঋষ্টাদি যৎ যৎ শস্ত্রং বলিঃ সমাদদ্যাৎ গৃহীতবান্, তৎ সর্ব্বং বিভুঃ প্রভুঃ ইন্দ্রঃ অচ্ছিনৎ ॥৪৪

হে প্রভো! এবং তত্তচ্ছস্ত্রে সংচ্ছিন্নে সতি অথ অনন্তরং সঃ অসুরঃ বলিঃ আসুরীং মায়াং সসর্জ্জ। পূর্ব্বং তু সঃ অন্তর্দ্ধানং গতঃ, ততঃ সুরানীকস্য উপরি শৈলঃ প্রাদুরভূৎ ॥৪৫

ততঃ শিলাৎ দাবাগ্নিনা দহ্যমানাঃ প্রজ্বলন্তঃ তরবঃ নিপেতুঃ। দ্বিষদ্‌বলং (দ্বিষতাং দেবানাং বলং সেনাং) চূর্ণয়ন্তঃ টঙ্কবৎ তীক্ষ্ণাগ্রৈঃ শিখরৈঃ সহিতাঃ শিলাঃ চ নিপেতুঃ ॥৪৬

ইহার পর বলি ক্রমশঃ শূল, প্রাস, তোমর ও ঋষ্টি ইহাদের মধ্যে যে যে অস্ত্রই ধারণ করিয়াছিল, দেবরাজ ইন্দ্র তাহার সকলগুলিই ছেদন করিয়াছিলেন।৪৪

হে মহারাজ! অনন্তর বলি সংগ্রামক্ষেত্রে অন্তর্হিত হইয়া আসুরী মায়া সৃষ্টি করিলে দেবসৈন্যগণের উপরিভাগে একটি পর্বত আবির্ভূত হইল।৪৫

অনন্তর দেবসৈন্যগণের উপরিভাগে দাবানলে প্রজ্বলিত বৃক্ষসমূহ পতিত হইতেছিল এবং পাষাণ-ছেদক অস্ত্রের ন্যায় তীক্ষ্ণাগ্র শিলাখণ্ডসমূহ পতিত হইয়া শত্রুসৈন্যগণকে (অর্থাৎ অসুরগণের রিপু দেবসৈন্যগণকে) চূর্ণ করিতে লাগিল।৪৬

মহোরগাঃ সমুৎপেতুর্দন্দশূকাঃ সবৃশ্চিকাঃ।
সিংহ-ব্যাঘ্র-বরাহাশ্চ মর্দ্দয়ন্তো মহাগজাঃ ॥৪৭
যাতুধান্যশ্চ শতশঃ শূলহস্তা বিবাসসঃ।
ছিন্ধি ভিন্ধীতিবাদিন্যস্তথা রক্ষোগণাঃ প্রভো ॥৪৮
ততো মহাঘনা ব্যোম্নি গম্ভীরপরুষস্বনাঃ।
অঙ্গারান্ মুমুচুর্বাতৈরাহতাঃ স্তনয়িত্নবঃ ॥৪৯

ততঃ চ মহোরগাঃ, দন্দশূকাঃ সর্পবিশেষাঃ, সবৃশ্চি[...] সিংহাঃ, ব্যাঘ্রাঃ, বরাহাশ্চ মহাগজান্ মর্দ্দয়ন্তঃ সমুৎপ[...] আজগ্মুঃ ॥৪৭

তথা হে প্রভো! শূলহস্তাঃ বিবাসসঃ নগ্নাঃ ছিন্ধি ভি[...] ইতি বাদিন্যঃ শতশঃ যাতুধান্যঃ রাক্ষস্যঃ রক্ষোগণাঃ [...] সমুৎপেতুঃ ॥৪৮

ততঃ গম্ভীরঃ পরুষস্বনাঃ (পরুষঃ শ্রবণপীড়াকরঃ [...] শব্দঃ যেষাং তে) মহান্তঃ ঘনাঃ মেঘাঃ ব্যোম্নি স্থিতাঃ [...] আহতাঃ অঙ্গারান্ মুমুচুঃ, তথা স্তনয়িত্নবঃ চ [...] মুমুচুঃ ॥৪৯

ইহার পর মহাসর্প (অজগরপ্রভৃতি) দন্দ[...] (দংশনকারী বিষধর সর্প) বৃশ্চিক, সিংহ, ব্যা[...] বরাহ ও বৃহৎ বৃহৎ হস্তিগণ আসিয়া দেবসৈন্যগ[...] বিদলিত করিতেছিল।৪৭

অনন্তর শত শত নগ্নমূর্তি রাক্ষস ও রাক্ষসী [...] হস্তে লইয়া 'ছিন্ধি ছিন্ধি ভিন্ধি ভিন্ধি' (এই [...] গণকে ছেদন কর, শূলবিদ্ধ কর)—এরূপ কোলা[...] করিতে করিতে দেবতাগণের নিকট উপ[...] হইয়াছিল।৪৮

ইহার পর আকাশমণ্ডলে গম্ভীর ও ক[...] শব্দকারী অতি গাঢ় মেঘরাশি উদিত হইয়া [...] আঘাতে অঙ্গাররাশি বর্ষণ করিতে আর[...] করিল।৪৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৃষ্টো দৈত্যেন সুমহান্ বহ্নিঃ শ্বসনসারথিঃ।
সাংবর্ত্তক ইবাত্যুগ্রো বিবুধধ্বজিনীমধাক্ ॥৫০
ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্ব্বতঃ প্রত্যদৃশ্যত।
প্রচণ্ডবাতৈরুদ্ধূততরঙ্গাবর্ত্তভীষণঃ ॥৫১
এবং দৈত্যৈর্মহামায়ৈরলক্ষ্যগতিভী রণে।
সৃজ্যমানাসু মায়াসু বিষেদুঃ সুরসৈনিকাঃ ॥৫২
ন তৎপ্রতিবিধিং যত্র বিদুরিন্দ্রাদয়ো নৃপ।
ধ্যাতঃ প্রাদুরভূৎ তত্র ভগবান্ বিশ্বভাবনঃ ॥৫৩

ততঃ সুপর্ণাংসকৃতাঙ্ঘ্রিপল্লবঃ
পিশঙ্গবাসা নবকঞ্জলোচনঃ।
অদৃশ্যতাষ্টায়ুধবাহুরুল্লস-
চ্ছ্রীকৌস্তুভানর্ঘ্যকিরীটকুণ্ডলঃ ॥৫৪
তস্মিন্ প্রবিষ্টেঽসুরকূটকর্ম্মজা
মায়া বিনেশুর্মহিনা মহীয়সঃ।
স্বপ্নো যথা হি প্রতিবোধ আগতে
হরিস্মৃতিঃ সর্ব্ববিপদ্বিমোক্ষণম্ ॥৫৫

দৈত্যেন বলিনা সৃষ্টঃ শ্বসনসারথিঃ (শ্বসনঃ পবনঃ সারথিঃ যস্য সঃ) সাংবর্ত্তকঃ প্রলয়কালীনঃ বহ্নিঃ তদ্বৎ অত্যুগ্রঃ ভয়ঙ্করঃ সুমহান্ অতিবৃদ্ধঃ বহ্নিঃ বিবুধানাং দেবানাং ধ্বজিনীং সেনাম্ অধাক্ অধাক্ষীৎ ॥৫০

ততঃ সমুদ্রঃ তথা প্রচণ্ডবাতৈঃ উদ্ধূতৈঃ তরঙ্গৈঃ আবর্ত্তৈঃ ভীষণঃ উদ্বেলঃ সর্ব্বতঃ প্রত্যদৃশ্যত ॥৫১

এবম্ অন্যৈঃ অপি মহামায়ৈঃ অলক্ষ্যগতিভিঃ দৈত্যৈঃ রণে সৃজ্যমানাসু মায়াসু সুরসৈনিকাঃ বিষেদুঃ বিষাদং প্রাপুঃ ॥৫২

হে নৃপ। যত্র যদা ইন্দ্রাদয়ঃ দেবাঃ তৎ দৈত্যনির্মিতস্য প্রতিবিধিং নিবৃত্ত্যুপায়ং ন বিদুঃ, তত্র তদা তৈঃ ধ্যাতঃ সন্ বিশ্বভাবনঃ বিশ্বপালকঃ ভগবান্ তত্র প্রাদুরভূৎ ॥৫৩

ততঃ সুপর্ণস্য গরুড়স্য অংসে স্কন্ধে কৃতৌ স্থাপিতৌ অঙ্ঘ্রিপল্লবৌ যেন সঃ, পিশঙ্গং পীতং বাসঃ যস্য সঃ, নবকঞ্জবৎ লোচনে যস্য সঃ, অষ্টৌ আয়ুধযুক্তাঃ বাহবঃ যস্য সঃ শ্রীশ্চ কৌস্তুভশ্চ অনর্ঘ্যং কিরীটং কুণ্ডলে চ উল্লসন্তি তানি যস্মিন্ সঃ ভগবান্ অদৃশ্যত ॥৫৪

তস্মিন্ ভগবতি দেবসেনাং প্রবিষ্টে সতি তস্য মহীয়সঃ মহত্তরস্য তস্য মহিনা মহিম্না এব অসুরাণাং যৎ কূটকর্ম্ম মন্ত্রাদিপ্রয়োগঃ তস্মাৎ জাতাঃ যাঃ মায়াঃ, তাঃ হি নিশ্চিতং প্রতিবোধে আগতে সতি স্বপ্নঃ যথা তথা বিনেশুঃ। হি নিশ্চিতং হরেঃ স্মৃতিঃ এব সর্ব্বাসাং বিপদাং বিমোক্ষণম্ এব ॥৫৫

অনন্তর মায়াবী দৈত্যরাজ কর্তৃক নির্মিত প্রচণ্ড অগ্নি বায়ুর সাহায্যে প্রলয়কালীন অগ্নির ন্যায় উগ্রমূর্তি ধারণ করিয়া দেবসেনাগণকে দগ্ধ করিতে লাগিল।৫০

ইহার পর দেবসৈন্যগণের চতুর্দিকে উদ্বেল সমুদ্রের আবির্ভাব হইল এবং প্রবল বায়ুরাশির আঘাতে ক্ষুব্ধ হইয়া তরঙ্গ ও আবর্ত (ঘূর্ণী)-সমূহ দ্বারা ভয়ঙ্কর হইয়াছিল।৫১

এইরূপে রণক্ষেত্রে অলক্ষ্যগতি মহামায়াবী দৈত্যগণ বিবিধ মায়া সৃষ্টি করিতে আরম্ভ করিলে দেবসৈন্যগণ বিষণ্ণ হইয়া পড়িল।৫২

হে মহারাজ। ইন্দ্রাদি দেবতাগণ যে সময়ে চিন্তা করিয়া এই সকল মায়ার কোনরূপ প্রতিকার অবগত হইতে পারিলেন না, তখন বিশ্বপালক ভগবান্ শ্রীহরির ধ্যান করায় তিনি তথায় প্রাদুর্ভূত হইলেন।৫৩

অনন্তর যাঁহার পরিধানে পীতবস্ত্র, নয়নযুগল নবপ্রস্ফুটিত কমলসদৃশ, বক্ষঃস্থলে উজ্জ্বলশ্রী কৌস্তুভমণি, মস্তকে মহামূল্য কিরীট এবং কর্ণদ্বয়ে কুণ্ডলযুগল, সেই ভগবান্ শ্রীহরি গরুড়ের স্কন্ধদেশে পাদপল্লব বিন্যস্ত করিয়া নিজ হস্তে অষ্ট প্রকার অস্ত্র ধারণ পূর্বক সকলের দৃষ্টিগোচর হইয়াছিলেন।৫৪

হে মহারাজ। জাগরণ অবস্থা উপস্থিত হইলে স্বপ্ন যেরূপ লয় হইয়া যায়, সেরূপ মহা প্রভাবশালী ভগবান্ শ্রীহরির আগমনে তাঁহার মহিমায় অসুরগণের কূটমন্ত্রাদিজনিত মায়াসমূহ বিনাশ প্রাপ্ত হইয়াছিল। যেহেতু ভগবৎস্মৃতি জগতের সর্ব বিপত্তিনাশক।৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

দৃষ্ট্বা মৃধে গরুড়বাহমিভারিবাহঃ
আবিধ্য শূলমহিনোদথ কালনেমিঃ।
তল্লীলয়া গরুড়মূর্দ্ধ্নি পতদ্ গৃহীত্বা
তেনাহনন্নৃপ সবাহমরিং ত্র্যধীশঃ ॥৫৬
মালী সুমাল্যতিবলৌ যুধি পেততুর্য-
চ্চক্রেণ কৃত্তশিরসাবথ মাল্যবাংস্তম্।

অথ ইভারিবাহঃ (ইভারিঃ সিংহঃ বাহঃ যস্য সঃ) কালনেমিঃ মৃধে যুদ্ধে গরুড়বাহং ভগবন্তং দৃষ্ট্বা তং হন্তুং শূলম্ আবিধ্য ভ্রাময়িত্বা অহিনোৎ চিক্ষেপ। ত্র্যধীশঃ ত্রয়াণাং লোকানাং গুণানাং সত্ত্বরজস্তমসাং বা অধীশঃ নিয়ন্তা ভগবান্ গরুড়স্য মূর্দ্ধ্নি পতৎ তৎ শূলং লীলয়া অনায়াসেন গৃহীত্বা তেন এব শূলেন সবাহম্ অরিং কালনেমিম্ অহনৎ ॥৫৬

হে মহারাজ! সিংহবাহন কালনেমি রণক্ষেত্রে গরুড়বাহন শ্রীহরিকে দর্শন করিয়া একটি শূল ঘূর্ণিত করিয়া তাঁহার দিকে নিক্ষেপ করিল এবং ঐ শূলটি গরুড়ের মস্তকে পতনোন্মুখ হইলে ত্রিলোকপতি শ্রীহরি লীলার সহিতই তাহা ধারণ করিয়া তদ্দ্বারাই বাহন সহিত শত্রুকে নিহত করিয়াছিলেন।৫৬

আহত্য তিগ্মগদয়াহনদণ্ডজেন্দ্রং
তাবচ্ছিরোঽচ্ছিনদরের্নদতোঽরিণাদ্যঃ ॥৫৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে দশমোঽধ্যায়ঃ।

অথ যস্য ভগবতঃ চক্রেণ কৃত্তশিরসৌ অতিবলৌ মালী... যুদ্ধে পেততুঃ। অথ অনন্তরং মাল্যবান্ আহত্য সম্প্র... অণ্ডজেন্দ্রং গরুড়ম্ অহনৎ হন্তুং গদাম্ উদ্ধৃতবান্, তাবৎ প্রাক্... পূর্ব্বমেব আদ্যঃ হরিঃ নদতঃ অরেঃ শিরঃ অরিণা চক্... অচ্ছিনৎ ॥৫৭

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে দশমোঽ...

অনন্তর মহাবলশালী মালী ও সুমালী শ্রী... চক্রাঘাতে ছিন্নমুণ্ড হইয়া যুদ্ধক্ষেত্রে পতিত হই... মাল্যবান্ প্রচণ্ড গদাদ্বারা তাঁহাকে আঘাত করি... গরুড়কে আঘাত করামাত্রই আদিপুরুষ শ্রী... চক্রদ্বারা সেই গর্জনকারী শত্রুর মুণ্ডচ্ছে... করিয়াছিলেন।৫৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একাদশঃ অধ্যায়ঃ

[দৈত্যরাজস্য বলেঃ পরাজয়ঃ, দৈত্যানাং বিনাশঃ, নারদবাক্যেন যুদ্ধসমাপ্তিঃ, দৈত্যগুরুণা শুক্রাচার্য্যেণ বলেঃ সঞ্জীবনঞ্চ ।]

শ্রীশুক উবাচ।

অথো সুরাঃ প্রত্যুপলব্ধচেতসঃ
পরস্য পুংসঃ পরয়ানুকম্পয়া।
জঘ্নুর্ভৃশং শক্র-সমীরণাদয়-
স্তাংস্তান্ রণে যৈরভিসংহতাঃ পুরা ॥১
বৈরোচনায় সংরব্ধো ভগবান্ পাকশাসনঃ।
উদযচ্ছদ্ যদা বজ্রং প্রজা হাহেতি চুক্রুশুঃ ॥২
বজ্রপাণিস্তমাহেদং তিরস্কৃত্য পুরঃস্থিতম্।
মনস্বিনং সুসম্পন্নং বিচরন্তং মহামৃধে ॥৩
নটবন্মূঢ় মায়াভির্মায়েশান্ নো জিগীষসি।
জিত্বা বালান্ নিবদ্ধাক্ষান্ নটো হরতি তদ্ধনম্ ॥৪
আরুরুক্ষন্তি মায়াভিরুৎসিসৃপ্সন্তি যে দিবম্।
তান্ দস্যূন্ বিধুনোম্যজ্ঞান্ পূর্ব্বস্মাচ্চ পদাদধঃ ॥৫
সোঽহং দুর্মায়িনস্তেঽদ্য বজ্রেণ শতপর্ব্বণা।
শিরো হরিষ্যে মন্দাত্মন্ ঘটস্ব জ্ঞাতিভিঃ সহ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। অথ অনন্তরং পরস্য পুংসঃ ভগবতঃ পরয়া অনুকম্পয়া কৃপয়া প্রত্যুপলব্ধচেতসঃ শক্রাদয়ঃ সুরাঃ পুরা যৈঃ দৈত্যৈঃ সহ অভিসংহতাঃ যোদ্ধুং প্রবৃত্তাঃ তান্ তান্ রণে ভৃশং জঘ্নুঃ ॥১

ভগবান্ (ভগবৎকৃপয়া ঐশ্বর্য্যাদিমান্) পাকশাসনঃ ইন্দ্রঃ সংরব্ধঃ ক্রুদ্ধঃ সন্ বৈরোচনায় বলয়ে (তং হন্তুং) যদা বজ্রম্ উদযচ্ছৎ উন্নিন্যে, তদা তস্য প্রজাঃ দৈত্যাঃ হাহেতি চুক্রুশুঃ ॥২

মনস্বিনং ধৈর্য্যবন্তং, সুসম্পন্নম্ অস্ত্রশস্ত্রাদিযুক্তং, মহামৃধে চরন্তং, স্বপুরঃস্থিতং তং বলিং বজ্রপাণিঃ ইন্দ্রঃ তিরস্কৃত্য ইদং বক্ষ্যমাণম্ আহ ॥৩

হে মূঢ়! নটঃ কপটবৃত্তিঃ যথা নিরুদ্ধাক্ষান্ বালান্ জিত্বা তদ্ধনং হরতি, তথা নটবৎ ত্বং মায়াভিঃ মায়েশান্ নঃ অস্মান্ জেতুম্ ইচ্ছসি ॥৪

যে মায়াভিঃ দিবং স্বর্গম্ আরুরুক্ষন্তি আরোঢ়ুমিচ্ছন্তি, যে চ তম্ উৎসিসৃপ্সন্তি তম্ উল্লঙ্ঘ্য তদুপরি মোক্ষমপি ইচ্ছন্তি, তান্ অজ্ঞান্ দস্যূন্ অহং পূর্ব্বস্মাৎ পদাৎ অধঃ বিধুনোমি পাতয়ামি ॥৫

সঃ এবংপ্রভাবঃ অহং শতপর্ব্বণা বজ্রেণ দুর্মায়িনঃ তে তব

একাদশ অধ্যায়

[দৈত্যরাজ বলির পরাজয়, দৈত্যদিগের বিনাশ, নারদের বাক্যে যুদ্ধ সমাপ্তি ও দৈত্যগুরু শুক্রাচার্য্যকর্ত্তৃক বলির সঞ্জীবন]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর ইন্দ্র বায়ু প্রভৃতি দেবতাগণ পরমপুরুষ শ্রীহরির কৃপায় চৈতন্য লাভ, করিয়া পূর্বে যাহারা যুদ্ধে আঘাত করিয়াছিল, সেই শত্রুগণকে প্রচণ্ড আঘাত করিতে লাগিলেন।১

তৎকালে ইন্দ্র যে সময়ে ক্রুদ্ধ হইয়া বলির প্রতি বজ্র উত্তোলন করিলেন, তখন সকল লোক হাহাকার করিতেছিল।২

মনস্বী বলি অস্ত্র শস্ত্রাদিতে সুসজ্জিত হইয়া রণক্ষেত্রে বিচরণ করিলে ইন্দ্র সম্মুখস্থিত সেই শত্রুকে তিরস্কার পূর্বক এরূপ বলিতে লাগিলেন।৩

হে মূঢ়! কপটবৃত্তি লোক যেরূপ বালকগণের চক্ষুঃ আবদ্ধ ও তাহাদিগকে জয় করিয়া তাহাদের ধন হরণ করে, তুমিও সেরূপ মায়াসমূহ দ্বারা মায়ার অধীশ্বর আমাদিগকে জয় করিতে ইচ্ছা করিতেছ।৪

যাহারা মায়াদ্বারা স্বর্গলোকে আরোহণ করিতে ইচ্ছা করে, কিংবা স্বর্গ অতিক্রম করিয়া মুক্তিপদ লাভে ইচ্ছুক হয়, আমি সেই মূঢ় দস্যুগণকে পূর্বপদ অপেক্ষাও নিম্ন স্থানে নিক্ষেপ করি।৫

হে মূঢ়চিত্ত! আমি সম্প্রতি শতগ্রন্থিবিশিষ্ট এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিরুবাচ।

সংগ্রামে বর্ত্তমানানাং কালচোদিতকর্ম্মণাম্।
কীর্ত্তির্জয়োঽজয়ো মৃত্যুঃ সর্ব্বেষাং স্যুরনুক্রমাৎ ॥৭

তদিদং কালরশনং জগৎ পশ্যন্তি সূরয়ঃ।
ন হৃষ্যন্তি ন শোচন্তি তত্র যূয়মপণ্ডিতাঃ ॥৮

ন বয়ং মন্যমানানামাত্মানং তত্র সাধনম্।
গিরো বঃ সাধু-শোচ্যানাং গৃহ্ণীমো মর্ম্মতাড়নাঃ ॥৯

শ্রীশুক উবাচ।

ইত্যাক্ষিপ্য বিভুং বীরো নারাচৈর্বীরমর্দ্দনঃ।
আকর্ণপূর্ণৈরহনদাক্ষেপৈরাহতং পুনঃ ॥১০

এবং নিরাকৃতো দেবো বৈরিণা তথ্যবাদিনা।
নামৃষ্যৎ তদধিক্ষেপং তোত্রাহত ইব দ্বিপঃ ॥১১

প্রাহরৎ কুলিশং তস্মা অমোঘং পরমর্দ্দনঃ।
সযানো ন্যপতদ্ভূমৌ ছিন্নপক্ষ ইবাচলঃ ॥১২

শিরঃ অহ্নেব হরিষ্যে। হে মন্দাত্মন্! মন্দবুদ্ধে! ত্বং জ্ঞাতিভিঃ সহ ঘটস্ব পরাক্রমং কুরু! ॥৬

বলিঃ উবাচ। সংগ্রামে বর্ত্তমানানাং সর্ব্বেষাং কাল-চোদিতকর্ম্মণাং কীর্ত্তিঃ, জয়ঃ, তথা অজয়ঃ, মৃত্যুঃ চ অনুক্রমাৎ এব স্যুঃ ভবেয়ুঃ ॥৭

তৎ ইদং কীর্ত্ত্যাদিকং সর্ব্বং জগৎ কালরসনং কালপাশাধীনম্ ইতি সূরয়ঃ বিবেকিনঃ জনাঃ পশ্যন্তি; যতঃ তে তান্ প্রাপ্য ন শোচন্তি। তত্র এবং বিবেকে যূয়ম্ অপণ্ডিতাঃ অনিপুণাঃ ॥৮

তত্র কীর্ত্তিজয়াদৌ আত্মানং দেহাদিসঙ্ঘাতং সাধনং মন্যমানানাম্ অতএব অজ্ঞতয়া সাধুভিঃ শোচ্যমানানাং বঃ যুষ্মাকং মর্ম্মসু হৃদয়াদিষু তাড়নং যাভিঃ তথাভূতাঃ অপি গিরঃ বয়ং ন গৃহ্ণীমঃ যথার্থতয়া ন অঙ্গীকুর্ম্মঃ ॥৯

বীরান্ মর্দ্দয়তীতি বীরঃ বলিঃ বিভুং মহান্তম্ অপি ইন্দ্রম্ ইতি এবং বচোভিঃ আক্ষিপ্য তিরস্কৃত্য আক্ষেপৈঃ পরুষবাক্যৈঃ আহতং তম্ আকর্ণপূর্ণং কর্ণপর্য্যন্তম্ আকৃষ্টৈঃ নারাচৈঃ বাণৈঃ পুনঃ অহনৎ ॥১০

তথ্যবাদিনা যথার্থবক্ত্রা অরিণা বলিনা এবং নিরাকৃতঃ দেবঃ ইন্দ্রঃ তোত্রাহতঃ (তোত্রম্ অঙ্কুশঃ তেন আহতঃ) দ্বিপঃ হস্তী ইব তস্য অধিক্ষেপং তিরস্কারবাক্যং ন অমৃষ্যৎ ন অসহত ॥১১

পরমর্দ্দনঃ (পরান্ শত্রূন্ মর্দ্দয়তীতি) ইন্দ্রঃ তস্মৈ বলয়ে অমোঘম্ অব্যর্থং কুলিশং বজ্রং প্রাহরৎ চিক্ষেপ। তেন হতঃ বলিঃ ছিন্নপক্ষঃ অচলঃ ইব সযানঃ বাহনসহিতঃ ভূমৌ ন্যপতৎ ॥১২

বজ্রদ্বারা তোমার শিরশ্ছেদ করিতেছি, তুমি জ্ঞাতিগণের সহিত ইহার প্রতিকারের চেষ্টা কর।৬

শ্রীবলি বলিলেন—হে দেবরাজ! কালই যাহাদের কর্মের প্রেরণা দান করে, যুদ্ধরত সেই লোকসমূহের সকলেরই ক্রমানুসারে বিজয় ও কীর্তি এবং পরাজয় ও মৃত্যু ঘটিয়া থাকে।৭

পণ্ডিতগণ এই জগৎকে কালনিয়ন্ত্রিত বলিয়াই মনে করেন, অতএব তাঁহারা হর্ষ বা শোক করেন না, পরন্তু তোমরা এবিষয়ে অজ্ঞ।৮

এই জয় পরাজয় বিষয়ে তোমরা নিজকেই কারণ মনে করিতেছ বলিয়া তোমরা বস্তুতই শোকের পাত্র, অতএব আমরা তোমাদের মর্মপীড়াজনক বাক্য গ্রাহ্য করি না।৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বীরমর্দনকারী মহাবীর বলি দেবরাজ ইন্দ্রকে এরূপ তিরস্কার করিয়া কর্ণপর্যন্ত আকৃষ্ট নারাচ সমূহদ্বারা—তিরস্কারাহত শক্রকে পুনরায় আঘাত করিলেন।১০

যথার্থবাদী শত্রু বলি দেবরাজ ইন্দ্রকে এরূপ উৎপীড়ন করিলে, তিনি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় সেই অবজ্ঞা সহ্য করিতে পারিলেন না।১১

অনন্তর শত্রুমর্দনকারী ইন্দ্র বলির প্রতি অব্যর্থ বজ্র নিক্ষেপ করিলে উহার আঘাতে দৈত্যরাজ ছিন্নপক্ষ পর্বতের ন্যায় নিজ বিমানসহ ভূপতিত হইলেন।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সখায়ং পতিতং দৃষ্ট্বা জম্ভো বলিসখঃ সুহৃৎ।
অভ্যয়াৎ সৌহৃদং সখ্যুর্হতস্যাপি সমাচরন্ ॥১৩
স সিংহবাহ আসাদ্য গদামুদ্যম্য রংহসা।
জত্রাবতাড়য়চ্ছক্রং গজঞ্চ সুমহাবলঃ ॥১৪
গদাপ্রহারব্যথিতো ভৃশং বিহ্বলিতো গজঃ।
জানুভ্যাং ধরণীং স্পৃষ্ট্বা কশ্মলং পরমং যযৌ ॥১৫
ততো রথো মাতলিনা হরিভির্দশশতৈর্বৃতঃ।
আনিতো দ্বিপমুৎসৃজ্য রথমারুরুহে বিভুঃ ॥১৬

সখায়ং বলিং পতিতং দৃষ্ট্বা বলিসখঃ সুহৃদ্ জম্ভঃ হতস্য অপি তস্য সখ্যুঃ সৌহৃদং হিতং সমাচরন্ অভ্যয়াৎ যোদ্ধুম্ ইন্দ্র-সম্মুখম্ আগচ্ছৎ ॥১৩

সঃ সিংহবাহনঃ সিংহারূঢ়ঃ জম্ভঃ আসাদ্য ইন্দ্রাভিমুখম্ আগত্য গদাম্ উদ্যম্য রংহসা বেগেন জত্রৌ স্কন্ধোপরি অস্থিপ্রদেশে শক্রং তথা তস্য গজম্ ঐরাবতং চ অতাড়য়ৎ ॥১৪

তস্য গদাপ্রহারেণ ব্যথিতঃ পীড়িতঃ, অতঃ ভৃশম্ অত্যন্তং বিহ্বলিতঃ ব্যাকুলঃ গজঃ জানুভ্যাং ধরণীং স্পৃষ্ট্বা পরমং কশ্মলং যযৌ পরাং মূর্চ্ছাং প্রাপ ॥১৫

ততঃ অনন্তরং দশশতৈঃ সহস্রৈঃ হরিভিঃ অশ্বৈঃ বৃতঃ যুক্তঃ রথঃ মাতলিনা সূতেন আনীতঃ তথা দ্বীপম্ ঐরাবতম্ উৎসৃজ্য ত্যক্ত্বা বিভুঃ ইন্দ্রঃ তং রথম্ আরুরুহে ॥১৬

তখন বলির সখা ও সুহৃদ্ জম্ভাসুর নিজ সখার পতন লক্ষ্য করিয়া মৃত সখার সৌহার্দ রক্ষার্থ ইন্দ্রের দিকে অগ্রসর হইয়াছিল।১৩

অনন্তর সিংহবাহন মহাবল জম্ভাসুর নিকটে আসিয়া মহাবেগে গদা উত্তোলন পূর্ব্বক ইন্দ্র ও ঐরাবতের চক্রে (স্কন্ধ ও বক্ষের সন্ধি) স্থলে আঘাত করিয়াছিল।১৪

ঐরাবত ঐ গদার প্রহারে পীড়িত ও বিহ্বল হইয়া জানুযুগল দ্বারা ভূমি স্পর্শ করিয়া প্রবল মূর্চ্ছাগ্রস্ত হইয়াছিল।১৫

অনন্তর মাতলি সহস্র অশ্বযুক্ত রথ লইয়া আসিলে ইন্দ্র ঐরাবতকে ত্যাগ করিয়া রথে আরোহণ করিয়াছিলেন।১৬

তস্য তৎ পূজয়ন্ কর্ম্ম যন্তুর্দানবসত্তমঃ।
শূলেন জ্বলতা তং তু স্ময়মানোঽহনন্মৃধে ॥১৭
সেহে রুজং সুদুর্ম্মর্ষাং সত্ত্বমালম্ব্য মাতলিঃ।
ইন্দ্রো জম্ভস্য সংক্রুদ্ধো বজ্রেণাপাহরচ্ছিরঃ ॥১৮
জম্ভং শ্রুত্বা হতং তস্য জ্ঞাতয়ো নারদাদৃষেঃ।
নমুচিশ্চ বলঃ পাকস্তত্রাপেতুস্ত্বরান্বিতাঃ ॥১৯
বচোভিঃ পরুষৈরিন্দ্রমর্দ্দয়ন্তোঽস্য মর্ম্মসু।
শরৈরবাকিরন্ মেঘা ধারাভিরিব পর্ব্বতম্ ॥২০

মৃধে যুদ্ধভূমৌ ভয়ঙ্করস্থানে যন্তুঃ সূতস্য তৎ রথানয়নরূপং কর্ম্ম পূজয়ন্ সৎকুর্ব্বন্ স্ময়মানঃ এব দানবসত্তমঃ জম্ভঃ জ্বলতা শূলেন তং সূতং তু অহনৎ ॥১৭

মাতলিঃ তু সত্ত্বং ধৈর্য্যম্ আলম্ব্য শূলাঘাতজনিতাং সুদুর্ম্মর্ষাং দুঃসহাম্ অপি রুজং পীড়াং সেহে ; ইন্দ্রঃ চ সংক্রুদ্ধঃ সন্ বজ্রেণ জম্ভস্য শিরঃ অপাহরৎ ॥১৮

ঋষেঃ নারদাৎ জম্ভং হতং শ্রুত্বা নমুচিঃ সবলঃ পাকঃ ইতি তস্য জ্ঞাতয়ঃ ত্বরান্বিতাঃ তত্র যুদ্ধভূমৌ পেতুঃ আজগ্মুঃ ॥১৯

পরুষৈঃ বচোভিঃ রুক্ষবাক্যৈঃ অস্য ইন্দ্রস্য মর্ম্মসু অর্দ্দয়ন্তঃ পীড়য়ন্তঃ পর্ব্বতঃ ধারাভিঃ মেঘাঃ ইব তে শরৈঃ ইন্দ্রম্ অবাকিরন্ আচ্ছাদিতবন্তঃ ॥২০

দানবশ্রেষ্ঠ জম্ভ মাতলির তাদৃশ কর্ম্মের প্রশংসা করিয়া রণাঙ্গনে এক প্রজ্বলিত শূল দ্বারা হাস্য সহকারে মাতলিকে প্রহার করিয়াছিল।১৭

মাতলি সত্ত্বগুণ অর্থাৎ ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক সেই দুঃসহ পীড়া সহ্য করিলে ইন্দ্র ক্রুদ্ধ হইয়া বজ্রদ্বারা জম্ভাসুরের শিরশ্ছেদ করিয়াছিলেন।১৮

তৎকালে জম্ভাসুরের জাতি নমুচি, বল ও পাকনামক অসুরত্রয় দেবর্ষি শ্রীনারদের মুখ হইতে জম্ভাসুরের নিধন সংবাদ শ্রবণ করিয়া সত্বর তথায় উপস্থিত হইল।১৯

তৎকালে তাহারা কর্কশ বাক্য প্রয়োগ দ্বারা প্রথমতঃ ইন্দ্রের মর্ম্মস্থান পীড়িত করিয়া, অনন্তর মেঘমালা যেরূপ বারিধারা দ্বারা পর্ব্বতের চতুর্দিক্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরীন্ দশশতান্যাজৌ হর্য্যশ্বস্য বলঃ শরৈঃ।
তাবদ্ভিরর্দ্দয়ামাস যুগপল্লঘুহস্তবান্ ॥২১

শতাভ্যাং মাতলিং পাকো রথং সাবয়বং পৃথক্।
সকৃৎসন্ধানমোক্ষেণ তদদ্ভুতমভূদ্ রণে ॥২২

নমুচিঃ পঞ্চদশভিঃ স্বর্ণপুঙ্খৈর্মহেষুভিঃ।
আহত্য ব্যনদৎ সংখ্যে সতোয় ইব তোয়দঃ ॥২৩

সর্ব্বতঃ শরকূটেন শক্রং সরথসারথিম্।
ছাদয়ামাসুরসুরাঃ প্রাবৃট্সূর্য্যমিবাম্বুদাঃ ॥২৪

অলক্ষয়ন্তস্তমতীব বিহ্বলা
বিচুক্রুশুর্দেবগণাঃ সহানুগাঃ।
অনায়কাঃ শত্রুবলে বিসর্জিতা
বণিক্পথা ভিন্ননবো যথার্ণবে ॥২৫

ততস্তুরাষাড়িষুবদ্ধপঞ্জরাদ্
বিনির্গতঃ সাশ্বরথধ্বজাগ্রণীঃ।
বভৌ দিশঃ খং পৃথিবীং চ রোচয়ন্
স্বতেজসা সূর্য্য ইব ক্ষপাত্যয়ে ॥২৬

হর্য্যশ্বস্য ইন্দ্রস্য দশ-শতানি একসহস্রং হরীন্ অশ্বান্ আজৌ যুদ্ধে লঘুহস্তবান্ শীঘ্রবিক্রমঃ বলঃ অসুরঃ তাবদ্ভিঃ দশভিঃ শতৈঃ যুগপৎ একদৈব অর্দ্দয়ামাস পীড়য়ামাস ॥২১

সকৃৎ একদৈব সন্ধানং ধনুষি সংযোজনং ততঃ মোক্ষণং তন্মাত্রেণ শরাণাং শতাভ্যাং পাকঃ অসুরঃ শতেন মাতলিং শতেন সাবয়বং রথং পৃথক্ পৃথক্ অর্দ্দয়ামাস, তৎ এবম্ অর্দ্দনং রণে অদ্ভুতম্ আশ্চর্য্যম্ অভূৎ ॥২২

স্বর্ণপুঙ্খৈঃ (স্বর্ণময়াঃ পুঙ্খাঃ পূর্ব্বভাগাঃ যেষাং তৈঃ) পঞ্চদশভিঃ মহেষুভিঃ মহাবাণৈঃ সংখ্যে সংগ্রামে ইন্দ্রম্ আহত্য নমুচিঃ সতোয়ঃ জলগম্ভীরঃ তোয়দঃ মেঘঃ ইব বিশেষেণ অনদৎ নাদম্ অকরোৎ ॥২৩

প্রাবৃট্ সূর্য্যং প্রাবৃট্কালে বর্ত্তমানং সূর্য্যম্ ইব যথা অম্বুদাঃ মেঘাঃ ছাদয়ন্তি, তথা অন্যে অসুরাঃ সরথ-সারথিং শক্রং শরকূটেন সর্ব্বতঃ ছাদয়ামাসুঃ ॥২৪

বণিক্পথাঃ বণিজঃ ভিন্ননবঃ (ভিন্না নৌঃ যেষাং তথাভূতাঃ) সন্তঃ যথা অর্ণবে ব্যাকুলাঃ বিক্রোশন্তি, তথা তম্ ইন্দ্রম্ অলক্ষয়ন্তঃ অপশ্যন্তঃ সহানুগাঃ দেবগণাঃ অনায়কাঃ শত্রুবলেন নির্জ্জিতাঃ পরাজিতাঃ সন্তঃ বিচুক্রুশুঃ ॥২৫

তৎকালে বৃহতীর গর্ভে দেবহোত্রের পুত্ররূপে আবির্ভূত ভগবান্ শ্রীহরির অংশ যোগেশ্বর উপহর্ত্তা দিবস্পতির ইন্দ্রত্ব সম্পাদন করিবেন অর্থাৎ ইন্দ্রত্বলাভে তাঁহার সহায় হইবেন।৩২

চতুর্দশ মনুর নাম ইন্দ্রসাবর্ণি। উরু-গম্ভীর-বুদ্ধি-প্রভৃতি তাঁহার পুত্র।৩৩

উক্ত মন্বন্তরে পবিত্র ও চাক্ষুষপ্রভৃতি দেবতা, শুচিনামক ইন্দ্র এবং অগ্নি, বাহু, শুচি, শুদ্ধ ও মাগধপ্রভৃতি সপ্তর্ষি হইবেন।৩৪

হে মহারাজ! তৎকালে বিতানার গর্ভে সত্রায়ণের পুত্র বৃহদ্ভানু নামে আবির্ভূত হইয়া ভগবান্ শ্রীহরি লোককল্যাণকর ক্রিয়াসমূহের বিস্তার করিবেন।৩৫

হে মহারাজ! ভূত, ভবিষ্যৎ ও বর্তমান—এই কালত্রয়ব্যাপী চতুর্দশ মন্বন্তরের কথা তোমার নিকট বর্ণন করিলাম। এই চতুর্দশ মন্বন্তরপরিমিত কল্পকালের পরিমাণ এক সহস্র যুগ।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ

[মন্বাদীনাং পৃথক্-পৃথক্কর্ম্মনিরূপণম্]

রাজোবাচ।

মন্বন্তরেষু ভগবন্ যথা মন্বাদয়স্ত্বিমে।
যস্মিন্ কর্ম্মণি যে যেন নিযুক্তাস্তদ্ বদস্ব মে ॥১

ঋষিরুবাচ।

মনবো মনুপুত্রাশ্চ মুনয়শ্চ মহীপতে।
ইন্দ্রাঃ সুরগণাশ্চৈব সর্ব্বে পুরুষশাসনাঃ ॥২

যজ্ঞাদয়ো যাঃ কথিতাঃ পৌরুষ্যস্তনবো নৃপ।
মন্বাদয়ো জগদ্‌যাত্রাং নয়ন্ত্যাভিঃ প্রচোদিতাঃ ॥৩

চতুর্যুগান্তে কালেন গ্রস্তান্ শ্রুতিগণান্ যথা।
তপসা ঋষয়োঽপশ্যন্ যতো ধর্ম্মঃ সনাতনঃ ॥৪

ততো ধর্ম্মং চতুষ্পাদং মনবো হরিণোদিতাঃ।
যুক্তাঃ সঞ্চারয়ন্ত্যদ্ধা স্বে স্বে কালে মহীং নৃপ ॥৫

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! ইমে মন্বাদয়ঃ-স্ব-স্ব মন্বন্তরেষু যস্মিন্ কর্ম্মণি যে যথা যেন নিযুক্তাঃ, তৎ মে বদস্ব ॥১

শ্রীশুকঃ উবাচ। হে মহীপতে! মনবঃ, মনুপুত্রাঃ, মুনয়ঃ, ইন্দ্রাঃ, সুরগণাঃ চ সর্ব্বে পুরুষশাসনাঃ (পুরুষেণ ভগবতা যজ্ঞাদ্যবতারৈঃ শিষ্যন্তে তত্তৎ কর্ম্মসু নিযুজ্যন্তে ইতি তথাভূতাঃ) এব ॥২

হে নৃপ! যাঃ যজ্ঞাদয়ঃ পৌরুষ্যঃ পুরুষস্য ভগবতঃ তনবঃ অবতারমূর্ত্তয়ঃ ময়া কথিতাঃ, আভিঃ মূর্ত্তিভিঃ প্রচোদিতাঃ প্রেরিতাঃ সন্তঃ মন্বাদয়ঃ জগতঃ যাত্রাং নয়ন্তি নির্ব্বাহং কুর্ব্বন্তি (জগতঃ সৃষ্ট্যাদি-স্থিত্যর্থং তত্তৎ কর্ম্মাণি কুর্ব্বন্তি) ॥৩

কালেন গ্রস্তান্ বিলোপিতান্ শ্রুতিগণান্ চতুর্যুগস্য অন্তে কৃতযুগ-প্রবৃত্তসময়ে তপসা স্বতপোবলেন ঋষয়ঃ যথা যথাবৎ অপশ্যন্ দৃষ্ট্বা ধর্ম্মপ্রচারার্থং লোকে বর্ণয়ন্তি, যতঃ বর্ণিতেভ্যঃ যেভ্যঃ শ্রুতিগণেভ্যঃ পুনঃ সনাতনঃ ধর্ম্মঃ প্রবর্ত্ততে ॥৪

হে নৃপ! ততঃ ঋষ্যুপদেশানন্তরং হরিণা অন্তর্য্যামিণা উদিতাঃ প্রেরিতাঃ, যুক্তাঃ সংযতান্তঃকরণাঃ মনবঃ স্বে স্বে কালে চতুষ্পাদং ধর্ম্মং মহীং মহাম্ অদ্ধা সাক্ষাৎ এব সঞ্চারয়ন্তি প্রবর্ত্তয়ন্তি ॥৫

চতুর্দ্দশ অধ্যায়

[মন্বাদির পৃথক্ পৃথক্ কর্ম্মনিরূপণ।]

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্! মন্বন্তরসমূহে মনুপ্রভৃতি যাঁহারা যৎকর্ত্তৃক যেভাবে যে কর্ম্মে নিয়োজিত হন, তাহা আমাকে বলুন।১

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মনুগণ, মনুপুত্রগণ, মুনিগণ, ইন্দ্রগণ ও দেবতাগণ সকলেই যজ্ঞাদি অবতাররূপী পরমপুরুষ বিষ্ণুকর্ত্তৃক নিজ নিজ কার্য্যে নিয়োজিত হন।২

হে মহারাজ! আমি পূর্ব্বে তোমার নিকট মহাপুরুষ বিষ্ণুর যজ্ঞাদি যে সকল মূর্তির কথা বলিয়াছি, তাহাদিগকর্ত্তৃক পরিচালিত হইয়াই মনু প্রভৃতি সকলে জগতের কার্য্য নির্বাহ করেন।৩

চতুর্যুগের অবসান ঘটিলে বেদসমূহ কালকর্ত্তৃক গ্রস্ত হয় এবং পুনরায় সৃষ্টির প্রারম্ভে ঋষিগণ তপোবলে ঐ সকল বেদকে যথাযথভাবে উপলব্ধি করেন। এই বেদরাশি হইতেই লোকমধ্যে সনাতন ধর্ম প্রবর্তিত হয়।৪

হে মহারাজ! অনন্তর মনুগণ নিজ নিজ অধিকারকালে শ্রীহরির আদেশে সংযতচিত্তে পৃথিবীতে ধর্ম প্রবর্তন করেন।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পালয়ন্তি প্রজাপালা যাবদন্তং বিভাগশঃ।
যজ্ঞভাগভুজো দেবা যে চ তত্রান্বিতাশ্চ তৈঃ ॥৬
ইন্দ্রো ভগবতা দত্তাং ত্রৈলোক্যশ্রিয়মূর্জ্জিতাম্।
ভুঞ্জানঃ পাতি লোকাংস্ত্রীন্ কামং লোকে প্রবর্ষতি ॥৭
জ্ঞানঞ্চানুযুগং ব্রূতে হরিঃ সিদ্ধস্বরূপধৃক্।
ঋষিরূপধরঃ কর্ম্ম যোগং যোগেশরূপধৃক্ ॥৮
সর্গং প্রজেশরূপেণ দস্যূন্ হন্যাৎ স্বরাড়্বপুঃ।
কালরূপেণ সর্ব্বেষামভাবায় পৃথগ্গুণঃ ॥৯

বিভাগশঃ পুত্রপৌত্রাদিক্রমেণ প্রজাপালাঃ মনুপুত্রাঃ, যে চ অন্যে দ্যাবা-পৃথিব্যাদয়ঃ যত্র কর্ম্মণি ভোক্তৃত্বেন অন্বিতাঃ, তৈঃ চ সহ যত্র মন্বন্তরে যে যজ্ঞভাগভুজঃ দেবাঃ অনুকীর্ত্তিতাঃ, তে প্রজাঃ ধর্ম্মং চ যাবদন্তং মন্বন্তরাবসান-পর্য্যন্তং পালয়ন্তি ॥৬

ভগবতা দত্তাম্ ঊর্জ্জিতাং মহতীং ত্রৈলোক্যশ্রিয়ং ভুঞ্জানঃ এব ইন্দ্রঃ ত্রীন্ লোকান্ পাতি, তথা লোকে কামং বর্ষতি ॥৭

সিদ্ধস্বরূপধৃক্ (সিদ্ধাঃ সনকাদয়ঃ তৎস্বরূপধৃক্) হরিঃ এব অনুযুগং তত্তদবসরে জ্ঞানং ব্রূতে ; ঋষিরূপধরঃ হরিঃ কর্ম্ম ব্রূতে, যোগেশরূপধৃক্ হরিঃ যোগং ব্রূতে ॥৮

প্রজেশরূপেণ সর্গং করোতি ; স্বরাড়্বপুঃ রাজমূর্ত্তিঃ সন্ দস্যূন্ হন্যাৎ, তথা পৃথগ্গুণঃ সঃ হরিঃ এব কালরূপেণ সর্ব্বেষাম্ অভাবায় নাশায় ভবতি ॥৯

এইরূপ প্রজাপালক মনুপুত্রগণও, যজ্ঞভাগভোগী দেবতাগণ এবং স্বর্গ ও পৃথিবীতলে যজ্ঞকর্মের ফলভোগী মনুষ্যাদির সহিত মিলিতভাবে মন্বন্তরের অবসানকালপর্য্যন্ত পুত্র-পৌত্রাদিক্রমে এই ধর্ম প্রতিপালন করেন।৬

এ সময়ে দেবরাজ ইন্দ্র ভগবানের প্রদত্ত ত্রিলোকের মহাসম্পদ্ ভোগ করিয়া ত্রিলোকের পরিপালন এবং লোকমধ্যে ইচ্ছানুরূপ বারিবর্ষণ করেন।৭

তৎকালে দেবদেব শ্রীহরি সনকাদি সিদ্ধপুরুষরূপে লোকমধ্যে জ্ঞান, যাজ্ঞবল্ক্যাদি ঋষিরূপে কর্ম এবং দত্তাত্রেয়প্রভৃতি যোগেশ্বররূপে যোগের উপদেশ করেন।৮

স্তূয়মানো জনৈরেভির্মায়য়া নামরূপয়া।
বিমোহিতাত্মভির্নানাদর্শনৈর্ন চ দৃশ্যতে ॥১০
এতৎ কল্পবিকল্পস্য প্রমাণং পরিকীর্ত্তিতম্।
যত্র মন্বন্তরাণ্যাহুশ্চতুর্দ্দশ পুরাবিদঃ ॥১১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪

নামরূপয়া মায়য়া বিমোহিতাত্মভিঃ ভ্রমিতান্তঃকরণৈঃ জনৈঃ নানাদর্শনৈঃ শাস্ত্রৈঃ স্তূয়মানঃ নিরূপ্যমাণঃ অপি ভগবান্ ন দৃশ্যতে ॥১০

এতৎ কল্পবিকল্পস্য (কল্পে চতুর্ম্মুখায়ুঃপর্যন্তে মধ্যে যে বিকল্পঃ অবান্তর-কল্পঃ তদেকদিবসাত্মকস্য) তস্য প্রমাণং ময়া পরিকীর্ত্তিতম্, যত্র যস্মিন্ অবান্তর-কল্পে চতুর্দ্দশমন্বন্তরাণি ভবন্তি ইতি পুরাবিদঃ বৃদ্ধাঃ আহুঃ ॥১১

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

এইরূপ তিনি মরীচিপ্রভৃতি প্রজাপতিরূপে প্রজাসৃষ্টি, নরপতিরূপে দস্যুগণের সংহার এবং শীতোষ্ণাদি বিবিধ গুণযুক্ত কালরূপে সৃষ্টির লয় করিয়া থাকেন।৯

হে মহারাজ! যদিও বিভিন্ন দর্শন শাস্ত্র এই শ্রীহরির স্বরূপ নিরূপণ করিয়াছে, তথাপি জগতের এই লোকসমুদয় নামরূপাত্মিকা মায়াদ্বারা মোহিত-চিত্ত হইয়া তাঁহাকে উপলব্ধি করিতে পারে না।১০

হে মহারাজ! আমি এইরূপে তোমার নিকট কল্প ও অবান্তরকল্পের প্রমাণ উল্লেখ করিলাম। পুরাতত্ত্বজ্ঞগণ এই কল্পের মধ্যেই চতুর্দশ মন্বন্তর বলিয়া থাকেন।১১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাবানুবাদসহিত
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[দৈত্যরাজস্য বলেঃ স্বর্গজয়ঃ, দেবানাং পলায়নঞ্চ ।]

রাজোবাচ ।

বলেঃ পদত্রয়ং ভূমেঃ কস্মাদ্ধরিরযাচত ।
ভূতেশ্বরঃ কৃপণবল্লব্ধার্থোঽপি ববন্ধ তম্ ॥১

এতদ্ বেদিতুমিচ্ছামো মহৎ কৌতূহলং হি নঃ ।
যজ্ঞেশ্বরস্য পূর্ণস্য বন্ধনং চাপ্যনাগসঃ ॥২

শ্রীশুক উবাচ ।

পরাজিতশ্রীরসুভিশ্চ হাপিতো
হীন্দ্রেণ রাজন্ ভৃগুভিঃ স জীবিতঃ ।
সর্ব্বাত্মনা তানভজদ্ ভৃগূন্ বলিঃ
শিষ্যো মহাত্মার্থনিবেদনেন ॥৩

তং ব্রাহ্মণা ভৃগবঃ প্রীয়মাণা
অযাজয়ন্ বিশ্বজিতা ত্রিণাকম্ ।
জিগীষমাণং বিধিনাভিষিচ্য
মহাভিষেকেণ মহানুভাবাঃ ॥৪

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হরিঃ স্বয়ম্ এব ঈশ্বরঃ ভূত্বা কৃপণবৎ বলেঃ সকাশাৎ ভূমেঃ পদত্রয়ং কস্মাৎ অযাচত, তথা ত্রৈলোক্য-গ্রহণেন লব্ধার্থঃ অপি কস্মাৎ তং বলিং ববন্ধ ॥১

পূর্ণস্য ঈশ্বরস্য যাচ্ঞা, অনাগস্য নিষ্পাপস্য চাপি যৎ বন্ধনং, তৎ এতৎ বেদিতুম্ ইচ্ছামঃ ; হি যতঃ নঃ অস্মাকং মহৎ কৌতূহলং জাতম্ ॥২

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! যুদ্ধে পরাজিতা শ্রীঃ যেন সঃ বলিঃ ইন্দ্রেণ অসুভিঃ প্রাণৈঃ হাপিতঃ ত্যাজিতঃ মূর্চ্ছাং প্রাপিতঃ সন্ ভৃগুভিঃ ভৃগুবংশ্যৈঃ শুক্রাদিভিঃ যদা সঃ মহাত্মা পুনঃ জীবিতঃ, তদা শিষ্যঃ সন্ সর্ব্বাত্মনা অর্থনিবেদনেন তান্ ভৃগূন্ এব অভজৎ ॥৩

ত্রিণাকং স্বর্গং জিগীষমাণং জেতুম্ ইচ্ছন্তং তং বলিং প্রীয়মাণাঃ মহানুভাবাঃ ভৃগুবংশ্যাঃ ব্রাহ্মণাঃ মহাভিষেকেণ বিধিনা অভিষিচ্য বিশ্বজিতা বিশ্বজিৎসংজ্ঞকেন যাগেন অযাজয়ন্ ॥৪

পঞ্চদশ অধ্যায় ।

[দৈত্যরাজ বলির স্বর্গবিজয় এবং দেবগণের পলায়ন ।]

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্! ভগবান্ শ্রীহরি ঈশ্বর হইয়া কি হেতু বলির নিকট দীনব্যক্তির ন্যায় ত্রিপাদ ভূমি প্রার্থনা করিয়াছিলেন এবং প্রার্থিত বিষয় পাইয়াও কেনই বা তাঁহাকে বন্ধন করিয়াছিলেন ?১

সর্ব্বৈশ্বর্য্যশালী ঈশ্বরের এই যাচ্ঞা এবং নিরপরাধ পুরুষের যে বন্ধন, ইহা বস্তুতই বিস্ময়জনক বলিয়া আমরা ইহার রহস্য জানিতে ইচ্ছা করি, যেহেতু এ বিষয়ে আমাদের মহাকৌতূহলের উদয় হইয়াছে।২

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দৈত্যরাজ বলি ইন্দ্রকর্তৃক যুদ্ধে পরাজিত এবং নিহত হইলে শুক্রাচার্য্য তাঁহার পুনর্জীবন দান করেন। তদবধি শিষ্য মহাত্মা বলি যাবতীয় বিষয়সমূহের সমর্পণদ্বারা সর্বতোভাবে শুক্রাচার্য্যপ্রমুখ ভৃগুবংশীয়গণের সেবা করিতেছিলেন ।৩

অনন্তর ভৃগুবংশীয় মহাপ্রভাবশালী ব্রাহ্মণগণ সন্তুষ্ট হইয়া স্বর্গজয়ের অভিলাষী বলিকে মহাভিষেকবিধি (অর্থাৎ বহ্বৃচ ব্রাহ্মণগ্রন্থে প্রসিদ্ধ ঐন্দ্রাভিষেক ক্রিয়া) অনুসারে অভিষিক্ত করিয়া বিশ্বজিৎ যজ্ঞ করাইয়াছিলেন ।৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততো রথঃ কাঞ্চন-পট্টনদ্ধো
হয়াশ্চ হর্য্যশ্বতুরঙ্গবর্ণাঃ।
ধ্বজশ্চ সিংহেন বিরাজমানো
হুতাশনাদাস হবির্ভিরিষ্টাৎ ॥৫

ধনুশ্চ দিব্যং পুরটোপনদ্ধং
তূণাবরিক্তৌ কবচঞ্চ দিব্যম্।
পিতামহস্তস্য দদৌ চ মালা-
মম্লানপুষ্পাং জলজঞ্চ শুক্রঃ ॥৬

এবং স বিপ্রার্জ্জিতযোধনার্থ-
স্তৈঃ কল্পিতস্বস্ত্যয়নোঽথ বিপ্রান্।
প্রদক্ষিণীকৃত্য কৃতপ্রণামঃ
প্রহ্লাদমামন্ত্র্য নমশ্চকার ॥৭

অথারুহ্য রথং দিব্যং ভৃগুদত্তং মহারথঃ।
সুস্রগ্ধরোঽথ সন্নহ্য ধন্বী খড়্গী ধৃতেষুধিঃ ॥৮
হেমাঙ্গদলসদ্‌বাহুঃ স্ফুরন্মকরকুণ্ডলঃ।
ররাজ রথমারূঢ়ো ধিষ্ণ্যস্থ ইব হব্যবাট্ ॥৯

ততঃ হবির্ভিঃ ইষ্টাৎ পূজিতাৎ হুতাশনাৎ অগ্নেঃ সকাশাৎ কাঞ্চনেন পট্টেন বস্ত্রেণ বদ্ধঃ আচ্ছাদিতঃ রথঃ আস, তথা হর্য্যশ্বতুরঙ্গবর্ণাঃ (হর্য্যস্য ইন্দ্রস্য যে তুরঙ্গাঃ তেষাম্ ইব হরিতঃ বর্ণঃ যেষাং তে তথা ভূতাঃ) হয়াঃ চ বিনিসৃতাঃ; সিংহেন চিহ্নেন বিরাজমানঃ ধ্বজঃ চ বিনিঃসৃতঃ ॥৫

পুরটেন সুবর্ণেন উপলদ্ধং নিবদ্ধং দিব্যম্ অলৌকিকং ধনুঃ বিনিঃসৃতম্, অরিক্তৌ অক্ষয়শরৌ তূণৌ ইষুধী বিনিঃসৃতৌ; দিব্যং কবচং চ বিনিঃসৃতম্। পিতামহঃ প্রহ্লাদঃ অম্লানপুষ্পাং মালাং তথা শুক্রঃ শুক্রাচার্য্যঃ জলজং শঙ্খং তস্মৈ বলয়ে দদৌ ॥৬

এবং বিপ্রৈঃ অর্জিতঃ সম্পাদিতঃ যোধনার্থঃ যুদ্ধপরিকরঃ যস্য সঃ বলিঃ তৈঃ বিপ্রৈঃ এব কল্পিতং স্বস্ত্যয়নং মঙ্গলবাচনাদি যস্য তথাবিধঃ সঃ অথ অনন্তরং বিপ্রান্ প্রদক্ষিণীকৃত্য কৃতপ্রণামঃ সন্ প্রহ্লাদম্ আমন্ত্র্য পৃষ্ট্বা নমশ্চকার ॥৭

অথ অনন্তরং মহারথঃ বলিঃ ভৃগুদত্তং দিব্যং রথম্ আরুহ্য সুস্রগ্ধরঃ শোভন-মালাধরঃ, ধন্বী ধনুর্ধরঃ, খড়্গী খড়্গধরঃ, ধৃতেষুধিঃ (ধৃতঃ ইষুধিঃ যেন সঃ) সংনহ্য কবচং ন্যস্য ॥৮

হেমরচিতাঙ্গদাভ্যাং লসন্তৌ বাহূ যস্য সঃ, স্ফুরতী মকরাকারে কুণ্ডলে যস্য সঃ' রথম্ আরূঢ়ঃ সন্ ধিষ্ণ্যস্থঃ কুণ্ডস্থঃ হব্যবাট্ আহবনীয়ঃ অগ্নিঃ ইব ররাজ ॥৯

অনন্তর যজ্ঞে হবিঃ প্রদানদ্বারা আরাধিত অগ্নির মধ্য হইতে স্বর্ণময় পট্টবস্ত্রভূষিত রথ, ইন্দ্রের অশ্বের ন্যায় সমানবর্ণ অশ্বসমূহ এবং সিংহমূর্তিযুক্ত রথধ্বজ আবির্ভূত হইয়াছিল।৫

এইরূপ সেই অগ্নি হইতেই স্বর্ণবদ্ধ দিব্যধনুঃ, অক্ষয় তূণযুগল এবং দিব্য কবচ আবির্ভূত হইলে পিতামহ প্রহ্লাদ বলিকে অম্লান পুষ্পময় একটি মাল্য এবং শুক্রাচার্য্য তাঁহাকে শঙ্খ দান করিলেন।৬

এইরূপে ভৃগুবংশীয় ব্রাহ্মণগণের সাহায্যে যুদ্ধের উপকরণসমূহ সংগৃহীত হইলে, অনন্তর সেই ব্রাহ্মণগণ তাঁহার স্বস্ত্যয়নক্রিয়া সম্পাদন করিলেন। ইহার পর বলি প্রদক্ষিণপূর্বক ব্রাহ্মণগণকে প্রণাম করিয়া পিতামহ প্রহ্লাদকে সম্ভাষণ ও প্রণাম করিয়াছিলেন।৭

অনন্তর মহারথ বলি ভৃগুপ্রদত্ত দিব্য রথে আরোহণ করিয়া সুরম্য মাল্য, কবচ, ধনুঃ, খড়্গ ও তূণযুগল ধারণ করিলেন। তৎকালে তাঁহার ভুজযুগল সুবর্ণময় কেয়ূরদ্বয় এবং কর্ণদ্বয় মকরাকৃতি উজ্জ্বল কুণ্ডলযুগলে সুশোভিত হইয়াছিল। এ অবস্থায় রথারূঢ় বলি কুণ্ডমধ্যস্থিত অগ্নির ন্যায় বিরাজ করিতেছিলেন।৮-৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুল্যৈশ্বর্য্য-বল-শ্রীভিঃ স্বযূথৈর্দৈত্যযূথপৈঃ।
পিবদ্ভিরিব খং দৃগ্‌ভির্দহদ্ভিঃ পরিধীনিব ॥১০
বৃতো বিকর্ষন্মহতীমাসুরীং ধ্বজিনীং বিভুঃ।
যযাবিন্দ্রপুরীং স্বৃদ্ধাং কম্পয়ন্নিব রোদসী ॥১১
রম্যামুপবনোদ্যানৈঃ শ্রীমদ্ভির্নন্দনাদিভিঃ।
কূজদ্‌-বিহঙ্গমিথুনৈর্গায়ন্মত্তমধুব্রতৈঃ ॥১২
প্রবাল-ফল-পুষ্পোরু-ভারশাখামরদ্রুমৈঃ।
হংস-সারস-চক্রাহ্ব-কারণ্ডবকুলাকুলাঃ ॥
নলিন্যো যত্র ক্রীড়ন্তি প্রমদাঃ সুরসেবিতাঃ ॥১৩
আকাশগঙ্গয়া দেব্যা বৃতাং পরিখভূতয়া।
প্রাকারেণাগ্নিবর্ণেন সাট্টালেনোন্নতেন চ ॥১৪
রুক্মপট্টকবাটৈশ্চ দ্বারৈঃ স্ফটিকগোপুরৈঃ।
জুষ্টাং বিভক্তপ্রপথাং বিশ্বকর্ম্মবিনির্ম্মিতাম্ ॥১৫

অথ তুল্যম্ ঐশ্বর্য্যং প্রভাবঃ বলং চ শ্রীশ্চ যেষাং তৈঃ মুখেন খং পিবদ্ভিঃ ইব দৃগ্‌ভিঃ নেত্রৈঃ পরিধীন্ দিশঃ দহদ্ভিঃ ইব দৈত্যযূথপৈঃ স্বযূথৈঃ ॥১০

বৃতঃ বিভুঃ বলিঃ মহতীম্ আসুরীং ধ্বজিনীং সেনাং বিকর্ষন্ রোদসী দ্যাবাভূমী কম্পয়ন্ ইব স্বৃদ্ধাং সমৃদ্ধিবিশিষ্টাম্ ইন্দ্রপুরীং যযৌ ॥১১

উপবনোদ্যানৈঃ কূজন্তি বিহঙ্গানাং মিথুনানি যেষু, তথা গায়ন্তঃ মত্তাঃ মধুব্রতাঃ ভ্রমরাঃ যেষু, তথা প্রবাল-ফল-পুষ্পাণাম্ উরুঃ ভারঃ যাসু তাঃ শাখাঃ যেষাং তে অমরদ্রুমাঃ দেববৃক্ষাঃ যেষু তৈঃ শ্রীমদ্ভিঃ নন্দনাদিভিঃ রম্যাম্ ॥১২

হংসাদি—পক্ষিবিশেষাণাং কুলৈঃ সমূহৈঃ আকুলাঃ ব্যাপ্তাঃ নলিন্যঃ সরাংসি যত্র সন্তি, যাসু নলিনীষু সুরসেবিতাঃ দেবভোগ্যাঃ প্রমদাঃ ক্রীড়ন্তি ॥১৩

পরিখভূতয়া দেব্যা আকাশগঙ্গয়া বৃতাং তথা উন্নতেন অগ্নিবর্ণেন অগ্নিবৎ প্রকাশমানেন সাট্টালেন (অট্টালাঃ যুদ্ধস্থানানি তৎসহিতেন) প্রাকারেণ বৃতাম্ ॥১৪

রুক্ম পট্টানি কবাটানি যেষু তৈঃ দ্বারৈঃ, স্ফটিকময়ৈঃ গোপুরৈঃ পুরদ্বারৈঃ চ জুষ্টাং যুক্তাম্, বিভক্তাঃ প্রপথাঃ রাজমার্গাঃ যস্যাঃ তাং বিশ্বকর্ম্মণা দেবশিল্পিনা বিশেষেণ নির্ম্মিতাম্ ॥১৫

অনন্তর বলির সমান ঐশ্বর্য্য, বল ও শোভাযুক্ত দৈত্যযূথপতিগণ নিজ নিজ যূথসহ মিলিত হইয়া দৃষ্টিদ্বারা যেন আকাশমণ্ডলকে পান করিতে করিতে এবং দিঙ্মণ্ডলকে দগ্ধ করিতে করিতে নিকটে আসিয়া বলিকে পরিবেষ্টিত করিলে তিনি সেই মহতী অসুরবাহিনী পরিচালনাপূর্ব্বক স্বর্গ ও ভূমণ্ডল কম্পিত করিয়াই যেন সুসমৃদ্ধ ইন্দ্রপুরীর অভিমুখে যাত্রা করিয়াছিলেন।১০-১১

উক্ত ইন্দ্রপুরী নন্দনপ্রভৃতি সুরম্য উপবন ও উদ্যানের শোভায় অতি মনোরম। ঐ সকল উপবন ও উদ্যানে সর্বদা পক্ষিগণ যুগলভাবে কলরব এবং মধুপানমত্ত ভ্রমরগণ গুঞ্জন করিয়া থাকে। তথায় মন্দার-পারিজাতপ্রভৃতি সুরতরুসমূহের শাখাসকল নবপল্লব, ফল ও পুষ্পের গুরুভারে অবনত রহিয়াছে। এইরূপ সেখানে হংস, সারস, চক্রবাক্ ও কারণ্ডব-নামক জলচর পক্ষিগণের সমাবেশে আকুল সরোবর-সমূহ বিরাজ করিতেছে। দেবগণের প্রেয়সীগণ ঐ সকল সরোবরে ক্রীড়া করেন।১২-১৩

পরিখাতুল্য মন্দাকিনী নদী এবং উপরে যুদ্ধস্থান-যুক্ত অগ্নিবর্ণ উন্নত প্রাচীর সেই ইন্দ্রপুরীকে বেষ্টন করিয়া রহিয়াছে।১৪

বিশ্বকর্মার নির্মিত ও পৃথক্ পৃথক্ রাজপথে সুশোভিত সেই ইন্দ্রপুরীর গোপুর (পুরদ্বার)-সমূহ স্ফটিকময় এবং দ্বারসকলের কপাট সুবর্ণময় পট্ট (পাল্লা) সংযুক্ত রহিয়াছে।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সভাচত্বররথ্যাঢ্যাং বিমানৈর্ন্যর্ব্বুদৈর্যুতাম্।
শৃঙ্গাটকৈর্মণিময়ৈর্বজ্র বিদ্রুমবেদিভিঃ ॥১৬
যত্র নিত্যবয়োরূপাঃ শ্যামা বিরজবাসসঃ।
ভ্রাজন্তে রূপবন্নার্য্য অর্চ্চিভিরিব বহ্নয়ঃ ॥১৭
সুরস্ত্রীকেশবিভ্রষ্ট-নবসৌগন্ধিকস্রজাম্।
যত্রামোদমুপাদায় মার্গ আবাতি মারুতঃ ॥১৮
হেমজালাক্ষনির্গচ্ছদ্ ধূমেনাগুরুগন্ধিনা।
পাণ্ডুরেণ প্রতিচ্ছন্ন-মার্গে যান্তি সুরপ্রিয়াঃ ॥১৯

মুক্তাবিতানৈর্মণিহেমকেতুভি-
র্নানাপতাকাবলভীভিরাবৃতাম্।
শিখণ্ডি-পারাবত-ভৃঙ্গনাদিতাং
বৈমানিকস্ত্রীকলগীতমঙ্গলাম্ ॥২০
মৃদঙ্গ-শঙ্খানক-তুন্দুভিস্বনৈঃ
সতালবীণামুরজেষ্টবেণুভিঃ।
নৃত্যৈঃ সবাদ্যৈরুপদেবগীতকৈ-
র্মনোরমাং স্বপ্রভয়া জিতপ্রভাম্ ॥২১

সভাঃ উপবেশন-স্থানানি, চত্বরাণি অঙ্গনানি, রথ্যাঃ উপমার্গাঃ তৈঃ আঢ্যাং সম্পন্নাম্, ন্যর্ব্বুদৈঃ দশকোটিসংখ্যকৈঃ অনন্তৈঃ বিমানৈঃ যুতাম্, বজ্রবিদ্রুমময্যঃ বেদয়ঃ যেষু তৈঃ মণিময়ৈঃ শৃঙ্গাটকৈঃ চতুষ্পথৈঃ চ যুতাম্ ॥১৬

যত্র নিত্যবয়োরূপাঃ (নিত্যং বয়ঃ তারুণ্যং রূপং সৌকুমার্য্যং যাসাং তাঃ), শ্যামাঃ, বিরজবাসসঃ (বিরজে শুদ্ধে বাসসী যাসাং তাঃ), রূপবন্নার্য্যঃ স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ অর্চ্চিভিঃ জ্বালাভিঃ বহ্নয়ঃ ইব ভ্রাজন্তে ॥১৭

যত্র যস্যাং পুর্য্যাং মারুতঃ সুরস্ত্রীণাং কেশেভ্যঃ বিভ্রষ্টানাং নবসৌগন্ধিক-স্রজাম্ আমোদং পরিমলম্ আদায় মার্গে আবাতি ॥১৮

হেম-রচিতাঃ যে জালাক্ষাঃ গবাক্ষাঃ, তেভ্যঃ নির্গচ্ছতা পাণ্ডুরেণ শুভ্রেণ, অগুরুগন্ধিনা ধূমেন প্রতিচ্ছন্নে মার্গে যত্র পুর্য্যাং সুরপ্রিয়াঃ অপ্সরসঃ যান্তি ॥১৯

মুক্তাময়ৈঃ বিতানৈঃ মণিহেমময়ৈঃ কেতুভিঃ ধ্বজৈঃ চ নানাবিধ-পতাকাযুক্তাভিঃ বলভীভিঃ (গৃহপুরোভাগে উপরি-রচিতৈঃ উপবেশন-স্থান-বিশেষৈঃ) আবৃতাং ব্যাপ্তাম্, শিখণ্ডি-পারাবত-ভৃঙ্গাদি-পক্ষিবিশেষৈঃ নাদিতাং শব্দিতাং, বৈমানিক-স্ত্রীণাং কলগীতৈঃ মঙ্গলং শ্রবণসুখং যস্যাং তাম্ ॥২০

মৃদঙ্গাদীনাং স্বনৈঃ শব্দৈঃ, সতালবীণাদিভিঃ চ স বাদ্যৈঃ নৃত্যৈঃ উপদেবাঃ গন্ধর্ব্বাদয়ঃ তেষাং গীতকৈঃ চ মনোরমাং স্বপ্রভয়া জিতা তিরস্কৃতা অন্যেষাং সূর্য্যাদীনাং প্রভা যয়া তাম্ ॥২১

উপবেশনস্থান, প্রাঙ্গণ, উচ্চ পথ ও অসংখ্য বিমানদ্বারা সুশোভিত সেই ইন্দ্রপুরীতে হীরক ও প্রবালের বেদিযুক্ত মণিময় চতুষ্পথসমূহ শোভা পাইতেছে।১৬

উক্ত ইন্দ্রপুরীতে নিত্যরূপযৌবনশালিনী, সুনির্মল-বসনা রূপবতী শ্যামা রমণীগণ শিখাপ্রদীপ্ত অগ্নির ন্যায় বিরাজ করিতেছেন।১৭

যেখানে দেবরমণীগণের কেশবন্ধন হইতে নূতন সৌগন্ধিকের (সুঁদী ফুলের) মালা স্খলিত হইয়া পড়িলে বায়ু তাহার সৌরভ বহন করিয়া পথে পথে প্রবাহিত হয়।১৮

উক্ত পুরীর পথসমূহ সুবর্ণজালাবৃত গবাক্ষপথে নির্গত অগুরুগন্ধযুক্ত শুক্লবর্ণ ধূমরাশিদ্বারা আছন্ন হয় এবং অপ্সরাগণ সেই পথে বিচরণ করেন।১৯

সেই পুরী সর্বদা মুক্তাময় চন্দ্রাতপ, সুবর্ণ ও মণিময় ধ্বজা এবং বিচিত্র পতাকাযুক্ত বিমানসমূহ (দেবমন্দিরসমূহ) দ্বারা পরিব্যাপ্ত রহিয়াছে। বৈমানিক-রমণীগণের মাঙ্গলিক কলগীতি উহাকে মুখর করিয়া রাখে।২০

এইরূপ সেই ইন্দ্রপুরী মৃদঙ্গ, শঙ্খ, ঢক্কা, দুন্দুভি, তালযুক্ত বীণা, মৃদঙ্গ ও বেণুধ্বনি এবং গন্ধর্বাদি উপদেবতাগণের নৃত্য, গীত ও বাদ্যদ্বারা মনোরম হইয়া নিজ কান্তিদ্বারা কান্তির অধিষ্ঠাত্রী দেবতাকেও জয় করিতেছে।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাং ন ব্রজন্ত্যধর্ম্মিষ্ঠাঃ খলা ভূতদ্রুহঃ শঠাঃ ।
মানিনঃ কামিনো লুব্ধা এভির্হীনা ব্রজন্তি যৎ ॥২২

তাং দেবধানীং স বরূথিনীপতি-
র্বহিঃ সমন্তাদ্ রুরুধে পৃতন্যয়া ।

আচার্য্যদত্তং জলজং মহাস্বনং
দধ্মৌ প্রযুঞ্জন্ ভয়মিন্দ্রযোষিতাম্ ॥২৩

মঘবাংস্তমভিপ্রেত্য বলেঃ পরমমুদ্যমম্ ।
সর্ব্বদেব-গণোপেতো গুরুমেতদুবাচ হ ॥২৪

ভগবন্নুদ্যমো ভূয়ান্ বলের্নঃ পূর্ব্ববৈরিণঃ ।
অবিসহ্যমিমং মন্যে কেনাসীৎ তেজসোর্জ্জিতঃ ।

নৈনং কশ্চিৎ কুতো বাপি প্রতিবোঢ়ুমধীশ্বরঃ ॥২৫

পিবন্নিব মুখেনেদং লিহন্নিব দিশো দশ ।
দহন্নিব দিশো দৃগ্‌ভিঃ সংবর্ত্তাগ্নিরিবোত্থিতঃ ॥২৬

ব্রূহি কারণমেতস্য দুর্দ্ধর্ষত্বস্য মদ্রিপোঃ ।
ওজঃ সহো বলং তেজো যত এতৎ সমুদ্যমঃ ॥২৭

যৎ যাং পুরীম্ অধর্ম্মিষ্ঠাঃ পাপিনঃ, খলাঃ ভূতদ্রুহঃ পরপীড়কাঃ, শঠাঃ বঞ্চকাঃ, মানিনঃ অভিমানবন্তঃ, কামিনঃ বিষয়াসক্তাঃ, লুব্ধাঃ ন ব্রজন্তি, তথা এভিঃ অধর্ম্মাদিদোষৈঃ হীনাঃ ব্রজন্তি ॥২২

তাম্ অতিসমৃদ্ধাং দেবধানীম্ ইন্দ্রপুরীং সঃ বরূথিনীপতিঃ সেনাপতিঃ বলিঃ পৃতন্যয়া স্বসেনয়া বহিঃ সমন্তাৎ সর্ব্বতঃ রুরুধে। তথা ইন্দ্রস্য যোষিতাং স্ত্রীণাং ভয়ং প্রযুঞ্জন্ উৎপাদয়িতুম্ আচার্য্যেণ দত্তং জলজং শঙ্খং দধ্মৌ বাদিতবান্ ॥২৩

তৎ বলেঃ পরমম্ উদ্যমম্ অভিপ্রেত্য জ্ঞাত্বা সর্ব্বদেবগণেন উপেতঃ মিলিতঃ মঘবান্ ইন্দ্রঃ হ স্ফুটং গুরুং বৃহস্পতিম্ এতৎ উবাচ ॥২৪

হে ভগবন্! নঃ অস্মাকং পূর্ব্ববৈরিণঃ বলেঃ ইদানীং ভূয়ান্ উদ্যমঃ জাতঃ; অতঃ ইমম্ অবিসহ্যং মন্যে। কেন হেতুনা সঃ এবং তেজসা উর্জ্জিতঃ আসীৎ; যতঃ কুতঃ অপি উপায়াৎ কশ্চিৎ অপি এনং প্রতিবোঢ়ুম্ অপাকর্ত্তুম্ অধীশ্বরঃ সমর্থঃ ন দৃশ্যতে ॥২৫

মুখেন ইদং বিশ্বং পিবন্ ইব, দশ দিশঃ লিহন্ ইব, দৃগ্‌ভিঃ নেত্রৈঃ দিশঃ দহন্ ইব, সংবর্ত্তাগ্নিঃ প্রলয়াগ্নিঃ ইব উত্থিতঃ ॥২৬

অতঃ যতঃ এতস্য মদ্রিপোঃ ওজঃ ইন্দ্রিয়-সামর্থ্যম্, সহঃ অন্তঃকরণ-সামর্থ্যম্, বলং দেহসামর্থ্যম্, তেজঃ প্রভাবঃ চ জাতম্, যতঃ চ এতস্য সম্যক্ মহান্ উদ্যমঃ জাতঃ, তৎ এতস্য মদ্রিপোঃ দুর্দ্ধর্ষত্বস্য কারণং ব্রূহি ॥২৭

অধার্ম্মিক, খল, প্রাণিহিংসাকারী, শঠ, দাম্ভিক, কামুক এবং লোভী ব্যক্তিগণ সেই স্বর্গপুরে যাইতে পারে না, পরন্তু অধর্ম্মাদি দোষবর্জ্জিত ব্যক্তিগণই গমন করেন ।২২

তৎকালে অসুরসেনাদলের অধিপতি বলি সৈন্য দ্বারা চারিদিক্ হইতে সেই ইন্দ্রপুরীকে অবরুদ্ধ করিয়া ইন্দ্রবধূগণের ভয় উৎপাদন সহকারে শুক্রাচার্য্যের প্রদত্ত প্রচণ্ডশব্দকারী শঙ্খটি বাজাইয়াছিলেন ।২৩

অনন্তর দেবরাজ ইন্দ্র বলির ঐরূপ পরম যুদ্ধোদ্যম অবগত হইয়া দেবতাগণের সহিত যাইয়া গুরু বৃহস্পতিকে এরূপ নিবেদন করিলেন ।২৪

হে ভগবন্! সম্প্রতি আমাদের পূর্বশত্রু বলির প্রভূত উদ্যম লক্ষ্য করিতেছি, ইহা বস্তুতই অসহ্য মনে হয়। সে আজ কোন্ তেজে এরূপ বলবান্ হইল ?২৫

সে যেন মুখদ্বারা এই বিশ্ব পান করিতেছে, জিহ্বাদ্বারা যেন দশ দিক্ লেহন করিতেছে এবং নেত্রদ্বারা যেন দিগ্‌মণ্ডল দগ্ধ করিতেছে, বস্তুত. সে যেন প্রলয়াগ্নির ন্যায় উত্থিত হইয়াছে। মনে হয় সম্প্রতি কেহই কোন উপায়েই তাহার নিবারণে সমর্থ নহে ।২৬

হে গুরুদেব! আপনি আমার শত্রুর এরূপ দুর্দ্ধর্ষতার কারণ বর্ণন করুন—যে কারণ হইতে ইহার এ জাতীয় উদ্যমের উপযোগী ইন্দ্রিয়বল, মনোবল,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুরুবাচ।

জানামি মঘবন্ শত্রোরুন্নতেরস্য কারণম্।
শিষ্যায়োপভৃতং তেজো ভৃগুভির্ব্রহ্মবাদিভিঃ॥২৮

ওজস্বিনং বলিং জেতুং ন সমর্থোঽস্তি কশ্চন।
ভবদ্‌বিধো ভবান্ বাপি বর্জ্জয়িত্বেশ্বরং হরিম্॥২৯

বিজেষ্যতি ন কোঽপ্যেনং ব্রহ্মতেজঃ সমেধিতম্।
নাস্য শক্তঃ পুরঃ স্থাতুং কৃতান্তস্য যথা জনাঃ॥৩০

গুরুঃ বৃহস্পতিঃ উবাচ। হে মঘবন্! অস্য তব শত্রোঃ উন্নতেঃ কারণম্ অহং জানামি। শিষ্যায় বলয়ে ভৃগুভিঃ শুক্রাদিভিঃ ব্রহ্মবাদিভিঃ স্বং তেজঃ উপভৃতম্ উপহারত্বেন দত্তম্॥২৮

ঈশ্বরং হরিং বর্জ্জয়িত্বা ভবান্ ভবদ্‌বিধঃ বা কশ্চন অন্যঃ অপি ওজস্বিনম্ এনং বলিং জেতুং সমর্থঃ ন অস্তি॥২৯

যথা জনাঃ কেঽপি কৃতান্তস্য মৃত্যোঃ পুরঃ স্থাতুং ন শক্নুবন্তি, তথা তস্য পুরঃ ন কঃ অপি স্থাতুং শক্তঃ। ব্রহ্মতেজসা সম্যক্ এধিতং বর্দ্ধিতম্ এনং কঃ অপি ন বিজেষ্যতি॥৩০

তস্মাৎ যূয়ং সর্ব্বে ত্রিপিষ্টপং স্বর্গম্ উৎসৃজ্য ত্যক্ত্বা নিলয়ম্

দৈহিক সামর্থ্য ও তেজের উদয় হইয়াছে।২৭

শ্রীবৃহস্পতি বলিলেন—হে দেবরাজ! আমি তোমার এই শত্রুর উন্নতির কারণ অবগত আছি, ব্রহ্মবাদী ভৃগুবংশীয় ব্রাহ্মণগণ শিষ্য বলির মধ্যে এরূপ তেজ সঞ্চয় করিয়াছেন।২৮

সুতরাং একমাত্র ঈশ্বর শ্রীহরি ব্যতীত তুমি অথবা তোমার মত অপর কেহ সম্প্রতি ওজস্বী বলিকে জয় করিতে সমর্থ নহে।২৯

বলি এখন ব্রহ্মতেজে বলীয়ান্ বলিয়া কেহই তাহার পরাজয় করিতে পারিবে না। বস্তুতঃ জীবগণ যেরূপ যমের সম্মুখে থাকিতে পারে না, সেরূপ কেহই এখন ইহার সম্মুখে অবস্থান করিতে সমর্থ হইবে না।৩০

তস্মান্নিলয়মুৎসৃজ্য যূয়ং সর্ব্বে ত্রিবিষ্টপম্।
যাত কালং প্রতীক্ষন্তো যতঃ শত্রোর্বিপর্য্যয়ঃ॥৩১

এষ বিপ্রবলোদর্কঃ সম্প্রত্যূর্জ্জিতবিক্রমঃ।
তেষামেবাপমানেন সানুবন্ধো বিনঙ্ক্ষ্যতি॥৩২

এবং সুমন্ত্রিতার্থাস্তে গুরুণার্থানুদর্শিনা।
হিত্বা ত্রিবিষ্টপং জগ্মুর্গীর্ব্বাণাঃ কামরূপিণঃ॥৩৩

অদর্শনং যাত! যতঃ কালাৎ যুষ্মাকং শত্রোঃ বলেঃ বিপর্য্যয়ঃ পরাভবঃ ভবিষ্যতি, তং কালং প্রতীক্ষন্তঃ যাত!॥৩১

এষঃ বলিঃ বিপ্রাণাং বলেন উদর্কম্ উত্তরোত্তরম্ অধিক-ফলং যস্য তথাবিধঃ, অতঃ সম্প্রতি ঊর্জ্জিতঃ মহান্ বিক্রমঃ যস্য সঃ, তেষাম্ এব বিপ্রাণাম্ অবমানং যদা করিষ্যতি, তদা সানুবন্ধঃ স্বযূথ-সহিতঃ বিনঙ্ক্ষ্যতি পরাভূতঃ ভবিষ্যতি॥৩২

অর্থানুদর্শিনা যথাবদ্‌বিচারনিপুণেন গুরুণা এবং সুমন্ত্রিতঃ বিচার-পূর্ব্বকম্ উক্তঃ অর্থঃ কার্য্যং যেষাং তে কামরূপিণঃ গীর্বাণাঃ দেবাঃ, ত্রিবিষ্টপং স্বর্গং হিত্বা জগ্মুঃ যত্র কুত্র বিচেরুঃ॥৩৩

অতএব তোমরা সকলে এখন স্বর্গপুরী ত্যাগ করিয়া অন্যত্র লুক্কায়িত হও এবং যে পর্য্যন্ত শত্রুর বিপর্যয় দেখা না দেয়, ততকাল অপেক্ষা কর।৩১

ব্রাহ্মণগণের বলেই ইহার উত্তরোত্তর সমৃদ্ধি ঘটিতেছে এবং সেই হেতুই সে সম্প্রতি প্রবল পরাক্রম-শালী হইয়া উঠিয়াছে, পরন্তু সেই ব্রাহ্মণগণের অবমাননাহেতুই তাহার সবংশে বিনাশ উপস্থিত হইবে।৩২

হে মহারাজ! কর্তব্যবিচারনিপুণ বৃহস্পতি এরূপে কর্তব্যবিষয়ক সুমন্ত্রণা দান করিলে, ইচ্ছানুরূপ মূর্তিধারী দেবতাগণ স্বর্গ পরিত্যাগপূর্বক অন্যত্র প্রস্থান করিয়াছিলেন।৩৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবেষ্বথ নিলীনেষু বলির্বৈরোচনঃ পুরীম্।
দেবধানীমধিষ্ঠায় বশং নিন্যে জগত্রয়ম্ ॥৩৪
তং বিশ্বজয়িনং শিষ্যং ভৃগবঃ শিষ্যবৎসলাঃ।
শতেন হয়মেধানামনুব্রতমযাজয়ন্ ॥৩৫
ততস্তদনুভাবেন ভুবনত্রয়বিশ্রুতাম্।
কীর্ত্তিং দিক্ষু বিতন্বানঃ স রেজ উড়ুরাড়িব ॥৩৬
বুভুজে চ শ্রিয়ং স্বৃদ্ধাং দ্বিজদেবোপলম্ভিতাম্।
কৃতকৃত্যমিবাত্মানং মন্যমানো মহামনাঃ ॥৩৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫

এবং দেবেষু নিলীনেষু সৎসু অথ অনন্তরং বিরোচন-সুতঃ বলিঃ দেবধানীং পুরীম্ অধিষ্ঠায় জগৎত্রয়ং বশং নিন্যে ॥৩৪

শিষ্য-বৎসলাঃ ভৃগবঃ শুক্রাদয়ঃ ব্রাহ্মণাঃ হয়-মেধানাং শতেন তং বিশ্বজয়িনম্ অনুব্রতম্ অনুবর্ত্তিনং শিষ্যং বলিম্ অযাজয়ন্ ॥৩৫

ততঃ তদনুভাবেন যজ্ঞানুষ্ঠান-প্রভাবেণ ভুবনত্রয়ে বিশ্রুতাং প্রসিদ্ধাং কীর্ত্তিং দিক্ষু বিতন্বানঃ বিস্তারয়ন্ সঃ বলিঃ উড়ুরাট্ চন্দ্রঃ ইব রেজে ॥৩৬

এবং মহামনাঃ বলি আত্মানং কৃতকৃত্যং মন্যমানঃ দ্বিজদেবোপলম্ভিতাং তৈঃ প্রাপিতাং স্বৃদ্ধাং শ্রিয়ং বুভুজে ॥৩৭

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥

অনন্তর দেবতাগণ অদৃশ্য হইলে বিরোচনপুত্র বলি দেবগণের নিবাসস্থান স্বর্গপুরীতে অবস্থানপূর্ব্বক ত্রিলোকের উপর নিজ আধিপত্য বিস্তার করিলেন।৩৪

তৎকালে শিষ্যবৎসল ভৃগুবংশীয় ব্রাহ্মণগণ বিশ্ববিজয়ী অনুগত শিষ্য বলিরাজাকে একশত অশ্বমেধ যজ্ঞ করাইয়াছিলেন।৩৫

অনন্তর সেই বলি শত অশ্বমেধযজ্ঞের প্রভাবে সর্বত্র ত্রিলোকবিখ্যাত কীর্তি বিস্তার করিয়া চন্দ্রের ন্যায় বিরাজ করিয়াছিলেন।৩৬

তৎকালে মহামতি বলি নিজকে কৃতার্থের ন্যায় মনে করিয়া ব্রাহ্মণগণকর্তৃক প্রাপিত অতি সমৃদ্ধিশালী স্বর্গসম্পদ্ ভোগ করিতে লাগিলেন।৩৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩

ষোড়শঃ অধ্যায়ঃ।

[দেবমাত্রে অদিত্যৈ মহামুনেঃ কশ্যপস্য পয়োব্রতোপদেশঃ।]

শ্রীশুক উবাচ।

এবং পুত্রেষু নষ্টেষু দেবমাতাদিতিস্তদা।
হৃতে ত্রিবিষ্টপে দৈত্যৈঃ পর্য্যতপ্যদনাথবৎ ॥১

একদা কশ্যপস্তস্যা আশ্রমং ভগবানগাৎ।
নিরুৎসবং নিরানন্দং সমাধের্বিরতশ্চিরাৎ ॥২

স পত্নীং দীনবদনাং কৃতাসনপরিগ্রহঃ।
সভাজিতো যথান্যায়মিদমাহ কুরূদ্বহ ॥৩

অপ্যভদ্রং ন বিপ্রাণাং ভদ্রে লোকেঽধুনাগতম্।
ন ধর্ম্মস্য ন লোকস্য মৃত্যোশ্ছন্দানুবর্ত্তিনঃ ॥৪

অপি বাকুশলং কিঞ্চিদ্ গৃহেষু গৃহমেধিনি।
ধর্ম্মস্যার্থস্য কামস্য যত্র যোগো হ্যযোগিনাম্ ॥৫

অপি বাতিথয়োঽভ্যেত্য কুটুম্বাসক্তয়া ত্বয়া।
গৃহাদপূজিতা যাতাঃ প্রত্যুত্থানেন বা ক্বচিৎ ॥৬

অন্বয়

শ্রীশুকঃ উবাচ। ত্রিপিষ্টপে স্বর্গে দৈত্যৈঃ হৃতে সতি তথা উক্তপ্রকারেণ স্বপুত্রে ইন্দ্রাদিষু নষ্টেষু অদর্শনং গতেষু সৎসু তদা দেবমাতা অদিতিঃ অনাথবৎ রক্ষকহীনা ইব পর্য্যতপ্যৎ শোকং চকার ॥১

একদা সমাধেঃ চিরাৎ বিরতঃ নিবৃত্তঃ ভগবান্ কশ্যপঃ তস্যাঃ নিরুৎসবং নিরানন্দম্ আশ্রমম্ অগাৎ ॥২

হে কুরূদ্বহ! যথা ন্যায়ং যথাযোগ্যং সভাজিতঃ পূজিতঃ, ততঃ কৃতাসন-পরিগ্রহঃ (কৃতঃ আসনস্য পরিগ্রহঃ স্বীকারঃ যেন সঃ) কশ্যপঃ দীনবদনাং শুষ্কবদনাং পত্নীম্ অদিতিম্ ইদং বক্ষ্যমাণম্ আহ ॥৩

অন্বয়ঃ

হে ভদ্রে! (অপি প্রশ্নে) কিম্ অধুনা লোকে বিপ্রাণাম্ অভদ্রম্ আপত্তিঃ তু ন আগতম্? ধর্ম্মস্য অভদ্রং তু ন আগতম্! মৃত্যোঃ ছন্দম্ ইচ্ছাম্ অনুবর্ত্ততে ইতি তথাভূতস্য লোকস্য অভদ্রং বিনাশঃ তু অধুনা ন আগতং কিম্? ৪

হে গৃহমেধিনি হে গৃহস্বামিনি! অপি বা কিংবা যত্র যেষু গৃহেষু অযোগিনাং যোগাভ্যাসরহিতানাম্ অপি যোগঃ (স্বধর্ম্মাচরণাদিনা যোগফলং) ভবতি, তাদৃশেষু গৃহেষু ধর্ম্মস্য অর্থস্য কামস্য বা অকুশলং হ্রাসঃ জাতং কিম্?৫

অপি বা কিংবা ক্বচিৎ কদাচিৎ অতিথয়ঃ অভ্যেত্য আগত্য কুটুম্বাসক্তয়া ত্বয়া প্রত্যুত্থানেন অপি অপূজিতাঃ সন্তঃ গৃহাৎ

ষোড়শ অধ্যায়।

[দেবমাতা অদিতিকে মহামুনি-কশ্যপের পয়োব্রত উপদেশে।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! এইরূপে নিজপুত্র দেবতাগণ অদৃশ্য এবং স্বর্গরাজ্য দৈত্যগণ-কর্তৃক হৃত হইলে তৎকালে দেবমাতা অদিতি অনাথার ন্যায় পরিতাপ-বোধ করিতে লাগিলেন।১

এ সময়ে একদিন দীর্ঘকালের পর সমাধি হইতে বিরত তৎপতি প্রজাপতি কশ্যপ অদিতির উৎসব ও আনন্দহীন আশ্রমে উপস্থিত হইলেন।২

হে কুরুনন্দন! তিনি অদিতিকর্তৃক যথাবিধি পূজিত হইয়া আসনে উপবেশনপূর্বক ম্লানমুখী পত্নীকে এরূপ বলিয়াছিলেন।৩

হে ভদ্রে! সম্প্রতি লোকমধ্যে ব্রাহ্মণগণ, ধর্ম এবং মৃত্যুবশবর্তী জনগণের কোনরূপ অমঙ্গল উপস্থিত হয় নাই ত?৪

হে গৃহধর্মপরায়ণে! অথবা যেগৃহস্থাশ্রমে যোগহীন ব্যক্তিগণেরও স্বীয় ধর্মের আচরণাদিদ্বারা যোগফল লাভ হয়, তোমার সেই গৃহস্থাশ্রমে ধর্ম, অর্থ এবং কাম—এই ত্রিবর্গের কোন বিঘ্ন ঘটে নাই ত?৫

অথবা তুমি কখনও পোষ্যবর্গের পরিচর্যায় আসক্ত থাকা কালে অতিথিগণ আসিয়া তোমার নিকট হইতে অভ্যর্থনা না পাইয়া চলিয়া যান নাই ত?৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৃহেষু যেম্বতিথয়ো নাৰ্চ্চিতাঃ সলিলৈরপি।
যদি নির্যান্তি তে নূনং ফেরুরাজগৃহোপমাঃ ॥৭
অপ্যগ্নয়স্তু বেলায়াং ন হুতা হবিষা সতি।
ত্বয়োদ্বিগ্নধিয়া ভদ্রে প্রোষিতে ময়ি কর্হিচিৎ ॥৮
যৎপূজয়া কামদুঘান্ যাতি লোকান্ গৃহান্বিতঃ।
ব্রাহ্মণোঽগ্নিশ্চ বৈ বিষ্ণোঃ সর্ব্বদেবাত্মনো মুখম্ ॥৯
অপি সর্ব্বে কুশলিনস্তব পুত্রা মনস্বিনি।
লক্ষয়েঽস্বস্থমাত্মানং ভবত্যা লক্ষণৈরহম্ ॥১০

যাতাঃ কিম্ ? ৬

যেষু গৃহেষু অতিথয়ঃ অভ্যেত্য সলিলৈঃ অপি অনর্চ্চিতাঃ সৎকার-রহিতাঃ সন্তঃ নির্যান্তি, তদা তে নূনং নিশ্চিতং ফেরুরাজঃ শৃগালনাথঃ তদ্ গৃহোপমাঃ এব ॥৭

হে ভদ্রে! হে সতি পতিব্রতে। ময়ি পত্যৌ প্রোষিতে দেশান্তরং গতে সতি উদ্বিগ্নধিয়া ত্বয়া বেলায়াং হোমকালে অপি কিম্ অগ্নয়ঃ হবিষা ন হুতাঃ কর্হিচিৎ ? ॥৮

যস্য অগ্নেঃ পূজয়া গৃহান্বিতাঃ গৃহস্থাঃ কামদুঘান্ মনোরথ-পূরকান্ লোকান্ যান্তি; যতঃ ব্রাহ্মণঃ অগ্নিঃ চ সর্ব্বদেবাত্মনঃ বিষ্ণোঃ বৈ মুখম্ ॥৯

হে মনস্বিনি! অপি কিং তব সর্ব্বে পুত্রাঃ কুশলিনঃ সন্তি? ভবত্যাঃ আত্মানং মনঃ অস্বস্থম্ অপ্রকৃতিস্থম্ লক্ষণৈঃ মুখম্লানা-

যে সকল গৃহে অতিথিগণ অন্ততঃ জলদ্বারাও পূজিত না হইয়া তথা হইতে প্রত্যাবর্তন করেন, ঐ সকল গৃহ শৃগালের আবাসস্থানের তুল্য।৭

হে ভদ্রে! অথবা আমি প্রবাসে থাকা কালে চিত্তের উদ্বেগহেতু তুমি কি কখনও যথাকালে হবির্দ্বারা অগ্নিত্রয়ের হোম কর নাই ?৮

গৃহস্থ ব্যক্তি যাঁহার পূজাদ্বারা পুণ্য লোকসমূহে গমন করেন, সেই ব্রাহ্মণ ও অগ্নিই সর্বদেবতাস্বরূপ ভগবান্ বিষ্ণুর মুখ।৯

হে মনস্বিনি! তোমার পুত্রগণের সকলের কুশল ত ? আমি মুখমালিন্যপ্রভৃতি লক্ষণদ্বারা তোমার অন্তঃকরণের অসুস্থতা অনুমান করিতেছি।১০

অদিতিরুবাচ।
ভদ্রং দ্বিজগবাং ব্রহ্মন্ ধর্ম্মস্যাস্য জনস্য চ।
ত্রিবর্গস্য পরং ক্ষেত্রং গৃহমেধিন্ গৃহা ইমে ॥১১
অগ্নয়োঽতিথয়ো ভৃত্যা ভিক্ষবো যে বলীপ্সবঃ।
সর্ব্বং ভগবতো ব্রহ্মন্ননু ধ্যানান্ন রিষ্যতি ॥১২
কো নু মে ভগবন্ কামো ন সম্পদ্যেত মানসঃ।
যস্যা ভবান্ প্রজাধ্যক্ষ এবং ধর্ম্মান্ প্রভাষতে ॥১৩

দিভিঃ অহং লক্ষয়ে লক্ষয়ামি ॥১০

অদিতিঃ উবাচ। হে ব্রহ্মন্! দ্বিজগবাং, ধর্ম্মস্য অস্য জনস্য চ ভদ্রম্ এব অস্তি; হে গৃহমেধিন্! ইমে ত্বদীয়াঃ গৃহাঃ ত্রিবর্গস্য পরং ক্ষেত্রম্ উদ্ভবস্থানং সন্তি; ত্রিবর্গঃ অপি যথাবৎ বর্ত্ততে এব ॥১১

যে চ অন্যে অপি বলীপ্সবঃ বলিম্ আকাঙ্ক্ষাবন্তঃ, তাদৃশাঃ অগ্নয়ঃ অতিথয়ঃ, ভৃত্যাঃ, ভিক্ষবঃ চ সর্ব্বে ময়া পূজিতাঃ এব। এতৎ সর্ব্বং হে ব্রহ্মন্! ভগবত্তুল্যস্য ব্রাহ্মণস্য তব অনুধ্যানাৎ (অনুক্ষণং ধ্যানং যৎ ময়া ক্রিয়তে তস্মাৎ) সর্ব্বং ন রিষ্যতি কদাচিৎ অপি ন হীয়তে ॥১২

হে ভগবন্! যস্যাঃ প্রজাধ্যক্ষঃ প্রজাপতিঃ ভবান্ এব উক্তপ্রকারেণ ধর্ম্মান্ প্রভাষতে, তস্যাঃ মম মানসঃ মনসি

শ্রীঅদিতি বলিলেন—হে ব্রহ্মন্! গো, ব্রাহ্মণ, ধর্ম ও লোকসমুদয় সকলেরই কুশল রহিয়াছে। হে গৃহধর্মরত! আমাদের এই গৃহ ও ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের উত্তম ক্ষেত্ররূপেই বিদ্যমান আছে।১১

হে ব্রহ্মন্! আমি সর্বদাই আপনার ধ্যান অর্থাৎ আপনার আদর্শের চিন্তা করি বলিয়া অগ্নি, অতিথি, ভৃত্য, ভিক্ষুক অথবা অন্নাদিলিপ্সু—কাহারও যথোচিত সৎকার ক্ষুণ্ণ হয় নাই।১২

হে ভগবন্! প্রজাপতি আপনি যাহার ধর্মোপদেশক, সেই আমার মানসিক কোন্ কামনা অসিদ্ধ থাকিতে পারে ?১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবৈব মারীচ মনঃশরীরজাঃ
প্রজা ইমাঃ সত্ত্বরজস্তমোজুষঃ।
সমো ভবাংস্তাস্বসুরাদিষু প্রভো
তথাপি ভক্তং ভজতে মহেশ্বরঃ ॥১৪

তস্মাদীশ ভজন্ত্যা মে শ্রেয়শ্চিন্তয় সুব্রত।
হৃতশ্রিয়ো হৃতস্থানান্ সপত্নৈঃ পাহি নঃ প্রভো ॥১৫

পরৈর্বিবাসিতা সাহং মগ্না ব্যসনসাগরে।
ঐশ্বর্য্যং শ্রীর্যশঃ স্থানং হৃতানি প্রবলৈর্মম ॥১৬

যথা তানি পুনঃ সাধো প্রপদ্যেরন্ মমাত্মজাঃ।
যথা বিধেহি কল্যাণং ধিয়া কল্যাণকৃত্তম ॥১৭

শ্রীশুক উবাচ।

এবমভ্যর্থিতোঽদিত্যা কস্তামাহ স্ময়ন্নিব।
অহো মায়াবলং বিষ্ণোঃ স্নেহবদ্ধমিদং জগৎ ॥১৮

ক্ক দেহো ভৌতিকোঽনাত্মা ক্ক চাত্মা প্রকৃতেঃ পরঃ।
কস্য কে পতিপুত্রাদ্যা মোহ এব হি কারণম্ ॥১৯

বর্ত্তমানঃ কামঃ মনোরথঃ কঃ নু ন সম্পদ্যেত ?১৩

হে মারীচ! সত্ত্বরজস্তমোজুষঃ ত্রিগুণাত্মিকাঃ ইমাঃ প্রজাঃ প্রাণিসমূহাঃ তব এব মনঃশরীরজাঃ (কেচিৎ মনসঃ, কেচিৎ শরীরাৎ চ জাতাঃ), অতঃ হে প্রভো! হে স্বামিন্! যদ্যপি তাসু অসুরাদিষু প্রজাসু ভবান্ সমঃ তুল্যদর্শী, তথাপি যথা মহেশ্বরঃ শিবঃ ভক্তং ভজতে, তথা স্বভক্তস্য এব মনোরথং ভবান্ পূরয়তু ॥১৪

তস্মাৎ হে ঈশ! হে সুব্রত! ত্বাং ভজন্ত্যাঃ মে মম শ্রেয়ঃ চিন্তয়! হে প্রভো! যতঃ সপত্নৈঃ দৈত্যৈঃ হৃতাঃ শ্রীঃ যেষাং তান্ তথা হৃতং স্থানং যেষাং তান্ নঃ অস্মান্ পাহি রক্ষ! ॥১৫

প্রবলৈঃ পরৈঃ শত্রুভিঃ মম ঐশ্বর্য্যং শ্রীঃ যশঃ স্থানং তানি হৃতানি; (সর্ব্বৈশ্বর্য্যপূর্ণা ত্বৎপালিতা) সা অহং পরৈঃ বিবাসিতা স্বস্থানাৎ ভ্রংশিতা সতী ব্যসনস্য দুঃখস্য সাগরে নিমগ্না ভবামি ॥১৬

হে সাধো! মম আত্মজাঃ পুত্রাঃ যথা তানি পুনঃ প্রপদ্যেরন্, হে কল্যাণকৃত্তম! তথা ধিয়া বিচার্য্য কল্যাণং বিধেহি উপদিশ ॥১৭

শ্রীশুকঃ উবাচ। অদিত্যা এবম্ অভ্যর্থিতঃ কঃ কশ্যপঃ স্ময়ন্ তাম্ আহ,—অহো! আশ্চর্য্যরূপম্ এব বিষ্ণোঃ মায়াবলম্! যতঃ ইদং জগৎ প্রাণিজাতং স্নেহেন বদ্ধম্ ॥১৮

ভৌতিকঃ পঞ্চভূতোৎপন্নঃ ন আত্মা অনাত্মা জড়ঃ দেহঃ ক্ক। তথা প্রকৃতেঃ পরঃ আত্মা জীবঃ চ ক্ক। অতঃ কে পতি-

---

হে মরীচিনন্দন! সত্ত্ব, রজঃ ও তমোগুণভাগী এই প্রজাসমুদয় সকলেই আপনার মনঃ ও শরীর হইতে উৎপন্ন, অতএব হে প্রভো! আপনি অসুরাদি-সকল সন্তানের প্রতি সমভাব পোষণ করেন, তথাপি পরমেশ্বর ভক্তগণের প্রতিই সবিশেষ অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন।১৪

হে প্রভো! আমিও আপনারই ভজন করি, অতএব আপনি আমার মঙ্গল চিন্তা করুন। শত্রুগণ আমাদের ঐশ্বর্য্য ও বাসস্থান হরণ করিয়াছে, আপনি আমাদিগকে রক্ষা করুন।১৫

আমি শত্রুগণ কর্ত্তৃক নির্বাসিতা হইয়া বিপত্তি-সাগরে নিমগ্না হইয়াছি, প্রবল শত্রুগণ আমার ঐশ্বর্য, সম্পদ্, যশ ও স্থান সকলই হরণ করিয়াছে।১৬

হে সাধো! হে পরম মঙ্গলজনক! আমার পুত্রগণ যাহাতে সেই হৃত ঐশ্বর্য্যাদি পুনরায় পাইতে পারে, আপনি বুদ্ধিদ্বারা বিচারপূর্বক সেরূপ কল্যাণ বিধান করুন।১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অদিতি এরূপ প্রার্থনা করিলে প্রজাপতি কশ্যপ যেন ঈষৎ হাস্য করিয়াই তাঁহাকে বলিয়াছিলেন—অহো! ভগবান্ বিষ্ণুর কি বিচিত্রা মায়া! এ জগৎ সেই মায়াবলেই স্নেহবন্ধনে আবদ্ধ।১৮

পাঞ্চভৌতিক অনাত্মা এই দেহ কোথায়, আর প্রকৃতির অতীত আত্মাই বা কোথায়? এইরূপ কাহারাই বা কাহার পতি-পুত্রাদি? পরন্তু এ সকল বিষয়ে মোহই একমাত্র কারণ।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপতিষ্ঠস্ব পুরুষং ভগবন্তং জনার্দ্দনম্।
সর্ব্বভূতগুহাবাসং বাসুদেবং জগদ্‌গুরুম্ ॥২০

স বিধাস্যতি তে কামান্ হরির্দীনানুকম্পনঃ।
অমোঘা ভগবদ্ভক্তির্নেতরেতি মতির্মম ॥২১

অদিতিরুবাচ।

কেনাহং বিধিনা ব্রহ্মন্ উপস্থাস্যে জগৎপতিম্।
যথা মে সত্যসঙ্কল্পো বিদধ্যাৎ স মনোরথম্ ॥২২

আদিশ তং দ্বিজশ্রেষ্ঠ বিধিং তদুপধাবনম্।
আশু তুষ্যতি মে দেবঃ সীদন্ত্যাঃ সহ পুত্রকৈঃ ॥২৩

কশ্যপ উবাচ।

এতন্মে ভগবান্ পৃষ্টঃ প্রজাকামস্য পদ্মজঃ।
যদাহ তে প্রবক্ষ্যামি ব্রতং কেশবতোষণম্ ॥২৪

ফাল্গুনস্যামলে পক্ষে দ্বাদশাহং পয়োব্রতম্।
অর্চ্চয়েদরবিন্দাক্ষং ভক্ত্যা পরময়ান্বিতঃ ॥২৫

পুত্রাভ্যাং? মোহঃ এব হি স্নেহস্য কারণম্ ॥১৯

ভগবন্তং সর্ব্বজ্ঞং পুরুষং পূর্ণং সর্ব্বেষাং ভূতানাং হৃদয়গুহা এব আবাসঃ যস্য তং জগদ্‌গুরুং জনার্দ্দনং (জনানাং মায়াম্ অর্দ্দয়তি নিবর্ত্তয়তি) ইতি তং বাসুদেবম্ উপতিষ্ঠস্ব ভজস্ব ॥২০

দীনানুকম্পনঃ ভক্তবৎসলঃ সঃ হরিঃ তে তব ভোগান্ কামান্ বিধাস্যতি। ভগবৎসেবা অমোঘা, ন ইতরা ন বৃথা ইতি মম নিশ্চিতা মতিঃ ॥২১

অদিতিঃ উবাচ। হে ব্রহ্মন্! জগদ্‌গুরুং জগৎপালকং ভগবন্তম্ অহং কেন বিধিনা উপস্থাস্যে, যথা সত্যসঙ্কল্পঃ ভক্ত-মনোরথ-পূরকঃ সঃ ভগবান্ মে মনোরথং বিদধ্যাৎ সম্পাদয়েৎ ॥২২

হে দ্বিজশ্রেষ্ঠ! পুত্রকৈঃ সহ সীদন্ত্যাঃ মে দেবঃ ভগবান্ যথা আশু শীঘ্রং তুষ্যতি তুষ্যেৎ, তথা তদুপধাবনং বিধিং তস্য আরাধন-প্রকারং ত্বং মাম্ আদিশ ॥২৩

কশ্যপঃ উবাচ। প্রজাকামেন মে ময়া পৃষ্টঃ ভগবান্ পদ্মজঃ ব্রহ্মা যৎ কেশবতোষণং (কঃ ব্রহ্মা ঈশঃ মহাদেবঃ তয়োঃ বং সুখং যস্মাৎ তাদৃশস্য কেশবস্য তোষণং) ব্রতম্ আহ, তৎ এতৎ তে অহং প্রবক্ষ্যামি ॥২৪

ফাল্গুনস্য অমলে শুক্লে পক্ষে দ্বাদশাহং (প্রতিপদমারভ্য দ্বাদশীপর্য্যন্তং) পয়োব্রতঃ পয়ঃপায়ী সন্ পরময়া ভক্ত্যা অন্বিতঃ এব অরবিন্দাক্ষং বিষ্ণুম্ অর্চ্চয়েৎ ॥২৫

হে সতি! তুমি সকল জীবের হৃদয়গুহায় বিরাজমান জগদগুরু জনার্দন পরমপুরুষ ভগবান্ বাসুদেবের আরাধনা কর। দীনজনের প্রতি কৃপালু সেই শ্রীহরিই তোমার কামনাসমূহ পূরণ করিবেন। ভগবানের সেবাই সর্বত্র অব্যর্থ, অন্য কিছুই অব্যর্থ নহে—ইহাই আমার ধারণা।২০-২১

শ্রীঅদিতি বলিলেন—হে ব্রহ্মন্! যাহাতে সত্যসঙ্কল্প ভগবান্ শ্রীহরি আমার মনোরথ সফল করিবেন, এরূপ কোন্ বিধানানুসারে আমি সেই জগৎপতির আরাধনা করিব?২২

হে দ্বিজবর! ভগবান্ শ্রীহরি পুত্রগণের সহিত অবসাদগ্রস্তা আমার প্রতি যাহাতে সত্বর সন্তুষ্ট হন, আপনি তাঁহার সেরূপ উপাসনাবিধি উপদেশ করুন।২৩

শ্রীকশ্যপ বলিলেন—হে ভদ্রে! আমি পূর্বে সন্তান কামনায় ভগবান্ ব্রহ্মাকে ইহা জিজ্ঞাসা করায় তিনি যাহা বলিয়াছিলেন—আমি তোমাকে ভগবান্ শ্রীহরির সন্তোষজনক সেই ব্রতের কথা বলিতেছি।২৪

ফাল্গুন মাসের শুক্লপক্ষে পরম ভক্তিসহকারে দ্বাদশ দিন পয়োব্রত অবলম্বন করিয়া ভগবান্ কমলনয়ন শ্রীহরির অর্চনা করিবে।২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিনীবাল্যাং মৃদালিপ্য স্নায়াৎ ক্রোড়বিদীর্ণয়া।
যদি লভ্যেত বৈ স্রোতস্যেতং মন্ত্রমুদীরয়েৎ ॥২৬
ত্বং দেব্যাদিবরাহেণ রসায়াঃ স্থানমিচ্ছতা।
উদ্ধৃতাসি নমস্তুভ্যং পাপ্মানং মে প্রণাশয় ॥২৭
নির্ব্বর্ত্তিতাত্মনিয়মো দেবমর্চ্চেৎ সমাহিতঃ।
অর্চ্চায়াং স্থণ্ডিলে সূর্য্যে জলে বহ্নৌ গুরাবপি ॥২৮

নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহীয়সে।
সর্ব্বভূতনিবাসায় বাসুদেবায় সাক্ষিণে ॥২৯
নমোঽব্যক্তায় সূক্ষ্মায় প্রধানপুরুষায় চ।
চতুর্ব্বিংশদ্‌গুণজ্ঞায় গুণসঙ্খ্যানহেতবে ॥৩০
নমো দ্বিশীর্ষে ত্রিপদে চতুঃশৃঙ্গায় তন্তবে।
সপ্তহস্তায় যজ্ঞায় ত্রয়ীবিদ্যাত্মনে নমঃ ॥৩১

ব্রহ্মচারী অথ সিনীবাল্যাম্ অমাবস্যায়াং যদি ক্রোড়বিদীর্ণয়া মৃদা (বরাহোৎখাতমৃদ্) যদি লভ্যেত, তদা তাং গৃহীত্বা আত্মানম্ আলিপ্য স্রোতসি নদীপ্রবাহে স্থিত্বা এতম্ মন্ত্রম্ উদীরয়েৎ উচ্চারয়েৎ যথা ; ॥২৬

হে দেবি! প্রাণিনাং স্থানম্ ইচ্ছতা আদিবরাহেণ কৃত-বরাহাবতারেণ ভগবতা ত্বং রসায়াঃ রসাতলাৎ উদ্ধৃতা অসি। অতঃ মে পাপ্মানং প্রণাশয়। কেবলং তুভ্যং নমঃ ॥২৭

অতঃ চ নির্ব্বর্ত্তিতাত্মনিয়মঃ (নির্ব্বর্ত্তিতঃ আত্মনঃ স্বস্য নিয়মঃ নিত্য-নৈমিত্তিক-কর্ম্মকলাপঃ যেন সঃ) সমাহিতঃ একাগ্রচিত্তঃ সন্ অর্চ্চায়াং প্রতিমায়াং, স্থণ্ডিলে, সূর্য্যে, জলে, বহ্নৌ, গুরৌ বা ভগবন্তম্ অর্চ্চেৎ ॥২৮

(তত্র আবাহনে মন্ত্রান্ আহ) সর্ব্বভূতনিবাসায়, পুরুষায় পুরুষোত্তমায় ভগবতে, মহীয়সে, ব্রহ্মাদিদেবগণৈঃ আরাধিত-পাদপদ্মায়, সাক্ষিণে শুভাশুভ-কর্ম্মণাং সাক্ষাৎকর্ত্রে, তুভ্যং বাসুদেবায় নমঃ ॥২৯

অব্যক্তায়, সূক্ষ্মায়, চতুর্বিংশদ্‌গুণজ্ঞায়, গুণসঙ্খ্যানহেতবে (গুণানাং তত্ত্বানাং সংখ্যানং যস্মিন্ সাংখ্যশাস্ত্রে তস্য হেতবে প্রবর্ত্তকায়), প্রধান পুরুষায় (প্রধানস্য প্রকৃতেঃ প্রবর্ত্তকঃ অন্তর্য্যামী পুরুষঃ প্রধানপুরুষঃ তস্মৈ) নমঃ ॥৩০

দ্বে প্রায়ণীয়োদয়নীয়ে শীর্ষে যস্য তস্মৈ, ত্রীণি সবনানি পাদাঃ যস্য তস্মৈ, ত্রয়ীবিদ্যাত্মনে (ত্রয্যাং বিদ্যায়াং মন্ত্র-ব্রাহ্মণ-কল্পরূপায়াম্ আত্মা স্বরূপং যস্য তস্মৈ), তন্তবে ফল-বিস্তারকায়, সপ্তহস্তায় (সপ্তহস্তাঃ সপ্তছন্দাংসি যস্য তস্মৈ), যজ্ঞায় ভগবতে নমো নমঃ ॥৩১

যদি পাওয়া যায় তবে বন্য বরাহদ্বারা উৎখাত মৃত্তিকাদ্বারা গাত্র লেপন করিয়া অমাবস্যা তিথিতে স্রোতজলে স্নান এবং এই মন্ত্র উচ্চারণ করিবে।২৬

হে দেবি মৃত্তিকে! স্থানার্থী ভগবান্ আদিবরাহ রসাতল হইতে তোমার উদ্ধার করিয়াছেন। আমি তোমাকে প্রণাম করি, তুমি আমার পাপ বিনাশ কর।২৭

অনন্তর নিত্য নৈমিত্তিক নিয়মিত কর্মসমূহের অনুষ্ঠান করিয়া প্রতিমা, স্থণ্ডিল (কুশাচ্ছাদিত ভূমি), সূর্য, জল, অগ্নি বা গুরুর মধ্যে একাগ্রচিত্তে ভগবান্ শ্রীহরির অর্চনা করিবে।২৮

(প্রথমতঃ আবাহনাদি ক্রিয়ার নয়টি মন্ত্র বলিতেছেন) হে দেব! আপনি সকল ভূতগণের আধার, সর্বসাক্ষী, ভগবান্ মহামহিমময় পরমপুরুষ বাসুদেব। আপনাকে প্রণাম করি।২৯

হে দেব! আপনি ব্যক্ত (স্থূল) অথচ সূক্ষ্ম (অব্যক্ত), আপনি প্রধান পুরুষ অর্থাৎ পুরুষোত্তম অথবা সাংখ্যোক্ত প্রকৃতি ও পুরুষ, আপনি চতুর্বিংশতিতত্ত্বজ্ঞ এবং সাংখ্যশাস্ত্রের প্রবর্তক। আপনাকে প্রণাম করি।৩০

আপনি যজ্ঞের ফলদাতা অথচ যজ্ঞস্বরূপ। যজ্ঞের আরম্ভকালীন কর্ম ও সমাপ্তকালীন কর্ম আপনার দুইটি মস্তক, যজ্ঞকালীন তিনবার স্নান আপনার তিনটি পদ, চারিটি বেদ আপনার চারিটি শৃঙ্গ, সাতটি ছন্দঃ আপনার সাতটি হস্ত এবং আপনি মন্ত্র, ব্রাহ্মণ ও কল্প এই ত্রিবিধ শাস্ত্রে আবদ্ধ রহিয়াছেন। আপনাকে প্রণাম করি।৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নমঃ শিবায় রুদ্রায় নমঃ শক্তিধরায় চ।
সর্ব্ববিদ্যাধিপতয়ে ভূতানাং পতয়ে নমঃ ॥৩২
নমো হিরণ্যগর্ভায় প্রাণায় জগদাত্মনে।
যোগৈশ্বর্য্যশরীরায় নমস্তে যোগহেতবে ॥৩৩
নমস্ত আদিদেবায় সাক্ষিভূতায় তে নমঃ।
নারায়ণায় ঋষয়ে নরায় হরয়ে নমঃ ॥৩৪
নমো মরকত-শ্যামবপুষেঽধিগতশ্রিয়ে।
কেশবায় নমস্তুভ্যং নমস্তে পীতবাসসে ॥৩৫
ত্বং সর্ব্ববরদঃ পুংসাং বরেণ্য বরদর্ষভ।
অতস্তে শ্রেয়সে ধীরাঃ পাদরেণুমুপাসতে ॥৩৬
অন্ববর্ত্তন্ত যং দেবাঃ শ্রীশ্চ তৎপাদপদ্ময়োঃ।
স্পৃহয়ন্ত ইবামোদং ভগবান্ মে প্রসীদতাম্ ॥৩৭
এতৈর্মন্ত্রৈর্হৃষীকেশমাবাহনপুরস্কৃতম্।
অর্চ্চয়েচ্ছ্রদ্ধয়া যুক্তঃ পাদ্যোপস্পর্শনাদিভিঃ ॥৩৮
অর্চ্চিত্বা গন্ধমাল্যাদ্যৈঃ পয়সা স্নাপয়েদ্ বিভুম্।
বস্ত্রোপবীতাভরণপাদ্যোপস্পর্শনৈস্ততঃ।
গন্ধধূপাদিভিশ্চার্চেদ্ দ্বাদশাক্ষরবিদ্যয়া ॥৩৯

নমঃ শিবায় (পরমানন্দস্বরূপায়), রুদ্রায় (প্রলয়কর্ত্তৃত্বেন ভয়ঙ্করায়), সর্ব্ববিদ্যাধিপতয়ে, ভূতানাং পতয়ে, শক্তিধরায় নমঃ নমঃ ॥৩২

নমঃ হিরণ্যগর্ভায়, জগদাত্মনে জগতঃ নিয়ন্ত্রে, প্রাণায় সূত্ররূপায়, যোগৈশ্বর্য্য-শরীরায় (যোগেন ভগবদ্ধ্যানেন ঐশ্বর্য্যং শরীরং চ যস্য তস্মৈ), তথা যোগহেতবে যোগপ্রবর্ত্তকায় তে নমঃ ॥৩৩

আদিদেবায়, সাক্ষিভূতায়, নরায় নরাবতারায়, ঋষয়ে (প্রাণিনাং সুখম্ অভিপ্রেত্য তপআদিনিষ্ঠায়), হরয়ে দুঃখহরণ-স্বভাবায়, তে তুভ্যং নারায়ণায় নমঃ নমঃ ॥৩৪

মরকতশ্যামবপুষে (মরকত-মণিবৎ শ্যামং শুভ্রং বপুঃ যস্য তস্মৈ), পীতবাসসে (পীতং বাসঃ যস্য তস্মৈ) কেশবায় তুভ্যং নমঃ নমঃ ॥৩৫

হে বরেণ্য বরণীয়! হে বরদর্ষভ (বরদানাম্ ঋষভঃ শ্রেষ্ঠ)! অতঃ ধীরাঃ বিবেকিনঃ শ্রেয়সে শ্রেয়োলাভায় তে তব পাদরেণুম্ উপাসতে ॥৩৬

তৎপাদপদ্ময়োঃ আমোদং স্পৃহয়ন্তঃ দেবাঃ, শ্রীঃ লক্ষ্মীঃ চ যম্ অন্ববর্ত্তন্ত সেবিতবন্তঃ, সঃ ভগবান্ মে প্রসীদতাং প্রসীদতু ॥৩৭

এতৈঃ মন্ত্রৈঃ আবাহন-পুরস্কৃতং স্বপুরঃ স্থিরীকৃতং কেশবং হৃষীকেশং শ্রদ্ধয়া যুক্তঃ পাদ্যোপস্পর্শনাদিভিঃ অর্চ্চয়েৎ ॥৩৮

এবং পাদ্যাদিভিঃ গন্ধমাল্যাদ্যৈঃ অর্চ্চিত্বা বিভুং ব্যাপকং শ্রীবিষ্ণুং পয়সা স্নাপয়েৎ; ততঃ অনন্তরং বস্ত্রোপবীতাভরণ-

আপনি শিব, আপনিই রুদ্র, আপনিই শক্তিধর, সর্ববিদ্যার অধিপতি এবং ভূতপতি। আপনাকে প্রণাম করি।৩২

আপনি হিরণ্যগর্ভ, আপনিই জগতের সমষ্টিভূত প্রাণ এবং আপনিই জগতের আত্মা। যোগৈশ্বর্যই আপনার দেহ এবং আপনিই যোগের প্রবর্তক।৩৩

আপনি আদিদেবতা ও সকলের সাক্ষী, আপনি নর ও নারায়ণ এই দুই ঋষি এবং আপনিই শ্রীহরি। আপনাকে প্রণাম করি।৩৪

আপনার দেহ মরকতমণির ন্যায় শ্যামবর্ণ. আপনি সকল সম্পদ্ বা লক্ষ্মীকে লাভ করিয়াছেন। আপনি কেশব এবং পীতাম্বর। আপনাকে প্রণাম করি।৩৫

হে বরদশ্রেষ্ঠ! হে বরেণ্য! আপনি সর্ববরদাতা, অতএব পণ্ডিত ব্যক্তিগণ শ্রেয়ঃপ্রাপ্তির জন্য আপনার পদরেণুর উপাসনা করেন।৩৬

নিখিল দেবগণ এবং স্বয়ং লক্ষ্মীদেবীও শ্রীপাদপদ্মযুগলের সৌরভলাভের কামনায়ই যেন যাঁহার অনুসরণ করেন, সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন।৩৭

এই নয়টি মন্ত্রদ্বারা ভগবান্ হৃষীকেশকে আবাহনপূর্বক সম্মানিত করিয়া পশ্চাৎ শ্রদ্ধাযুক্ত হইয়া পাদ্য ও আচমনীয়াদিদ্বারা অর্চনা করিবে।৩৮

অনন্তর গন্ধ ও মাল্যাদিদ্বারা পূজা করিয়া দুগ্ধদ্বারা স্নান করাইবে এবং পশ্চাৎ দ্বাদশাক্ষর মন্ত্রযোগে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শৃতং পয়সি নৈবেদ্যং শাল্যন্নং বিভবে সতি।
সসর্পিঃ সগুড়ং দত্ত্বা জুহুয়ান্মূলবিদ্যয়া ॥৪০
নিবেদিতং তদ্ভক্তায় দদ্যাদ্ ভুঞ্জীত বা স্বয়ম্।
দত্ত্বাচমনমর্চ্চিত্বা তাম্বুলঞ্চ নিবেদয়েৎ ॥৪১
জপেদষ্টোত্তরশতং স্তুবীত স্তুতিভিঃ প্রভুম্।
কৃত্বা প্রদক্ষিণং ভূমৌ প্রণমেদ্দণ্ডবন্মুদা ॥৪২

কৃত্বা শিরসি তচ্ছেষাং দেবমুদ্বাসয়েৎ ততঃ।
দ্ব্যবরান্ ভোজয়েদ্ বিপ্রান্ পায়সেন যথোচিতম্ ॥৪৩
ভুঞ্জীত তৈরনুজ্ঞাতঃ সেষ্টঃ শেষং সভাজিতৈঃ।
ব্রহ্মচার্যথ তদ্রাত্র্যাং শ্বোভূতে প্রথমেঽহনি ॥৪৪
স্নাতঃ শুচির্যথোক্তেন বিধিনা সুসমাহিতঃ।
পয়সা স্নাপয়িত্বার্চ্চেদ্ যাবদ্ ব্রতসমাপনম্ ॥৪৫

পাদ্যোপস্পর্শনৈঃ গন্ধধূপাদিভিঃ দ্বাদশাক্ষরবিদ্যয়া (ওঁ নমো ভগবতে বাসুদেবায় ইতি মন্ত্রেন) অর্চ্চেৎ॥ পয়সি শৃতং পক্বং শাল্যন্নং নীবারাদিকম্ অন্নং নৈবেদ্যং দত্ত্বা সমর্প্য মূলবিদ্যয়া তেনৈব দ্বাদশাক্ষর-মন্ত্রেণ বিভবে সতি সসর্পিঃ ঘৃত-সহিতং সগুড়ং গুড়সহিতং চ জুহুয়াৎ॥ নিবেদিতং সর্ব্বমেব তদ্ভক্তায় ভগবদ্ভক্তায় দদ্যাৎ বা কিঞ্চিৎ দত্ত্বা স্বয়ম্ এব ভুঞ্জীত। আচমনং দত্ত্বা অর্চ্চিত্বা তাম্বুলং নিবেদয়েৎ ॥৩৯-৪১

ততঃ অষ্টোত্তরশতং দ্বাদশাক্ষরমন্ত্রং জপেৎ, ততঃ চ স্তুতিভিঃ প্রভুং স্তুবীত। ততশ্চ প্রদক্ষিণং কৃত্বা দণ্ডবৎ ভূমৌ হর্ষেণ প্রণমেৎ ॥৪২

ততঃ তস্য শেষাং নির্ম্মাল্যং স্বশিরসি কৃত্বা দেবম্ উদ্বাসয়েৎ বিসর্জ্জয়েৎ। দ্ব্যবরান্ (দ্বৌ অবরৌ যেষাং তান্) বিপ্রান্ পায়সেন যথোচিতং ভোজয়েৎ (সামর্থ্যে সতি যথাবিত্তং চ ব্রাহ্মণান্ ভোজয়েৎ) ॥৪৩

তথা সভাজিতৈঃ পূজিতৈঃ তৈঃ বিপ্রৈঃ অনুজ্ঞাতঃ সন্ শেষং ব্রাহ্মণভোজনাবশিষ্টম্ অন্নাদিকং সেষ্টঃ বন্ধুভিঃ সহিতঃ স্বয়ং ভুঞ্জীত। অথ প্রারম্ভে তস্যাং রাত্রৌ ব্রহ্মচারী স্ত্রীসঙ্গরহিতঃ শয়ীত, প্রথমে অহনি শ্বোভূতে প্রভাতে সতি প্রতিপদি স্নাতঃ শুচিঃ সুসমাহিতঃ একাগ্রমনাঃ সন্ যথোক্তেন বিধিনা

বস্ত্র, উপবীত, আভরণ, পাদ্য, আচমন, গন্ধ ও ধূপাদিদ্বারা অর্চনা করিবে।৩৯

অর্চনাকারী ব্যক্তি বিত্তশালী হইলে তিনি দুগ্ধে শালিতণ্ডুলের অন্ন পাক করিয়া ঘৃত ও গুড় সহযোগে উহা নৈবেদ্যরূপে সমর্পণপূর্বক দ্বাদশাক্ষর মন্ত্রে হোম করিবেন।৪০

ভগবানের উদ্দেশ্যে নিবেদিত অন্ন ভক্তকে দান করিবে, অথবা স্বয়ং ভোজন করিবে। ইহার পর আচমন প্রদান ও অর্চনাপূর্বক তাম্বূল নিবেদন করিবে।৪১

অনন্তর অষ্টোত্তর শতবার মূলমন্ত্র জপ ও স্তবসমূহদ্বারা স্তুতি করিয়া প্রভুকে প্রদক্ষিণপূর্বক হৃষ্টচিত্তে ভূতলে দণ্ডবৎ প্রণাম করিবে।৪২

অনন্তর নিজ মস্তকে নির্মাল্য ধারণ এবং দেবতাকে বিসর্জন দান করিয়া অন্ততঃ দুইজন ব্রাহ্মণকে পায়সদ্বারা যথোচিত ভোজন করাইবে।৪৩

ইহার পর পূজিত ব্রাহ্মণগণের অনুমতি অনুসারে স্বয়ং বান্ধবগণসহ শেষান্ন ভোজন করিবে এবং সেদিন রাত্রিতে ব্রহ্মচারী থাকিয়া পরবর্তী প্রথম দিন স্নান করিয়া শুদ্ধ হইয়া যথাযথবিধি অনুসারে সংযতচিত্তে আরাধ্য দেবতাকে দুগ্ধদ্বারা স্নান করাইবে। ব্রতের সমাপ্তিকাল পর্যন্ত এরূপ আচরণ করিতে হইবে।৪৪-৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পয়োভক্ষো ব্রতমিদং চরেদ্ বিষ্ণ্বর্চনাদৃতঃ।
পূর্ব্ববজ্জুহুয়াদগ্নিং ব্রাহ্মণাংশ্চাপি ভোজয়েৎ ॥৪৬
এবং ত্বহরহঃ কুর্য্যাদ্ দ্বাদশাহং পয়োব্রতম্।
হরেরারাধনং হোমমর্হণং দ্বিজতর্পণম্ ॥৪৭
প্রতিপদ্দিনমারভ্য যাবচ্ছুক্লত্রয়োদশীম্।
ব্রহ্মচর্য্যমধঃস্বপ্নং স্নানং ত্রিসবনং চরেৎ ॥৪৮
বর্জ্জয়েদসদালাপং ভোগানুচ্চাবচাংস্তথা।
অহিংস্রঃ সর্ব্বভূতানাং বাসুদেবপরায়ণঃ ॥৪৯

ভগবন্তং পয়সা স্নাপয়িত্বা যাবৎ ব্রতসমাপনম্ অর্চ্চেৎ; এবং পয়োভক্ষঃ (পয়ঃ এব ভক্ষং যস্য সঃ) বিষ্ণ্বর্চনে আদৃতঃ চ সন্ ইদং ব্রতং চরেৎ। তথা পূর্ব্ববৎ অগ্নিং জুহুয়াৎ, ব্রাহ্মণান্ চ ভোজয়েৎ ॥৪৪-৪৬

এবম্ উক্তপ্রকারেণ দ্বাদশাহং দ্বাদশদিন-পর্য্যন্তং পয়োব্রতম্ অহরহঃ প্রতিদিনং পয়োব্রতং (হরেরারাধনং ব্রাহ্মণ-ভোজনাদিকং) কুর্য্যাৎ। ততঃ যথা হরেঃ আরাধনং হোমম্ অর্হণং ভগবৎপূজনং দ্বিজতর্পণং ব্রাহ্মণ-ভোজনং কুর্য্যাৎ। প্রতিপদ্দিনম্ আরভ্য যাবৎ শুক্ল-ত্রয়োদশীম্ তাবদেব ব্রহ্মচর্য্যং স্ত্রীসঙ্গমাদিবর্জ্জনম্, অধঃস্বপ্নং-ভূমিশয়নম্, ত্রিসবনং ত্রিকাল-স্নানং চরেৎ ॥৪৭-৪৮

তথা অসদালাপম্ উচ্চাবচান্ ভোগান্ চ বর্জ্জয়েৎ।

বিষ্ণুপূজায় সমাদরযুক্ত ব্যক্তি একমাত্র দুগ্ধ ভক্ষণ করিয়া এই ব্রত আচরণ করিবে এবং ব্রতকালে প্রত্যহ অগ্নিতে হোম করিয়া ব্রাহ্মণগণকে ভোজন করাইবে।৪৬

এইরূপে দ্বাদশ দিন পর্য্যন্ত প্রত্যহ পয়োব্রত অর্থাৎ দুগ্ধপান, শ্রীহরির আরাধনা, হোম, পূজা এবং ব্রাহ্মণগণের সন্তোষবিধান করিবে।৪৭

প্রতিপদ্ দিন হইতে শুক্লা ত্রয়োদশী পর্য্যন্ত ব্রহ্মচর্য্য, ভূতলে শয়ন এবং প্রত্যহ তিনবার স্নান করিতে হইবে।৪৮

এই ব্রতকালমধ্যে একমাত্র ভগবান্ বাসুদেবে আত্মসমর্পণ করিয়া হিংসা, অসদালাপ এবং বিবিধ ভোগ পরিত্যাগ করিবে।৪৯

ত্রয়োদশ্যামথো বিষ্ণোঃ স্নপনং পঞ্চকৈর্বিভোঃ।
কারয়েচ্ছাস্ত্রদৃষ্টেন বিধিনা বিধিকোবিদৈঃ ॥৫০
পূজাঞ্চ মহতীং কুর্য্যাদ্ বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ।
চরুং নিরূপ্য পয়সি শিপিবিষ্টায় বিষ্ণবে ॥৫১
শৃতেন তেন পুরুষং যজেত সুসমাহিতঃ।
নৈবেদ্যং চাতিগুণবদ্দদ্যাৎ পুরুষতুষ্টিদম্ ॥৫২
আচার্য্যং জ্ঞানসম্পন্নং বস্ত্রাভরণধেনুভিঃ।
তোষয়েদৃত্বিজশ্চৈব তদ্বিদ্ধ্যারাধনং হরেঃ ॥৫৩

সর্ব্বভূতানাং প্রাণিনাম্ অহিংস্রঃ স্যাৎ পীড়াং ন কুর্য্যাৎ। এবং বাসুদেব-পরায়ণঃ জনঃ অথ দ্বাদশদিনানন্তরং ত্রয়োদশ্যাং বিধিকোবিদৈঃ শাস্ত্রোক্ত-প্রকারাভিজ্ঞৈঃ ব্রাহ্মণৈঃ শাস্ত্রদৃষ্টেন বিধিনা পঞ্চকৈঃ দুগ্ধাদি-পঞ্চামৃতৈঃ বিভোঃ বিষ্ণোঃ স্নপনং কারয়েৎ। বিত্তশাঠ্য-বিবর্জ্জিতঃ কার্পণ্য-রহিতঃ সন্ ভগবতঃ মহতীং পূজাং কুর্য্যাৎ। শিপিবিষ্টায় (জীবান্তর্য্যামিণে, যদ্বা শিপিষু রশ্মিষু বিষ্টঃ তস্মৈ) বিষ্ণবে চরুং নিরূপ্য তেন পয়সি শৃতেন পক্বেন চরুণা সুসমাহিতঃ সন্ পুরুষং যজেত, তথা অতিগুণবৎ মধুরাদি ষড়্রসবৎ পুরুষতুষ্টিদং নৈবেদ্যং চ দদ্যাৎ ॥৪৯-৫২

জ্ঞানসম্পন্নম্ আচার্য্যম্ অন্যান্ চ ঋত্বিজঃ বস্ত্রাভরণ-ধেনুভিঃ

অনন্তর ত্রয়োদশী তিথিতে শাস্ত্রবিধানজ্ঞ ব্রাহ্মণগণের দ্বারা শাস্ত্রদৃষ্ট বিধি অনুসারে পঞ্চামৃতদ্বারা ভগবান্ বিষ্ণুর স্নান করাইবে।৫০

বিত্তশাঠ্যবর্জ্জিত হইয়া অর্থাৎ বিত্ত থাকিতে শঠতা-হেতু তাহার ব্যয়বিষয়ে কুণ্ঠা না করিয়া উত্তমরূপে পূজা করিবে। দুগ্ধে চরুপাক করিয়া শিপিবিষ্ট অর্থাৎ জীবগণের অন্তর্যামী বিষ্ণুকে তাহা নিবেদন করিতে হইবে।৫১

সংযতচিত্ত হইয়া পূর্বোক্ত মন্ত্রে ভগবান্ বিষ্ণুর পূজা করিবে এবং তাঁহার সন্তোষজনক অত্যুৎকৃষ্ট নৈবেদ্য প্রদান করিবে।৫২

জ্ঞানবান্ আচার্য এবং ঋত্বিগ্ গণকে বস্ত্র, আভরণ ও ধেনু দান করিয়া সন্তুষ্ট করিবে। উহাই শ্রীহরির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভোজয়েৎ তান্ গুণবতা সদন্নেন শুচিস্মিতে।
অন্যাংশ্চ ব্রাহ্মণান্ শক্ত্যা যে চ তত্র সমাগতাঃ॥৫৪

দক্ষিণাং গুরবে দদ্যাদৃত্বিগ্‌ভ্যশ্চ যথার্হতঃ।
অন্নাদ্যেনাশ্বপাকাংশ্চ প্রীণয়েৎ সমুপাগতান্॥৫৫

ভুক্তবৎসু চ সর্ব্বেষু দীনান্ধকৃপণাদিষু।
বিষ্ণোস্তৎপ্রীণনং বিদ্বান্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ॥৫৬

নৃত্য-বাদিত্র-গীতৈশ্চ স্তুতিভিঃ স্বস্তিবাচকৈঃ।
কারয়েৎ তৎকথাভিশ্চ পূজাং ভগবতোঽন্বহম্॥৫৭

এতৎ পয়োব্রতং নাম পুরুষারাধনং পরম্।
পিতামহেনাভিহিতং ময়া তে সমুদাহৃতম্॥৫৮

ত্বঞ্চানেন মহাভাগে সম্যক্ চীর্ণেন কেশবম্।
আত্মনা শুদ্ধভাবেন নিয়তাত্মা ভজাব্যয়ম্॥৫৯

তোষয়েৎ; যতঃ তৎ আচার্য্যাদিপরিতোষণং হি হরেঃ আরাধনং বিদ্ধি॥৫৩

হে শুচিস্মিতে! তান্ আচার্য্যাদীন্, অন্যান্ চ ব্রাহ্মণান্, যে চাত্র সমাগতাঃ তান্ অপি যথাশক্ত্যা স্বসামর্থ্যানুসারেণ মধুরাদি-গুণবতা সদন্নেন শুদ্ধেন হিংসাদি-দোষ-রহিতেন অন্নেন ভোজয়েৎ॥৫৪

গুরবে আচার্য্যায়, অন্যেভ্যঃ ঋত্বিগ্‌ভ্যঃ চ যথাযোগ্যং যথার্হতঃ দক্ষিণাং দদ্যাৎ; অন্নাদ্যেন (অন্নং তদাদ্যং ভক্ষণযোগ্যং চ তেন) আশ্বপাকান্ চাণ্ডালাদীন্ অভিব্যাপ্য সমুপাগতান্ প্রীণয়েৎ॥৫৫

দীনান্ধ-কৃপণাদিষু সর্ব্বেষু ভুক্তবৎসু সৎসু বিষ্ণোঃ তৎ-প্রীণনম্ (তেন প্রীণনম্) ভবেৎ। ততঃ বিদ্বান্ বন্ধুভিঃ সহ ভুঞ্জীত॥৫৬

নৃত্য-বাদিত্র-গীতৈঃ স্তুতিভিঃ স্বস্তিবাচকৈঃ চ তৎকথাভিঃ চ অন্বহং প্রতিপদ্দিনমারভ্য ত্রয়োদশীপর্য্যন্তং প্রতিদিনং ভগবতঃ পূজাং কারয়েৎ (সামর্থ্যে অধিকারে চ সতি স্বয়মেব কুর্য্যাৎ)॥৫৭

পিতামহেন ব্রহ্মণা মহ্যম্ অভিহিতং কথিতম্ এতৎ পয়োব্রতং নাম পরম্ উৎকৃষ্টং পুরুষস্য সর্ব্বান্তর্য্যামিণঃ ভগবতঃ আরাধনং তে তুভ্যং ময়া সমুদাহৃতং বর্ণিতম্॥৫৮

হে মহাভাগে! শুদ্ধভাবেন নিশ্চয়াত্মকেন চেতসা ত্বং সম্যক্ চীর্ণেন অনুষ্ঠিতেন অনেন ব্রতেন ভজনীয়ম্ আরাধনীয়ম্ অব্যয়ং কেশবং ভজ॥৫৯

আরাধনা বলিয়া জানিবে।৫৩

হে ভদ্রে! সেই আচার্য্য, ঋত্বিক্ এবং তথায় সমাগত অন্যান্য ব্রাহ্মণগণের সকলকেই যথাশক্তি অত্যুত্তম গুণযুক্ত অন্নদ্বারা ভোজন করাইবে।৫৪

অনন্তর আচার্য্য ও ঋত্বিক্ সকলকে যথাযোগ্য দক্ষিণা দান করিয়া সমাগত আচণ্ডাল সকল লোককে অন্নাদিদ্বারা সন্তুষ্ট করিবে।৫৫

দীন, অন্ধ ও দুর্গতপ্রভৃতি সকলের ভোজন হইলে উহা বিষ্ণুর সন্তোষজনক মনে করিয়া পশ্চাৎ বান্ধব-গণের সহিত স্বয়ং ভোজন করিবে।৫৬

এইরূপে ব্রতকালমধ্যে প্রতিদিনই নৃত্য, বাদ্য, গীত, স্বতিবাচন ও ভগবানের গুণকীর্তনদ্বারা তাঁহার পূজার অনুষ্ঠান করিবে।৫৭

এই পয়োব্রত ভগবান্ বিষ্ণুর পরমারাধনাস্বরূপ। ভগবান্ ব্রহ্মা আমাকে ইহার উপদেশ করিয়াছিলেন। সম্প্রতি আমি তোমার নিকট ইহা বর্ণন করিলাম।৫৮

হে মহাভাগে! তুমি সংযমসহকারে বিশুদ্ধচিত্তে যথাযথ অনুষ্ঠিত এই ব্রতদ্বারা অব্যয় পুরুষ শ্রীহরির আরাধনা কর।৫৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অয়ং বৈ সর্ব্বযজ্ঞাখ্যঃ সর্ব্বব্রতমিতি স্মৃতম্।
তপঃসারমিদং ভদ্রে দানঞ্চেশ্বরতর্পণম্ ॥৬০

ত এব নিয়মাঃ সাক্ষাৎ ত এব চ যমোত্তমাঃ।
তপো দানং ব্রতং যজ্ঞো যেন তুষ্যত্যধোক্ষজঃ ॥৬১

তস্মাদেতদ্ ব্রতং ভদ্রে প্রযতা শ্রদ্ধয়া চর।
ভগবান্ পরিতুষ্টস্তে বরানাশু বিধাস্যতি ॥৬২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬

অয়ং যজ্ঞঃ বৈ সর্ব্বযজ্ঞাখ্যঃ তথা ইদং ব্রতং বৈ সর্ব্বব্রতং স্মৃতম্ (অনেনৈব ব্রতেন সর্ব্বে যজ্ঞাঃ অনুষ্ঠিতাঃ, সর্ব্বাণি ব্রতানি কৃতানি ভবন্তি)। হে ভদ্রে! ইদং ব্রতম্ এব তপঃসারম্, তথা অনেন এব দানং সর্ব্বং কৃতপ্রায়ং ভবতি, যতঃ অস্মাৎ ঈশ্বরতর্পণম্ ঈশ্বরস্য ভগবতঃ তর্পণং তৃপ্তিঃ) ভবতি ॥৬০

যেন অধোক্ষজঃ ভগবান্ তুষ্যতি, উত্তমাঃ যমাঃ নিয়মাঃ চ তে এব ; তথা উত্তমং তপঃ দানং ব্রতম্ অপি তদেব ; উত্তমঃ যজ্ঞঃ অপি সঃ এব ॥৬১

তস্মাৎ হে ভদ্রে! প্রযতা প্রযত্নবতী সতী শ্রদ্ধয়া আস্তিক্য-বুদ্ধ্যা এতৎ ব্রতং চর। অনেন পরিতুষ্টঃ ভগবান্ তে তুভ্যম্ আশু বরান্ বিধাস্যতি ॥৬২

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ষোড়শোঽধ্যায়ঃ ॥

হে ভদ্রে! ইহারই নাম সর্বযজ্ঞ, ইহাই সর্বব্রত রূপে উক্ত হইয়াছে, ইহাই সকল তপস্যার সার, ইহাই বাস্তব দান এবং ইহাই ঈশ্বরের তর্পণ বলিয়া প্রসিদ্ধ ।৬০

ইহাদ্বারাই ভগবান্ শ্রীহরি তুষ্ট হন, সুতরাং ইহাই সাক্ষাৎ নিয়ম, ইহাই উত্তম যম, ইহাই তপস্যা ইহাই দান, ইহাই ব্রত এবং ইহাই যজ্ঞ ।৬১

হে ভদ্রে! অতএব তুমি সংযতা হইয়া শ্রদ্ধার সহিত এই ব্রত আচরণ কর। তাহা হইলেই ভগবান্ শ্রীহরি পরিতুষ্ট হইয়া সত্বর তোমার অভীষ্ট বরসমূহের বিধান করিবেন ।৬২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ষোড়শ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তদশঃ অধ্যায়ঃ

[ব্রতপ্রসন্নস্য শ্রীভগবতো দেবমাত্রে অদিত্যৈ বরদানম্, অদিতিগর্ভস্থিতস্য ভগবত্তেজসো ব্রহ্মণা স্তবনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তা সাদিতী রাজন্ স্বভর্ত্রা কশ্যপেন বৈ।
অন্বতিষ্ঠদ্ ব্রতমিদং দ্বাদশাহমতন্দ্রিতা ॥১

চিন্তয়ন্ত্যেকয়া বুদ্ধ্যা মহাপুরুষমীশ্বরম্।
প্রগৃহ্যেন্দ্রিয়দুষ্টাশ্বান্ মনসা বুদ্ধিসারথিঃ ॥২

মনশ্চৈকাগ্রয়া বুদ্ধ্যা ভগবত্যখিলাত্মনি।
বাসুদেবে সমাধায় চচার হ পয়োব্রতম্ ॥৩

তস্যাঃ প্রাদুরভূৎ তাত ভগবানাদিপুরুষঃ।
পীতবাসাশ্চতুর্ব্বাহুঃ শঙ্খ-চক্র-গদাধরঃ ॥৪

তং নেত্রগোচরং বীক্ষ্য সহসোত্থায় সাদরম্।
ননাম ভুবি কায়েন দণ্ডবৎ প্রীতিবিহ্বলা ॥৫

সোত্থায় বদ্ধাঞ্জলিরীড়িতুং স্থিতা
নোৎসেহ আনন্দজলাকুলেক্ষণা।
বভূব তূষ্ণীং পুলকাকুলাকৃতি-
স্তদ্দর্শনাত্যুৎসবগাত্রবেপথুঃ ॥৬

অন্বয়ঃ

হে রাজন্! স্বভর্ত্রা কশ্যপেন ইতি এবম্ উক্তা উপদিষ্টা অদিতিঃ বৈ অতন্দ্রিতা সংযতা সতী দ্বাদশাহম্ ইদং পয়োব্রতম্ অন্বতিষ্ঠৎ ॥১

বুদ্ধিঃ এব সারথিঃ যস্যাঃ সা অদিতিঃ প্রগ্রহরূপেণ মনসা ইন্দ্রিয়রূপান্ দুষ্টান্ অশ্বান্ প্রগৃহ্য স্ব-স্ববিষয়েভ্যঃ নিগৃহ্য নিবর্ত্ত্য, একয়া বুদ্ধ্যা মহাপুরুষম্ ঈশ্বরং চিন্তয়ন্তী সতী ॥২

একাগ্রয়া বুদ্ধ্যা অখিলাত্মনি ভগবতি বাসুদেবে মনঃ সমাধায় স্থিরীকৃত্য, পয়োব্রতং চ চচার ॥৩

হে তাত! তস্যাঃ ব্রতানুষ্ঠানবত্যাঃ অদিতেঃ আদিপুরুষঃ শঙ্খ-চক্র-গদাধরঃ চতুর্ব্বাহুঃ পীতবাসাঃ ভগবান্ প্রাদুরভূৎ ॥৪

সহসা এব স্বনেত্রগোচরং তং ভগবন্তং বীক্ষ্য প্রীত্যা বিহ্বলা ব্যাকুলা সতী অদিতিঃ উত্থায় সাদরং কায়েন দণ্ডবৎ ভুবি ননাম ॥৫

ততঃ সা উত্থায় বদ্ধাঞ্জলিঃ সতী এব অবস্থিতা আনন্দে জাতৈঃ জলৈঃ অশ্রুভিঃ আকুলে ঈক্ষণে যস্যাঃ সা তথা পুলকৈঃ আকুলা ব্যাপ্তা আকৃতিঃ দেহঃ যস্যাঃ সা, যতঃ তস্য ভগবতঃ দর্শনেন যঃ অত্যুৎসবঃ তেন গাত্রে শরীরে বেপথুঃ কম্পঃ যস্যাঃ সা তূষ্ণীং বভূব; ঈড়িতুং কথিতু ন উৎসেহে ন শশাক ॥৬

সপ্তদশ অধ্যায়।

[ব্রতে প্রসন্ন শ্রীভগবান্ কর্ত্তৃক দেবমাতা অদিতিকে বরদান এবং ব্রহ্মাদ্বারা অদিতির গর্ভস্থিত ভগবত্তেজের স্তব।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারজ! নিজপতি প্রজাপতি কশ্যপ এরূপ উপদেশ প্রদান করিলে দেবমাতা অদিতি অনলসভাবে দ্বাদশদিনব্যাপী পয়োব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন।১

তিনি একাগ্রচিত্তে মহাপুরুষ ঈশ্বরের ধ্যান করিতে করিতে বুদ্ধিরূপ সারথির সাহায্যে মনদ্বারা (মনোরূপ বল্গার আকর্ষণে) ইন্দ্রিয়রূপ দুষ্ট অশ্বগণকে বশীভূত রাখিয়া, পশ্চাৎ বুদ্ধির একাগ্রতাদ্বারা মনকে ও নিখিল জগতের আত্মা ভগবান্ বাসুদেবে একনিষ্ঠভাবে স্থাপন করিয়া পয়োব্রত আচরণ করিয়াছিলেন।২-৩

হে বৎস! তাঁহার এই ব্রতচর্য্যার ফলে শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী, চতুর্ভুজ, পীতবসন ভগবান্ আদিপুরুষ তাঁহার সম্মুখে আবির্ভূত হইলেন।৪

অদিতি তাঁহাকে নয়নের সম্মুখে উপস্থিত দেখিয়া প্রীতিবিহ্বলা হইয়া সত্বর আদরের সহিত গাত্রোত্থানপূর্ব্বক দেহদ্বারা ভূতলে দণ্ডবৎ প্রণাম করিয়াছিলেন।৫

অনন্তর ভূমিতল হইতে উত্থানপূর্ব্বক স্তুতি করিবার জন্য অঞ্জলিবদ্ধসহকারে দণ্ডায়মানা হইয়াও নয়নযুগল আনন্দাশ্রুধারায় প্লাবিত হওয়ায় তিনি স্তুতিবিধানে সমর্থা হইলেন না, পরন্তু ভগবানের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রীত্যা শনৈর্গদ্‌গদয়া গিরা হরিং
তুষ্টাব সা দেব্যদিতিঃ কুরূদ্বহ।
উদ্‌বীক্ষতী সা পিবতীব চক্ষুষা
রমাপতিং যজ্ঞপতিং জগৎপতিম্ ॥৭

অদিতিরুবাচ।
যজ্ঞেশ যজ্ঞপুরুষাচ্যুত তীর্থপাদ
তীর্থশ্রবঃ শ্রবণমঙ্গলনামধেয়।
আপন্নলোকবৃজিনোপশমোদয়াদ্য
শং নঃ কৃধীশ ভগবন্নসি দীননাথঃ ॥৮

হে কুরূদ্বহ! দেবী অদিতিঃ স্বচক্ষুষা পিবতীব রমাপতিং যজ্ঞপতিং জগৎপতীম্ উদ্‌বীক্ষতী সতী প্রীত্যাশনৈঃ গদ্‌গদয়া স্খলিতাক্ষরয়া গিরা হরিং তুষ্টাব ॥৭

অদিতিঃ উবাচ। হে যজ্ঞেশ! হে যজ্ঞপুরুষ! হে অচ্যুত! হে তীর্থপাদ! (তীর্থরূপং তীর্থানি গঙ্গাদীনি পাদে যস্য), হে তীর্থশ্রবঃ (তীর্থরূপং সর্ব্বপাপনিবর্ত্তকং শ্রবঃ কীর্ত্তিঃ যস্য), শ্রবণমাত্রেণ মঙ্গলং শুভং যস্মাৎ তথাভূতং যস্য, আপন্নানাং শরণাগতানাং লোকানাং বৃজিনস্য উপশমায় নিবৃত্তয়ে উদয়ঃ আবির্ভাবঃ যস্য, হে আদ্য! হে ঈশ সর্ব্বনিয়ন্তঃ! ভগবন্! যতঃ ত্বং দীননাথঃ, অতঃ নঃ অস্মাকং শং সুখং কৃধি সম্পাদয় ॥৮

সাক্ষাৎ দর্শনহেতু অতিশয় হর্ষোৎসববশতঃ সর্বাঙ্গে কম্প ও পুলকরাশির উদয় হইলে তিনি মৌনভাবেই অবস্থান করিতে লাগিলেন।৬

হে কুরুবর! অনন্তর অদিতি আকুলভাবে দেখিতে দেখিতে নয়নদ্বারা যজ্ঞপতি জগৎপালক শ্রীপতিকে যেন পান করিতেই লাগিলেন এবং প্রীতিভরে ধীরে ধীরে গদ্‌গদ বাক্যে তাঁহার স্তুতি করিতে আরম্ভ করিলেন।৭

শ্রীঅদিতি বলিলেন—হে যজ্ঞেশ্বর! হে যজ্ঞপুরুষ! হে অচ্যুত! হে জগদীশ্বর! হে ভগবন্! আপনার পাদপদ্মে পুণ্যতীর্থ গঙ্গাদেবীর উৎপত্তি হইয়াছে, আপনার কীর্তি পরম পবিত্র, আপনার নাম শ্রবণেই জীবের মঙ্গল হয়, শরণাগত ব্যক্তিগণের

বিশ্বায় বিশ্বভবনস্থিতিসংযমায়
স্বৈরং গৃহীতপুরুশক্তিগুণায় ভূম্নে।
স্বস্থায় শশ্বদুপবৃংহিতপূর্ণবোধ-
ব্যাপাদিতাত্মতমসে হরয়ে নমস্তে ॥৯

আয়ুঃ পরং বপুরভীষ্টমতুল্যলক্ষ্মী-
র্দ্যো-ভূ-রসঃ সকলযোগগুণাস্ত্রিবর্গঃ।
জ্ঞানঞ্চ কেবলমনন্ত ভবন্তি তুষ্টাৎ
ত্বত্তো নৃণাং কিমু সপত্নজয়াদিরাশীঃ ॥১০

বিশ্বায় (উপাদানকারণতয়া বিশ্বরূপায়), বিশ্বস্য ভবনম্ উৎপত্তিঃ স্থিতিঃ পালনং, সংযমঃ উপসংহারঃ, যস্মাৎ তস্মৈ; স্বৈরং স্বেচ্ছয়ৈব গৃহীতাঃ পুরুশক্তেঃ প্রকৃতেঃ গুণাঃ যেন তস্মৈ; স্বস্থায় অপ্রচ্যুত-স্বরূপায়, শশ্বদুপরহিতঃ নিত্যোর্জ্জিতঃ যঃ পূর্ণবোধঃ জ্ঞানং তেন ব্যাপাদিতং নিরস্তম্ আত্মাবরকং তমঃ অজ্ঞানং যেন তস্মৈ; ভূম্নে তে তুভ্যং হরয়ে নমঃ ॥৯

হে অনন্ত! তুষ্টাৎ প্রসন্নাৎ ত্বত্তঃ নৃণাং পরং দ্বিপরার্দ্ধ-পরিমিতম্ আয়ুঃ, পরাক্রমাদিযুক্তং বপুঃ শরীরম্, অতুল্যা লক্ষ্মীঃ, ধনাদি সম্পৎ, দ্যৌঃ স্বর্গঃ, ভূঃ চ রসাঃ অধস্তনা লোকাঃ, সকলাঃ যোগগুণাঃ অণিমাদয়ঃ, ধর্ম্মার্থকামরূপঃ ত্রিবর্গঃ, কেবলং বিশুদ্ধং জ্ঞানং চ ভবতি, তদা সপত্নানাং শত্রূণাং জয়াদিঃ আশীঃ

পাপনাশের জন্যই আপনার আবির্ভাব ঘটে, আপনি দীননাথ। হে প্রভো! সম্প্রতি আপনি আমাদের কল্যাণ বিধান করুন।৮

হে দেব! আপনি বিশ্বরূপ বলিয়া পরম মহৎ বস্তু। আপনি বিশ্বের সৃষ্টি, স্থিতি ও সংহারের জন্য স্বেচ্ছায় মহাশক্তি মায়ার গুণসমূহ আশ্রয় করিলেও আপনার স্বরূপের বিচ্যুতি ঘটে না; যেহেতু আপনি নিরন্তর প্রবৃদ্ধিশীল পরিপূর্ণ জ্ঞানবলে সর্বদাই নিজের নিকট হইতে মায়াকে অপসারিত করিয়া রাখিয়াছেন। আমি শ্রীহরিরূপে বিরাজমান সেই আপনাকে প্রণাম করি।৯

হে অনন্ত! আপনি তুষ্ট হইলে আপনার নিকট হইতে যে কোন জীবের ব্রহ্মার তুল্য দীর্ঘ আয়ুঃ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

অদিত্যৈবং স্তুতো রাজন্ ভগবান্ পুষ্করেক্ষণঃ।
ক্ষেত্রজ্ঞঃ সর্ব্বভূতানামিতি হোবাচ ভারত ॥১১

শ্রীভগবানুবাচ।

দেবমাতর্ভবত্যা মে বিজ্ঞাতং চিরকাঙ্ক্ষিতম্।
যৎ সপত্নৈর্হৃতশ্রীণাং চ্যাবিতানাং স্বধামতঃ ॥১২
তান্ বিনির্জ্জিত্য সমরে দুর্ম্মদানসুরর্ষভান্।
প্রতিলব্ধজয়শ্রীভিঃ পুত্রৈরিচ্ছস্যুপাসিতম্ ॥১৩
ইন্দ্রজ্যেষ্ঠৈঃ স্বতনয়ৈর্হতানাং যুধি বিদ্বিষাম্।
স্ত্রিয়ো রুদন্তীরাসাদ্য দ্রষ্টুমিচ্ছসি দুঃখিতাঃ ॥১৪
আত্মজান্ সসমৃদ্ধাংস্ত্বং প্রত্যাহৃতযশঃশ্রিয়ঃ।
নাকপৃষ্ঠমধিষ্ঠায় ক্রীড়তো দ্রষ্টুমিচ্ছসি ॥১৫
প্রায়োঽধুনা তেঽসুরযূথনাথা
অপারণীয়া ইতি দেবি মে মতিঃ।
যৎ তেঽনুকূলেশ্বরবিপ্রগুপ্তা
ন বিক্রমস্তত্র সুখং দদাতি ॥১৬

সম্পৎ সুলভা ভবতি ইতি কিমু বক্তব্যম্ ॥১০

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! হে ভারত! এবম্ উক্ত-প্রকারেণ অদিত্যা স্তুতঃ সর্ব্বভূতানাং প্রাণিনাং ক্ষেত্রজ্ঞঃ অন্তর্য্যামী, পুষ্করেক্ষণঃ ভগবান্ ইতি এবম্ উবাচ ॥১১

শ্রীভগবান্ উবাচ। হে দেবমাতঃ! সপত্নৈঃ শত্রুভিঃ দৈত্যৈঃ হৃতা শ্রীঃ যেষাং তেষাং স্বধামতঃ স্বর্গাৎ চ্যাবিতানাং স্বপুত্রাণাং যৎ ঐশ্বর্য্যং ভবত্যা চিরকাঙ্ক্ষিতং, তৎ মে ময়া বিজ্ঞাতম্ এব ॥১২

দুর্ম্মদান্ অসুরর্ষভান্ সমরে বিনির্জ্জিত্য প্রতিলব্ধঃ জয়ঃ শ্রীঃ যৈঃ তৈঃ পুত্রৈঃ সহ উপাসিতুম্ একত্র স্থাতুম্ ইচ্ছসি ॥১৩

তথা ইন্দ্রজ্যেষ্ঠৈঃ (ইন্দ্রঃ জ্যেষ্ঠঃ যেষু তৈঃ) স্বতনয়ৈঃ যুধি হতানাং বিদ্বিষাং শত্রূণাং স্ত্রিয়ঃ আসাদ্য ভর্ত্তৃসমীপম্ আগত্য দুঃখিতাঃ রুদন্তীঃ চ দ্রষ্টুম্ ইচ্ছসি ॥১৪

তথা প্রত্যাহৃতং নীতং যশঃ চ শ্রীঃ চ যৈঃ তান্ অতঃ সুসমৃদ্ধান্ নাকপৃষ্ঠং স্বর্গম্ অধিষ্ঠায় ক্রীড়তঃ আত্মজান্ স্ব-তনয়ান্ তং দ্রষ্টুম্ ইচ্ছসি ॥১৫

হে দেবি! অসুরযূথনাথাঃ ত্বচ্ছত্রবঃ অধুনা প্রায়ঃ ঝটিতি অপারণীয়াঃ অজেয়াঃ ইতি মে মতিঃ! যৎ যস্মাৎ তে অনুকূলাঃ ঈশ্বরাঃ সমর্থাঃ যে বিপ্রাঃ তৈঃ রক্ষিতাঃ; অতঃ তত্র মে বিক্রমঃ পরাক্রমঃ সুখং ন দদাতি সুখহেতুঃ ন ভবিষ্যতি ॥১৬

ইচ্ছানুরূপ দেহ, অতুলনীয় সম্পদ্, স্বর্গ, মর্ত্ত্য ও পাতালের যাবতীয় ভোগ, অণিমাদি সকল যোগ-সম্পত্তি, ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ এবং মোক্ষ-সাধক কৈবল্য জ্ঞান পর্য্যন্ত সিদ্ধ হয়। এ অবস্থায় শত্রুজয়াদিবিষয়ক কামনা যে সিদ্ধ হয়—এ বিষয়ে আর বক্তব্য কি?।১০

শ্রীশুকদেব বলিলেন—হে ভরতকুলশ্রেষ্ঠ! মহারাজ! অদিতি এরূপ স্তুতি করিলে ভূতগণের অন্তর্যামী ভগবান্ কমলনয়ন শ্রীহরি এরূপ বলিয়াছিলেন।১১

শ্রীভগবান্ বলিলেন—হে দেবজননি! শত্রু দৈত্যগণ তোমার পুত্রগণের সম্পদ্ হরণ করিয়া তাহাদিগকে নিজ স্থান স্বর্গপুরী হইতে বিতাড়িত করায় তাহাদের সম্বন্ধে অনেক দিন হইতে তোমার যে বাসনার উদয় হইয়াছে, তাহা আমি বিশেষভাবেই অবগত হইয়াছি।১২

তোমার পুত্রগণ দুর্দান্ত সেই শ্রেষ্ঠ অসুরগণকে সংগ্রামে পরাজিত কয়িয়া বিজয় ও সম্পদ্ লাভ করিলে তুমি তাহাদের সহিত একত্র বাস করিতে ইচ্ছা করিতেছ।১৩

ইন্দ্র প্রভৃতি তোমার পুত্রগণ যুদ্ধে শত্রুগণকে বধ করিলে তাহাদের পত্নীগণ মৃত স্বামীর নিকটে যাইয়া দুঃখভরে রোদন করিবে—ইহাই তুমি দেখিতে ইচ্ছা কর।১৪

আর, তোমার পুত্রগণ পুনরায় নিজেদের যশ ও সম্পদ্ লাভ করিয়া সমৃদ্ধিশালী হইয়া স্বর্গরাজ্য অধিকারপূর্বক সেখানে বিহার করিবে—ইহাও তুমি দেখিতে ইচ্ছা করিতেছ।১৫

হে দেবি! আমার মনে হয় সম্প্রতি সেই অসুর-যূথপতিগণকে অতিক্রম করা প্রায় সম্ভব হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথাপ্যুপায়ো মম দেবি চিন্ত্যঃ
সন্তোষিতস্য ব্রতচর্য্যয়া তে।
মমার্চ্চনং নার্হতি গন্তুমন্যথা
শ্রদ্ধানুরূপং ফলহেতুকত্বাৎ ॥১৭

ত্বয়ার্চ্চিতশ্চাহমপত্যগুপ্তয়ে
পয়োব্রতেনানুগুণং সমীড়িতঃ।
স্বাংশেন পুত্রত্বমুপেত্য তে সুতান্
গোপ্তাস্মি মারীচতপস্যধিষ্ঠিতঃ ॥১৮

উপধাব পতিং ভদ্রে প্রজাপতিমকল্মষম্।
মাঞ্চ ভাবয়তী পত্যাবেবং রূপমবস্থিতম্ ॥১৯
নৈতৎ পরস্মা আখ্যেয়ং পৃষ্টয়াপি কথঞ্চন।
সর্ব্বং সম্পদ্যতে দেবি দেবগুহ্যং সুসংবৃতম্ ॥২০

শ্রীশুক উবাচ।

এতাবদুক্ত্বা ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত।
অদিতির্দুর্ল্লভং লব্ধ্বা হরের্জ্জন্মাত্মনি প্রভোঃ ॥২১
উপাধাবৎ পতিং ভক্ত্যা পরয়া কৃতকৃত্যবৎ।
স বৈ সমাধিযোগেন কশ্যপস্তদবুধ্যত।
প্রবিষ্টমাত্মনি হরেরংশং হ্যবিতথেক্ষণঃ ॥২২

অথাপি হে দেবি! তে ব্রহ্মচর্য্যয়া সন্তোষিতস্য মে ময়া তব প্রাপ্ত্যুপায়ঃ কশ্চিৎ চিন্ত্যঃ বিচারণীয়ঃ। যতঃ মদারাধনস্য শ্রদ্ধানুরূপং ফলহেতুকত্বাৎ মম অর্চ্চনম্ আরাধনং অন্যথা গন্তুং বিফলীভবিতুং ন অর্হতি ॥১৭

অহং চ ত্বয়া অপত্যগুপ্তয়ে স্বপুত্র-রক্ষণায় অনুগুণং যথোচিতং পয়োব্রতেন বিধিনা অর্চ্চিতঃ সম্যগীড়িতঃ স্তুতঃ চ, অতঃ মারীচস্য কশ্যপস্য তপসি তপোজনিতে তেজসি অধিষ্ঠিতঃ অবস্থিতঃ সাংশেন তব পুত্রত্বম্ উপেত্য অঙ্গীকৃত্য, তে তব সুতান্ গোপ্তাস্মি গোপয়িষ্যামি ॥১৮

হে ভদ্রে! পত্যৌ এবং রূপম্ অবস্থিতং মাং ভাবয়তী চিন্তয়ন্তী সতী অকল্মষং তাপসং পতিং প্রজাপতিং কশ্যপম্ উপধাব অনুবর্ত্তস্ব (ততঃ গর্ভং ধারয়) ॥১৯

হে দেবি! অনেন পৃষ্টয়া অপি ত্বয়া এতৎ দেবগুহ্যং মদুক্তং পরস্মৈ ন আখ্যেয়ং, যতঃ দেবগুহ্যং দেবানাং রহস্যং সর্ব্বং সুসংবৃতং সম্পদ্যতে সিধ্যতি ॥২০

শ্রীশুকঃ উবাচ। ভগবান্ বিষ্ণুঃ এতাবৎ উক্ত্বা তত্র এব অন্তরধীয়ত অন্তর্হিতবান্। অদিতিঃ তু প্রভোঃ হরেঃ দুর্লভম্ আত্মনি স্বস্মিন্ জন্ম লব্ধ্বা আত্মানং কৃতকৃত্যবৎ মন্যমানা পরয়া ভক্ত্যা প্রেম্না পতিম্ উপাধাবৎ। সঃ বৈ অবিতথেক্ষণঃ সর্বজ্ঞঃ কশ্যপঃ তৎ তদা সমাধিযোগেন আত্মনি প্রবিষ্টং হরেঃ অংশম্ অবুধ্যত জ্ঞাতবান্ ॥২১-২২

যেহেতু অনুকূল কালের আশ্রয়ে ব্রাহ্মণগণ তাহাদিগকে রক্ষা করিতেছেন; সুতরাং সেখানে বিক্রম প্রকাশ করিতে গেলে তাহা সুখের কারণ হইবে না।১৬

হে দেবি! তথাপি তুমি ব্রতচর্য্যাদ্বারা আমাকে সন্তুষ্ট করায় উপস্থিত বিষয়ে কোনরূপ উপায় চিন্তা করা আমার অবশ্যই কর্তব্য। আমার আরাধনা আরাধনাকারীর ইচ্ছানুরূপ ফল জন্মায় বলিয়া তোমার অনুষ্ঠিত এই আরাধনা অন্যথা হইতে পারেনা।১৭

তোমার পুত্রগণের রক্ষার জন্য তুমি পয়োব্রতদ্বারা আমার অর্চনা এবং গুণানুরূপ স্তুতি করিয়াছ। অতএব আমি কশ্যপের তপস্যা আশ্রয়পূর্বক নিজ অংশদ্বারা তোমার পুত্রত্ব প্রাপ্ত হইয়া তোমার পুত্রগণকে রক্ষা করিব।১৮

হে ভদ্রে! অতএব আমি তোমার পতির মধ্যে এইরূপে অবস্থান করিতেছি—এই প্রকার চিন্তা-সহকারে তুমি নিজ পতি নিষ্পাপ কশ্যপকে ভজন কর।১৯

হে দেবি! কেহ জিজ্ঞাসা করিলেও কোনরূপেই ইহা অপরের নিকট বলিবেনা। দেবগণের সর্বপ্রকার রহস্য সম্যগ ভাবে অপ্রকাশিত রাখিলেই উহা সুফল দান করে।২০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

সমাহিতমনাঃরাজন্ দারুণ্যগ্নিং যথানিলম্।
সোঽদিত্যাং বীর্য্যমাধত্ত তপসা চিরসম্ভৃতম্ ॥২৩

অদিতের্ধিষ্ঠিতং গর্ভং ভগবন্তং সনাতনম্।
হিরণ্যগর্ভো বিজ্ঞায় সমীড়ে গুহ্যনামভিঃ ॥২৪

ব্রহ্মোবাচ।

জয়োরুগায় ভগবন্নুরুক্রম নমোঽস্তু তে।
নমো ব্রহ্মণ্যদেবায় ত্রিগুণায় নমো নমঃ ॥২৫

নমস্তে পৃশ্নিগর্ভায় বেদগর্ভায় বেধসে।
ত্রিনাভায় ত্রিপৃষ্ঠায় শিপিবিষ্টায় বিষ্ণবে ॥২৬

ত্বমাদিরন্তো ভুবনস্য মধ্য-
মনন্তশক্তিং পুরুষং যমাহুঃ।
কালো ভবানাক্ষিপতীশ বিশ্বং
স্রোতো যথান্তঃপতিতং গভীরম্ ॥২৭

হে রাজন্! ততঃ চ সমাহিতমনাঃ সঃ কশ্যপঃ তপসা চিরং চিরকালং সংভৃতং ধৃতং বীর্য্যম্ অনিলঃ যথা দারুণি অগ্নিম্ আধত্তে, তথা আ আদিত্যং বীর্য্যম্ আধত্ত নিহিতবান্ ॥২৩

ততঃ অদিতেঃ গর্ভম্ অধিষ্ঠিতং প্রবিষ্টং সনাতনং ভগবন্তং বিজ্ঞায় হিরণ্যগর্ভঃ ব্রহ্মা গুহ্যনামভিঃ সমীড়ে তুষ্টাব ॥২৪

ব্রহ্মা উবাচ। হে ভগবান্! ত্বং জয় স্বোৎকর্ষং প্রকটয়! হে উরুগায়! হে উরুক্রম! ভগবন্ তে তুভ্যং নমঃ অস্তু। ব্রহ্মণ্যদেবায় ত্রিগুণায় গুণত্রয়নিয়ন্ত্রে তুভ্যং নমো নমঃ ॥২৫

পৃশ্নিগর্ভায়, বেদগর্ভায়, (বেদাঃ গর্ভে যস্য তস্মৈ), বেধসে সর্ব্ববিধাত্রে, ত্রিনাভায় (ত্রয়ো লোকাঃ প্রলয়ে নাভ্যাং যস্য তস্মৈ), ত্রিপৃষ্ঠায় (ত্রয়াণাং লোকানাং পৃষ্ঠে উপরি বৈকুণ্ঠে স্থিতায়), শিপিবিষ্টায় (শিপয়ঃ পশুতুল্যাঃ জীবাঃ যেষু অন্তর্যামিতয়া প্রবিষ্টায়), বস্তুতস্তু বিষ্ণবে ব্যাপিনে নমঃ ॥২৬

ভুবনস্য বিশ্বস্য আদি উপাদানম্, অন্তঃ প্রলয়াবধি, মধ্যং বর্ত্তমানং স্বরূপং চ ত্বম্ এব! গভীরং স্রোতঃ নদীপ্রবাহঃ যথা স্বান্তঃপতিতং তৃণাদিকম্ আকর্ষতি, তথা হে ঈশ! যং অপরিমতশক্তিং পুরুষম্ আহুঃ, সঃ কালরূপঃ সন্ ভবান্ এতৎ বিশ্বম্ আক্ষিপতি প্রবর্ত্তয়তি ॥২৭

এরূপ বলিয়া সেখানেই অন্তর্হিত হইয়াছিলেন। অদিতিও নিজের মধ্যে ভগবান্ শ্রীহরির দুর্লভ জন্মের বরলাভ করিয়া কৃতার্থের ন্যায় পরম ভক্তিসহকারে পতি কশ্যপের নিকট গমন করিলেন। সত্যদর্শী কশ্যপ ও নিজের মধ্যে শ্রীহরির অংশ প্রবিষ্ট হইয়াছে ইহা জানিতে পারিলেন এবং বায়ু যেরূপ বনের বৃক্ষসমূহের মধ্যে সংঘর্ষ সৃষ্টি করিয়া তন্মধ্যে বনদাহক অগ্নির সঞ্চার করে, সেরূপ তিনিও একাগ্রচিত্তে অদিতির মধ্যে চির তপস্যাসঞ্চিত বীর্য্য স্থাপন করিলেন।২১-২৩

অদিতির মধ্যে সনাতন ভগবান্ শ্রীহরি গর্ভরূপে অধিষ্ঠিত হইয়াছেন জানিতে পারিয়া ভগবান্ ব্রহ্মা তাঁহার গোপনীয় নামসমূহদ্বারা এরূপ স্তুতি করিয়াছিলেন।২৪

হে উরুগায়! আপনার জয় হউক। হে ভগবন্ উরুক্রম! আপনাকে নমস্কার করি। আপনি ব্রহ্মণ্যদেব ও ত্রিগুণস্বরূপ, আপনাকে নমস্কার করি।২৫

হে দেব! অদিতি পূর্ব জন্মে পৃশ্নিনামে বিখ্যাত ছিলেন, আপনি তাঁহার পুত্র, আপনাকে নমস্কার করি। হে প্রভো! আপনি বিধাতা, বেদসমূহ আপনা হইতেই প্রকাশিত হয় এবং আপনার তত্ত্ব বেদসমূহেই প্রকাশিত রহিয়াছে। এই ত্রিলোক আপনার নাভিদেশে এবং আপনি স্বয়ং ত্রিলোকের উপরিভাগে অবস্থিত। আপনি শিপিবিষ্ট অর্থাৎ জীবগণের অন্তর্যামী। এরূপ হইয়া আপনি সর্বত্র বিরাজমান রহিয়াছেন।২৬

হে ঈশ! আপনি এই ভুবনমণ্ডলের আদি, অন্ত ও মধ্য। পণ্ডিতগণ সেই আপনাকেই অনন্তশক্তি পুরুষ বলিয়া থাকেন। গভীর স্রোত যেরূপ নিজের

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্বং বৈ প্রজানাং স্থিরজঙ্গমানাং
প্রজাপতীনামসি সম্ভবিষ্ণুঃ।
দিবৌকসাং দেব দিবশ্চ্যুতানাং
পরায়ণং নৌরিব মজ্জতোঽপ্সু ॥২৮

বৈ অবধারণে, স্থির-জঙ্গমানাং প্রজানাম্ অস্মদাদীনাং প্রজাপতীনাং চ ত্বম্ এব সম্ভবিষ্ণুঃ উৎপাদনশীলঃ অসি। অতঃ হে দেব! দিবশ্চ্যুতানাং স্বর্গাৎ ভ্রষ্টানাং দিবৌকসাং দেবানাম্ অপ্সু মজ্জতঃ জনস্য নৌঃ ইব ত্বম্ এব পরায়ণং পরমাশ্রয়ঃ ॥২৮

মধ্যে পতিত তৃণাদিকে আকর্ষণ করে, কালরূপী আপনিও সেরূপ এই বিশ্বকে নিজের মধ্যে আকর্ষণ করিতেছেন।২৭

হে দেব! আপনিই স্থাবর জঙ্গম প্রজাসমষ্টি এবং প্রজাপতিগণেরও জনক হন। সম্প্রতি আপনি জলনিমগ্ন ব্যক্তির পক্ষে নৌকার ন্যায় স্বর্গচ্যুত দেবতাগণের পরম আশ্রয়।২৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তদশোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

অষ্টাদশঃ অধ্যায়ঃ

[শ্রীভগবতো বামনস্যাবির্ভাবঃ, বলিযজ্ঞশালাগমনম্ বলিনা তস্য পূজনঞ্চ।]

শ্রীশুক উবাচ
ইত্থং বিরিঞ্চস্তুতকর্ম্মবীর্য্যঃ
প্রাদুর্বভূবামৃতভূরদিত্যাম্।
চতুর্ভুজঃ শঙ্খ-গদাব্জ-চক্রঃ
পিশঙ্গবাসা নলিনায়তেক্ষণঃ ॥১

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ইত্থম্ উক্তপ্রকারেণ বিরিঞ্চেন ব্রহ্মণা স্তুতং কর্ম্ম বীর্য্যং প্রভাবঃ চ যস্য সঃ, অমৃতভূঃ মোক্ষদাতা, নলিনায়তেক্ষণঃ পদ্মলোচনঃ, শঙ্খ-গদাব্জ-চক্রঃ, পিশঙ্গ-বাসা চতুর্ভুজঃ ভগবান্ অদিত্যাং প্রাদুর্বভূব ॥১

অষ্টাদশ অধ্যায়।

[শ্রীভগবান্ বামনদেবের আবির্ভাব, বলি যজ্ঞশালায় গমন এবং বলিকর্তৃক তাঁহার পূজা।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ব্রহ্মা পূর্বোক্তরূপে ভগবানের কর্ম ও প্রভাবের স্তুতি করিলে জন্ম মৃত্যুরহিত, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মধারী, পীতবসন, কমললোচন সেই শ্রীহরি অদিতির মধ্যে আবির্ভূত হইলেন।১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্যামাবদাতো ঝষরাজকুণ্ডল-
ত্বিষোল্লসচ্ছ্রীবদনাম্বুজঃ পুমান্ ।
শ্রীবৎসবক্ষা বলয়াঙ্গদোল্লসৎ-
কিরীট-কাঞ্চীগুণ-চারুনূপুরঃ ॥২

মধুব্রতব্রাতবিঘুষ্টয়া স্বয়া
বিরাজিতঃ শ্রীবনমালয়া হরিঃ ।
প্রজাপতের্বেশ্মতমঃ স্বরোচিষা
বিনাশয়ন্ কণ্ঠনিবিষ্টকৌস্তুভঃ ॥৩

(শ্যামঃ চাসৌ অবদাতঃ নির্ম্মলঃ চ সঃ) শ্যামাবদাতঃ ঝষরাজঃ মকরঃ তদাকারয়োঃ কুণ্ডলয়োঃ ত্বিষা দীপ্ত্যা উল্লসন্তী শ্রীঃ শোভা বদনাম্বুজে যস্য সঃ, পুমান্ পুরুষবিগ্রহঃ তথা শ্রীবৎসঃ রোমচিহ্নবিশেষঃ বক্ষসি যস্য সঃ, বলয়ৈঃ অঙ্গদৈঃ চ সহ উল্লসন্তি কিরীটাদীনি যস্য সঃ ॥২

মধুব্রতানাং ভৃঙ্গাণাং ব্রাতেন সঙ্ঘেন বিঘুষ্টয়া নাদিতয়া স্বয়া শ্রীমত্যা বনমালয়া বিরাজিতঃ, কণ্ঠে নিবিষ্টঃ ধৃতঃ কৌস্তুভঃ মণিঃ যেন সঃ, হরিঃ স্বস্য রোচিষা স্বকান্ত্যা প্রজাপতেঃ কশ্যপস্য বেশ্মগতম্ তমঃ অপনুদন্ প্রাদুর্বভূব ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৩

তদা দিশঃ সলিলাশয়াঃ প্রসেদুঃ, প্রজাঃ সর্ব্বে প্রাণিনঃ প্রহৃষ্টাঃ জাতাঃ, ঋতবঃ গুণান্বিতাঃ আসন্ ; দ্যৌঃ অন্তরীক্ষং

তাঁহার বর্ণ শ্যাম অথচ উজ্জ্বল, মুখকমল কর্ণস্থিত মকরাকৃতি কুণ্ডলযুগলের দীপ্তিযোগে উদ্ভাসিত, তাঁহার বক্ষঃস্থল শ্রীবৎসচিহ্ন দ্বারা সুশোভিত এবং বলয়, কেয়ূর, মুকুট, চন্দ্রহার ও মনোরম নূপুর-যুগল দেহমধ্যে নিজ নিজ স্থানে উল্লসিত হইয়াছিল ।২

তাঁহার কণ্ঠদেশে কৌস্তুভমণি শোভা পাইতেছিল এবং তৎকালে সেই শ্রীহরি মধুকরগণের গুঞ্জনযুক্ত নিজ বনমালাদ্বারা বিভূষিত হইয়া নিজ দীপ্তিদ্বারা প্রজাপতি কশ্যপের গৃহের অন্ধকার বিনাশ করিতেছিলেন ।৩

সেই শুভমুহূর্ত্তে দিঙ্মণ্ডল ও জলাশয়সমূহ প্রসন্ন, প্রজাগণ হর্ষান্বিত, ঋতুসমূহ যথোচিত গুণযুক্ত এবং

দিশঃ প্রসেদুঃ সলিলাশয়াস্তদা
প্রজাঃ প্রহৃষ্টা ঋতবো গুণান্বিতাঃ ।
দ্যৌরন্তরীক্ষং ক্ষিতিরগ্নিজিহ্বা
গাবো দ্বিজাঃ সঞ্জহৃষুর্নগাশ্চ ॥৪

শ্রোণায়াং শ্রবণদ্বাদশ্যাং মুহূর্ত্তেঽভিজিতি প্রভুঃ ।
সর্ব্বে নক্ষত্রতারাদ্যাশ্চক্রুস্তজ্জন্ম দক্ষিণম্ ॥৫

দ্বাদশ্যাং সবিতাঽতিষ্ঠন্মধ্যন্দিনগতো নৃপ ।
বিজয়া নাম সা প্রোক্তা যস্যাং জন্ম বিদুর্হরেঃ ॥৬

ক্ষিতিঃ, অগ্নিজিহ্বাঃ দেবাঃ, নগাঃ পর্ব্বতাঃ, গাবঃ দ্বি... সংজহৃষু হর্ষযুক্তাঃ বভূবুঃ ॥৪

শ্রবণদ্বাদশ্যাং (শ্রবণদ্বাদশী ভাদ্রপদ-শুক্লদ্বাদশীতি ... তস্যাং) শ্রোণায়াং শ্রবণনক্ষত্রস্থে চন্দ্রে সতি, তত্রাপি ... প্রথমাংশে অভিজিন্নামকে নক্ষত্রে এবম্ মুহূর্ত্তে প্রভুঃ প্রাদু... তদানীং সর্ব্বে নক্ষত্র-তারাদ্যাঃ তজ্জন্ম দক্ষিণম্ উদারং ... (জন্মমুহূর্ত্তে-গুণাবহাঃ বভূবুঃ) ॥৫

যস্যাং দ্বাদশ্যাং হরেঃ জন্ম সা দ্বাদশী বিজয়া নাম প্রো... হে নৃপ ! যদা অহনি চ সবিতা সূর্য্যঃ মধ্যংদিনগতঃ ... তিষ্ঠন্ বভূব ॥৬

স্বর্গ, আকাশ, পৃথিবী, দেবগণ, ব্রাহ্মণগণ, গোম... ও পর্বতগণ প্রীতিভরে উৎফুল্ল হইয়াছিল ।৪

ভাদ্রমাসের শুক্লপক্ষের দ্বাদশীতিথিতে ... শ্রবণস্থিত হইলে শ্রবণের প্রথম অংশে অভি... নক্ষত্রে ভগবান্ আবির্ভূত হইয়াছিলেন। ... নক্ষত্রগণ সকলেই অনুকূল হইয়া ভগবানের ... আবির্ভাবকে শুভময় করিয়াছিল ।৫

হে মহারাজ ! যে দ্বাদশী তিথিতে অদিতির ... ভগবানের আবির্ভাব হইয়াছিল, তাহার নাম বি... দ্বাদশী। উক্ত তিথিতে যে সময়ে ভগবা... আবির্ভাব ঘটিয়াছিল, তখন সূর্য দিবসের মধ্য... অবস্থান করিতেছিলেন ।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শঙ্খ-দুন্দুভয়ো নেদুর্ম্মৃদঙ্গপণবানকাঃ।
চিত্রবাদিত্রতূর্য্যাণাং নির্ঘোষস্তুমুলোঽভবৎ ॥৭

প্রীতাশ্চাপ্সরসোঽনৃত্যন্ গন্ধর্ব্বপ্রবরা জগুঃ।
তুষ্টুবুর্মুনয়ো দেবা মনবঃ পিতরোঽগ্নয়ঃ ॥৮

সিদ্ধবিদ্যাধরগণাঃ সকিম্পুরুষকিন্নরাঃ।
চারণা যক্ষরক্ষাংসি সুপর্ণা ভুজগোত্তমাঃ ॥৯

গায়ন্তোঽতিপ্রশংসন্তো নৃত্যন্তো বিবুধানুগাঃ।
অদিত্যা আশ্রমপদং কুসুমৈঃ সমবাকিরন্ ॥১০

দৃষ্ট্বাদিতিস্তং নিজগর্ভসম্ভবং
পরং পুমাংসং মুদমাপ বিস্মিতা।
গৃহীতদেহং নিজযোগমায়য়া
প্রজাপতিশ্চাহ জয়েতি বিস্মিতঃ ॥১১

যত্তদ্ বপুর্ভাতি-বিভূষণায়ুধৈ-
রব্যক্তচিদ্‌ব্যক্তমধারয়দ্ধরিঃ।
বভূব তেনৈব স বামনো বটুঃ
সম্পশ্যতোর্দিব্যগতির্যথা নটঃ ॥১২

তথা শঙ্খদুন্দুভয়ঃ, ভের্য্যঃ, মৃদঙ্গ-পণবাদয়ঃ চ নেদুঃ ; তেষাং চিত্রবাদিত্রতূর্য্যাণাং চ তুমূলঃ মহান্ নির্ঘোষঃ শব্দঃ অভবৎ ॥৭

অপ্সরসঃ প্রীতাঃ অনৃত্যন্ ; গন্ধর্ব্বপ্রবরাঃ জগুঃ, মুনয়ঃ, দেবাঃ, মনবঃ, পিতরঃ, অগ্নয়ঃ, সিদ্ধ-বিদ্যাধরগণাঃ, সকিংপুরুষকিন্নরাঃ, চারণাঃ যক্ষরক্ষাংসি, সুপর্ণাঃ ভুজগোত্তমাঃ, বিবুধানুগাঃ চ যথা যোগ্যং তুষ্টুবুঃ জগুঃ প্রশশংসুঃ ননৃতুঃ চ, তথা এবং গায়ন্তঃ নৃত্যন্তঃ চ সর্ব্বে প্রমুদিতাঃ সন্তঃ অদিত্যাঃ আশ্রমপদং কুসুমৈঃ সম্যক্ অবাকিরন্ ॥৮-১০

অদিতিঃ তং পরং পুমাংসং পুরুষোত্তমং নিজযোগমায়য়া স্বচিন্তাশক্ত্যা, গৃহীতদেহং নিজগর্ভসম্ভবং দৃষ্ট্বা বিস্মিতা সতী মুদং হর্ষম্ আপ। তথা প্রজাপতিঃ কশ্যপশ্চ তং দৃষ্ট্বা বিস্মিতঃ সন্ জয় ইতি আহ ॥১১

ভাতিবিভূষণায়ুধৈঃ (ভাতিঃ দীপ্তিঃ বিভূষণানি আয়ুধানি চ তৈঃ) বক্তং যৎ অব্যক্তং চিদ্‌বপুঃ দিব্যগতিঃ হরিঃ অধারয়ৎ নটঃ যথা তথা তেনৈব বপুষা সংপশ্যতোঃ তয়োঃ মাতা-পিত্রোঃ এব সঃ বামনঃ হ্রস্বাঙ্গঃ বটুঃ ব্রাহ্মণঃ বভূব ॥১২

সে সময়ে শঙ্খ, দুন্দুভি, মৃদঙ্গ, পণব, পটহ এবং অন্যান্য বিচিত্র বাদ্য ও তূর্য্যসমূহের তুমুল ধ্বনি উত্থিত হইয়াছিল।৭

তৎকালে সন্তুষ্টচিত্ত অপ্সরাগণ নৃত্য, শ্রেষ্ঠ গন্ধর্বগণ সঙ্গীত ও মুনিগণ স্তুতি পাঠ করিয়াছিলেন এবং দেবগণ, মনুগণ, পিতৃগণ, অগ্নিসমূহ ও দেবগণের অনুসরণক্রমে সিদ্ধগণ, বিদ্যাধরগণ, কিম্পুরুষগণ, কিন্নরগণ, চারণগণ, যক্ষগণ, রাক্ষসগণ, গরুড়াদি পক্ষিগণ ও শ্রেষ্ঠ নাগগণ নৃত্য-গীত-স্তুতি-সহকারে অদিতির আশ্রমে পুষ্পবর্ষণ করিয়াছিলেন।৮-১০

অদিতি নিজ গর্ভজাত সেই পরম পুরুষকে দর্শন করিয়া বিস্ময়সহকারে হর্ষযুক্তা হইলেন এবং কশ্যপ সেই ভগবান্‌কে নিজ যোগমায়াবলে দেহধারণ করিতে দেখিয়া বিস্ময়ে—'আপনি জয়যুক্ত হউন' এরূপ বলিয়াছিলেন।১১

(আরও বিস্ময়ের কথা এই যে) অব্যক্ত চৈতন্য-স্বরূপ শ্রীহরি প্রথমতঃ তৎকালে সমুজ্জল দীপ্তি, অলঙ্কার ও অস্ত্রসহযোগে সুস্পষ্টরূপে যে মূর্তি ধারণ করিয়াছিলেন, পশ্চাৎ অদিতি ও কশ্যপের দৃষ্টির সম্মুখেই বিচিত্র লীলাময় ভগবান্ সেই মূর্তি-দ্বারাই বিরাজ করিয়া নটের ন্যায় বামনাকৃতি বটু হইয়াছিলেন।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং বটুং বামনং দৃষ্ট্বা মোদমানা মহর্ষয়ঃ ।
কর্ম্মাণি কারয়ামাসুঃ পুরস্কৃত্য প্রজাপতিম্ ॥১৩
তস্যোপনীয়মানস্য সাবিত্রীং সবিতাব্রবীৎ ।
বৃহস্পতির্ব্রহ্মসূত্রং মেখলাং কশ্যপোঽদদাৎ ॥১৪
দদৌ কৃষ্ণাজিনং ভূমির্দণ্ডং সোমো বনস্পতিঃ ।
কৌপীনাচ্ছাদনং মাতা দ্যৌশ্ছত্রং জগতঃ পতেঃ ॥১৫
কমণ্ডলুং বেদগর্ভঃ কুশান্ সপ্তর্ষয়ো দদুঃ ।
অক্ষমালাং মহারাজ সরস্বত্যব্যয়াত্মনঃ ॥১৬

তস্মা ইত্যুপনীতায় যক্ষরাট্ পাত্রিকামদাৎ ।
ভিক্ষাং ভগবতী সাক্ষাদুমাদাদম্বিকা সতী ॥১৭
সব্রহ্মবর্চ্চসেনৈবং সভাং সম্ভাবিতো বটুঃ ।
ব্রহ্মর্ষিগণসংঘুষ্টামত্যরোচত মারিষ ॥১৮
সমিদ্ধমাহিতং বহ্নিং কৃত্বা পরিসমূহনম্ ।
পরিস্তীর্য্য সমভ্যর্চ্চ্য সমিদ্ভিরজুহোদ্ দ্বিজঃ ॥১৯

তং বামনং বটুং দৃষ্ট্বা মোদমানাঃ মহর্ষয়ঃ প্রজাপতিং কশ্যপং পুরস্কৃত্য কর্ম্মাণি জাতকর্ম্মাদীনি কারয়ামাসুঃ ॥১৩

উপনীয়মানস্য উপনয়নেন সংস্ক্রিয়মাণস্য তস্য বামনস্য সবিতা সূর্য্যঃ সাবিত্রীম্ অব্রবীৎ উপদিষ্টবান্, বৃহস্পতিঃ তস্মৈ ব্রহ্মসূত্রং যজ্ঞোপবীতং তথা মেখলাং কটিসূত্রং কশ্যপঃ অদাৎ ॥১৪

ভূমিঃ তদভিমানিনী দেবতা কৃষ্ণাজিনং মৃগচর্ম্ম দদৌ; বনস্পতিঃ বৃক্ষাণাং পতিঃ সোমঃ চন্দ্রঃ দণ্ডং দদৌ; কৌপীনং তদাচ্ছাদনঞ্চ মাতা অদিতিঃ তথা জগতঃ পতেঃ বামনস্য (বামনায়) দ্যৌঃ তদভিমানিনী দেবতা ছত্রং দদৌ ॥১৫

বেদগর্ভঃ ব্রহ্মা কমণ্ডলুং, তথা সপ্তর্ষয়ঃ কুশান্ দদুঃ; হে মহারাজ! অব্যয়াত্মনঃ ভগবতঃ অক্ষমালাং সরস্বতী দদৌ ॥১৬

ইতি এবম্ উপনীতায় তস্মৈ বামনায় যক্ষরাট্ কুবেরঃ পাত্রিকাং ভিক্ষাপাত্রম্ অদাৎ তথা অম্বিকা জগতঃ মাতৃত্বে-নাভিমতা সতী পতিব্রতা সাক্ষাৎ ভগবতী উমা ভবানী ভিক্ষাং দদৌ ॥১৭

এবং সম্ভাবিতঃ যৎকৃতঃ সঃ মারিষঃ সর্ব্বশ্রেষ্ঠঃ বামনঃ বটুঃ ব্রহ্মবর্চ্চসেন স্বতেজসা ব্রহ্মর্ষিগণ-সঙ্ঘুষ্টাং সভাম্ অতি অতিক্রম্য অরোচত ॥১৮

সঃ দ্বিজঃ বামনঃ সমিদ্ধং প্রজ্বলিতম্, আহিতং স্থাপিতম্ উপনয়নাগ্নিং পরিসমূহণম্ ঋজুং কৃত্বা, পরিস্তীর্য্য প্রসার্য্য, সম্যক্ অভ্যর্চ্চ্য সমিদ্ভিঃ হবনসাধনৈঃ অজুহোৎ ॥১৯

মহর্ষিগণ সেই বামন বটুকে দর্শন করিয়া আনন্দিত চিত্তে কশ্যপকে অগ্রবর্ত্তী করিয়া জাতকর্মসমূহ সম্পাদন করাইয়াছিলেন ।১৩

হে মহারাজ! এই বামন বটুর উপনয়নকালে ভগবান্ সূর্য্যদেব গায়ত্রী বলিয়াছিলেন এবং বৃহস্পতি তাঁহাকে যজ্ঞসূত্র ও কশ্যপ মেখলা দান করিয়াছিলেন ।১৪

এইরূপ ধরিত্রী তাঁহাকে কৃষ্ণাজিন, বনস্পতি চন্দ্র দণ্ড, মাতা অদিতি কৌপীন আচ্ছাদন এবং স্বর্গলোক সেই জগৎপতিকে ছত্র দান করিয়াছিলেন ।১৫

ব্রহ্মা তাঁহাকে কমণ্ডলু, সপ্তর্ষিগণ কুশ এবং সরস্বতী সেই অব্যয়াত্মা পুরুষকে অক্ষমালা প্রদান করিয়াছিলেন ।১৬

এইরূপে উপনয়ন হইলে যক্ষরাজ কুবের সেই উপনীত ব্রহ্মচারীকে ভিক্ষাপাত্র এবং ভগবতী সতী অম্বিকা উমা সাক্ষাদ্‌ভাবে তাঁহাকে ভিক্ষা প্রদান করিলেন ।১৭

এইরূপে সমাদৃত হইয়া সেই শ্রেষ্ঠ ব্রহ্মচারী বটু নিজ ব্রহ্মতেজদ্বারা ব্রহ্মর্ষিগণ সেবিত সেই সভাক্ষেত্রকে জয় করিয়া অতিশয় শোভা পাইয়াছিলেন ।১৮

অনন্তর সেই উপনীত ব্রহ্মচারী বটু উপনয়নকালে স্থাপিত অগ্নিকে যথাযথভাবে প্রদীপ্ত করিয়া পরিসমূহন ও পরিস্তরণ কর্মের পর যথোচিত অর্চনা করিয়া সমিধ রাশিদ্বারা হোম করিয়াছিলেন ।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুত্বাশ্বমেধৈর্যজমানমূর্জ্জিতং
বলিং ভৃগূণামুপকল্পিতৈস্ততঃ।
জগাম তত্রাখিলসারসম্ভৃতো
ভারেণ গাং সন্নময়ন্ পদে পদে ॥২০
তং নর্ম্মদায়াস্তট উত্তরে বলে-
র্যে ঋত্বিজস্তে ভৃগুকচ্ছসংজ্ঞকে।
প্রবর্ত্তয়ন্তো ভৃগবঃ ক্রতূত্তমং
ব্যচক্ষতারাদুদিতং যথা রবিম্ ॥২১
তে ঋত্বিজো যজমানঃ সদস্যা
হতত্বিষো বামনতেজসা নৃপ।
সূর্য্যঃ কিলায়াত্যুত বা বিভাবসুঃ
সনৎকুমারোঽথ দিদৃক্ষয়া ক্রতোঃ ॥২২
ইত্থং সশিষ্যেষু ভৃগুষ্বনেকধা
বিতর্কমাণো ভগবান্ স বামনঃ।
ছত্রং সদণ্ডং সজলং কমণ্ডলুং
বিবেশ বিভ্রদ্ধয়মেধবাটম্ ॥২৩
মৌঞ্জ্যা মেখলয়া বীতমুপবীতজিনোত্তরম্।
জটিলং বামনং বিপ্রং মায়ামাণবকং হরিম্ ॥২৪
প্রবিষ্টং বীক্ষ্য ভৃগবঃ সশিষ্যাস্তে সহাগ্নিভিঃ।
প্রত্যগৃহ্ণন্ সমুত্থায় সঙ্ক্ষিপ্তাস্তস্য তেজসা ॥২৫

ততঃ ভগবান্ বামনঃ ভৃগূণাং ভৃগুভিঃ, উপকল্পিতৈঃ কারিতৈঃ অশ্বমেধৈঃ, যজমানং যজন্তম্ ঊর্জ্জিতঃ ধনাদিভিঃ সমৃদ্ধং বলিং শ্রুত্বা ততঃ স্থানাৎ অখিলসারসংভৃতঃ (অখিলস্য প্রপঞ্চস্য সারেণ ভারেণ সংভৃতঃ পূর্ণঃ) বামনঃ স্বভারেণ গাং পৃথিবীং পদে পদে সন্নয়ন্ নম্রাং কুর্ব্বন্ তত্র বলি-সমীপং জগাম ॥২০

নর্ম্মদায়াঃ নদ্যাঃ উত্তরে তটে ভৃগুকচ্ছসংজ্ঞকে ক্ষেত্রে ক্রতূত্তমং যজ্ঞশ্রেষ্ঠং প্রবর্ত্তয়ন্তঃ যে বলেঃ ঋত্বিজঃ ভৃগবঃ শুক্রাদয়ঃ তে তং সমীপে এব উদিতং রবিং সূর্য্যম্ ইব অতি তেজস্বিনং বামনং ব্যচক্ষত অপশ্যন্ ॥২১

হে নৃপ! বামনস্য তেজসা হতত্বিষঃ অপহৃততেজস্কাঃ তে ঋত্বিজঃ, যজমানঃ বলিঃ, তথা সদস্যাঃ সভাস্থাঃ চ সর্ব্বে ক্রতোঃ যজ্ঞস্য দিদৃক্ষয়া কিল কিং সূর্য্যঃ আয়াতি উত বা অথবা বিভাবসুঃ অগ্নিঃ, অথবা সনৎকুমারঃ আয়াতি ইতি ব্যতর্কয়ন্ ॥২২

ইত্থং সশিষ্যেষু সশিষ্যৈঃ বলিসহিতৈঃ ভৃগুষু ভৃগুভিঃ, অনেকধা বিতর্কমাণঃ সঃ ভগবান্ বামনঃ সদণ্ডচ্ছত্রং সজলং জলপূর্ণং, কমণ্ডলুং চ বিভ্রৎ হয়মেধবাটং যজ্ঞশালাং বিবেশ ॥২৩

মৌঞ্জ্যা মুঞ্জনির্ম্মিতয়া মেখলয়া বীতং নিবদ্ধকটিম্ উপবীতাজিনোত্তরম্ (উপবীতবৎ ধৃতম্ অজিনম্ এব উত্তরীয়ং যস্য তং) মায়য়া স্বেচ্ছয়া এব মানবকং ধৃতব্রহ্মচারিবিগ্রহং বামনং হ্রস্বাঙ্গং বিপ্রং হরিম্ ॥২৪

যজ্ঞবাটে প্রবিষ্টং বীক্ষ্য তস্য বামনস্য তেজসা সংক্ষিপ্তাঃ সংকুচিতপ্রকাশাঃ তে সশিষ্যাঃ ভৃগবঃ অগ্নিভিঃ সহ সমুত্থায় তং প্রত্যগৃহ্ণন্ যথোচিতং সৎকৃতবন্তঃ ॥২৫

অনন্তর ভৃগুবংশীয় ব্রাহ্মণগণকর্তৃক প্রবর্তিত অশ্বমেধযজ্ঞসমূহদ্বারা যজমান বলি অতিশয় বলবান্ হইয়াছে শুনিয়া সকল প্রকার বলরাশিদ্বারা পরিপূর্ণ সেই বামনদেব প্রতিপদক্ষেপে নিজ ভারে ভূমিতল অবনমিত করিয়া বলির সেই যজ্ঞক্ষেত্রে গমন করিয়াছিলেন।২০

তৎকালে নর্মদার উত্তরতীরে ভৃগুকচ্ছনামক ক্ষেত্রে বলির যে সকল ভৃগুবংশীয় ঋত্বিক্ অশ্বমেধের প্রবর্তন করিতেছিলেন, তাঁহারা বামনদেবকে নিকটে উদিত সূর্য্যের ন্যায় দর্শন করিলেন।২১

হে মহারাজ! সে সময়ে ঋত্বিক্‌সকল যজমান বলি ও সদস্যগণ সকলে বামনদেবের তেজে নিষ্প্রভ হইয়া বিচার করিতে লাগিলেন যে—যজ্ঞদর্শনের জন্য সূর্য্য, অগ্নি কিংবা সনৎকুমারই কি এখানে উপস্থিত হইয়াছেন?২২

শিষ্যগণসহ ভৃগুবংশীয়গণ এরূপ নানাপ্রকার বিতর্ক করিতেছিলেন, এ অবস্থায় ভগবান্ বামনদেব ছত্র, দণ্ড ও সজল কমণ্ডলু ধারণ করিয়া যজ্ঞক্ষেত্রে প্রবেশ করিলেন।২৩

কটিদেশ মুঞ্জারচিত মেখলাদ্বারা বেষ্টিত এবং উপবীতের ন্যায় অজিনরূপ উত্তরীয়ধারী, মায়িক ব্রহ্মচারী, জটিল, বামনাকৃতি ব্রাহ্মণবেশী শ্রীহরিকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজমানঃ প্রমুদিতো দর্শনীয়ং মনোরমম্।
রূপানুরূপাবয়বং তস্মা আসনমাহরৎ ॥২৬

স্বাগতেনাভিনন্দ্যাথ পাদৌ ভগবতো বলিঃ।
অবনিজ্যার্চ্চয়ামাস মুক্তসঙ্গমনোরমম্ ॥২৭

তৎপাদশৌচং জনকল্মষাপহং
স ধর্ম্মবিন্মূর্দ্ধ্যদধাৎ সুমঙ্গলম্।
যদ্ দেবদেবো গিরিশশ্চন্দ্রমৌলি-
র্দধার মূর্দ্ধ্না পরয়া চ ভক্ত্যা ॥২৮

যজমানঃ বলিঃ রূপানুরূপাবয়বং দর্শনীয়ং মনোরমং তং বামনং দৃষ্ট্বা প্রমুদিতঃ সন্ তস্মৈ আসনম্ আহরৎ সমর্পিতবান্ ॥২৬

অথ অনন্তরং বলিঃ তং স্বাগতেন (স্বাগতমিতি বচনেন) অভিনন্দ্য তস্য ভগবতঃ পাদৌ অবনিজ্য প্রক্ষ্যাল্য, মুক্তসঙ্গমনোরমং (মুক্তসঙ্গানাং সর্ব্বতো বিরক্তানাং যোগিনাং মনোরমং মনঃসু ক্রীড়ন্তং) তম্ অর্চ্চয়ামাস ॥২৭

যৎ পাদশৌচং দেবদেবঃ ব্রহ্মা, চন্দ্রমৌলিঃ গিরিশঃ মহাদেবঃ চ পরয়া ভক্ত্যা পরমপ্রেম্না মূর্দ্ধ্না দধার, ধর্ম্মবিদ্ সঃ বলিঃ কুলকল্মষাপহং (কুলস্য কল্মষং পাপম্ অপহন্তীতি তৎ) সুমঙ্গলং মনোরথপ্রদং তৎ তস্য ভগবতঃ পাদশৌচং পাদপ্রক্ষালনজলং মূর্দ্ধ্নি অদাৎ ॥২৮

যজ্ঞক্ষেত্রে প্রবেশ করিতে দেখিয়া অগ্নিসহ সশিষ্য ভৃগুবংশীয় ব্রাহ্মণগণ সমকালে তাঁহার তেজে অভিভূত হইয়া গাত্রোত্থাপনপূর্ব্বক তাঁহার অভ্যর্থনা করিয়াছিলেন।২৪-২৫

যজমান বলি তৎকালে রূপের অনুরূপ অবয়ববিশিষ্ট, মনোরম ও সুদৃশ্য সেই বামনদেবকে দর্শন করিয়া অতিশয় হৃষ্টচিত্তে তাঁহাকে আসন প্রদান করিলেন।২৬

অনন্তর বলি স্বাগত প্রশ্নদ্বারা অভিনন্দনপূর্ব্বক ভগবানের পদযুগল ধৌত করিয়া, সঙ্গবিমুক্ত ও মনোরম ভগবান্ বামনদেবের পূজা করিয়াছিলেন।২৭

হে মহারাজ! চন্দ্রচূড় মহাদেব শঙ্কর পরম ভক্তিসহকারে (গঙ্গারূপে) যাহা নিজ মস্তকদ্বারা ধারণ করিয়াছিলেন, ধর্মজ্ঞ বলি জীবের কলুষনাশক ও পরম মঙ্গলজনক সেই ভগবৎপাদোদক মস্তকে ধারণ করিলেন।২৮

বলিরুবাচ।

স্বাগতং তে নমস্তুভ্যং ব্রহ্মন্ কিং করবাম তে।
ব্রহ্মর্ষীণাং তপঃ সাক্ষান্মন্যে ত্বার্য্য বপুর্ধরম্ ॥২৯

অদ্য নঃ পিতরস্তৃপ্তা অদ্য নঃ পাবিতং কুলম্।
অদ্য স্বিষ্টঃ ক্রতুরয়ং যদ্ভবানাগতো গৃহান্ ॥৩০

অদ্যাগ্নয়ো মে সুহুতা যথাবিধি
দ্বিজাত্মজ তচ্চরণাবনেজনৈঃ।
হতাংহসো বার্ভিরিয়ঞ্চ ভূরহো
তথা পুনীতা তনুভিঃ পদৈস্তব ॥৩১

বলিঃ উবাচ। হে ব্রহ্মন্! তে তব স্বাগতং সুষ্ঠ্বাগমনম্ অতঃ তুভ্যং নমঃ! তে তব কিং কার্য্যং করবাম! আর্য্য! বপুর্ধরং শ্রেষ্ঠবিগ্রহধরং ত্বা ত্বাং সাক্ষাৎ প্রত্যক্ষং ব্রহ্মর্ষীণাং তপঃ এব অহং মন্যে ॥২৯

অদ্য নঃ অস্মাকং পিতরঃ অদ্য তৃপ্তাঃ উদ্ধৃতাঃ জাতাঃ; তথা নঃ অস্মাকং কুলং পাবিতং পবিত্রং জাতম্! অহো! যৎ যস্মাৎ ভবান্ অস্মাকং গৃহান্ আগতঃ, তদা অয়ম্ অনুষ্ঠীয়মানঃ ক্রতুঃ চ অদ্য স্বিষ্টঃ স্বনুষ্ঠিতঃ জাতঃ ॥৩০

হে দ্বিজাত্মজ! তচ্চরণাবনেজনৈঃ তব পাদপ্রক্ষালনাবশিষ্টবার্ভিঃ জলৈঃ, হতাংহসঃ (হতম্ অংহঃ পাপং যস্য তস্য মে মম অগ্নয়ঃ অদ্য যথাবিধি সু সুষ্ঠু হুতাঃ জাতাঃ! তথা ইয়ং ম

শ্রীবলি বলিলেন—হে ব্রহ্মন্! আপনার সুখের আগমন হইয়াছে ত? আপনাকে প্রণাম করি। আপনার কোন্ কার্য্য করিব আদেশ করুন। হে আর্য্য! আমি আপনাকে সাক্ষাৎ ব্রহ্মর্ষিগণের মূর্তিমান্ তপঃসমষ্টি বলিয়াই মনে করি।২৯

যেহেতু আপনি আমার গৃহে শুভাগমন করিয়াছেন, সেইহেতু অদ্য আমার পিতৃগণ তৃপ্ত হইয়াছেন, অদ্য আমার বংশ পবিত্রীকৃত হইয়াছে এবং অদ্য আমার এই যজ্ঞ সুসম্পন্ন হইয়াছে।৩০

হে দ্বিজনন্দন! অদ্য আপনার পাদপ্রক্ষালন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদ্ যদ্ বটো বাঞ্ছসি তৎ প্রতীচ্ছ মে
ত্বামর্থিনং বিপ্রসুতানুতর্কয়ে।
গাং কাঞ্চনং গুণবদ্ধাম মৃষ্টং
তথান্নপেয়মুত বা বিপ্রকন্যাম্।
গ্রামান্ সমৃদ্ধাংস্তুরগান্ গজান্ বা
রথাংস্তথার্হত্তম সম্প্রতীচ্ছ ॥৩২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮

ভূঃ চ তব তনুভিঃ সুশ্লৈঃ পদৈঃ পুনীতা পবিত্রীকৃতা ॥৩১

হে বটো! হে বিপ্রসুত! ত্বাম্ অর্থিনং যাচিতারম্ অহম্ অনুতর্কয়ে লক্ষয়ে; অতঃ যৎ যৎ বাঞ্ছসি কাময়সে, তৎ মে মত্তঃ প্রতীচ্ছ প্রতিগৃহাণ! গাং ধেনুং, কাঞ্চনং সুবর্ণং, গুণবৎ ভোগোপকরণবিশিষ্টং ধাম গৃহং, মৃষ্টম্ অন্নং উত অথবা হে অর্হত্তম! বিপ্রকন্যাং, সুসমৃদ্ধান্ গ্রামান্, তুরগান্ হয়ান্, গজান্ রথান্ বা সংপ্রতীচ্ছ যথেচ্ছং গৃহাণ ॥৩২

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাদশোঽধ্যায়ঃ॥

জলদ্বারা আমার পাপ দূরীভূত হওয়ায় আমার অগ্নিসমূহের আহুতি যথাবিধি সিদ্ধ হইয়াছে এবং আপনার ক্ষুদ্র পদবিন্যাসে এই ধরণীও পবিত্র হইয়াছে।৩১

হে বিপ্রনন্দন! আমি আপনাকে প্রার্থী বলিয়া মনে করি। অতএব আপনি যাহা যাহা ইচ্ছা করেন, আমার নিকট হইতে তাহাই গ্রহণ করুন। হে পূজ্যতম! গো, সুবর্ণ, উত্তম গৃহ, সুস্বাদু অন্ন-পানীয়, বিপ্রকন্যা, সমৃদ্ধিশালী গ্রামসমূহ, অশ্ব, হস্তী ও রথ—ইহাদের মধ্যে যাহা আপনার অভীষ্ট তাহাই আমার নিকট হইতে গ্রহণ করুন।৩২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের অষ্টম স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
অষ্টাদশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঊনবিংশঃ অধ্যায়ঃ

[বামনেন সহ বলেঃ কথোপকথনম্, বলিতো বামনস্য পাদত্রয়ভূমিযাচনম্, শুক্রাচার্য্যেণ দাননিষেধশ্চ।]

শ্রীশুক উবাচ।

ইতি বৈরোচনের্বাক্যং ধর্ম্মযুক্তং সসূনৃতম্।
নিশম্য ভগবান্ প্রীতঃ প্রতিনন্দ্যেদমব্রবীৎ ॥১

শ্রীভগবানুবাচ।

বচস্তবৈতজ্জনদেব সূনৃতং
কুলোচিতং ধর্ম্মযুতং যশস্করম্।
যস্য প্রমাণং ভৃগবঃ সাম্পরায়ে
পিতামহঃ কুলবৃদ্ধঃ প্রশান্তঃ ॥২

ন হ্যেতস্মিন্ কুলে কশ্চিন্নিঃসত্ত্বঃ কৃপণঃ পুমান্।
প্রত্যাখ্যাতা প্রতিশ্রুত্য যো বাহদাতা দ্বিজাতয়ে ॥৩

ন সন্তি তীর্থে যুধি চার্থিনার্থিতাঃ
পরাঙ্মুখাঃ যে ত্বমনস্বিনো নৃপাঃ।
যুষ্মৎকুলে যদ্‌যশসামলেন
প্রহ্লাদ উদ্ভাতি যথোড়ুপঃ খে ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ইতি এবংবিধং ধর্ম্মযুক্তং সসূনৃতং মধুরং বৈরোচনেঃ বিরোচন-পুত্রস্য বলেঃ বাক্যং নিশম্য শ্রুত্বা প্রীতঃ সন্ ভগবান্ তং বলিং প্রতিনন্দ্য ইদং বক্ষমাণম্ অব্রবীৎ ॥১

শ্রীভগবান্ উবাচ। হে জনদেব! তব এতৎ বচঃ সূনৃতং সত্যং ধর্ম্মযুক্তং তথা কুলস্য উচিতং যোগ্যং, তথা তব যশস্করং যশোবিস্তারকং চ যস্য তব ঐহিকে এব ব্যবহারে ভৃগবঃ শুক্রাদয়ঃ এব প্রমাণম্, সাম্পরায়ে পরলোকসাধনে চ কুলবৃদ্ধঃ প্রশান্তঃ পিতামহঃ প্রহ্লাদঃ এব প্রমাণম্ ॥২

অস্মিন্ ত্বদীয়ে কুলে কশ্চিৎ অপি পুমান্ নিঃসত্ত্বঃ কৃপণঃ চ হি নিশ্চিতং ন জাতঃ, যঃ দ্বিজাতয়ে যাচকায় প্রত্যাখ্যাতা ন দদামীতি বক্তা; তথা প্রতিশ্রুত্য প্রতিজ্ঞায় যঃ বা অদাতা লোভাভিভূতঃ ॥৩

তীর্থে যুধি বা অর্থিনা অর্থিতাঃ যাচকেন যাচিতাঃ সন্তঃ যে তু পরাঙ্মুখাঃ প্রত্যাখ্যানকর্ত্তারঃ ভবেয়ুঃ, তথা অমনস্বিনঃ ধৈর্য্য-রহিতাঃ, নৃপাঃ যুষ্মৎকুলেন সন্তি; খে আকাশে উড়ুপঃ চন্দ্রঃ যথা তথা যৎ যস্মিন্ কুলে অমলেন শুদ্ধেন যশসা প্রহ্লাদঃ আভাতি ॥৪

ঊনবিংশ অধ্যায়

[শ্রীবামনদেবের সহিত বলির কথোপকথন, বলির নিকট হইতে শ্রীবামনদেবের পাদত্রয় ভূমি যাচ্ঞা এবং শুক্রাচার্য্যকর্তৃক দান নিষেধ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর ভগবান্ বামনদেব বলির এরূপ ধর্মযুক্ত সত্যপ্রিয় বাক্য শ্রবণ করিয়া সন্তুষ্টচিত্তে উহার অভিনন্দনপূর্বক এই কথা বলিয়াছিলেন।১

শ্রীভগবান্ বলিলেন—হে রাজন্! (ঐহিক এবং) পারলৌকিক ধর্মবিষয়ে ভৃগুবংশীয় ব্রাহ্মণগণ এবং কুল-বৃদ্ধ প্রশান্তচিত্ত প্রহ্লাদ মহারাজ যাহার প্রমাণস্বরূপ (অর্থাৎ তাঁহাদের নির্দেশেই যাহার পারলৌকিক ধর্ম কর্ম অনুষ্ঠিত হয়), তাদৃশ তোমার এই বাক্য সত্য, প্রিয়, বংশোচিত, ধর্মযুক্ত ও যশোজনক।২

তোমাদের এই বংশে এরূপ হৃদয়হীন বা কৃপণ কেহ জন্মগ্রহণ করেন নাই, যিনি যাচক ব্রাহ্মণকে প্রত্যাখ্যান করিয়াছেন, কিংবা প্রথমতঃ দানের প্রতিশ্রুতি দিয়া পশ্চাৎ দান করেন নাই।৩

হে রাজন্! দানকালে যাচকের দান প্রার্থনা কিংবা যুদ্ধে প্রতিপক্ষের যুদ্ধ-প্রার্থনায় পরাঙ্মুখ হয় এরূপ হীনচিত্ত ব্যক্তি তোমাদের এই বংশে কেহ উৎপন্ন হয় নাই। ইহারই দৃষ্টান্তস্বরূপ তোমাদের এই বংশে নির্মল যশঃসম্পন্ন শ্রীপ্রহ্লাদমহারাজ আকাশস্থিত চন্দ্রের ন্যায় বিরাজ করিতেছেন ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যতো জাতো হিরণ্যাক্ষশ্চরন্নেক ইমাং মহীম্।
প্রতিবীরং দিগ্বিজয়ে নাবিন্দত গদায়ুধঃ ॥৫
যং বিনির্জ্জিত্য কৃচ্ছ্রেণ বিষ্ণুঃ ক্ষ্মোদ্ধার আগতম্।
আত্মানং জয়িনং মেনে তদ্বীর্য্যং ভূর্য্যনুস্মরন্ ॥৬
নিশম্য তদ্বধং ভ্রাতা হিরণ্যকশিপুঃ পুরা।
হন্তুং ভ্রাতৃহণং ক্রুদ্ধো জগাম নিলয়ং হরেঃ ॥৭
তমায়ান্তং সমালোক্য শূলপাণিং কৃতান্তবৎ।
চিন্তয়ামাস কালজ্ঞো বিষ্ণুর্মায়াবিনাং বরঃ ॥৮

যতো যতোঽহং তত্রাসৌ মৃত্যুঃ প্রাণভৃতামিব।
অতোঽহমস্য হৃদয়ং প্রবেক্ষ্যামি পরাগ্দৃশঃ ॥৯
এবং স নিশ্চিত্য রিপোঃ শরীর-
মাধাবতো নির্বিবিশেঽসুরেন্দ্র।
শ্বাসানিলান্তর্হিত-সূক্ষ্মদেহ-
স্তৎপ্রাণরন্ধ্রেণ বিবিগ্নচেতাঃ ॥১০

যতঃ যস্মিন্ কুলে জাতঃ হিরণ্যাক্ষ গদায়ুধঃ (গদা এব আয়ুধং যস্য সঃ) একঃ অসহায়ঃ এব দিগ্বিজয়ে কৃৎস্নাং মহীং চরন্ পর্য্যটন্ প্রতিপক্ষং বীরং ন অবিন্দত ন লেভে ॥৫

ক্ষ্মোদ্ধারে (ভূম্যাঃ উদ্ধরণ-সময়ে) আগতং যং হিরণ্যাক্ষম্ (ধৃত-বরাহরূপঃ) বিষ্ণুঃ কৃচ্ছ্রেণ অতিপ্রয়াসেন বিনির্জ্জিত্য হত্বা অপি তস্য ভূরি অধিকং বীর্য্যম্ অনুস্মরন্ আত্মানং জয়িনং মেনে ॥৬

তস্য হিরণাক্ষস্য বধং শ্রুত্বা তস্য ভ্রাতা হিরণ্যকশিপুঃ পুরা ক্রুদ্ধঃ সন্ ভ্রাতৃহণং ভ্রাতুঃ হন্তারং বিষ্ণুং হন্তুং হরেঃ বিষ্ণোঃ নিলয়ং স্থানং জগাম ॥৭

কৃতান্তবৎ মৃত্যুমিব শূলপাণিং তং হিরণ্যকশিপুম্ আয়ান্তং সমালোক্য মায়াবিনং বরঃ শ্রেষ্ঠঃ কালজ্ঞঃ বিষ্ণুঃ চিন্তয়ামাস যথা ॥৮

অহং যতঃ যতঃ গমিষ্যামি, অসৌ প্রাণভৃতাং মৃত্যুঃ ইব তত্র তত্র আগচ্ছতি। অতঃ পরাগ্দৃশঃ বহির্দৃষ্টিবতঃ অস্য হৃদয়ম্ অহং প্রবেক্ষ্যামি (অন্তঃস্থং মাং সঃ ন দ্রক্ষ্যতি) ॥৯

হে অসুরেন্দ্র বলে! সঃ বিষ্ণুঃ তস্য শ্বাসানিলস্য অন্তর্হিতঃ সূক্ষ্মঃ দেহঃ যস্য তথাভূতঃ সন্ আধাবতঃ বেগেন আগচ্ছতঃ রিপোঃ হিরণ্যকশিপোঃ প্রাণরন্ধ্রেণ নাসিকামার্গেণ শরীরং নির্বিবেশে ॥১০

তোমাদের এই বংশে উৎপন্ন হিরণ্যাক্ষ গদাহস্তে একাকী দিগ্বিজয়ে সমগ্র পৃথিবী পর্য্যটন করিয়া প্রতিযোদ্ধা কাহাকেও লাভ করেন নাই।৫

বরাহরূপী বিষ্ণু রসাতল হইতে পৃথিবীর উদ্ধার-কালে নিকটে আগত ঐ হিরণ্যাক্ষকে অতিকষ্টে পরাজিত (নিহত) করিয়া নিরন্তর তাহার প্রভূত বীর্য্যের কথা স্মরণ করিতে করিতেই নিজকে জয়ী মনে করিয়াছিলেন।৬

পুরাকালে হিরণ্যকশিপু ভ্রাতার সেই বধের কথা শ্রবণ করিয়া ক্রুদ্ধচিত্তে ভ্রাতৃঘাতী বিষ্ণুকে বধ করিবার জন্য শ্রীহরির নিবাসক্ষেত্রে গমন করিয়াছিল।৭

মায়াবিগণের শ্রেষ্ঠ অথচ কালতত্ত্বজ্ঞ ভগবান্ শ্রীহরি যমরাজের ন্যায় শূলহস্তে সেই হিরণ্যকশিপুকে আসিতে দেখিয়া এরূপ চিন্তা করিয়াছিলেন।৮

আমি যেখানে যেখানেই যাই, এই দৈত্যও প্রাণিগণের মৃত্যুর ন্যায় সেই সেই স্থানেই গমন করে, অতএব আমি এখন বাহ্যদৃষ্টিশালী এই দৈত্যের হৃদয়ের মধ্যেই প্রবেশ করিব।৯

হে অসুররাজ! এইরূপ নির্ণয় করিয়া ভগবান্ শ্রীহরি নিজ অভিমুখে দ্রুতবেগে আগত সেই শত্রুর নাসারন্ধ্রদ্বারা তাহার শরীরমধ্যে প্রবেশপূর্বক নিজ অতিসূক্ষ্ম দেহটিকে তাহারই শ্বাসবায়ুর মধ্যে লুক্কায়িত রাখিয়া উদ্বিগ্নচিত্তে অবস্থান করিয়াছিলেন।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স তন্নিকেতং পরিমৃশ্য শূন্য-
মপশ্যমানঃ কুপিতো ননাদ।
ক্ষ্মাং দ্যাং দিশঃ খং বিবরান্ সমুদ্রান্
বিষ্ণুং বিচিন্বন্ ন দদর্শ বীরঃ ॥১১
অপশ্যন্নিতি হোবাচ ময়ান্বিষ্টমিদং জগৎ।
ভ্রাতৃহা মে গতো নূনং যতো নাবর্ত্ততে পুমান্ ॥১২
বৈরানুবন্ধ এতাবানামৃত্যোরিহ দেহিনাম্।
অজ্ঞানপ্রভবো মন্যুরহংমানোপবৃংহিতঃ ॥১৩

পিতা প্রহ্রাদপুত্রস্তে তদ্বিদ্বান্ দ্বিজবৎসলঃ।
স্বমায়ুর্দ্বিজলিঙ্গেভ্যো দেবেভ্যোঽদাৎ স যাচিতঃ ॥১৪
ভবানাচরিতান্ ধর্ম্মানাস্থিতো গৃহমেধিভিঃ।
ব্রাহ্মণৈঃ পূর্ব্বজৈঃ শূরৈরন্যৈশ্চোদ্দামকীর্ত্তিভিঃ ॥১৫
তস্মাৎ ত্বত্তো মহীমীষদ্ বৃণেঽহং বরদর্ষভাৎ।
পদানি ত্রীণি দৈত্যেন্দ্র সম্মিতানি পদা মম ॥১৬

ততঃ চ সঃ হিরণ্যকশিপুঃ শূন্যং তদ্রহিতং তস্য বিষ্ণোঃ নিকেতং স্থানং পরিমৃশ্য (সর্ব্বতোঽন্বিষ্য) তম্ অপশ্যমানঃ কুপিতঃ সন্ ননাদ (জিতং ময়া ইত্যুদ্‌ঘোষিতবান্); ততশ্চ পুনঃ ক্ষ্মাং পৃথিবীং, দ্যাং দিবং, দিশঃ, খম্ অন্তরীক্ষং, বিবরান্ অতলাদীন্ সমুদ্রান্ চ বিচিন্বন্ সঃ বীরঃ বিষ্ণুং ন দদর্শ ॥১১

তং বিষ্ণুম্ অপশ্যন্ ইতি বক্ষ্যমাণম্ (হ নিশ্চিতম্) আহ যথা, ময়া ইদং সর্ব্বং জগৎ অন্বিষ্টম্ অন্বেষিতং, তথাপি যতঃ মে ভ্রাতৃহা বিষ্ণুঃ ক্বাপি ন দৃশ্যতে, অতঃ পুমান্ যতঃ যং প্রাপ্য পুনঃ ন আবর্ত্ততে, তং মৃত্যুম্ এব নূনং নিশ্চিতম্ অসৌ গতঃ প্রাপ্তঃ ॥১২

দেহিনাং দেহাভিমানিনাম্ আমৃত্যোঃ মরণপর্য্যন্তঃ এব ইহ এতাবান্ বৈরানুবন্ধঃ ভবতি, যতঃ দেহাদৌ অহম্ ইত্যভিমানেন উপবৃংহিতঃ প্রবৃত্তঃ; অতঃ অজ্ঞানপ্রভবঃ এব ॥১৩

প্রহ্লাদস্য পুত্রঃ তে তব পিতা দ্বিজবৎসলঃ বিরোচনঃ তৎ বিদ্বান্ (দ্বিজরূপধারিণঃ দেবাঃ এব এতে ইতি জানন্) অপি দেবৈঃ যাচিতঃ সঃ দ্বিজলিঙ্গেভ্যঃ দেবেভ্যঃ স্বম্ আয়ুঃ অদাৎ ॥১৪

গৃহমেধিভিঃ গৃহস্থৈঃ ব্রাহ্মণৈঃ শুক্রাদিভিঃ পূর্ব্বজৈঃ বিরোচনাদিভিঃ, উদ্দামকীর্ত্তিভিঃ (উদ্দামা বিপুলা কীর্ত্তিঃ যেষাং তৈঃ) অন্যৈঃ চ শূরৈঃ আচরিতান্ অনুষ্ঠিতান্ ধর্ম্মান্ আস্থিতঃ অনুষ্ঠিতবান্ ॥১৫

তস্মাৎ হে দৈত্যেন্দ্র! বরদর্ষভাৎ বরদশ্রেষ্ঠাৎ ত্বত্তঃ সকাশাৎ মম পদা পাদেন সম্মিতানি পরিমিতানি ত্রীণি ত্রিপদপরিচ্ছিন্নাং ইমাম্ ঈষৎ মহীম্ অহং বৃণে যাচে ॥১৬

তৎকালে বীর হিরণ্যকশিপু বিষ্ণুর শূন্য নিবাস-স্থান অন্বেষণপূর্ব্বক তাঁহাকে না দেখিয়া ক্রোধভরে গর্জন করিয়াছিল। এইরূপে সে পৃথিবী, স্বর্গ, দশ দিক্, আকাশ, পাতালসমূহ এবং সমুদ্রসকল অন্বেষণ করিয়া বিষ্ণুকে দেখিতে পাইল না।১১

অনন্তর সে কোথাও বিষ্ণুর সাক্ষাৎকার না পাইয়া এরূপ বলিয়াছিল—আমি সমগ্র জগৎ অন্বেষণ করিয়াছি, অতএব আমার ভ্রাতৃঘাতী নিশ্চয়ই সেস্থানে গমন করিয়াছে, যেস্থান হইতে কোন লোক আর প্রত্যাগমন করে না (যদিও হিরণ্যাক্ষ বিষ্ণুকে মৃত্যুলোকগত মনে করিয়াই এরূপ বলিয়াছিল, তথাপি তাহার কথার বাস্তব অর্থ সত্য, যেহেতু বিষ্ণু সর্ব্বদা যে ব্রহ্মপদে অধিষ্ঠিত, তথা হইতে কাহারও সংসারে প্রত্যাগমন হয় না)।১২

দেহাভিমানিগণের ইহলোকে মৃত্যুকাল পর্য্যন্ত এরূপ বৈরানুবন্ধ (শক্রতার স্থায়িত্ব) ঘটিয়া থাকে। এইরূপ অজ্ঞানপ্রসূত ক্রোধও অহঙ্কারদ্বারা বর্দ্ধিত হইয়া তৎকালই স্থায়ী হয়।১৩

প্রহ্লাদের পুত্র এবং তোমার পিতা ব্রাহ্মণবৎসল বিরোচন ব্রাহ্মণবেশধারী নিজ শত্রু দেবতাগণকে চিনিতে পারিয়াও তাহাদের প্রার্থনানুসারে নিজের আয়ুঃ দান করিয়াছিলেন।১৪

হে রাজন্! তুমিও গৃহধর্মপরায়ণ ব্রাহ্মণগণ, নিজ বংশের পূর্বজাত বীরগণ এবং অন্যান্য উদারকীর্ত্তি পুরুষগণের অনুষ্ঠিত ধর্মসমূহ অবলম্বন করিয়াছ।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নান্যৎ তে কাময়ে রাজন্ বদান্যাজ্জগদীশ্বরাৎ।
নৈনঃ প্রাপ্নোতি বৈ বিদ্বান্ যাবদর্থপ্রতিগ্রহঃ ॥১৭

বলিরুবাচ।

অহো ব্রাহ্মণদায়াদ বাচস্তে বৃদ্ধসম্মতাঃ।
ত্বং বালো বালিশমতিঃ স্বার্থং প্রত্যবুধো যথা ॥১৮

মাং বচোভিঃ সমারাধ্য লোকানামেকমীশ্বরম্।
পদত্রয়ং বৃণীতে যোঽবুদ্ধিমান্ দ্বীপদাশুষম্ ॥১৯

ন পুমান্ মামুপব্রজ্য ভূয়ো যাচিতুমর্হতি।
তস্মাদ্ বৃত্তিকরীং ভূমিং বটো কামং প্রতীচ্ছ মে ॥২০

শ্রীভগবানুবাচ।

যাবন্তো বিষয়াঃ প্রেষ্ঠাস্ত্রিলোক্যামজিতেন্দ্রিয়ম্।
ন শক্নুবন্তি তে সর্ব্বে প্রতিপূরয়িতুং নৃপ ॥২১

ত্রিভিঃ ক্রমৈরসন্তুষ্টো দ্বীপেনাপি ন পূর্য্যতে।
নববর্ষসমেতেন সপ্তদ্বীপবরেচ্ছয়া ॥২২

হে রাজন্! জগদীশ্বরাৎ অপি তে ত্বত্তঃ অন্যৎ পাদত্রয়-পরিমিতঃ ভূমেঃ অধিকং ন কাময়ে ন ইচ্ছামি। বদান্যাৎ অত্যুদার-চিত্তাৎ অপি যাবদর্থ-প্রতিগ্রহঃ (যাবদর্থস্য উপযুক্তার্থস্য এব প্রতিগ্রহঃ যস্য সঃ) বিদ্বান্ জনঃ বৈ এনঃ প্রতিগ্রহ-নিমিত্তং পাপং ন প্রাপ্নোতি ॥১৭

বলিঃ উবাচ। হে ব্রাহ্মণদায়াদ ব্রাহ্মণপুত্র! তব বাচঃ তু বৃদ্ধানাং সম্মতাঃ প্রশস্ততয়া অভিমতাঃ, তথাপি বালিশমতিঃ (বালিশানাম্ অজ্ঞানাম্ ইব মতিঃ যস্য তাদৃশঃ) বালঃ ত্বং যথা যথাবৎ স্বার্থং প্রতি অবুধঃ অজ্ঞঃ এব ॥১৮

লোকানাম্ ত্রয়াণাম্ একম্ অদ্বিতীয়ম্ ঈশ্বরং স্বামিনম্ অতএব দ্বীপদাশুষং (দ্বীপস্য দাশুষং দাতারং দাতুং সমর্থং) মাং বচোভিঃ সমারাধ্য প্রসাদ্য, যঃ ভবান্ পদত্রয়ং স্বপদত্রয়ং পরিমিতঃ ভূভাগং বৃণীতে, সঃ অবুদ্ধিমান্ এব ॥১৯

যস্মাৎ পুমান্ মাম্ অনুব্রজ্য যাচিত্বা ভূয়ঃ যাচিতুং ন অর্হতি, তস্মাৎ হে বটো! কামং যথেচ্ছং বৃত্তিকরীং জীবিকা-সম্পাদনযোগ্যাং বিপুলাং ভূমিং মে মত্তঃ প্রতীচ্ছ গৃহাণ ॥২০

শ্রীভগবান্ উবাচ। হে নৃপ! ত্রিলোক্যাং যাবন্তঃ প্রেষ্ঠাঃ শ্রেষ্ঠাঃ বিষয়াঃ দেশাঃ বা তে সর্ব্বে অপি সংগৃহীতাঃ সন্তঃ অজিতেন্দ্রিয়ং পুরুষং প্রতিপূরয়িতুম্ অলং বুদ্ধিং কারয়িতুং ন শক্নুবন্তি ॥২১

ত্রিভিঃ ক্রমৈঃ ত্রিপদ-পরিমিত-ভূভাগেন যদি অসন্তুষ্টঃ, তদা সপ্তদ্বীপবরেচ্ছয়া নব-বর্ষসমেতেন দ্বীপেন অপি ন পূর্য্যতে ॥২২

হে দৈত্যপ্রবর! অতএব আমি শ্রেষ্ঠ বরদাতা তোমার নিকট কিঞ্চিৎ ভূমি প্রার্থনা করি। আমার পদদ্বারা পরিমিত ত্রিপাদ ভূমিই আমার প্রার্থনীয়।১৬

হে রাজন! তুমি বদান্য এবং জগতের ঈশ্বর, তথাপি আমি তোমার নিকট ইহার অধিক আর কিছুই প্রার্থনা করি না। কারণ—প্রয়োজনের অনতিরিক্ত দান গ্রহণ করিলে জ্ঞানী পুরুষ পাপ-ভাগী হন না।১৭

শ্রীবলি বলিলেন—হে ব্রাহ্মণনন্দন! তোমার বাক্যসমূহ বৃদ্ধগণেরও সম্মত বটে, পরন্তু তুমি স্বয়ং বালক এবং অজ্ঞমতি বলিয়া স্বার্থবিষয়ে অপণ্ডিততুল্য।১৮

যে ব্যক্তি—ত্রিলোকের একচ্ছত্রাধিপতি এবং দ্বীপপ্রদানে সমর্থ আমাকে বাক্যদ্বারা আরাধনা করিয়া ত্রিপাদ ভূমিমাত্র প্রার্থনা করে, সে বস্তুতঃ বুদ্ধিমান্ নহে।১৯

হে ব্রহ্মচারিন্! কোন ব্যক্তিকেই আমার নিকট একবার আসিলে জীবনে আর যাচ্ঞা করিতে হয় না, অতএব তুমিও আমার নিকট হইতে জীবিকার উপযুক্ত ভূমিদান গ্রহণ কর।২০

শ্রীভগবান্ বলিলেন—হে রাজন্! ত্রিলোকমধ্যে প্রীতিজনক যত বিষয় বর্ত্তমান রহিয়াছে, ঐ সকল বিষয় একত্রিত হইয়াও অজিতেন্দ্রিয় ব্যক্তিকে সন্তুষ্ট করিতে পারে না।২১

ত্রিপাদপরিমিত ভূমিলাভে যাহার সন্তুষ্টি হয় না, নববর্ষসমন্বিত একটি দ্বীপ পাইলেও তাহার সন্তোষ জন্মিতে পারে না, যেহেতু তখন তাহার সপ্তদ্বীপ লাভ করিতে ইচ্ছা হয়।২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তদ্বীপাধিপতয়ো নৃপা বৈণ্যগয়াদয়ঃ।
অর্থৈঃ কামৈর্গতা নান্তং তৃষ্ণায়া ইতি নঃ শ্রুতম্ ॥২৩
যদৃচ্ছয়োপপন্নেন সন্তুষ্টো বর্ত্ততে সুখম্।
নাসন্তুষ্টস্ত্রিভির্লোকৈরজিতাত্মোপসাদিতৈঃ ॥২৪
পুংসোঽয়ং সংসৃতের্হেতুরসন্তোষোঽর্থ-কাময়োঃ।
যদৃচ্ছয়োপপন্নেন সন্তোষো মুক্তয়ে স্মৃতঃ ॥২৫
যদৃচ্ছালাভতুষ্টস্য তেজো বিপ্রস্য বর্দ্ধতে।
তৎ প্রশাম্যত্যসন্তোষাদম্ভসেবাশুশুক্ষণিঃ ॥২৬
তস্মাৎ ত্রীণি পদান্যেব বৃণে ত্বদ্ বরদর্ষভাৎ।
এতাবতৈব সিদ্ধোঽহং বিত্তং যাবৎ প্রয়োজনম্ ॥২৭

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তঃ সঃ হসন্নাহ বাঞ্ছিতঃ প্রতিগৃহ্যতাম্।
বামনায় মহীং দাতুং জগ্রাহ জলভাজনম্ ॥২৮
বিষ্ণবে ক্ষ্মাং প্রদাস্যন্তমুশনা অসুরেশ্বরম্।
জানংশ্চিকীর্ষিতং বিষ্ণোঃ শিষ্যং প্রাহ বিদাং বরঃ॥২৯

বৈণ্যঃ পৃথুঃ, গয়ঃ আদিঃ যেষাং তে নৃপাঃ সপ্তানাং দ্বীপানাম্ অধিপতয়ঃ অপি অর্থৈঃ কামৈঃ চ তৃষ্ণায়াঃ অন্তং ন গতাঃ অবধিং ন প্রাপ্তাঃ ইতি নঃ অস্মাভিঃ শ্রুতম্ ॥২৩

অতঃ যদৃচ্ছয়া প্রারব্ধবশাৎ উপপন্নেন প্রাপ্তেন, ভোগেন সন্তুষ্টঃ সন্ লোকঃ সুখং বর্ত্ততে। অজিতাত্মা তু উপসাদিতৈঃ প্রাপ্তৈঃ ত্রিভিঃ লোকৈঃ অপি অসন্তুষ্টঃ সন্ সুখং ন বর্ত্ততে ॥২৪

অর্থ-কাময়োঃ বিষয়য়োঃ যঃ অসন্তোষঃ, সঃ পুংসঃ সংসৃতেঃ জন্ম-মরণাদি-রূপ-সংসারপ্রবাহস্য এব হেতুঃ; তথা যদৃচ্ছয়া উপপন্নেন যঃ সন্তোষঃ, সঃ তস্য মুক্তয়ে মুক্তিহেতুঃ স্মৃতঃ ২৫ ॥

যদৃচ্ছয়া লব্ধেন তুষ্টস্য বিপ্রস্য তেজঃ বর্দ্ধতে, অসন্তোষাৎ তু অম্ভসা জলেন আশুশুক্ষণিঃ অগ্নিঃ ইব তৎ তেজঃ প্রশাম্যতি ॥২৬

তস্মাৎ বরদশ্রেষ্ঠাৎ অপি ত্বৎ ত্বত্তঃ ত্রীণি পদানি এব অহং বৃণে! এতাবতা এব তাবৎ ভূমিলাভেন অহং সিদ্ধঃ কৃতার্থঃ। যতঃ যাবৎ প্রয়োজনম্ এব বিত্তং সুখং দদাতি ॥২৭

শ্রীশুকঃ উবাচ। ভগবতা এবম্ উক্তঃ সঃ বলিঃ হসন্ সন্ বাঞ্ছিতং গৃহ্যতাম্ ইতি আহ। তথা বামনায় মহীং দাতুং জলভাজনং জলপাত্রং (সংকল্পার্থং) জগ্রাহ ॥২৮

বিদাং জ্ঞানিনাং বরঃ শ্রেষ্ঠঃ উশনাঃ শুক্রঃ বিষ্ণোঃ চিকীর্ষিতং সর্ব্বস্বাপহারলক্ষণং জানন্ বিষ্ণবে ক্ষ্মাং মহীং প্রদাস্যন্তং শিষ্যম্ অসুরেশ্বরম্ আহ ॥২৯

আমরা শুনিয়াছি—সপ্তদ্বীপের অধিপতি পৃথু গয়প্রভৃতি নরপতিগণও যথেচ্ছ অর্থ এবং কামোপভোগের দ্বারাও ভোগতৃষ্ণার নিবৃত্তি লাভ করেন নাই।২৩

যিনি যদৃচ্ছালাভে সন্তুষ্ট—তিনিই সুখে থাকেন, পক্ষান্তরে চিত্তসন্তোষহীন অজিতেন্দ্রিয় ব্যক্তি ত্রিলোকের সকল সম্পদ্ লাভ করিলেও সুখী হইতে পারে না।২৪

অর্থ ও কামোপভোগে অসন্তোষই সংসারের কারণ হয়, পক্ষান্তরে যদৃচ্ছালব্ধ অর্থকামমূলক সন্তোষই মুক্তির কারণরূপে কথিত হইয়াছে।২৫

যদৃচ্ছাক্রমে লব্ধ বস্তুদ্বারাই যে ব্রাহ্মণ সন্তুষ্ট হন, তাঁহার তেজ বর্ধিত হয়। পক্ষান্তরে জলদ্বারা যেরূপ অগ্নির বিনাশ হয়, ব্রহ্মতেজও সেরূপ অসন্তোষহেতু বিলুপ্ত হইয়া থাকে।২৬

অতএব আমি শ্রেষ্ঠ বরদাতা তোমার নিকট তিন পদ ভূমিই প্রার্থনা করি, ইহা দ্বারাই আমি কৃতকার্য্য হইব; যেহেতু প্রয়োজনানুরূপ বিত্তই সুখের কারণ হয়।২৭

শ্রীশুকদেব বলিলেন—ভগবান্ এরূপ বলিলে বলি হাসিতে হাসিতে বলিলেন—তুমি ইচ্ছানুরূপ ভূমিই গ্রহণ কর। অনন্তর বামনদেবকে ভূমি দান করিবার জন্য উৎসর্গের উপযোগী জলের জন্য জলপাত্র গ্রহণ করিলেন।২৮

অসুররাজ বলি ভগবান্ বিষ্ণুকে ভূমি দান করিতে উদ্যত হইলে বিদ্বৎপ্রবর শুক্রাচার্য বিষ্ণুর অভিপ্রায় জানিতে পারিয়া শিষ্য বলিকে এরূপ বলিয়াছিলেন।২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুক্র উবাচ।

এষ বৈরোচনে সাক্ষাদ্ভগবান্ বিষ্ণুরব্যয়ঃ।
কশ্যপাদদিতের্জাতো দেবানাং কার্য্যসাধকঃ ॥৩০
প্রতিশ্রুতং ত্বয়ৈতস্মৈ যদনর্থমজানতা।
ন সাধু মন্যে দৈত্যানাং মহানুপগতোঽনয়ঃ ॥৩১
এষ তে স্থানমৈশ্বর্য্যং শ্রিয়ং তেজো যশঃ শ্রুতম্।
দাস্যত্যাচ্ছিদ্য শক্রায় মায়ামাণবকো হরিঃ ॥৩২
ত্রিভিঃ ক্রমৈরিমাঁল্লোকান্ বিশ্বকায়ঃ ক্রমিষ্যতি।
সর্ব্বস্বং বিষ্ণবে দত্ত্বা মূঢ় বর্ত্তিষ্যসে কথম্ ॥৩৩
ক্রমতো গাং পদৈকেন দ্বিতীয়েন দিবং বিভোঃ।
খঞ্চ কায়েন মহতা তার্তীয়স্য কুতো গতিঃ ॥৩৪
নিষ্ঠাং তে নরকে মন্যে হ্যপ্রদাতুঃ প্রতিশ্রুতম্।
প্রতিশ্রুতস্য যোঽনীশঃ প্রতিপাদয়িতুং ভবান্ ॥৩৫
ন তদ্দানং প্রশংসন্তি যেন বৃত্তির্বিপদ্যতে।
দানং যজ্ঞস্তপঃ কর্ম্ম লোকে বৃত্তিমতো যতঃ ॥৩৬

শুক্রঃ উবাচ। হে বৈরোচনে! এষঃ বামনরূপঃ দেবানাং কার্য্যসাধকঃ সন্ কশ্যপাৎ পিতুঃ অদিতেঃ মাতুঃ সকাশাৎ সাক্ষাৎ অব্যয়ঃ ভগবান্ বিষ্ণু এব জাতঃ ॥৩০

স্বস্য অনর্থম্ অজানতা ত্বয়া এতস্মৈ প্রতিশ্রুতং ভূমিদানং প্রতিজ্ঞাতং, তম্ অহং সাধু সমীচীনং ন মন্যে। যতঃ দৈত্যানাং মহান্ অনয়ঃ ক্লেশঃ উপাগতঃ (ততঃ ভূমিদানাৎ প্রাপ্তঃ) ॥৩১

মায়য়া স্বেচ্ছয়া মাণবকঃ ব্রাহ্মণরূপঃ এষঃ হরিঃ তে তব স্থানম্ ঐশ্বর্য্যং শ্রিয়ং তেজঃ যশঃ শ্রুতম্ আচ্ছিদ্য অপহৃত্য শক্রায় দাস্যতি ॥৩২

বিশ্বকায়ঃ বিশ্বরূপঃ ভূত্বা ত্রিভিঃ ক্রমৈঃ পাদবিন্যাসৈঃ ইমান্ ত্রীন্ লোকান্ ক্রমিষ্যতে পরিচ্ছিদ্য গ্রহীষ্যতি। হে মূঢ়! সর্ব্বস্বং বিষ্ণবে দত্ত্বা কথং বর্ত্তিষ্যসে ॥৩৩

একেন পদা পাদন্যাসেন গাং ভূমিং, ক্রমতঃ দ্বিতীয়েন অন্তরীক্ষং ক্রমতঃ বিভোঃ বিশ্বরূপস্য ভগবতঃ তার্তীয়স্য তৃতীয়-পাদন্যাসস্য কুতঃ গতি ক্ব স্থানম্? (এতেন তব প্রতিশ্রুতম্ অপি ন সম্পাদিতং ভবতি) ॥৩৪

অতঃ প্রতিশ্রুতম্ অপ্রদাতুঃ তে তব স্থানং নিষ্ঠাং হি নিশ্চিতং নরকে এব মন্যে। প্রতিশ্রুতস্য প্রতিপাদয়িতুম্ অনীশঃ অসমর্থঃ যঃ ভবান্ নরকং গমিষ্যসি ॥৩৫

যেন দানেন বৃত্তিঃ জীবিকা বিপদ্যতে বিনশ্যতি, তৎ দানম্ আর্য্যাঃ ন প্রশংসন্তি; যতঃ লোকে বৃত্তিমতঃ জীবিকা-বিশিষ্টস্য পুংসঃ এব দানং, যজ্ঞঃ, তপঃ চিত্তৈকাগ্র্যং তথা পূর্ত্তাদিকং কর্ম্ম বিহিতম্ ॥৩৬

শ্রীশুক্রাচার্য বলিলেন—হে বিরোচননন্দন! এই বামন ব্রাহ্মণবালক সাক্ষৎ অব্যয় ভগবান্ বিষ্ণু। ইনি দেবতাগণের কার্য্যসাধনের জন্য কশ্যপ হইতে অদিতির গর্ভে আবির্ভূত হইয়াছেন।৩০

তুমি নিজ অনর্থ না জানিয়া ইহার নিকট যে প্রতিশ্রুতি দান করিয়াছ, উহা সঙ্গত মনে করি না; যেহেতু ইহাতে দৈত্যগণের পক্ষে অতিশয় অন্যায় উপস্থিত হইল।৩১

মায়াবলে ব্রহ্মচারিবেশধারী এই বিষ্ণু তোমার স্থান, ঐশ্বর্য্য, সম্পদ্, তেজ যশ ও শাস্ত্রজ্ঞান সমস্তই কৌশলে হরণ করিয়া ইন্দ্রকে দান করিবেন।৩২

ইনি বিশ্বকায় অর্থাৎ ত্রিবিক্রমরূপে তিনবার পদবিন্যাসদ্বারা এই তিন লোকই অধিকার করিবেন। হে মূঢ়! এইরূপে তুমি বিষ্ণুকে সর্বস্ব দান করিয়া নিজে কিরূপে জীবন ধারণ করিবে?৩৩

বিশেষতঃ, ইনি বিরাট্ দেহদ্বারাই আকাশমণ্ডল পরিপূরণ করিবেন, অনন্তর প্রথম পদবিন্যাসদ্বারা পৃথিবী ও দ্বিতীয় পদবিন্যাসদ্বারা স্বর্গলোক অধিকার করিলে তৃতীয় পদবিন্যাসের স্থানই বা কোথায় হইবে?৩৪

এইরূপে তুমি প্রতিশ্রুত ত্রিপাদ ভূমি প্রদান করিতে অসমর্থ হইবে বলিয়া প্রতিশ্রুত বিষয় প্রদান না করার জন্য পরিণামে তোমার নরকেই স্থিতি হইবে—ইহাই আমি মনে করি।৩৫

জগতে বৃত্তিশালী ব্যক্তিরই দান, যজ্ঞ, চিত্তের একাগ্রতা বা পূর্তকর্ম সম্ভবপর হয়, অতএব যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্ম্মায় যশসেঽর্থায় কামায় স্বজনায় চ।
পঞ্চধা বিভজন্ বিত্তমিহামুত্র চ মোদতে ॥৩৭

অত্রাপি বহ্বৃচৈর্গীতং শৃণু মেঽসুরসত্তম।
সত্যমোমিতি যৎ প্রোক্তং
যন্নেত্যাহানৃতং হি তৎ ॥৩৮

সত্যং পুষ্পফলং বিদ্যাদাত্মবৃক্ষস্য গীয়তে।
বৃক্ষেঽজীবতি তন্ন স্যাদনৃতং মূলমাত্মনঃ ॥৩৯

তদ্ যথা বৃক্ষ উন্মূলঃ শুষ্যত্যুদ্বর্ত্ততেঽচিরাৎ।
এবং নষ্টানৃতঃ সদ্য আত্মা শুষ্যেন্ন সংশয়ঃ ॥৪০

পরাগ্ রিক্তমপূর্ণং বা অক্ষরং যত্তদোমিতি।
তদ্ যৎ কিঞ্চিদোমিতি ব্রূয়াৎ তেন রিচ্যেত
বৈ পুমান্॥
ভিক্ষবে সর্ব্বমোঙ্কুর্ব্বন্নালং কামেন চাত্মনে ॥৪১

অতঃ বিদ্বান্ ধর্ম্মায় পুণ্যোপপত্তয়ে, যশসে তৎকীর্ত্তিলাভায়, অর্থায় ধনাদিবৃদ্ধ্যুপযোগিব্যাপারায়, কামায় স্বভোগায়, স্বজনায় স্বজন-পরিতোষায়, ইত্যেবং পঞ্চধা বিত্তং ধনং বিভজন্ ইহ অস্মিন্ লোকে অমুত্র পরলোকে চ মোদতে সুখম্ অনুভবতি ॥৩৭

হে অসুরসত্তম! অত্র সত্যানৃত-ব্যবস্থায়াম্ অপি বহ্বৃচৈঃ ঋগ্ বেদাদিভিঃ যৎ গীতং, তৎ মে মত্তঃ কথয়তঃ ত্বং শৃণু! ওঁ ইতি অঙ্গীকারেণ যৎ প্রোক্তং তৎ সত্যং ; ন ইতি যৎ আহ তৎ এব অনৃতম্॥৩৮

আত্মবৃক্ষস্য দেহরূপবৃক্ষস্য জীবতঃ এব সত্যং পুষ্পফলং বিদ্যাৎ জানীয়াৎ ইতি শ্রুত্যা গীয়তে। বৃক্ষে দেহে অজীবতি সতি তৎ পুষ্পফলং ন স্যাৎ (অতঃ দেহঃ অনৃতেন রক্ষণীয়ঃ ইত্যাহ) অনৃতং তু আত্মনঃ দেহস্য মূলম্ এব ॥৩৯

তৎ তত্র যথা উৎপাটিতমূলঃ বৃক্ষঃ শুষ্যতি অচিরাৎ এব উদ্বর্ত্ততে পততি চ এবম্ এব নষ্টম্ অ-নৃতং যস্য সঃ আত্মা দেহঃ (সর্ব্বস্বদানাৎ) সদ্যঃ এব শুষ্যেৎ ; অত্র সংশয়ঃ নাস্তি ॥৪০

ওঁ দাস্যামি ইত্যঙ্গীকারার্থকং যৎ অক্ষরং তৎ পরাক্ রিক্তম্ অর্থশূন্যম্ অপূর্ণং বা। অর্থিনে যদা যৎকিঞ্চিৎ অপি ওম্ ইতি দাস্যামি ইতি পুমান্ ব্রূয়াৎ, তদা তেন অর্থেন রিচ্যেত শূন্যঃ রহিতঃ বৈ নিশ্চিতং ভবেৎ। কিঞ্চ ভিক্ষবে সর্ব্বম্ ওঙ্কুর্ব্বন্ দাস্যামি ইত্যঙ্গীকুর্ব্বন্ আত্মনে স্বস্মৈ কামেন ভোগেন অলং পর্য্যাপ্তঃ ন ভবতি।

দানদ্বারা বৃত্তিহানি ঘটে, পণ্ডিতগণ সে দানের প্রশংসা করেন না।৩৬

যে কোন ব্যক্তি ধর্ম, যশ, অর্থলাভ, সুখভোগ ও স্বজনগণের জন্য নিজ বিত্তকে পাঁচভাগে বিভাগ করিয়াই ইহলোক ও পরলোকে সুখী হয়।৩৭

হে অসুরপ্রবর! লোকের সত্য মিথ্যা ব্যবস্থা বিষয়ে বহ্বৃচ শ্রুতি বাক্যে যাহা উক্ত হইয়াছে শ্রবণ কর। সাধারণতঃ 'হাঁ' এইরূপ অঙ্গীকারই সত্য এবং 'না' এইরূপ অস্বীকারই মিথ্যা বলিয়া উক্ত হয়।৩৮

সত্যকে দেহবৃক্ষেরই পুষ্প ও ফলস্বরূপ জানিবে, ইহা শ্রুতিই বলিয়াছেন। দেহ বৃক্ষ জীবিত না থাকিলে সত্যেরও উৎপত্তি বা স্থিতি সম্ভবপর নহে। অতএব মিথ্যাই দেহবৃক্ষের মূল (সর্বতোভাবে সত্যনিষ্ঠ হইলে যেস্থলে জীবন রক্ষাই অসম্ভব হইয়া পড়ে, তথায় জীবন রক্ষার জন্য কিঞ্চিৎ অসত্যের আশ্রয় দোষাবহ নহে, ইহাই বাক্যের তাৎপর্য। এস্থলেও অঙ্গীকৃত ত্রিপাদ ভূমি দান করিতে গেলে বলির জীবিকানির্বাহই সম্ভবপর হয় না)।৩৯

বৃক্ষের মূল উৎপাটিত হইলে উহা যেরূপ শুষ্ক হইয়া অচিরেই ভূপতিত হয়, এইরূপ মিথ্যার নাশ হইলে দেহও শীঘ্রই শুষ্ক হয় সন্দেহ নাই।৪০

দানের স্বীকৃতিরূপে 'হাঁ' এইক্ষরটি দাতার অর্থকে দূরে লইয়া যায়, অথবা দাতার অপূর্ণতা আনয়ন করে। অতএব প্রার্থীর প্রতি দানের প্রতিশ্রুতিরূপে 'হাঁ' এইরূপ বলিলে দাতা ইহাদ্বারা রিক্তই হইয়া থাকে। আর ভিক্ষুকের প্রতি সর্বদা 'হাঁ' বলিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথৈতৎ পূর্ণমভ্যাত্মং যচ্চ নেত্যনৃতং বচঃ।
সর্ব্বং নেত্যনৃতং ব্রূয়াৎ স দুষ্কীর্ত্তিঃ শ্বসন্ মৃতঃ ॥৪২
স্ত্রীষু নর্ম্মবিবাহে চ বৃত্ত্যর্থে প্রাণসঙ্কটে।
গো-ব্রাহ্মণার্থে হিংসায়াং নানৃতং স্যাজ্জুগুপ্সিতম্ ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে একোনবিংশোঽধ্যায়ঃ ॥১৯

অথ তস্মাৎ যৎ ন ইত্যনৃতং বচঃ তৎ এতৎ (অর্থব্যয়াভাবাৎ) অভ্যাত্মম্ (আত্মনোঽভিমুখম্ অন্যস্য অর্থম্ আকর্ষতি ইতি অভ্যাত্মং) চ যঃ সর্ব্বং ন কিঞ্চিদপি দাস্যামি ইতি অনৃতং ব্রূয়াৎ, সঃ দুষ্কীর্ত্তিঃ (দুষ্টা কীর্ত্তিঃ যস্য সঃ) তাদৃশঃ জনঃ শ্বসন্ জীবন্ অপি মৃতঃ এব (তস্মাৎ কদাচিৎ দেয়ং কদাচিৎ ন দেয়ং, সর্ব্বস্বং তু নৈব দেয়ম্ ইতি সিদ্ধম্ ॥৪১-৪২)

স্ত্রীষু (প্রোৎসাহনেন বশীকারার্থং), নর্ম্মণি পরিহাসে, বিবাহে বরাদিস্তুতৌ, বিত্ত্যর্থে জীবিকার্থে, স্বস্য প্রাণসংকটে (তৎ পরিহারার্থং), গবাং ব্রাহ্মণানাং চ হিতার্থে, হিংসায়াং (যস্য কস্যচিদপি প্রাপ্তায়াং) চ অনৃতং মিথ্যাভাষণং জুগুপ্সিতং নিন্দিতং ন স্যাৎ ॥৪৩

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে একোনবিংশোঽধ্যায়ঃ ॥

গেলে দাতা নিজে ভোগ করিতে সমর্থ হয় না।৪১

অতএব 'না' এইরূপ মিথ্যা বচনই পূর্ণ (পূর্ণতার সাধক) এবং উহা নিজের দিকে অপরের অর্থ আকর্ষণ করে। তবে যে ব্যক্তি সর্বদা 'না' এরূপ বলে, সে দুষ্কীর্তিভাগী ও মৃততুল্য বলিয়াই গণ্য হয়।৪২

স্ত্রীলোককে উৎসাহদ্বারা বশীভূত করিতে হইলে, কিংবা পরিহাস ব্যাপারে, বিবাহ ব্যাপারে, জীবিকার জন্য, কিংবা প্রাণসঙ্কট উপস্থিত হইলে, অথবা গো-ব্রাহ্মণের হিতার্থে, কিংবা দস্যুপ্রভৃতিদ্বারা কাহারও হিংসা উপস্থিত হইলে (তাহার রক্ষার জন্য) মিথ্যা ভাষণ নিন্দনীয় হয় না।৪৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ঊনবিংশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিংশঃ অধ্যায়ঃ

[বলিনা শ্রীবামনায় পদত্রয়মিতভূমিদানম্, শ্রীভগবতো বিরাড্‌রূপগ্রহণঞ্চ ।]

শ্রীশুক উবাচ ।

বলিরেবং গৃহপতিঃ কুলাচার্য্যেণ ভাষিতঃ ।
তূষ্ণীং ভূত্বা ক্ষণং রাজন্নুবাচাবহিতো গুরুম্ ॥১

বলিরুবাচ ।

সত্যং ভগবতা প্রোক্তং ধর্ম্মোঽয়ং গৃহমেধিনাম্ ।
অর্থং কামং যশো বৃত্তিং যো ন বাধেত কর্হিচিৎ ॥২

স চাহং বিত্তলোভেন প্রত্যাচক্ষে কথং দ্বিজম্।
প্রতিশ্রুত্য দদামীতি প্রহ্লাদিঃ কিতবো যথা ॥৩

ন হ্যসত্যাৎ পরোঽধর্ম্ম ইতি হোবাচ ভূরিয়ম্।
সর্ব্বং সোঢ়ুমলং মন্যে ঋতেঽলীকপরং নরম্ ॥৪

নাহং বিভেমি নিরয়ান্নাধন্যাদসুখার্ণবাৎ ।
ন স্থানচ্যবনান্মৃত্যোর্যথা বিপ্রপ্রলোভনাৎ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! কুলাচার্য্যেণ শুক্রেণ এবং ভাষিতঃ উক্তঃ গৃহপতিঃ যজমানঃ বলিঃ ক্ষণং তূষ্ণীম্ অবহিতঃ বিচারপরঃ ভূত্বা তং গুরুম্ উবাচ ॥১

বলিঃ উবাচ। কর্হিচিৎ অপি যঃ অর্থং কামং যশঃ বৃত্তিং ন বাধেত, সঃ অয়ং গৃহমেধিনাং ধর্ম্মঃ ইতি ভগবতা ত্বয়া সত্যম্ এব প্রোক্তম্ ॥২

সঃ চ প্রহ্লাদিঃ প্রহ্লাদপৌত্রঃ অহং দদামি ইতি প্রতিশ্রুত্য বৃত্তিলাভেন কিতবঃ বঞ্চকঃ যথা ইব দ্বিজং কথং প্রত্যাচক্ষে ॥৩

অসত্যাৎ অনৃতভাষণাৎ পরঃ উৎকটঃ অন্যঃ অধর্ম্মঃ হি নাস্তি অতঃ অলীকপরম্ অনৃতবাদিনং পরম্ ঋতে বিনা সর্ব্বং (মেরুমন্দরাদিকম্ অপি) বোঢ়ুং ধর্ত্তুম্ অলং সমর্থম্ আত্মানং মন্যে ইতি ইয়ং ভূঃ ধরিত্রী হ নিশ্চিতম্ উবাচ ॥৪

বিপ্রপ্রলোভনাৎ (অনৃতভাষণেন বিপ্রবঞ্চনাৎ) যথা বিভেমি, তথা নিরয়াৎ নরকাৎ, অধন্যাৎ দারিদ্র্যাৎ, অসুখার্ণবাৎ দুঃখসমূহাৎ, স্থানচ্যবনাৎ স্থানভ্রষ্টাৎ তথা মৃত্যোঃ সকাশাৎ অপি ন বিভেমি ॥৫

বিংশতি অধ্যায় ।

[বলি কর্তৃক শ্রীবামনদেবকে তিনপদ পরিমিত ভূমি দান এবং শ্রীভগবানের বিরাড্‌রূপ গ্রহণ ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! কুলগুরু শুক্রাচার্য্য এরূপ বলিলে পর গৃহস্থধর্মরত বলি কিয়ৎক্ষণ মৌনভাবে থাকিয়া পশ্চাৎ অবহিতচিত্তে এরূপ বলিয়াছিলেন ॥১

শ্রীবলি বলিলেন—হে গুরুদেব! আপনি সত্যই বলিয়াছেন যে—যাহাতে কখনও অর্থ, কাম, যশ ও জীবিকার বাধা না হয়, তাহাই গৃহস্থগণের ধর্ম ॥২

পরন্তু প্রহ্লাদের বংশধর হইয়া আমি একবার দানের অঙ্গীকার করিয়া পশ্চাৎ বিত্তলোভে দুষ্কারীর ন্যায় কিরূপেই বা ব্রাহ্মণকে প্রত্যাখ্যান করিব ? ৩

এই পৃথিবী বলিয়াছেন —“অসত্য অপেক্ষা প্রবল অধর্ম আর কিছুই নাই, আমি মিথ্যাশ্রয়ী ব্যক্তি ভিন্ন অপর সকলই সহ্য করিতে পারি” ॥৪

আমি ব্রাহ্মণবঞ্চনাকে যেরূপ ভয় করি, নরক, সর্বপ্রকার দুঃখের আধার দারিদ্র্য, স্থানচ্যুতি অথবা মৃত্যু হইতেও সেরূপ ভীত নহি ॥৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদ্ যদ্ধাস্যতি লোকেঽস্মিন্ সম্পরেতং ধনাদিকম্।
তস্য ত্যাগে নিমিত্তং কিং বিপ্রস্তুষ্যেন্ন তেন চেৎ ॥৬

শ্রেয়ঃ কুর্ব্বন্তি ভূতানাং সাধবো দুস্ত্যজাসুভিঃ।
দধ্যঙ্-শিবিপ্রভৃতয়ঃ কো বিকল্পো ধরাদিষু ॥৭

যৈরিয়ং বুভুজে ব্রহ্মন্ দৈত্যেন্দ্রৈরনিবর্ত্তিভিঃ।
তেষাং কালোঽগ্রসীল্লোকান্ন যশোঽধিগতং ভুবি ॥৮

সুলভা যুধি বিপ্রর্ষে হ্যনিবৃত্তাস্তনুত্যজঃ।
ন তথা তীর্থ আয়াতে শ্রদ্ধয়া যে ধনত্যজঃ ॥৯

মনস্বিনঃ কারুণিকস্য শোভনং
যদর্থিকামোপনয়েন দুর্গতিঃ।
কুতঃ পুনর্ব্রহ্মবিদাং ভবাদৃশাং
ততো বটোরস্য দদামি বাঞ্ছিতম্ ॥১০

কিঞ্চ যৎ যৎ ধনাদিকং তৎ সর্ব্বং সম্পরেতং মৃতং পুরুষম্ অস্মিন্ এব লোকে হাস্যতি ত্যক্ষ্যতি; (অতঃ) তেন দত্তেন অর্থেন চেৎ যদি বিপ্রঃ ন তুষ্যেৎ, তর্হি তস্য অর্থস্য ত্যাগে দানে কিং নিমিত্তং কিং ফলম্ ? ॥৬

সাধবঃ পরহিতে রতাঃ দধ্যঙ্-শিবিপ্রভৃতয়ঃ দুস্ত্যজৈঃ অসুভিঃ প্রাণৈঃ অপি ভূতানাং শ্রেয়ঃ উপকারং যদি কুর্ব্বন্তি, তদা ধরাদিষু মমতাস্পদেষু কঃ বিকল্পঃ তেষাং দানে কঃ বিচারঃ ?৭

হে ব্রহ্মন্ ! যুদ্ধেষু অনিবর্ত্তিভিঃ যৈঃ দৈত্যেন্দ্রৈঃ ইয়ং ভূঃ ভূমিঃ বুভুজে উপভুক্তা, তেষাং লোকান্ ভোগান্ কালঃ অগ্রসীৎ বিনাশিতবান্ ; কিন্তু ভুবি অধিগতং প্রাপ্তং যশঃ সৎকীর্ত্তিং তু ন অগ্রসীৎ ॥৮

হে বিপ্রর্ষে ! যুধি অনিবৃত্তাঃ সন্তঃ যে তনুং দেহং ত্যজন্তি ইতি তাদৃশাঃ হি লোকে সুলভাঃ বহবঃ এব ; তীর্থে সৎপাত্রে আয়াতে শ্রদ্ধয়া যে ধনত্যজঃ (ধনং ত্যজন্তীতি) তাদৃশাঃ তথা সুলভাঃ ন সন্তি ॥৯

অর্থিকামোপনয়নে (অর্থিনাং সামান্যানাম্ অপি কামোপনয়েন কামপূরণেন) দুর্গতিঃ দারিদ্র্যেণ দৈন্যং যৎ তৎ মনস্বিনঃ দানশূরস্য কারুণিকস্য শোভনং ভদ্রম্ এব ব্রহ্মবিদাং ভবাদৃশাং কামপূরণেন প্রাপ্তং দৈন্যং শোভনং ভবতি ইতি কুতঃ কিং পুনঃ বক্তব্যম্ ? ততঃ তস্মাৎ অস্য বটোঃ ব্রাহ্মণস্য বাঞ্ছিতং দদামি ॥১০

এই ভূমিপ্রভৃতি যে সকল সম্পদ্ রহিয়াছে উহা মৃত ব্যক্তিকে অর্থাৎ মরণের পর আমাকে অবশ্যই ত্যাগ করিবে (অতএব জীবদ্দশায়ই স্বয়ং উহা দান করি না কেন ? সর্বস্ব দানের পর নিজের জীবিকাসঙ্কট উপস্থিত হইতে পারে এজন্য যদি অর্ধেক সম্পত্তিদান বিচারসম্মত হয়, তাহা হইলেও বলিতেছি যে,) যাহা দান করিলে ব্রাহ্মণের তুষ্টি হইবে না, সেরূপ দান নিষ্ফল ॥৬

দধীচি শিবিপ্রভৃতি সাধুগণ দুস্ত্যজ প্রাণদ্বারাও প্রাণিগণের মঙ্গলসাধন করিয়াছেন, সতরাং ভূমিপ্রভৃতির পরিত্যাগবিষয়ে আর বিচার কি ? ৭

হে ব্রহ্মন্ ! যুদ্ধে অপরাঙ্মুখ যে সকল দৈত্যরাজ পূর্বে এই পৃথিবী ভোগ করিয়াছেন, কাল তাঁহাদের ঐহিক ও পারলৌকিক সকল ভোগই হরণ করিয়াছে বটে, পরন্তু তাঁহাদের ভূমণ্ডলে উপার্জিত কীর্তিরাশি বিনষ্ট করিতে পারে নাই ॥৮

হে ব্রাহ্মণ ঋষিপ্রবর ! যুদ্ধক্ষেত্র হইতে পরাঙ্মুখ না হইয়া যুদ্ধে দেহত্যাগ করিয়াছেন এরূপ পুরুষ লোকমধ্যে সুলভ, পরন্তু সৎপাত্র উপস্থিত হইলে শ্রদ্ধার সহিত ধন ত্যাগ করেন—এরূপ পুরুষ সুলভ নহেন ॥৯

হে গুরুদেব ! হৃদয়বান্ দয়াশীল ব্যক্তির পক্ষে যে কোন প্রার্থীর কামনা পূরণ করিতে যাইয়া যদি দুর্গতি ঘটে, তাহা হইলে উহাও উত্তম, এ অবস্থায় আপনাদের ন্যায় ব্রহ্মজ্ঞ পুরুষগণের কামনা পূরণ করিলে যদি দৈন্যদশা উপস্থিত হয়, তাহা হইলে উহা যে অবশ্যই স্বীকার্য্য এবিষয়ে আর বক্তব্য কি ! অতএব আমি এই ব্রহ্মচারীর প্রার্থিত বস্তু নিশ্চয়ই দান করিব ॥১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজন্তি যজ্ঞং ক্রতুভির্যমাদৃতা
ভবন্ত আম্নায়বিধানকোবিদাঃ।
স এব বিষ্ণুর্বরদোঽস্তু বা পরো
দাস্যাম্যমুষ্মৈ ক্ষিতিমীপ্সিতাং মুনে ॥১১

যদ্যপ্যসাবধর্ম্মেণ মাং বধ্নীয়াদনাগসম্।
তথাপ্যেনং ন হিংসিষ্যে ভীতং ব্রহ্মতনুং রিপুম্ ॥১২

এষ বা উত্তমঃশ্লোকো ন জিহাসতি যদ্ যশঃ।
হত্বা মৈনাং হরেদ্ যুদ্ধে শয়ীত নিহতো ময়া ॥১৩

শ্রীশুক উবাচ।

এবমশ্রদ্ধিতং শিষ্যমনাদেশকরং গুরুঃ।
শশাপ দৈবপ্রহিতঃ সত্যসন্ধং মনস্বিনম্ ॥১৪

দৃঢ়ং পণ্ডিতমান্যজ্ঞঃ স্তব্ধোঽস্যস্মদুপেক্ষয়া।
মচ্ছাসনাতিগো যস্ত্বমচিরাদ্ ভ্রশ্যসে শ্রিয়ঃ ॥১৫

আম্নায়-বিধান-কোবিদাঃ বেদোক্ত-যজ্ঞাদ্যনুষ্ঠান-কুশলাঃ ভবন্তঃ আদৃতাঃ সাদরম্ আহুতাঃ সন্তঃ যজ্ঞৈঃ ক্রতুভিঃ যং বিষ্ণুং যজন্তি আরাধয়ন্তি, সঃ এবৈষঃ বিষ্ণুঃ মম বরদঃ বা অপরঃ শত্রুঃ, বা অস্তু। হে মুনে! ঈপ্সিতাং ক্ষিতিম্ অমুষ্মৈ বামনায় দাস্যামি ॥১১

অনাগসং নিরপরাধিনং মাং যদি অপি অসৌ অধর্ম্মেণ (বামনরূপং প্রদর্শ্য তৎপরিমিতত্রয়ভূমিং যাচিত্বা পুনর্বিশ্বরূপম্ আবিষ্কৃত্য ছলেন) বধ্নীয়াৎ, তথাপি এনং ভীতং ব্রহ্মতনুং রিপুং শত্রুম্ অপি ন হিংসিষ্যে ন হনিষ্যামি ॥১২

কিঞ্চ যৎ যদি এষঃ উত্তমঃশ্লোকঃ সৎকীর্ত্তিঃ বিষ্ণুঃ এব, তর্হি স্বযশঃ স্বকীর্ত্তিং ন জিহাসতি ত্যক্তুং ন ইচ্ছতি। (উত্তমঃশ্লোকত্বাৎ সর্ব্বস্বদং মাম্ ঐশ্বর্য্যং দাস্যতি এব) অন্যথা প্রত্যাখানে যুদ্ধে মা মাং হত্বা এনাং ভূমিং হরেৎ। (যদি মাং হন্তুম্ অসমর্থঃ বিষ্ণুঃ অন্যঃ বা তদা) ময়া হতঃ যুদ্ধে শয়ীত (বা এবম্ অপি ব্রাহ্মণবধাৎ প্রতিশ্রুতিদানাৎ চ নরকপাতঃ লোকেঽসংকীর্ত্তিশ্চ। অতঃ প্রতিশ্রুতং সম্পাদনীয়ম্ এব) ॥১৩

শ্রীশুকঃ উবাচ। এবম্ উক্তপ্রকারেণ অনাদেশকরং স্বাজ্ঞোল্লঙ্ঘিনম্ অশ্রদ্ধিতং স্ববচনে অজাতশ্রদ্ধং শিষ্যং সত্যসন্ধং (সত্যে সন্ধা মতিঃ যস্য তং) মনস্বিনম্ উদারস্বভাবং বলিং দৈবপ্রহিতঃ গুরুং শুক্রাচার্য্যঃ শশাপ ॥১৪

দৃঢ়ং যথা স্যাৎ তথা আত্মানং পণ্ডিতমানী (বস্তুতস্তু) অজ্ঞঃ অতঃ স্তব্ধঃ অনম্রঃ, তথা মচ্ছাসনাতিগঃ মমাজ্ঞামতিক্রান্তবান্ অসি, যঃ ত্বম্ অস্মদুপেক্ষয়া অচিরাৎ শীঘ্রম্ এব শ্রিয়ঃ ত্রৈলোক্যাধিপত্যাৎ ভ্রশ্যসে ভ্রষ্টঃ ভবিষ্যসি ॥১৫

হে মুনিবর! বেদবিধানে সুপণ্ডিত আপনারা শ্রদ্ধাসহকারে যজ্ঞসমূহদ্বারা যজ্ঞরূপী যাঁহার আরাধনা করেন, ইনি যদি সেই বরদাতা বিষ্ণুই হন, কিংবা অপর কোন শত্রুই হন, তথাপি আমি ইঁহাকে প্রার্থিত ভূমি অবশ্যই দান করি ॥১১

আমি নিরপরাধ, তথাপি যদি ইনি অধর্মের আশ্রয় লইয়া আমাকে হত্যাও করেন, তথাপি আমি ভীত ও ব্রাহ্মণবেশধারী এই শত্রুকে হিংসা করিব না ॥১২

আর ইনি যদি সত্যই পুণ্যকীর্তি বিষ্ণুই হন, আর ইনি যদি নিজের যশ ত্যাগ করিতে ইচ্ছা না করেন, তাহা হইলে যুদ্ধে আমাকে নিহত করিয়া এই ভূমি হরণ করিবেন, অথবা আমাকর্তৃক নিহত হইয়া যুদ্ধক্ষেত্রে স্বয়ংই শয়ন করিবেন ॥১৩

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর গুরু শুক্রাচার্য্য দৈবপ্রেরিত হইয়াই অজাতশ্রদ্ধ ও আজ্ঞালঙ্ঘনকারী সত্যনিষ্ঠ উদারচিত্ত শিষ্য বলিকে অভিশাপ দান করিয়াছিলেন।১৪

হে দৈত্যরাজ! তুমি অজ্ঞ হইয়াও নিজকে দৃঢ়রূপে পণ্ডিত বলিয়া বিশ্বাস কর। তুমি আমাকে উপেক্ষা করায় নিজ গর্বেরও পরিচয় দিয়াছ। পরন্তু আমার আজ্ঞালঙ্ঘনহেতু তুমি অচিরেই শ্রীভ্রষ্ট হইবে।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং শপ্তঃ স্বগুরুণা সত্যান্ন চলিতো মহান্।
বামনায় দদাবেনামর্চ্চিত্বোদকপূর্ব্বকম্ ॥১৬
বিন্ধ্যাবলিস্তদাগত্য পত্নী জালকমালিনী।
আনিন্যে কলসং হৈমমবনেজন্যপাং ভৃতম্ ॥১৭
যজমানঃ স্বয়ং তস্য শ্রীমৎপাদযুগং মুদা।
অবনিজ্যাবহন্ মূৰ্দ্ধ্নি তদপো বিশ্বপাবনীঃ ॥১৮
তদাঽসুরেন্দ্রং দিবি দেবতাগণা
গন্ধর্ব্ব-বিদ্যাধর-সিদ্ধ-চারণাঃ।
তৎ কর্ম্ম সর্ব্বেঽপি গৃণন্ত আর্জ্জবং
প্রসূনবর্ষৈর্ববৃষুর্মুদান্বিতাঃ ॥১৯
নেদুর্মুহুর্দুন্দুভয়ঃ সহস্রশো
গন্ধর্ব্ব-কিম্পুরুষ-কিন্নরা জগুঃ।
মনস্বিনানেন কৃতং সুদুষ্করং
বিদ্বানদাদ্ যদ্ রিপবে জগত্রয়ম্ ॥২০
তদ্ বামনং রূপমবর্দ্ধতাদ্ভুতং
হরেরনন্তস্য গুণত্রয়াত্মকম্।
ভূঃ খং দিশো দ্যৌর্বিবরাঃ পয়োধয়-
স্তির্য্যঙ্‌নৃদেবা ঋষয়ো যদাসত ॥২১

এবং স্বগুরুণা শুক্রেণ শপ্তঃ অপি মহান্ বলিঃ সত্যাৎ স্বপ্রতিশ্রুতাৎ ন চলিতঃ, কিন্তু বামনায় বামনম্ উদকদানপূর্ব্বকম্ অর্চ্চিত্বা এতাং ভূমিং তস্মৈ দদৌ ॥১৬

বলেঃ পত্নী জালকমালিনী মুক্তামালা-বিভূষিতা বিন্ধ্যাবলিঃ তদা আগত্য অবনেজনীনাং পাদপ্রক্ষালনার্থানাম্ অপম্ অদ্ভিঃ ভৃতং পূর্ণং হেমকলসম্ আনিন্যে আনীতবতী ॥১৭

ততঃ যজমানঃ বলিঃ স্বয়ং তস্য বামনস্য শ্রীমৎপাদযুগং মুদা হর্ষেণ অবনিজ্য প্রক্ষাল্য বিশ্বস্য পাবনীঃ তৎ অপঃ পাদপ্রক্ষালন-জলানি মূৰ্দ্ধ্নি অবহন্ দধার ॥১৮

তদা দিবি দেবতাগণাঃ গন্ধর্ব্ব-বিদ্যাধর-সিদ্ধ-চারণাঃ শত্রুভূতাঃ অপি সর্ব্বে মুদান্বিতাঃ হর্ষপূর্ণাঃ সন্তঃ তস্য বলেঃ কর্ম্ম ভূমিদানম্ আর্জ্জবম্ অকৌটিল্যং চ গৃণন্তঃ প্রশংসন্তঃ অসুরেন্দ্রং বলিং প্রসূনবর্ষৈঃ ববৃষুঃ আচ্ছাদিতবন্তঃ ॥১৯

(তৈর্নাদিতাঃ) সহস্রশঃ দুন্দুভয়ঃ মুহুঃ নেদুঃ ; গন্ধর্ব্ব-কিংপুরুষ-কিন্নরাঃ জগুঃ ; দেবপক্ষপাতী বামনরূপী বিষ্ণুঃ ত্রিপদব্যাজেন জগত্রয়ং গ্রহীষ্যতি ইতি জানন্ অপি রিপবে জগৎত্রয়ং যৎ অদাৎ ইতি অস্তৈঃ সুদুষ্করং কর্ম্ম অনেন মনস্বিনা বলিনা কৃতম্ ইতি জগুঃ ॥২০

ততঃ অনন্তস্য হরেঃ তৎ গুণত্রয়াত্মকং বামনরূপম্ অদ্ভুতং যথা স্যাৎ তথা অবর্দ্ধত। যৎ যত্র রূপে ভূঃ খং দ্যৌঃ দিশঃ বিবরাঃ পয়োধয়ঃ সাগরাদয়ঃ চ তথা তির্য্যঙ্-নৃ-দেবাঃ ঋষয়শ্চ আসত ॥২১

নিজগুরুকর্তৃক এইরূপ অভিশপ্ত হইয়াও মহামতি বলি সত্য হইতে বিচলিত না হইয়া বামনকে অর্চনা করিয়া জল স্পর্শপূর্বক এই পৃথিবী দান করিলেন।১৬

মুক্তাময়মাল্যবিভূষিতা বলিপত্নী বিন্ধ্যাবলি তৎকালে সেখানে আসিয়া পদপ্রক্ষালনের উপযোগী জলপূর্ণ একটি স্বর্ণকুম্ভ আনয়ন করিয়াছিলেন।১৭

অনন্তর যজমান বলি স্বয়ং প্রীতিসহকারে বামনদেবের পদযুগল প্রক্ষালনপূর্বক নিখিল ব্রহ্মাণ্ডের পবিত্রতাজনক সেই জল মস্তকে ধারণ করিলেন।১৮

তৎকালে স্বর্গস্থিত দেবতাগণ এবং গন্ধর্ব, বিদ্যাধর, সিদ্ধ ও চারণগণ সকলেই বলির সেই কর্ম ও সরলতার প্রশংসা করিতে করিতে হর্ষভরে তাঁহার উপর পুষ্পবর্ষণ করিয়াছিলেন।১৯

তৎকালে স্বর্গলোকে বারংবার সহস্র সহস্র দুন্দুভি ধ্বনিত হইতে লাগিল এবং মনস্বী বলি স্বয়ং জানিয়াও যে, শত্রুকে ত্রিলোক দান করিলেন—ইহা অতিশয় দুষ্কর কর্ম! এই বলিয়া গন্ধর্ব, কিম্পুরুষ ও কিন্নরগণ গান করিতে লাগিলেন।২০

তৎকালে অনন্ত শ্রীহরির ত্রিগুণাত্মক সেই বামনবিগ্রহ অদ্ভুতরূপে বৃদ্ধিলাভ করিয়াছিল। যাহাতে তন্মধ্যে পৃথিবী, আকাশ, দিঙ্মণ্ডল, স্বর্গলোক, বিবরসমূহ (পাতালপ্রভৃতি), সমুদ্রসকল, তির্য্যক্ প্রাণিগণ, মনুষ্যগণ, দেবগণ ও ঋষিগণ অবস্থান করিতেছিলেন।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কায়ে বলিস্তস্য মহাবিভূতেঃ
সহর্ত্বিগাচার্য্যসদস্য এতৎ।
দদর্শ বিশ্বং ত্রিগুণং গুণাত্মকে
ভূতেন্দ্রিয়ার্থাশয়জীবযুক্তম্ ॥২২

রসামচষ্টাঙ্ঘ্রিতলেঽথ পাদয়ো-
র্মহীং মহীধ্রান্ পুরুষস্য জঙ্ঘয়োঃ।
পতত্রিণো জানুনি বিশ্বমূর্ত্তে-
রূর্ব্বোর্গণং মারুতমিন্দ্রসেনঃ ॥২৩

সন্ধ্যাং বিভোর্বাসসি গুহ্য ঐক্ষৎ
প্রজাপতীন্ জঘনে আত্মমুখ্যান্।
নাভ্যাং নভঃ কুক্ষিষু সপ্ত সিন্ধূন্
উরুক্রমস্যোরসি চর্ক্ষমালাম্ ॥২৪

হৃদ্যঙ্গ ধর্ম্মং স্তনয়োর্মুরারে-
র্ঋতঞ্চ সত্যঞ্চ মনস্যথেন্দুম্।
শ্রিয়ঞ্চ বক্ষস্যরবিন্দহস্তাং
কণ্ঠে চ সামানি সমস্তরেফান্ ॥২৫

ইন্দ্রপ্রধানানমরান্ ভুজেষু
তৎকর্ণয়োঃ ককুভো দ্যৌশ্চ মূর্দ্ধ্নি।
কেশেষু মেঘান্ শ্বসনং নাসিকায়া-
মক্ষ্ণোশ্চ সূর্য্যং বদনে চ বহ্নিম্ ॥২৬

ততঃ সহর্ত্বিগাচার্য্যসদস্যঃ ঋত্বিগাদিসহিতঃ বলিঃ তস্য মহাবিভূতেঃ ভগবতঃ গুণাত্মকে কায়ে শরীরে ভূতেন্দ্রিয়ার্থাশয়-জীবযুক্তং (ভূতানি পৃথিব্যাদীনি, ইন্দ্রিয়াণি অর্থাঃ শব্দাদয়ঃ আশয়ঃ অন্তঃকরণং জীবঃ চ তৈঃ যুক্তং) ত্রিগুণং বিশ্বং দদর্শ ॥২২

ইন্দ্রসেনঃ বলিঃ পুরুষস্য বিশ্বরূপস্য ভগবতঃ অঙ্ঘ্রিতলে রসাং রসাতলাদি লোক-সপ্তকং, পাদয়োঃ মহীং, জংঘয়োঃ মহীধ্রান্ পর্ব্বতান্, জানুনি পতত্রিণঃ পক্ষিণঃ, ঊর্ব্বোঃ মারুতং গণং বায়ুসজ্ঘম্ ॥২৩

বিভোঃ বাসসি বস্ত্রে সন্ধ্যাং, গুহ্যে গুদে আত্মা স্বয়ং মুখ্যঃ যেষাং তান্ অসুরান্ ঐক্ষৎ; জঘনে প্রজাপতীন্ মরীচ্যাদীন্, নাভ্যাং নভঃ অন্তরীক্ষং, কুক্ষিষু সপ্তসিন্ধূন্ তথা উরুক্রমস্য বিশ্বরূপস্য উরসি চ ঋক্ষমালাং নক্ষত্রসমূহম্ ॥২৪

হে অঙ্গ! মুরারেঃ হৃদি ধর্ম্মং, স্তনয়োঃ ঋতং চ সত্যং চ (ঋতং চ সুনৃতা বাণী সত্যঞ্চ সমদর্শনম্) অথ মনসি ইন্দুং চন্দ্রং, বক্ষসি অরবিন্দং কমলং হস্তে যস্যাঃ তাং শ্রিয়ং লক্ষ্মীং, কণ্ঠে সামানি, সমস্তান্ রেফান্ অকারাদি-বর্ণান্ চ ॥২৫

ভুজেষু ইন্দ্রপ্রধানান্ অমরান্ দেবান্, কর্ণয়োঃ ককুভঃ দিশঃ, মূর্দ্ধ্নি দ্যৌঃ স্বর্গং, কেশেষু মেঘান্, নাসিকায়াং শ্বসনং প্রাণবায়ুং, অক্ষ্ণোঃ সূর্য্যং, বদনে বহ্নিং চ ॥২৬

সে সময়ে ঋত্বিক্, আচার্য্য ও সদস্যগণের সহিত স্বয়ং বলি মহাবিভূতিশালী ভগবানের সেই গুণময় দেহমধ্যে আকাশাদি পঞ্চভূত, ইন্দ্রিয়বর্গ, শব্দাদি বিষয়, অন্তঃকরণ ও জীবসহ এই ত্রিগুণাত্মক বিশ্ব দর্শন করিয়াছিলেন।২২

এইরূপ তিনি বিশ্বমূর্তি সেই পুরুষের পদতলে রসাতল, পদযুগলে পৃথিবী, জঙ্ঘাদ্বয়ে পর্বতরাজি, জানুদেশে পক্ষিগণ এবং উরুযুগলে মরুদ্গণকে দর্শন করিয়াছিলেন।২৩

এইরূপ তিনি উরুক্রম ভগবানের বস্ত্রমধ্যে সন্ধ্যা, গুহ্যদেশে প্রজাপতিগণ, জঘনদেশে নিজসহ অসুরগণ, নাভিস্থলে আকাশ, কুক্ষি (জঠর) ভাগে সপ্ত সমুদ্র এবং বক্ষঃস্থলে নক্ষত্ররাশি দেখিতে পাইলেন।২৪

হে মহারাজ! বলি সেই ভগবান্ শ্রীহরির হৃদয়ে ধর্ম, স্তনযুগলে ঋত ও সত্য, মনোমধ্যে চন্দ্র, বক্ষঃস্থলে পদ্মহস্তা লক্ষ্মীদেবী এবং কণ্ঠদেশে সামবেদ সমস্ত শব্দরাশি দর্শন করিয়াছিলেন।২৫

এইরূপ বলি সেই পরমপুরুষের ভুজসমূহে ইন্দ্রপ্রমুখ দেবগণ, কর্ণযুগলে দিক্সমূহ, মস্তকে স্বর্গলোক, কেশরাশির মধ্যে মেঘমালা, নাসিকায় বায়ু, নেত্রযুগলে সূর্য্য, মুখমধ্যে অগ্নি, বাক্যে ছন্দোরাশি, জিহ্বায় বরুণ, ভ্রূযুগলের মধ্যে বিধি ও নিষেধ নেত্রলোমে দিবা ও রাত্রি, ললাটে ক্রোধ এবং অধরে লোভের অবস্থান লক্ষ্য করিয়াছিলেন।২৬-২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাণ্যাঞ্চ ছন্দাংসি রসে জলেশং
ভ্রুবোর্নিষেধঞ্চ বিধিঞ্চ পক্ষ্মসু।
অহশ্চ রাত্রিঞ্চ পরস্য পুংসো
মন্যুং ললাটেঽধর এব লোভম্ ॥২৭

স্পর্শে চ কামং নৃপ রেতসোঽম্ভঃ
পৃষ্ঠে ত্বধর্ম্মং ক্রমণেষু চ যজ্ঞম্।
ছায়াসু মৃত্যুং হসিতে চ মায়াং
তনূরুহেষ্বোষধিজাতয়শ্চ ॥২৮

নদীশ্চ নাড়ীষু শিলা নখেষু
বুদ্ধাবজং দেবগণানৃষীংশ্চ।
প্রাণেষু গাত্রে স্থিরজঙ্গমানি
সর্ব্বাণি ভূতানি দদর্শ বীরঃ ॥২৯

বাণ্যাং ছন্দাংসি বেদান্, রসে রসনে জলেশং বরুণং, ভ্রুবোঃ নিষেধং শাস্ত্রং বিধিং প্রবর্ত্তকং শাস্ত্রং, পক্ষ্মসু অহঃ দিনং তথা রাত্রিং, পরস্য পুংসঃ ললাটে মন্যুং ক্রোধম্, অধরে অধরোষ্ঠে লোভম্ ॥২৭

হে নৃপ! স্পর্শে ত্বগিন্দ্রিয়ে কামং, রেতসঃ রেতসি অম্ভঃ জলং, পৃষ্ঠে অধর্ম্মং পাপং, ক্রমণেষু পাদন্যাসেষু যজ্ঞং, ছায়াসু মৃত্যুং, হসিতে চ মায়াং, তনুরুহেষু লোমসু ওষধিজাতীঃ ॥২৮

নাড়ীষু নদীঃ, নখেষু শিলাঃ পাষাণান্, বুদ্ধৌ অজং ব্রহ্মাণং, প্রাণেষু ইন্দ্রিয়েষু দেবগণান্, গাত্রে স্থিরজঙ্গমানি সর্ব্বাণি ভূতানি বীরঃ বলিঃ দদর্শ ॥২৯

হে মহারাজ! এইরূপ তিনি সেই পরমপুরুষের স্পর্শে কাম, শুক্রমধ্যে জল, পৃষ্ঠদেশে অধর্ম, পদবিন্যাসে যজ্ঞ, ছায়ামধ্যে মৃত্যু, হাস্যে মায়া, রোমরাজির মধ্যে ওষধিসমূহ, নাড়ীসমূহে নদীসকল, নখসমূহে শিলারাশি, বুদ্ধিমধ্যে ব্রহ্মা, প্রাণমধ্যে দেবগণ ও ঋষিগণ এবং গাত্রদেশে স্থাবর-জঙ্গম ভূতসমষ্টি দর্শন করিয়াছিলেন।২৮-২৯

হে মহারাজ! তৎকালে অসুরগণ সকলে বিশ্বের আত্মা সেই ভগবানের মধ্যে নিখিল ভুবন দর্শন করিয়া মূর্চ্ছিত হইয়াছিল। এসময়ে অসহ্য তেজঃ-

সর্ব্বাত্মনীদং ভুবনং নিরীক্ষ্য
সর্ব্বেঽসুরাঃ কশ্মলমাপুরঙ্গ।
সুদর্শনং চক্রমসহ্যতেজো
ধনুশ্চ শার্ঙ্গং স্তনয়িত্নুঘোষম্ ॥৩০

পর্জ্জন্যঘোষো জলজঃ পাঞ্চজন্যঃ
কৌমোদকী বিষ্ণুগদা তরস্বিনী।
বিদ্যাধরোঽসিঃ শতচন্দ্রযুক্ত-
স্তূণোত্তমাবক্ষয়সায়কৌ চ ॥৩১

সুনন্দমুখ্যা উপতস্থুরীশং
পার্ষদমুখ্যাঃ সহলোকপালাঃ।
স্ফুরৎকিরীটাঙ্গদমীনকুণ্ডলঃ
শ্রীবৎসরত্নোত্তমমেখলাম্বরৈঃ ॥৩২

অঙ্গ হে রাজন্! সর্ব্বাত্মনি সর্ব্বাধারভূতে ভগবতি ইদং ভুবনং নিরীক্ষ্য সর্ব্বে অসুরাঃ কশ্মলং ভয়ম্ আপুঃ প্রাপুঃ। তথা সুদর্শনং নাম অসহ্যতেজঃ চক্রং স্তনয়িত্নুবৎ ঘোষঃ যস্য তৎ শার্ঙ্গং ধনুঃ ॥৩০

পর্জ্জন্যবৎ ঘোষঃ যস্য সঃ পাঞ্চজন্যঃ জলজঃ শঙ্খঃ, তরস্বিনী বেগবতী কৌমোদকী নাম্নী বিষ্ণোঃ গদা, শতচন্দ্রযুক্তঃ বিদ্যাধরাখ্যঃ অসিঃ খড়্গঃ, অক্ষয়সায়কৌ অক্ষয়াঃ সায়কাঃ যয়োঃ তৌ তূণোত্তমৌ চ, তথা সুনন্দঃ মুখ্যঃ যেষাং তে সহলোকপালাঃ ভগবতঃ পার্ষদমুখ্যাঃ ঈশম্ উপতস্থুঃ। তদা চ হে রাজন্! স্ফুরন্তি কিরীটাদীনি যস্য সঃ ভগবান্ উরুক্রমঃ শ্রীবৎসরত্নোত্তম-

শালী সুদর্শন চক্র, মেঘের ন্যায় ধ্বনিযুক্ত শার্ঙ্গনামক ধনুঃ, ঐরূপ গম্ভীর ধ্বনিযুক্ত পাঞ্চজন্যনামক শঙ্খ, বেগশালিনী কৌমুদকী গদা, শতচন্দ্রযুক্ত বিদ্যাধর-নামক অসি, অক্ষয়বাণপূর্ণ তূণযুগল এবং লোক-পালগণের সহিত সুনন্দপ্রভৃতি প্রধান পার্ষদগণ নিজ প্রভু ভগবানের চারিদিক্ হইতে স্তুতি করিতেছিলেন। এ অবস্থায় ভগবান্ সমুজ্জ্বল মুকুট, কেয়ূর, মকরাকৃতি কুণ্ডলযুগল, শ্রীবৎসচিহ্ন, কৌস্তুভরত্ন, মেখলা এবং মনোরম বস্ত্রে বিভূষিত হইয়া বিরাজ করিয়াছিলেন।৩০-৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধুব্রতস্রগ্‌বনমালয়াবৃতো
রবাজ রাজন্ ভগবানুরুক্রমঃ ।
ক্ষিতিং পদৈকেন বলের্বিচক্রমে
নভঃ শরীরেণ দিগশ্চ বাহুভিঃ ॥৩৩
পদং দ্বিতীয়ং ক্রমতস্ত্রিবিষ্টপং
ন বৈ তৃতীয়ায় তদীয়মণ্বপি ।

মেথলাম্বরৈঃ তথা মধুব্রতানাং ভ্রমরাণাং স্রক্ পংক্তিঃ যস্যাং তয়া বনমালয়া চ বৃতঃ এব ররাজ । বলেঃ সম্বন্ধিনীং ক্ষিতিম্ একেন পদা, নভঃ অন্তরীক্ষং শরীরেণ, সর্ব্বাঃ দিশঃ বাহুভিঃ ॥৩১-৩৩

দ্বিতীয়ং পদং ক্রমতঃ বিক্ষিপতঃ ত্রিপিষ্টপং স্বর্গং জাতম্ ।

হে মহারাজ ! তৎকালে ভগবান্ উরুক্রম ভ্রমর-পংক্তিশোভিত বনমালায় আবৃত হইয়া অতিশয় শোভা পাইয়াছিলেন এবং এক পদদ্বারা বলির অধিকৃত সমগ্র ভূভাগ, শরীরদ্বারা আকাশমণ্ডল ও বাহুসমূহদ্বারা দিঙ্মণ্ডল পরিব্যাপ্ত করিয়াছিলেন ।৩৩

ইহার পর দ্বিতীয় পদবিন্যাসকালে স্বর্গলোক

উরুক্রমস্যাঙ্ঘ্রিরুপর্য্যুপর্য্যথো
মহর্জনাভ্যাং তপসঃ পরং গতঃ ॥৩৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে বিশ্বরূপদর্শনং নাম বিংশোঽধ্যায়ঃ ॥২০

তৃতীয়ায় তু তদীয়ং কিঞ্চিৎ অনুমাত্রম্ অপি ন বৈ নৈব অবশিষ্টম্ । উরুক্রমস্য অঙ্ঘ্রিঃ ত্রিপিষ্টপাৎ উপরি গচ্ছন্ মহর্জনাভ্যাং তপসঃ চ পরং সত্যং লোকং গতঃ ॥৩৪

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রি কৃতান্বয়ে বিংশোঽধ্যায়ঃ ।

কোনরূপে তাহার স্থান হইল বটে, পরন্তু তৃতীয় পদবিন্যাসের জন্য বলির আর অণুমাত্র স্থানও ছিল না । তখন উরুক্রম শ্রীহরির সেই পদ ক্রমশঃ ঊর্দ্ধ্বভাগে মহর্লোক, জনলোক ও তপোলোক অতিক্রম করিয়া সত্যলোকে উপস্থিত হইয়াছিল ।৩৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
বিংশ অধ্যায় সমাপ্ত ।

LIBRARY
No.............
Shri Shri Anandamayee Ashram
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একবিংশঃ অধ্যায়ঃ

[বলের্বন্ধনম্, শ্রীভগবতো বচনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

সত্যং সমীক্ষ্যাব্জভবো নখেন্দুভি-
র্হতস্বধামদ্যুতিরাবৃতোঽভ্যগাৎ।
মরীচিমিশ্রা ঋষয়ো বৃহদ্‌ব্রতাঃ
সনন্দনাদ্যা নরদেব যোগিনঃ ॥১

বেদোপবেদা নিয়মা যমান্বিতা-
স্তর্কেতিহাসাঙ্গপুরাণসংহিতাঃ।
যে চাপরে যোগসমীরদীপিত-
জ্ঞানাগ্নিনা রন্ধিতকর্ম্মকল্মষাঃ ॥২

ববন্দিরে যৎস্মরণানুভাবতঃ
স্বায়ম্ভুবং ধাম গতা অকর্ম্মকম্।
অথাঙ্ঘ্রয়ে প্রোন্নমিতায় বিষ্ণো-
রুপাহরৎ পদ্মভবোঽর্হণোদকম্।
সমর্চ্চ্য ভক্ত্যাভ্যগৃণাচ্ছুচিশ্রবা
যন্নাভিপঙ্কেরুহসম্ভবঃ স্বয়ম্ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। (ভগবতঃ) নখাঃ এব ইন্দবঃ তৈঃ হতা স্বধাম্নঃ দ্যুতিঃ যস্য সঃ স্বয়ং চ তৈঃ আবৃতঃ অব্জভবঃ ব্রহ্মা সত্যং সত্যলোকং প্রাপ্তং তম্ অঙ্ঘ্রিং সমীক্ষ্য অভ্যগাৎ।

হে নরদেব! মরীচিমিশ্রাঃ ঋষয়ঃ, বৃহদ্‌ব্রতাঃ নারদাদয়ঃ, সনন্দনাদ্যাঃ যোগিনঃ, বেদোপবেদাঃ, যমান্বিতাঃ নিয়মাঃ, তর্কঃ ন্যায়শাস্ত্রম্ ইতিহাসাদয়ঃ চ। যে চ অপরে যোগঃ এব সমীরঃ বায়ুঃ তেন দীপিতেন জ্ঞানাগ্নিনা রন্ধিতং দগ্ধং কর্ম্ম পাপাদিকং যেষাং তে তথাভূতাঃ সন্তঃ যস্য ভগবচ্চরণারবিন্দস্য স্মরণানুভাবতঃ অকর্ম্মকং স্বায়ম্ভুবং ব্রহ্মলোকং গতাঃ, তে সর্ব্বে তম্ অঙ্ঘ্রিং ববন্দিরে ॥

অথ অনন্তরং শুচিশ্রবাঃ বিমলকীর্ত্তিঃ পদ্মভবঃ ব্রহ্মা স্বয়ং যস্য নাভিকমলসম্ভবঃ তস্য বিষ্ণোঃ প্রোন্নমিতায় ঊর্দ্ধং স্থিতায় অঙ্ঘ্রয়ে অর্হণোদকম্ অর্ঘ্যম্ উপাহরৎ সমর্পিতবান্, তথা অঙ্ঘ্রিং সম্যক্ অর্চয়িত্বা ভক্ত্যা অভ্যগৃণাৎ অস্তৌষীৎ ॥১-৩

একবিংশতি অধ্যায়।

[বলির বন্ধন এবং শ্রীভগবানের বচন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবানের পদ এইরূপে সত্যলোকে উপস্থিত হইলে তদীয় নখচন্দ্ররাজিদ্বারা ব্রহ্মার নিজ ধামের দীপ্তি তিরস্কৃত হইল এবং তিনি স্বয়ংও উহাদ্বারা আচ্ছন্ন হইয়াছিলেন। এ অবস্থায় তিনি, মরীচিপ্রমুখ ঋষিগণ এবং সনন্দনপ্রমুখ নৈষ্ঠিক ব্রহ্মচর্য্যধারী যোগিগণ সকলে তাঁহার নিকট গমন করিয়াছিলেন।১

তখন বেদ, উপবেদ, যম, নিয়ম, তর্ক, ইতিহাস, বেদাঙ্গ, পুরাণ ও সংহিতাসমূহ ইহারা এবং যোগরূপ বায়ুদ্বারা উদ্দীপিত জ্ঞানরূপ অগ্নিকর্ত্তৃক যাঁহাদের কর্মমল দূর করা হইয়াছে তাঁহারা সকলে সেই পাদপদ্মের বন্দনা করিয়াছিলেন। তাঁহারা ভগবানের এই পাদপদ্মের স্মরণপ্রভাবেই কর্মদ্বারা অপ্রাপ্য এই ব্রহ্মলোক প্রাপ্ত হইয়াছিলেন। আর তৎকালে শুদ্ধকীর্তি ব্রহ্মাও যাঁহার নাভিকমল হইতে উৎপন্ন হইয়াছেন, সেই ভগবানের উন্নমিত চরণে পাদ্যজল সমর্পণপূর্বক পূজা করিয়া ভক্তিভরে স্তুতি করিতে লাগিলেন।২-৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধাতুঃ কমণ্ডলুজলং তদুরুক্রমস্য
পাদাবনেজনপবিত্রতয়া নরেন্দ্র।
স্বর্ধুন্যভূন্নভসি সা পততী নিমার্ষ্টি
লোকত্রয়ং ভগবতো বিশদেব কীর্ত্তিঃ ॥৪

ব্রহ্মাদয়ো লোকনাথাঃ স্বনাথায় সমাদৃতাঃ।
সানুগা বলিমাজহ্রুঃ সংক্ষিপ্তাত্মবিভূতয়ে ॥৫

তোয়ৈঃ সমর্হণৈঃ স্রগ্‌ভির্দিব্যগন্ধানুলেপনৈঃ।
ধূপৈর্দীপৈঃ সুরভিভির্লাজাক্ষতফলোৎকরৈঃ ॥৬

স্তবনৈর্জয়শব্দৈশ্চ তদ্‌বীর্য্যমহিমাঙ্কিতৈঃ।
নৃত্যবাদিত্রগীতৈশ্চ শঙ্খদুন্দুভিনিঃস্বনৈঃ ॥৭

জাম্ববানৃক্ষরাজস্তু ভেরীশব্দৈর্মনোজবঃ।
বিজয়ং দিক্ষু সর্ব্বাসু মহোৎসবমঘোষয়ৎ ॥৮

মহীং সর্ব্বাং হৃতাং দৃষ্ট্বা ত্রিপদব্যাজযাচ্ঞয়া।
ঊচুঃ স্বভর্ত্তুরসুরা দীক্ষিতস্যাত্যমর্ষিতাঃ ॥৯

ন বা অয়ং ব্রহ্মবন্ধুর্বিষ্ণুর্মায়াবিনাং বরঃ।
দ্বিজরূপপ্রতিচ্ছন্নো দেবকার্য্যং চিকীর্ষতি ॥১০

হে নরেন্দ্র! তৎ অর্হণতয়া সমর্পিতং ধাতুঃ ব্রহ্মণঃ কমণ্ডলুজলম্ উরুক্রমস্য পাদয়োঃ অবনেজনেন প্রক্ষালনেন পবিত্রতয়া স্বর্ধুনী গঙ্গা অভূৎ। যা নভসি আকাশে পততী পতন্তী সতী ভগবতঃ বিশদা কীর্ত্তিঃ ইব লোকত্রয়ং নিমার্ষ্টি পবিত্রীকরোতি ॥৪

ততশ্চ সমাদৃতাঃ সানুগাঃ লোকনাথাঃ ব্রহ্মাদয়ঃ সংক্ষিপ্তাত্ম-বিভূতয়ে (সংক্ষিপ্তা উপসংহৃতা আত্মবিভূতিঃ স্বদেহবিস্তারঃ যেন তস্মৈ বামনরূপেণ স্থিতায়) স্বনাথায় স্বামিনে বলিম্ উপহারম্ আজহ্রুঃ পূজাং কৃতবন্তঃ ॥৫

তোয়ৈঃ সমর্হণৈঃ অর্ঘ্যজলৈঃ দিব্যঃ গন্ধঃ যেষাং তৈঃ, অনুলেপনৈঃ চন্দনাদিভিঃ, লাজাঃ ভৃষ্টধানাঃ তৈঃ, সুরভিভিঃ ধূপৈঃ, দীপৈঃ, অক্ষতৈঃ আতপতণ্ডুলৈঃ, ফলোৎকরৈঃ ফলরাশিভিঃ, ॥৬

তস্য ভগবতঃ বীর্য্যং পরাক্রমঃ মহিমা বিভূতিঃ তাভ্যাম্ অঙ্কিতৈঃ স্তবনৈঃ স্তোত্রৈঃ। নৃত্যাদিভিঃ ॥৭

মনোবৎ জবঃ বেগঃ যস্য সঃ ঋক্ষাণাং রাজা জাম্ববান্ ভেরীশব্দৈঃ সর্ব্বাসু দিক্ষু মহোৎসবং বামনস্য বিজয়ম্ অঘোষয়ৎ ॥৮

ত্রিপদানি ব্যাজমাত্রং যস্যাঃ তয়া যাচ্ঞয়া স্বভর্ত্তুঃ দীক্ষিতস্য বলেঃ সর্ব্বাং মহীং হৃতাং দৃষ্ট্বা অত্যমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ অসুরাঃ পরস্পরম্ ঊচুঃ ॥৯

অয়ং বামনঃ ব্রহ্মবন্ধুঃ ন ভবতি, কিন্তু মায়াবিনাং বরঃ শ্রেষ্ঠঃ বিষ্ণুঃ এব দ্বিজরূপেণ প্রতিচ্ছন্নঃ সন্ দেবকার্য্যং কর্ত্তুম্ ইচ্ছতি ॥১০

হে মহারাজ! তৎকালে ব্রহ্মার সেই কমণ্ডলুর জলরাশি ভগবানের পাদপ্রক্ষালনহেতু পবিত্র হইয়া স্বর্গগঙ্গারূপে পরিণত হইয়াছিল এবং উহাই আকাশ-মার্গে প্রবাহিত হইয়া ভগবানের নির্মল কীর্তির ন্যায় লোকত্রয় পবিত্র করিতেছেন।৪

অনন্তর অনুচরগণের সহিত ব্রহ্মাদি লোকপাল-গণ ত্রিবিক্রমমূর্তির সংক্ষেপ করিয়া পূর্বের ন্যায় বামনরূপে অবস্থিত নিজ প্রভু শ্রীহরিকে সাদরে পূজোপহার প্রদান করিয়াছিলেন।৫

মনোরম জল, মাল্য, দিব্য গন্ধ-দ্রব্য ও বিবিধ অনুলেপন সুগন্ধি ধূপ, দীপ, লাজ (খৈ), আতপ-তণ্ডুল, ফলরাশি, স্তব, তদীয় মহিমাযুক্ত জয়ধ্বনি, নৃত্য, বাদ্য, গীত এবং শঙ্খ ও দুন্দুভিধ্বনি দ্বারাই পূজার উপহার প্রদত্ত হইয়াছিল।৬-৭

এ সময়ে মনের ন্যায় অতিদ্রুতগামী ভল্লুকরাজ জাম্ববান্ ভেরীধ্বনি করিয়া চতুর্দিকে ঐ বিজয় মহোৎসব ঘোষণা করিয়াছিলেন।৮

বামনদেব ত্রিপাদ ভূমি যাচ্ঞার ছল করিয়া যজ্ঞে দীক্ষিত নিজ প্রভু বলির সমস্ত পৃথিবী হরণ করিয়াছেন দেখিয়া তৎকালে অসুরগণ অতিশয় ক্রুদ্ধ হইয়া এরূপ বলিয়াছিল।৯

এ ব্যক্তি নিশ্চয়ই ব্রাহ্মণ-সন্তান নহে, পরন্তু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনেন যাচমানেন শত্রুণা বটুরূপিণা।
সর্ব্বস্বং নো হৃতং ভর্ত্তুর্ন্যস্তদণ্ডস্য বর্হিষি ॥১১
সত্যব্রতস্য সততং দীক্ষিতস্য বিশেষতঃ।
নানৃতং ভাষিতুং শক্যং ব্রহ্মণ্যস্য দয়াবতঃ ॥১২
তস্মাদস্য বধো ধর্ম্মো ভর্ত্তুঃ শুশ্রূষণঞ্চ নঃ।
ইত্যায়ুধানি জগৃহুর্বলেরনুচরাসুরাঃ ॥১৩
তে সর্ব্বে বামনং হন্তুং শূলপট্টিশপাণয়ঃ।
অনিচ্ছতো বলে রাজন্ প্রাদ্রবন্ জাতমন্যবঃ ॥১৪

তানভিদ্রবতো দৃষ্ট্বা দিতিজানীকপান্ নৃপ।
প্রহস্যানুচরা বিষ্ণোঃ প্রত্যষেধন্নুদায়ুধাঃ ॥১৫
নন্দঃ সুনন্দোঽথ জয়ো বিজয়ঃ প্রবলো বলঃ।
কুমুদঃ কুমুদাক্ষশ্চ বিষ্বক্সেনঃ পতত্রিরাট্ ॥১৬
জয়ন্তঃ শ্রুতদেবশ্চ পুষ্পদন্তোঽথ সাত্বতঃ।
সর্ব্বে নাগাযুতপ্রাণাশ্চমূং তে জঘ্নুরাসুরীঃ ॥১৭

অতঃ যাচমানেন বটুরূপিণা অনেন শত্রুণা বিষ্ণুনা বর্হিষি যজ্ঞে ন্যস্তদণ্ডস্য নঃ অস্মাকং ভর্ত্তুঃ সর্ব্বস্বং হৃতম্ ॥১১

সততং সর্ব্বদা সত্যব্রতস্য সত্যসঙ্কল্পস্য, বিশেষতঃ যজ্ঞে দীক্ষিতস্য, দয়াবতঃ, ব্রহ্মণ্যস্য ব্রাহ্মণভক্তস্য প্রভোঃ (প্রভুণা) অনৃতং ভাষিতুং ন শক্যম্ ॥১২

তস্মাৎ অস্য বামনস্য বধঃ এব নঃ অস্মাকং ধর্ম্মঃ ; অনেন ভর্ত্তুঃ শুশ্রূষণং ভবেৎ ইতি এবং বদন্তঃ বলেঃ অনুচরাঃ অসুরাঃ আয়ুধানি জগৃহুঃ ॥১৩

হে রাজন্! শূলাঃ পট্টিশাঃ চ পাণিষু যেষাং তে জাতমন্যবঃ জাতক্রোধাঃ সর্ব্বে তে অসুরাঃ বলেঃ অনিচ্ছতঃ এব বামনং হন্তুং প্রাদ্রবন্ ॥১৪

হে নৃপ! দিতিজানাং দৈত্যানাম্ অনীকপান্ সেনাপতীন্ অভিদ্রবতঃ দৃষ্ট্বা উদ্যতায়ুধাঃ (উদ্যতানি আয়ুধানি যেষাং তে) বিষ্ণোঃ পার্ষদাঃ প্রহস্য ন্যষেধন্ নিবারয়ামাসুঃ ॥১৫

নাগাযুতপ্রাণাঃ নাগাযুতস্য হস্তিদশ-সহস্রস্য প্রাণঃ ইব বলং যেষাং তে সর্ব্বে নন্দঃ, সুনন্দঃ, জয়ঃ, বিজয়ঃ, প্রবলঃ, বলঃ, কুমুদঃ, কুমুদাক্ষঃ, বিষ্বক্সেনঃ, পতত্রিরাট্, জয়ন্তঃ, শ্রুতদেবঃ, পুষ্পদন্তঃ, সাত্বতঃ বিষ্ণুপার্ষদাঃ আসুরীং চমূং সেনাং জঘ্নুঃ ॥১৬-১৭

মায়াবিগণের প্রধান বিষ্ণুই ব্রাহ্মণবেশে আত্মগোপন করিয়া দেবতাগণের কার্য্যসাধনের ইচ্ছা করিতেছে।১০

আমাদের প্রভু সম্প্রতি যজ্ঞকালে রাজার শাসন-দণ্ডটি কুশের উপর রাখিয়া দিয়াছেন (অর্থাৎ হিংসা হইতে বিরত হইয়াছেন), সেই সুযোগেই এই শত্রু ব্রহ্মচারিরূপে যাচ্ঞা করিয়া আমাদের সর্ব্বস্ব হরণ করিয়াছে।১১

সর্বদা সত্যনিষ্ঠ, বিশেষতঃ সম্প্রতি যজ্ঞে দীক্ষিত ব্রাহ্মণহিতৈষী ও দয়াশীল প্রভুর পক্ষে মিথ্যা কথা বলা (অর্থাৎ সম্প্রতি এই যাচককে প্রত্যাখ্যান করা) সম্ভবপর নহে।১২

অতএব সম্প্রতি কপট ব্রাহ্মণবেশধারী এই বিষ্ণুর বধ এবং প্রভুর সেবা করাই আমাদের ধর্ম। এই বলিয়া বলির অনুচর অসুরগণ সকলে অস্ত্র ধারণ করিয়াছিল।১৩

হে মহারাজ! তৎকালে বলির অনিচ্ছা সত্ত্বেও সেই অসুরগণ সকলে ক্রুদ্ধচিত্তে বামনদেবকে বধ করিবার জন্য শূল ও পট্টিশনামক অস্ত্র হাতে লইয়া তাঁহার অভিমুখে ধাবিত হইয়াছিল।১৪

হে মহারাজ! বিষ্ণুর অনুচরগণ সেই দৈত্য-সেনাপতিগণকে বামনদেবের অভিমুখে ধাবিত হইতে দেখিয়া হাস্য প্রকাশপূর্বক অস্ত্র উদ্যত করিয়া তাহা-দিগকে বাধা দিয়াছিলেন।১৫

তৎকালে অযুত হস্তীর বলধারী নন্দ, সুনন্দ, জয়, বিজয়, প্রবল, বল, কুমুদ, কুমুদাক্ষ, বিষ্বক্সেন, গরুড়, জয়ন্ত, শ্রুতদেব, পুষ্পবন্ত ও সাত্বত—ইঁহারা সকলে অসুর সৈন্যগণকে বধ করিতে লাগিলেন।১৬-১৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হন্যমানান্ স্বকান্ দৃষ্ট্বা পুরুষানুচরৈর্বলিঃ।
বারয়ামাস সংরব্ধান্ কাব্যশাপমনুস্মরন্ ॥১৮

হে বিপ্রচিত্তে হে রাহো হে নেমে শ্রূয়তাং বচঃ।
মা যুধ্যত নিবর্ত্তধ্বং ন নঃ কালোঽয়মর্থকৃৎ ॥১৯

যঃ প্রভুঃ সর্ব্বভূতানাং সুখদুঃখোপপত্তয়ে।
তং নাতিবর্ত্তিতুং দৈত্যাঃ পৌরুষৈরীশ্বরঃ পুমান্ ॥২০

যো নো ভবায় প্রাগাসীদভবায় দিবৌকসাম্।
স এব ভগবানদ্য বর্ত্ততে তদ্বিপর্য্যয়ম্ ॥২১

বলেন সচিবৈর্বুদ্ধ্যা দুর্গমন্ত্রৌষধাদিভিঃ।
সামাদিভিরুপায়ৈশ্চ কালং নাত্যেতি বৈ জনঃ ॥২২

ভবদ্ভির্নির্জ্জিতা হ্যেতে বহুশোঽনুচরা হরেঃ।
দৈবেনর্দ্ধৈস্ত এবাদ্য যুধি জিত্বা নদন্তি নঃ ॥২৩

এতান্ বয়ং বিজেষ্যামো যদি দৈবং প্রসীদতি।
তস্মাৎ কালং প্রতীক্ষধ্বং যো নোঽর্থত্বায় কল্পতে ॥২৪

পুরুষানুচরৈঃ ভগবৎপার্ষদৈঃ স্বকান্ দৈত্যান্ হন্যমানান্ দৃষ্ট্বা সংরব্ধান্ অতিক্রুদ্ধান্ তান্ কাব্যশাপম্ অনুস্মরন্ বারয়ামাস ॥১৮

হে বিপ্রচিত্তে! হে রাহো! হে নেমে! যুষ্মাভিঃ মে বচঃ শ্রূয়তাম্। মা যুধ্যত, কিন্তু নিবর্ত্তধ্বম্; যতঃ অয়ং কালঃ নঃ অস্মাকম্ অর্থকৃৎ অনুকূলঃ ন ॥১৯

হে দৈত্যাঃ। যঃ কালঃ সর্ব্বেষাং ভূতানাং সুখদুঃখয়োঃ উপপত্তয়ে প্রদানায় প্রভুঃ সমর্থঃ, তং পৌরুষৈঃ পরাক্রমাদিভিঃ অতিবর্ত্তিতুং পুমান্ ঈশ্বরঃ সমর্থঃ ন ভবতি ॥২০

যঃ কালরূপঃ ভগবান্ প্রাক্ পূর্ব্বং নঃ অস্মাকং ভবায় উদ্ভবায়, তথা দিবৌকসাং দেবানাম্ অভবায় চ আসীৎ, সঃ এব অদ্য ততঃ বিপর্য্যয়ম্ (অস্মাকম্ অভবায়, দেবানাং ভবায়) বর্ত্ততে ॥২১

বলেন, সচিবৈঃ, বুদ্ধ্যা, দুর্গমন্ত্রৌষধাদিভিঃ, সামাদিভিঃ উপায়ৈঃ চ জনঃ বৈ নিশ্চিতং কালং ন অত্যেতি ন অতিক্রামতি ॥২২

দৈবেন কালেন, ঋদ্ধৈঃ সমৃদ্ধৈঃ এতে হরেঃ অনুচরাঃ ভবদ্ভিঃ বহুশঃ নির্জিতাঃ; তে এব অদ্য যুধি নঃ অস্মান্ জিত্বা নদন্তি ॥২৩

পুনঃ যদি দৈবং কালঃ প্রসীদতি অনুকূলঃ ভবতি, তদা বয়ম্ অপি এতান্ বিজেষ্যামঃ। তস্মাৎ যঃ কালঃ নঃ অস্মাকম্ অর্থত্বায় অর্থ-সাধনায় কল্পতে, তং কালং প্রতীক্ষধ্বম্ ॥২৪

বলি বিষ্ণুর অনুচরগণ কর্তৃক এইরূপে নিজ সৈন্যগণকে হত হইতে দেখিয়া শুক্রাচার্য্যের অভিশাপ স্মরণপূর্বক ক্রুদ্ধ দৈত্যগণকে নিবারণ করিয়াছিলেন।১৮

(তিনি বলিলেন) হে বিপ্রচিত্তে! হে রাহো! হে নেমে! আমার বাক্য শ্রবণ কর, তোমরা যুদ্ধ করিও না, নিবৃত্ত হও। সম্প্রতি কাল আমাদের অনুকূল নহে।১৯

হে দৈত্যগণ! যে-কাল সকল প্রাণীরই সুখ-দুঃখদানে একমাত্র প্রভু, কোন ব্যক্তিই পৌরুষদ্বারা তাহাকে অতিক্রম করিতে সমর্থ নহে।২০

মহাপ্রভাবশালী যে-কাল পূর্বে আমাদের উন্নতি এবং দেবতাগণের অবনতির কারণ ছিল, উহাই সম্প্রতি বিপরীত ভাব ধারণ করিয়াছে।২১

বল, সচিববর্গ, বুদ্ধি, দুর্গ, মন্ত্র ও ঔষধাদিদ্বারা এবং সামপ্রভৃতি উপায়সমূহদ্বারাও কোন লোক কালকে লঙ্ঘন করিতে পারে না।২২

হে দৈত্যগণ! পূর্বে তোমরা দৈববলে বলবান্ হইয়া শ্রীহরির এই অনুচরগণকে বহুবার যুদ্ধে পরাজিত করিয়াছ, আর সম্প্রতি তাহারাই যুদ্ধে আমাদিগকে পরাজিত করিয়া সিংহনাদ করিতেছে।২৩

যদি দৈব পুনরায় আমাদের প্রতি প্রসন্ন হন, তাহা হইলে তখন আমরা ইহাদিগকে জয় করিব। অতএব সময়ান্তরে যে-কাল আমাদের অনুকূল হইবে, তোমরা সেই কালেরই অপেক্ষা করিতে থাক।২৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

পত্যুর্নিগদিতং শ্রুত্বা দৈত্যদানবযূথপাঃ।
রসাং নির্ব্বিবিশূ রাজন্ বিষ্ণুপার্ষদতাড়িতাঃ ॥২৫

অথ তার্ক্ষ্যসুতো জ্ঞাত্বা বিরাট্ প্রভুচিকীর্ষিতম্।
ববন্ধ বারুণৈঃ পাশৈর্বলিং সূত্যেঽহনি ক্রতৌ ॥২৬

হাহাকারো মহানাসীদ্ রোদস্যোঃ সর্ব্বতো দিশম্।
গৃহ্যমাণেঽসুরপতৌ বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥২৭

তং বদ্ধং বারুণৈঃ পাশৈর্ভগবানাহ বামনঃ।
নষ্টশ্রিয়ং স্থিরপ্রজ্ঞমুদারযশসং নৃপ ॥২৮

পদানি ত্রীণি দত্তানি ভূমের্মহ্যং ত্বয়াসুর।
দ্বাভ্যাং ক্রান্তা মহী সর্ব্বা তৃতীয়মুপকল্পয় ॥২৯

যাবৎ তপত্যসৌ গোভির্যাবদিন্দুঃ সহোড়ুভিঃ।
যাবদ্ বর্ষতি পর্জ্জন্যস্তাবতী ভূরিয়ং তব ॥৩০

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! এবং পত্যুঃ স্বামিনঃ বলেঃ নিগদিতং বাক্যং শ্রুত্বা তে দৈত্যদানবযূথপাঃ বিষ্ণুপার্ষদৈঃ তাড়িতাঃ সন্তঃ রসাতলং নির্বিবিশুঃ ॥২৫

অথ অনন্তরং বিরাট্ (বিষু পক্ষিষু রাজতে ইতি) পক্ষিরাজঃ তার্ক্ষসুতঃ গরুড়ঃ প্রভুচিকীর্ষিতং (প্রভোঃ ভগবতঃ চিকীর্ষিতম্ অভিপ্রায়ং) জ্ঞাত্বা ক্রতৌ যজ্ঞে সুত্যে অহনি সোমাভিষবদিনে বারুণৈঃ পাশৈঃ বলিং ববন্ধ ॥২৬

প্রভবিষ্ণুনা বিষ্ণুনা অসুরপতৌ বলৌ নিগৃহ্যমাণে সতি রোদস্যোঃ দ্যাবাপৃথিব্যোঃ সর্ব্বতো দিশং সর্ব্বদিক্ষু মহান্ হাহাকারঃ শব্দঃ আসীৎ ॥২৭

হে নৃপ! নষ্টশ্রিয়ং বারুণৈঃ পাশৈঃ বদ্ধং, তথাপি স্থিরপ্রজ্ঞম্ (স্থিরা প্রজ্ঞা বুদ্ধিঃ যস্য তম্) উদারযশসং বিপুলকীর্ত্তিং তং বলিং ভগবান্ বামনঃ আহ ॥২৮

হে অসুর! ভূমেঃ ত্রীণি পদানি ত্বয়া মহ্যং দত্তানি (দাস্যামীতি প্রতিশ্রুতানি), তত্র দ্বাভ্যাং পদ্ভ্যাং তব সর্ব্বা মহী ময়া ক্রান্তা গৃহীতা; ইদানীং তৃতীয়পদস্থানম্ উপকল্পয় দেহি ॥২৯

অসৌ সূর্য্যঃ গোভিঃ কিরণৈঃ যাবৎ তপতি, উড়ুভিঃ নক্ষত্রৈঃ সহ ইন্দুঃ চন্দ্রঃ যাবৎ প্রকাশতে, পর্জ্জন্যঃ মেঘঃ যাবৎ বর্ষতি, তাবতী ইয়ং ভূঃ তব এব ॥৩০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! প্রভু বলির পূর্বোক্ত বাক্য শ্রবণ করিয়া (যুদ্ধ হইতে প্রতিনিবৃত্ত) সেই দৈত্য ও দানবগণের যূথপতিগণ বিষ্ণুর পার্ষদগণকর্তৃক তাড়িত হইয়া পাতালে প্রবেশ করিয়াছিল ।২৫

অনন্তর পক্ষিরাজ গরুড় প্রভুর কার্য্যগত অভিপ্রায় জানিতে পারিয়া (অর্থাৎ প্রভু পূর্বে বলির সর্ব্বস্ব হরণ করিয়া ইহার মমতা দূর করিয়াছেন, সম্প্রতি দেহ গ্রহণ করিয়া ইহার অহঙ্কার পরিহারপূর্বক পরম অনুগ্রহ করিতে ইচ্ছা করিতেছেন—ইহা বুঝিতে পারিয়া) যজ্ঞের সোমাভিষবের দিন বরুণপাশদ্বারা বলিকে আবদ্ধ করিলেন ।২৬

প্রভাবশালী ভগবান্ বিষ্ণু অসুররাজ বলিকে এইরূপে বন্ধনপূর্বক নিগ্রহের উপক্রম করিলে স্বর্গ ও মর্ত্যলোকে সকলদিকে তুমুল হাহাকার উত্থিত হইয়াছিল ।২৭

হে মহারাজ! তৎকালে ভগবান্ বামন বরুণপাশে আবদ্ধ নষ্ট-সম্পদ্ অথচ স্থির-বুদ্ধি সেই উদারকীর্তি বলিকে এরূপ বলিয়াছিলেন ।২৮

হে অসুর! তুমি আমাকে ত্রিপাদ পরিমিত ভূমি দান করিয়াছ, তন্মধ্যে দুই পদে সমগ্র ভূমিভাগ অধিকার করিয়াছি, সম্প্রতি তৃতীয় পদ বিন্যাসের স্থান দান কর ।২৯

যে পর্যন্ত সূর্যদেব কিরণরাশিদ্বারা তাপদান করেন, যে পর্যন্ত নক্ষত্রগণের সহিত চন্দ্র আলোক বিতরণ করেন এবং যে পর্যন্ত মেঘ বারিবর্ষণ করে, সেই পর্যন্ত এই ভূমিভাগ তোমার অধিকার ভুক্ত ।৩০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পদৈকেন ময়াক্রান্তো ভূর্লোকঃ খং দিশস্তনোঃ।
স্বর্লোকস্তে দ্বিতীয়েন পশ্যতস্তে স্বমাত্মনা ॥৩১

প্রতিশ্রুতমদাতুস্তে নিরয়ে বাস ইষ্যতে।
বিশ ত্বং নিরয়ং তস্মাদ্ গুরুণা চানুমোদিতঃ ॥৩২

বৃথা মনোরথস্তস্য দূরঃ স্বর্গঃ পতত্যধঃ।
প্রতিশ্রুতস্যাদানেন যোঽর্থিনং বিপ্রলম্ভতে ॥৩৩

একেন পদা ময়া ভূর্লোকঃ, তথা খম্ অন্তরীক্ষং দিশঃ চ তনোঃ তন্বা আত্মনা দ্বিতীয়েন পদা স্বর্লোকঃ ক্রান্তঃ। এবং তে তব পশ্যতঃ এব আত্মনা ব্যাপকেন ময়া তে স্বং সর্ব্বস্বং গৃহীতম্ (তৃতীয়পদস্থানং ত্বদীয়া ভূমির্নাস্তি) ॥৩১

অথ প্রতিশ্রুতং তৃতীয়পদস্থানম্ অদাতুঃ তে তব নিরয়ে নরকে বাসঃ ইষ্যতে ইষ্টঃ ভবতি। তস্মাৎ প্রতিশ্রুতাদানাৎ গুরুণা চ অনুমোদিতত্বাৎ ত্বং নরকং বিশ ॥৩২

যঃ প্রতিশ্রুতস্য অদানেন অর্থিনং বিপ্রলম্ভতে তস্য মনোরথঃ

তন্মধ্যে সর্ব্বব্যাপী আমি একপদদ্বারা এই ভূলোক, দেহদ্বারা আকাশ ও দিঙ্‌মণ্ডল এবং দ্বিতীয় পদ-বিক্ষেপদ্বারা তোমার স্বর্গলোক আক্রমণপূর্ব্বক তোমার দৃষ্টির সম্মুখেই আমি তোমার সর্বস্ব অধিকার করিয়াছি।৩১

সম্প্রতি প্রতিশ্রুত বিষয় দান না করার ফলরূপে তোমার নরকবাসই সঙ্গত। অতএব গুরুর অনুমোদন-ক্রমে তুমি নরকে প্রবেশ কর।৩২

বিপ্রলব্ধো দদামীতি ত্বয়াহং চাঢ্যমানিনা।
তদ্‌ব্যলীকফলং ভুঙ্‌ক্ষ্ব নিরয়ং কতিচিৎ সমাঃ ॥৩৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে একবিংশোঽধ্যায়ঃ ॥২১॥

বৃথা; স্বর্গঃ তস্য দূরে এব; সঃ অধঃ পততি ॥৩৩

আঢ্যমানিনা (ঐশ্বর্য্যবানহম্ ইতি অভিমানবতা) ত্বয়া 'যথেষ্টং গৃহাণ, অহং দদামি' ইতি বিপ্রলব্ধঃ বঞ্চিতঃ। অতঃ তস্য ব্যলীকস্য বঞ্চনস্য ফলং নিরয়ং নরকদুঃখং কতিচিৎ সমাঃ সম্বৎসরান্ ভুঙ্‌ক্ষ ॥৩৪

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥

যে ব্যক্তি প্রতিশ্রুত বস্তু দান না করিয়া যাচককে বঞ্চনা করে, তাহার মনোরথ নিষ্ফল হয়, স্বর্গ তাহার দূরেই থাকে, বস্তুতঃ তাহার অধঃপাতই ঘটে।৩৩

তুমি নিজকে সমৃদ্ধিশালী মনে কর, অথচ দানের প্রতিশ্রুতি দিয়াও আমাকে প্রতারিত করিয়াছ। অতএব এই মিথ্যা ব্যবহারের ফলস্বরূপ কয়েক বৎসর নরক ভোগ কর।৩৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত একবিংশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাবিংশঃ অধ্যায়ঃ।

[বলিবচনম্, ব্রহ্মণো ভাষণম্, শ্রীভগবতঃ বলিপ্রশংসনং, তস্মৈ বরদানঞ্চ।]

শ্রীশুক উবাচ।

এবং বিপ্রকৃতা রাজন্ বলির্ভগবতাসুরঃ।
ভিদ্যমানোঽপ্যভিন্নাত্মা প্রত্যাহাবিক্লবং বচঃ ॥১

বলিরুবাচ।

যদ্যুত্তমঃশ্লোক ভবান্মমেরিতং
বচো ব্যলীকং সুরবর্য্য মন্যতে।
করোম্যৃতং তন্ন ভবেৎ প্রলম্ভনং
পদং তৃতীয়ং কুরু শীর্ষ্ণি মে নিজম্ ॥২

বিভেমি নাহং নিরয়াৎ পদচ্যুতো
ন পাশবন্ধাদ্ ব্যসনাদ্দুরত্যয়াৎ।
নৈবার্থকৃচ্ছ্রাদ্ভবতো বিনিগ্রহা-
দসাধুবাদাদ্ ভৃশমুদ্বিজে যথা ॥৩

পুংসাং শ্লাঘ্যতমং মন্যে দণ্ডমর্হত্তমার্পিতম্।
যং ন মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চাদিশন্তি হি ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! ভগবতা বামনেন এবং বিপ্রকৃতঃ বন্ধনেন বচসা চ তিরস্কৃতঃ অসুরঃ বলিঃ ভিদ্যমানঃ সত্যাৎ চাল্যমানঃ অপি অভিন্নাত্মা (অভিন্নঃ সত্যাৎ অপ্রচলিতঃ আত্মা মনঃ যস্য সঃ) অবিক্লবম্ অদীনং বচঃ তং প্রতি আহ ॥১

বলিঃ উবাচ। হে উত্তমঃশ্লোক! হে সুরবর্য্য! যদি মম ঈরিতং প্রতিশ্রুতং বচঃ ব্যলীকম্ অনৃতং মন্যতে, তদা তৎ বচনং প্রলম্ভনং ন ভবেৎ—ঋতং সত্যম্ এব করোমি। যতঃ নিজং তৃতীয়ং পদং মে শীর্ষ্ণি কুরু।২

হে ভগবন্! অহং নিরয়াৎ নরকদুঃখাৎ, পদচ্যুতঃ স্থানভ্রংশাৎ, পাশৈঃ বন্ধাৎ, দুরত্যয়াৎ দুরতিক্রমণীয়াৎ ব্যসনাৎ দুঃখাৎ, অর্থকৃচ্ছ্রাৎ ধনাদিব্যয়জনিতকষ্টাৎ, ভবতা বিনিগ্রহাৎ ন তথা বিভেমি, যথা অসাধুবাদাৎ অপকীর্ত্তেঃ ভৃশম্ উদ্বিজে বিভেমি ॥৩

অর্হত্তমেন যোগ্যতমেন ভবতা অর্পিতং কৃতং দণ্ডং পুংসাং শ্লাঘ্যতমম্ অহং মন্যে। হি যস্মাৎ যম্ এবম্ভূতং দণ্ডং মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চ ন দিশন্তি নৈব অর্পয়ন্তি ॥৪

দ্বাবিংশ অধ্যায়।

[বলিবচন, ব্রহ্মার ভাষণ, শ্রীভগবানের বলিপ্রশংসা ও তাহাকে বরদান।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ বামনদেব এইরূপে বলির অপকার করিয়া তাঁহাকে সত্যভ্রষ্ট করার উপক্রম করিলেও অসুররাজ বলি ক্ষুব্ধচিত্ত না হইয়া প্রত্যুত্তরে অকাতরে এরূপ বাক্য বলিয়াছিলেন।১

শ্রীবলি বলিলেন—হে সুরশ্রেষ্ঠ! হে উত্তমঃশ্লোক! আপনি কপটতা অবলম্বনপূর্বক বামনরূপে ত্রিপাদ ভূমি যাচ্ঞা করিয়া পশ্চাৎ বিরাট্ দেহ ধারণপূর্বক সেই ভূমি গ্রহণে উদ্যত হইয়াছেন বলিয়া সে পরিমাণ ভূমি না দিতে পারিলেও বস্তুতঃ আমার প্রতিশ্রুতিবাক্যকে মিথ্যা বা কপটতাযুক্ত বলিতে পারেন না, তথাপি যদি আপনি উহাকে মিথ্যাই বলেন, তাহা হইলে যাহাতে আমার প্রতিশ্রুতিবাক্য বঞ্চনাময় না হয়, তাহাই করিতেছি. আপনি আমার মস্তকে নিজ তৃতীয় পদ স্থাপন করুন।২

হে ভগবন্! আমি সম্প্রতি নিজ পদ হইতে বিচ্যুত হইয়াছি। এ অবস্থায়ও আমি অপকীর্তিকে যেরূপ ভয় করি, নরক, পাশবন্ধন, দুর্লঙ্ঘ্য বিপত্তি, অর্থকষ্ট বা আপনার কৃত পীড়ন হইতেও সেরূপ ভয় করি না।৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্বং নূনমসুরাণাং নঃ পরোক্ষঃ পরমো গুরুঃ।
যো নোহনেকমদান্ধানাং বিভ্রংশং চক্ষুরাদিশৎ ॥৫
যস্মিন্ বৈরানুবন্ধেন ব্যূ(রূ)ঢ়েণ বিবুধেতরাঃ।
বহবো লেভিরে সিদ্ধিং যামু্হৈকান্তযোগিনঃ ॥৬
তেনাহং নিগৃহীতোহস্মি ভবতা ভূরিকর্ম্মণা।
বদ্ধশ্চ বারুণৈঃ পাশৈর্নাত্র ব্রীড়ে ন চ ব্যথে ॥৭
পিতামহো মে ভবদীয়সম্মতঃ
প্রহ্লাদ আবিষ্কৃতসাধুবাদঃ।
ভবদ্‌বিপক্ষেণ বিচিত্রবৈশসং
সম্প্রাপিতস্ত্বৎপরমঃ স্বপিত্রা ॥৮
কিমাত্মনানেন জহাতি যোহন্ততঃ
কিং রিক্‌থহারৈঃ স্বজনাখ্যদস্যুভিঃ।
কি জায়য়া সংসৃতিহেতুভূতয়া
মর্ত্তস্য গেহৈঃ কিমিহায়ুষো ব্যয়ঃ ॥৯

ত্বম্ অস্মাকম্ অসুরাণাং পরোক্ষঃ পরমঃ গুরুঃ। (শত্রুতয়া প্রতীয়মানঃ অপি) যঃ ভবান্ অনেকমদান্ধানাম্ (অনেকৈঃ শৌর্য্য-বীর্য্য-ধনাভিজনাদিযুক্তৈঃ মদৈঃ অন্ধানাং) নঃ অস্মাকং বিভ্রংশং বিনষ্টং চক্ষুঃ আদিশৎ ॥৫

উহ; যাং মোক্ষলক্ষণাং সিদ্ধিং ফলম্ একান্তযোগিনঃ অনন্য-ভক্তি-যোগনিষ্ঠাঃ লেভিরে, তাং সিদ্ধিং বহবঃ বিবুধেতরাঃ অসুরাঃ যস্মিন্ ত্বয়ি ব্যূঢ়েণ দৃঢ়েণ বৈরানুবন্ধেন এব লেভিরে ॥৬

তেন ভূরিকর্ম্মণা অচিন্ত্যানন্ত-বীর্য্যেণ ভবতা অহং নিগৃহীতঃ অস্মি বারুণৈঃ পাশৈঃ বদ্ধঃ, তথাপি অত্র নাহং ব্রীড়ে লজ্জাং ন প্রাপ্নোমি, ন চ ব্যথে ব্যথাম্ অপি ন অনুভবামি ॥৭

ভবদ্‌বিপক্ষেণ ভবচ্ছত্রুণা স্বপিত্রা হিরণ্যকশিপুনা বিচিত্রবৈশসং নানাবিধদুঃখং প্রাপিতঃ ত্বৎ-পরমঃ (ত্বম্ এব পরমঃ সেব্যঃ আশ্রয়শ্চ যস্য সঃ), অতঃ আবিষ্কৃতঃ সাধুবাদঃ সংকীর্ত্তিঃ যস্য সঃ, ভবদীয়ত্বেন সম্মতঃ মে মম পিতামহঃ প্রহ্লাদঃ ॥৮

মর্ত্ত্যস্য মরণশীলস্য পুংসঃ যঃ অন্ততঃ দেহিনং জহাতি, তেন অনেন আত্মনা দেহেন কিং প্রয়োজনম্? তথা রিক্‌থহারৈঃ দায়াদৈঃ স্বজনাখ্যদস্যুভিঃ (স্বজনঃ ইতি আখ্যা নাম বস্তুতস্তু ধনধর্ম্মাদিক্ষয়হেতুত্বাৎ দস্যবঃ এব যে তৈঃ) পুত্রৈঃ কিম্? জন্ম-মরণাদি-সংসৃতিহেতুভূতয়া জায়য়া ভার্য্যয়া কিম্? গেহৈঃ কারাসদৃশৈঃ কিম্? (কিন্তু ইহ প্রবৃত্তিমার্গে) এতৈঃ কেবলম্

পরমপূজনীয়গণ যে দণ্ড দান করেন, উহাকে আমি দণ্ডিত পুরুষগণের পক্ষে আদরণীয় বলিয়াই মনে করি, যে দণ্ড মাতা, পিতা, ভ্রাতা বা সুহৃদ্‌গণও দিতে পারেন না।৪

হে ভগবন্! আপনি প্রভূতমদমত্ত আমাদের অসুরগণের মত্ততানাশক জ্ঞানদৃষ্টি প্রদান করায় নিশ্চয়ই আপনি আমাদের পরোক্ষ পরমগুরু।৫

অনেক অসুরগণ ইতঃপূর্বে আপনার প্রতি নিরবচ্ছিন্ন বৈরভাব পোষণ করিয়া সিদ্ধি লাভ করিয়াছেন—যে সিদ্ধি কেবলমাত্র একনিষ্ঠ যোগিগণই লাভ করেন।৬

বহু লীলার আশ্রয় সেই পরমগুরু আপনি সম্প্রতি আমাকে নিগৃহীত করিয়া বরুণপাশে আবদ্ধ করিয়াছেন, ইহাতে আমি লজ্জা বা পীড়াবোধ করিতেছি না।৭

আপনার নিজ জনগণকর্তৃক সমাদৃত এবং এবং তাঁহাদের নিকট হইতে প্রশংসাপ্রাপ্ত আমার পিতামহ শ্রীপ্রহ্লাদমহারাজ আপনার শত্রু নিজ পিতা হিরণ্যকশিপুদ্বারা নানাভাবে উৎপীড়িত হইয়াও একমাত্র আপনারই শরণাগত হইয়াছিলেন।৮

আয়ুর অবসান ঘটিলে যে দেহ অবশ্যই জীবকে পরিত্যাগ করে, মর্ত্য (মরণশীল) ব্যক্তির সেই দেহদ্বারা প্রয়োজন কি? বিত্তহরণকারী পুত্রনামক দস্যুগণেরই বা কি প্রয়োজন? এইরূপ সংসার-বন্ধনের কারণস্বরূপ পত্নীদ্বারাই বা কোন্ ইষ্টসিদ্ধি হইতে পারে? আর যে গৃহে কেবলমাত্র আয়ুঃক্ষয়ই সার হয়, সেরূপ গৃহদ্বারাই বা কি হইবে? হে সত্তম! এইরূপ নিশ্চয় করিয়া আমার পিতামহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

. Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইত্থং স নিশ্চিত্য পিতামহো মহান্
অগাধবোধো ভবতঃ পাদপদ্মম্ ।
ধ্রুবং প্রপেদে হ্যকুতোভয়ং জনাদ্-
ভীতঃ স্বপক্ষক্ষপণস্য সত্তম ॥১০

অথাহমপ্যাত্মরিপোস্তবান্তিকং
দৈবেন নীতঃ প্রসভং ত্যাজিতশ্রীঃ ।
ইদং কৃতান্তান্তিকবর্ত্তি জীবিতং
যয়া ধ্রুবং স্তব্ধমতির্ন বুধ্যতে ॥১১

শ্রীশুক উবাচ ।

তস্যেত্থং ভাষমাণস্য প্রহ্লাদো ভগবৎপ্রিয়ঃ ।
আজগাম কুরুশ্রেষ্ঠ রাকাপতিরিবোত্থিতঃ ॥১২

তমিন্দ্রসেনঃ স্বপিতামহং শ্রিয়া
বিরাজমানং নলিনায়তেক্ষণম্ ।
প্রাংশুং পিশঙ্গাম্বরমঞ্জনত্বিষং
প্রলম্ববাহুং সুভগং সমৈক্ষত ॥১৩

আয়ুষঃ ব্যয়ঃ ক্ষয়ঃ এব ভবতি ॥৯

অগাধবোধঃ অপরিমিত-জ্ঞান-সম্পন্নঃ, সত্তমঃ ভক্তশ্রেষ্ঠঃ মহান্ সর্ব্বসদ্গুণসম্পন্নঃ সঃ অস্মাকং পিতামহঃ ইত্থং নিশ্চিত্য জনাৎ সংসারিজনসঙ্গাৎ ভীতঃ সন্ স্বপক্ষক্ষপণস্য (স্বপক্ষং দৈত্যকুলং ক্ষপয়তীতি তথাভূতস্য) ভবতঃ অকুতোভয়ং (নাস্তি কুতোঽপি ভয়ং যস্মাৎ তথাভূতং) ধ্রুবং নিত্যং পুরুষার্থরূপং পাদপদ্মং প্রপেদে শরণং জগাম ॥১০

অথ তস্মাৎ তৎপৌত্রত্বাৎ দৈবেন তস্য পুণ্যপ্রভাবেণ অহম্ অপি আত্মরিপোঃ তব অন্তিকং নীতঃ তথা ত্বয়া চ প্রসভং বলাৎ এব অহং ত্যাজিতশ্রীঃ (ত্যাজিতা শ্রীঃ যস্য তথাভূতঃ জাতঃ), যয়া শ্রিয়া স্তব্ধমতিঃ কুণ্ঠিতবিবেকঃ পুমান্ ইদং জীবিতম্ অধ্রুবং কৃতান্তস্য অন্তিকবর্ত্তি ইতি ন বুধ্যতে ॥১১

শ্রীশুকঃ উবাচ । হে কুরুশ্রেষ্ঠ ! তস্য বলেঃ ইত্থং ভাষমাণস্য সতঃ উত্থিতঃ উদিতঃ রাকাপতিঃ পূর্ণচন্দ্রঃ ইব ভগবৎপ্রিয়ঃ প্রহ্লাদঃ আজগাম ॥১২

সঃ ইন্দ্রসেনঃ প্রাপ্তেন্দ্ররাজ্যঃ বলিঃ শ্রিয়া কান্ত্যা বিরাজমানং, নলিনায়তেক্ষণং (নলিনবৎ আয়তে ঈক্ষণে যস্য তম্), প্রাংশুম্ উন্নতং, পিশঙ্গে অম্বরে যস্য তম্, অঞ্জনত্বিষং শ্যামলং, প্রলম্ববাহুং (প্রলম্বৌ আজানুলম্বৌ বাহূ যস্য তম্), সুভগং সর্ব্বলোকপ্রিয়ং স্বপিতামহম্ ঐক্ষত ॥১৩

মহাজ্ঞানী মহাপুরুষ সেই শ্রীপ্রহ্লাদমহারাজ জনসঙ্গ হইতে ভীত হইয়া স্বপক্ষের সংহারকারী আপনারই নির্ভয় ও অক্ষয় পাদপদ্মের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন ।৯-১০

হে ভগবন্ ! আমিও সেই শ্রীপ্রহ্লাদমহারাজের সৌভাগ্যদ্বারাই নিজ শত্রু আপনার পদপ্রান্তে আনীত হইয়াছি এবং পুরুষ যে সম্পদের মোহে মুগ্ধমতি হইয়া নিয়ত মৃত্যুর দ্বারপ্রান্তে উপস্থিত নিজ জীবনকে কখনও অনিত্য মনে করিতে পারে না, শ্রীপ্রহ্লাদ মহারাজের সৌভাগ্যই আমাকে সেই সম্পদ ত্যাগ করাইয়াছে ।১১

শ্রীশুকদেব বলিলেন—হে কুরুশ্রেষ্ঠ ! বলি যে সময়ে এরূপ বলিতেছিলেন, তখনই উদিত পূর্ণচন্দ্রের ন্যায় ভগবৎপ্রিয় শ্রীপ্রহ্লাদমহারাজ তথায় উপস্থিত হইলেন ।১২

তখন দৈত্যপতি বলি সৌন্দর্য্যশালী, পদ্মবৎ বিশাললোচন, উন্নতকায়, পিঙ্গলবস্ত্রধারী, শ্যামবর্ণ, সুদীর্ঘবাহু ও পরমমনোরম পিতামহকে দেখিতে পাইলেন ।১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মৈ বলির্বারুণপাশযন্ত্রিতঃ
সমর্হণং নোপজহার পূর্ব্ববৎ।
ননাম মূর্দ্ধাশ্রুবিলোললোচনঃ
সব্রীড়নীচীনমুখো বভূব হ ॥১৪

স তত্র হাসীনমুদীক্ষ্য সৎপতিং
হরিং সুনন্দাদ্যনুগৈরুপাসিতম্।
উপেত্য ভূমৌ শিরসা মহামনা
ননাম মূর্দ্ধ্না পুলকাশ্রুবিক্লবঃ ॥১৫

বারুণ-পাশযন্ত্রিতঃ পাশবদ্ধঃ বলিঃ তস্মৈ প্রহ্লাদায় পূর্ব্ববৎ সমর্হণম্ অর্ঘ্যাদি পূর্ব্বকং পূজনং ন উপজহার ন কৃতবান্, কিন্তু কেবলং মূর্দ্ধ্না ননাম (তথা ভগবৎসমীপে সাহঙ্কারোক্তিং স্মরন্) অশ্রুবিলোল-লোচনঃ (অশ্রুভিঃ বিলোলে মুগ্ধে লোচনে যস্য তথাবিধঃ সন্) সব্রীড়ং নীচীনম্ অধঃকৃতং মুখং যস্য তাদৃশঃ বভূব ॥১৪

সঃ মহামনাঃ প্রসন্নমনাঃ প্রহ্লাদঃ সুনন্দাদ্যনুগৈঃ পার্ষদৈঃ উপাসিতং সেব্যমানং সৎপতিং হরিং বামনং তত্র আসীনম্ উপবিষ্টম্ উদীক্ষ্য পুলকৈঃ উত্থিতরোমভিঃ অশ্রুভিঃ চ বিক্লবঃ ব্যাকুলঃ সন্ শিরসা নমন্ এব উপেত্য মূর্দ্ধ্না ভূমৌ ননাম ॥১৫

পরন্তু তৎকালে বলি বরুণপাশে আবদ্ধ ছিলেন বলিয়া পূর্ব্বের ন্যায় তাঁহাকে পূজোপহার অর্পণ করিতে সমর্থ হইলেন না, কেবলমাত্র অশ্রুবিহ্বল-নয়নে অবনতমস্তকে তাঁহাকে প্রণাম করিয়া নিজ অহঙ্কারাদিরূপ অপরাধ স্মরণহেতু লজ্জায় মুখ নত করিয়াছিলেন ১৪

মহামতি শ্রীপ্রহ্লাদমহারাজ সেখানে সুনন্দাদি অনুচরগণকর্তৃক সেবিত, সজ্জনপালক শ্রীহরিকে উপবিষ্ট দেখিয়া পুলক ও অশ্রুধারায় বিহ্বল হইয়া অবনতমস্তকে তাঁহার নিকটস্থ হইলেন এবং মস্তক-দ্বারাই ভূতলে প্রণাম করিয়াছিলেন।১৫

শ্রীপ্রহ্লাদ বলিলেন—হে ভগবন্! আপনিই

প্রহ্লাদ উবাচ।
ত্বয়ৈব দত্তং পদমৈন্দ্রমূর্জ্জিতং
হৃতং তদেবাদ্য তথৈব শোভনম্।
মন্যে মহানস্য কৃতো হ্যনুগ্রহো
বিভ্রংশিতো যচ্ছ্রিয় আত্মমোহনাৎ ॥১৬
যয়া হি বিদ্বানপি মুহ্যতে যত-
স্তৎ কো বিচষ্টে গতিমাত্মনো যথা।
তস্মৈ নমস্তে জগদীশ্বরায় বৈ
নারায়ণায়াখিললোকসাক্ষিণে ॥১৭

প্রহ্লাদঃ উবাচ। উর্জ্জিতং সমৃদ্ধম্ ঐন্দ্রপদম্ অস্মৈ ত্বয়া এব পূর্ব্বং দত্তম্। তৎ অদ্য ত্বয়া এব হৃতং তথৈব শোভনম্ এব কৃতম্ ; হি নিশ্চিতম্ অস্য বলেঃ ভবতা মহান্ এব অনুগ্রহঃ কৃতঃ ইত্যহং মন্যে ; যৎ যস্মাৎ শ্রীঃ এব আত্মমোহনম্ আত্ম-জ্ঞানপ্রতিবন্ধকম্, তস্মাৎ অয়ং বিভ্রংশিতঃ (অতঃ রক্ষিতঃ এব) ॥১৬

যয়া শ্রিয়া বিদ্বান্ পণ্ডিতঃ যতঃ সংযতচিত্তঃ অপি জনঃ মুহ্যতে আত্মতত্ত্বংবিস্মরতি, তস্যাং সত্যাং কঃ বা অন্যঃ পুমান্ আত্মনঃ গতিং তত্ত্বং যথাবৎ বিচষ্টে পশ্যতি! তস্মৈ অখিল-লোকসাক্ষিণে জগদীশ্বরায় তে তুভ্যং নারায়ণায় বৈ নমঃ ॥১৭

বলিকে পূর্ব্বে সমৃদ্ধিশালী ইন্দ্রপদ প্রদান করিয়াছিলেন এবং অদ্য আপনিই তাহা হরণ করিলেন। বস্তুতঃ ইহা সুসঙ্গতই হইয়াছে। আমি মনে করি—আপনি তাহাকে যে আত্মার মোহজনক সম্পদ্‌রাশি হইতে বিচ্যুত করিয়াছেন, ইহাতে তাঁহার প্রতি পরম অনুগ্রহ প্রকাশ করা হইল।১৬

যে সম্পদ্ লাভ করিলে বিদ্বান্ এবং সংযত-চিত্ত ব্যক্তিও মোহিত হন, সেই সম্পদ্ বর্ত্তমান থাকিতে অপর কোন্ ব্যক্তিই বা যথাযথভাবে নিজ তত্ত্বদর্শনে সমর্থ হয়? (অতএব বলির সম্পদ্ হরণ করিয়া আপনি তাহার পরম উপকারই করিয়াছেন)। আমি সর্বলোকের সাক্ষী জগদীশ্বর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

শ্রীশুক উবাচ।

তস্যানুশৃণ্বতো রাজন্ প্রহ্লাদস্য কৃতাঞ্জলেঃ।
হিরণ্যগর্ভো ভগবানুবাচ মধুসূদনম্ ॥১৮

বদ্ধং বীক্ষ্য পতিং সাধ্বী তৎপত্নী ভয়বিহ্বলা।
প্রাঞ্জলিঃ প্রণতোপেন্দ্রং বভাষেঽবাঙ্মুখী নৃপ ॥১৯

বিন্ধ্যাবলিরুবাচ।

ক্রীড়ার্থমাত্মন ইদং ত্রিজগৎ কৃতং তে
স্বাম্যন্তু তত্র কুধিয়োঽপর ঈশ কুর্য্যুঃ।

কর্ত্তুঃ প্রভোস্তব কিমস্যত আবহন্তি
ত্যক্তহ্রিয়স্ত্বদবরোপিতকর্ত্তৃবাদাঃ ॥২০

ব্রহ্মোবাচ।

ভূতভাবন ভূতেশ দেবদেব জগন্ময়।
মুঞ্চৈনং হৃতসর্ব্বস্বং নায়মর্হতি নিগ্রহম্ ॥২১

কৃৎস্না তেঽনেন দত্তা ভূর্লোকাঃ কর্ম্মার্জ্জিতাশ্চ যে।
নিবেদিতঞ্চ সর্ব্বস্বমাত্মাবিক্লবয়া ধিয়া ॥২২

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! কৃতাঞ্জলেঃ তস্য প্রহ্লাদস্য শৃণ্বতঃ এব সতঃ ভগবান্ হিরণ্যগর্ভঃ মধুসূদনং বামনম্ উবাচ বক্তুম্ উদ্যতঃ ॥১৮

হে নৃপ! তথা তস্য বলেঃ পত্নী সাধ্বী বিন্ধ্যাবলিঃ পতিং বদ্ধং বীক্ষ্য ভয়বিহ্বলা অতঃ প্রাঞ্জলিঃ অবাঙ্মুখী প্রণতা সতী ইদং বভাষে উবাচ ॥১৯

বিন্ধ্যাবলিঃ উবাচ। হে ঈশ! তে ত্বয়া আত্মনঃ স্বস্য ক্রীড়ার্থম্ ইদং লোকত্রয়াত্মকং জগৎ কৃতং সৃষ্টম্। তত্র ত্বৎ-ক্রীড়োপকরণভূতে জগতি অপরে কেচিৎ স্বাম্যং স্বত্ববুদ্ধিং কুর্য্যুঃ কুর্ব্বন্তি। হে ঈশ! ত্বয়া অবরোপিতঃ মায়াপ্রেরণয়া কর্ত্তৃবাদাঃ

'বয়ং স্বতন্ত্রাঃ কর্ত্তারঃ' ইতি বাদমাত্রং যেষাং তে, ত্যক্তহ্রিয়ঃ নির্লজ্জাঃ জনাঃ কর্ত্তুঃ জগৎস্রষ্টুঃ, প্রভোঃ পালকস্য, অন্ততঃ সংহর্ত্তুঃ তব কিম্ আবহন্তি সমর্পয়ন্তি (স্বত্বাভাবাৎ ন কিমপীতি ভাবঃ) ॥২০

ব্রহ্মা উবাচ। হে ভূতভাবন! হে ভূতেশ! ভূতনিয়ন্তঃ! হে দেবদেব! হে জগন্ময়! হৃতসর্ব্বস্বম্ (হৃতং স্বীকৃতং সর্ব্বস্বং যস্মাৎ তম্) এনং বলিং মুঞ্চ! অয়ং নিগ্রহং দণ্ডং ন অর্হতি ॥২১

অবিক্লবয়া অদীনয়া ধিয়া অনেন বলিনা তে তুভ্যং সর্ব্বস্বং নিবেদিতম্, কৃৎস্না ভূঃ দত্তা, কর্ম্মার্জ্জিতা (কর্ম্মভিঃ অর্জ্জিতাঃ স্বর্গাদিলোকাঃ) যে তেঽপি দত্তাঃ তথা আত্মা দেহঃ চ দত্তঃ ॥২২

নারায়ণরূপী আপনাকে প্রণাম করি।১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর ভগবান্ ব্রহ্মা কৃতাঞ্জলি হইয়া অবস্থিত সেই শ্রীপ্রহ্লাদ-মহারাজের শ্রুতিগোচর করিয়া ভগবান্ মধুসূদনকে কিঞ্চিৎ বলিবার উপক্রম করিলেন।১৮

হে মহারাজ! এই সময়ে বলির পত্নী সতী বিন্ধ্যাবলি পতিকে আবদ্ধ দেখিয়া ভয়বিহ্বলা ও কৃতাঞ্জলি হইয়া বামনদেবকে প্রণামপূর্ব্বক নতমুখে এরূপ বলিয়াছিলেন।১৯

শ্রীবিন্ধ্যাবলি বলিলেন—হে ঈশ! আপনি নিজ লীলাপ্রকাশের জন্যই এই ত্রিলোকের সৃষ্টি করিয়াছেন, পরন্তু অপর দুর্বুদ্ধিগণ এই ত্রিলোকে প্রভুত্ব বিস্তার করে। বস্তুতঃ আপনি জগতের সৃষ্টিকর্তা, পালক ও সংহারকারী বলিয়া—আপনি যাহাদের প্রতি কেবলমাত্র কর্তৃত্ববাদ আরোপ করিয়াছেন, সেই নির্লজ্জগণ আপনাকে কোন্ বস্তু দান করিতে পারে?২০

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভূতভাবন (জগৎসৃষ্টি-কারক)! হে ভূতেশ! হে দেবদেব! হে জগন্ময়! আপনি হৃতসর্ব্বস্ব এই বলিকে বন্ধনমুক্ত করুন; যেহেতু ইনি নিগ্রহের যোগ্য নহেন।২১

ইনি আপনাকে সমগ্র ভূমি ও কর্মার্জিত সকল লোক দান করিয়াছেন এবং অবশেষে অকাতর-চিত্তে সর্বস্বস্বরূপ আত্মাকে পর্য্যন্ত নিবেদন করিয়াছেন।২২

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যৎপাদয়োরশঠধীঃ সলিলং প্রদায়
দূর্ব্বাঙ্কুরৈরপি বিধায় সতীং সপর্য্যাম্।
অপ্যুত্তমাং গতিমসৌ ভজতে ত্রিলোকীং
দাশ্বানবিক্লবমনাঃ কথমার্ত্তিমৃচ্ছেৎ ॥২৩

শ্রীভগবানুবাচ।

ব্রহ্মন্ যমনুগৃহ্ণামি তদ্‌বিশো বিধুনোম্যহম্।
যন্মদঃ পুরুষঃ স্তব্ধো লোকং মাঞ্চাবমন্যতে ॥২৪
যদা কদাচিজ্জীবাত্মা সংসরন্নিজকর্ম্মভিঃ।
নানাযোনিষ্বনীশোঽয়ং পৌরুষীং গতিমাব্রজেৎ ॥২৫

অশঠধীঃ অকৃপণবুদ্ধিঃ অসৌ জনঃ যস্য তব পাদয়োঃ সলিলং প্রদায়, দূর্ব্বাঙ্কুরৈঃ অপি সতীং সপর্য্যাং বিধায়, উত্তমাং গতিং বৈকুণ্ঠাদিলোকং ভজতে প্রাপ্নোতি, তদা অবিক্লবমনাঃ স্থিরচিত্তঃ এব অসৌ বলিঃ তুভ্যং ত্রিলোকীং দাশ্বান্ দত্তবান্। অতঃ আর্ত্তিং দণ্ডং কথং স ঋচ্ছেৎ প্রাপ্নুয়াৎ ॥২৩

শ্রীভগবান্ উবাচ। হে ব্রহ্মন্! অহং তাবৎ যম্ অনুগৃহ্ণামি অনুগ্রহীতুম্ ইচ্ছামি, তস্য বিশঃ ধনৈশ্বর্য্যাদীন্ বিধুনোমি ততঃ বিযোজয়ামি। যৈঃ ধনাদিভিঃ মদঃ যস্য তাদৃশঃ শুব্ধঃ অনম্রঃ জনঃ লোকং মাং চ অবমন্যতে তিরস্করোতি ॥২৪

অনীশঃ কর্ম্মবশঃ অয়ং জীবাত্মা নিজকর্ম্মভিঃ নানাযোনিষু কীটপতঙ্গাদিষু সংসরন্ যদা কদাচিৎ সুকৃতিবশাৎ পৌরুষীং গতিং পুরুষার্থ-সাধকং মনুষ্যজন্ম আব্রজেৎ আপ্নুয়াৎ ॥২৫

হে ভগবন্! সরলবুদ্ধি যে কোন লোক আপনার পাদপদ্মে জলমাত্র সমর্পণ এবং দূর্বাঙ্কুর দ্বারা ও উত্তম পূজার অনুষ্ঠানপূর্ব্বক উত্তম গতি লাভ করে, এ অবস্থায় অকাতরচিত্তে এই ত্রিলোক দান করিয়া বলি কিরূপে নিগ্রহ ভোগ করিতে পারে?২৩

শ্রীভগবান্ বলিলেন—হে ব্রহ্মন্! আমি যাহাকে অনুগ্রহ করি, তাহার ধনরাশির বিচ্ছেদ ঘটাইয়া থাকি, যেহেতু লোক ধনমদে গর্বিত হইয়া জগৎ, এমন কি আমাকে পর্য্যন্ত অবজ্ঞা করিয়া থাকে ॥২৪

পরাধীন এই জীবাত্মা সর্বদা নিজ কর্মবশতঃ নানা যোনিতে ভ্রমণ করিতে করিতে সৌভাগ্যক্রমে কদাচিৎ

জন্মকর্ম্মবয়োরূপ-বিদ্যৈশ্বর্য্যধনাদিভিঃ।
যদ্যস্য ন ভবেৎ স্তম্ভস্তত্রায়ং মদনুগ্রহঃ ॥২৬
মানস্তম্ভনিমিত্তানাং জন্মাদীনাং সমন্ততঃ।
সর্ব্বশ্রেয়ঃপ্রতীপানাং হন্ত মুহ্যেন্ন মৎপরঃ ॥২৭
এষ দানবদৈত্যানামগ্রণীঃ কীর্ত্তিবর্দ্ধনঃ।
অজৈষীদজয়াং মায়াং সীদন্নপি ন মুহ্যতি ॥২৮
ক্ষীণরিক্‌থশ্চ্যুতঃ স্থানাৎ ক্ষিপ্তো বদ্ধশ্চ শত্রুভিঃ।
জ্ঞাতিভিশ্চ পরিত্যক্তো যাতনামনুযাপিতঃ ॥২৯

যদি অস্য জীবস্য তত্র পৌরুষ্যাং গতৌ জন্ম-কর্ম্ম-বয়ো-রূপ-বিদ্যৈশ্বর্য্য-ধনাদিভিঃ স্তম্ভঃ গর্ব্বঃ ন ভবেৎ, তদা মম অনুগ্রহঃ এব ভবেৎ ॥২৬

হে ব্রহ্মন্! মানঃ এব স্তম্ভঃ তস্য নিমিত্তানাং নিমিত্তভূতানাং সমন্ততঃ সর্ব্বশ্রেয়ঃপ্রতীপানাং প্রতিকূলানাং জন্মাদীনাং সত্ত্বেঽপি হন্ত মৎপরঃ ভক্তঃ জনঃ ন মুহ্যেৎ গর্ব্বান্ ন করোতি ॥২৭

দানবদৈত্যানাম্ অগ্রণীঃ অধিপতিঃ কীর্ত্তিবর্দ্ধনঃ এষঃ বলিঃ অজয়াং দুর্জয়াম্ অপি মায়াম্ অজৈষীৎ, যতঃ সীদন্ সর্ব্বস্বাপহারেণ অপকারম্ অনুভবন্ অপি ন মুহ্যতি ॥২৮

ক্ষীণং রিক্‌থং ধনং যস্য সঃ স্থানাৎ চ্যুতঃ, শত্রুভিঃ ক্ষিপ্তঃ (বচনৈঃ তিরস্কৃতঃ) বদ্ধঃ চ জ্ঞাতিভিঃ পরিত্যক্তঃ যাতনাং পীড়াম্ অনুযাপিতঃ (বিশ ত্বং নিরয়ং তস্মাদিত্যাদিনা) ॥২৯

পুরুষরূপে জন্মগ্রহণ করে।২৫

সেই পুরুষজন্মে যদি জীবের উত্তমকুলে জন্ম, সৎকর্ম, যৌবন, সৌন্দর্য্য, বিদ্যা, প্রভুত্ব ও ধনাদিদ্বারা মত্ততার সৃষ্টি না হয়, তাহা হইলে তাহার প্রতি উহাই আমার অনুগ্রহ বলিয়া মনে করিতে হইবে।২৬

হে ব্রহ্মন্! অভিমানরূপ অবিনয়ের কারণ এবং সকলদিকে সর্বপ্রকার কল্যাণের প্রতিবন্ধক পূর্বোক্ত সৎকুলে জন্মপ্রভৃতি বিদ্যমান থাকিতেও আমার ভক্তজন কখনও মোহিত হয় না।২৭

দানব ও দৈত্যগণের অগ্রণী যশোবর্ধন এই বলি দুর্জয় মায়াকে জয় করিয়াছে, যেহেতু সে সর্বতো-ভাবে অবসন্ন হইয়াও মোহগ্রস্ত হয় নাই।২৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুণা ভর্ৎসিতঃ শপ্তো জহৌ সত্যং ন সুব্রতঃ।
ছলৈরুক্তো ময়া ধর্ম্মো নায়ং ত্যজতি সত্যবাক্ ॥৩০
এষ মে প্রাপিতঃ স্থানং দুষ্প্রাপমমরৈরপি।
সাবর্ণেরন্তরস্যায়ং ভবিতেন্দ্রো মদাশ্রয়ঃ ॥৩১
তাবৎ সুতলমধ্যাস্তাং বিশ্বকর্ম্মবিনির্ম্মিতম্।
যদাধয়ো ব্যধিয়শ্চ ক্লমস্তন্দ্রা পরাভবঃ।
নোপসর্গা নিবসতাং সম্ভবন্তি মমেক্ষয়া ॥৩২

গুরুণা শুক্রেণ ভর্ৎসিতঃ তিরস্কৃতঃ, শপ্তঃ চ অসৌ সুব্রতঃ দৃঢ়সঙ্কল্পঃ বলিঃ সত্যং ন জহৌ (প্রতিশ্রুতং নান্যথা কৃতবান্)। ময়া চ ছলৈঃ এব ধর্ম্মঃ উক্তঃ, অয়ং তং ধর্ম্মং ন ত্যজতি, অতোঽয়ং সত্যবাক্ ॥৩০

এষঃ বলিঃ মে ময়া অমরৈঃ অপি দুষ্প্রাপং স্থানং প্রাপিতঃ। মদাশ্রয়ঃ অয়ং সাবর্ণেঃ অন্তরস্য অন্তরে ইন্দ্রঃ ভবিতা ভবিষ্যতি ॥৩১

তাবৎ বিশ্বকর্ম্মণা বিনির্ম্মিতং (স্বর্গাদপি উৎকৃষ্টং) সুতলম্ অধ্যাস্তাম্ অধিবসতু। যৎ যত্র মম ঈক্ষয়া কৃপাবলোকনেন নিবসতাং জনানাম্ আধয়ঃ মনঃ পীড়াঃ, ব্যাধয়ঃ দেহপীড়াঃ মনঃগ্লানিঃ, তন্দ্রা আলস্যং, পরাভবঃ শীতোষ্ণাদিভিঃ, উপসর্গাঃ উপদ্রবাঃ চ ন ভবন্তি ॥৩২

এই বলি সম্প্রতি ধনহীন, স্থানভ্রষ্ট, শত্রুগণকর্তৃক তিরস্কৃত ও বন্ধনে আবদ্ধ হইয়াছে, জ্ঞাতিগণও ইহাকে পরিত্যাগ করিয়াছে এবং নানাভাবে যাতনাভোগ করাইয়াছে।২৯

এইরূপ গুরু শুক্রাচার্য্য এই বলিকে ভর্ৎসনাপূর্বক অভিশাপ প্রদান করিয়াছেন, তথাপি এই সুব্রত সত্য পরিত্যাগ করে নাই এবং আমি ছলপূর্বক যে ধর্মের কথা বলিয়াছি, সত্যবাদী বলি সেই ধর্মকেও লঙ্ঘন করে নাই।৩০

অতএব আমি ইহাকে দেবতাগণেরও দুর্লভ স্থান দান করিয়াছি, সাবর্ণি মন্বন্তরে এই বলি ইন্দ্র হইবে এবং আমি তাহার পালকরূপে বিরাজ করিব।৩১

উক্ত মনুপদ লাভের পূর্ব পর্য্যন্ত বলি বিশ্বকর্মার রচিত সুতলপুরে বাস করিবে। আমার দৃষ্টির প্রভাবে সুতলের অধিবাসিগণের মনঃপীড়া, ব্যাধি, ক্লান্তি, তন্দ্রা, পরাভব ও অন্যান্য উপদ্রবসমূহ জন্মিতে পারে না।৩২

ইন্দ্রসেন মহারাজ যাহি ভো ভদ্রমস্তু তে।
সুতলং স্বর্গিভিঃ প্রার্থ্যং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ ॥৩৩
ন ত্বামভিভবিষ্যন্তি লোকেশাঃ কিমুতাপরে।
ত্বচ্ছাসনাতিগান্ দৈত্যাংশ্চক্রং মে সূদয়িষ্যতি ॥৩৪
রক্ষিষ্যে সর্ব্বতোঽহং ত্বাং সানুগং সপরিচ্ছদম্।
সদা সন্নিহিতং বীর তত্র মাং দ্রক্ষ্যতে ভবান্ ॥৩৫

ভোঃ ইন্দ্রসেন মহারাজ! তে ভদ্রং কল্যাণম্ অস্তু। ত্বং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ সন্ স্বর্গিভিঃ অমরৈঃ প্রার্থ্যং সুতলং যাহি ॥৩৩

তত্র বসন্তং ত্বাং লোকেশাঃ ইন্দ্রাদয়ঃ অপি ন অভিভবিষ্যন্তি; অপরেণ ইতি কিমু বক্তব্যম্। ত্বচ্ছাসনাতিগান্ তব আজ্ঞাম্ উল্লঙ্ঘ্য স্থিতান্ দৈত্যান্ মে মম চক্রং সূদয়িষ্যতি হনিষ্যতি ॥৩৪

সানুগং ভৃত্যাদিসহিতং, সপরিচ্ছদং ত্বাম্ অহং সর্ব্বতঃ সর্ব্বোপদ্রবেভ্যঃ রক্ষিষ্যে। হে বীর! তত্র সুতলে সদা সন্নিহিতং দ্বারি অবস্থিতং মাং ভবান্ দ্রক্ষ্যতে দ্রক্ষ্যতি ॥৩৫

হে মহারাজ ইন্দ্রসেন! তোমার মঙ্গল হউক। সম্প্রতি তুমি জ্ঞাতিগণকর্তৃক পরিবৃত হইয়া দেবগণেরও বাঞ্ছিত সুতলপুরে গমন কর।৩৩

লোকপালগণও তোমাকে পরাভূত করিতে পারিবে না, অপরের আর কথা কি? যে সকল দৈত্য তোমার আদেশ লঙ্ঘন করিবে, আমার সুদর্শন চক্র তাহাদিগকে বধ করিবে।৩৪

হে বীর! আমি অনুচরবর্গ ও পরিচ্ছদসহ সর্বত্র তোমায় রক্ষা করিব এবং তুমি সেই সুতলপুরে সর্বদাই আমাকে নিকটে উপস্থিত দেখিবে।৩৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্র দানবদৈত্যানাং সঙ্গাৎ তে ভাব আসুরঃ।
দৃষ্ট্বা মদনুভাবং বৈ সদ্যঃ কুণ্ঠো বিনঙ্ক্ষ্যতি ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২

দানব- দৈত্যানাং সঙ্গাৎ যঃ তব আসুরঃ ভাবঃ, তত্র সঃ মদনুভাবং স্বরূপং দৃষ্ট্বা কুণ্ঠঃ প্রতিহতঃ সন্ সদ্যঃ বিনঙ্ক্ষ্যতি এব ॥৩৬

শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে অষ্টমে স্কন্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সেখানে দৈত্যদানবগণের সঙ্গহেতু তোমার আসুরভাব উৎপন্ন হইলেও আমার প্রভাবদর্শনে তৎক্ষণাৎ উহা সঙ্কোচগ্রস্ত হইয়া বিনষ্ট হইবে।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ

[বলেঃ সুতললোকগমনম্, উপেন্দ্রপদে বামনস্যাভিষেকশ্চ।]

শ্রীশুক উবাচ।
ইত্যুক্তবন্তং পুরুষং পুরাতনং
মহানুভাবোঽখিলসাধুসম্মতঃ।
বদ্ধাঞ্জলির্বাষ্পকলাকুলেক্ষণো
ভক্ত্যুদ্গলো গদ্গদয়া গিরাব্রবীৎ ॥১

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ উক্তবন্তং পুরুষং শ্রীবামনং বদ্ধাঞ্জলিঃ যতঃ ভক্ত্যা বাষ্পস্য কলাভিঃ আকুলে ঈক্ষণে যস্য সঃ ভক্ত্যুদ্গলঃ (ভক্ত্যা উদ্গলঃ উৎ উদ্গতং বাষ্পং গলে যস্য সঃ) অখিলেষু সাধুভিঃ সম্মতঃ মহানুভাবঃ জ্ঞানভক্তিমান্ বলিঃ গদ্গদয়া স্খলিতাক্ষরয়া গিরা অব্রবীৎ ॥১

ত্রয়োবিংশ অধ্যায়

[বলির সুতললোকগমন এবং উপেন্দ্রপদে বামনের অভিষেক।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! পুরাণ-পুরুষ বামনরূপী ভগবান্ শ্রীহরি এরূপ বলিলে, সকল সাধুগণের আদর-ভাজন, মহানুভব বলি কৃতাঞ্জলি হইয়া ভক্তিভরে উৎকণ্ঠার সহিত গদ্গদ বাক্যে ভগবান্‌কে এরূপ বলিয়াছিলেন। তৎকালে বাষ্প-বিন্দুসমূহদ্বারা তাঁহার নয়নযুগল সমাচ্ছন্ন হইয়াছিল।১

বলিরুবাচ।
অহো প্রণামায় কৃতঃ সমুদ্যমঃ
প্রপন্নভক্তার্থবিধৌ সমাহিতঃ।
যল্লোকপালৈস্ত্বদনুগ্রহোঽমরৈ-
রলব্ধপূর্ব্বোঽপসদেঽসুরেঽর্পিতঃ ॥২

অন্বয়ঃ

বলিঃ উবাচ। অহো! তুভ্যং প্রণামায় ময়া কৃতঃ সমুদ্যমঃ এব প্রপন্নানাং ভক্তানাং যঃ অর্থঃ বাঞ্ছিতপূরণং তস্য বিধৌ সম্পাদনে সমাহিতঃ অপ্রমত্তঃ এব স্থিতঃ। (যতঃ) যৎ মে উদ্যমেন লোকপালৈঃ অমরৈঃ অপি অলব্ধপূর্ব্বঃ ত্বদনুগ্রহঃ অপসদে নীচে ময়ি অর্পিতঃ। (প্রণামস্য উদ্যমমাত্রে কৃতে

শ্রীবলি বলিলেন—হে ভগবন্! আপনার প্রণামের কি অদ্ভুত মহিমা! আমি আপনার উদ্দেশ্যে প্রণাম না করিয়া তাহার উপক্রমমাত্রই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

ইত্যুক্ত্বা হরিমানত্য ব্রহ্মাণং সভবং ততঃ।
বিবেশ সুতলং প্রীতো বলির্মুক্তঃ সহাসুরৈঃ ॥৩

এবমিন্দ্রায় ভগবান্ প্রত্যানীয় ত্রিবিষ্টপম্।
পূরয়িত্বাদিতেঃ কামমশাসৎ সকলং জগৎ ॥৪

লব্ধপ্রসাদং নির্ম্মুক্তং পৌত্রং বংশধরং বলিম্।
নিশাম্য ভক্তিপ্রবণঃ প্রহ্লাদ ইদমব্রবীৎ ॥৫

য়া এতাদৃশঃ অনুগ্রহঃ লব্ধঃ) ॥২

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ উক্ত্বা বারুণপাশাৎ মুক্তঃ বলিঃ হরিং বামনং সভবং ব্রহ্মাণম্ আনম্য প্রণম্য ততঃ অসুরৈঃ সহ প্রীতঃ এব সুতলং বিবেশ ॥৩

এবং বলেঃ সকাশাৎ গৃহীতং ত্রিপিষ্টপং স্বর্গম্ ইন্দ্রায় প্রত্যানীয় সমর্প্য অদিতেঃ কামং পূরয়িত্বা ভগবান্ সকলং জগৎ অশাসৎ পালয়ামাস ॥৪

লব্ধপ্রসাদং, পাশাৎ নির্ম্মুক্তং, বংশধরং বংশবর্দ্ধনং, পৌত্রং বলিং নিশাম্য দৃষ্ট্বা ভক্তিপ্রবণঃ ভক্তিতৎপরঃ প্রহ্লাদঃ ইদম্ অব্রবীৎ ॥৫

করিয়াছিলাম, তথাপি সেই উপক্রমই মাদৃশ অভক্তের সম্বন্ধেও শরণাগত ভক্তগণের প্রাপ্য বিষয় সম্পাদন করিতে সদা তৎপর রহিয়াছে। যেহেতু সেই প্রণামের উপক্রমই—লোকপাল দেবতাগণও পূর্বে যাহা লাভ করেন নাই আপনার তাদৃশ অনুগ্রহ এই অধম অসুরের প্রতি অর্পণ করিয়াছে।২

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বন্ধনমুক্ত বলি এইরূপ বলিয়া শ্রীহরি, ব্রহ্মা ও শঙ্করকে প্রণাম করিয়া সন্তুষ্টচিত্তে অসুরগণের সহিত পাতালপুরে প্রবেশ করিয়াছিলেন।৩

ভগবান্ শ্রীহরি এইরূপে ইন্দ্রকে স্বর্গলোক প্রত্যর্পণপূর্বক অদিতির মনোবাসনা পূরণ করিয়া স্বয়ং উপেন্দ্ররূপে ত্রিলোক পরিপালন করিয়াছিলেন।৪

প্রহ্লাদ উবাচ।

নেমং বিরিঞ্চো লভতে প্রসাদং
ন শ্রীর্ন শর্ব্বঃ কিমুতাপরেঽন্যে।
যন্নোঽসুরাণামসি দুর্গপালো
বিশ্বাভিবন্দ্যৈরভিবন্দিতাঙ্ঘ্রিঃ ॥৬

যৎপাদপদ্মমকরন্দনিষেবণেন
ব্রহ্মাদয়ঃ শরণদাশ্নুবতে বিভূতীঃ।
কস্মাদ্ বয়ং কুসৃতয়ং খলযোনয়স্তে
দাক্ষিণ্যদৃষ্টিপদবীং ভবতঃ প্রণীতাঃ ॥৭

বিশ্বাভিবন্দ্যৈঃ সকল-জগৎপূজ্যৈঃ ব্রহ্মাদিভিঃ অপি অভিবন্দিতৌ অঙ্ঘ্রী যস্য সঃ ত্বং নঃ অস্মাকম্ অসুরাণাং দুর্গপালঃ জাতঃ অসি ইতি যৎ যঃ প্রসাদঃ তৎ ইমং প্রসাদং বিরিঞ্চঃ ব্রহ্মা, শ্রীঃ লক্ষ্মীঃ, শর্ব্বঃ রুদ্রঃ চ ন লভতে ন লেভে, অপরে অন্যে ইন্দ্রাদয়ঃ ন লেভিরে ইতি কিমু বক্তব্যম্ ॥৬

হে শরণপ্রদ! ব্রহ্মাদয়ঃ যস্য তব পাদপদ্ময়োঃ যঃ মকরন্দঃ তস্য নিভরাং সেবনেন আরাধনেন সাধনেন বিভূতীঃ ঐশ্বর্য্যাণি অশ্নুবতে প্রাপ্নুবন্তি, তস্য ভগবতঃ যে বয়ং কুসৃতয়ঃ দুর্বৃত্তাঃ, খলযোনয়ঃ উগ্রজাতয়ঃ তে দাক্ষিণ্য-দৃষ্টিপদবীং কৃপাদৃষ্টিবিষয়তাং কস্মাৎ হেতোঃ প্রণীতাঃ! ॥৭

এদিকে ভক্তিপরায়ণ শ্রীপ্রহ্লাদমহারাজ বংশধর পৌত্র বলিকে বন্ধনমুক্ত ও ভগবানের অনুগ্রহপ্রাপ্ত হইতে দেখিয়া ভগবান্‌কে এরূপ বলিয়াছিলেন।৫

শ্রীপ্রহ্লাদ বলিলেন—হে ভগবন্! বিশ্বপূজ্য পুরুষগণও যাঁহার পাদপদ্মের বন্দনা করেন, সেই আপনি যে আমাদের অসুরগণের দুর্গরক্ষক হইলেন, এরূপ অনুগ্রহ ব্রহ্মা, লক্ষ্মী বা শঙ্করও লাভ করেন নাই, অপর লোকের কথা আর কি বলিব ?৬

হে শরণপ্রদ! ব্রহ্মাদি দেবগণ যাঁহার পাদপদ্ম-যুগলের মধুপান করায় বিবিধ ঐশ্বর্য্য ভোগ করিতে-ছেন, আমাদের ন্যায় দুর্বৃত্ত উগ্রজাতি অসুরগণ কিরূপে সেই আপনার উদার দৃষ্টিমার্গে উপনীত হইল ?৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিত্রং তবেহিতমহোঽমিতযোগমায়া-
লীলাবিসৃষ্টভুবনস্য বিশারদস্য।
সর্ব্বাত্মনঃ সমদৃশো বিষমঃ স্বভাবো
ভক্তপ্রিয়ো যদসি কল্পতরুস্বভাবঃ ॥৮

শ্রীভগবানুবাচ।

বৎস প্রহ্লাদ ভদ্রং তে প্রযাহি সুতলালয়ম্।
মোদমানঃ স্বপৌত্রেণ জ্ঞাতীনাং সুখমাবহ ॥৯
নিত্যং দ্রষ্টাসি মাং তত্র গদাপাণিমবস্থিতম্।
মদ্দর্শনমহাহ্লাদধ্বস্তকর্ম্মনিবন্ধনঃ ॥১০

শ্রীশুক উবাচ।

আজ্ঞাং ভগবতো রাজন্ প্রহ্লাদো বলিনা সহ।
বাঢ়মিত্যমলপ্রজ্ঞো মূর্দ্ধ্ন্যাধায় কৃতাঞ্জলিঃ ॥১১
পরিক্রম্যাদিপুরুষং সর্ব্বাসুরচমূপতিঃ।
প্রণতস্তদনুজ্ঞাতঃ প্রবিবেশ মহাবিলম্ ॥১২
অথাহোশনসং রাজন্ হরির্নারায়ণোঽন্তিকে।
আসীনমৃত্বিজাং মধ্যে সদসি ব্রহ্মবাদিনাম্ ॥১৩
ব্রহ্মন্ সন্তনু শিষ্যস্য কর্ম্ম চ্ছিদ্রং বিতন্বতঃ।
যত্তৎ কর্ম্মসু বৈষম্যং ব্রহ্মদৃষ্টং সমং ভবেৎ ॥১৪

অহো! সমদৃশঃ সর্ব্বাত্মনঃ সর্ব্বোপাদানভূতস্য অমিতা অচিন্ত্যা যোগমায়া সংকল্পরূপা তয়া বা লীলা তয়া বিসৃষ্টানি বিরচিতানি ভুবনানি যেন তস্য বিশারদস্য সর্ব্বথা সর্ব্বং কর্ত্তুং সমর্থস্য যৎ যস্মাৎ কল্পতরুবৎ স্বভাবঃ যস্য তথাভূতঃ সন্ এব ভক্তাঃ প্রিয়াঃ যস্য তথাভূতঃ অসি ইতি বিষমঃ স্বভাবঃ; অহো তব ঈহিতং চেষ্টিতং চিত্রম্ অত্যাশ্চর্য্যম্! ॥৮

শ্রীভগবান্ উবাচ। হে বৎস প্রহ্লাদ! তে ভদ্রং ভবতু। সুতলালয়ং প্রযাহি। স্বপৌত্রেণ সহ মোদমানঃ জ্ঞাতীনাং সুখম্ আবহ প্রাপয় ॥৯

তত্র সুতলে দ্বারি অবস্থিতং গদাপাণিং মাং নিত্যং দ্রষ্টা অসি দ্রক্ষ্যসি। তথা মদ্দর্শনেন যঃ মহান্ আহ্লাদঃ আনন্দঃ তেন ধ্বস্তং কর্ম্মরূপং নিবন্ধনং যস্য তাদৃশঃ ত্বং ভবিষ্যসি ॥১০

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সর্ব্বাসুর-চমূপতিঃ অমলপ্রজ্ঞঃ প্রহ্লাদঃ বাঢ়ম্ ইতি উক্ত্বা ভগবতঃ আজ্ঞাং মূর্দ্ধ্নি আধায় কৃতাঞ্জলিঃ এব বলিনা সহ আদিপুরুষং পরিক্রম্য তং প্রণতঃ তথা যেন অনুজ্ঞাতঃ মহাবিলং সুতলং প্রবিবেশ ॥ ১১-১২

অথ হে রাজন্! ব্রহ্মবাদিনাং সদসি ঋত্বিজাং মধ্যে স্ব অন্তিকে সমীপে আসীনম্ উশনসং শুক্রাচার্য্যং নারায়ণঃ হরিঃ আহ ॥১৩

হে ব্রহ্মন্! কর্ম্ম বিতন্বতঃ যজ্ঞং প্রকুর্ব্বতঃ স্বশিষ্যস্য যৎ ছিদ্রং তত্র ন্যূনং, তৎ সন্তনু পূরয়। যতঃ কর্ম্মসু যৎ বৈষম্যং, তৎ ব্রহ্মদৃষ্টং (ব্রাহ্মণৈঃ দৃষ্টম্ এব) সমং সম্পূর্ণং সম্পূরিতং

হে ভগবন্! আপনার চরিত্র বস্তুতই অতি-বিচিত্র। যেহেতু স্বয়ং অচিন্তনীয়া যোগমায়ার লীলাদ্বারা ত্রিভুবন সৃষ্টি করিয়াছেন বলিয়া আপনিই সর্বাত্মা এবং আপনি সর্বজ্ঞ বলিয়া সমদর্শী, অথচ আপনার স্বভাব এরূপ বৈষম্যযুক্ত যে, ভক্তগণই আপনার প্রিয় বলিয়া আপনি কল্পতরুর ন্যায় কেবলমাত্র তাঁহাদেরই কামনা পূরণ করেন।৮

শ্রীভগবান্ বলিলেন—হে বৎস প্রহ্লাদ! তোমার মঙ্গল হউক। তুমি সুতলরূপ বাসস্থানে গমন কর এবং নিজ পৌত্রের সহিত হৃষ্টচিত্তে জ্ঞাতিগণের সুখবর্ধন কর।৯

তুমি আমাকে সর্বদা সেই সুতললোকে গদাহস্তে অবস্থান করিতে দেখিবে এবং আমার দর্শনজনিত পরমানন্দের উপলব্ধিদ্বারা তোমার অজ্ঞান বিনষ্ট হইবে।১০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর বিশুদ্ধবুদ্ধি ও সকল অসুরসেনার অধিপতি শ্রীপ্রহ্লাদ বলির সহিত 'তথাস্তু' বলিয়া ভগবানের আদেশবাক্য মস্তকে ধারণ করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া আদি-পুরুষ শ্রীহরিকে পরিক্রমা করিয়া প্রণামপূর্বক তাঁহার অনুমতি অনুসারে সুতললোকে প্রবেশ করিয়া-ছিলেন।১১-১২

হে মহারাজ! অনন্তর ভগবান্ নারায়ণ শ্রীহরি ব্রহ্মবাদী ঋত্বিগ্‌গণের সভায় মধ্যস্থলে উপবিষ্ট অদূরবর্তী শুক্রাচার্য্যকে এরূপ বলিলেন।১৩

হে ব্রহ্মন্! যজ্ঞকর্মের অনুষ্ঠানকারী আপনার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুক্র উবাচ।

কুতস্তৎ কর্ম্মবৈষম্যং যস্য কর্ম্মেশ্বরো ভবান্।
যজ্ঞেশো যজ্ঞপুরুষঃ সর্ব্বভাবেন পূজিতঃ ॥১৫

মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হবস্তুতঃ।
সর্ব্বং করোতি নিশ্ছিদ্রমনুসংকীর্ত্তনং তব ॥১৬

তথাপি বদতো ভূমন্ করিষ্যাম্যনুশাসনম্।
এতচ্ছ্রেয়ঃ পরং পুংসাং যত্তবাজ্ঞানুপালনম্ ॥১৭

শ্রীশুক উবাচ।

প্রতিনন্দ্য হরেরাজ্ঞামুশনা ভগবানিতি।
যজ্ঞচ্ছিদ্রং সমাধত্ত বলের্বিপ্রর্ষিভিঃ সহ ॥১৮

এবং বলের্মহীং রাজন্ ভিক্ষিত্বা বামনো হরিঃ।
দদৌ ভ্রাত্রে মহেন্দ্রায় ত্রিদিবং যৎ পরৈর্হৃতম্ ॥১৯

প্রজাপতিপতির্ব্রহ্মা দেবর্ষিপিতৃভূমিপৈঃ।
দক্ষভৃগ্বঙ্গিরোমুখ্যৈঃ কুমারেণ ভবেন চ ॥২০

ভবেৎ ॥১৪

শুক্রঃ উবাচ। তৎ তস্য বলেঃ কর্ম্মবৈষম্যং কর্ম্মণঃ বৈগুণ্যং কুতঃ যস্য যেন বলিনা সর্ব্বভাবেন সর্ব্বস্বার্পণেন কর্ম্মেশ্বরঃ কর্ম্মপ্রবর্ত্তকঃ, যজ্ঞেশঃ যজ্ঞফলদাতা, যজ্ঞপুরুষঃ যজ্ঞরূপেণ উপাস্যঃ ভবান্ পূজিতঃ ॥১৫

যতঃ মন্ত্রতঃ (স্বরাদিভ্রংশেন), তন্ত্রতঃ (অনুষ্ঠানব্যুৎক্রমাদিনা), দেশতঃ, কালতঃ তত্তদুল্লঙ্ঘনেন, অর্হতঃ পাত্রতঃ, যথোক্ত-সম্প্রদানাভাবেন, বস্তুতঃ দক্ষিণাদি-বৈষম্যেণ কর্ম্মসু যৎ ছিদ্রং বৈগুণ্যং সম্ভবতি, তৎ সর্ব্বং তব নামসংকীর্ত্তনমাত্রমেব নিশ্ছিদ্রং সম্পূর্ণং করোতি ॥১৬

তথাপি বদতঃ তব অনুশাসনম্ আজ্ঞাং করিষ্যামি। যতঃ হে ভূমন্! যৎ তব আজ্ঞানুপালনং, তৎ এতৎ পুংসাং পরং শ্রেয়ঃ পরমপুরুষার্থসাধনম্ এব ॥১৭

ইতি এবং হরেঃ আজ্ঞাং প্রতিনন্দ্য অঙ্গীকৃত্য ভগবান্ শাস্ত্রজ্ঞঃ উশনাঃ শুক্রঃ বলেঃ যজ্ঞস্য ছিদ্রম্ অবশিষ্টং বিপ্রর্ষিভিঃ সহ সমাধত্ত অনুষ্ঠিতবান্ ॥১৮

হে রাজন্! বামনরূপঃ হরিঃ এবং মহীং বলেঃ সকাশাৎ ভিক্ষিত্বা পরৈঃ শত্রুভিঃ অসুরৈঃ যৎ হৃতং, তৎ ত্রিদিবং স্বর্গং ভ্রাত্রে মহেন্দ্রায় দদৌ ॥১৯

ততঃ প্রজাপতিপতিঃ ব্রহ্মা দেবৈঃ ঋষিভিঃ পিতৃভিঃ মনুতৎপুত্রৈঃ দক্ষাদিভিঃ চ সহ কশ্যপস্য অদিতেঃ চ প্রীত্যৈ সর্ব্বেষাং ভূতানাং ভবায় বামনং লোকানাং লোকপালানাং চ

শিষ্য বলির কর্মে যে ন্যূনতা ঘটিয়াছে, সম্প্রতি আপনি তাহা পূরণ করুন। (যজমান উপস্থিত না থাকিলেও) ব্রাহ্মণের দর্শনমাত্রেই কর্মসমূহের বৈষম্য সমতাপ্রাপ্ত হয়।১৪

শ্রীশুক্রাচার্য্য বলিলেন—হে ভগবন্! সকল কর্মের প্রবর্তক, যজ্ঞফলদাতা ও যজ্ঞময় পরমপুরুষ আপনি যৎকর্তৃক সর্বতোভাবে পূজিত হইয়াছেন, তাহার কর্মসমূহে কিরূপে বৈষম্য ঘটিতে পারে?১৫

হে ভগবন্! যে কোন কর্মে মন্ত্র, বিধি (অনুষ্ঠান প্রণালী), দেশ, কাল, পাত্র বা দ্রব্যগত যে কোন ত্রুটি ঘটিলে আপনার নামসংকীর্তনদ্বারাই উহার পূরণ হইয়া থাকে।১৬

হে ভূমন্! তথাপি আপনি আদেশ করায় আমি তাহা পালন করিব। আপনার আজ্ঞাপালনই পুরুষগণের পরম মঙ্গলজনক।১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহাপ্রভাবশালী শুক্রাচার্য্য এইরূপে শ্রীহরির আদেশবাক্যে সমাদর প্রদর্শন করিয়া ব্রহ্মর্ষিগণের সহিত বলির যজ্ঞের ত্রুটি পূরণ করিয়াছিলেন।১৮

হে মহারাজ! বামনরূপী ভগবান্ শ্রীহরি এইরূপে বলির নিকট হইতে ভূমি ভিক্ষা করিয়া শত্রুগণকর্তৃক হৃত স্বর্গলোক ভ্রাতা ইন্দ্রকে দান করিয়াছেন।১৯

অনন্তর প্রজাপতিগণের অধিপতি ব্রহ্মা—দেবতাগণ, ঋষিগণ, পিতৃগণ, মনুগণ, দক্ষ, ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতি এবং সনৎকুমার ও শঙ্করের সহিত মিলিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কশ্যপস্যাদিতেঃ প্রীত্যৈ সর্ব্বভূতভবায় চ।
লোকানাং লোকপালানামকরোদ্ বামনং পতিম্ ॥২১
বেদানাং সর্ব্বদেবানাং ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ।
মঙ্গলানাং ব্রতানাঞ্চ কল্পং স্বর্গাপবর্গয়োঃ ॥২২
উপেন্দ্রং কল্পয়াঞ্চক্রে পতিং সর্ব্ববিভূতয়ে।
তদা সর্ব্বাণি ভূতানি ভৃশং মুমুদিরে নৃপ ॥২৩
ততস্ত্বিন্দ্রঃ পুরস্কৃত্য দেবযানেন বামনম্।
লোকপালৈর্দিবং নিন্যে ব্রহ্মণা চানুমোদিতঃ ॥২৪

প্রাপ্য ত্রিভুবনং চেন্দ্র উপেন্দ্রভুজপালিতঃ।
শ্রিয়া পরময়া জুষ্টো মুমুদে গতসাধ্বসঃ ॥২৫
ব্রহ্মা শর্ব্বঃ কুমারশ্চ ভৃগ্বাদ্যা মুনয়ো নৃপ।
পিতরঃ সর্ব্বভূতানি সিদ্ধা বৈমানিকাশ্চ যে ॥২৬
সুমহৎ কর্ম্ম তদ্‌বিষ্ণোর্গায়ন্তঃ পরমদ্ভুতম্।
ধিষ্ণ্যানি স্বানি তে জগ্মুরদিতিঞ্চ শশংসিরে ॥২৭
সর্ব্বমেতন্ময়াখ্যাতং ভবতঃ কুলনন্দন।
উরুক্রমস্য চরিতং শ্রোতৄণামঘমোচনম্ ॥২৮

পতিম্ অকরোৎ ॥২০-২১

বেদাদীনাং কল্পং পালনে দক্ষং, মঙ্গলানাং পুত্রজন্মাদ্যুৎসবানাং, ব্রতানাং সদাচারাণাং তথা সর্ব্বেষাং বিভূতয়ে চ বামনম্ উপেন্দ্রপতিং কল্পয়াঞ্চক্রে যৌবরাজ্যে স্থাপয়ামাস। তদা হে নৃপ! সর্ব্বাণি ভূতানি ভৃশং মুমুদিরে ॥২২-২৩

ততঃ তু ব্রহ্মণা অনুমোদিতঃ লোকপালৈঃ সহিতঃ ইন্দ্রঃ দেবযানেন দেববাহ্যেন যানেন বামনং পুরস্কৃত্য দিবং স্বর্গং নিন্যে প্রাপয়ামাস ॥২৪

উপেন্দ্র-ভুজাভ্যাং পালিতঃ ইন্দ্রঃ চ ত্রিভুবনং প্রাপ্য গতসাধ্বসঃ নির্ভয়ঃ পরময়া শ্রিয়া জুষ্টঃ সম্পন্নঃ মুমুদে ॥২৫

ততঃ চ হে নৃপ! ব্রহ্মা, শর্ব্বঃ, কুমারঃ, ভৃগ্বাদ্যাঃ মুনয়ঃ পিতরঃ, সর্ব্বভূতানি, যে চ বৈমানিকাঃ বিমানারূঢ়াঃ সিদ্ধাঃ চ তে ॥২৬

বিষ্ণোঃ তৎ পরমদ্ভুতং সুমহৎ কর্ম্ম গায়ন্তঃ তে স্বানি ধিষ্ণ্যানি জগ্মুঃ, তদা অদিতিঞ্চ শশংসিরে তুষ্টুবুঃ ॥২৭

হে কুলনন্দন! শ্রোতৄণাম্ অঘমোচনং পাপনিবর্ত্তকম্ উরুক্রমস্য এতৎ সর্ব্বং চরিতং ময়া ভবতঃ সমীপে আখ্যাতম্ ॥২৮

হইয়া, কশ্যপ ও অদিতির প্রীতির জন্য এবং সকল লোকের মঙ্গলের জন্য ভগবান্ বামনদেবকে লোকসমূহ ও লোকপালগণের অধিপতি করিয়াছিলেন।২০-২১

(লোকপ্রভৃতির পতিরূপে ইন্দ্র বিদ্যমান থাকিলেও) ব্রহ্মা সর্বলোকের সর্বপ্রকার ঐশ্বর্য্য সম্পাদনের জন্য—বেদসমূহ, সকল দেবতা, ধর্ম, যশ, শ্রী, মঙ্গলময় ব্রতসমূহ এবং স্বর্গ ও মোক্ষ—এই সকলের যথাযথ পরিপালনে সুদক্ষ উপেন্দ্রকে সকলের অধিপতি করিয়াছিলেন। হে মহারাজ! তৎকালে সকল প্রাণিগণই অতিশয় হৃষ্ট হইয়াছিল।২২-২৩

অনন্তর ব্রহ্মার অনুমোদনক্রমে লোকপালগণের সহিত দেবরাজ ইন্দ্র বামনদেবকে বিমানযোগে অগ্রে করিয়া স্বর্গলোকে লইয়া গেলেন।২৪

এইরূপে উপেন্দ্রের ভুজবলে রক্ষিত ইন্দ্র ত্রিভুবন লাভ করিয়া পরম ঐশ্বর্য্যশালী ও নির্ভয় হইয়া আনন্দ উপভোগ করিতে লাগিলেন।২৫

হে মহারাজ! অনন্তর, ব্রহ্মা, শঙ্কর, সনৎকুমার, ভৃগুপ্রভৃতি মুনিগণ, পিতৃগণ, নিখিল ভূতবর্গ, সিদ্ধগণ ও আকাশচারিগণ সকলেই বামনরূপী ভগবান্ বিষ্ণুর সেই পরম অদ্ভুত সুমহৎ কর্মের কথা কীর্তন করিতে নিজ নিজ স্থানে প্রস্থান করিলেন এবং তৎকালে তাঁহারা অদিতিদেবীরও প্রশংসা করিয়াছিলেন।২৬-২৭

হে কুরুকুলনন্দন! আমি তোমার নিকট ভগবান্ উরুক্রম শ্রীহরির এই চরিতটি সম্পূর্ণরূপে বর্ণন করিলাম। ইহা শ্রোতৃমণ্ডলীর পাপ বিনাশ করে।২৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারং মহিম্ন উরুবিক্রমতো গৃণানো
যঃ পার্থিবানি বিমমে স রজাংসি মর্ত্ত্যঃ।
কিং জায়মান উত জাত উপৈতি মর্ত্ত্য
ইত্যাহ মন্ত্রদৃগৃষিঃ পুরুষস্য যস্য ॥২৯

য ইদং দেবদেবস্য হরেরদ্ভুতকর্ম্মণঃ।
অবতারানুচরিতং শৃণ্বন্ যাতি পরাং গতিম্ ॥৩০

ক্রিয়মাণে কর্ম্মণীদং দৈবে পিত্র্যেঽথ মানুষে।
যত্র যত্রানুকীর্ত্ত্যেত তৎ তেষাং সুকৃতং বিদুঃ ॥৩১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে
ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩

উরুধা বহুধা বিক্রমতঃ মহিম্নঃ পারং নিঃশেষং যঃ গৃণানঃ ব্রুবাণঃ ভবতি, সঃ মর্ত্ত্যঃ পার্থিবানি অপি রজাংসি বিমমে গণিতবান্! উত ইতি বা জায়মানঃ জাতঃ বা মর্ত্ত্যঃ মনুষ্যঃ যস্য পুরুষস্য পূর্ণস্য ভগবতঃ মহিম্নঃ পারং কিম্ উপৈতি প্রাপ্নোতি? নৈব প্রাপ্নোতি ইতি মন্ত্রদৃক্ ঋষিঃ বশিষ্ঠঃ আহ ॥২৯

যঃ পুমান্ ইদম্ অদ্ভুতকর্ম্মণঃ দেবদেবস্য হরেঃ বামনাবতার-চরিতং শৃণ্বন্ কীর্ত্তয়ন্ স্মরন্ বা ভবতি, সঃ পরাম্ উৎকৃষ্টাং গতিং যাতি ॥৩০

দৈবে পিত্র্যে মানুষে বা কর্ম্মণি ক্রিয়মাণে যত্র যত্র ইদং বামন-চরিতং কীর্ত্ত্যেত, তেষাং সুকৃতং যথাবৎ কৃতম্ ইতি শাস্ত্র-রহস্যজ্ঞাঃ বিদুঃ ॥৩১

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥

যে মানব পার্থিব ধূলিকণাসমূহ গণনা করিয়াছে, সেই ব্যক্তিই অনন্তবিক্রমশালী বিষ্ণুর মহিমার অন্ত নির্ণয় করিতে পারে। মন্ত্রদ্রষ্টা ঋষি বশিষ্ঠও পরিপূর্ণ-স্বরূপ যে বিষ্ণুর মহিমার সীমা সম্বন্ধে এরূপ বলিয়াছেন যে—অতীতকালে জাত, কিংবা সম্প্রতি জায়মান কোন মরণশীল ব্যক্তি কি তাঁহার মহিমার অন্ত পাইয়াছে?২৯

যিনি অদ্ভুতকর্মা দেবদেব শ্রীহরির এই অবতার চরিত শ্রবণ করেন, তিনি পরমগতি লাভ করেন।৩০

দৈব, পিত্র্য অথবা মনুষ্যসম্বন্ধী যে কোন কর্মের আচরণকালে যে যে কর্মে ভগবানের এই চরিত কীর্তিত হয়, পণ্ডিতগণ কর্মিগণের সেই সেই কর্মকেই যথাযথ অনুষ্ঠিত হইয়াছে মনে করেন।৩১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্বিংশঃ অধ্যায়ঃ

[মৎস্যাবতারকথনম্।]

রাজোবাচ।

ভগবন্ শ্রোতুমিচ্ছামি হরেরদ্ভুতকর্ম্মণঃ।
অবতারকথামাদ্যাং মায়ামৎস্যবিড়ম্বনম্ ॥১
যদর্থমদধাদ্ রূপং মাৎস্যং লোকজুগুপ্সিতম্।
তমঃপ্রকৃতি দুর্ম্মর্ষং কর্ম্মগ্রস্ত ইবেশ্বরঃ ॥২
এতন্নো ভগবন্ সর্ব্বং যথাবদ্ বক্তুমর্হসি।
উত্তমঃশ্লোক-চরিতং সর্ব্বলোকসুখাবহম্ ॥৩

সূত উবাচ।

ইত্যুক্তো বিষ্ণুরাতেন ভগবান্ বাদরায়ণিঃ।
উবাচ চরিতং বিষ্ণোর্মৎস্যরূপেণ যৎ কৃতম্ ॥৪

শ্রীশুক উবাচ।

গো-বিপ্র-সুর-সাধূনাং ছন্দসামপি চেশ্বরঃ।
রক্ষামিচ্ছংস্তনূর্ধত্তে ধর্ম্মস্যার্থস্য চৈব হি ॥৫
উচ্চাবচেষু ভূতেষু চরন্ বায়ুরিবেশ্বরঃ।
নোচ্চাবচত্বং ভজতে নির্গুণত্বাদ্ধিয়ো গুণৈঃ ॥৬

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! মায়য়া যৎ মৎস্য-বিড়ম্বনং মৎস্যরূপানুকরণম্, তৎ যস্যাং নিরূপ্যতে, তাম্ আদ্যাম্ অদ্ভুতকর্ম্মণঃ হরেঃ অবতারকথাং শ্রোতুম্ ইচ্ছামি ॥১

স্বয়ম্ ঈশ্বরঃ কাল-কর্ম্মাদি-নিয়ন্তা অপি কর্ম্মগ্রস্তঃ ইব যদর্থং লোকে জুগুপ্সিতং নিন্দিতং, তমঃপ্রকৃতি দুর্ম্মর্ষং দুঃসহং মাৎস্যরূপম্ অধাৎ ॥২

হে ভগবন্! এতৎ সর্ব্বলোক-সুখাবহম্ উত্তমঃশ্লোকচরিতং সর্ব্বং নঃ অস্মাকং যথাবৎ বক্তুম্ অর্হসি ॥৩

অন্বয়ঃ

সূতঃ উবাচ। বিষ্ণুরাতেন পরীক্ষিতা ইতি এবম্ উক্তঃ পৃষ্টঃ ভগবান্ বাদরায়ণিঃ শুকঃ মৎস্যরূপেণ যৎ কৃতং বিষ্ণোঃ চরিতম্ উবাচ ॥৪

শ্রীশুকঃ উবাচ। ঈশ্বরঃ স্বতন্ত্রঃ অপি গো-বিপ্র-সুর-সাধূনাং ছন্দসাং বেদানাং, ধর্ম্মস্য, অর্থস্য চ রক্ষাম্ ইচ্ছন্ তনূঃ ধত্তে মূর্ত্তি বিভর্ত্তি ॥৫

উচ্চাবচেষু উৎকৃষ্টাপকৃষ্টেষু দেব-মনুষ্য-তির্য্যগাদিষু ভূতেষু বায়ুঃ ইব চরন্ যঃ ঈশ্বরঃ নির্গুণত্বাৎ গুণৈঃ ন উচ্চাবচত্ব

চতুর্বিংশ অধ্যায়।

[মৎস্যাবতার কথন।]

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্ মুনিবর! যাহাতে বিচিত্রচরিত ভগবান্ শ্রীহরির মায়াদ্বারা মৎস্যরূপের অনুকরণ নির্ণীত হইয়াছে, আমি সম্প্রতি সেই আদি অবতার কথা শুনিতে ইচ্ছা করি।১

হে ভগবন্! পরমেশ্বর যে জন্য কর্মাধীন জীবের ন্যায় লোকনিন্দিত, তমঃপ্রকৃতি ও দুঃসহ মৎস্যরূপ ধারণ করিয়াছিলেন, আপনি এ বিষয়ে আমাদের নিকট যথাযথ সকল কথা বর্ণন করুন। উত্তমঃশ্লোক শ্রীহরির চরিত সকল লোকেরই আনন্দদায়ক হইয়া থাকে।২-৩

শ্রীসূত বলিলেন—মহারাজ পরীক্ষিৎ এরূপ প্রার্থনা করিলে ভগবান্ শ্রীশুকদেব মৎস্যরূপে ভগবান্ বিষ্ণু যাহা করিয়াছিলেন, সেই চরিতকথা বর্ণনে প্রবৃত্ত হইলেন।৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! জগদীশ্বর ভগবান্ শ্রীহরি গো, ব্রাহ্মণ, দেবতা, সাধুগণ, বেদ-সমূহ এবং ধর্ম ও অর্থের রক্ষা করিতে ইচ্ছুক হইয়া (কালবিশেষে) অবতার মূর্তি ধারণ করেন।৫

ঈশ্বর স্বয়ং নির্গুণ বলিয়া, মায়িক গুণযোগে বিভিন্নরূপে কল্পিত বিভিন্ন প্রাণিগণের মধ্যে অন্তর্য্যামিরূপে বায়ুর ন্যায় বিচরণ করিয়াও বিভিন্ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসীদতীতকল্পান্তে ব্রাহ্মো নৈমিত্তিকো লয়ঃ।
সমুদ্রোপপ্লুতাস্তত্র লোকা ভূরাদয়ো নৃপ ॥৭

কালেনাগতনিদ্রস্য ধাতুঃ শিশয়িষোর্বলী।
মুখতো নিঃসৃতান্ বেদান্ হয়গ্রীবোঽন্তিকেঽহরৎ ॥৮

জ্ঞাত্বা তদ্দানবেন্দ্রস্য হয়গ্রীবস্য চেষ্টিতম্।
দধার শফরীরূপং ভগবান্ হরিরীশ্বরঃ ॥৯

তত্র রাজঋষিঃ কশ্চিন্নাম্না সত্যব্রতো মহান্।
নারায়ণপরোঽতপ্যৎ তপঃ স সলিলাসনঃ ॥১০

যোঽসাবস্মিন্ মহাকল্পে তনয়ঃ স বিবস্বতঃ।
শ্রাদ্ধদেব ইতি খ্যাতো মনুত্বে হরিণার্পিতঃ ॥১১

একদা কৃতমালায়াং কুর্বতো জলতর্পণম্।
তস্যাঞ্জল্যুদকে কাচিচ্ছফর্য্যেকাভ্যপদ্যত ॥১২

সত্যব্রতোঽঞ্জলিগতাং সহ তোয়েন ভারত।
উৎসসর্জ্জ নদীতোয়ে শফরীং দ্রবিড়েশ্বরঃ ॥১৩

তমাহ সাতিকরুণং মহাকারুণিকং নৃপম্
যাদোভ্যো জ্ঞাতিঘাতিভ্যো দীনাং মাং দীনবৎসল।
কথং বিসৃজসে রাজন্ ভীতামস্মিন্ সরিজ্জলে ॥১৪

ভজতে ॥৬

অতীতস্য অতিক্রান্তস্য কল্পস্য অন্তে ব্রাহ্মঃ (ব্রহ্মণঃ নিদ্রায়াং ভবঃ) [তেনৈব নিমিত্তেন জাতঃ] নৈমিত্তিকঃ লয়ঃ আসীৎ। হে নৃপ! ভূরাদয়ঃ লোকাঃ সমুদ্রোপপ্লুতাঃ সমুদ্রজলনিমগ্নাঃ আসন্ ॥৭

কালেন দিনাবসান-কালেন আগতা নিদ্রা যস্য তস্য অতএব শিশয়িষোঃ শয়নং কর্ত্তুম্ ইচ্ছোঃ ধাতুঃ ব্রহ্মণঃ মুখতঃ নিঃসৃতান্ (আলস্যেন আবর্ত্ত্যমানান্) বেদান্ অন্তিকে তৎসমীপে আগত্য বলী হয়গ্রীবাখ্যঃ দানবঃ অহরৎ ॥৮

তদা দানবেন্দ্রস্য হয়গ্রীবস্য তৎ বেদগ্রহণরূপং চেষ্টিতং জ্ঞাত্বা ভগবান্ ঈশ্বরঃ হরিঃ শফরীরূপং দধার ॥৯

তত্র কল্পে নাম্না সত্যব্রতঃ কশ্চিৎ রাজর্ষিঃ আসীৎ;

নারায়ণপরঃ ভক্তঃ সঃ চ সলিলম্ এব আসনং যস্য তথাভূতঃ সন্ তপঃ অতপ্যৎ ॥১০

যঃ অতীতে কল্পে সত্যব্রতাখ্যঃ তপঃ অতপ্যৎ, সঃ এব অস্মিন্ মহাকল্পে বিবস্বতঃ সূর্য্যস্য তনয়ঃ শ্রাদ্ধদেবঃ ইতি খ্যাতঃ প্রসিদ্ধঃ হরিণা মনুত্বে অর্পিতঃ স্থাপিতঃ ॥১১

তস্য সত্যব্রতস্য একদা পূর্ব্বস্মিন্ এব কল্পে কদাচিৎ কৃতমালায়াং নদ্যাং জলতর্পণং কুর্ব্বতঃ অঞ্জল্যুদকে কাচিৎ একা শফরী অভ্যপদ্যত প্রাপ্তা অদৃশ্যত ॥১২

ততঃ চ হে ভারত! দ্রবিড়েশ্বরঃ দ্রবিড়দেশাধিপতিঃ সত্যব্রতঃ তাম্ অঞ্জলিগতাং শফরীম্ অঞ্জলিগততোয়েন সহ নদীতোয়ে উৎসসর্জ ত্যক্তুম্ উদ্যতঃ ॥১৩

আত্মানং ত্যজন্তং মহাকারুণিকং তং নৃপং সা শফরী তদা

ভাব প্রাপ্ত হন না।৬

হে মহারাজ! অতীত কল্পের অবসানে ব্রহ্মার নিদ্রাকাল উপস্থিত হইলে যে নৈমিত্তিক প্রলয় ঘটিয়াছিল, তাহাতে ভূমণ্ডলাদি লোকসমুদয় সমুদ্রজলে নিমগ্ন হইয়াছিল।৭

সে সময়ে কালবশে নিদ্রার আবেশহেতু ব্রহ্মা শয়নের ইচ্ছা করিলে বলবান্ হয়গ্রীব তাঁহার মুখনির্গত বেদসমূহকে নিকট হইতে হরণ করিয়াছিল।৮

ভগবান্ জগদীশ্বর শ্রীহরি দানবপ্রবর হয়গ্রীবের এই কর্ম জানিতে পারিয়া স্বয়ং শফরী মৎস্যের রূপ ধারণ করিয়াছিলেন।৯

তৎকালে ভগবান্ নারায়ণের ভক্ত সত্যব্রতনামক কোন এক শ্রেষ্ঠ রাজর্ষি জলে বসিয়া তপস্যা করিতেছিলেন।১০

সেই রাজর্ষি সত্যব্রতই বর্তমান মহাকল্পে সূর্য্যের পুত্র এবং শ্রাদ্ধদেব নামে বিখ্যাত হইয়া শ্রীহরিকর্তৃক মনুপদে সংস্থাপিত হইয়াছেন।১১

একদিন সেই সত্যব্রত কৃতমালা নদীতে জলদ্বারা তর্পণ করিতেছেন এ অবস্থায় তাঁহার অঞ্জলিস্থিত জলের মধ্যে একটি শফরী (পুঁটি মাছ) দৃষ্টিগোচর হইল।১২

হে মহারাজ! দ্রবিড়দেশের অধিপতি সত্যব্রত তৎকালে জলের সহিত অঞ্জলিমধ্যে প্রাপ্ত সেই শফরীটিকে নদীর জলেই নিক্ষেপ করিতে উদ্যত হইলেন।১৩

তখন সেই শফরী পরমদয়ালু নরপতিকে অতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তমাত্মনোঽনুগ্রহার্থং প্রীত্যা মৎস্যবপুর্ধরম্।
অজানন্ রক্ষণার্থায় শফর্য্যাঃ স মনো দধে ॥১৫

তস্যা দীনতরং বাক্যমাশ্রুত্য স মহীপতিঃ।
কলসাপ্সু নিধায়ৈনাং দয়ালুর্নিন্য আশ্রমম্ ॥১৬

সা তু তত্রৈকরাত্রেণ বর্দ্ধমানা কমণ্ডলৌ।
অলব্ধ্বাত্মাবকাশং বা ইদমাহ মহীপতিম্ ॥১৭

আহ যথা—হে রাজন্! হে দীনবৎসল! যাদোভ্যঃ জলচরেভ্যঃ জ্ঞাতিঘাতিভ্যঃ ভীতাং দীনাং মাম্ অস্মিন্ সরিজ্জলে কথং বিসৃজসে ত্যজসি। আত্মনঃ অনুগ্রহার্থং প্রীত্যা মৎস্যবপুর্ধরং তং ভগবন্তম্ অজানন্ সঃ সত্যব্রতঃ শফর্য্যাঃ রক্ষণার্থায় মনঃ দধে চিন্তিতবান্। তস্যাঃ সফর্য্যাঃ দীনতরং বাক্যম্ আশ্রুত্য সঃ দয়ালুঃ মহীপতিঃ এনাং শফরীং কলসাপ্সু কমণ্ডলুজলে নিধায় স্বাশ্রমং নিন্যে। সা তু শফরী একরাত্রেণ তত্র কমণ্ডলৌ অলব্ধাত্মা-বকাশং যথা ভবতি তথা বর্দ্ধমানা সতী মহীপতিং সত্যব্রতম্ আহ ॥১৪-১৭

কাতরবাক্যে বলিল—হে দীনজনবৎসল মহারাজ! আমি জ্ঞাতিহিংসাপরায়ণ জলজন্তুগণ হইতে ভীতা ও অতি দীনা, অতএব আপনি কিরূপে আমাকে এই নদীর জলে ত্যাগ করিতে পারেন ?১৪

ভগবান্ শ্রীহরিই যে প্রীতিবশতঃ নিজের অনুগ্রহ প্রকাশের জন্য মৎস্যরূপ ধারণ করিয়াছেন ইহা না জানিয়া মহারাজ সত্যব্রত সেই শফরীটিকে রক্ষা করিতে কৃতসঙ্কল্প হইলেন।১৫

অতএব দয়ালু রাজর্ষি সত্যব্রত সেই শফরীর অতিকাতর বাক্য শ্রবণ করিয়া কলসীর জলমধ্যে স্থাপনপূর্বক তাহাকে নিজ আশ্রমে লইয়া আসিলেন।১৬

সেই শফরীটি একরাত্রেই এরূপ বৃদ্ধি পাইল যে, সেই জলপাত্রে স্থান না পাইয়া রাজাকে এরূপ বলিয়াছিল।১৭

নাহং কমণ্ডলাবস্মিন্ কৃচ্ছ্রং বস্তুমথোৎসহে।
কল্পয়ৌকঃ সুবিপুলং যত্রাহং নিবসে সুখম্ ॥১৮

স এনাং তত আদায় ন্যধাদৌদঞ্চনোদকে।
তত্র ক্ষিপ্তা মুহূর্ত্তেন হস্তত্রয়মবর্দ্ধত ॥১৯

ন ম এতদলং রাজন্ সুখং বস্তুমুদঞ্চনম্।
পৃথু দেহি পদং মহ্যং যৎ ত্বাহং শরণং গতা ॥২০

অস্মিন্ কমণ্ডলৌ অহং কৃচ্ছ্রং কষ্টেনাপি বস্তুং বাসং কর্তুং ন উৎসহে; অতঃ যত্র অহং সুখং নিবসে তাদৃশং সুবিপুলম্ ওকঃ স্থানং কল্পয় ॥১৮

সত্যব্রতঃ ততঃ কমণ্ডলোঃ সকাশাৎ এনাং শফরীম্ আদায় ঔদঞ্চনোদকে বিপুলকটাহোদকে ন্যধাৎ নিহিতবান্, তত্র ক্ষিপ্তা সা মুহূর্ত্তেন হস্তত্রয়ম্ অবর্দ্ধত ॥১৯

(ততশ্চ পুনরাহ যথা) হে রাজন। মে মম সুখং বস্তুম্ এতৎ উদঞ্চনম্ অলং পর্য্যাপ্তং ন ভবতি। ততঃ পৃথু বিপুলং পদং স্থানং মহ্যং দেহি। যস্মাৎ অহং ত্বাং শরণং গতা ॥২০

হে মহারাজ! আমি আর এই কমণ্ডলুর মধ্যে কষ্টে বাস করিতে আগ্রহ করি না, অতএব আপনি একটা সুবৃহৎ স্থান কল্পনা করুন—যেখানে আমি সুখে থাকিতে পারি।১৮

তখন রাজা তাহাকে লইয়া একটি সুবৃহৎ জালার জলে রাখিয়া দিলেন, কিন্তু সেখানেও সে মুহূর্ত্তকাল মধ্যে তিন হাত বৃদ্ধি পাইয়াছিল।১৯

(তখন শফরী আবার বলিল) হে মহারাজ! এই জালাটিও আমার সুখে বাস করার উপযুক্ত নহে, অতএব আমাকে আরও বৃহৎ স্থান দান করুন—যেহেতু আমি আপনারই আশ্রয় লইয়াছি।২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত আদায় সা রাজ্ঞা ক্ষিপ্তা রাজন্ সরোবরে।
তদাবৃত্যাত্মনা সোঽয়ং মহামীনোঽন্ববর্দ্ধত ॥২১

নৈতন্মে স্বস্তয়ে রাজন্নুদকং সলিলৌকসঃ।
নিধেহি রক্ষাযোগেন হ্রদে মামবিদাসিনি ॥২২

ইত্যুক্তঃ সোঽনয়ন্মৎস্যং তত্র তত্রাবিদাসিনি।
জলাশয়ে সম্মিতং তং সমুদ্রে প্রাক্ষিপজ্‌ঝষম্ ॥২৩

ক্ষিপ্যমাণস্তমাহেদমিহ মাং মকরাদয়ঃ।
অদন্ত্যতিবলা বীর মাং নেহোৎস্রষ্টুমর্হসি ॥২৪

এবং বিমোহিতস্তেন বদতা বল্গু ভারতীম্।
তমাহ কো ভবানস্মান্ মৎস্যরূপেণ মোহয়ন্ ॥২৫

নৈবংবীর্য্যো জলচরো দৃষ্টোঽস্মাভিঃ শ্রুতোঽপি বা।
যো ভবান্ যোজনশতমহ্নাভিব্যানশে সরঃ ॥২৬

হে রাজন্! ততঃ উদঞ্চনাৎ আদায় সা শফরী রাজ্ঞা সরোবরে ক্ষিপ্তা। তদা অপি সঃ অয়ং মহামীনঃ সন্ আত্মনা স্বদেহেন তৎ সরোবরম্ আবৃত্য অভিব্যাপ্য অন্ববর্দ্ধত ॥২১

পুনঃ চ আহ। হে রাজন্! সলিলৌকসঃ (সলিলম্ ওকঃ বিহারস্থানং যস্য তস্য) মে এতৎ উদকং স্বস্তয়ে সুখায় ন ভবতি। অতঃ রক্ষাযোগেন রক্ষোপায়েন অন্যে অবিদাসিনি অপক্ষয়শূন্যে মহাহ্রদে মাং নিধেহি ॥২২

ইতি উক্তঃ সঃ সত্যব্রতঃ তং মৎস্যম্ অবিদাসিনি তত্র তত্র উত্তরোত্তর-বিপুলে জলাশয়ে অনয়ৎ। ততশ্চ তৎ জলাশয়েন সম্মিতং তং ঝষং মৎস্যং সমুদ্রে প্রাক্ষিপৎ ॥২৩

সমুদ্রে ক্ষিপ্যমাণঃ ঝষঃ তং সত্যব্রতম্ ইদম্ আহ যথা; হে বীর! ইহ সমুদ্রে প্রক্ষিপ্তং মাম্ অতিবলাঃ মকরাদয়ঃ অদন্তি অৎস্যন্তি। অতঃ মাম্ ইহ উৎস্রষ্টুং ন অর্হসি ॥২৪

এবং বল্গুভারতীং সুন্দরবাচং বদতা তেন মৎস্যরূপেণ ভগবতা বিমোহিতাঃ সত্যব্রতঃ তম্ আহ যথা—মৎস্যরূপেণ অস্মান্ মোহয়ন্ অবস্থিতঃ ভবান্ কঃ?২৫

এবংবীর্য্যঃ এবংপ্রভাববান্ কশ্চিৎ অপি জলচরঃ অস্মাভিঃ ন দৃষ্টঃ নাপি শ্রুতঃ। যঃ ভবান্ অহ্না একদিবস-মাত্র-কালেন যোজনশতং সরঃ অভিব্যানশে অভিতঃ ব্যাপ্তবান্ ॥২৬

হে মহারাজ! অনন্তর সত্যব্রত তাহাকে এক সরোবরে নিক্ষেপ করিলেন, পরন্তু সেখানেও সে নিজ দেহদ্বারা সরোবরটি ব্যাপ্ত করিয়া বৃদ্ধি পাইয়াছিল।২১

(তখন সে পুনরায় বলিল) হে মহারাজ! এই সরোবরের জলও জলবাসী আমার পক্ষে সুখকর হইতেছে না; অতএব আমার রক্ষার উপায় যাহাতে হয়, সেরূপভাবে কোন হ্রদে নিক্ষেপ করুন—যাহার জল কখনও ক্ষয়প্রাপ্ত হয় না।২২

শফরী এরূপ বলিলে সত্যব্রত তাহাকে জলক্ষয়-শূন্য অনেক হ্রদে লইয়া গেলেন, কিন্তু সকল জলাশয়েই তাহার দেহ তদনুরূপ বর্ধিত হইলে অবশেষে তাহাকে সমুদ্রের জলে নিক্ষেপ করিতে উদ্যত হইলেন।২৩

এরূপ অবস্থায় সেই মৎস্য রাজাকে বলিল—হে বীর! আপনি আমাকে এই সমুদ্রজলে ত্যাগ করিবেন না। এখানে অতিবলবান্ মকরাদি জলজন্তুগণ আমাকে খাইয়া ফেলিবে।২৪

অনন্তর এরূপ মধুরভাষী মৎস্যকর্তৃক বিমোহিত হইয়া রাজা সত্যব্রত তাহাকে বলিলেন—আপনি আমাকে মৎস্যরূপে মোহিত করিতেছেন, আপনি কে?২৫

আপনি একদিনেই শতযোজনপরিমিত সরোবরকে নিজ দেহদ্বারা ব্যাপ্ত করিয়াছেন, আমরা এরূপ প্রভাবশালী জলচর দেখি নাই বা তাহার কথা কখনও শুনিতেও পাই নাই।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নূনং ত্বং ভগবান্ সাক্ষাদ্ধরির্নারায়ণোঽব্যয়ঃ।
অনুগ্রহায় ভূতানাং ধৎসে রূপং জলৌকসাম্ ॥২৭
নমস্তে পুরুষশ্রেষ্ঠ স্থিত্যুৎপত্ত্যপ্যয়েশ্বর।
ভক্তানাং নঃ প্রপন্নানাং মুখ্যো হ্যাত্মগতির্বিভো ॥২৮
সর্ব্বে লীলাবতারাস্তে ভূতানাং ভূতিহেতবঃ।
জ্ঞাতুমিচ্ছাম্যদো রূপং যদর্থং ভবতা ধৃতম্ ॥২৯
ন তেঽরবিন্দাক্ষ পদোপসর্পণং
মৃষা ভবেৎ সর্ব্বসুহৃৎপ্রিয়াত্মনঃ।
যথেতরেষাং পৃথগাত্মনাং সতা-
মদীদৃশো যদ্বপুরদ্ভুতং হি নঃ ॥৩০

শ্রীশুক উবাচ

ইতি ব্রুবাণং নৃপতিং জগৎপতিঃ
সত্যব্রতং মৎস্যবপুর্যুগক্ষয়ে।
বিহর্ত্তুকামঃ প্রলয়ার্ণবেঽব্রবী-
চ্চিকীর্ষুরেকান্তজনপ্রিয়ঃ প্রিয়ম্ ॥৩১

নূনং নিশ্চিতম্ এব এতৎ সাক্ষাৎ হরিঃ ভগবান্ অব্যয়ঃ নারায়ণঃ এব ত্বম্। ভূতানাম্ অনুগ্রহায় জলৌকসাং জলচরাণাং রূপং ধৎসে ॥২৭

হে প্রভো পুরুষশ্রেষ্ঠ! তে তুভ্যং নমঃ অস্মাকং ভক্তানাং স্থিত্যুৎপত্ত্যপ্যয়ানাম্ (স্থিতেঃ, উৎপত্তেঃ, অপ্যয়স্য লয়স্য চ) ঈশ্বরঃ কর্ত্তা মুখ্যঃ আত্মগতিঃ ভবান্ এব ॥২৮

ভূতানাং ভূতিহেতবঃ এব তে সর্ব্বে লীলাবতারাঃ। যদর্থং ভবতা অদো রূপং মৎস্যকলেবরং ধৃতং তৎপ্রয়োজনবিশেষং জ্ঞাতুম্ ইচ্ছামি ॥২৯

হে অরবিন্দাক্ষ! পৃথগাত্মনাং দেহাত্মাত্মাভিমানবতাং স্বতঃ ইতরেষাং যথা ব্যর্থং, তথা সর্ব্বসুহৃৎপ্রিয়াত্মনঃ তে তব পাদোপসর্পণং মৃষা ব্যর্থং ন ভবেৎ। যৎ যস্মাৎ হি সতাং স্বভক্তানাং নঃ অস্মাকম্ এতৎ অদ্ভুতং তব বপুঃ অদীদৃশঃ দর্শিতবান্ অসি ॥৩০

ইতি এবং ব্রুবাণং নৃপতিং সত্যব্রতং প্রতি যুগক্ষয়ে কল্পক্ষয়ে প্রলয়ার্ণবে প্রলয়-সমুদ্রে বিহর্ত্তুকামঃ মৎস্যবপুঃ মীনদেহধারী একান্তাঃ স্বৈকাশ্রয়াঃ জনাঃ প্রিয়াঃ যস্য সঃ জগৎপতিঃ প্রভুঃ ভগবান্ প্রিয়ং চিকীর্ষুঃ কর্ত্তুম্ ইচ্ছুঃ অব্রবীৎ ॥৩১

নিশ্চয়ই আপনি অব্যয় পুরুষ সাক্ষাৎ নারায়ণ শ্রীহরি হইবেন, কেবলমাত্র লোকসমুদয়ের প্রতি অনুগ্রহ বিস্তারের জন্যই এই মৎস্যমূর্তি ধারণ করিয়াছেন।২৭

হে সৃষ্টি-স্থিতি-প্রলয়ের অধীশ্বর পুরুষশ্রেষ্ঠ! হে বিভো! আপনাকে প্রণাম করি। আপনি আমাদের ন্যায় শরণাগত ভক্তগণের বাস্তব আত্মা ও আশ্রয়।২৮

আপনার সকল লীলাবতারই প্রাণিসমুদয়ের মঙ্গলের কারণ হইয়া থাকে, অতএব আপনি যে প্রয়োজন সাধনের জন্য এই মৎস্যমূর্তি ধারণ করিয়াছেন, তাহা জানিতে ইচ্ছা করি।২৯

হে কমললোচন! দেহাদিতে আত্মাভিমান-শালী অপর শ্রেষ্ঠ পুরুষগণের পদাশ্রয় গ্রহণ যেরূপ ব্যর্থ হয়, সকল প্রাণীর সুহৃদ্ ও প্রিয় আত্মরূপী আপনার পাদপদ্মের শরণাগতি সেরূপ বিফল হয় না। যেহেতু আমরা আপনার পাদপদ্মের শরণাগত বলিয়াই আপনি আমাদিগকে এই অদ্ভুত মূর্তি দর্শন করাইয়াছেন।৩০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজর্ষি সত্যব্রত এরূপ বলিলে যুগাবসানে মৎস্যমূর্তিধারী ও একান্ত ভক্তগণের প্রতি প্রীতিমান্ এবং প্রলয়সলিলে বিহার করিতে ইচ্ছুক জগৎপতি ভগবান্ শ্রীহরি জগতের প্রিয়কার্য সম্পাদনের ইচ্ছাহেতু সত্যব্রতকে এরূপ বলিয়াছিলেন।৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

সপ্তমেঽহ্যতনাদূর্দ্ধমহন্যেতদরিন্দম।
নিমঙ্ক্ষ্যত্যপ্যয়াম্ভোধৌ ত্রৈলোক্যং ভূর্ভুবাদিকম্ ॥৩২
ত্রিলোক্যাং লীয়মানায়াং সংবর্ত্তাম্ভসি বৈ তদা।
উপস্থাস্যতি নৌঃ কাচিদ্ বিশালা ত্বাং ময়েরিতা ॥৩৩
ত্বং তাবদোষধীঃ সর্ব্বা বীজান্যুচ্চাবচানি চ।
সপ্তর্ষিভিঃ পরিবৃতঃ সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ ॥৩৪
আরুহ্য বৃহতীং নাবং বিচরিষ্যস্যবিক্লবঃ।
একার্ণবে নিরালোকে ঋষীণামেব বর্চ্চসা ॥৩৫
দোধূয়মানাং তাং নাবং সমীরেণ বলীয়সা।
উপস্থিতস্য মে শৃঙ্গে নিবধ্নীহি মহাহিনা ॥৩৬
অহং ত্বামৃষিভিঃ সার্দ্ধং সহনাবমুদন্বতি।
বিকর্ষন্ বিচরিষ্যামি যাবদ্ ব্রাহ্মী নিশা প্রভো ॥৩৭
মদীয়ং মহিমানঞ্চ পরব্রহ্মেতি শব্দিতম্।
বেৎস্যস্যনুগৃহীতং মে সম্প্রশ্নৈর্বিবৃতং হৃদি ॥৩৮
ইত্থমাদিশ্য রাজানং হরিরন্তরধীয়ত।
সোঽন্ববৈক্ষত তং কালং যং হৃষীকেশ আদিশৎ ॥৩৯

শ্রীভগবান্ উবাচ। হে অরিন্দম! অদ্যতনাৎ অহ্নঃ আরভ্য সপ্তমে অহনি এতৎ ভূর্ভুবরাদিকং ত্রৈলোক্যম্ অপ্যয়াম্ভোধৌ প্রলয়-সমুদ্রে নিমঙ্ক্ষ্যতি নিমগ্নং ভবিষ্যতি ॥৩২

সংবর্ত্তাম্ভসি প্রলয়োদকে ত্রিলোক্যাং লীয়মানায়াং সত্যাং তদা এব কাচিৎ ময়া ঈরিতা প্রেরিতা বিশালা নৌঃ নৌকা ত্বাং প্রতি উপস্থাস্যতি ॥৩৩

তদা সপ্তর্ষিভিঃ পরিবৃতঃ তথা সর্ব্বৈঃ সত্ত্বৈঃ জন্তুভিঃ চ উপবৃংহিতঃ মিলিতঃ ত্বং তাবৎ সর্ব্বাঃ ওষধীঃ উচ্চাবচানি বিবিধানি বীজানি চ আদায় ॥৩৪

বৃহতীং বিপুলাং নাবম্ আরুহ্য নিরালোকে সূর্য্যাদ্যালোক-রহিতে একার্ণবে ঋষীণাম্ এব বর্চ্চসা প্রকাশেনৈব অবিক্লবঃ দৈন্যরহিতঃ ত্বং বিচরিষ্যসি ॥৩৫

বলীয়সা প্রচণ্ডেন সমীরেণ বায়ুনা দোধূয়মানাম্ অতিশয়েন কম্পমানাং তাং নাবম্ উপস্থিতস্য সন্নিহিতস্য মে মম শৃঙ্গে মহাহিনা বাসুকিনা নিবধ্নীহি ॥৩৬

হে প্রভো! অহম্ ঋষিভিঃ সার্দ্ধং সহ নাবং নৌসহিতং চ ত্বাম্ উদন্বতি প্রলয়ার্ণবে বিকর্ষন্ যাবৎ ব্রাহ্মী ব্রহ্মসম্বন্ধিনী নিশা তাবৎ বিচরিষ্যামি ॥৩৭

পরব্রহ্ম ইতি শব্দিতং কথিতং মদীয়ং মহিমানং স্বরূপং ত্বৎ-কৃতৈঃ সংপ্রশ্নৈঃ মে ময়া হৃদি বিবৃতম্ উপদেশেন প্রকাশিতম্ অনুগ্রহেণ দত্তম্ ইব বেৎস্যসি ॥৩৮

রাজানং সত্যব্রতম্ ইত্থম্ আদিশ্য হরিঃ অন্তরধীয়ত। সঃ সত্যব্রতঃ চ যং কালং হৃষীকেশঃ আদিশৎ, তং কালম্ অন্ববৈক্ষত প্রতীক্ষিতবান্ ॥৩৯

শ্রীভগবান্ বলিলেন—হে রিপুদমন! অদ্য হইতে সপ্তম দিবসে ভূঃ, ভুবঃ ও স্বর্গ এই তিনলোক প্রলয়-সমুদ্রে নিমগ্ন হইবে।৩২

তৎকালে ত্রিলোক প্রলয়সমূহে লীন হইবার উপক্রম হইলে আমার প্রেরিত একটি বিশাল নৌকা তোমার নিকট উপস্থিত হইবে।৩৩

তুমি সপ্তর্ষিগণকর্তৃক পরিবেষ্টিত এবং সকল প্রাণিবর্গের সহিত মিলিত হইয়া সকলপ্রকার ওষধি (ধান্যাদি) সঙ্গে লইয়া সেই বিশাল নৌকায় আরোহণপূর্ব্বক আলোকশূন্য সেই প্রলয়সমুদ্রে সপ্তর্ষিগণের দেহের আলোকের সাহায্যেই অকাতরে বিচরণ করিবে।৩৪-৩৫

প্রলয়কালীন প্রবল বায়ুবেগে সেই নৌকা যখন অতিশয় বিচলিত হইবে, তখন আমি নিকটে আসিলে রজ্জুতুল্য মহাসর্প বাসুকির দেহদ্বারা নৌকাটিকে আমার শৃঙ্গে আবদ্ধ করিবে।৩৬

হে রাজন্! যতকাল ব্রহ্মার রাত্রি থাকিবে, আমি ততকাল সপ্তর্ষিগণের সহিত নৌকাসহ তোমাকে আকর্ষণ করিয়া প্রলয়সমুদ্রে বিচরণ করিব।৩৭

আমি তৎকালে তোমার প্রশ্নানুসারে 'পরব্রহ্ম' শব্দবাচ্য নিজ যে মহিমা তোমার নিকট বর্ণন করিব, তুমি আমার অনুগ্রহরূপে লব্ধ সেই মহিমা প্রত্যক্ষ-ভাবে নিজের হৃদয়ে অনুভব করিবে।৩৮

ভগবান্ শ্রীহরি রাজাকে এরূপ আদেশ করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আস্তীর্য্য দর্ভান্ প্রাঙ্ মূলান্ রাজর্ষিঃ প্রাগুদঙ্মুখঃ।
নিষসাদ হরেঃ পাদৌ চিন্তয়ন্ মৎস্যরূপিণঃ ॥৪০

ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্ব্বতঃ প্লাবয়ন্মহীম্।
বর্দ্ধমানো মহামেঘৈর্বর্ষদ্ভিঃ সমদৃশ্যত ॥৪১

ধ্যায়ন্ ভগবদাদেশং দদৃশে নাবমাগতাম্।
তামারুরোহ বিপ্রেন্দ্রৈরাদায়ৌষধিবীরুধঃ ॥৪২

প্রাক্ স্বাগ্রভাগে মূলম্ অগ্রভাগঃ যেষাং তথা ভূতান্ কুশান আস্তীর্য্য তেষু প্রাগুদঙ্মুখঃ ঈশানদিগভিমুখঃ রাজর্ষিঃ মৎস্যরূপিণঃ হরেঃ পাদৌ চিন্তয়ন্ নিষসাদ উপবিষ্টবান্ ॥৪০

ততশ্চ বর্ষদ্ভিঃ মহামেঘৈঃ বর্দ্ধমানঃ অতঃ উদ্বেলঃ উল্লঙ্ঘিতভ-মর্য্যাদঃ সর্ব্বতঃ মহীং প্লাবয়ন্ নিমজ্জয়ন্ সমুদ্রঃ সমদৃশ্যত ॥৪১

ততঃ সত্যব্রতঃ ভগবদাদেশং ধ্যায়ন্ আগতাং নাবং দদৃশে দৃষ্টবান্; ততঃ ওষধীঃ বীরুধঃ বীজানি চ আদায় বিপ্রেন্দ্রৈঃ সপ্তর্ষিভিঃ সহিতাং তাং নাবম্ আরুরোহ ॥৪২

অন্তর্হিত হইলেন, অনন্তর মৎস্যমূর্তি ভগবান্ যে কালের নির্দেশ করিয়াছিলেন, অনন্তর তাহারই প্রতীক্ষা করিতে লাগিলেন।৩৯

অনন্তর রাজর্ষি সত্যব্রত মৎস্যরূপী শ্রীহরির পদ-যুগল ধ্যান করিতে করিতে পূর্বাভিমুখে কুশসমূহ বিস্তৃত করিয়া পূর্বোত্তরমুখ হইয়া তাহার উপর উপবেশন করিলেন।৪০

অনন্তর দেখা গেল—সমুদ্র বেলাভূমি অতিক্রম করিয়া চারিদিকে পৃথিবীকে প্লাবিত করিতে আরম্ভ করিয়াছে এবং মহামেঘরাশির জলবর্ষণে উহা ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে।৪১

রাজা সত্যব্রত ভগবানের আদেশের কথা চিন্তা করিতেছিলেন, এরূপ সময়ে দেখিলেন ভগবানের কথিত সেই নৌকাটি নিকটে আসিয়াছে; তখন তিনি ওষধি ও লতাসমূহ সঙ্গে লইয়া সপ্তর্ষিগণের সহিত সেই নৌকায় আরোহণ করিলেন।৪২

তমূচুর্ম্মুনয়ঃ প্রীতা রাজন্ ধ্যায়স্ব কেশবম্।
স বৈ নঃ সঙ্কটাদস্মাদবিতা শং বিধাস্যতি ॥৪৩

সোঽনুধ্যাতস্ততো রাজ্ঞা প্রাদুরাসীন্মহার্ণবে।
একশৃঙ্গধরো মৎস্যো হৈমো নিযুতযোজনঃ ॥৪৪

নিবধ্য নাবং তচ্ছৃঙ্গে যথোক্তো হরিণা পুরা।
বরত্রেণাহিনা তুষ্টস্তুষ্টাব মধুসূদনম্ ॥৪৫

ততঃ তে মুনয়ঃ প্রীতাঃ সন্তঃ তং সত্যব্রতম্ উচুঃ যথা—হে রাজন্! কেশবং ধ্যায়স্ব। সঃ বৈ নঃ অস্মান্ অস্মাৎ সংকটাৎ অবিতা রক্ষিষ্যতি। শং সুখং চ বিধাস্যতি ॥৪৩

এবমুক্তেন রাজ্ঞা অনুধ্যাতঃ একশৃঙ্গধরঃ হৈমঃ স্বর্ণময়ঃ নিযুতযোজনঃ লক্ষযোজনপরিমিতকায়ঃ মৎস্যরূপঃ স ভগবান্ তস্মিন্ মহার্ণবে প্রাদুরাসীৎ ॥৪৪

হরিণা পুরা পূর্ব্বং যথা উক্তঃ, তথৈব বরত্রেণ ডোরকরূপেণ অহিনা বাসুকিনা নাবং তস্য মৎস্যস্য শৃঙ্গে নিবধ্য সন্তুষ্টঃ সত্যব্রতঃ ভগবন্তং তুষ্টাব ॥৪৫

তখন সপ্তর্ষিগণ সন্তুষ্ট হইয়া সত্যব্রতকে বলিলেন—হে রাজন্! ভগবান্ শ্রীহরির ধ্যান কর, তিনি আমাদিগকে এই সঙ্কট হইতে উদ্ধার করিয়া মঙ্গল-সাধন করিবেন।৪৩

অনন্তর রাজা সত্যব্রত ভগবানের ধ্যান করিলে তিনি একশৃঙ্গবিশিষ্ট ও নিযুতযোজন পরিমিত সুবর্ণময় মৎস্যরূপে তথায় আবির্ভূত হইয়াছিলেন।৪৪

তখন সত্যব্রত শ্রীহরির পূর্বনির্দেশানুসারে নৌকাটিকে রজ্জুরূপী বাসুকির দেহদ্বারা উক্ত মৎস্যমূর্তির শৃঙ্গে আবদ্ধ করিয়া সন্তুষ্টচিত্তে ভগবান্ মধুসূদনের স্তুতি করিতে লাগিলেন।৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজোবাচ।

অনাদ্যবিদ্যোপহতাত্মসংবিদ-
স্তন্মূলসংসারপরিশ্রমাতুরাঃ।
যদৃচ্ছয়েহোপসৃতা যমাপ্নুয়ু-
র্বিমুক্তিদো নঃ পরমো গুরুর্ভবান্ ॥৪৬

জনোঽবুধোঽয়ং নিজকর্ম্মবন্ধনঃ
সুখেচ্ছয়া কর্ম্ম সমীহতেঽসুখম্।
যৎসেবয়া তাং বিধুনোত্যসন্মতিং
গ্রন্থিং স ভিন্দ্যাদ্ধৃদয়ং স নো গুরুঃ ॥৪৭

যৎসেবয়াগ্নেরিব রুদ্ররোদনং
পুমান্ বিজহ্যান্মলমাত্মনস্তমঃ।
ভজেত বর্ণং নিজমেষ সোঽব্যয়ো
ভূয়াৎ স ঈশঃ পরমো গুরোর্গুরুঃ ॥৪৮

ন যৎপ্রসাদাযুতভাগলেশ-
মন্যে চ দেবা গুরবো জনাঃ স্বয়ম্।
কর্ত্তুং সমেতাঃ প্রভবন্তি পুংস-
স্তমীশ্বরং ত্বাং শরণং প্রপদ্যে ॥৪৯

রাজা সত্যব্রতঃ উবাচ। অনাদ্যবিদ্যয়া উপহতা আত্মসংবিৎ স্বতত্ত্বজ্ঞানং যেষাং তে, অতঃ তন্মূলেন অনাদ্যবিদ্যয়া আত্ম-জ্ঞান-বিনাশ-নিমিত্তেন সংসার-পরিশ্রমেণ তাপত্রয়েণ আতুরাঃ ব্যাকুলাঃ জনাঃ ইহ সংসারে যদৃচ্ছয়া (আকস্মিকয়া ৎকৃপয়া) উপসৃতাঃ, যম্ আশ্রিত্য সন্তোষম্ এব আপ্নুয়ুঃ, সঃ মুক্তিদঃ ভবান্ এব নঃ অস্মাকং পরমঃ গুরুঃ ভূয়াৎ ॥৪৬

অয়ম্ অবুধঃ নিজকর্ম্মবন্ধনঃ জনঃ অসুখং দুঃখং যথা ভবতি তথা সুখেচ্ছয়া কর্ম্ম লৌকিকং বৈদিকং চ সমীহতে করোতি। যস্য তব সেবয়া ত্বৎপ্রসাদেন (আত্মজ্ঞানেন) তাম্ অসন্মতিং দেহাত্মাধ্যাসরূপাং বিধুনোতি নিরস্যতি, সঃ ভগবান্ গুরুঃ নঃ অস্মাকং হৃদয়ং দেহাত্মাধ্যাসলক্ষণং গ্রন্থিং বন্ধনং ভিন্দ্যাৎ ॥৪৭

অগ্নেঃ সম্পর্কাৎ রুদ্ররোদনম্ (রজতং হিরণ্যং চ) ইব যথা মলং বিজহ্যাৎ পরিত্যজেৎ, তথা নিজং বর্ণং চ ভজতে, তথা যস্য ভগবতঃ সেবয়া পুমান্ তমঃ মলং বিজহ্যাৎ স্বরূপং চ প্রাপ্নোতি, সঃ এব গুরোঃ অপি পরমঃ পূজ্যঃ নঃ অস্মাকং গুরুঃ ভূয়াৎ। যতঃ সঃ এব অব্যয়ঃ ঈশঃ ॥৪৮

পুংসঃ অন্যোপাসকস্য দেবাঃ গুরবঃ অন্যে চ জনাঃ সমেতাঃ সর্ব্বে মিলিতাঃ অপি স্বয়ং তন্নিরপেক্ষাঃ সন্তঃ যস্য তব প্রসাদস্য অযুত-সংখ্যকানাং ভাগানাং মধ্যে একভাগস্য লেশমাত্রমপি কর্ত্তুং প্রভবন্তি, তম্ ঈশ্বরং ত্বাম্ অহং শরণং প্রপদ্যে ॥৪৯

রাজা সত্যব্রত বলিলেন—হে দেব! অনাদি অবিদ্যাদ্বারা আত্মজ্ঞান আবৃত থাকায় যাহারা তন্মূলক সংসার ক্লেশে নিরন্তর কাতর সেই সকল ব্যক্তি যাঁহার ইচ্ছাক্রমেই শরণাগত হইয়া যাঁহাকে লাভ করে, আপনি আমাদের সেই মুক্তিদাতা পরমগুরু ।৪৬

এ সংসারে নিজ কর্মবন্ধনে আবদ্ধ অজ্ঞ লোক সুখের ইচ্ছায় দুঃখজনক কর্মের আচরণ করে। পরন্তু যাঁহার সেবাদ্বারা সেই সুখের ইচ্ছা পরিহার করা সম্ভবপর হয়, তিনিই আমাদের হৃদয়রূপ গ্রন্থি ভেদ করুন, যেহেতু তিনিই আমাদের গুরু ।৪৭

অগ্নির সংস্পর্শে রৌপ্য যেরূপ নির্মল হইয়া স্বাভাবিক বর্ণ প্রাপ্ত হয়, সেরূপ যাঁহার সেবাদ্বারা জীব নিজ মলস্বরূপ তামসভাব পরিত্যাগপূর্বক নিজ স্বরূপ লাভ করে, সেই অব্যয় জগদীশ্বর আমাদের গুরু হউন, যেহেতু তিনি গুরুরও পরমগুরু ।৪৮

হে প্রভো! অপর দেবতাগণ, গুরুগণ এবং মহাজন-গণ সকলে মিলিত হইয়াও স্বতন্ত্রভাবে যাঁহার অনুগ্রহের অযুতভাগের লেশমাত্রও সম্পাদন করিতে সমর্থ হন না, আমি জীবের ঈশ্বর সেই আপনাকেই আশ্রয় করিতেছি ।৪৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অচক্ষুরন্ধস্য যথাগ্রণীঃ কৃত-
স্তথা জনস্যাবিদুষোঽবুধো গুরুঃ।
ত্বমর্কদৃক্ সর্ব্বদৃশাং সমীক্ষণো
বৃতো গুরুর্নঃ স্বগতিং বুভুৎসতাম্ ॥৫০

জনো জনস্যাদিশতেঽসতীং গতিং
যয়া প্রপদ্যেত দুরত্যয়ং তমঃ।
ত্বং ত্বব্যয়ং জ্ঞানমমোঘমঞ্জসা
প্রপদ্যেত যেন জনো নিজং পদম্ ॥৫১

ত্বং সর্ব্বলোকস্য সুহৃৎ প্রিয়েশ্বরো
হ্যাত্মা গুরুর্জ্ঞানমভীষ্টসিদ্ধিঃ।
তথাপি লোকো ন ভবন্তমন্ধধী-
র্জানাতি সন্তং হৃদি বদ্ধকামঃ ॥৫২

তং ত্বামহং দেববরং বরেণ্যং
প্রপদ্য ঈশং প্রতিবোধনায়।
ছিন্ধ্যর্থদীপৈর্ভগবন্ বচোভি-
র্গ্রন্থীন্ হৃদয্যান্ বিবৃণু স্বমোকঃ ॥৫৩

যথা অচক্ষুঃ চক্ষুর্হীনঃ অন্ধঃ অন্ধস্য পুরুষান্তরস্য অগ্রণীঃ মার্গপ্রদর্শনেন নেতা ভবন্ গর্ত্তে উভৌ পততঃ, তথা অবিদুষঃ অজ্ঞস্য জনস্য অবুধঃ গুরুঃ কৃতঃ। ত্বং তু সর্ব্বদৃশাং সর্ব্বেন্দ্রিয়াণাং সমীক্ষণঃ প্রকাশকঃ সর্ব্বজ্ঞঃ অর্কদৃক্ অর্কাদি-প্রকাশকঃ এব; অতএব স্বগতিম্ আত্মতত্ত্বং বুভুৎসদ্ভিঃ নঃ অস্মাভিঃ ত্বং গুরুত্বয়া বৃতঃ ॥৫০

(গুরুত্বাভিমানবান্ অজ্ঞঃ) জনঃ (অজ্ঞস্য সংসারিণঃ) জনস্য অসতীম্ অর্থকামাদ্যুপায়বিষয়াং মতিম্ আদিশতে উপদিশতি; যয়া মত্যা দুরত্যয়ম্ অনতিক্রমণীয়ং তমঃ নরকাদি সংসারং প্রপদ্যেত প্রাপ্নোতি। ত্বং তু অব্যয়ম্ অবিনাশী অমোঘং মোক্ষাবিনাভূতং জ্ঞানম্ আত্মতত্ত্বম্ উপদিশসি; যেন জ্ঞানেন অঞ্জসা অনায়াসেন জনো নিজং ত্বদীয়ং পদং স্বরূপং স্থানং বা প্রপদ্যতে ॥৫১

ত্বং সর্ব্বলোকস্য সুহৃদ্ হিতকর্ত্তা, প্রিয়েশ্বরঃ (প্রিয়ঃ চাসৌ ঈশ্বরশ্চেতি) অভীষ্টসিদ্ধিঃ হি যস্মাৎ আত্মা জ্ঞানং চৈতন্যস্বরূপঃ গুরুঃ জ্ঞানপ্রদঃ চ তথাপি হৃদি সন্তম্ অপি ভবন্তম্ অয়ং হৃদি বদ্ধকামঃ বিষয়াসক্তঃ অন্ধধীঃ অবিবেকী লোকঃ ন জানাতি ॥৫২

তম্ উক্তবিধং দেববরং, বরেণ্যং, পূজ্যম্ ঈশং সর্ব্বনিয়ন্তারং ত্বাং প্রতিবোধনায় তত্ত্বোপদেশায় প্রপদ্যে শরণং ব্রজামি। অতঃ হে ভগবন্! অর্থদীপৈঃ স্বরূপপ্রকাশকৈঃ বচোভিঃ হৃদয্যান্ হৃদয়গতান্ গ্রন্থীন্ দেহাত্মাভিমানাদীন্ ছিন্ধি অপাকুরু। স্ব স্বকীয়ম্ ওকঃ স্বরূপং বিবৃণু প্রকাশয় ॥৫৩

অন্ধের অগ্রণী অর্থাৎ পথপ্রদর্শক অন্ধ যেরূপ, অজ্ঞজনের পক্ষে অবুধ গুরুও সেরূপই হয়। পরন্তু আপনার জ্ঞান-সূর্য্যের প্রকাশের ন্যায় স্বতঃস্ফূর্ত বলিয়া আপনি জীবগণের সকল ইন্দ্রিয়ের প্রকাশক। অতএব আমরা নিজগতি জানিতে ইচ্ছুক হইয়া আপনাকেই গুরুরূপে বরণ করিয়াছি।৫০

প্রাকৃত গুরু লোককে অসদ্গতি অর্থাৎ অর্থকামাদি-বিষয়ক জ্ঞান উপদেশ করে, ঐ জ্ঞানদ্বারা লোক দুর্লঙ্ঘ্য সংসার দশা প্রাপ্ত হয়। আর আপনি অক্ষয় অব্যর্থ জ্ঞানেরই উপদেশ করেন—যাহাদ্বারা লোক যথার্থরূপে সত্বর নিজপদ লাভ করিতে পারে।৫১

আপনি সকল লোকের সুহৃদ্, প্রিয়, ঈশ্বর, আত্মা, গুরু, জ্ঞান ও অভীষ্ট সিদ্ধিস্বরূপ। তথাপি কামনা-গ্রস্ত জীব বাহ্যবিষয়ে চিত্তের আসক্তিহেতু হৃদয়স্থিত আপনাকে জানিতে পারে না।৫২

হে প্রভো! আমি সম্প্রতি তত্ত্বজ্ঞান উপদেশের জন্য বরেণ্য, ঈশ্বর ও দেবশ্রেষ্ঠ আপনারই শরণাগত হইতেছি। হে ভগবন্! আপনি পরমার্থপ্রকাশক বাক্যসমূহদ্বারা আমাদের অহঙ্কারাদি হৃদয়গ্রন্থি ছেদন করিয়া নিজ রূপ প্রকাশ করুন।৫৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তবন্তং নৃপতিং ভগবানাদিপুরুষঃ।
মৎস্যরূপী মহাম্ভোধৌ বিহরংস্তত্ত্বমব্রবীৎ ॥৫৪

পুরাণসংহিতাং দিব্যাং সাংখ্যযোগক্রিয়াবতীম্।
সত্যব্রতস্য রাজর্ষেরাত্মগুহ্যমশেষতঃ ॥৫৫

অশ্রৌষীদৃষিভিঃ সাকমাত্মতত্ত্বমসংশয়ম্।
নাব্যাসীনো ভগবতা প্রোক্তং ব্রহ্ম সনাতনম্ ॥৫৬

অতীতপ্রলয়াপায় উত্থিতায় স বেধসে।
হত্বাসুরং হয়গ্রীবং বেদান্ প্রত্যাহরদ্ধরিঃ ॥৫৭

স তু সত্যব্রতো রাজা জ্ঞানবিজ্ঞানসংযুতঃ।
বিষ্ণোঃ প্রসাদাৎ কল্পেঽস্মিন্নাসীদ্বৈবস্বতো মনুঃ ॥৫৮

সত্যব্রতস্য রাজর্ষের্মায়ামৎস্যস্য শার্ঙ্গিণঃ।
সংবাদং মহদাখ্যানং শ্রুত্বা মুচ্যেত কিল্বিষাৎ ॥৫৯

অবতারো হরের্যোঽয়ং কীর্ত্তয়েদন্বহং নরঃ।
সংকল্পাস্তস্য সিধ্যন্তি স যাতি পরমাং গতিম্ ॥৬০

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ উক্তবন্তং প্রার্থয়মানং নৃপতিং সত্যব্রতং প্রতি মহাম্ভোধৌ বিহরন্ মৎস্যরূপী আদিপুরুষঃ ভগবান্ তত্ত্বম্ অব্রবীৎ ॥৫৪

দিব্যাং দেবেন স্বেন প্রণীতাং সাংখ্যযোগক্রিয়াবতীং পুরাণসংহিতাং মৎস্যপুরাণং তথা অশেষতঃ আত্মগুহ্যং চ রাজর্ষেঃ সত্যব্রতস্য অব্রবীৎ ॥৫৫

তদেতৎ ভগবতা প্রোক্তম্ আত্মনঃ তত্ত্বং পরমার্থভূতং সনাতনং ব্রহ্ম ঋষিভিঃ সাকং নাবি আসীনঃ সত্যব্রতঃ অসংশয়ম্ অশ্রৌষীৎ শুশ্রাব ॥৫৬

অবতীর্ণো নিজাংশেন পুণ্যশ্রবণকীর্ত্তনঃ ॥৩৪
ইত্যাদিষ্টোঽভিবন্দ্যাজং নৃপঃ স্বপুরমাগতঃ।
ত্যক্তং পুণ্যজনত্রাসাদ্ ভ্রাতৃভির্দিক্ষ্ববস্থিতৈঃ ॥৩৫
সুতাং দত্ত্বানবদ্যাঙ্গীং বলায় বলশালিনে।
বদর্য্যাখ্যং গতো রাজা তপ্তুং নারায়ণাশ্রমম্ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

উপসংহৃতাঃ। তেষাং পুত্র-পৌত্র-নপ্তৄণাং গোত্রাণি বংশান্ ন শৃণ্মহে। ত্রিনবচতুর্যুগবিকল্পিতঃ সপ্তবিংশতিঃ চতুর্যুগানি তৈঃ বিশেষতঃ কল্পিতঃ গণিতঃ কালঃ অভিযাতঃ ব্যতীতঃ ।২৯-৩০

তৎ তস্মাৎ ভোঃ রাজন্! ত্বং ভূলোকং গচ্ছ। তত্র দেবদেবাংশঃ মহাবলঃ বলদেবঃ অবতীর্ণঃ। নররত্নায় তস্মৈ ইদং কন্যারত্নং দেহি। ভুবঃ ভারাবতারায় পুণ্যে শ্রবণ-কীর্ত্তনে যস্য সঃ ভূতানি ভাবয়তি পালয়তি যঃ ভগবান্ নিজাংশেন অবতীর্ণঃ। ইতি এবম্ আদিষ্টঃ উপদিষ্টঃ নৃপঃ রৈবতঃ অজং ব্রহ্মাণম্ অভিবন্দ্য পুণ্যজন-ত্রাসাৎ বিপক্ষভয়াৎ দিক্ষু অবস্থিতৈঃ ভ্রাতৃভিঃ ত্যক্তং স্বপুরম্ আগতঃ ॥৩৩-৩৫

ততঃ চ অনবদ্যাঙ্গীম্ অনিন্দিতাঙ্গীং স্বসুতাং বলশালিনে বলায় দত্ত্বা রাজা রৈবতঃ তপঃ তপ্তুং বদর্য্যাখ্যং নারায়ণাশ্রমং যযৌ ॥৩৬

ইতি নবমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ।

সকল ব্যক্তিকে মনে মনে কন্যার বররূপে চিন্তা করিয়াছিলে, কালবশে তাহারা বিনাশ প্রাপ্ত হইয়াছে।৩১

সম্প্রতি তাহাদের পুত্র, পৌত্র ও নাতিগণেরও বংশের কথা শোনা যায় না। (কারণ তুমি এখানে আসার পর মনুষ্যের পরিমাণে) সপ্তবিংশতি চতুর্যুগ পরিমিত কাল অতীত হইয়াছে।৩২

হে রাজন্! সম্প্রতি দেবদেব ভগবানের অংশ মহাবল বলদেব যেখানে আছেন, তথায় গমন কর এবং তুমি সেই নররত্নকে এই কন্যারত্ন দান কর।৩৩

যাঁহার নামাদির শ্রবণ ও কীর্তন পরম পুণ্যজনক, সেই জগৎপতি ভগবান্ পৃথিবীর ভার হরণের জন্য নিজ অংশে অবতীর্ণ হইয়াছেন।৩৪

ব্রহ্মা এরূপ আদেশ করিলে রাজা ককুদ্মী তাঁহাকে প্রণাম করিয়া নিজ পুরীতে প্রত্যাগমন করিলেন। তৎকালে তাঁহার ভ্রাতৃগণ যক্ষগণের ভয়ে সেই পুরী ত্যাগ করিয়া নানাস্থানে বাস করিতেছিলেন।৩৫

অনন্তর রাজা ককুদ্মী বলশালী বলদেবকে অনিন্দনীয়া মনোরমাঙ্গী নিজ কন্যা সম্প্রদান করিয়া তপস্যা করিবার জন্য নারায়ণাশ্রম বদরিকাশ্রমে গমন করিয়াছিলেন।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবম স্কন্ধে পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত তৃতীয় অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

চতুর্থঃ অধ্যায়ঃ

[নভগবংশবর্ণনম্, নাভাগচরিতকথনম্, অম্বরীষোপাখ্যানম্, দুর্বাসঃপলায়নঞ্চ ।]

শ্রীশুক উবাচ।

নাভাগো নভগাপত্যং যং ততং ভ্রাতরঃ কবিম্।
যবিষ্ঠং ব্যভজন্ দায়ং ব্রহ্মচারিণমাগতম্ ॥১

ভ্রাতরোঽভাঙ্‌ক্ত কিং মহ্যং ভজাম পিতরং তব।
ত্বাং মমার্য্যাস্ততাভাঙ্‌ক্ষুর্মা পুত্রক তদাদৃথাঃ ॥২

ইমে অঙ্গিরসঃ সত্রমাসতেঽদ্য সুমেধসঃ।
ষষ্ঠং ষষ্ঠমুপেত্যাহঃ কবে মুহ্যন্তি কর্ম্মণি ॥৩

তাংস্ত্বং সংশয় সূক্তে দ্বে বৈশ্বদেবে মহাত্মনঃ।
তে স্বর্য্যন্তো ধনং সত্রপরিশেষিতমাত্মনঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। মনুপুত্রস্য নভগস্য অপত্যং পুত্রঃ নাভাগঃ অভূৎ। যং যবিষ্ঠং কনিষ্ঠং কবিং ব্রহ্মচারিণং বহুকালং গুরুকুলে বসন্তং মত্বা বিভাগসময়ে তস্মৈ ভাগম্ অপ্রকল্প্যৈব ভ্রাতরঃ সর্ব্বং দায়ং বিভজ্য গৃহীত্বা পশ্চাৎ গুরুকুলাৎ আগতং ভাগার্থিনং কবিং বিদ্বাংসং যবিষ্ঠং প্রতি ততং পিতরম্ এব দায়ং ব্যভজন্ ॥১

(নভগঃ পৃচ্ছতি) হে ভ্রাতরঃ! মহ্যং কিম্ অভাঙ্‌ক্ত ব্যভজত? কং ভাগং মদর্থং যূয়ং কল্পিতবন্তঃ! (ভ্রাতরঃ আহুঃ) তব পিতরং ভজাম বিভজাম (ত্বং ভাগত্বেন পিতরং গৃহাণ)। (সঃ চ পিতরম্ আহ) হে তত তাত! আর্য্যাঃ জ্যেষ্ঠাঃ মমত্বম্ অভাঙ্‌ক্ষুঃ ভাগং চক্রুঃ। মদীয়ঃ ভাগঃ ত্বম্

অন্বয়ঃ

ইত্যর্থঃ। হে তাত! কিম্ ইদম্ উক্তং ত্বাং কিমর্থং মহ্যং দত্তঃ? এবমুক্তঃ পিতা প্রাহ। হে পুত্রক! তৎ তৈঃ উক্তং মা আদৃথাঃ ॥২

ইমে সন্নিকৃষ্টাঃ অঙ্গিরসঃ অঙ্গিরোগোত্রোৎপন্নাঃ ব্রাহ্মণাঃ অদ্য দ্বাদশাহাখ্যং সত্রম্ আসতে অনুতিষ্ঠন্তি। হে কবে বিদ্বন্! তত্র অভিপ্লবঃ ষড়হো ভবতি ইতি ষষ্ঠঃ ষড়হো ভবতীতি বিহিতেষু ষড়হেষু আবর্ত্তমানেষু ষষ্ঠং ষষ্ঠম্ অহঃ কর্ম্ম উপেত্য প্রাপ্য তস্মিন্ কর্ম্মণি তদনুষ্ঠানে তে সুমেধসঃ বিদ্বাংসোঽপি সূক্তবিশেষাজ্ঞানেন মুহ্যন্তি ॥৩

তান্ মহাত্মনঃ ব্রাহ্মনান্ ত্বং বৈশ্বদেবে (বিশ্বদেব-দেবতা প্রকাশকে) "ইদমিত্থং রৌদ্রম্" ইতি তথা "যে যজ্ঞেন

চতুর্থ অধ্যায়

[নভগের বংশ বর্ণন, নাভাগচরিত কথন, অম্বরীষের উপখ্যান এবং দুর্বাসার পলায়ন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মনুর পুত্র নভগের পুত্রের নাম নাভাগ। (তিনি দীর্ঘকাল গুরুকুলবাসী হইলে তাঁহার জ্যেষ্ঠ সহোদরগণ তাঁহাকে নৈষ্ঠিক ব্রহ্মচারী মনে করিয়া তাঁহাকে বাদ দিয়াই অপর সকলে পিতার সম্পত্তি ভাগ করিয়া লইয়াছিলেন)। নাভাগ গুরুগৃহ হইতে গৃহে প্রত্যাবর্তন করিলে জ্যেষ্ঠ সহোদরগণ জ্ঞানী কনিষ্ঠ ভ্রাতাকে প্রাপ্য ভাগরূপে পিতাকেই দান করিলেন।১

'হে ভ্রাতৃগণ! আপনারা আমাকে কি ভাগ দিয়াছেন'? নাভাগ এরূপ জিজ্ঞাসা করিলে জ্যেষ্ঠ ভ্রাতৃগণ বলিলেন—পূর্বে তোমার কথা মনে ছিল না, এখন পিতাকেই তোমার ভাগরূপে দান করিতেছি। তখন নাভাগ পিতার নিকট যাইয়া বলিলেন—হে পিতঃ! পূজনীয় জ্যেষ্ঠ ভ্রাতৃগণ আপনাকেই আমার ভাগরূপে নির্ণয় করিয়াছেন। পিতা নভাগ ইহা শুনিয়া বলিলেন—হে পুত্র! তুমি তাহাদের প্রতারণা বাক্যে বিশ্বাস করিও না (কারণ—আমি সম্পত্তির ন্যায় ভোগ্য বস্তু নহি)।২

(তথাপি তাহারা যেহেতু আমাকে তোমার প্রাপ্য ভাগরূপে দান করিয়াছে সেইহেতু আমি তোমার জীবিকার নির্দেশ করিতেছি) হে বিজ্ঞ বৎস! অঙ্গিরার সন্তানগণ এখন যজ্ঞ করিতেছেন। তাঁহারা যদিও অতিশয় মেধাবী, তাহা হইলেও ছয়দিনে সম্পাদনীয় বিভিন্ন যজ্ঞীয় কর্মের অনুষ্ঠানকালে

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাস্যন্তি তেঽথ তান্ গচ্ছ তথা স কৃতবান্ যথা।
তস্মৈ দত্ত্বা যযুঃ স্বর্গং তে সত্রপরিশেষণম্ ॥৫
তং কশ্চিৎ স্বীকরিষ্যন্তং পুরুষঃ কৃষ্ণদর্শনঃ।
উবাচোত্তরতোঽভ্যেত্য মমেদং বাস্তুকং বসু ॥৬
মমেদমৃষিভির্দত্তমিতি তর্হি স্ম মানবঃ।
স্যান্নৌ তে পিতরি প্রশ্নঃ পৃষ্টবান্ পিতরং যথা ॥৭

দক্ষিণায়" ইতি চ দ্বে সূক্তে শংসয় পাঠয়; ততঃ কর্ম্মণি সমাপ্তে সতি স্বর্যন্তঃ স্বর্গং গচ্ছন্তঃ তে স্বসত্র-পরিশেষিতম্ অবশিষ্টম্ আত্মনঃ ধনং তুভ্যং দাস্যন্তি। অথ তস্মাৎ তান্ ত্বং গচ্ছ। শ্রীশুকঃ উবাচ। ততঃ অনন্তরং সঃ নাভাগঃ যথা পিত্রা উক্তং তথা কৃতবান্। ততশ্চ সত্রসমাপ্ত্যনন্তরং তে অঙ্গিরসঃ সত্রপরিশেষিতং ধনং তস্মৈ দত্ত্বা স্বর্গং যযুঃ ॥৪-৫

ততঃ তদ্ধনং স্বীকরিষ্যন্তং নাভাগং কশ্চিৎ কৃষ্ণদর্শনঃ পুরুষঃ রুদ্রঃ উত্তরতঃ অভ্যেত্য আগত্য ইদং বাস্তুকং বসু ধনং মম মদীয়ম্ ইতি উবাচ ॥৬

তর্হি স্ম তদৈব মানবঃ নাভাগঃ ঋষিভিঃ ইদং মম মহ্যং দত্তম্ ইতি উবাচ। তদা রুদ্রঃ উবাচ। নৌ আবয়োঃ

মন্ত্র বিশেষ না জানায় প্রতি কর্মেরই ষষ্ঠ দিবসীয় কর্মের আচরণ করিতে যাইয়া তাঁহারা বিভ্রান্ত হইতেছেন।৩

তুমি যাইয়া সে মহাত্মাদিগকে বৈশ্বদেবসম্বন্ধী মন্ত্র দুইটি পাঠ করাও। তাঁহারা স্বর্গে যাইবার সময় তোমাকে যজ্ঞের অবশিষ্ট ধন দিয়া যাইবেন, অতএব তুমি তাঁহাদের নিকট গমন কর। অনন্তর নাভাগ পিতার উপদেশানুসারে কার্য্য করিলে অঙ্গিরার সন্তানগণ যজ্ঞের অবশিষ্ট ধন তাঁহাকে দান করিয়া স্বর্গলোকে গমন করিলেন।৪-৫

অনন্তর নাভাগ সেই সকল ধন গ্রহণ করিতে উদ্যত হইলে কৃষ্ণকায় এক পুরুষ অর্থাৎ শ্রীরুদ্র উত্তর দিক্ হইতে সেখানে আসিয়া বলিলেন—যজ্ঞক্ষেত্রস্থিত এই ধন আমার।৬

নাভাগ তৎক্ষণাৎ বলিলেন—ঋষিগণ এই ধন

যজ্ঞবাস্তুগতং সর্ব্বমুচ্ছিষ্টমৃষয়ঃ ক্বচিৎ।
চক্রুর্হি ভাগং রুদ্রায় স দেবঃ সর্ব্বমর্হতি ॥৮
নাভাগস্তং প্রণম্যাহ তবেশ কিল বাস্তুকম্।
ইত্যাহ মে পিতা ব্রহ্মন্ শিরসা ত্বাং প্রসাদয়ে ॥৯
যৎ তে পিতাবদদ্ধর্ম্মং ত্বঞ্চ সত্যং প্রভাষসে।
দদামি তে মন্ত্রদৃশো জ্ঞানং ব্রহ্ম সনাতনম্ ॥১০

অস্মিন্ বিবাদে তব পিতরি প্রশ্নঃ স্যাৎ ইতি এবম্ উক্তঃ নাভাগঃ পিতরং পৃষ্টবান্ ॥৭

পিতা উবাচ। ঋষয়ঃ যজ্ঞবাস্তুগতং সর্ব্বম্ উচ্ছিষ্টম্ উর্ব্বরিতং ভাগং ক্বচিৎ দক্ষাধ্বরে হি রুদ্রায় চক্রুঃ; অতঃ সঃ দেবঃ রুদ্রঃ সর্ব্বম্ অর্হতি ॥৮

এবং শ্রুত্বা নাভাগঃ আগত্য রুদ্রং প্রণম্য আহ—হে ঈশ! বাস্তুকং সর্ব্বং কিল ধনং তব ভাগঃ ইতি মে মম পিতা আহ। হে ব্রহ্মন্! অহং ত্বাং শিরসা প্রসাদয়ে ॥৯

তদা রুদ্রঃ উবাচ। যদা তে পিতা ধর্ম্মম্ অবদৎ, ত্বঞ্চ সত্যং প্রভাষসে, অতঃ তুভ্যং মন্ত্রদৃশে মন্ত্রজ্ঞায় সনাতনং ব্রহ্ম জ্ঞানম্ অহং দদামি ॥১০

আমাকে দিয়াছেন বলিয়া আমারই হইবে। তখন শ্রীরুদ্র বলিলেন—আমাদের এই বিবাদে তোমার পিতার নিকট প্রশ্ন করা সঙ্গত। তখন নাভাগ পিতার নিকট যাইয়া তাঁহাকে এবিষয় জিজ্ঞাসা করিলেন।৭

তখন পিতা নভগ বলিলেন—হে বৎস! প্রজাপতি দক্ষের যজ্ঞকার্য্যে যে সকল বস্তু উদ্বৃত্ত হইয়াছিল, ঋষিগণ ঐ সমুদয়কে রুদ্রের ভাগরূপেই স্থির করিয়াছিলেন, বিশেষতঃ শ্রীরুদ্রদেবেই জগতে সর্ববস্তুর অধিকারী, সুতরাং যজ্ঞাবশিষ্ট এই সকল ধন সম্বন্ধে আর বক্তব্য কি ?৮

তখন নাভাগ শ্রীরুদ্রের নিকট আসিয়া প্রণাম পূর্বক বলিলেন—হে ঈশ! আমার পিতা বলিয়াছেন—যজ্ঞক্ষেত্রস্থিত এই ধন আপনারই হয়। হে ব্রহ্মন্! আমি সম্প্রতি মস্তক নত করিয়া আপনাকে প্রসন্ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৃহাণ দ্রবিণং দত্তং মৎসত্রপরিশেষিতম্ ।
ইত্যুক্ত্বান্তর্হিতো রুদ্রো ভগবান্ ধর্ম্মবৎসলঃ ॥১১

য এতৎ সংস্মরেৎ প্রাতঃ সায়ঞ্চ সুসমাহিতঃ ।
কবির্ভবতি মন্ত্রজ্ঞো গতিঞ্চৈব তথাত্মনঃ ॥১২

নাভাগাদম্বরীষোঽভূন্মহাভাগবতঃ কৃতী ।
নাস্পৃশদ্ ব্রহ্মশাপোঽপি যং ন প্রতিহতঃ ক্বচিৎ ॥১৩

রাজোবাচ ।
ভগবন্ শ্রোতুমিচ্ছামি রাজর্ষেস্তস্য ধীমতঃ ।
ন প্রাভূদ্ যত্র নির্ম্মুক্তো ব্রহ্মদণ্ডো দুরত্যয়ঃ ॥১৪

শ্রীশুক উবাচ ।
অম্বরীষো মহাভাগঃ সপ্তদ্বীপবতীং মহীম্ ।
অব্যয়াঞ্চ শ্রিয়ং লব্ধ্বা বিভবঞ্চাতুলং ভুবি ॥১৫
মেনেঽতিদুর্লভং পুংসাং সর্ব্বং তৎ স্বপ্নসংস্তুতম্ ।
বিদ্বান্ বিভবনির্ব্বাণং তমো বিশতি যৎ পুমান্ ॥১৬

তর্থা মৎসত্রে পরিশেষিতং যৎ দ্রবিণং ময়া তুভ্যং দত্তং জীবিকার্থং ত্বং গৃহাণ। ইতি উক্ত্বা ধর্ম্মবৎসলঃ ভগবান্ রুদ্রঃ অন্তর্হিতঃ অন্তর্দধে ॥১১

যঃ পুমান্ সমাহিতচিত্তঃ সন্ এতদাখ্যানং সায়ং প্রাতঃ সংস্মরেৎ, সঃ কবিঃ মন্ত্রজ্ঞঃ ভবতি তথা আত্মনঃ গতিং প্রাপ্নোতি ॥১২

নাভাগাৎ মহাভাগবতঃ ভগবদ্ভক্তঃ কৃতী পুণ্যবান্ অম্বরীষঃ অভূৎ। ক্বচিৎ অপি ন প্রতিহতঃ ব্রহ্মশাপঃ অপি যং ন অস্পৃশৎ ॥১৩

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! হে সর্ব্বজ্ঞ! নির্মুক্তঃ প্রযুক্তঃ, দুরত্যয়ঃ দুরতিক্রমঃ, ব্রহ্মশাপঃ ব্রহ্মদণ্ডঃ যত্র অম্বরীষে ন প্রাভূৎ, তস্য ধীমতঃ রাজর্ষেঃ চরিতং শ্রোতুম্ ইচ্ছামি ॥১৪

শ্রীশুকঃ উবাচ। মহাভাগঃ অম্বরীষঃ সপ্তদ্বীপবতীং মহীম্ অব্যয়াং শ্রিয়ম্ অতুলং বিভবং চ ভুবি পুংসাম্ অতি দুর্লভম্ অপি লব্ধ্বা যৎ যস্মাৎ বিভবসঙ্গাৎ পুমান্ তমঃ নরকং বিশতি, তৎ বিভব-নির্ব্বাণং বিভব-ফলং বিদ্বান্ জানন্ তৎ সর্ব্বং স্বপ্নসংস্তুতং স্বপ্নদৃষ্ট-বস্তু-সদৃশম্ অনুপাদেয়ং মেনে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৫-১৬

করিতে ইচ্ছা করি ।৯

তখন শ্রীরুদ্র বলিলেন—হে ব্রাহ্মণ! তোমার পিতা যে যথার্থ ধর্মের কথা বলিয়াছেন এবং তুমিও সত্য কথা বলিতেছ, এইহেতু আমি মন্ত্রদ্রষ্টা তোমাকে সনাতন ব্রহ্মজ্ঞান প্রদান করিতেছি ।১০

তুমি আমার নিকট হইতে যজ্ঞাবশিষ্ট এই ধন গ্রহণ কর, আমি ইহা দান করিলাম। ধর্মবৎসল ভগবান্ শ্রীরুদ্র এই বলিয়া অন্তর্হিত হইলেন ।১১

হে মহারাজ! যিনি প্রাতঃকাল ও সায়ংকালে সুসংযতচিত্তে ইহা স্মরণ করেন, তিনি জ্ঞানবান্ ও মন্ত্রজ্ঞ হন এবং আত্মার সদ্‌গতি লাভ করেন ।১২

নাভাগ হইতে মহাভাগবত ও পরমনিপুণ অম্বরীষের জন্ম হয়—সর্বত্র অপ্রতিহত ব্রহ্মশাপও যাঁহাকে স্পর্শ করিতে পারে নাই ।১৩

রাজা শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্! দুর্লঙ্ঘ্য ব্রহ্মদণ্ডও যাঁহার প্রতি প্রযুক্ত হইয়া নিজ শক্তি প্রকাশে সমর্থ হয় নাই, সেই ধীমান্ রাজর্ষি অম্বরীষের কথা শ্রবণ করিতে ইচ্ছা করি ।১৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহাভাগ অম্বরীষ সপ্তদ্বীপযুক্তা পৃথিবী, অক্ষয় সম্পদ্ এবং অতুলনীয় ঐশ্বর্য্য যাহা লোকসমূহের অতিদুর্লভ—লাভ করিয়াও, বৈভবের বিনশ্বরতা জানিয়া, যে বিভবদ্বারা ও বিভবের নাশহেতু মানুষ মোহগ্রস্ত হয় সেই বিভবরাশিকে স্বপ্নের ন্যায় তুচ্ছ জ্ঞান করিয়াছিলেন ।১৫-১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসুদেবে ভগবতি তদ্ভক্তেষু চ সাধুষু।
প্রাপ্তো ভাবং পরং বিশ্বং যেনেদং লোষ্ট্রবৎস্মৃতম্ ॥১৭
স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।
করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিং চকারাচ্যুতসৎকথোদয়ে ॥১৮
মুকুন্দলিঙ্গালয়দর্শনে দৃশৌ
তদ্‌ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গসঙ্গমম্।
ঘ্রাণঞ্চ তৎপাদসরোজসৌরভে
শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে ॥১৯

পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে
শিরো হৃষীকেশপদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া
যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ ॥২০
এবং সদা কর্ম্মকলাপমাত্মনঃ
পরেঽধিযজ্ঞে ভগবত্যধোক্ষজে।
সর্ব্বাত্মভাবং বিদধন্মহীমিমাং
তন্নিষ্ঠবিপ্রাভিহিতঃ শশাস হ ॥২১

ভগবতি বাসুদেবে তদ্‌ভক্তেষু সাধুষু চ তস্য ভগবতঃ পরম্ উৎকৃষ্টং ভাবং প্রাপ্তঃ, যেন ভাবেন ইদং বিশ্বং লোষ্ট্রবৎ স্মৃতম্ ॥১৭

স প্রসিদ্ধঃ অম্বরীষঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ মনঃ, বৈকুণ্ঠস্য গুণানুবর্ণনে বচাংসি, হরেঃ মন্দির-মার্জ্জনাদিষু করৌ, তথা অচ্যুতস্য সৎকথানাম্ উদয়ে শ্রবণে শ্রুতিং শ্রোত্রং চকার ॥১৮

মুকুন্দস্য মুক্তিদাতুঃ ভগবতঃ লিঙ্গানি বিগ্রহাঃ আলয়াঃ স্থানানি চ তেষাং দর্শনে দৃশৌ নেত্রে, তথা তস্য যে ভৃত্যাঃ ভক্তাঃ তেষাং গাত্রাণাং স্পর্শে অঙ্গসঙ্গমং সকলাঙ্গব্যাপি ত্বগিন্দ্রিয়ং চকার; শ্রীমত্তুলস্যাঃ যৎ তস্য পাদসরোজ-সম্বন্ধেন সৌরভং সুগন্ধঃ তস্মিন্ ঘ্রাণেন্দ্রিয়ং চকার ॥১৯

হরেঃ ক্ষেত্রাণি মথুরাদীনি পদানি অন্যানি স্থানানি তেষ্ অনুসর্পণে পুনঃ পুনঃ গমনে পাদৌ; হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশস্য নিয়ন্তুঃ ভগবতঃ পদয়োঃ অভিবন্দনে শিরঃ মূর্দ্ধানং চকার। কামং তস্য দাস্যে, ন তু কামকাম্যয়া বিষয়-ভোগেচ্ছয়া। তথা উত্তমঃশ্লোকঃ ভগবান্ তস্য জনাঃ ভক্তাঃ তদাশ্রয়া রতিঃ ভক্তিঃ যথা ভবেৎ, তথা সর্ব্বং চকার ॥২০

এবং সদা প্রতিদিনম্ আত্মানং কর্মকলাপং কর্ম্মসমূহং পরে অধিযজ্ঞে অধোক্ষজে ভগবতি সর্ব্বাত্মভাবং বিদধৎ অর্পয়ন্ তন্নিষ্ঠৈঃ ভগবদ্ভক্তৈঃ বিপ্রৈঃ বশিষ্ঠাদিভিঃ অভিহিতঃ উপদিষ্টঃ ইমাং মহীং শশাস পালয়ামাস ॥২১

তিনি ভগবান্ বাসুদেব এবং তাঁহার ভক্ত সাধুগণের প্রতি পরম ভক্তি লাভ করিয়াছিলেন, যাহার ফলে এই বিশ্ব তাঁহার নিকট লোষ্ট্রের মত তুচ্ছ বস্তুরূপে প্রতীত হইয়াছিল।১৭

যাহাতে ভগবান্ শ্রীহরির ভক্তগণের প্রতি অনুরাগ উৎপন্ন হয়, মহারাজ অম্বরীষ সেভাবেই নিজ চিত্তকে শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলে, বাক্যকে শ্রীহরির গুণকীর্তনে, করযুগলকে ভগবানের মন্দির মার্জনাদি কার্য্যে, কর্ণকে ভগবদ্‌বিষয়িণী সৎকথাসমূহের শ্রবণে, নয়নযুগলকে শ্রীভগবদ্‌বিগ্রহের অধিষ্ঠানক্ষেত্রসমূহের দর্শনে, আলিঙ্গনক্রিয়াকে ভগবদ্ভক্তগণের অঙ্গসঙ্গে, নাসিকাকে ভগবানের পাদপদ্মের সংসর্গহেতু সদ্‌গন্ধযুক্ত তুলসীর সৌরভগ্রহণে, জিহ্বাকে ভগবৎ-প্রসাদান্ন আস্বাদনে, পদযুগলকে ভগবান্ শ্রীহরির ক্ষেত্রপরিক্রমায়, মস্তককে তাঁহার শ্রীপাদপদ্মের প্রণাম কার্য্যে এবং কাম অর্থাৎ মাল্যচন্দনাদি সেবাকে ভগবানের প্রসাদীকৃত মাল্যচন্দনাদি গ্রহণেই নিযুক্ত করেন পরন্তু বিষয়ভোগের জন্য কামনা নাই।১৮-২০

এইরূপে তিনি সর্বত্র আত্মচিন্তামূলক নিজ সকল কার্যই সর্বদা সর্বযজ্ঞের অধিষ্ঠাতা ও সর্বেন্দ্রিয়ের অগোচর ভগবানে সমর্পণ করিয়া ভগবদ্ভক্ত ব্রাহ্মণ-গণের উপদেশানুসারে পৃথিবীতে রাজত্ব করিতে-ছিলেন।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঈজেঽশ্বমেধৈরধিযজ্ঞমীশ্বরং
মহাবিভূত্যোপচিতাঙ্গদক্ষিণৈঃ।
ততৈর্বশিষ্ঠাসিতগোতমাদিভি-
র্ধন্বন্যভিস্রোতমসৌ সরস্বতীম্ ॥২২
যস্য ক্রতুষু গীর্ব্বাণৈঃ সদস্যা ঋত্বিজো জনাঃ।
তুল্যরূপাশ্চানিমিষা ব্যদৃশ্যন্ত সুবাসসঃ ॥২৩

স্বর্গো ন প্রার্থিতো যস্য মনুজৈরমরপ্রিয়ঃ।
শৃণ্বদ্ভিরুপগায়দ্ভিরুত্তমঃশ্লোকচেষ্টিতম্ ॥২৪
সংবর্দ্ধয়ন্তি যৎকামাঃ স্বারাজ্য-পরিভাবিতাঃ।
দুর্ল্লভা নাপি সিদ্ধানাং মুকুন্দং হৃদি পশ্যতঃ ॥২৫
স ইত্থং ভক্তিযোগেন তপোযুক্তেন পার্থিবঃ।
স্বধর্ম্মেণ হরিং প্রীণন্ সর্ব্বান্ কামান্ শনৈর্জহৌ ॥২৬

মহাবিভূত্যা উপচিতানি বিপুলীকৃতানি অঙ্গানি দক্ষিণাঃ চ যেষু তৈঃ বশিষ্ঠাদিভিঃ হেতুভূতৈঃ সরস্বতীম্ অভিস্রোতং তস্যাঃ প্রবাহাভিমুখং যথা ভবতি তথা ধন্বনি নিরুদকে ধন্বদেশে ততৈঃ বিস্তৃতৈঃ অশ্বমেধৈঃ অধিযজ্ঞং যজ্ঞেশ্বরম্ অসৌ ঈজে ॥২২

যস্য অম্বরীষস্য ক্রতুষু অশ্বমেধেষু সদস্যাঃ সভ্যাঃ ঋত্বিজঃ জনাঃ চ সুবাসসঃ গীর্ব্বাণৈঃ দেবৈঃ সহ তুল্যরূপাঃ অনিমিষাঃ নিমেষরহিতাঃ এব ব্যদৃশ্যন্ত ॥২৩

উত্তমঃশ্লোকস্য ভগবতঃ চেষ্টিতং লীলাদিকং শৃণ্বদ্ভিঃ উপগায়দ্ভিঃ যস্য অম্বরীষস্য মনুজৈঃ অমরপ্রিয়ঃ স্বর্গঃ অপি ন প্রার্থিতঃ (তত্র অম্বরীষস্য নিস্পৃহত্বে কা বার্ত্তা) ॥২৪

যৎ যতঃ স্বারাজ্য-পরিভাবিতাঃ (স্বারাজ্যেন স্বরূপসুখেন পরিভাবিতাঃ পরি সম্যক্‌ভাবেন ভাবিতাঃ বাসিতাঃ) অতঃ সিদ্ধানাম্ অপি দুর্ল্লভাঃ কামাঃ মুকুন্দং হৃদি পশ্যতঃ জনান্ ন সংবর্দ্ধয়ন্তি ন হর্ষেণ বর্দ্ধয়ন্তি ॥২৫

সঃ পার্থিবঃ অম্বরীষঃ ইত্থং ভক্তিযোগেন তপোযুক্তেন স্বধর্ম্মেণ চ হরিং প্রীণন্ প্রসাদয়ন্ শনৈঃ সর্ব্বান্ কামান্ জহৌ তত্যাজ ॥২৬

এইরূপ তিনি জলশূন্য দেশে সরস্বতীনদীর স্রোতের প্রতিকূলে বহু অশ্বমেধ যজ্ঞদ্বারা যজ্ঞাধিষ্ঠাতা পরমেশ্বর শ্রীহরির আরাধনা করিয়াছিলেন। বশিষ্ঠ, অসিত ও গোতমপ্রভৃতি ঋষিগণের সহায়তায় সেই সকল সুবিস্তৃত যজ্ঞ সম্পাদিত হইয়াছিল এবং যজ্ঞসমূহের অঙ্গীভূত ক্রিয়াসমুদয় ও দক্ষিণা তাঁহার মহাবৈভবদ্বারা সংবর্ধিত হইয়াছিল।২২

তাঁহার যজ্ঞসমূহে মনোরম বস্ত্রবিভূষিত সদস্য ও ঋত্বিগ্‌গণকে দেবতাগণের সহিত তুল্যরূপ দেখা গিয়াছিল। যদিও দেবতাগণের চক্ষুর নিমেষ থাকে না বলিয়া বৈশিষ্ট্য রহিয়াছে, তথাপি এস্থলে যজ্ঞকর্মে বিবিধ আশ্চর্যদর্শনের ঔৎসুক্যহেতু ঋত্বিক্ এবং সদস্যগণের চক্ষুর নিমেষ ছিল না বলিয়া সকলেই সমরূপ হইয়াছিলেন।২৩

সর্বদা ভগবান্ শ্রীহরির চরিতসমূহের শ্রবণ ও কীর্তনে মত্ত থাকিয়া মহারাজ অম্বরীষের কোন নিজজন ও দেবতাগণের প্রিয় স্বর্গলোক কামনা করিতেন না, এ অবস্থায় তাঁহার নিজের যে স্বর্গ কামনা থাকিতে পারে না, এ বিষয়ে আর বক্তব্য কি।২৪

অধিক আর কি বলিব! মহারাজ অম্বরীষের সেই নিজ জনগণ সর্বদা হৃদয়মধ্যে ভগবান্ শ্রীহরিকে প্রত্যক্ষ করিতেন বলিয়া সিদ্ধগণের পক্ষেও দুর্লভ এবং স্বরূপসুখদ্বারা সংবর্ধিত বিষয় ভোগরাশিও তাহাদিগকে আনন্দদান করিতে পারে নাই।২৫

সেই মহারাজ অম্বরীষ তপস্যাযুক্ত ঈদৃশ ভক্তি-যোগরূপ নিজ ধর্মদ্বারা শ্রীহরির প্রীতি উৎপাদন-সহকারে ধীরে ধীরে সর্বপ্রকার বিষয়ভোগ সুখ ত্যাগ করিয়াছিলেন।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৃহেষু দারেষু সুতেষু বন্ধুষু
দ্বিপোত্তম-স্যন্দনবাজিবস্তুষু।
অক্ষয্যরত্নাভরণাম্বরাদিষু
অনন্তকোষেষ্বকরোদসন্মতিম্ ॥২৭

তস্মা অদাদ্ধরিশ্চক্রং প্রত্যনীকভয়াবহম্।
একান্তভক্তিভাবেন প্রীতো ভক্তাভিরক্ষণম্ ॥২৮

আরিরাধয়িষুঃ কৃষ্ণং মহিষ্যা তুল্যশীলয়া।
যুক্তঃ সংবৎসরং বীরো দধার দ্বাদশীব্রতম্ ॥২৯

ব্রতান্তে কার্ত্তিকে মাসি ত্রিরাত্রং সমুপোষিতঃ।
স্নাতঃ কদাচিৎ কালিন্দ্যাং হরিং মধুবনেঽর্চ্চয়ৎ ॥৩০

মহাভিষেকবিধিনা সর্ব্বোপস্করসম্পদা।
অভিষিচ্যাম্বরাকল্পৈর্গন্ধমাল্যার্হণাদিভিঃ ॥৩১

তদ্গতান্তরভাবেন পূজয়ামাস কেশবম্।
ব্রাহ্মণাংশ্চ মহাভাগান্ সিদ্ধার্থানপি ভক্তিতঃ ॥৩২

গবাং রুক্মবিষাণীনাং রূপ্যাঙ্ঘ্রীণাং সুবাসসাম্।
পয়ঃশীলবয়োরূপ-বৎসোপস্করসম্পদাম্ ॥৩৩

সঃ রাজা ইত্থং অক্ষয্যরত্নাভরণাম্বরাদিষু, অনন্তকোষেষু গৃহেষু, দারেষু, সুতেষু, বন্ধুষু, দ্বিপোত্তমস্যন্দন-বাজিবস্তুষু, অসন্মতিং অপুরুষার্থত্ব-বুদ্ধিম্ অকরোৎ ॥২৭

একান্তভক্তিভাবেন প্রীতঃ হরিঃ প্রত্যনীক-ভয়াবহং (প্রতিপক্ষাণাং সৈন্যানাং ভয়ম্ আবহতীতি তথাভূতং) তথা ভক্তাভিরক্ষণং চক্রং সুদর্শনং তস্মৈ অম্বরীষায় অদাৎ দত্তবান্ ॥২৮

কৃষ্ণম্ আরিরাধয়িষুঃ আরাধয়িতুম্ ইচ্ছুঃ বীরঃ অম্বরীষঃ তুল্যশীলয়া তুল্যগুণবত্যা মহিষ্যা ভার্য্যয়া সহ যুক্তঃ সমাহিতঃ সন্ সংবৎসরং যাবৎ দ্বাদশীব্রতং দধার চকার ॥২৯

ব্রতস্য অন্তে কার্ত্তিকে মাসি কার্ত্তিক-শুক্লৈকাদশ্যাং ত্রিরাত্রং (দশম্যাম্ একভুক্তম্ একাদশ্যাম্ উপবাসঃ দ্বাদশ্যাং চ একভুক্তম্ ইতি নিয়মানুরোধাৎ) কদাচিৎ দ্বাদশ্যাং কালিন্দ্যাং যমুনায়াং স্নাতঃ সন্ মধুবনে হরিম্ অর্চ্চয়ৎ আরাধয়ামাস ॥৩০

সর্ব্বোপস্কর-সম্পদা (সর্ব্বেষাম্ উপকরণানাং চন্দন-পুষ্পাদীনাং সম্পৎ সমৃদ্ধিঃ যস্মিন্ তেন) মহাভিষেকবিধিনা অভিষিচ্য অম্বরাদিভিঃ (অম্বরাভ্যাং বস্ত্রাভ্যাম্, আকল্পৈঃ আভরণৈঃ, গন্ধৈঃ চন্দনাদিভিঃ, মাল্যৈঃ পুষ্পৈঃ, অর্হণৈঃ অর্ঘোদকৈঃ তথা ধূপ-দীপ-নৈবেদ্যাদিভিঃ চ) তদ্গতান্তরভাবেন তদেকচিত্তত্বেন কেশবং পূজয়ামাস। তথা মহাভাগান্ ভগবদ্ভক্তান্ সিদ্ধার্থান্ (সিদ্ধিঃ প্রাপ্তঃ অর্থপ্রেক্ষিত-পদার্থঃ যেষাং তান্) ব্রাহ্মণান্ চ ভক্তিতঃ পূজয়ামাস ॥৩১-৩২

তথা রুক্মবিষাণীনাং হেমাচ্ছাদিত-শৃঙ্গাণাং রূপ্যাঙ্ঘ্রীণাং রূপ্যাচ্ছাদিত-খুরাণাং, সুবাসসাং, পয়ঃ ক্ষীরং চ শীলং সুখভাবঃ

এইরূপে তিনি গৃহ, স্ত্রী, পুত্রগণ, বন্ধুবর্গ, হস্তী, উত্তম রথ, অশ্ব, অন্যান্য দ্রব্য, অক্ষয় রত্নালঙ্কার ও বস্ত্রাদি এবং অনন্ত ধনভাণ্ডারের প্রতি বৈরাগ্য অবলম্বন করিয়াছিলেন।২৭

ভগবান্ শ্রীহরি তাঁহার একনিষ্ঠ ভক্তিভাবে সন্তুষ্ট হইয়া তাঁহাকে ভক্তগণের রক্ষক ও শত্রুগণের ভয়জনক সুদর্শনচক্র প্রদান করিয়াছিলেন। ৮

হে মহারাজ! বীর সেই অম্বরীষ মহারাজ সবসময়ে ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনায় ইচ্ছুক হইয়া সমচরিত্রা নিজ মহিষীর সহিত সংবৎসরব্যাপী দ্বাদশীব্রত পালন করিতেছিলেন।২৯

তিনি ব্রতসমাপ্তির পর কার্তিকমাসে ত্রিরাত্র উপবাসী থাকিয়া একদিন যমুনায় স্নান করিয়া মধুবনে ভগবান্ শ্রীকৃষ্ণের পূজায় প্রবৃত্ত হইলেন।৩০

তৎকালে তিনি মহাভিষেকের বিধানানুসারে সর্বপ্রকার উপকরণসম্ভারদ্বারা অভিষেক-সম্পাদন-পূর্বক বস্ত্র, অলঙ্কার, গন্ধ ও মাল্যাদি পূজা দ্রব্যদ্বারা তদ্গতচিত্তে ভগবান্ শ্রীকৃষ্ণের পূজা করিয়া, পশ্চাৎ যে সকল ব্রাহ্মণ আপ্তকাম বলিয়া পূজাপ্রার্থী নহেন ভক্তিসহকারে সেইরূপ মহাভাগ্যবান্ ব্রাহ্মণগণেরও পূজা করিয়াছিলেন।৩১-৩২

অনন্তর তিনি সাধু ব্রাহ্মণগণকে স্বর্ণশৃঙ্গ রৌপ্য-খুর-যুক্তা, উত্তমবস্ত্রাচ্ছাদিতা এবং দুগ্ধ, চরিত্র, বয়স, রূপ ও বৎসপ্রভৃতি সম্পন্না ষাট্ কোটি ধেনু দান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাহিণোৎ সাধুবিপ্রেভ্যো গৃহেষু ন্যর্ব্বুদানি ষট্।
ভোজয়িত্বা দ্বিজানগ্রে স্বাদ্বন্নং গুণবত্তমম্ ॥৩৪

লব্ধকামৈরনুজ্ঞাতঃ পারণায়োপচক্রমে।
তস্য তর্হ্যতিথিঃ সাক্ষাদ্ দুর্ব্বাসা ভগবানভূৎ ॥৩৫

তমানর্চ্চাতিথিং ভূপঃ প্রত্যুত্থানাসনার্হণৈঃ।
যযাচেঽভ্যবহারায় পাদমূলমুপাগতঃ ॥৩৬

বয়ঃ অপূর্ব্বপ্রসবত্বং, রূপং, বৎসাঃ উপকরণানি দোহপাত্রাদীনি চ তেষাং সম্পৎ সমৃদ্ধিঃ যাসাং তাসাং গবাং ষট্‌ন্যর্ব্বুদানি সাধুবিপ্রেভ্যঃ গৃহেষু প্রাহিণোৎ প্রদদৌ॥ গুণবত্তমং ষড়্‌রসোপেতং, সাধু মৃষ্টম্ অন্নম্ অগ্রে দ্বিজান্ ভোজয়িত্বা তথা লব্ধকামৈঃ তৈঃ দ্বিজৈঃ অনুজ্ঞাতঃ পারণায় উপচক্রমে উদ্যতঃ অভূৎ॥ তর্হি তদৈব তস্য অম্বরীষস্য ভগবান্ দুর্ব্বাসাঃ অতিথিঃ অতিথিরূপেণ সাক্ষাৎ অভূৎ প্রত্যক্ষঃ বভূব ॥৩৩-৩৫

ভূপঃ তম্ অতিথিং প্রত্যুত্থানাদিভিঃ আনর্চ্চ পূজয়ামাস। ততশ্চ তৎপাদমূলম্ উপাগতঃ প্রণতঃ সন্ অভ্যবহারায় যযাচে, (ভগবতা অত্র ভোক্তব্যম্ ইতি প্রার্থয়ামাস) ॥৩৬

করিয়াছিলেন। ইহার পর তিনি প্রথমতঃ ব্রাহ্মণগণকে উৎকৃষ্ট সুস্বাদু অন্ন ভোজন করাইয়া পরিতৃপ্ত সেই ব্রাহ্মণগণের অনুমতি অনুসারে যখনই পারণের উপক্রম করিলেন, সেই সময়েই ভগবান্ দুর্বাসা ঋষি তাঁহার গৃহে অতিথিরূপে উপস্থিত হইয়াছিলেন।৩৩-৩৫

মহারাজ অম্বরীষ সমাগত সেই অতিথিকে অভ্যর্থনা, আসন ও বিবিধ পূজাদ্রব্যদ্বারা পূজা করিয়া তাঁহার পদমূলে উপস্থিত হইয়া ভোজনের জন্য প্রার্থনা জানাইলেন।৩৬

মহর্ষি দুর্বাসা তাঁহার প্রার্থনায় সানন্দে সম্মতি প্রদানপূর্বক নিয়মানুযায়ী মাধ্যাহ্নিক কর্ম সম্পাদনের জন্য প্রস্থান করিলেন এবং যমুনায় যাইয়া ব্রহ্মচিন্তা করিতে করিতে সেখানে পবিত্র জলমধ্যে নিমগ্ন হইয়া

প্রতিনন্দ্য স তাং যাচ্‌ঞাং কর্ত্তুমাবশ্যকং গতঃ।
নিমমজ্জ বৃহদ্ধ্যায়ন্ কালিন্দীসলিলে শুভে ॥৩৭

মুহূর্ত্তার্দ্ধাবশিষ্টায়াং দ্বাদশ্যাং পারণং প্রতি।
চিন্তয়ামাস ধর্ম্মজ্ঞো দ্বিজৈস্তদ্ধর্ম্মসঙ্কটে ॥৩৮

ব্রাহ্মণাতিক্রমে দোষো দ্বাদশ্যাং যদপারণে।
যৎকৃত্বা সাধু মে ভূয়াদধর্ম্মো বা ন মাং স্পৃশেৎ ॥৩৯

সঃ চ দুর্ব্বাসাঃ তস্য অম্বরীষস্য যাচ্‌ঞাং প্রার্থনাং প্রতিনন্দ্য অঙ্গীকৃত্য আবশ্যকং মাধ্যাহ্নিকং কর্ত্তুং গতঃ, তথা শুচৌ শুদ্ধে কালিন্দ্যাঃ সলিলে বৃহদ্ ব্রহ্ম ধ্যায়ন্ নিমমজ্জ ॥৩৭

অথ দ্বাদশ্যাং মুহূর্ত্তার্দ্ধেন ঘটিকামাত্রেণ অবশিষ্টায়াং সত্যাং ধর্ম্মসঙ্কটে চ প্রাপ্তে সতি ধর্ম্মজ্ঞঃ অম্বরীষঃ দ্বিজৈঃ সহ পারণং প্রতি চিন্তয়ামাস ॥৩৮

ব্রাহ্মণাতিক্রমে (অতিথিতয়া নিমন্ত্রিতং দুর্ব্বাসসম্ অসম্ভোজ্য স্বয়ং ভোজনে) তথা দ্বাদশ্যাম্ অপারণে (ব্রতবৈগুণ্য-রূপঃ) উভয়তঃ দোষঃ যৎ যস্মাৎ এবং তস্মাৎ যৎ কৃত্বা মে মম সাধু ভদ্রং স্যাৎ অধর্ম্মঃ চ মাং ন স্পৃশেৎ, তৎ ব্রূত ইতি ॥৩৯

রহিলেন।৩৭

এদিকে দ্বাদশী তিথির আর অর্ধ মুহূর্ত মাত্র অবশিষ্ট আছে, ইহার মধ্যেই পারণ করিতে হইবে, ধর্মজ্ঞ রাজা এরূপ ধর্মসঙ্কটে পড়িয়া ব্রাহ্মণগণের সহিত কর্তব্য বিচার করিতে লাগিলেন।৩৮

তখন তিনি বিবেচনা করিলেন—ব্রাহ্মণকে লঙ্ঘন করিলে যেরূপ একদিকে দোষ হয়, অপর দিকে দ্বাদশীতে পারণ না করিলেও সেরূপ দোষ ঘটে। এ অবস্থায় যাহা করিলে আমার কল্যাণ হয় এবং আমাকে কোন দোষ স্পর্শ না করে—ব্রাহ্মণগণের সহিত এরূপ বিচারপূর্বক তিনি স্থির করিলেন যে—আমি কেবলমাত্র কিঞ্চিৎ জল দ্বারাই পারণ করিব, যেহেতু ব্রাহ্মণগণ বলেন—জলপান ভোজন-অভোজন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অম্ভসা কেবলেনাথ করিষ্যে ব্রতপারণম্।
আহুরব্‌ভক্ষণং বিপ্রা হ্যশিতং নাশিতঞ্চ তৎ ॥৪০
ইত্যপঃ প্রাশ্য রাজর্ষিশ্চিন্তয়ন্ মনসাচ্যুতম্।
প্রত্যচষ্ট কুরুশ্রেষ্ঠ দ্বিজাগমনমেব সঃ ॥৪১
দুর্ব্বাসা যমুনাকূলাৎ কৃতাবশ্যক আগতঃ।
রাজ্ঞাভিনন্দিতস্তস্য বুবুধে চেষ্টিতং ধিয়া ॥৪২

এবং দ্বিজৈঃ সহ বিচার্য্য নিশ্চিনোতি যথা যৎ যতঃ অপাং ভক্ষণং তৎ অশিতং নাশিতং চ ইতি বেদাঃ প্রাহুঃ, অথ তস্মাৎ হে বিপ্রাঃ! কেবলেন অম্ভসা জলেন ব্রতস্য পারণং সমাপ্তিং করিষ্যে ॥৪০

হে কুরুশ্রেষ্ঠ! ইতি এবং নিশ্চিত্য রাজর্ষিঃ অম্বরীষঃ অচ্যুতং মনসা চিন্তয়ন্ অপঃ প্রাশ্য পীত্বা দ্বিজস্য দুর্ব্বাসসঃ আগমনং প্রত্যচষ্ট প্রতৈক্ষত ॥৪১

কৃতাবশ্যকঃ (কৃতম্ আবশ্যকং মাধ্যাহ্নিকং কর্ম্ম যেন সঃ) দুর্ব্বাসাঃ যমুনাকূলাৎ আগতঃ, তথা রাজ্ঞা অম্বরীষেণ অভিনন্দিতঃ অপি ধিয়া বুদ্ধ্যা তস্য রাজ্ঞঃ চেষ্টিতং জলপানং বুবুধে জ্ঞাতবান্ ॥৪২

দুই-এরই তুল্য ।৩৯-৪০

হে কুরুবর! রাজর্ষি অম্বরীষ তখন মনে মনে ভগবান্ শ্রীহরির ধ্যান করিতে করিতে জলমাত্র পান করিয়া দুর্বাসার আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন ।৪১

অনন্তর দুর্বাসা আবশ্যক মাধ্যাহ্নিক কর্ম সম্পাদনপূর্বক যমুনার তীর হইতে প্রত্যাগমন করিলে মহারাজ অম্বরীষ তাঁহাকে অভিনন্দন জানাইলেন। তখন দুর্বাসা নিজ বুদ্ধিবলে রাজার আচরণ বুঝিতে পারিলেন ।৪২

তখন ক্রোধে তাঁহার সর্বশরীর কম্পিত হইতে লাগিল, নয়নযুগল ভ্রুকুটীহেতু কুটিলভাব ধারণ

মন্যুনা প্রচলদ্গাত্রো ভ্রুকুটীকুটিলাননঃ।
বুভুক্ষিতশ্চ সুতরাং কৃতাঞ্জলিমভাষত ॥৪৩
অহো অস্য নৃশংসস্য শ্রিয়োন্মত্তস্য পশ্যতঃ।
ধর্ম্মব্যতিক্রমং বিষ্ণোরভক্তস্যেশমানিনঃ ॥৪৪
যো মামতিথিমায়াতমাতিথ্যেন নিমন্ত্র্য চ।
অদত্ত্বা ভুক্তবাংস্তস্য সদ্যস্তে দর্শয়ে ফলম্ ॥৪৫

সুতরাং ভৃশং বুভুক্ষিতঃ অতঃ মন্যুনা প্রচলদ্গাত্রঃ (প্রচলৎ কম্পমানং গাত্রং শরীরং যস্য সঃ), অতঃ ভ্রুকুটীভ্যাং কুটিলম্ আননং যস্য সঃ দুর্ব্বাসাঃ কৃতাঞ্জলিম্ অম্বরীষম্ প্রতি অভাষত ॥৪৩

অহো! অস্য ঈশমানিনঃ (ঈশং স্বতন্ত্রং মন্যমানস্য) শ্রিয়া সম্পদা উন্মত্তস্য বিষ্ণোঃ অভক্তস্য নৃশংসস্য ক্রূরস্য অম্বরীষস্য ধর্ম্মব্যতিকরম্ অন্যায়ং পশ্য ॥৪৪

যঃ ত্বম্ আগতম্ অতিথিং মাম্ আতিথ্যেন ভোজনার্থং নিমন্ত্র্য চ মহ্যং ভোজনম্ অদত্ত্বা স্বয়ং ভুক্তবান্, তস্য তাদৃশস্য তে তব এতৎ ধর্ম্মব্যতিক্রমস্য ফলং সদ্যঃ ইদানীম্ এব দর্শয়ে ॥৪৫

করিল, বিশেষতঃ তিনি তখন ক্ষুধার্ত, এ অবস্থায় মহারাজ অম্বরীষ কৃতাঞ্জলি হইলেও তিনি এরূপ বলিতে লাগিলেন ।৪৩

অহো! এই নৃশংস, ঐশ্বর্যমত্ত, প্রভুত্বাভিমানী ও বিষ্ণুর অভক্ত অম্বরীষের ধর্মমর্যাদালঙ্ঘন দর্শন কর ।৪৪

(অম্বরীষকে লক্ষ্য করিয়া বলিলেন) আমি অতিথিরূপে উপস্থিত হইলে আতিথ্য বিধানানুসারে আমাকে নিমন্ত্রণ করিয়াও তুমি আমাকে ভোজন না করাইয়া স্বয়ং অগ্রে ভোজন করিয়াছ। আমি সদ্যই তোমাকে ইহার ফল দেখাইতেছি ।৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং ব্রুবাণ উৎকৃত্য জটাং রোষপ্রদীপিতঃ।
তয়া স নির্ম্মমে তস্মৈ কৃত্যাং কালানলোপমাম্ ॥৪৬
তামাপতন্তীং জ্বলতীমসিহস্তাং পদা ভুবম্।
বেপয়ন্তীং সমুদ্‌বীক্ষ্য ন চচাল পদান্নৃপঃ ॥৪৭
প্রাগ্‌দিষ্টং ভৃত্যরক্ষায়াং পুরুষেণ মহাত্মনা।
দদাহ কৃত্যাং তাং চক্রং ক্রুদ্ধাহিমিব পাবকঃ ॥৪৮
তদভিদ্রবদুদ্‌বীক্ষ্য স্বপ্রয়াসঞ্চ নিষ্ফলম্।
দুর্ব্বাসা দুদ্রুবে ভীতো দিক্ষু প্রাণপরীপ্সয়া ॥৪৯

এবং ব্রুবাণঃ রোষেণ প্রদীপিতঃ প্রজ্বলিতঃ সঃ দুর্ব্বাসাঃ স্বস্য জটাম্ উৎকৃত্য উৎপাট্য তয়া জটয়া তস্মৈ তম্ অম্বরীষং হন্তুং কৃত্যাং মারিকাং কালানলোপমাং দেবীং নির্ম্মমে নির্ম্মিতবান্ ॥৪৬

অসিঃ খড়্গঃ হস্তে যস্যাঃ তাং পদা ভুবং বেপয়ন্তীং কম্পয়মানাং জ্বলতীং প্রদীপ্তাম্ আপতন্তীম্ আগচ্ছন্তীং তাং দেবীং কৃত্যাং সমুদ্‌বীক্ষ্য দৃষ্ট্বা নৃপঃ অম্বরীষঃ পদাৎ স্থানাৎ কিঞ্চিৎ অপি ন চচাল ॥৪৭

পাবকঃ বহ্নিঃ যথা ক্রুদ্ধম্ অহিং সর্পং দহেৎ, তথা ভৃত্যস্য অম্বরীষস্য রক্ষায়াং পূর্ব্বমেব মহাত্মনা পুরুষেণ প্রদিষ্টং সুদর্শনং চক্রং তাং দেবীং কৃত্যাং দদাহ ॥৪৮

ততশ্চ দুর্ব্বাসাঃ স্বপ্রয়াসং চেষ্টাং নিষ্ফলং ব্যর্থম্ উদ্‌বীক্ষ্য

এরূপ বলিতে বলিতেই ক্রোধোদ্দীপ্ত দুর্বাসা ঋষি জটা উৎপাটিত করিয়া তদ্দ্বারা অম্বরীষের প্রতিকূলে কালাগ্নিতুল্যা এক কৃত্যা (মারণাত্মিকা দেবতা) সৃষ্টি করিলেন।৪৬

মহারাজ অম্বরীষ সেই কৃত্যাকে অসি হস্তে পদভরে ভূমিতল কম্পিত করিয়া জ্বলন্ত আকারে নিজের দিকে আসিতে দেখিয়াও নিজের স্থান হইতে কিঞ্চিন্মাত্র বিচলিত হইলেন না।৪৭

অনন্তর অগ্নি যেরূপ ক্রুদ্ধ সর্পকে দগ্ধ করে, সেরূপ মহাপুরুষ ভগবান্ শ্রীহরিকর্তৃক ভক্তের রক্ষার জন্য পূর্ব হইতে নির্দিষ্ট সেই সুদর্শনচক্র কৃত্যাকে ভস্মীভূত করিয়াছিল।৪৮

অনন্তর দুর্বাসা ঋষি নিজের প্রয়াস নিষ্ফল হইতে

তমন্বধাবদ্ভগবদ্‌রথাঙ্গং
দাবাগ্নিরুদ্ধূতশিখো যথাহিম্।
তথানুষক্তং মুনিরীক্ষমাণো
গুহাং বিবিক্ষুঃ প্রসসার মেরোঃ ॥৫০
দিশো নভঃ ক্ষ্মাং বিবরান্ সমুদ্রান্
লোকান্ সপালাংস্ত্রিদিবং গতঃ সঃ।
যতো যতো ধাবতি তত্র তত্র
সুদর্শনং দুষ্প্রসহং দদর্শ ॥৫১

তথা স্বাভিমুখং দ্রবৎ আগচ্ছৎ হরেঃ চক্রং চ উদ্‌বীক্ষ্য ভীতঃ সন্ প্রাণপরীপ্সয়া প্রাণান্ প্রাপ্তুমিচ্ছয়া দিক্ষু দুদ্রুবে পলায়িতবান্ ॥৪৯

তং ধাবন্তং দুর্ব্বাসসং ভগবতঃ হরেঃ রথাঙ্গং সুদর্শনম্, উদ্‌ধূত-শিখঃ উদ্‌ধূতা ঊর্দ্ধং বেপমানাঃ শিখাঃ যস্য তাদৃশঃ দাবানলঃ বনাগ্নিঃ অহিং যথা অনুধাবেৎ, তথা অন্বধাবত পৃষ্ঠতঃ অগচ্ছৎ। তথা অনুষক্তং পৃষ্ঠতঃ গচ্ছন্তং চক্রম্ ঈক্ষমাণঃ মুনিঃ দুর্ব্বাসাঃ গুহাং বিবিক্ষুঃ প্রবেষ্টুমিচ্ছুঃ মেরোঃ অভিমুখং প্রসসার দুদ্রুবে ॥৫০

এবং পলায়মানঃ দুর্ব্বাসাঃ দিশঃ, নভঃ অন্তরীক্ষঃ, ক্ষ্মাং, বিবরান্, পর্ব্বতগুহাঃ, অতলাদিলোকান্, সমুদ্রান্, সপালান্ লোকান্, ত্রিদিবং স্বর্গাদিকং গতঃ; পরন্তু যতঃ যতঃ যত্র যত্র সঃ

দেখিয়া এবং সুদর্শনচক্র নিজের অভিমুখে আসিতেছে লক্ষ্য করিয়া প্রাণরক্ষার আশায় ভয়ে চারিদিকে ধাবিত হইয়াছিলেন।৪৯

প্রজ্বলিত-শিখাবিশিষ্ট দাবানল যেরূপ সর্পকে গ্রাস করিবার জন্য তাহার দিকে অগ্রসর হয়, সেরূপ ভগবানের চক্রও তখন দুর্বাসার অনুসরণ করিতেছিল। আর দুর্বাসাও তাহাকে পশ্চাৎ পশ্চাৎ আসিতে দেখিয়া সুমেরুর গুহায় প্রবেশ করিতে ইচ্ছুক হইয়া তাহার দিকে ধাবিত হইলেন।৫০

এইরূপে তিনি দিঙ্মণ্ডল, আকাশ, পৃথিবী, পাতাল, সমুদ্র, লোকপালগণসহ বিভিন্ন লোক এবং স্বর্গ ইহাদের মধ্যে যে যে স্থানেই যান, সেখানে সেখানেই সেই দুঃসহ সুদর্শনকে দর্শন করিতে-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অলব্ধনাথঃ স যদা কুতশ্চিৎ
সংত্রস্তচিত্তোঽরণমেষমাণঃ।
দেবং বিরিঞ্চং সমগাদ্ বিধাত-
স্ত্রাহ্যাত্মযোনেঽজিততেজসো মাম্ ॥৫২

ব্রহ্মোবাচ।

স্থানং মদীয়ং সহবিশ্বমেতৎ
ক্রীড়াবসানে দ্বিপরার্দ্ধসংজ্ঞে।
ভ্রূভঙ্গমাত্রেণ হি সংদিধক্ষোঃ
কালাত্মনো যস্য তিরোঽভবিষ্যৎ ॥৫৩
অহং ভবো দক্ষভৃগুপ্রধানাঃ
প্রজেশভূতেশসুরেশমুখ্যাঃ।
সর্ব্বে বয়ং যন্নিয়মং প্রপন্না
মূর্দ্ধ্ন্যর্পিতং লোকহিতং বহামঃ ॥৫৪
প্রত্যাখ্যাতো বিরিঞ্চেন বিষ্ণুচক্রোপতাপিতঃ।
দুর্ব্বাসাঃ শরণং যাতঃ শর্ব্বং কৈলাসবাসিনম্ ॥৫৫

ধাবতি, তত্র তত্র দুষ্প্রসহং সুদর্শনং দদর্শ ।৫১

ততঃ কুতশ্চিৎ কুত্রচিৎ অপি ন লব্ধঃ নাথঃ রক্ষকঃ যেন তথাভূতঃ দুর্ব্বাসাঃ সন্ত্রস্তচিত্তঃ সন্ অরণং রক্ষকম্ এষমাণঃ অন্বেষমাণঃ দেবং বিরিঞ্চং ব্রহ্মাণং সমগাৎ ; গত্বা চ হে বিধাতঃ! হে আত্মযোনে! অজিতস্য বিষ্ণোঃ তেজসঃ চক্ররূপাৎ মাং ত্রাহি পালয় ইতি বিজ্ঞাপয়মাস ॥৫২

ব্রহ্ম উবাচ। দ্বিপরার্দ্ধসংজ্ঞে তৎপরিমিত-কালাবসানে, ক্রীড়াবসানে জগজ্জননাদি-ব্যাপার-রূপ-ক্রীড়ায়াঃ অবসানে সতি মদীয়ং স্থানং সহ এতৎ বিশ্বং সংদিধক্ষোঃ দগ্ধুম্ ইচ্ছোঃ যস্য কালাত্মনঃ বিষ্ণোঃ ভ্রূভঙ্গমাত্রেণ তিরঃ অভবিষ্যৎ নাশম্ এষ্যতি, তস্য তেজসঃ সকাশাৎ ত্বাং ত্রাতুম্ অহং ন প্রভুঃ সমর্থঃ ॥৫৩

অহং ব্রহ্মা, ভবঃ রুদ্রঃ দক্ষভৃগুপ্রধানৌ মুখ্যৌ যেষাং তে তথা প্রজেশাঃ মরীচ্যাদয়ঃ, ভূতেশাঃ একাদশরুদ্র-প্রভৃতয়ঃ, সুরেশাঃ ইন্দ্রাদয়ঃ, তে মুখ্যাঃ যেষাং চ সর্ব্বে অপি বয়ং যস্য ভগবতঃ নিয়মম্ আজ্ঞাং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ তেন ভগবতা মূর্দ্ধ্নি অর্পিতং ভারম্ ইব লোকহিতং বয়ং বহামঃ কুর্ম্মঃ ॥৫৪

বিষ্ণুচক্রোপতাপিতঃ দুর্ব্বাসাঃ এবং বিরিঞ্চেন ব্রহ্মণা প্রত্যাখ্যাতঃ কৈলাসবাসিনং শর্ব্বং মহাদেবং শরণং যাতঃ। (চক্রাৎ মাং ত্রায়স্ব ইতি প্রার্থিতবান্) ॥৫৫

ছিলেন ।৫১.

এইরূপে তিনি সন্ত্রস্তচিত্তে সর্বত্র আশ্রয় অন্বেষণ করিয়াও যখন কোথাও নিজের রক্ষক কাহাকেও লাভ করিলেন না, তখন ব্রহ্মার নিকট উপস্থিত হইয়া বলিলেন—হে আত্মযোনে! হে বিধাতঃ! আপনি আমাকে সাক্ষাৎ বিষ্ণুর তেজঃস্বরূপ এই সুদর্শন হইতে রক্ষা করুন ।৫২

শ্রীব্রহ্মা বলিলেন—হে ঋষে! দুই পরার্দ্ধ সংবৎসর কাল পরে ক্রীড়ার অবসান ঘটিলে অর্থাৎ বিশ্বের পালনলীলা সমাপ্ত হইলে যিনি (যে বিষ্ণু) যে সময়ে কালরূপে এই নিখিল ব্রহ্মাণ্ড-দাহের ইচ্ছা করিবেন, তখন তাঁহার ভ্রূভঙ্গীমাত্রেই বিশ্বের সহিত আমার এই ব্রহ্মলোক অন্তর্হিত হইবে ।৫৩

আমি, শঙ্কর, দক্ষ ও ভৃগুপ্রভৃতি, প্রজাপতিগণ, ভূতপতিগণ এবং দেবেন্দ্র-প্রমুখ আমরা সকলে যাঁহার আজ্ঞা লাভ করিয়া যাহাতে লোক সমুদয়ের হিত হয় সেইরূপেই মস্তকে অর্পিত সেই আজ্ঞা বহন করিতেছি, (তুমি তাঁহারই ভক্তদ্রোহী বলিয়া আমি তোমাকে রক্ষা করিতে সমর্থ নহি) ।৫৪

ব্রহ্মার নিকট এরূপে প্রত্যাখ্যাত হইয়া সুদর্শনচক্র দ্বারা পরিপীড়িত ঋষি দুর্বাসা কৈলাসবাসী ভগবান্ শঙ্করের শরণাপন্ন হইলেন ।৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশঙ্কর উবাচ।

বয়ং ন তাত প্রভবাম ভূম্নি
যস্মিন্ পরেঽন্যেঽপ্যজজীবকোষাঃ।
ভবন্তি কালে ন ভবন্তি হীদৃশাঃ
সহস্রশো যত্র বয়ং ভ্রমামঃ ॥৫৬

অহং সনৎকুমারশ্চ নারদো ভগবানজঃ।
কপিলোঽপান্তরতমো দেবলো ধর্ম্ম আসুরিঃ ॥৫৭

মরীচিপ্রমুখাশ্চান্যে সিদ্ধেশাঃ পারদর্শিনঃ।
বিদাম ন বয়ং সর্ব্বে যন্মায়াং মায়য়াবৃতাঃ ॥৫৮

তস্য বিশ্বেশ্বরস্যেদং শস্ত্রং দুর্ব্বিষহং হি নঃ।
তমেব শরণং যাহি হরিস্তে শং বিধাস্যতি ॥৫৯

ততো নিরাশো দুর্ব্বাসাঃ পদং ভগবতো যযৌ।
বৈকুণ্ঠাখ্যং যদধ্যাস্তে শ্রীনিবাসঃ শ্রিয়া সহ ॥৬০

সন্দহ্যমানোঽজিতশস্ত্রবহ্নিনা
তৎপাদমূলে পতিতঃ সবেপথুঃ।
আহাচ্যুতানন্ত সদীপ্সিত প্রভো
কৃতাগসং মাব হি বিশ্বভাবন ॥৬১

শ্রীশঙ্করঃ উবাচ। হে তাত বৎস! যত্র যেষু ব্রহ্মাণ্ডেষু বয়ং লোকেশাভিমানিনঃ ভ্রমামঃ, তে ঈদৃশাঃ দৃশ্যমান-ব্রহ্মাণ্ড-সদৃশাঃ সহস্রশঃ অন্যে অপি অজাঃ ব্রহ্মাণঃ জীবাঃ চ তেষাং কোষাঃ নিবাসভূতাঃ ব্রহ্মাণ্ডবিগ্রহাঃ যস্মিন্ ভূম্নি পরে পরমেশ্বরে কালে সিসৃক্ষাকালে ভবন্তি উৎপদ্যন্তে, পুনঃ চ সংজিহীর্ষাকালে ন ভবন্তি, তস্মিন্ এব লীয়ন্তে, তস্মিন্ বয়ং ন প্রভবাম (তচ্চক্রাৎ ত্রাতুং ন শক্নুম ইতি) ॥৫৬

অহং রুদ্রঃ, সনৎকুমারঃ, নারদঃ, অজঃ ব্রহ্মা, অপান্তরতমঃ অজ্ঞানরহিতঃ কপিলঃ, দেবলঃ, ধর্ম্মঃ আসুরিঃ তথা মরীচি-প্রমুখাঃ অন্যে পারদর্শিনঃ সিদ্ধেশাঃ সর্ব্বজ্ঞাঃ অপি বয়ং সর্ব্বে যস্য মায়য়া বৃতাঃ মুগ্ধাঃ সন্তঃ যস্য মায়াং ন বিদামঃ ন জানামঃ ॥৫৭-৫৮

তস্য বিশ্বেশ্বরস্য ইদং নঃ অস্মাকম্ অপি দুর্ব্বিষহম্ অসহ্যম্; অতঃ তম্ এব শরণং যাহি। হরিঃ তে শং কল্যাণং বিধাস্যতি করিষ্যতি ॥৫৯

ততঃ শঙ্করাৎ নিরাশঃ রক্ষণাশারহিতঃ দুর্ব্বাসাঃ ভগবতঃ বৈকুণ্ঠাখ্যং পদং স্থানং যযৌ; যৎ যত্র শ্রীনিবাসঃ বিষ্ণুঃ শ্রিয়া সহ অধ্যাস্তে ॥৬০

অজিতস্য শস্ত্রবহ্নিনা চক্রজ্বালয়া সংদহ্যমানঃ, অতঃ স-বেপথুঃ কম্পমানদেহঃ দুর্ব্বাসাঃ তস্য ভগবতঃ পাদমূলে পতিতঃ সন্ আহ, যথা—হে সতাম্ ঈপ্সিত প্রভো বিশ্বভাবন অনন্ত অচ্যুত! কৃতাগসম্ অপরাধিনং মা মাম্ অব পাহি ॥৬১

শ্রীশঙ্কর বলিলেন—হে বৎস! আমরা লোক-পালকত্বের অভিমানী হইয়া যে সকল ব্রহ্মাণ্ডে বিচরণ করি, জীবরূপী ব্রহ্মার উপাধিস্বরূপ এরূপ আরও অসংখ্য ব্রহ্মাণ্ডবিগ্রহ যাঁহার মধ্যে যথাকালে উৎপন্ন ও বিলীন হয়, সেই ভূমা পুরুষ পরমেশ্বরের উপর আমাদের কোনরূপ প্রভুত্ব নাই।৫৬

আমি, সনৎকুমার, নারদ, ভগবান্ ব্রহ্মা, কপিল, ব্যাসদেব, দেবল, ধর্ম্ম, আসুরি এবং মরীচি প্রভৃতি অন্যান্য সিদ্ধেশ্বরগণ—আমরা সকলে সর্ব্বজ্ঞ হইয়াও যাঁহার মায়া অবগত হইতে পারি না, পরন্তু তাঁহার মায়ায় অভিভূত হইয়া রহিয়াছি, সেই বিশ্বেশ্বর শ্রীহরির অস্ত্র এই সুদর্শন আমাদের নিকট অতি দুঃসহ। অতএব তুমি তাঁহারই শরণাগত হও, সেই শ্রীহরিই তোমার মঙ্গল করিবেন।৫৭-৫৯

শ্রীশঙ্করের নিকট হইতে নিরাশ হইয়া দুর্বাসা—যেস্থানে লক্ষ্মীদেবীর সহিত শ্রীহরি বিরাজ করেন, ভগবানের সেই বৈকুণ্ঠ ধামে গমন করিলেন।৬০

তিনি সুদর্শন অস্ত্রের তেজে অতিশয় সন্তপ্ত হইয়া কম্পমান অবস্থায় ভগবানের পদমূলে পতিত হইলেন এবং কাতরকণ্ঠে বলিলেন—হে অচ্যুত! হে অনন্ত! হে সজ্জন-বাঞ্ছিত! হে বিশ্বপালক! আমি অপরাধী, আপনি আমাকে রক্ষা করুন।৬১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অজানতা তে পরমানুভাবং
কৃতং ময়াঘং ভবতঃ প্রিয়াণাম্।
বিধেহি তস্যাপচিতিং বিধাত-
র্মুচ্যেত যন্নাম্ন্যুদিতে নারকোঽপি ॥৬২

শ্রীভগবানুবাচ।

অহং ভক্তপরাধীনো হ্যস্বতন্ত্র ইব দ্বিজ।
সাধুভির্গ্রস্তহৃদয়ো ভক্তৈর্ভক্তজনপ্রিয়ঃ ॥৬৩
নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্বিনা।
শ্রিয়ঞ্চাত্যন্তিকীং ব্রহ্মন্ যেষাং গতিরহং পরা ॥৬৪
যে দারাগারপুত্রাপ্ত-প্রাণান্ বিত্তমিমং পরম্।
হিত্বা মাং শরণং যাতাঃ কথং তাংস্ত্যক্তুমুৎসহে ॥৬৫
ময়ি নির্ব্বদ্ধহৃদয়াঃ সাধবঃ সমদর্শনাঃ।
বশেকুর্ব্বন্তী মাং ভক্ত্যা সৎস্ত্রিয়ঃ সৎপতিং যথা ॥৬৬
মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদিচতুষ্টয়ম্।
নেচ্ছন্তি সেবয়াপূর্ণাঃ কুতোঽন্যৎ কালবিপ্লুতম্ ॥৬৭

তে তব পরমানুভাবম্ অজানতা ময়া ভবতঃ প্রিয়াণাং ভক্তানাম্ অঘ অনিষ্টং কৃতম্। হে বিধাতঃ! অস্য অপরাধস্য অপচিতিং নিষ্কৃতিং বিধেহি কুরু। যতঃ যস্য তব নাম্নি উদিতে উচ্চারিতে সতি নারকঃ নরকস্থঃ জীবঃ অপি মুচ্যেত ॥৬২

শ্রীভগবান্ উবাচ। হে দ্বিজ! অহং ত্বদ্রক্ষায়াম্ অস্বতন্ত্রঃ, যতঃ ভক্তপরাধীনঃ ইব; যতঃ ভক্তজনাঃ প্রিয়াঃ যস্য (তাদৃশঃ অহম্) অতঃ ভক্তৈঃ সাধুভিঃ গ্রস্তং প্রেম্না বশীকৃতং হৃদয়ং যস্য সঃ ॥৬৩

হে ব্রহ্মন্! যেষাম্ অহং পরা গতিঃ পরমাশ্রয়ঃ তৈঃ সাধুভিঃ ভক্তৈঃ বিনা আত্মানং সচ্চিদানন্দাত্মকং স্ববিগ্রহং তথা আত্যন্তিকীম্ অব্যভিচারিণীং শ্রিয়ং লক্ষ্মীঞ্চাপি ন আশাসে ন স্পৃহয়ামি ॥৬৪

যে দারাগার-পুত্রাপ্ত-প্রাণান্, বিত্তং ধনম্, ইমং লোকং, পরং চ পরলোকং হিত্বা মাং শরণং যাতাঃ, তান্ কথং ত্যক্তুম্ উৎসহে শক্নোমি ॥৬৫

সৎস্ত্রিয়ঃ সত্যঃ পতিব্রতাঃ স্ত্রিয়ঃ যথা সৎপতিং বশীকুর্ব্বন্তি, তথা ময়ি নির্ব্বদ্ধ-হৃদয়াঃ (নির্ব্বদ্ধং স্থিরীকৃতং হৃদয়ং যৈঃ) অতঃ সমদর্শনাঃ সাধবঃ ভক্ত্যা মাং বশে কুর্ব্বন্তি ॥৬৬

মৎসেবয়া প্রতীতম্ উপস্থিতং সালোক্যম্ আদি যস্য তৎ সালোক্য-সামীপ্য-সাযুজ্য-সার্ষ্টিরূপং পুরুষার্থ-চতুষ্টয়ম্ অপি ন ইচ্ছন্তি, অতঃ কালেন বিপ্লুতং বিনশ্বরম্ অন্যৎ ইন্দ্রাদিপদং ন ইচ্ছন্তি, ইতি কুতঃ কিং বক্তব্যম্? যতঃ মৎসেবয়া এব তে পূর্ণাঃ পূর্ণমনোরথাঃ ॥৬৭

হে বিধাতঃ! আমি আপনার প্রিয় ভক্তগণের অতুলনীয় প্রভাব জানিতে না পারিয়াই দুঃখকর কার্য করিয়াছি। আপনি উহার নিষ্কৃতি বিধান করুন। যে আপনার নাম উচ্চারণ করিলে নরকস্থ প্রাণীও মুক্তিলাভ করে, (সেই আপনার পক্ষে কোন কার্যই অসাধ্য নহে)।৬২

শ্রীভগবান্ বলিলেন—হে দ্বিজ! আমি ভক্তের অধীন বলিয়া স্বয়ং অস্বতন্ত্রের তুল্য; ভক্তগণ আমার প্রিয়; অতএব সাধু ভক্তগণ আমার চিত্তকে সম্পূর্ণরূপে অধিকার করিয়াছে।৬৩

হে ব্রহ্মন্! আমিই যাঁহাদের পরম গতি, আমার সেই ভক্ত সাধুগণ ব্যতীত আমি নিজকে এবং চিরকালীন ঐশ্বর্য্যসম্পদ্‌কেও আকাঙ্ক্ষা করি না।৬৪

যাঁহারা স্ত্রী, গৃহ, পুত্র, স্বজন, প্রাণ, ধন, ইহলোক ও পরলোকের বাসনা ত্যাগ করিয়া আমার শরণাগত হন, আমি কিরূপে তাঁহাদিগকে পরিত্যাগ করিতে উৎসাহী হইব?৬৫

সতী রমণীগণ যেরূপ সৎপতিকে বশীভূত করে, আমার প্রতি আবদ্ধচিত্ত সমদর্শী সাধুগণও সেরূপ ভক্তিদ্বারা আমাকে বশীভূত করেন।৬৬

আমার সেবাদ্বারা যাঁহারা পরিপূর্ণ অর্থাৎ পরিতৃপ্ত, আমার সেই ভক্তগণ আমার সেবারই ফলে সালোক্যাদি মুক্তি চতুষ্টয় প্রাপ্ত হইলেও তাহা গ্রহণ করিতে ইচ্ছা করেন না, এ অবস্থায় যাহা কাল-বশতঃ বিনশ্বর, সেরূপ স্বর্গাদি বিষয় কিরূপে ইচ্ছা করিতে পারেন?৬৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহম্।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি ॥৬৮
উপায়ং কথয়িষ্যামি তব বিপ্র শৃণুষ্ব তৎ।
অয়ং হ্যাত্মাভিচারস্তে যতস্তং যাহি মা চিরম্।
সাধুষু প্রহিতং তেজঃ প্রহর্ত্তুঃ কুরুতেঽশিবম্ ॥৬৯
তপো বিদ্যা চ বিপ্রাণাং নিঃশ্রেয়সকরে উভে।
তে এব দুর্বিনীতস্য কল্পেতে কর্ত্তুরন্যথা ॥৭০
ব্রহ্মংস্তদ্গচ্ছ ভদ্রং তে নাভাগতনয়ং নৃপম্।
ক্ষমাপয় মহাভাগং ততঃ শান্তির্ভবিষ্যতি ॥৭১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪

সাধবঃ মদ্ভক্তাঃ মহ্যং মম হৃদয়ং হৃদয্যাঃ; সাধূনাং তু হৃদয়ং হৃদয্যঃ অহম্ এব। তে সাধবঃ মদ্ভক্তাঃ মদন্যৎ প্রিয়ং বস্তু কিমপি ন জানন্তি; তথা অহমপি তেভ্যঃ অন্যৎ মনাক্ ঈষৎ অপি কিঞ্চিৎ প্রিয়ং ন জানামি ॥৬৮

হে বিপ্র! তব উপায়ং কথয়িষ্যামি, তৎ শৃণুষ্ব—হি নিশ্চিতং তে তব অয়ম্ আত্মাভিচারঃ স্বোৎপাদিত-পীড়াত্মক উপদ্রবঃ যতঃ অভূৎ, তৎ অম্বরীষম্ এব ত্বং শরণং যাহি! সাধুষু মদ্ভক্তেষু প্রহিতং প্রযুক্তং তেজঃ সামর্থ্যং প্রহর্ত্তুঃ এব অশিবম্ অনর্থং কুরুতে ॥৬৯

তপঃ অনশনাদি, বিদ্যা উপাসনা চ এতে উভে বিপ্রাণাং বিনয়াদি-গুণযুক্তানাং নিঃশ্রেয়সকরে নিরতিশয়-পুরুষার্থ-সাধনে অপি তে তব দুর্ব্বিনীতস্য দুষ্টস্য বিপ্রস্য তু অন্যথা কল্পেতে অনর্থায় এব ভবেতাম্ ॥৭০

হে ব্রহ্মন্! তৎ তস্মাৎ ময়া অপি তব রক্ষাং কর্ত্তুম্ অশক্যত্বাৎ নাভাগতনয়ম্ অম্বরীষং প্রতিগচ্ছ। তথা চ তং মহাভাগং নৃপং ক্ষমাপয়! ততঃ শান্তিঃ ভবিষ্যতি ॥৭১

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি-কৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

সাধুগণই আমার হৃদয় এবং আমিও সাধুগণের হৃদয়স্বরূপ, অতএব তাঁহারা আমা ভিন্ন কিছুই জানেন না এবং আমিও সাধুগণ ব্যতীত অপর কিছুই কিঞ্চিন্মাত্রও জানিনা।৬৮

হে বিপ্র! আমি তোমার উপায় বলিতেছি, শ্রবণ কর। যাঁহার নিকট হইতে তোমার সম্বন্ধে এই হিংসার আবির্ভাব হইয়াছে, তুমি সত্বর তাঁহারই শরণাগত হও। সাধুগণের প্রতি কোন তেজ প্রয়োগ করিলে উহা প্রয়োগকারীরই অমঙ্গল সাধন করে।৬৯

ব্রাহ্মণগণের তপস্যা ও বিদ্যা (জ্ঞান) এই উভয়ই মুক্তিজনক বটে, কিন্তু দুর্বিনীত কর্তার পক্ষে এ দুইটিই বিপরীত ফল দান করে।৭০

হে ব্রহ্মন্! তুমি নাভাগনন্দন রাজা অম্বরীষের নিকট গমন কর, তোমার মঙ্গল হউক। সেই মহাভাগ্যবান্ যাহাতে ক্ষমা করেন, তুমি তাহাই করিবে এবং তাহা হইলেই তোমার শান্তিলাভ হইবে।৭১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চমঃ অধ্যায়ঃ।

[অম্বরীষস্যানুগ্রহেণ ঋষের্দুর্ব্বাসসো দুঃখনিবৃত্তিঃ, দুর্ব্বাসসা অম্বরীষপ্রশংসা চ]

শ্রীশুক উবাচ।

এবং ভগবতাদিষ্টো দুর্ব্বাসাশ্চক্রতাপিতঃ।
অম্বরীষমুপাবৃত্য তৎপাদৌ দুঃখিতোঽগ্রহীৎ ॥১

তস্য সোদ্যমমাবীক্ষ্য পাদস্পর্শবিলজ্জিতঃ।
অস্তাবীৎ তদ্ধরেরস্ত্রং কৃপয়া পীড়িতো ভৃশম্ ॥২

অম্বরীষ উবাচ।

ত্বমগ্নির্ভগবান্ সূর্য্যস্ত্বং সোমো জ্যোতিষাং পতিঃ।
ত্বমাপস্ত্বং ক্ষিতির্ব্যোম বায়ুর্মাত্রেন্দ্রিয়াণি চ ॥৩

সুদর্শন নমস্তুভ্যং সহস্রারাচ্যুতপ্রিয়।
সর্ব্বাস্ত্রঘাতিন্ বিপ্রায় স্বস্তি ভূয়া ইড়স্পতে ॥৪

ত্বং ধর্ম্মস্ত্বমৃতং সত্যং ত্বং যজ্ঞোঽখিলযজ্ঞভুক্।
ত্বং লোকপালঃ সর্ব্বাত্মা ত্বং তেজঃ পৌরুষং পরম্ ॥৫

নমঃ সুনাভাখিলধর্ম্মসেতবে
অধর্ম্মশীলাসুরধূমকেতবে।
ত্রৈলোক্যগোপায় বিশুদ্ধবর্চ্চসে
মনোজবায়াদ্ভুতকর্ম্মণে গৃণে ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। চক্রতাপিতঃ দুর্ব্বাসাঃ ভগবতা এবম্ আদিষ্টঃ সন্ দুঃখিতঃ এব অম্বরীষম্ উপাবৃত্য আগত্য তৎপাদৌ অগ্রহীৎ ॥১

সঃ অম্বরীষঃ তস্য দুর্ব্বাসসঃ উদ্যমং পাদ-গ্রহণাদি-ক্ষমাপণোদ্যমম্ আবীক্ষ্য দৃষ্ট্বা তথা পাদস্পর্শেন বিলজ্জিতঃ তথা কৃপয়া ভৃশং পীড়িতঃ তৎ হরেঃ অস্ত্রং সুদর্শনম্ অস্তাবীৎ। সোদ্যমম্ ইতি সন্ধিরার্ষঃ ॥২

ত্বম্ অগ্নিঃ, ভগবান্ সূর্য্যঃ, ত্বং জ্যোতিষাং নক্ষত্রাণাং পতিঃ সোমঃ, ত্বম্ আপঃ জলানি, ক্ষিতিঃ, ব্যোম, বায়ুঃ, মাত্রাণি শব্দাদীনি, ইন্দ্রিয়াণি চ ॥৩

হে সহস্রার সহস্রধার! সর্ব্বাস্ত্রঘাতিন্ অচ্যুতপ্রিয় সুদর্শন! তুভ্যং নমঃ; ইড়স্পতে! পৃথ্বীপতে! বিপ্রায় বিপ্রস্য স্বস্তি ভূয়াঃ মঙ্গলরূপঃ রক্ষকঃ ভব ॥৪

ঋতং হি সুনৃতা বাণী, সত্যং চ সমদর্শনং, ধর্ম্মঃ, যজ্ঞঃ যজ্ঞাত্মতয়া উপসনীয়ঃ, অখিলযজ্ঞভুক্ সকলযজ্ঞৈঃ আরাধনীয়ঃ তৎফল-প্রদশ্চ, পৌরুষং পরং তেজঃ ত্বম্ এব তথা সর্ব্বাত্মা লোকপালঃ ত্বম্ এব ॥৫

হে সুনাভ (শোভনা নাভির্যস্য তৎ সম্বোধনে)! অখিল-

পঞ্চম অধ্যায়।

[অম্বরীষের অনুগ্রহে ঋষিদুর্ব্বাসার দুঃখনিবৃত্তি ও দুর্বাসা কর্তৃক অম্বরীষের প্রশংসা]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি এরূপ আদেশ করিলে সুদর্শনাস্ত্রতাপিত মহর্ষি দুর্বাসা অম্বরীষের নিকটে আসিয়া দুঃখিতচিত্তে তাঁহার পদযুগল ধারণ করিলেন।১

দুর্বাসাকর্তৃক পাদস্পর্শহেতু অতিলজ্জিত মহারাজ অম্বরীষ তাঁহার ঐরূপ উদ্যম লক্ষ্য করিয়া স্বয়ং অতিশয় কৃপাতুর হইয়া শ্রীহরির অস্ত্র সুদর্শনের স্তুতি করিতে লাগিলেন।২

শ্রীঅম্বরীষ বলিলেন—হে সুদর্শন! আপনিই অগ্নি, ভগবান্ সূর্য্য, নক্ষত্রাধিপতি চন্দ্র, জল, পৃথিবী, আকাশ, বায়ু, পঞ্চতন্মাত্র এবং ইন্দ্রিয়বর্গস্বরূপ। অর্থাৎ আপনার শক্তিবলেই অগ্নি প্রভৃতি সকলে নিজ নিজ কার্য সম্পাদন করিতেছে।৩

হে সুদর্শন! হে সহস্রার! হে অচ্যুতপ্রিয়! হে সর্বাস্ত্রবিনাশক! হে পৃথিবীপালক! আপনাকে প্রণাম করি। আপনি এই ব্রাহ্মণ দুর্বাসার রক্ষক হউন।৪

আপনিই ধর্ম, ঋত, যজ্ঞ, সর্বযজ্ঞভোক্তা, লোকপাল, সর্বাত্মা এবং আপনিই মহাপুরুষ বিষ্ণুর পরম সামর্থ্যস্বরূপ।৫

হে সুনাভ! আপনার কর্ম অদ্ভুত, যেহেতু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্বত্তেজসা ধর্ম্মময়েন সংহৃতং
যমঃ প্রকাশশ্চ দৃশো মহাত্মনাম্।
দুরত্যয়স্তে মহিমা গিরাং পতে
ত্বদ্রূপমেতৎ সদসৎ পরাবরম্ ॥৭
যদা বিসৃষ্টস্ত্বমনঞ্জনেন বৈ
বলং প্রবিষ্টোঽজিত-দৈত্যদানবম্।
বাহূদরোর্ব্বঙ্ঘ্রি-শিরোধরাণি
বৃশ্চন্নজস্রং প্রধনে বিরাজসে ॥৮

স ত্বং জগত্রাণ খলপ্রহাণয়ে
নিরূপিতঃ সর্ব্বসহো গদাভৃতা।
বিপ্রস্য চাস্মৎকুলদৈবহেতবে
বিধেহি ভদ্রং তদনুগ্রহো হি নঃ ॥৯
যদ্যস্তি দত্তমিষ্টং বা স্বধর্ম্মো বা স্বনুষ্ঠিতঃ।
কুলং নো বিপ্রদৈবঞ্চেৎ দ্বিজো ভবতু বিজ্বরঃ ॥১০
যদি নো ভগবান্ প্রীত একঃ সর্ব্বগুণাশ্রয়ঃ।
সর্ব্বভূতাত্মভাবেন দ্বিজো ভবতু বিজ্বরঃ ॥১১

ধর্ম্মসেতবে (অখিলানাং ধর্ম্মাণাং সেতবে মর্য্যাদারূপায়), অতঃ অধর্ম্মশীলানাম্ অসুরাণাং ধূমকেতবে দাহকায়, ত্রৈলোক্য-গোপায় তথা বিশুদ্ধবর্চ্চসে (বিশুদ্ধম্ উজ্জ্বলং বর্চ্চঃ তেজঃ যস্য তস্মৈ) মনোজবায় অদ্ভুতকর্ম্মণে তুভ্যং কেবলং নমঃ গৃণে করোমি ॥৬

হে গিরাংপতে! ধর্ম্মময়েন ত্বত্তেজসা মহাত্মনাং ভগবদুপাসকানাং দৃশঃ স্বরূপজ্ঞানস্য আবরকং তমঃ অজ্ঞানং সংহৃতম্। কিঞ্চ সদসৎ কার্য্যকারণাত্মকং, পরাবরম্ উৎকৃষ্টাপকৃষ্টম্ এতৎ জগৎ ত্বদ্রূপং ত্বয়া এব রূপ্যতে সূর্য্যাদিদ্বারা প্রকাশ্যতে। এবম্ভূতস্য তে তব মহিমা দুরত্যয়ঃ অপারঃ ইতি ॥৭

হে অজিত! অনঞ্জনেন অবিদ্যাদি-দোষ-রহিতেন, ভগবতা যদা ত্বং বিসৃষ্টঃ নির্ম্মুক্তঃ, তদা এব দৈত্যদানবং বলং সেনাং প্রবিষ্টঃ সন্ অজস্রং নিরন্তরং তেষাং বাহ্বদরোর্ব্বঙ্ঘ্রি-শিরোধরাণি বৃশ্চন্ ছিদন্ প্রধনে যুদ্ধে ত্বং বিশেষেণ রাজসে ॥৮

হে জগতঃ ত্রাণ সঃ সর্ব্বসহঃ ত্বং তথা খলানাং প্রহাণিঃ বিনাশঃ তদর্থমেব গদাভৃতা ভগবতা নিরূপিতঃ নিযুক্তঃ। তস্মাৎ অস্মৎকুলস্য দৈবহেতবে ভাগ্যলাভায় অস্য বিপ্রস্য ভদ্রং মঙ্গলং বিধেহি। হি যস্মাৎ তৎ বিপ্ররক্ষণম্ এব নঃ অস্মাকং ত্বৎকৃতঃ অনুগ্রহঃ এব (অন্যথা ব্রাহ্মণ-হিংসনাৎ লোকে অস্মাকম্ অপযশঃ কুলবিনাশঃ নরকাদি-পাতশ্চ স্যাৎ) ইতি ॥৯

নঃ অস্মাকং যদি দত্তম্ ইষ্টং বা স্বনুষ্ঠিতঃ, স্বধর্ম্মঃ বা অস্তি, কুলং চ বিপ্রদৈবং চেৎ, তর্হি বিপ্রঃ বিজ্বরঃ ভবতু ॥১০

সর্ব্বভূতাত্ম-ভাবেন (সর্ব্বেষু ভূতেষু আত্মনঃ তস্যৈব যঃ ভাবঃ ভাবনা তেন) যদি সর্ব্বগুণাশ্রয়ঃ (সর্ব্বেষাং গুণানাং গুণ-

আপনি সকল ধর্মের মর্যাদারক্ষকরূপে বিরাজ করিয়া অধর্মশীল অসুরগণকে সংহার করিতেছেন। আপনি ত্রিলোকের রক্ষক, আপনার তেজ অত্যুজ্জ্বল এবং আপনি মনের ন্যায় দ্রুতগামী। (আপনার স্তুতি করিতে কেহই সমর্থ নহে, অতএব) আমি আপনাকে কেবলমাত্র প্রণাম করিতেছি।৬

হে গীষ্পতে! আপনার ধর্মময় তেজদ্বারা জগতের তমঃ (অন্ধকার বা অজ্ঞান) দূরীভূত এবং মহাত্মাদিগের জ্ঞানদৃষ্টি প্রকাশিত হইয়াছে। আপনার মহিমা দুর্লঙ্ঘ্য। এই সৎ, অসৎ, পর ও অবর সর্ববস্তু আপনারই স্বরূপ।৭

হে অজিত! যে সময় ভগবান্ শ্রীহরি আপনাকে নিক্ষেপ করেন, তখন আপনি দৈত্য ও দানবগণের সৈন্যমধ্যে প্রবেশ করিয়া নিরন্তর তাহাদের বাহু, উদর, উরু, পদ ও গ্রীবাদেশ ছেদন করিতে করিতে যুদ্ধক্ষেত্রে বিরাজ করেন।৮

হে জগতের রক্ষক! আপনি সর্বসহ। ভগবান্ গদাধর আপনাকে দুষ্টগণের প্রহারের জন্যই নিযুক্ত করিয়াছেন। অতএব আপনি আমাদের বংশের সৌভাগ্যলাভের জন্য এই ব্রাহ্মণের মঙ্গল করুন। ইহাতেই আমাদের প্রতি অনুগ্রহ করা হইবে।৯

যদি আমার দান বা যজ্ঞরূপ কোন সুকৃত থাকে, আমি যদি সুষ্ঠুভাবে স্বধর্মের আচরণ করিয়া থাকি এবং আমার বংশ যদি ব্রাহ্মণকে দেবতারূপে স্বীকার করিয়া থাকে, তাহা হইলে এই ব্রাহ্মণ সন্তাপমুক্ত হউন।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ।

ইতি সংস্তুবতো রাজ্ঞো বিষ্ণুচক্রং সুদর্শনম্।
অশাম্যৎ সর্ব্বতো বিপ্রং প্রদহদ্ রাজযাচ্ঞয়া ॥১২
স মুক্তোঽস্ত্রাগ্নিতাপেন দুর্ব্বাসাঃ স্বস্তিমাংস্ততঃ।
প্রশশংস তমুর্ব্বীশং যুঞ্জানঃ পরমাশিষঃ ॥১৩

দুর্ব্বাসা উবাচ।

অহো অনন্তদাসানাং মহত্ত্বং দৃষ্টমদ্য মে।
কৃতাগসোঽপি যদ্ রাজন্ মঙ্গলানি সমীহসে ॥১৪
দুষ্করঃ কো নু সাধূনাং দুস্ত্যজো বা মহাত্মনাম্।
যৈঃ সংগৃহীতো ভগবান্ সাত্বতামৃষভো হরিঃ ॥১৫
যন্নামশ্রুতিমাত্রেণ পুমান্ ভবতি নির্ম্মলঃ।
তস্য তীর্থপদঃ কিং বা দাসানামবশিষ্যতে ॥১৬
রাজন্নমুগৃহীতোঽহং ত্বয়াতিকরুণাত্মনা।
মদঘং পৃষ্ঠতঃ কৃত্বা প্রাণা যন্মেঽভিরক্ষিতাঃ ॥১৭
রাজা তমকৃতাহারঃ প্রত্যাগমনকাঙ্ক্ষয়া।
চরণাবুপসংগৃহ্য প্রসাদ্য সমভোজয়ৎ ॥১৮

কার্য্যাণাং দেহেন্দ্রিয়াদি সজ্ঘতানাম্ আশ্রয়ঃ অন্তর্যামী) একঃ অদ্বিতীয়ঃ ভগবান্ নঃ অস্মাকং প্রীতঃ অস্তি, তদা দ্বিজঃ বিজ্বরঃ ভবতু ॥১১

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং সংস্তুবতঃ রাজ্ঞঃ অম্বরীষস্য সর্ব্বতঃ বিপ্রং প্রদহৎ স্থিতং বিষ্ণুচক্রং সুদর্শনং রাজ্ঞঃ যাচ্ঞয়া অশাম্যৎ শান্তম্ অভূৎ ॥১২

ততঃ অস্ত্রাগ্নেঃ সুদর্শনাগ্নেঃ তাপেন মুক্তঃ সঃ দুর্ব্বাসাঃ স্বস্তিমান্ সন্তাপরহিতঃ সন্ তম্ উর্ব্বীশং রাজানং পরমাশিষঃ যুঞ্জানঃ প্রশশংস তুষ্টাব ॥১৩

দুর্ব্বাসাঃ উবাচ। হে রাজন্! অনন্তস্য ভগবতঃ দাসানাং যুষ্মাকং মহত্ত্বম্ অহো! মে ময়া অদ্য দৃষ্টম্! যতঃ কৃতাগসঃ কৃতাপরাধস্য অপি মম ত্বং মঙ্গলানি সমীহসে ইচ্ছসি ॥১৪

যৈঃ সাত্বতাং ভক্তানাম্ ঋষভঃ পালকঃ ভগবান্ হরিঃ সংগৃহীতঃ সম্যক্ প্রেম্না হৃদি স্থাপিতঃ, তাদৃশানাং সাধূনাং মহাত্মনাং কঃ নু দুষ্করঃ দুস্ত্যজঃ বা অস্তি ॥১৫

যস্য ভগবতঃ নামশ্রুতিমাত্রেণ পুমান্ নির্ম্মলঃ ভবতি, তীর্থপদঃ গঙ্গাদি-সর্ব্বতীর্থাশ্রয়-পাদারবিন্দস্য তস্য দাসানাং কিং বা অবশিষ্যতে দুর্লভং ভবতি ॥১৬

হে রাজন্! অতিকরুণাত্মনা ত্বয়া অহম্ অনুগৃহীতঃ। যতঃ মদঘঃ মম অপরাধং পৃষ্ঠতঃ কৃত্বা অগণয্য মে প্রাণাঃ ত্বয়া অভিরক্ষিতাঃ ॥১৭

দ্বিজস্য প্রত্যাগমন-কাঙ্ক্ষয়া অকৃতাহারঃ অম্বরীষঃ দুর্ব্বাসসঃ

সকল ভূতগণের প্রতি আমাদের আত্মবৎ জ্ঞান থাকায় সর্বগুণাধার অদ্বিতীয় ভগবান্ যদি প্রীত হইয়া থাকেন, তাহা হইলে এই ব্রাহ্মণ সন্তাপমুক্ত হউন।১১

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা অম্বরীষ এরূপ স্তুতি করিলে, দুর্বাসার প্রতি সর্বতোভাবে সন্তাপজনক বিষ্ণুচক্র সেই সুদর্শন রাজার প্রার্থনানুসারে শান্ত হইলেন।১২

অনন্তর দুর্বাসা ঋষি অস্ত্রাগ্নির সন্তাপ হইতে মুক্ত হইয়া স্বস্তিলাভ করিলেন এবং মহারাজ অম্বরীষকে উত্তম আশীর্বাদ প্রদান করিয়া তাঁহার প্রশংসা করিয়াছিলেন।১৩

দুর্বাসা বলিলেন—হে মহারাজ! আমি অপরাধ করিলেও তুমি যে আমার মঙ্গলের চেষ্টা করিতেছ, ইহাতেই অদ্য আমি ভগবদ্ভক্তগণের বিচিত্র মহত্ত্ব দর্শন করিলাম।১৪

যাঁহারা সাত্বতকুলের শ্রেষ্ঠ পুরুষরূপী শ্রীহরিকে বশীভূত করিয়াছেন, সেই সাধু মহাত্মাদিগের পক্ষে দুষ্কর বা দুস্ত্যজ কিছুই নাই।১৫

যাঁহার নাম শ্রবণমাত্রেই লোক নির্মল অর্থাৎ সর্বপাপমুক্ত হয়, তীর্থপদ (যাঁহার পদে গঙ্গাতীর্থ বিরাজ করেন) সেই শ্রীহরির দাসগণের কোন প্রয়োজনই বা অবশিষ্ট থাকে ?১৬

হে মহারাজ! তুমি যে আমার অপরাধ গ্রহণ না করিয়া আমার প্রাণ রক্ষা করিয়াছ, ইহাতেই অতি দয়ালু তোমা কর্তৃক অনুগৃহীত হইয়াছি।১৭

মহারাজ অম্বরীষ দুর্বাসার প্রত্যাগমন আকাঙ্ক্ষা করিয়া এতকাল অনাহারেই ছিলেন, সম্প্রতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সোঽশিত্বাদৃতমানীতমাতিথ্যং সার্ব্বকামিকম্।
তৃপ্তাত্মা নৃপতিং প্রাহ ভুজ্যতামিতি সাদরম্ ॥১৯
প্রীতোঽস্ম্যনুগৃহীতোঽস্মি তব ভাগবতস্য বৈ।
দর্শনস্পর্শনালাপৈরাতিথ্যেনাত্মমেধসা ॥২০
কর্ম্মাবদাতমেতৎ তে গায়ন্তি স্বঃস্ত্রিয়ো মুহুঃ।
কীর্ত্তিং পরমপুণ্যাঞ্চ কীর্ত্তয়িষ্যতি ভূরিয়ম্ ॥২১
শ্রীশুক উবাচ।
এবং সংকীর্ত্ত্য রাজানং দুর্ব্বাসাঃ পরিতোষিতঃ।
যযৌ বিহায়সামন্ত্র্য ব্রহ্মলোকমহৈতুকম্ ॥২২

সংবৎসরোঽত্যগাৎ তাবদ্ যাবতা নাগতো গতঃ।
মুনিস্তদ্দর্শনাকাঙ্ক্ষী রাজাব্ভক্ষো বভূব হ ॥২৩

গতেঽথ দুর্ব্বাসসি সোঽম্বরীষো
দ্বিজোপযোগাতিপবিত্রমাহরৎ।
ঋষের্বিমোক্ষং ব্যসনঞ্চ বীক্ষ্য
মেনে স্ববীর্য্যঞ্চ পরানুভাবম্ ॥২৪

চরণৌ উপসংগৃহ্য তৎ প্রসাদ্য প্রসন্নং কৃত্বা সম্যক্ প্রীত্যা অভোজয়ৎ ॥১৮

আদৃতং যথা স্যাৎ তথা আনীতং সার্ব্বকামিকম্ আতিথ্যম্ অন্নাদিকম্ অশিত্বা তৃপ্তাত্মা সঃ দুর্ব্বাসাঃ ভুজ্যতাম্ ইতি রাজানং সাদরং প্রাহ ॥১৯

হে রাজন্! আত্মমেধসা (আত্মনি ভগবতি মেধা বুদ্ধিঃ যস্য তেন) ত্বয়া অহম্ অনুগৃহীতঃ অস্মি, তথা ভাগবতস্য তব দর্শনস্পর্শনালাপৈঃ আতিথ্যেন চ অহং প্রীতঃ অস্মি ॥২০

এতৎ মৎপ্রাণরক্ষণং তে তব অবদাতং শুদ্ধং কর্ম্ম, স্বঃ স্বর্গে স্ত্রিয়ঃ মুহুঃ গায়ন্তি গাস্যন্তি; তথা এব পরমপুণ্যাং কীর্ত্তিম্ ইয়ং ভূঃ কীর্ত্তয়িষ্যতি ॥২১

শ্রীশুকঃ উবাচ। রাজ্ঞা পরিতোষিতঃ দুর্ব্বাসাঃ এবং রাজানং সংকীর্ত্ত্য প্রশস্য তম্ আমন্ত্র্য পৃষ্ট্বা বিহায়সা মার্গেণ অহৈতুকং শুষ্কতর্কাদিশূন্যং ব্রহ্মলোকং যযৌ ॥২২

মুনিঃ (স্থানান্তরং) গতঃ সন্ যাবৎকালেন ন আগতঃ, তাবৎ সংবৎসরাত্মকঃ কালঃ অত্যগাৎ ব্যতীয়ায়। রাজা তু তস্য দর্শনম্ আকাঙ্ক্ষমাণঃ তাবৎ কালপর্য্যন্তম্ অব্ভক্ষঃ বভূব ॥২৩

দুর্ব্বাসসি গতে সতি সঃ অম্বরীষঃ দ্বিজস্য উপযোগেন ভোজনেন হেতুনা তদবশিষ্টম্ অতি পবিত্রম্ অন্নম্ আহরৎ বুভুজে। ঋষেঃ দুর্ব্বাসসঃ ব্যসনং সঙ্কটং তস্মাৎ বিমোক্ষং চ স্ববীর্যং ধৈর্য্যাদিকং বীক্ষ্য এতৎ সর্ব্বং পরানুভাবং পরস্য ভগবতঃ অনুভাবম্ এব মেনে ॥২৪

তাঁহার চরণযুগল ধারণপূর্বক তাঁহাকে প্রসন্ন করিয়া আহার করাইলেন।১৮

রাক্ষসরাজ রাবণ উহা লক্ষ্য করিয়া, নিকুম্ভ, কুম্ভ, ধূম্রলোচন, দুর্মুখ, সুরান্তক, নরান্তক প্রভৃতি বীরগণ এবং ইন্দ্রজিৎ, প্রহস্ত, অতিকায় ও বিকম্পন প্রভৃতি সকল অনুচরগণকে ও পশ্চাৎ কুম্ভকর্ণকে যুদ্ধার্থে প্রেরণ করিয়াছিল।১৮

অনন্তর শ্রীরামচন্দ্র সুগ্রীব, লক্ষ্মণ, হনুমান্, গন্ধমাদন, নীল, অঙ্গদ, জাম্ববান্ ও পনসপ্রভৃতির সহিত মিলিত হইয়া—অসি, শূল, ধনুঃ, প্রাস, ঋষ্টি, শক্তি, বাণ, তোমর ও খড়্গধারী দুর্ধর্ষ শত্রুসৈন্যের নিকট গমন করিয়াছিলেন।১৯

অনন্তর শ্রীরামচন্দ্রের সেনাধ্যক্ষ অঙ্গদ প্রভৃতি বীরগণ দ্বন্দ্বযুদ্ধের জন্য হস্তী, পদাতিক, রথ ও অশ্বসমন্বিত চতুরঙ্গ শত্রুসৈন্যগণের মধ্যে পতিত হইয়া, সীতাদেবীর দেহস্পর্শহেতু ক্ষীণমঙ্গল রাবণের অধীন সেই রাক্ষসগণকে বৃক্ষ, পর্বত, গদা ও বাণদ্বারা নিহত করিয়াছিল।২০

এ সময়ে রাক্ষসরাজ রাবণ নিজ সৈন্যগণের বিনাশ দর্শনে ক্রুদ্ধ হইয়া নিজ রথে আরোহণপূর্বক শ্রীরামচন্দ্রের অভিমুখে অগ্রসর হইল, এবং শ্রীরামচন্দ্র মাতলিকর্তৃক আনীত ইন্দ্ররথে বিরাজ করিলে সে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust, Funding by MoE-IKS

রামস্তমাহ পুরুষাদপুরীষ যন্নঃ
কান্তাসমক্ষমসতাপহৃতা শ্ববৎ তে।
ত্যক্তত্রপস্য ফলমদ্য জুগুপ্সিতস্য
যচ্ছামি কাল ইব কর্ত্তুরলঙ্ঘ্যবীর্য্যঃ ॥২২

এবং ক্ষিপন্ ধনুষি সন্ধিতমুৎসসর্জ্জ
বাণং স বজ্রমিব তদ্ধৃদয়ং বিভেদ।
সোঽসৃগ্ বমন্ দশমুখৈর্ন্যপতদ্ বিমানা-
দ্ধাহেতি জল্পতি জনে সুকৃতীব রিক্তঃ ॥২৩

ত[illegible]ঙ্কা[illegible]তার[illegible]হস্রশঃ।
মন্দোদর্য্যা [illegible]দন্ত্য উপাদ্রবন্ ॥২৪

স্বান্ স্বান্ বন্ধূন্ পরিষ্বজ্য লক্ষ্মণেষুভির্দ্দিতান্।
রুরুদুঃ সুস্বরং দীনা ঘ্নন্ত্য আত্মানমাত্মনা ॥২৫

হা হতাঃ স্ম বয়ং নাথ লোকরাবণ রাবণ।
কং যায়াচ্ছরণং লঙ্কা তদ্‌বিহীনা পরার্দ্দিতা ॥২৬

স্ববলনষ্টিম্ (স্ববলস্য নষ্টিং নাশম্) অবেক্ষ্য রুষ্টঃ রক্ষঃপতিঃ রাবণঃ যানকং পুষ্পকাখ্যং বিমানম্ আরুহ্য রামম্ অভিসসার যোদ্ধুম্ আজগাম, তথা মাতলিনা ইন্দ্রসারথিনা উপনীতে দ্যুমতি দীপ্তিযুতে স্বঃস্যন্দনে ইন্দ্ররথে বিভ্রাজমানং শ্রীরামং ক্ষুরপ্রৈঃ ক্ষুরধারাতুল্যাগ্রৈঃ নিশিতৈঃ শরৈঃ অহনৎ অহন্ ॥২১

তম্ এবং তাড়য়ন্তং রাবণং শ্রীরামঃ আহ; যথা—হে পুরুষাদপুরীষ! পুরুষাদাঃ রাক্ষসাঃ তেষাং পুরীষতুল্য! নঃ অস্মাকম্ অসমক্ষং শ্বা কুকুরঃ যথা তথা অসতা দুরাত্মনা ত্বয়া যৎ কান্তা হৃতা তস্য জুগুপ্সিতস্য কর্ম্মণঃ ফলম্ অদ্যৈব ত্যক্তত্রপস্য নির্লজ্জস্য কর্ত্তুঃ তব অলঙ্ঘ্যবীর্য্যঃ কালঃ ইব অহং যচ্ছামি দদামি ॥২২

এবম্ অধিক্ষিপন্ ধনুষি সন্ধিতং বাণম্ উৎসসর্জ্জ প্রাযুঙ্‌ক্ত, সঃ বাণঃ বজ্রমিব তস্য রাবণস্য হৃদয়ং বিভেদ। ততঃ সঃ রাবণঃ সুকৃতী যথা রিক্তঃ ক্ষীণপুণ্যঃ সন্ স্বর্লোকাৎ পততি তথা দশভিঃ মুখৈঃ অসৃক্ বমন্ তত্রত্যে জনে হাহেতি জল্পতি সতি বিমানাৎ পুষ্পকাৎ অপতৎ ॥২৩

অতঃ অনন্তরং মন্দোদর্য্যা রাবণ-ভার্য্যয়া সমং সহ প্ররুদন্ত্যঃ সহস্রশঃ যাতুধান্যঃ লঙ্কায়াঃ নিষ্ক্রম্য যত্র রাবণঃ পতিতঃ, তত্র উপাদ্রবন্ আজগ্মুঃ ॥২৪

তত্র লক্ষ্মণস্য ইষুভিঃ অর্দ্দিতান্ হতান্ স্বান্ স্বান্ বন্ধূন্ নৃপতীন্ পরিষ্বজ্য আত্মনা স্বেনৈব আত্মানং দেহং ঘ্নন্ত্যঃ দীনাঃ দুঃখিতাঃ যথা তথা রুরুদুঃ ॥২৫

তীক্ষ্ণ ক্ষুরপ্র অস্ত্রসমূহদ্বারা আঘাত করিয়াছিল।২১

তৎকালে শ্রীরামচন্দ্র রাবণকে বলিলেন—হে রাবণ! তুমি রাক্ষসগণের মধ্যে বিষ্ঠাতুল্য। তুমি আমার অগোচরে যেহেতু কুকুরের ন্যায় আমার ভার্য্যাকে হরণ করিয়াছ, সেইহেতু অলঙ্ঘ্যপ্রভাব কাল যেরূপ অধর্মকারী ব্যক্তিকে যথোচিত ফলদান করেন, সেরূপ্ আমিও অদ্য লজ্জাশূন্য তোমার নিন্দিত কর্মের সমুচিত ফল দান করিব।২২

শ্রীরামচন্দ্র রাবণকে এরূপ ভর্ৎসনা করিয়া ধনুকে বাণ যোজনাপূর্বক তাহার দিকে নিক্ষেপ করিলেন এবং ঐ বাণ বজ্রের ন্যায় তাহার হৃদয় ভেদ করিয়াছিল। অনন্তর পুণ্যক্ষয় হইলে সুকৃতী ব্যক্তি যেরূপ অধোলোকে পতিত হয়, রাবণও সেরূপ দশমুখে রক্ত বমন করিতে করিতে পুষ্পকরথ হইতে ভূপতিত হইল। তৎকালে রাক্ষসগণ সকলে হাহাকার করিতেছিল।২৩

রাবণের মৃত্যুর পর মন্দোদরীর সহিত সহস্র সহস্র রাক্ষসী লঙ্কা হইতে বাহির হইয়া রোদন করিতে করিতে সত্বর সেখানে উপস্থিত হইয়াছিল।২৪

তৎকালে তাহারা লক্ষ্মণের বাণদ্বারা নিহত নিজ নিজ বন্ধুগণকে আলিঙ্গন করিয়া হস্তদ্বারা বক্ষঃ প্রভৃতি স্থানে আঘাত করিতে করিতে কাতরভাবে করুণস্বরে ক্রন্দন করিয়াছিল।২৫

(তাহারা বলিতে লাগিল) হে নাথ! হে লোকভয়ঙ্কর রাবণ! আমরা হত হইলাম, তোমার অভাবে শত্রুপীড়িতা এই লঙ্কাপুরী কাহাকে আশ্রয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন বৈ বেদ [illegible] সর্ব্ব পারিষ্টাৎ প্র[illegible]ভে।
তেজোঽনুভাবং স[illegible] সভার্য্যস্য স[illegible]মমাম্ ॥২৭
কৃতৈষা বিধবা লঙ্কা বয়ঞ্চ কুলনন্দন।
দেহঃ কৃতোঽন্নং গৃধ্রাণামাত্মা নরকহেতবে ॥২৮

শ্রীশুক উবাচ।

স্বানাং বিভীষণশ্চক্রে কোশলেন্দ্রানুমোদিতঃ।
পিতৃমেধবিধানেন যদুক্তং সাম্পরায়িকম্ ॥২৯

ততো দদর্শ ভগবানশোকবনিকাশ্রমে।
ক্ষামাং স্ববিরহব্যাধিং শিংশপামূলমাশ্রিতাম্ ॥৩০
রামঃ প্রিয়তমাং ভার্য্যাং দীনাং বীক্ষ্যান্বকম্পত।
আত্মসন্দর্শনাহ্লাদ-বিকসন্মুখপঙ্কজাম্ ॥৩১
আরোপ্যারুরুহে যানং ভ্রাতৃভ্যাং হনুমদ্যুতঃ।
বিভীষণায় ভগবান্ দত্ত্বা রক্ষোগণেশতাম্।
লঙ্কামায়ুশ্চ কল্পান্তং যযৌ চীর্ণব্রতঃ পুরীম্ ॥৩২

হে লোকরাবণ (লোকান্ জনান্ রাবয়তীতি) নাথ রাবণ! বয়ং লঙ্কাবাসিনঃ সর্ব্বে হতাঃ স্ম। যতঃ পরৈঃ শত্রুভিঃ অর্দ্দিতা পীড়িতা ত্বদ্‌বিহীনা ত্বয়া রহিতা লঙ্কা লঙ্কাস্থঃ জনঃ কং শরণং যায়াৎ ॥২৬

হে মহাভাগ! কামবশং গতঃ ভবান্ সীতায়াঃ তেজসঃ প্রভাবং নৈব বৈ বেদ ন জ্ঞাতবান্। যেন ইমাং দশাং মরণাবস্থাং নীতঃ প্রাপ্তোঽসি ॥২৭

হে কুলনন্দন! বয়ম্ এষা লঙ্কা চ ত্বয়া সীতাপহার-পূর্ব্বক-প্রাণ-ত্যাগেন বিধবা কৃতা তথা স্বদেহঃ গৃধ্রাণাম্ অন্নং ভক্ষ্যঃ কৃতঃ, তথা আত্মা জীবশ্চ নরকহেতবে নরক-ভোগায় কৃতঃ ॥২৮

শ্রীশুকঃ উবাচ। ততঃ চ কোশলেন্দ্রেণ শ্রীরামেণ অনু-মোদিতঃ আজ্ঞপ্তঃ বিভীষণঃ স্বানাং মৃতানাং রাবণাদীনাং পিতৃমেধ-বিধানেন যৎ সাম্পরায়িকম্ ঔর্দ্ধদেহিকং কর্ম্ম উক্তং তৎ চক্রে ॥২৯

ততঃ তদনন্তরং ভগবান্ শ্রীরামঃ অশোকবনে যঃ আশ্রমঃ তস্মিন্ শিংশপাবৃক্ষস্য মূলম্ আশ্রিতাং স্বস্য বিরহেণ বিশ্লেষে ব্যাধিঃ যস্যাঃ তাম্ অতএব ক্ষামাং কৃশাং সীতাং দদর্শ ॥৩০

রামঃ (পারবশ্যেন) দীনাম্ আত্মনঃ স্বস্য সন্দর্শনেন যঃ আহ্লাদঃ তেন বিকসৎ মুখং পঙ্কজম্ ইব যস্যাঃ তাং প্রিয়তমাং ভার্য্যাং সীতাং বীক্ষ্য অন্বকম্পত কৃপাং কৃতবান্ ॥৩১

ততঃ চ তাং সীতাং যানং পুষ্পকম্ আরোপ্য ভ্রাতৃভ্যাং লক্ষ্মণ-সুগ্রীবাভ্যাং সহ হনুমতা চ যুতঃ স্বয়ং রথম্ আরুরুহে। ততঃ চ রক্ষোগণেশতাম্, আকল্পান্তম্ আয়ুঃ, লঙ্কাং চ বিভী-

---

করিবে ?২৬

হে মহাভাগ! তুমি কামপরবশ হইয়া সীতার তেজঃপ্রভাব জানিতে পার নাই—যে তেজের প্রভাবে সম্প্রতি এই মৃত্যুদশায় উপনীত হইয়াছ।২৭

হে কুলনন্দন! তুমি এই লঙ্কাসহ আমাদিগকে বিধবা, নিজ দেহকে গৃধ্রগণের ভক্ষ্য এবং আত্মাকে নরকগামী করিয়াছ।২৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর বিভীষণ শ্রীরামচন্দ্রের অনুমোদনানুসারে মৃত জ্ঞাতিগণের সম্বন্ধে পারলৌকিক বিধানবর্ণিত ঔর্ধ্ব-দেহিক কার্য সম্পাদন করিয়াছিলেন।২৯

অনন্তর শ্রীরামচন্দ্র অশোক বনে শিংশপা বৃক্ষের মূলদেশে অবস্থিতা, নিজ বিরহসন্তপ্তা, ক্ষীণদেহা সীতাদেবীকে দর্শন করিলেন।৩০

তৎকালে শ্রীরামচন্দ্রের দর্শনজনিত আনন্দে সীতাদেবীর মুখপদ্ম উৎফুল্ল হইলে ভগবান্ শ্রীরামচন্দ্র দৈন্যগ্রস্তা প্রিয়তমা ভার্যাকে দেখিয়া তাঁহার প্রতি কৃপা প্রকাশ করিলেন।৩১

অনন্তর ভগবান্ শ্রীরামচন্দ্র বিভীষণকে রাক্ষস-গণের আধিপত্য, লঙ্কাপুরী এবং কল্পকাল পর্যন্ত স্থায়ী আয়ুঃ প্রদানপূর্বক সীতাকে রথে আরোহণ করাইয়া হনুমান্, লক্ষ্মণ ও সুগ্রীবের সহিত স্বয়ং পুষ্পক রথে আরোহণ করিলেন এবং নিজ বনবাস ব্রত সমাপ্ত হওয়ায় অযোধ্যাভিমুখে যাত্রা করিয়াছিলেন (তৎকালে বিভীষণও তাঁহার সহযাত্রী হইয়াছিলেন)।৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust, Funding by MoE-IKS

অবকীর্য্যমাণঃ কুসুমৈর্লোকপালার্পিতৈঃ পথি।
উপগীয়মানচরিতঃ শতধৃত্যাদিভির্মুদা ॥৩৩
গোমূত্রযাবকং শ্রুত্বা ভ্রাতরং বল্কলাম্বরম্।
মহাকারুণিকোঽতপ্যজ্জটিলং স্থণ্ডিলেশয়ম্ ॥৩৪
ভরতঃ প্রাপ্তমাকর্ণ্য পৌরামাত্যপুরোহিতৈঃ।
পাদুকে শিরসি ন্যস্য রামং প্রত্যুদ্যতোঽগ্রজম্ ॥৩৫
নন্দিগ্রামাৎ স্বশিবিরাৎ গীতবাদিত্রনিস্বনৈঃ।
ব্রহ্মঘোষেণ চ মুহুঃ পঠদ্ভির্ব্রহ্মবাদিভিঃ ॥৩৬
স্বর্ণ[illegible]জা[illegible]স্তু[illegible]তার[illegible] রথৈঃ।
সদশ্বৈরুক্মসং[illegible]টবর্ম্মভিঃ ॥৩৭
শ্রেণীভির্বারমুখ্যাভির্ভৃত্যৈশ্চৈব পদানুগৈঃ।
পারমেষ্ঠ্যান্যুপাদায় পণ্যান্যুচ্চাবচানি চ।
পাদয়োর্ন্যপতৎ প্রেম্না প্রক্লিন্নহৃদয়েক্ষণঃ ॥৩৮
পাদুকে ন্যস্য পুরতঃ প্রাঞ্জলির্বাষ্পলোচনঃ।
তমাশ্লিষ্য চিরং দোর্ভ্যাং স্নাপয়ন্নেত্রজৈর্জলৈঃ ॥৩৯
রামো লক্ষ্মণ-সীতাভ্যাং বিপ্রেভ্যো যে অর্হত্তমাঃ।
তেভ্যঃ স্বয়ং নমশ্চক্রে প্রজাভিশ্চ নমস্কৃতঃ ॥৪০

যস্মৈ দত্ত্বা চীর্ণম্ অনুষ্ঠিতং ব্রতং পিতুরাদেশরূপং যেন সঃ ভগবান্ রামঃ পুরীম্ অযোধ্যাং যযৌ প্রতস্থে। পথি লোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ অর্পিতৈঃ কুসুমৈঃ অবকীর্য্যমাণঃ আচ্ছাদ্যমানঃ তথা শতধৃত্যাদিভিঃ ব্রহ্মাদিভিঃ মুদা হর্ষেণ উপগীয়মানং চরিতং যস্য তথাভূতঃ রামঃ যযৌ। গোমূত্রযাবকং গোমূত্র-পক্ব-যবান্নভোজিনং, বল্কলম্ এব অম্বরং যস্য তং, জটিলং জটাধরং, তথা স্থণ্ডিলে দর্ভৈঃ আস্তীর্ণে ভূতলে ভূপ্রদেশে শেতে ইতি তথাভূতং ভ্রাতরং ভরতং শ্রুত্বা মহাকারুণিকঃ রামঃ অতপ্যৎ পরিতাপ। ভরতঃ অগ্রজং জ্যেষ্ঠং ভ্রাতরং শ্রীরামং প্রাপ্তং পুরীম্ আগচ্ছন্তম্ আকর্ণ্য শ্রুত্বা, তস্য পাদুকে শিরসি নিধায় পৌরামাত্যপুরোহিতৈঃ সহিতৈঃ গীতিবাদিত্র-নিস্বনৈঃ স্বশি-বিরাৎ প্রত্যুদ্যতঃ অভিমুখং যযৌ। ব্রহ্ম বেদং ঘোষেণ উচ্চৈ স্বরেণ মুহুঃ পঠদ্ভিঃ ব্রহ্মবাদিভিঃ, স্বর্ণরসাক্তাঃ কক্ষাঃ প্রান্তাঃ যাসাং তাভিঃ পতাকাভিঃ, হৈমৈঃ স্বর্ণ-রচিতৈঃ চিত্রাঃ ধ্বজাঃ যেষু তৈঃ, সন্তঃ অশ্বাঃ যেষু তৈঃ, রুক্মনির্ম্মিতাঃ সন্নাহাঃ যেষু তৈঃ রথৈঃ পুরটবর্ম্মভিঃ স্বর্ণ-কবচ-ধারিভিঃ ভটৈঃ সহ শ্রেণীভিঃ তাম্বুলিকাদিভিঃ বারমুখ্যাভিঃ বেশ্যাভিঃ পদানুগৈঃ পাদচারিভিঃ ভৃত্যৈঃ চ সহ পারমেষ্ঠ্যানি মহারাজার্হাণি ছত্র-চামরাদীনি উচ্চাবচানি পণ্যানি উপাদায় প্রেম্না প্রক্লিন্নম্ আর্দ্রীভূতং হৃদয়ম্ ঈক্ষণে নেত্রে চ যস্য সঃ ততঃ প্রাঞ্জলিঃ বাষ্পলোচনঃ ভরতঃ পাদুকে ন্যস্য নিধায় পাদয়োঃ ন্যপতৎ। ততঃ শ্রীরামঃ তং ভরতং চিরং ক্ষণম্ আশ্লিষ্য আলিঙ্গ্য নেত্রজৈঃ

তৎকালে যাত্রাপথে লোকপালগণ তাঁহার উপর পুষ্পবর্ষণ এবং ব্রহ্মাদি দেবগণ প্রীতিভরে তাঁহার চরিত-কীর্তন করিতেছিলেন।৩৩

এ সময়ে পরমকারুণিক শ্রীরামচন্দ্র গোমূত্রপক্ব যবান্নমাত্র ভক্ষণকারী, জটাবল্কলধারী ও স্থণ্ডিল শয্যাশ্রয়ী ভরতের কথা শুনিয়া সন্তাপবোধ করিয়াছিলেন।৩৪

এদিকে ভরত তাঁহার উপস্থিতির কথা শুনিতে পাইয়া তদীয় পাদুকাযুগল মস্তকে ধারণপূর্বক পৌরজন, অমাত্যবর্গ ও পুরোহিতগণের সহিত অগ্রজ শ্রীরামচন্দ্রের অভিমুখে অগ্রসর হইলেন।৩৫

তৎকালে ভরত নন্দিগ্রামস্থিত নিজ শিবির হইতে গীতবাদ্যধ্বনি সহকারে, নিরন্তর উচ্চস্বরে মন্ত্র পাঠরত বেদজ্ঞ ব্রাহ্মণগণের সহিত শ্রীরামচন্দ্রের প্রত্যুদ্-গমনের জন্য অগ্রসর হইয়াছিলেন।৩৬

তিনি প্রান্তভাগে সুবর্ণ রসে রঞ্জিত পতাকারাজি এবং বিচিত্র ধ্বজশোভিত, উত্তম অশ্বযুক্ত, সুবর্ণময় পরিচ্ছদমণ্ডিত স্বর্ণময় রথসমূহ, স্বর্ণবর্মাবৃত সৈন্য-সমুদয়, বেশ্যাশ্রেণী ও পদচারী ভৃত্যগণের সহিত রাজোচিত ছত্রচামরাদি ও বিবিধ পণ্যদ্রব্য লইয়া শ্রীরামচন্দ্রের নিকট যাইয়া তাঁহার পদযুগলে পতিত হইয়াছিলেন।৩৭-৩৮

তৎকালে তাঁহার নয়নযুগল ও বক্ষঃস্থল প্রেমাবেগে অশ্রুসিক্ত হইয়াছিল। ভরত পাদুকা-যুগল সম্মুখে রাখিয়া বাষ্পাকুল- নেত্রে কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিলে, শ্রীরামচন্দ্র বাহুযুগলদ্বারা দীর্ঘকাল পর্য্যন্ত তাঁহাকে আলিঙ্গন করিয়া নয়নজলে স্নান করাইয়া পশ্চাৎ তিনি, সীতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধুন্বন্ত উত্তরাসঙ্গান্ সর্ব্ব পরিষ্টাৎ প্রনৃত্যতে।
উত্তরাঃ কোশলা মাল্যৈঃ সভার্য্যস্য সম্পৃতুর্মুদা ॥৪১

পাদুকে ভরতোঽগৃহ্লাচ্চামরব্যজনোত্তমে।
বিভীষণঃ সসুগ্রীবঃ শ্বেতচ্ছত্রং মরুৎসুতঃ ॥৪২

ধনুর্নিষঙ্গাঞ্ছত্রুঘ্নঃ সীতা তীর্থকমণ্ডলুম্।
অবিভ্রদঙ্গদঃ খড়্গং হৈমং চর্ম্মর্ক্ষরাণ্নৃপ ॥৪৩

পুষ্পকস্থো নুতঃ স্ত্রীভিঃ স্তূয়মানশ্চ বন্দিভিঃ।
বিরেজে ভগবান্ রাজন্ গ্রহৈশ্চন্দ্র ইবোদিতঃ ॥৪৪

ভ্রাত্রাভিনন্দিতঃ সোঽথ সোৎসবাং প্রাবিশৎ পুরীম্।
প্রবিশ্য রাজভবনং গুরুপত্নীঃ স্বমাতরম্ ॥৪৫

গুরূন্ বয়স্যাবরজান্ পূজিতঃ প্রত্যপূজয়ৎ।
বৈদেহী লক্ষ্মণশ্চৈব যথাবৎ সমুপেয়তুঃ ॥৪৬

আনন্দবিন্দুভিঃ স্নাপয়ন্ লক্ষ্মণ-সীতাভ্যাং সহ বিপ্রেভ্যঃ যে চ অর্হত্তমাঃ তেভ্যঃ চ স্বয়ং নমশ্চক্রে তথা প্রজাভিঃ চ স্বয়ং নমস্কৃতঃ বভূব ॥৩২-৪০

উত্তরাঃ কোশলাঃ উত্তরকোশলস্থাঃ প্রজাঃ চিরাৎ আগতং পতিং শ্রীরামম্ অবলোক্য মুদা হর্ষেণ মাল্যৈঃ পুষ্পৈঃ কিরন্তঃ, উত্তরাসঙ্গান্ উত্তরীয়ান্ বিধুন্বন্তঃ চালয়ন্তঃ ননৃতুঃ ॥৪১

ভরতঃ পাদুকে অগৃহ্লাৎ, বিভীষণঃ সুগ্রীবশ্চ চামর-ব্যজনোত্তমে অগৃহ্লীতাম্, মরুৎসুতঃ হনুমানঃ শ্বেতচ্ছত্রম্ অগৃহ্লাৎ ॥৪২

হে নৃপ! ধনুর্নিষঙ্গৌ চ তান্ শত্রুঘ্নঃ অগৃহ্লাৎ, তীর্থজলভৃতং কমণ্ডলুং সীতা অবিভ্রৎ, খড়্গম্ অঙ্গদঃ, হৈমং স্বর্ণ-খচিতং চর্ম্ম ঋক্ষরাট্ জাম্ববান্ অবিভ্রৎ ॥৪৩

হে রাজন্! স্ত্রীভিঃ বারমুখ্যাভিঃ নুতঃ, বন্দিভিঃ চ স্তূয়মানঃ, পুষ্পকস্থঃ ভগবান্ রামঃ গ্রহৈঃ গুরুশুক্রাদিভিঃ বৃতঃ উদিতঃ চন্দ্রঃ ইব বিরেজে ॥৪৪

ভ্রাতৃভিঃ ভরতাদিভিঃ নন্দিতঃ অনুমোদিতঃ শ্রীরামঃ সোৎসবাম্ অলঙ্কৃতাং পুরীম্ অযোধ্যাং প্রাবিশৎ। ততঃ রাজভবনং প্রবিশ্য গুরুপত্নীঃ কৈকেয্যাদ্যাঃ স্বমাতরং কৌশল্যাং গুরূন্ বশিষ্ঠান্ বয়স্যান্ অবরজান্ চ যথোচিতং তৈঃ পূজিতঃ সন্ প্রত্যপূজয়ৎ মানিতবান্। তথা বৈদেহী লক্ষ্মণঃ চ যথাবৎ যথাযোগ্যং পূজিতৌ তান্ পূজিতবন্তৌ সমুপেয়তুঃ রাজভবনং বিবিশতুঃ ॥৪৫-৪৬

ও লক্ষ্মণ ব্রাহ্মণগণকে ও পূজনীয় কুলবৃদ্ধগণকে প্রণাম করিলেন এবং প্রজাগণও তাঁহাকে নমস্কার করিয়াছিল।৩৯-৪০

তখন উত্তর-কোশল-নিবাসী প্রজাগণ দীর্ঘকাল পরে নিজ অধিপতিকে প্রত্যাগত দেখিয়া হর্ষভরে উত্তরীয় বস্ত্র সঞ্চালন, তাঁহার প্রতি পুষ্পমাল্য বর্ষণ ও নৃত্য করিয়াছিল।৪১

হে মহারাজ! তৎকালে ভরত তাঁহার পাদুকা-যুগল, সুগ্রীব ও বিভীষণ চামরযুগল, হনুমান্ শ্বেতচ্ছত্র, শত্রুঘ্ন ধনুঃ ও তূণ, সীতাদেবী তীর্থজল-পূর্ণ কমণ্ডলু, অঙ্গদ খড়্গ এবং জাম্ববান্ সুবর্ণময় চর্ম্ম (ঢাল) গ্রহণ করিয়াছিলেন।৪২-৪৩

হে মহারাজ! তৎকালে পুষ্পকরথস্থিত শ্রীরামচন্দ্রকে রমণীগণ স্তুতি ও বন্দিগণ বন্দনা করিলে তিনি গ্রহগণসহ উদিত চন্দ্রের ন্যায় বিরাজ করিয়াছিলেন।৪৪

অনন্ত শ্রীরামচন্দ্র ভ্রাতা ভরতকর্তৃক অভিনন্দিত হইয়া উৎসবযুক্ত পুরী মধ্যে প্রবেশ করিলেন এবং রাজভবনে প্রবেশ করিয়া নিজ মাতা কৌশল্যা, কৈকেয়ী প্রভৃতি গুরুপত্নীগণ ও গুরুজনগণকে পূজা করিয়াছিলেন। ইহার পর বয়স্য ও কনিষ্ঠগণ তাঁহার যথোচিত পূজা করিলে তিনি তাঁহাদের প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন করিলেন। ইহার পর সীতাদেবী এবং লক্ষ্মণও যথাযথভাবে গুরুজন প্রমুখ সকলের নিকট গমন করিয়াছিলেন।৪৫-৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুত্রান্ স্বমাতরস্তাস্ত প্রাণাংস্তন্ব ইবোত্থিতাঃ।
আরোপ্যাঙ্কেঽভিষিঞ্চন্ত্যো বাষ্পৌঘৈর্বিজহুঃশুচঃ॥৪৭
জটা নির্মুচ্য বিধিবৎ কুলবৃদ্ধৈঃ সমং গুরুঃ।
অভ্যষিঞ্চদ্ যথৈবেন্দ্রং চতুঃসিন্ধুজলাদিভিঃ ॥৪৮
এবং কৃতশিরঃস্নানঃ সুবাসাঃ স্রগ্ব্যলঙ্কৃতঃ।
স্বলঙ্কৃতৈঃ সুবাসোভির্ভ্রাতৃভির্ভার্য্যয়া বভৌ ॥৪৯
অগ্রহীদাসনং ভ্রাত্রা প্রণিপত্য প্রসাদিতঃ।
প্রজাঃ স্বধর্ম্মনিরতা বর্ণাশ্রমগুণান্বিতাঃ।
জুগোপ পিতৃবদ্ রামো মেনিরে পিতরঞ্চ তম্ ॥৫০

ত্রেত[illegible]জা[illegible]তার[illegible]ইভবৎ।
রামে রাজ[illegible]সুখাবহে ॥৫১
বনানি নদ্যো গিরয়ো বর্ষাণি দ্বীপসিন্ধবঃ।
সর্ব্বে কামদুঘা আসন্ প্রজানাং ভরতর্ষভ ॥৫২
নাধিব্যাধিজরাগ্লানি-দুঃখশোকভয়ক্লমাঃ।
মৃত্যুশ্চানিচ্ছতাং নাসীদ্ রামে রাজন্যধোক্ষজে ॥৫৩
একপত্নীব্রতধরো রাজর্ষিচরিতঃ শুচিঃ।
স্বধর্ম্মং গৃহমেধীয়ং শিক্ষয়ন্ স্বয়মাচরৎ ॥৫৪

স্বমাতরঃ কৌশল্যাদ্যাঃ পুত্রান্ সমীক্ষ্য প্রাণান্ তন্বঃ (প্রাণরহিতাদেহাঃ) ইব উত্থিতাঃ সত্যঃ অঙ্কে আরোপ্য বাষ্পৌঘৈঃ অভিষিঞ্চন্ত্যঃ শুচঃ বিরহশোকান্ বিজহুঃ॥৪৭

ততঃ গুরুঃ বশিষ্ঠঃ কুলবৃদ্ধৈঃ সমং সহ রামস্য জটাঃ নির্মুচ্য চতুঃসিন্ধুজলাদিভিঃ বিধিবৎ ইন্দ্রং যথা তথা রামম্ অভ্যষিঞ্চৎ রাজ্যে অভিষিক্তবান্॥৪৮

এবং কৃতং শিরঃ স্নানং যেন সঃ, শোভনে বাসসী যস্য সঃ, স্রগ্বী মাল্যধারী, অলঙ্কৃতঃ রামঃ স্বলঙ্কৃতৈঃ সুবাসোভিঃ অলঙ্কৃতয়া ভার্য্যয়া সীতয়া চ সহ বভৌ অশোভত ॥ ৪৯

ততঃ ভ্রাত্রা ভরতেন প্রণিপত্য প্রসাদিতঃ প্রার্থিতঃ সন্ রাজাসনম্ অগ্রহীৎ। স্বধর্ম্মনিরতাঃ বর্ণাশ্রমগুণান্বিতাঃ প্রজাঃ পিতৃবৎ পিতা ইব রামঃ জুগোপ। তাঃ প্রজাঃ চ তং রামং পিতরং মেনিরে ॥৫০

ধর্ম্মজ্ঞে সর্ব্বভূত-সুখাবহে রামে রাজনি সতি ত্রেতায়াং বর্তমানায়াং ত্রিপাদ্ধর্ম্মযুক্তে অপি চতুষ্পাদ্ধর্ম্মযুতঃ কৃতযুগসমঃ কালঃ অভবৎ ॥৫১

হে ভরতর্ষভ! তদা বনানি, নদ্যঃ, গিরয়ঃ পর্ব্বতাঃ, বর্ষাণি, দ্বীপাঃ, সিন্ধবঃ চ সর্ব্বে প্রজানাং কামদুঘাঃ আসন্ ॥৫২

অধোক্ষজে রামে রাজনি সতি আধি-ব্যাধি-জরা-গ্লানি-দুঃখ-শোক-ভয়-ক্লমাঃ ন আসন্, তথা অনিচ্ছতাং মৃত্যুঃ চ ন আসীৎ ॥৫৩

একপত্নীব্রতধরঃ রাজর্ষীণাং মহতাম্ এব চরিতং যস্য সঃ,

প্রাণসঞ্চারে দেহ যেরূপ উত্থিত হয়, সেরূপ তৎকালে মাতৃবর্গ নিজ নিজ পুত্রকে উপস্থিত হইতে দেখিয়া সকলে উত্থানপূর্ব্বক তাঁহাদিগকে ক্রোড়ে লইয়া নেত্রবাষ্প-জলে অভিষেক সহকারে শোক পরিত্যাগ করিয়াছিলেন।৪৭

অনন্তর কুলগুরু বশিষ্ঠ কুলবৃদ্ধগণের সহযোগে তাঁহার জটা উন্মোচন করাইয়া চতুঃসমুদ্রের জল প্রভৃতি অভিষেক দ্রব্যদ্বারা ইন্দ্রের ন্যায় যথাবিধি তাঁহার অভিষেক ক্রিয়া সম্পাদন করিলেন।৪৮

এইরূপ শিরঃস্নানের পর শ্রীরামচন্দ্র মনোরম বস্ত্র, মাল্য ও বিবিধ অলঙ্কারে শোভিত হইয়া ভার্য্যা সীতাদেবী এবং বস্ত্রালঙ্কারভূষিত ভ্রাতৃগণের সহিত অতিশয় দীপ্তি প্রকাশ করিয়াছিলেন।৪৯

অনন্তর ভ্রাতা ভরত তাঁহাকে প্রণামপূর্ব্বক প্রসন্ন করিলে তিনি রাজসিংহাসন গ্রহণ করিয়া বর্ণাশ্রমোচিত গুণসম্পন্ন স্বধর্মনিষ্ঠ প্রজাগণকে পিতার ন্যায় প্রতিপালন করিয়াছিলেন এবং প্রজাগণও তাঁহাকে পিতা বলিয়া মনে করিয়াছিল।৫০

সকল লোকের সুখজনক ধর্মজ্ঞ শ্রীরামচন্দ্র রাজা হইলে ত্রেতাযুগ বিদ্যমান থাকিলেও বস্তুতঃ সেই কাল সত্যযুগেরই তুল্য হইয়াছিল।৫১

হে ভরতকুলশ্রেষ্ঠ মহারাজ! তৎকালে বন, নদী, পর্বত, বর্ষ, দ্বীপ ও সাগরসমূহ সকলই প্রজাগণের অভীষ্ট পূরণ করিতেছিল।৫২

ভগবান্ শ্রীরামচন্দ্রের রাজত্বকালে প্রজাগণের মনঃপীড়া, দৈহিক রোগ, জরা, গ্লানি, দুঃখ, শোক,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেম্নানুবৃত্ত্যা শীলেন সর্ব্বপারিস্থাৎ প্রশ্রয়েন চ।
ভিয়া হ্রিয়া চ ভাবজ্ঞা ভর্ত্তুঃ সীতাহরন্মনঃ ॥৫৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে দশমোঽধ্যায়ঃ।

শুচিঃ রাগাদিশূন্যঃ রামঃ গৃহমেধীয়ং স্বধর্ম্মং লোকং শিক্ষয়ন্ স্বয়ম্ আচরৎ অনুষ্ঠিতবান্ ॥৫৪

প্রশ্রয়েণ বিনয়েন অবনতা নম্রা সীতা প্রেম্না অনুবৃত্ত্যা শীলেন ভিয়া হ্রিয়া চ ভর্ত্তুঃ শ্রীরামস্য মনঃ অহরৎ বশীকৃতবতী ॥৫৫

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে দশমোঽধ্যায়ঃ।

ভয়, ক্লান্তি, এমন কি তাহাদের অনিচ্ছাসত্ত্বে মৃত্যুও ছিল না।৫৩

একপত্নীব্রতধারী ও রাজর্ষির আচরণযুক্ত ভগবান্ শ্রীরামচন্দ্র সর্বদা শুদ্ধভাবে থাকিয়া প্রজাগণকে গৃহস্থোচিত ধর্ম শিক্ষাদানের জন্যই স্বয়ং উহার আচরণ করিতেন।৫৪

তৎকালে স্বামীর অভিপ্রেত বিষয়ে অভিজ্ঞা সীতাদেবী সর্বদা বিনয়াবনতা হইয়া প্রেম, আনুগত্য, শীল, বুদ্ধি ও লজ্জাদ্বারা শ্রীরামচন্দ্রের চিত্ত আকর্ষণ করিয়াছিলেন।৫৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[শ্রীরামাদীনাং বংশবর্ণনম্, ভক্তবৃন্দৈঃ সহ তস্য স্বপদারোহণঞ্চ।]

শ্রীশুক উবাচ।
ভগবানাত্মনাত্মানং রাম উত্তমকল্পকৈঃ।
সর্ব্বদেবময়ং দেবমীজেঽথাচার্য্যবান্ মখৈঃ ॥১

হোত্রেঽদদাদ্দিশং প্রাচীং ব্রহ্মণে দক্ষিণাং প্রভুঃ।
অধ্বর্য্যবে প্রতীচীং বা উত্তরাং সামগায় সঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ভগবান্ রামঃ আচার্য্যবান্ সন্ উত্তমকল্পকৈঃ উত্তম-সাধনৈঃ মখৈঃ যজ্ঞৈঃ সর্ব্বদেবময়ং দেবম্ আত্মানম্ এব স্বয়মেব ঈজে ॥১

অন্বয়ঃ

হোত্রে প্রাচীং দিশং, ব্রহ্মণে দক্ষিণাম্, অধ্বর্য্যবে প্রতীচীং তথা সামগায় উত্তরাং দিশং সঃ প্রভুঃ রামঃ দক্ষিণাম্ অদদাৎ ॥২

একাদশ অধ্যায়

[শ্রীরামাদির বংশবর্ণন এবং ভক্তগণের সহিত তাঁহার স্ব-পদারোহণ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর ভগবান্ শ্রীরামচন্দ্র আচার্য্য বশিষ্ঠদেবের উপদেশানুসারে যথাযথ উত্তম উপকরণাদিযুক্ত সর্বাঙ্গসম্পন্ন যজ্ঞসমূহদ্বারা সর্বদেবময় বিষ্ণুরূপী নিজকেই নিজে অর্চনা করিয়াছিলেন।১

তিনি যজ্ঞান্তে হোতাকে পূর্ব দিক্, ব্রহ্মাকে দক্ষিণ দিক্, অধ্বর্যুকে পশ্চিম দিক্ এবং সামগায়ককে উত্তর দিক্ দান করিয়াছিলেন ॥২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্যায় দদৌ শেষং যাবতী ভূস্তদন্তরা।
মন্যমান ইদং কৃৎস্নং ব্রাহ্মণোঽর্হতি নিঃস্পৃহঃ ॥৩

ইত্যয়ং তদালঙ্কারবাসোভ্যামবশেষিতঃ।
তথা রাজ্ঞ্যপি বৈদেহী সৌমঙ্গল্যাবশেষিতা ॥৪

তে তু ব্রাহ্মণদেবস্য বাৎসল্যং বীক্ষ্য সংস্তুতম্।
প্রীতাঃ ক্লিন্নধিয়স্তস্মৈ প্রত্যর্প্যেদং বভাষিরে ॥৫

ইদং কৃৎস্নং ভূমণ্ডলং নিঃস্পৃহঃ ব্রাহ্মণঃ এব অর্হতি ইতি মন্যমানঃ তদন্তরা তাসাং দিশাং মধ্যে যাবতীঃ ভূঃ তাং শেষভূতাম্ আচার্য্যায় দদৌ ॥৩

ইতি এবং দানেন অয়ং শ্রীরামঃ তদা শরীরস্থ অলঙ্কার-বাসোভ্যাম্ এব অবশেষিতঃ তদতিরিক্তং সর্ব্বং দদৌ। তথা রাজ্ঞী বৈদেহী সীতাপি দেহাৎ অলঙ্কারান্ উত্তার্য্য প্রদায় কেবলং সৌমঙ্গল্যমাত্রেণ নাসাভরণ-বস্ত্রাদ্যাবশ্যকেন অবশেষিতা বভূব ॥৪

তে হোত্রাদয়ঃ ব্রাহ্মণাঃ ব্রাহ্মণ-দেবস্য (ব্রাহ্মণাঃ দেবাঃ আরাধ্যাঃ যস্য) তস্য শ্রীরামস্য সৎসু সদাচারনিষ্ঠেষু তৎ বদান্যত্বযুক্তং বাৎসল্যং বীক্ষ্য প্রীতাঃ ক্লিন্নধিয়ঃ স্নেহার্দ্র চিত্তাঃ সন্তঃ তস্মৈ রামায় দত্তং সর্ব্বং প্রত্যর্প্য ইদং বক্ষ্যমাণং বভাষিরে ॥৫

ঐ সকল দিকের মধ্যবর্তী যে সমুদয় ভূমি ছিল, তাহা কোন নিঃস্পৃহ ব্রাহ্মণই পাইতে পারেন—এরূপ বিচার করিয়া তিনি ঐ সকল ভূমিভাগ আচার্যকে দান করিলেন ॥৩

এইরূপ দানের পর শ্রীরামচন্দ্রের কেবলমাত্র বস্ত্র ও অলঙ্কার এবং সীতাদেবীর কেবলমাত্র মাঙ্গলিক অলঙ্কারই অবশিষ্ট রহিল ॥৪

তৎকালে দানপ্রাপ্ত ব্রাহ্মণগণ ব্রাহ্মণবৎসল ভগবান্ শ্রীরামচন্দ্রের প্রশংসাযোগ্য তাদৃশ বাৎসল্য-দর্শনে প্রীত ও স্নেহার্দ্র চিত্ত হইয়া ঐসকল লব্ধ দ্রব্য তাঁহাকে প্রত্যর্পণ পূর্বক এরূপ বলিয়াছিলেন ॥৫

হে ভগবন্! হে ভুবনেশ্বর! যেহেতু আপনি আমাদের হৃদয়ের অভ্যন্তরে প্রবেশ করিয়া নিজ

অপ্র[illegible]ত্তা[illegible]ত[illegible]ত্তার[illegible]শ্বর।
যন্নোঽন্তর্হৃ[illegible]স স্বরোচিষা ॥৬

নমো ব্রহ্মণ্যদেবায় রামায়াকুণ্ঠমেধসে।
উত্তমঃশ্লোকধুর্য্যায় ন্যস্তদণ্ডার্পিতাঙ্ঘ্রয়ে ॥৭

কদাচিল্লোকজিজ্ঞাসুর্গূঢ়ো রাত্র্যামলক্ষিতঃ।
চরন্ বচোঽশৃণোদ্ রামো ভার্য্যামুদ্দিশ্য কস্যচিৎ ॥৮

হে ভুবনেশ্বর ভগবন্! ত্বয়া নঃ অস্মাকং কিং নু অপ্রত্তং কিং ন দত্তম্? যৎ যস্মাৎ নঃ অস্মাকম্ অন্তর্হৃদয়ং প্রবিশ্য স্বরোচিষা স্বপ্রকাশেন তমঃ অজ্ঞানং হংসি ॥৬

ব্রহ্মণ্যদেবায় (ব্রহ্মণি ব্রহ্মকুলে সাধবঃ ব্রহ্মণ্যাঃ তেষু দেবঃ দীপ্যমানঃ তস্মৈ), অকুণ্ঠমেধসে (অকুণ্ঠা মেধা জ্ঞানং যস্য তস্মৈ), উত্তমঃশ্লোকধুর্য্যায় (উত্তমঃ শ্লোকঃ যশঃ যেষাং তেষাং ধুর্য্যায় মুখ্যায়), ন্যস্তদণ্ডার্পিতাঙ্ঘ্রয়ে (ন্যস্তদণ্ডৈঃ ভূতদ্রোহ-রহিতৈঃ অর্পিতৌ চিত্তে নিহিতৌ অঙ্ঘ্রী যস্য তস্মৈ) রামায় নমঃ ॥৭

কদাচিৎ লোকজিজ্ঞাসুঃ লোকঃ কিং বদতীতি জ্ঞাতুমিচ্ছুঃ, অতঃ গূঢ়ঃ প্রচ্ছন্নবেশঃ অলক্ষিতঃ রাত্র্যাং তত্র পুর্য্যাং চরন্ শ্রীরামঃ ভার্য্যাম্ উদ্দিশ্য কস্যচিৎ বচঃ অশৃণোৎ ॥৮

দীপ্তি দ্বারা অজ্ঞানময় অন্ধকার বিনাশ করিতেছেন, অতএব আপনি আমাদিগকে কোন্ বস্তু দান না করিয়াছেন? ॥

যিনি অহিংসাপরায়ণ মুনিগণের চিত্তে নিজ পাদপদ্ম অর্পণ করিয়াছেন, উত্তমঃ-শ্লোকগণের অগ্রগণ্য, অকুণ্ঠ-বুদ্ধি, ব্রহ্মণ্যদেব সেই শ্রীরামচন্দ্রকে প্রণাম করি ॥৭

এক সময়ে শ্রীরামচন্দ্র নিজের সম্বন্ধে প্রজাগণের অন্তরের ভাব জানিতে ইচ্ছা করিয়া রাত্রিকালে অপরের অলক্ষ্যে গূঢ়ভাবে ভ্রমণ করিতে করিতে কোন এক ব্যক্তির নিজ স্ত্রীর বিষয়ে উচ্চারিত এরূপ বাক্য শ্রবণ করিয়াছিলেন ॥৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

নাহং বিভর্ম্মি [illegible] সর্ব্ব পরিষ্টাৎ প্র[illegible]্যতে।
স্ত্রৈণো হি বিভৃয়াৎ [illegible] সভার্য্যস্ত্য [illegible]হং ভজে পুনঃ॥৯
ইতি লোকাদ্ বহুমুখাদ্দুরারাধ্যাদসংবিদঃ।
পত্যা ভীতেন সা ত্যক্তা প্রাপ্তা প্রাচেতসাশ্রমম্॥১০
অন্তর্ব্বত্ন্যাগতে কালে যমৌ সা সুষুবে সুতৌ।
কুশো লব ইতি খ্যাতৌ তয়োশ্চক্রে ক্রিয়া মুনিঃ॥১১
অঙ্গদশ্চিত্রকেতুশ্চ লক্ষ্মণস্যাত্মজৌ স্মৃতৌ।
তক্ষঃ পুষ্কল ইত্যাস্তাং ভরতস্য মহীপতে॥১২

সুবাহুঃ শ্রুতসেনশ্চ শত্রুঘ্নস্য বভূবতুঃ।
গন্ধর্ব্বান্ কোটিশো জঘ্নে ভরতো বিজয়ে দিশাম্॥১৩
তদীয়ং ধনমানীয় সর্ব্বং রাজ্ঞে ন্যবেদয়ৎ।
শত্রুঘ্নশ্চ মধোঃ পুত্রং লবণং নাম রাক্ষসম্॥
হত্বা মধুবনে চক্রে মথুরাং নাম বৈ পুরীম্॥১৪
মুনৌ নিক্ষিপ্য তনয়ৌ সীতা ভর্ত্রা বিবাসিতা।
ধ্যায়ন্তী রামচরণৌ বিবরং প্রবিবেশ হ॥১৫

পরবেশ্মগাং পরগৃহগতাম্ অসতীং ব্যভিচারিণীং দুষ্টাং ত্বাম্ অহং ন বিভর্মি ন পালয়ামি। হি নিশ্চিতং রামঃ স্ত্রৈণঃ স্ত্রীলোভী, অতঃ রাবণ-গৃহগতাং সীতাং বিভৃয়াৎ; অহং তু পুনঃ ত্বাং ন ভজে ন অঙ্গীকুর্য্যাম্॥৯

ইতি এবং বহুমুখাৎ নানাবিধ-বাদিনঃ দুরারাধ্যাৎ প্রবোধয়িতুম্ অশক্যাৎ, অসংবিদঃ অতত্ত্বজ্ঞাৎ লোকাৎ জনাৎ ভীতেন পত্যা শ্রীরামেণ ত্যক্তা সীতা প্রাচেতসস্য বাল্মীকেঃ আশ্রমং প্রাপ্তা॥১০

অন্তর্বত্নী গর্ভিণী সা সীতা প্রসবকালে আগতে সতি যমৌ সহজৌ যৌ কুশঃ লবঃ ইতি আখ্যাতৌ সুতৌ সুষুবে। তয়োঃ সুতয়োঃ জাতকর্ম্মাদিক্রিয়াঃ মুনিঃ বাল্মীকিঃ চক্রে॥১১

অঙ্গদঃ চিত্রকেতুঃ চ লক্ষ্মণস্য আত্মজৌ স্মৃতৌ। তক্ষঃ পুষ্কলঃ চ ইতি ভরতস্য আস্তাম্, তথা সুবাহুঃ শ্রুতসেনঃ চ পুত্রৌ শত্রুঘ্নস্য বভূবতুঃ। দিশাং বিজয়ে ভরতঃ কোটিশঃ গন্ধর্ব্বান্ জঘ্নে হতবান্; তথা তদীয়ং ধনম্ আনীয় সর্ব্বং রাজ্ঞে শ্রীরামায় ন্যবেদয়ৎ। তথা শত্রুঘ্নঃ মধোঃ পুত্রং লবণং নাম রাক্ষসং হত্বা মথুরাং নাম পুরীং চক্রে নির্মমে॥১২-১৪

ভর্ত্রা শ্রীরামেণ বিবাসিতা, অতঃ প্রসব পর্য্যন্তম্ অবস্থিতা সীতা-তনয়ৌ লব-কুশৌ মুনৌ বাল্মীকৌ নিক্ষিপ্য তদধীনৌ কৃত্বা রামচরণৌ ধ্যাত্বা ধ্যায়ন্তী এব ভুবঃ বিবরং প্রবিবেশ॥১৫

তুমি পরগৃহগামী দুষ্টা অসতী বলিয়া আমি আর তোমার ভরণ পোষণ করিব না। স্ত্রৈণ রামচন্দ্র পরগৃহীতা সীতাকে ভরণ পোষণ করিতে পারেন, কিন্তু আমি তোমাকে আর গ্রহণ করিতে পারি না॥৯

অজ্ঞ লোক না বুঝিয়া নানারূপ অপপ্রচার করে, তাহারা দুরারাধ্য অর্থাৎ কোনরূপেই তাহাদিগকে নিবৃত্ত করা যায় না। এ অবস্থায় পতি শ্রীরামচন্দ্র লোকভয়ে সীতাদেবীকে পরিত্যাগ করিলে তিনি বাল্মীকিমুনির আশ্রমে আশ্রয় লইয়াছিলেন॥১০

সীতাদেবী তৎকালে গর্ভবতী ছিলেন এবং যথাকালে কুশ ও লব নামে খ্যাত যমজ পুত্র প্রসব করিলে মহর্ষি বাল্মীকিই তাঁহাদের জাতকর্মাদি ক্রিয়াসমূহ সম্পাদন করিয়াছিলেন॥১১

হে মহারাজ! লক্ষ্মণের অঙ্গদ ও চিত্রকেতু নামক দুই পুত্র এবং ভরতের তক্ষ ও পুষ্কলনামক দুই পুত্র জন্মগ্রহণ করিয়াছিল॥১২

শত্রুঘ্নের সুবাহু ও শ্রুতসেন নামক দুই পুত্র উৎপন্ন হইয়াছিল। ভরত দিগ্‌বিজয়ে অসংখ্য গন্ধর্বের প্রাণসংহার করিয়াছিলেন॥১৩

তিনি নিহত গন্ধর্বগণের সমস্ত ধন আনিয়া মহারাজ শ্রীরামচন্দ্রের নিকট অর্পণ করিলেন। শত্রুঘ্ন মধুনামক দৈত্যের পুত্র লবণ নামক রাক্ষসকে নিহত করিয়া মধুবনে মথুরাপুরী প্রতিষ্ঠা করেন॥১৪

পতিকর্তৃক নির্বাসিতা সীতাদেবী মহর্ষি বাল্মীকির নিকট পুত্র দুইটিকে সমর্পণ করিয়া শ্রীরামচন্দ্রের চরণযুগল ধ্যান করিতে করিতে পাতালে প্রবেশ করিয়াছিলেন॥১৫

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৎ শ্রুত্বা ভগবান্ রামো রুন্ধন্নপি ধিয়া শুচঃ।
স্মরংস্তস্যা গুণাংস্তাংস্তান্ নাশক্নোদ্রোদ্ধুমীশ্বরঃ ॥১৬

স্ত্রীপুং প্রসঙ্গ এতাদৃক্ সর্ব্বত্র ত্রাসমাবহঃ।
অপীশ্বরাণাং কিমুত গ্রাম্যস্য গৃহচেতসঃ ॥১৭

তত উর্দ্ধং ব্রহ্মচর্য্যং ধারয়ন্নজুহোৎ প্রভুঃ।
ত্রয়োদশাব্দসাহস্রমগ্নিহোত্রমখণ্ডিতম্ ॥১৮

স্মরত[illegible]কৈঃ।
স্বপাদপল্লবং [illegible]তিরগাৎ ততঃ ॥১৯

নেদং যশো রঘুপতেঃ সুরযাচ্ঞয়াত্ত—
লীলাতনোরধিকসাম্যবিমুক্তধাম্নঃ।
রক্ষোবধো জলধিবন্ধনমস্ত্রপূগৈঃ
কিং তস্য শত্রুহননে কপয়ঃ সহায়াঃ ॥২০

তৎ তস্যাঃ বিবর-প্রবেশনং শ্রুত্বা শুচঃ শোকাশ্রুণি ধিয়া বিবেকেন রুন্ধন্ অপি ঈশ্বরঃ জিতেন্দ্রিয়ঃ রামঃ তস্যাঃ তান্ তান্ সৌশীল্যাদি-গুণান্ স্মরন্ রোদ্ধুং ন অশক্নোৎ ॥১৬

স্ত্রী-পুংসয়োঃ প্রসঙ্গঃ আসক্তিঃ এতাদৃক্ ঈশ্বরাণাম্ অপি সর্ব্বত্র এব ত্রাসং ভয়ম্ আবহতীতি তথা গৃহে এব চেতঃ যস্য তস্য গ্রাম্যস্য গৃহস্থস্য ভয়াবহঃ ইতি তু কিম্ উত বক্তব্যম্ ॥১৭

ততঃ উর্দ্ধং ব্রহ্মচর্য্যং ধারয়ন্ প্রভুঃ রামঃ ত্রয়োদশাব্দানাং সাহস্রম্ অখণ্ডিতম্ অগ্নিহোত্রম্ অজুহোৎ ॥১৮

ততঃ চ রামঃ স্মরতাং তদ্ভক্তানাং হৃদি দণ্ডককণ্টকৈঃ বিদ্ধং স্বপাদপল্লবং বিন্যস্য আত্মজ্যোতিঃ প্রকাশাত্মকং স্বলোকম্ অগাৎ ॥১৯

কপি-সহায়েন জলধিবন্ধনম্, অস্ত্রপূগৈঃ চ রক্ষোবধঃ (রক্ষসাং বধঃ), কবিভিঃ আশ্চর্য্যম্ ইব বর্ণিতম্, তথাপি সুরযাচ্ঞয়া আত্তা স্বীকৃতা লীলার্থা তনুঃ যেন তস্য অধিক-সাম্যাভ্যাং বিমুক্তং ধাম প্রভাবঃ যস্য তস্য শত্রুহননে কপয়ঃ সহায়াঃ ইতি ইদং রঘুপতেঃ যশঃ প্রশংসাবাদঃ ন ভবতি ॥২০

ভগবান্ শ্রীরামচন্দ্র সীতার পাতাল প্রবেশ শ্রবণ করিয়া বুদ্ধিবলে শোকবেগ ত্যাগ করিতে চেষ্টা করিলেন বটে, কিন্তু স্বয়ং ঈশ্বর হইয়াও সীতা-দেবীর বিবিধ গুণসমূহের স্মরণহেতু শোকবেগ সম্বরণে সমর্থ হন নাই ॥১৬

স্ত্রী ও পুরুষের প্রসঙ্গ সর্বত্রই এরূপ ভীতিজনক হয়। ঈশ্বরগণেরও যখন এরূপ অবস্থা ঘটে, তখন গৃহাসক্ত গ্রাম্য জনের কথা আর কি বলিব ?।১৭

অনন্তর প্রভু শ্রীরামচন্দ্র অখণ্ড ব্রহ্মচর্য অবলম্বন পূর্বক ত্রয়োদশ সহস্র বৎসর অগ্নিহোত্র অনুষ্ঠান করিয়াছিলেন।১৮

ইহার পর তিনি স্মরণকারিদিগের হৃদয়ে দণ্ডকারণ্যের কণ্টকবিদ্ধ পদযুগল বিন্যস্ত করিয়া অর্থাৎ তাঁহাদের চিত্তে নিজ পদযুগলের স্মৃতি রাখিয়া নিজ জ্যোতির্ময় ধামে যাত্রা করিয়াছিলেন।১৯

ভগবান্ শ্রীরামচন্দ্র কেবলমাত্র দেবগণের প্রার্থনায়ই নরদেহ ধারণ করিয়াছিলেন। বস্তুতঃ তাঁহার প্রভাব অপেক্ষা অধিক বা তাহার তুল্য প্রভাব অপর কাহারও নাই বলিয়া, অস্ত্ররাজিদ্বারা রাক্ষসবধ এবং সমুদ্রবন্ধন কবিগণের বর্ণনায় আশ্চর্য্যজনক হইলেও বস্তুতঃ তাঁহার স্তুতির বিষয় নহে। এ অবস্থায় সুগ্রীবাদি বানরগণ তাঁহার শত্রুবধে কি সাহায্য করিবে ? সুগ্রীবাদির আশ্রয় গ্রহণের ন্যায় শত্রুবধপ্রভৃতি সমস্তই [তাঁহার লীলামাত্র।২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যস্যামলং নৃ[illegible] সর্ব্বপরিষ্টাৎ প্র[illegible]্যতে
গায়[illegible]গভেন্দ্রপট্যম্।
তন্নাকপালবসুপালকিরীটজুষ্ট—
পাদাম্বুজং রঘুপতিং শরণং প্রপদ্যে ॥২১
স যৈঃ স্পৃষ্টোঽভিদৃষ্টো বা সংবিষ্টোঽনুগতোঽপি[illegible]
কোশলাস্তে যযুঃ স্থানং যত্র গচ্ছন্তি যোগিনঃ ॥২২
পুরুষো রামচরিতং শ্রবণৈরুপধারয়ন্।
আনৃশংস্যপরো রাজন্ কর্ম্মবন্ধৈর্বিমুচ্যতে ॥২৩

যস্য অমলং শুদ্ধম্ অঘঘ্নং বক্তৃশ্রোতৃণাং পাপবিনাশকম্, অতএব দিগিভেন্দ্রপট্টং (দিগিভেন্দ্রাণাং পট্টবদাবরণরূপং) যুধিষ্ঠিরাদীনাং সদঃসু সভাসু ঋষয়ঃ মার্কণ্ডেয়াদয়ঃ গায়ন্তি তং নাকপালাঃ স্বর্গপালাঃ দেবাঃ, বসুপালাঃ কুবেরাদয়ঃ, পৃথ্বীপালাঃ চ তেষাং কিরীটৈঃ জুষ্টং সেবিতং পাদাম্বুজং যস্য তং রঘুপতিং শরণং প্রপদ্যে ॥২১

তদানীং যৈঃ জনৈঃ সঃ শ্রীরামঃ স্পৃষ্টঃ অভিদৃষ্টঃ সংবিষ্টঃ উপবেশিতঃ, অনুগতঃ অপি বা তে সর্ব্বেঽপি কোশলবাসিনঃ যত্র যৎ স্থানং যোগিনঃ গচ্ছন্তি, তৎ স্থানং যযুঃ ॥২২

হে রাজন্! আনৃশংস্যপরঃ কার্য্যাদিদোষরহিতঃ পুরুষঃ

যাঁহার যশোরাশি দিক্‌হস্তিগণের আচ্ছাদন বস্ত্ররূপে বিরাজ করিতেছে অর্থাৎ দিগন্ত পর্য্যন্ত বিস্তৃত রহিয়াছে এবং মার্কণ্ডেয়াদি মুনিগণ এখন যুধিষ্ঠিরাদি নৃপতিগণের সভায় পাপনাশক সেই নির্মল যশঃ কীর্তন করেন, সেই রঘুপতি শ্রীরামচন্দ্রের পাদপদ্মযুগল দেবতাগণ ও নরপতিগণের মুকুটদ্বারা সেবিত হইয়াছে। আমরা সেই ভগবান্ শ্রীরামচন্দ্রের শরণাপন্ন হইতেছি।২১

যাঁহারা শ্রীরামচন্দ্রকে স্পর্শ বা দর্শন করিয়াছিলেন, কিংবা তাঁহাকে উপবেশন করাইয়াছিলেন, অথবা তাঁহার অনুগমন করিয়াছিলেন, সেই অযোধ্যাবাসিগণ—যোগিগণ যেস্থানে গমন করেন, সেই পুণ্য লোকে গমন করিয়াছিলেন।২২

হে মহারাজ! নৃশংসতা ত্যাগ করিয়া মানুষ

রাজোবাচ
কথং স ভগবান্ রামো ভ্রাতৄন্ বা স্বয়মাত্মনঃ।
তস্মিন্ বা তেঽন্ববর্ত্তন্ত প্রজাঃ পৌরাশ্চ ঈশ্বরে ॥২৪
শ্রীবাদরায়ণিরুবাচ
অথাদিশদ্দিগ্বিজয়ে ভ্রাতৄংস্ত্রিভুবনেশ্বরঃ।
আত্মানং দর্শয়ন্ স্বানাং পুরীমৈক্ষত সানুগঃ ॥২৫
আসিক্তমার্গাং গন্ধোদৈঃ করিণাং মদশীকরৈঃ।
স্বামিনং প্রাপ্তমালোক্য মত্তাং বা সুতরামিব ॥২৬

রামচরিতং শ্রবণৈঃ উপধারয়ন্ হৃদি স্থাপয়ন্ কর্ম্মবন্ধৈঃ সংসারহেতুভিঃ বিমুচ্যতে ॥২৩

রাজা পরীক্ষিৎ উবাচ। সঃ ভগবান্ রামঃ আত্মনঃ স্বস্য ভ্রাতৄন্ প্রতি কথম্ অবর্ত্তত তথা তস্মিন্ ঈশ্বরে তে ভ্রাতরঃ প্রজাঃ পৌরাঃ চ অন্ববর্ত্তত ॥২৪

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। অথ ত্রিভুবনেশ্বরঃ শ্রীরামঃ দিগ্বিজয়ে ভ্রাতৄন্ ভরতাদীন্ আদিশৎ; স্বানাং পৌরাদীনাম্ আত্মানং দর্শয়ন্ সানুগঃ পুরীম্ অযোধ্যাং সর্ব্বতঃ ঐক্ষত ॥২৫

গন্ধোদৈঃ সুগন্ধ্যুদকৈঃ করিণাং হস্তিনাং মদশীকরৈঃ মদবিন্দুভিঃ চ সিক্তাঃ মার্গাঃ যস্যাঃ তাং সুতরাং মত্তাম্ ইব

শ্রীরামচরিত কর্ণগোচর করিলে কর্মবন্ধন হইতে মুক্তিলাভ করেন।২৩

পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! ভগবান্ শ্রীরামচন্দ্র স্বয়ং কিরূপে বর্তমান ছিলেন, নিজের অংশস্বরূপ ভ্রাতৃগণের প্রতিই বা কিরূপ আচরণ করিতেন এবং ঈশ্বরস্বরূপ তাঁহার প্রতি কনিষ্ঠ ভ্রাতৃগণ, প্রজাগণ ও পুরবাসিগণই বা কিরূপ ব্যবহার করিতেন?।২৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজসিংহাসন গ্রহণের পর ত্রিলোকপতি ভগবান্ শ্রীরামচন্দ্র ভ্রাতৃগণকে দিগ্‌বিজয়ের আদেশ দিয়াছিলেন এবং অনুচরগণের সহিত মিলিত হইয়া নিজ জনগণকে সাক্ষাৎকার দান করিয়া পুরী দর্শন করিতেন।২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাসাদগোপুরসভা-চৈত্যদেবগৃহাদিষু ।
বিন্যস্তহেমকলসৈঃ পতাকাভিশ্চ মণ্ডিতাম্ ॥২৭
পূগৈঃ সবৃন্তৈঃ রম্ভাভিঃ পট্টিকাভিঃ সুবাসসাম্ ।
আদর্শৈরংশুকৈঃ স্রগ্‌ভিঃ কৃতকৌতুকতোরণাম্ ॥২
তমুপেয়ুস্তত্র তত্র পৌরা অর্হণপাণয়ঃ ।
আশীষো যুযুজুর্দ্দেব পাহীমাং প্রাক্‌ত্বয়োদ্ধৃতাম্ ॥২৯

সমৃদ্ধাং বা বাসিতাং কামোন্মত্তাং গাম্ ইব তাং স্বামিনং শ্রীরামং প্রাপ্তম্ আলোক্য, প্রাসাদ-গোপুর-সভা-চৈত্য-দেবগৃহাদিষু বিন্যস্তহেমকলসৈঃ পতাকাভিঃ চ মণ্ডিতাম্, সবৃন্তৈঃ পুষ্পফলাদিযুক্তৈঃ পূগৈঃ গুবাকৈঃ রম্ভাভিঃ সুবাসসাং, পট্টিকাভিঃ ধ্বজবিশেষৈঃ মণ্ডিতাম্, আদর্শৈঃ দর্পণৈঃ, অংশুকৈঃ বস্ত্রৈঃ স্রগ্‌ভিঃ চ কৃতকৌতুকতোরণাং কৃতানি কৌতুকেন উৎসাহেন তোরণানি যস্যাং তাং পুরীম্ ঐক্ষত (ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥২৬-২৮

অর্হণপাণয়ঃ (অর্হণানি পূজাসাধনানি পাণিষু যেষাং তে) পৌরাঃ তত্র তত্র রামম্ উপেয়ুঃ উপজগ্মুঃ। ততঃ চ হে দেব! প্রাক্ বরাহাবতারেত্বয়া উদ্ধৃতাম্ ইমাং ভূমিং

তাঁহার পরিদর্শনের পূর্বেই পথসমূহ গন্ধজল ও হস্তিগণের মদজলদ্বারা সিক্ত হইত, এ অবস্থায় সেই পুরী নিজ স্বামীকে সমাগত দেখিয়া যেন অতিশয় হর্ষোন্মত্ততা প্রকাশ করিত।২৬

প্রাসাদ, পুরদ্বার, সভা, চৈত্য ও দেবমন্দির প্রভৃতি স্থানে সংস্থাপিত সুবর্ণ কলস ও পতাকারাজি সর্বদাই উক্ত পুরীর শোভাবর্ধন করিত।২৭

তৎকালে ঐ পুরীমধ্যে স্থানে স্থানে বৃন্তযুক্ত গুবাকগুচ্ছ, কদলীবৃক্ষ, মনোরম বস্ত্রের পট্টিকা, দর্পণ, বস্ত্র এবং মালাদ্বারা মঙ্গলতোরণ রচিত হইত।২৮

পুরীদর্শনকালে তিনি যে যে স্থানে গমন করিতেন, সে সকল স্থানে পুরবাসিগণ উপহার হস্তে তাঁহার নিকটে আসিয়া আশীর্বাদ উচ্চারণ-

ততঃ প্রজা [illegible] তং
দিদৃক্ষয়োৎসৃষ্টগৃহাঃ স্ত্রিয়ো নরাঃ ।
আরুহ্য হর্ম্ম্যাণ্যরবিন্দলোচন—
মতৃপ্তনেত্রাঃ কুসুমৈরবাকিরন্ ॥৩০
অথ প্রবিষ্টঃ স্বগৃহং জুষ্টং স্বৈঃ পূর্ব্বরাজভিঃ ।
অনন্তাখিলকোষাঢ্যমনর্ঘ্যোরুপরিচ্ছদম্ ॥৩১

পাহি—ইতি প্রার্থয়মানাঃ আশিষঃ যুযুজুঃ চ ॥২৯

ততঃ চিরাৎ আগতাং শ্রীরামং দিদৃক্ষয়া দ্রষ্টুম্ ইচ্ছয়া উৎসৃষ্টাঃ গৃহাঃ গৃহকার্য্যাণি যাভিঃ তাঃ স্ত্রিয়ঃ নরাঃ চ প্রজাঃ হর্ম্ম্যাণি আরুহ্য। ততঃ অরবিন্দ-লোচনং তং রামং বীক্ষ্য ন তৃপ্তানি নেত্রাণি যাসাং তাঃ কুসুমৈঃ শ্রীরামম্ অবাকিরন্ আচ্ছাদিতবন্তঃ ॥৩০

অথ পুরীদর্শনানন্তরং স্বৈঃ পূর্ব্বরাজভিঃ ইক্ষাকু-প্রভৃতিভিঃ জুষ্টং সেবিতম্, অথ অনন্তাঃ নিরবধিকাঃ যে অখিলাঃ রত্নাদীনাং কোষাঃ তৈঃ আঢ্যম্ ঋদ্ধম্ অনর্ঘ্যাঃ উরবঃ পরিচ্ছদাঃ যস্মিন্ তং স্বগৃহং রামঃ প্রবিষ্টঃ ॥৩১

পূর্বক বলিতেন—হে দেব! আপনি পূর্বে বরাহরূপে এই পৃথিবীর উদ্ধার করিয়াছেন, সম্প্রতি ইহা পালন করুন।২৯

অনন্তর নারী পুরুষ সকল প্রজাগণ দীর্ঘকাল পরে নিজেদের অধিপতি কমললোচন শ্রীরামচন্দ্রকে সমাগত দেখিয়া তাঁহাকে দর্শন করিবার প্রবল আগ্রহবশতঃ গৃহ পরিত্যাগপূর্বক প্রাসাদে আরোহণ করিয়া অতৃপ্তনয়নে তাঁহার উপর পুষ্পবর্ষণ করিতেন।৩০

অনন্তর তিনি নিজ পূর্বপুরুষ নরপতিগণের সেবিত, সর্বপ্রকার অসংখ্য রত্নভাণ্ডারযুক্ত ও মহামূল্য প্রভূত পরিচ্ছদশোভিত নিজগৃহে প্রবেশ করিতেন।৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্রুমোড়ুম্বরদ্বাঃ সর্ব্বপারিস্টাৎ প্র...ভিঃ।
স্থলৈর্মারকতৈঃ স্বচ্ছৈর্ভ্রাজৎস্ফটিকভিত্তিভিঃ ॥৩২
চিত্রস্রগ্‌ভিঃ পট্টিকাভির্বাসোমণি-গণাংশুকৈঃ।
মুক্তাফলৈশ্চিদুল্লাসৈঃ কান্তকামোপপত্তিভিঃ ॥৩৩
ধূপদীপৈঃ সুরভিভির্মণ্ডিতং পুষ্পমণ্ডনৈঃ।
স্ত্রীপুংভিঃ সুরসঙ্কাশৈর্জুষ্টং ভূষণভূষণৈঃ ॥৩৪

বিদ্রুমময়াঃ উড়ুম্বরাঃ দেহল্যঃ যেষু তৈঃ, বৈদূর্য্যমণিময়-স্তম্ভানাং পংক্তিভিঃ স্বচ্ছৈঃ মারকত-মণিময়ৈঃ স্থলৈঃ ভ্রাজন্তঃ যে স্ফটিকাঃ তন্ময়ীভিঃ ভিত্তিভিঃ চ ॥৩২

চিত্রাভিঃ স্রগ্‌ভিঃ পট্টিকাভিঃ ধ্বজবিশেষৈঃ বাসসাং মণিগণানাং চ অংশুকৈঃ দীপ্তিভিঃ, চিৎ চৈতন্যং তদ্বৎ উল্লাসৈঃ উজ্জ্বলৈঃ মুক্তাফলৈঃ, বৈদূর্য্যস্তম্ভাদিষু যথাশোভং স্থিতৈঃ, কান্তাঃ কমনীয়াঃ কামোপপত্তয়ঃ ভোগসাধনানি তাভিঃ ॥৩৩

সুরভিভিঃ ধূপৈঃ দীপৈঃ চ পুষ্পাণাং মণ্ডনৈঃ অলঙ্কারৈঃ চ তথা ভূষণানাম্ অপি ভূষণভূতৈঃ শোভাতিশয়যুক্তৈঃ

উক্ত গৃহের দ্বারস্থিত দেহলী (চৌকাঠ) সমূহ বিদ্রুমমণিময়, স্তম্ভরাজি বৈদূর্য্যরত্নরচিত, স্থলভাগ নির্মল মরকতমণিরাজিদ্বারা নির্মিত এবং ভিত্তি-সমূহ (দেয়ালসমূহ) সমুজ্জ্বল স্ফটিকময় ছিল ।৩২

এইরূপ সেই গৃহটি বিচিত্র মাল্য, পট্টিকা, বস্ত্ররাজি ও মণিরাজির দীপ্তি, স্থলবিশেষে সমুজ্জ্বল মুক্তারাজি, মনোরম ভোগ্য সামগ্রী, সৌরভযুক্ত ধূপ, দীপ, পুষ্পসজ্জা এবং অলঙ্কারেরও শোভাবর্ধক

তস্মিন্ স ভগবান্ রামঃ প্রিয়য়া স্নিগ্ধয়েষ্টয়া।
রেমে স্বারামধীরাণামৃষভঃ সীতয়া খিল ॥৩৫
বুভুজে চ যথাকালং কামান্ ধর্ম্মমপীড়য়ন্।
বর্ষপূগান্ বহূন্ নৄণামভিধ্যাতাঙ্ঘ্রিপল্লবঃ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ ।১১

অতএব সুরসঙ্কাশৈঃ দেবতুল্যৈঃ স্ত্রীপুংভিঃ চ জুষ্টং যৎ গৃহম্ ।৩৪

তস্মিন্ স্নিগ্ধয়া স্নেহাতিশয়বত্যা অতএব প্রিয়া চেষ্টা আচারঃ যস্যাঃ তয়া, স্বারামধীরাণাম্ (স্বস্মিন্ আত্মনি এব আরমন্তীতি স্বারামাঃ তে ধীরাঃ জিতেন্দ্রিয়ান্তঃকরণাঃ তেষাম্) ঋষভঃ শ্রেষ্ঠঃ, কিল সঃ ভগবান্ রামঃ সীতয়া সহ রেমে ।৩৫

নৄণাং নৃভিঃ অভিধ্যাতৌ অঙ্ঘ্রিপল্লবৌ যস্য সঃ শ্রীরামঃ ধর্ম্মম্ অপীড়য়ন্ স্বধর্ম্মম্ অজহন্ বহূন্ বর্ষপূগান্ সংবৎসর-সমূহান্ যথাকালং যথেষ্টং কামান্ বিষয়ান্ চ বুভুজে ।৩৬

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে একাদশোঽধ্যায়ঃ।

দেবতুল্য স্ত্রী-পুরুষগণের দ্বারা বিভূষিত ছিল ।৩৩-৩৪

আত্মারামগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ ভগবান্ শ্রীরামচন্দ্র সেই গৃহে প্রণয়াসক্তা নিজ অভীষ্ট প্রিয়তমা সীতার সহিত বিহার করিতেন ।৩৫

তৎকালে মানবগণ সর্বদা তাঁহার পাদপদ্মযুগল ধ্যান করিত। এইরূপে তিনি বহু বৎসর ধর্মের অবিরোধে যথাকালে বিবিধ ভোগ্য বিষয়সমূহ ভোগ করিয়াছিলেন ।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাদশঃ অধ্যায়ঃ

[ইক্ষ্বাকূণাং কুশাদি-সুমিত্রান্তানাং বংশবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।

কুশস্য চাতিথিস্তস্মান্নিষধস্তৎসুতো নভঃ।
পুণ্ডরীকোঽথ তৎপুত্রঃ ক্ষেমধন্বাভবৎ ততঃ॥১

দেবানীকস্ততোঽনীহঃ পারিযাত্রোঽথ তৎসুতঃ।
ততো বলস্থলস্তস্মাদ্ বজ্রনাভোঽর্কসম্ভবঃ॥২

সগণস্তৎসুতস্তস্মাদ্ বিধৃতিশ্চাভবৎ সুতঃ।
ততো হিরণ্যনাভোঽভূদ্ যোগাচার্য্যস্ত জৈমিনেঃ॥৩

শিষ্যঃ কৌশল্য আধ্যাত্মং যাজ্ঞবল্ক্যোঽধ্যগাদ্ যতঃ।
যোগং মহোদয়মৃষির্হৃদয়গ্রন্থিভেদকম্॥৪

পুষ্যো হিরণ্যনাভস্য ধ্রুবসন্ধিস্ততোঽভবৎ।
সুদর্শনোঽথাগ্নিবর্ণঃ শীঘ্রস্তস্য মরুঃ সুতঃ॥৫

সোঽসাবাস্তে যোগসিদ্ধঃ কলাপগ্রামমাস্থিতঃ।
কলেরন্তে সূর্য্যবংশং নষ্টং ভাবয়িতা পুনঃ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। কুশস্য রামপুত্রস্য অতিথিঃ সুতঃ অভবৎ। তস্মাৎ নিষধঃ, তস্য নভঃ; তৎপুত্রঃ পুণ্ডরীকঃ, ততঃ ক্ষেমধন্বা অভবৎ॥১

ততঃ দেবানীকঃ, ততঃ অনীহঃ, তৎসুতঃ পারিযাত্রঃ, ততঃ বলঃ, তস্মাৎ স্থলঃ, তস্মাৎ বজ্রনাভঃ, সঃ চ অর্কসম্ভবঃ অর্কস্য অংশাৎ সম্ভূতঃ॥২

বজ্রনাভস্য সুতঃ সগণঃ, তস্মাৎ বিধৃতিঃ সুতঃ অভবৎ। ততঃ হিরণ্যনাভঃ; সঃ তু জৈমিনেঃ শিষ্যঃ যোগাচার্য্যঃ প্রসিদ্ধঃ; হিরণ্যনাভাৎ কৌশল্যঃ যাজ্ঞবল্ক্যঃ ঋষিঃ আধ্যাত্ম্যং, মহোদয়ং (মহান্ উদয়ঃ অভ্যুদয়ঃ যস্মাৎ তং) তথা হৃদয়গ্রন্থিভেদনং (হৃদয়গ্রন্থিম্ অজ্ঞানং ভিনত্তি যথা) তথা যোগম্ অধ্যগাৎ॥৩-৪

হিরণ্যনাভস্য পুত্রঃ পুষ্যঃ, তস্য ধ্রুবসন্ধিঃ, তস্মাৎ সুদর্শনঃ, ততঃ অগ্নিবর্ণঃ, ততঃ শীঘ্রঃ, ততঃ মরুঃ সুতঃ অভূৎ॥৫

যঃ অসৌ যোগেন সিদ্ধঃ বিনির্জ্জিতমৃত্যুঃ কলাপগ্রামবাসিভিঃ সহ তত্র আস্তে; যতঃ কলেঃ কলিযুগস্য অবসানে নষ্টং সূর্য্যবংশং পুনঃ ভাবয়িতা পুত্র-পৌত্রাদি-পরম্পরয়া প্রবর্ত্তয়িষ্যতে ইত্যর্থঃ॥৬

দ্বাদশ অধ্যায়।

[ইক্ষ্বাকুকুলোৎপন্নদিগের কুশাদি-সুমিত্রান্ত বংশবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! কুশের পুত্রের নাম অতিথি, তাঁহার পুত্র নিষধ, তাঁহার পুত্র নভ, তাঁহার পুত্র পুণ্ডরীক এবং পুণ্ডরীকের পুত্র ক্ষেমধন্বা।১

ক্ষেমধন্বার পুত্র দেবানীক, তাঁহার পুত্র অনীহ, তাঁহার পুত্র পারিযাত্র, তাঁহার পুত্র বলস্থল এবং তাঁহার ঔরসে সূর্য্যের অংশে বজ্রনাভ জন্মগ্রহণ করেন।২

বজ্রনাভের পুত্র সগণ, তাঁহার পুত্র বিধৃতি এবং তাঁহার পুত্র যোগাচার্য্য হিরণ্যনাভ। ইনি জৈমিনির শিষ্য ছিলেন। কৌশল্য যাজ্ঞবল্ক্য ঋষি ইহার নিকট মহাসিদ্ধিদায়ক ও অহঙ্কারনাশক অধ্যাত্মযোগ শিক্ষা করিয়াছিলেন।৩-৪

হিরণ্যনাভের পুত্র পুষ্প, তাঁহার পুত্র ধ্রুবসন্ধি, তাঁহার পুত্র সুদর্শন, তাঁহার পুত্র অগ্নিবর্ণ, তাঁহার পুত্র শীঘ্র এবং শীঘ্রের পুত্র মরু।৫

এই মরু যোগে সিদ্ধিলাভ করিয়া সম্প্রতি কলাপগ্রামে বাস করিতেছেন এবং কলিযুগের অন্তে বিনষ্ট সূর্য্যবংশকে পুনরায় প্রবর্তিত করিবেন।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাৎ প্রসুশ্রুত[illegible]মর্ষণঃ।
মহস্বাংস্তৎসুতস্তস্মাদ্ বিশ্ববাহুরজায়ত ॥৭

ততঃ প্রসেনজিৎ তস্মাৎ তক্ষকো ভবিতা পুনঃ।
ততো বৃহদ্বলো যস্তু পিত্রা তে সমরে হতঃ ॥৮

এতে হীক্ষ্বাকুভূপালা অতীতাঃ শৃণ্বনাগতান্।
বৃহদ্বলস্য ভবিতা পুত্রো নাম্না বৃহদ্রণঃ ॥৯

উরুক্রিয়ঃ সুতস্তস্য বৎসবৃদ্ধো ভবিষ্যতি।
প্রতিব্যোমস্ততো ভানুর্দিবাকো বাহিনীপতিঃ ॥১০

তস্মাৎ মরুতঃ প্রসুশ্রুতঃ জাতঃ, তস্য সন্ধিঃ, তস্যাপি অমর্ষণঃ, তৎসুতঃ মহস্বান্, তস্মাৎ বিশ্ববাহুঃ অজায়ত ॥৭

ততঃ প্রসেনজিৎ, তস্মাৎ পুনঃ তক্ষকঃ ভবিতা। ততঃ বৃহদ্বলঃ; যঃ বৃহদ্বলঃ সমরে যুদ্ধে তে তব পিত্রা অভিমন্যুনা হতঃ ॥৮

এতে হি অতীতাঃ ইক্ষ্বাকুবংশজাঃ ভূপালাঃ কথিতাঃ। অথ অনাগতান্ ভাবিনঃ ইক্ষ্বাকুবংশজান্ ভূপালান্ ময়া কথয়িষ্যমানান্ শৃণু। বৃহদ্বলস্য সুতঃ নাম্না বৃহদ্রণঃ ভবিতা ॥৯

তস্য চ উরুক্রিয়ঃ (উরুক্ষতঃ ইতি পাঠান্তরং), তস্য বৎসবৃদ্ধঃ ভবিষ্যতি। ততঃ প্রতিব্যোমঃ ততঃ ভানুঃ, ততঃ দিবাকঃ। সঃ চ বাহিন্যাঃ দেবসেনায়াঃ পতিঃ ইতি খ্যাতঃ ॥১০

মরুর পুত্র প্রসুশ্রুত, তাঁহার পুত্র সন্ধি, তাঁহার পুত্র অমর্ষণ, তাঁহার পুত্র মহস্বান্ এবং তাঁহার পুত্র বিশ্ববাহু।৭

বিশ্ববাহুর পুত্র প্রসেনজিৎ, তাঁহার পুত্র তক্ষক এবং তাঁহার পুত্র বৃহদ্বল। আপনার পিতা অভিমন্যু এই বৃহদ্বলকে সংগ্রামে হত্যা করিয়াছিলেন।৮

ইক্ষ্বাকুবংশীয় এই সকল রাজা অতীত হইয়াছেন। সম্প্রতি ভবিষ্যৎ নরপতিগণের কথা শ্রবণ করুন। বৃহদ্বলের ঔরসে বৃহদ্রণনামক পুত্র উৎপন্ন হইবেন।৯

বৃহদ্রণ হইতে উরুক্রিয়, তাঁহা হইতে বৎসবৃদ্ধ, তাঁহা হইতে প্রতিব্যোম, তাঁহা হইতে ভানু এবং ভানু হইতে সেনাধিপতি দিবাক জন্মগ্রহণ করিবেন।১০

সহদেবস্ততো বীরো বৃহদশ্বোঽথ ভানুমান্।
প্রতীকাশ্বো ভানুমতঃ সুপ্রতীকোঽথ তৎসুতঃ ॥১১

ভবিতা মরুদেবোঽথ সুনক্ষত্রোঽথ পুষ্করঃ।
তস্যান্তরীক্ষস্তৎপুত্রঃ সুতপাস্তদমিত্রজিৎ ॥১২

বৃহদ্রাজস্তু তস্যাপি বর্হিস্তস্মাৎ কৃতঞ্জয়ঃ।
রণঞ্জয়স্তস্য সুতঃ সঞ্জয়ো ভবিতা ততঃ ॥১৩

তস্মাচ্ছাক্যোঽথ শুদ্ধোদো লাঙ্গলস্তৎসুতঃ স্মৃতঃ।
ততঃ প্রসেনজিৎ তস্মাৎ ক্ষুদ্রকো ভবিতা ততঃ ॥১৪

ততঃ সহদেবঃ, ততঃ বীরঃ বৃহদশ্বঃ, অথ তস্মাৎ ভানুমান্, ভানুমতঃ পুত্রঃ প্রতীকাশ্বঃ; তৎসুতঃ সুপ্রতীকঃ ॥১১

অথ তস্মাৎ মরুদেবঃ সুতঃ ভবিতা। তস্মাৎ সুনক্ষত্রঃ, তস্মাৎ পুষ্করঃ ভবিতা। তস্য পুত্রঃ অন্তরীক্ষঃ, তৎপুত্রঃ সুতপাঃ, তস্মাৎ অমিত্রজিৎ জাতঃ ॥১২

তস্য পুত্রঃ বৃহদ্রাজঃ, তস্য বর্হিঃ, তস্মাৎ কৃতঞ্জয়ঃ, তস্য সুতঃ রণঞ্জয়ঃ; তস্মাৎ সঞ্জয়ঃ ভবিতা ॥১৩

তস্মাৎ শাক্যঃ, তস্মাৎ শুদ্ধোদঃ, তৎসুতঃ লাঙ্গলঃ স্মৃতঃ। ততঃ প্রসেনজিৎ, তস্মাৎ ক্ষুদ্রকঃ ভবিতা ॥১৪

দিবাক হইতে সহদেব, তাঁহা হইতে মহাবীর বৃহদশ্ব, তাঁহা হইতে ভানুমান্, তাঁহা হইতে প্রতীকাশ্ব এবং প্রতীকাশ্ব হইতে সুপ্রতীকের জন্ম হইবে।১১

সুপ্রতীক হইতে মরুদেব, তাঁহা হইতে সুনক্ষত্র, তাঁহা হইতে পুষ্কর, তাঁহা হইতে অন্তরীক্ষ, তাঁহা হইতে সুতপা এবং তাঁহা হইতে অমিত্রজিতের উৎপত্তি হইবে।১২

অমিত্রজিৎ হইতে বৃহদ্রাজ, তাঁহা হইতে বর্হি, তাঁহা হইতে কৃতঞ্জয়, তাঁহা হইতে রণঞ্জয় এবং তাঁহা হইতে সঞ্জয় জন্মলাভ করিবেন।১৩

সঞ্জয় হইতে শাক্য, তাঁহা হইতে শুদ্ধোদ, তাঁহা হইতে লাঙ্গল, তাঁহা হইতে প্রসেনজিৎ এবং তাঁহা হইতে ক্ষুদ্রকের জন্ম হইবে।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রণকো ভবিতা তস্মাৎ সুরথস্তনয়স্ততঃ।
সুমিত্রো নামো নিষ্ঠান্ত এতে বার্হদ্বলান্বয়াঃ ॥১৫

ইক্ষ্বাকূণাময়ং বংশঃ সুমিত্রান্তো ভবিষ্যতি।
যতস্তং প্রাপ্য রাজানং সংস্থাং প্রাপ্স্যতি বৈ কলৌ॥১৬

ইতি শ্রী[illegible]ণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ।

তস্মাৎ রণকঃ নাম পুত্রঃ ভবিতা, ততঃ সুরথঃ, তস্মাৎ সুমিত্রঃ নাম প্রসিদ্ধঃ, সঃ চ নিষ্ঠান্তঃ; নিষ্ঠাবংশস্য স্থিতিঃ তস্যাঃ অন্তঃ অবধিভূতঃ। এতে বৃহদ্বলস্য অন্বয়াঃ গোত্রজাঃ নৃপাঃ ভবিতারঃ ॥১৫

অয়ম্ ইক্ষ্বাকূণাং বংশঃ সুমিত্রান্তঃ অবধিঃ যস্য তথাভূতঃ ভবিষ্যতি। যতঃ যস্মাৎ তং রাজানং সুমিত্রং প্রাপ্য কলৌ যুগে সংস্থাম্ উচ্ছেদম্ এব প্রাপ্স্যতি ॥১৬

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দ্বাদশোঽধ্যায়ঃ ॥

ক্ষুদ্রক হইতে রণক, রণক হইতে সুরথ এবং সুরথ হইতে সুমিত্র জন্মগ্রহণ করিবেন। এই সুমিত্র পর্য্যন্তই বংশ স্থায়ী হইবে। ইঁহারা সকলেই বৃহদ্বলের বংশজাত।১৫

ইক্ষ্বাকুগণের এই বংশে সুমিত্রই শেষ রাজা হইবেন। কারণ—এই সুমিত্রের রাজত্বকালের পরই কলিযুগে বংশ লুপ্ত হইবে।১৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

LIBRARY
No............
Shri Shri ... A... ...amayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রয়োদশঃ অধ্যায়ঃ।

[নিমিবংশকথনম্, নিমের্দেহত্যাগাদিবর্ণনঞ্চ]

শ্রীশুক উবাচ

নিমিরিক্ষ্বাকুতনয়ো বশিষ্ঠমবৃতর্ত্বিজম্।
আরভ্য সত্রং সোঽপ্যাহ শক্রেণ প্রাগ্বৃতোঽস্মি ভোঃ॥১
তং নির্বর্ত্ত্যাগমিষ্যামি তাবন্মাং প্রতিপালয়।
তূষ্ণীমাসীদ্ গৃহপতিঃ সোঽপীন্দ্রস্যাকরোন্মখম্ ॥২
নিমিশ্চলমিদং বিদ্বান্ সত্রমারভতাত্মবান্।
ঋত্বিগ্ভিরপরৈস্তাবন্নাগমদ্ যাবতা গুরুঃ ॥৩
শিষ্যব্যতিক্রমং বীক্ষ্য তং নির্বর্ত্ত্যাগতো গুরুঃ।
অশপৎ পতত্তাদ্ দেহো নিমেঃ পণ্ডিতমানিনঃ ॥৪
নিমিঃ প্রতিদদৌ শাপং গুরবেঽধর্ম্মবর্ত্তিনে।
তবাপি পতত্তাদ্ দেহো লোভাদ্ধর্ম্মমজানতঃ ॥৫

অন্বয়ঃ

ইক্ষ্বাকুতনয়ঃ নিমিঃ কদাচিৎ সত্রম্ আরভ্য বশিষ্ঠম্ ঋত্বিজম্ অবৃত। তদা সঃ বশিষ্ঠঃ অপি আহ যথা—ভোঃ হে নিমে! ত্বদ্বরণাৎ প্রাক্ এব অহং শক্রেণ বৃতঃ অস্মি ॥১

তম্ ইন্দ্রস্য যজ্ঞং নির্বর্ত্ত্য সমাপ্য যাবৎ অহং ন আগমিষ্যামি, তাবৎ পর্য্যন্তং ত্বং মাং প্রতিপালয় যজ্ঞানুষ্ঠান-প্রতিরোধং কৃত্বা মাং প্রতীক্ষস্ব। ততঃ গৃহপতিঃ নিমিঃ তূষ্ণীম্ আসীৎ। সঃ বশিষ্ঠঃ অপি ইন্দ্রস্য মখম্ অকরোৎ ॥২

আত্মবান্ আত্মানাত্মবিবেকান্ নিমিঃ ইদং জীবিতং অনিত্যং বিদ্বান্ জানন্ যাবতা গুরুঃ বশিষ্ঠঃ ন আগতঃ, তাবৎ অন্যৈঃ এব ঋত্বিগ্ভিঃ সত্রম্ আরভত ॥৩

ততঃ ইন্দ্রস্য যজ্ঞং নির্বর্ত্ত্য আগতঃ গুরুঃ বশিষ্ঠঃ শিষ্যস্য ব্যতিক্রমং স্বাজ্ঞোল্লঙ্ঘনং বীক্ষ্য পণ্ডিত-মানিনঃ নিমেঃ 'অয়ং দেহঃ পতত্তাৎ' ইতি অশপৎ ॥৪

(তৎ আকর্ণ্য) নিমিঃ অপি লোভাৎ ইন্দ্রতঃ মহতঃ বিত্তগ্রহণাভিলাষরূপাৎ ধর্ম্মম্ অজানতঃ তথা কালস্য সিদ্ধান্তম্ উপেক্ষমাণস্য তবাপি 'দেহঃ পতত্তাৎ' ইতি অধর্ম্মবর্ত্তিনে গুরবে প্রতিশাপং দদৌ ॥৫

ত্রয়োদশ অধ্যায়।

[নিমিবংশকথন এবং নিমির দেহত্যাগাদিবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ইক্ষ্বাকুর পুত্র নিমি যজ্ঞের অনুষ্ঠান করিয়া বশিষ্ঠকে ঋত্বিক্ পদে বরণ করিলে বশিষ্ঠ বলিলেন—হে রাজন্! ইন্দ্র আমাকে পূর্বে (তাঁহার যজ্ঞে) ঋত্বিক্ পদে বরণ করিয়াছেন।১

অতএব আমি ইন্দ্রের যজ্ঞ সমাপন করিয়া আসিতেছি, আপনি ততকাল আমার প্রতীক্ষা করুন। রাজা নিমি একথা শুনিয়া কোন কথা বলিলেন না। তখন বশিষ্ঠ ইন্দ্রের যজ্ঞ আরম্ভ করিলেন।২

বুদ্ধিমান্ রাজা নিমি জীবন অনিত্য মনে করিয়া কুলগুরু বশিষ্ঠের আগমনের পূর্বেই অপর ঋত্বিক্গণের দ্বারা যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন।৩

ইন্দ্রযজ্ঞ সমাপনের পর বশিষ্ঠ প্রত্যাগমনপূর্বক শিষ্য নিমির এরূপ অন্যায় আচরণ লক্ষ্য করিয়া অভিশাপ দিলেন যে—এই পণ্ডিতাভিমানী নিমির দেহের পতন হউক।৪

তখন নিমিও অন্যায়কারী গুরুকে অভিশাপ দিয়া বলিলেন—লোভবশতঃ ধর্মজ্ঞানশূন্য আপনারও দেহের পতন ঘটুক।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইত্যুৎসসর্জ্জ স্বং দেহং নিমিরধ্যাত্মকোবিদঃ।
মিত্রাবরুণয়োর্জজ্ঞে উর্ব্বশ্যাং প্রপিতামহঃ ॥৬

গন্ধবস্তুষু তদ্দেহং নিধায় মুনিসত্তমাঃ।
সমাপ্তে সত্রযাগে চ দেবানূচুঃ সমাগতান্ ॥৭

রাজ্ঞো জীবতু দেহোঽয়ং প্রসন্নাঃ প্রভবো যদি।
তথেত্যুক্তে নিমিঃ প্রাহ মাভূন্মে দেহবন্ধনম্ ॥৮

অধ্যাত্মকোবিদঃ তত্ত্বজ্ঞঃ নিমিঃ ইতি এবং বদন্ স্বদেহম্ উৎসসর্জ ত্যত্যাজ। তথা অস্মৎ-প্রপিতামহঃ বশিষ্ঠঃ অপি ত্যক্তদেহঃ পুনঃ মিত্রাবরুণয়োঃ উর্ব্বশ্যাম্ (উর্ব্বশী-দর্শনাৎ স্কন্নং রেতঃ তাভ্যাং কুম্ভে নিষিক্তং তস্মাৎ কুম্ভাৎ) পুত্রতয়া জজ্ঞে ॥৬

মুনিসত্তমাঃ (নিমেঃ ঋত্বিজঃ) তং নিমিনা ত্যক্তং দেহং গন্ধবস্তুষু সুগন্ধি-তৈলেষু নিধায় অত্র সত্রযাগে সমাপ্তে সতি তত্র সমাগতান্ দেবান্ ঊচুঃ ॥৭

যদি যূয়ং বরদানে প্রভবঃ সমর্থাঃ, প্রসন্নাঃ চ, তর্হি রাজ্ঞঃ নিমেঃ অয়ং দেহঃ জীবতু। ততঃ দেবৈঃ তথা ইতি উক্তে সতি নিমিঃ আহ, মে মম দেহবন্ধনং দেহসম্বন্ধং মা ভূৎ ॥৮

মুনয়ঃ মননশীলাঃ বিবেকিনঃ বিয়োগভয়কাতরাঃ (দেহ-যোগে সতি তদ্বিয়োগস্য মরণস্য অবশ্যম্ভাবিত্বাৎ ততঃ ভীতাঃ)

অনন্তর নিমি নিজ দেহত্যাগ করিলেন। আর উর্ব্বশীর দর্শনে মিত্র ও বরুণের বীর্য্য স্খলিত হইলে কুম্ভমধ্যে রক্ষিত ঐ বীর্য্য হইতে অধ্যাত্মতত্ত্বজ্ঞ মদীয় প্রপিতামহ বশিষ্ঠদেব জন্মলাভ করেন।৬

মুনিগণ নিমির মৃতদেহ গন্ধদ্রব্যের মধ্যে রক্ষা করিয়া যজ্ঞসমাপ্তির পর যজ্ঞে সমাগত দেবতাগণের নিকট এরূপ প্রার্থনা করিলেন—হে প্রভুগণ! আপনারা যদি যজ্ঞে প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে রাজার এই দেহ পুনরায় জীবিত হউক। তখন দেবতাগণ 'তাহাই হউক' বলিলে নিমি বলিলেন—আমার যেন আর দেহবন্ধন না হয়।৭-৮

শ্রীহরির প্রতি যাঁহাদের চিত্ত সমর্পিত রহিয়াছে,

যস্য যোগং ন বাঞ্ছন্তি বিয়োগভয়কাতরাঃ।
ভজন্তি চরণাম্ভোজং মুনয়ো হরিমেধসঃ ॥৯

দেহং নাবরুরুৎসেঽহং দুঃখশোকভয়াবহম্।
সর্ব্বত্রাস্য যতো মৃত্যুর্মৎস্যানামুদকে যথা ॥১০

দেবা ঊচুঃ।

বিদেহ উষ্যতাং কামং লোচনেষু শরীরিণাম্।
উন্মেষণনিমেষাভ্যাং লক্ষিতোঽধ্যাত্মসংস্থিতঃ ॥১১

যস্য দেহস্য যোগং সম্বন্ধং ন বাঞ্ছন্তি, কিন্তু হরিমেধসঃ (হরতি দেহসংযোগবিয়োগাদি-সংসার-দুঃখম্ ইতি তথাভূতা মেধা যস্য তস্য) ভগবতঃ চরণারবিন্দম্ এব দেহ-যোগাদি-নিবৃত্ত্যর্থং ভজন্তি ॥৯

অতঃ দুঃখাদি-নিমিত্তভূতং দেহং ন অবরুরুৎসে গ্রহীতুং ন ইচ্ছামি, যতঃ দেহগ্রহণাৎ অস্য দেহিনঃ সর্ব্বতঃ মৃত্যুঃ ভবতি যথা উদকে মৎস্যানাম্ ॥১০

দেবাঃ ঊচুঃ। নিমিঃ বিদেহঃ এব সন্ শরীরিণাং লোচনেষু কামং যথেষ্টম্ উষ্যতাং বসতু। এবং সতি অধ্যাত্ম-সংস্থিতঃ লোচনয়োঃ সংস্থিতঃ সন্ উন্মেষণ-নিমেষাভ্যাং লক্ষিতঃ বর্ত্ততে ॥১১

সেই মুনিগণ দেহের বিয়োগভয়ে কাতর হইয়া আর এই দেহ-প্রাপ্তি কামনা করেন না, পরন্তু শ্রীহরির পাদপদ্মযুগলেরই ভজন করেন।৯

মৎস্যগণের যেরূপ জলেই মৃত্যু হয়, সেরূপ এই দেহেরও যেহেতু সর্বত্রই মরণ ঘটে, সেইহেতু আমি আর দুঃখ-শোক-ভয়জনক এই দেহ ধারণ করিতে ইচ্ছা করি না।১০

দেবতাগণ বলিলেন—এই নিমি বিদেহ (দেহহীন) হইয়াই প্রাণিগণের নেত্রদ্বয়ে যথেচ্ছভাবে বাস করুক। ইহার পর হইতেই নিমি প্রাণিগণের নেত্রে অবস্থানপূর্বক নেত্রের উন্মেষ ও নিমেষের প্রবর্ত্তক-রূপে লক্ষিত হইতেছেন।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অরাজকভয়ং নৃণাং মন্যমানা মহর্ষয়ঃ।
দেহং মমন্থুঃ স্ম নিমেঃ কুমারঃ সমজায়ত ॥১২
জন্মনা জনকঃ সোঽভূদ্ বৈদেহস্তু বিদেহজঃ।
মিথিলো মথনাজ্জাতো মিথিলা যেন নির্ম্মিতা ॥১৩
তস্মাদুদাবসুস্তস্য পুত্রোঽভূন্নন্দিবর্দ্ধনঃ।
ততঃ সুকেতুস্তস্যাপি দেবরাতো মহীপতে ॥১৪
তস্মাদ্ বৃহদ্রথস্তস্য মহাবীর্য্যঃ সুধৃৎপিতা।
সুধৃতের্ধৃষ্টকেতুর্বৈ হর্য্যশ্বোঽথ মরুস্ততঃ ॥১৫

নৃণাম্ অরাজকভয়ং মন্যমানাঃ সম্ভাবয়ন্তঃ মহর্ষয়ঃ নিমেঃ দেহং মমন্থুঃ স্ম। ততঃ কুমারঃ সমজায়ত ॥১২

জন্মনা অগ্রে বংশোৎপাদনেন সঃ জনক-শব্দাভিধেয়ঃ অভূৎ। বিদেহজঃ (বিদেহঃ নিমিঃ তদংশজত্বাৎ স এব) বৈদেহ-শব্দবাচ্যঃ। তথা মথনাৎ জাতঃ অতঃ মিথিল-শব্দবাচ্যঃ অভূৎ। যেন মিথিলাপুরী নির্ম্মিতা ॥১৩

তস্মাৎ মিথিলাৎ উদাবসুঃ, তস্য পুত্রঃ নন্দিবর্দ্ধনঃ অভূৎ। ততঃ সুকেশঃ, হে মহীপতে! তস্যাপি দেবরাতঃ পুত্রঃ অভূৎ ॥১৪

তস্মাৎ দেবরাতাৎ বৃহদ্রথঃ; তস্য মহাবীর্য্যঃ; তৎ-পুত্রঃ সুধৃতিঃ, তস্য ধৃষ্টকেতুঃ, তস্মাৎ হর্য্যশ্ব, ততঃ মরুঃ ॥১৫

অনন্তর মহর্ষিগণ প্রজাগণের অরাজকতার ভয় বিচার করিয়া নিমির দেহ মন্থন করিলে এক কুমারের উৎপত্তি হয়।১২

অসাধারণ জন অর্থাৎ জন্মহেতু তাঁহার নাম জনক, বিদেহ নিমি হইতে জন্মহেতু তাঁহার নাম বৈদেহ এবং মথন হইতে জন্মহেতু তাঁহার নাম মিথিল। ইনি মিথিলা পুরী নির্ম্মাণ করিয়াছিলেন।১৩

হে মহারাজ! উক্ত জনকের পুত্র উদাবসু, তাঁহার পুত্র নন্দিবর্ধন, তাঁহার পুত্র সুকেতু এবং সুকেতুর পুত্র দেবরাত।১৪

দেবরাতের পুত্র বৃহদ্রথ, তাঁহার পুত্র মহাবীর্য্য, তাঁহার পুত্র সুধৃতি, তাঁহার পুত্র ধৃষ্টকেতু, তাঁহার পুত্র হর্য্যশ্ব এবং হর্য্যশ্বের পুত্র মরু।১৫

মরোঃ প্রতীপকস্তস্মাজ্জাতঃ কৃতরথো যতঃ।
ষোড়শঃ অধ্যায়ঃ।

[জমদগ্নিবধঃ, পরশুরামেণ ক্ষত্রিয়াণাং সংহারঃ, বিশ্বামিত্রবংশবর্ণনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

পিত্রোপশিক্ষিতো রামস্তথেতি কুরুনন্দন।
সংবৎসরং তীর্থচর্য্যাং চরিত্বাশ্রমমাব্রজৎ ॥১

কদাচিদ্ রেণুকা যাতা গঙ্গায়াং পদ্মমালিনম্।
গন্ধর্ব্বরাজং ক্রীড়ন্তমপ্সরোভিরপশ্যত ॥২

বিলোকয়ন্তী ক্রীড়ন্তমুদকার্থং নদীং গতা।
হোমবেলাং ন সস্মার কিঞ্চিচ্চিত্ররথস্পৃহা ॥৩

কালাত্যয়ং তং বিলোক্য মুনেঃ শাপবিশঙ্কিতা।
আগত্য কলসং তস্থৌ পুরোধায় কৃতাঞ্জলিঃ ॥৪

ব্যভিচারং মুনির্জ্ঞাত্বা পত্ন্যাঃ প্রকুপিতোঽব্রবীৎ।
ঘ্নতৈনাং পুত্রকাঃ পাপামিত্যুক্তাস্তে ন চক্রিরে ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে কুরুনন্দন! এবং পিত্রা উপশিক্ষিতঃ আদিষ্টঃ রামঃ 'তথা অস্তু' ইতি অঙ্গীকৃত্য সংবৎসরং যাবৎ তীর্থচর্য্যাং চরিত্বা কৃত্বা পুনঃ আশ্রমম্ আব্রজৎ আযযৌ ॥১

এবং স্থিতে কদাচিৎ রেণুকা (উদকাহরণার্থং নদীং গতা) তত্র গঙ্গায়াম্ অপ্সরোভিঃ সহ ক্রীড়ন্তং পদ্মমালিনং গন্ধর্ব্বরাজং চিত্ররথাখ্যম্ অপশ্যৎ ॥২

উদকার্থং নদীং গতা সা তং ক্রীড়ন্তং বিলোকয়ন্তী সতী কিঞ্চিৎ ঈষৎ চিত্ররথে স্পৃহা যস্যাঃ সা হোমবেলাং ন সস্মার বিস্মৃতবতী ॥৩

তং কালাত্যয়ং হোমকালাতিক্রমং বিলোক্য মুনেঃ জমদগ্নেঃ শাপাৎ বিশঙ্কিতা ভীতা রেণুকা ত্বরয়া আগত্য জমদগ্নেঃ পুরঃ অগ্রে কলসং নিধায় কৃতাঞ্জলি সতী তস্থৌ ॥৪

ততঃ মুনিঃ পত্ন্যাঃ রেণুকায়াঃ ব্যভিচারং চিত্ররথে ভোগেচ্ছাত্মকং জ্ঞাত্বা প্রকুপিতঃ সন্ অব্রবীৎ, যথা হে পুত্রকাঃ! পাপাং পরপুরুষে দত্তচিত্তাম্ এনাং ঘ্নত মারয়ত। তে পুত্রাঃ তু এবম্ উক্তাঃ অপি ন চক্রিরে ॥৫

ষোড়শ অধ্যায়।

[জমদগিবধ, পরশুরাম কর্ত্তৃক ক্ষত্রিয়গণের সংহার এবং বিশ্বামিত্রবংশবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে কুরুনন্দন! পিতা জমদগ্নিকর্ত্তৃক পূর্ব্বোক্তরূপে উপদিষ্ট হইয়া ভগবান্ পরশুরাম 'তাহাই করিব' এরূপ অঙ্গীকারপূর্ব্বক এক বৎসর কাল নানা তীর্থ পর্য্যটন করিয়া পুনরায় আশ্রমে প্রত্যাবর্তন করিলেন। ১

এক সময়ে রেণুকাদেবী গঙ্গায় যাইয়া পদ্মমাল্যধারী গন্ধর্ব্বরাজ চিত্ররথকে অপ্সরাগণের সহিত ক্রীড়ারত অবস্থায় দেখিতে পাইলেন। ২

রেণুকা জল আনিবার জন্য গঙ্গায় গেলেও ক্রীড়ারত চিত্ররথকে দেখিয়া কিঞ্চিৎ কৌতুকের উদয় হেতু হোমের সময় চলিয়া যাইতেছে ইহা ভুলিয়া গিয়াছিলেন। ৩

অনন্তর তিনি স্বয়ংই কালাতিক্রম লক্ষ্য করিয়া জমদগ্নির অভিশাপভয়ে ভীতা হইয়া আশ্রমে প্রত্যাবর্তনপূর্ব্বক জলের কলসটি মুনির সম্মুখে রাখিয়া কৃতাঞ্জলিপুটে অবস্থান করিয়াছিলেন। ৪

তৎকালে মুনি পত্নীর তাদৃশ অন্যায় আচরণ জানিতে পারিয়া ক্রুদ্ধচিত্তে পুত্রগণকে বলিলেন—হে পুত্রগণ! তোমরা এই পাপীয়সীকে হত্যা কর। পরন্তু পুত্রগণ তাঁহার আদেশ পালন করিলেন না। ৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামঃ সঞ্চোদিতঃ পিত্রা ভ্রাতৄন্ মাত্রা সহাবধীৎ।
প্রভাবজ্ঞো মুনেঃ সম্যক্ সমাধেস্তপসশ্চ সঃ ॥৬

বরেণ চ্ছন্দয়ামাস প্রীতঃ সত্যবতীসুতঃ।
বব্রে হতানাং রামোঽপি জীবিতঞ্চাস্মৃতিং বধে ॥৭

উত্তস্থুস্তে কুশলিনো নিদ্রাপায় ইবাঞ্জসা।
পিতুর্বিদ্বাংস্তপোবীর্য্যং রামশ্চক্রে সুহৃদ্বধম্ ॥৮

মুনেঃ জমদগ্নেঃ যঃ সমাধিঃ তপশ্চ তয়োঃ সম্যক্ প্রভাবং জানাতি ইতি সঃ রামঃ পিত্রা সঞ্চোদিতঃ আজ্ঞপ্তঃ মাত্রা সহ ভ্রাতৄন্ অবধীৎ ॥৬

ততঃ প্রীতঃ সন্ সত্যবতীসুতঃ জমদগ্নিঃ তং রামং বরেণ ছন্দয়ামাস বরং বৃণীষ ইতি চোদয়ামাস। তদা রামঃ অপি মৃতানাং ভ্রাত্রাদীনাং পুনর্জীবনং তথা আত্মবধে তেষাম্ অস্মৃতিং চ বব্রে ॥৭

ততঃ তে ভ্রাতরঃ নিদ্রান্তে ইব অঞ্জসা অনায়াসেন কুশলিনঃ পুনঃ জীবন্তঃ সন্তঃ উত্তস্থুঃ। এবং পিতুঃ তপোবীর্য্যং বিদ্বান্ জানন্ রামঃ সুহৃদাং বধং চক্রে ॥৮

পরশুরাম পিতা জমদগ্নিমুনির সমাধি ও তপস্যার প্রভাব বিশেষভাবে জানিতেন বলিয়া পিতার আদেশ পাইয়া তিনি মাতা এবং ভ্রাতৃগণকে বধ করিয়াছিলেন। ৬

ইহাতে জমদগ্নি সন্তুষ্ট হইয়া পরশুরামকে ইচ্ছানুরূপ বর গ্রহণের কথা বলিলে পরশুরাম নিহত ব্যক্তিগণের পুনর্জীবন এবং এই হত্যাকাণ্ড বিষয়ে তাঁহাদের বিস্মৃতি এই দুইটি বর প্রার্থনা করিয়াছিলেন। ৭

অনন্তর বরের প্রভাবে নিহত ব্যক্তিগণ নিদ্রাভঙ্গে জাগ্রত ব্যক্তিগণের ন্যায় সত্বর গাত্রোত্থান করিলেন। বস্তুতঃ পরশুরাম পিতার তপঃপ্রভাব বিশেষরূপে জানিতেন বলিয়াই তাঁহার আদেশে নির্বিচারে সুহৃদ্গণকে বধ করিয়াছিলেন ॥৮

যেঽর্জ্জুনস্য সুতা রাজন্ স্মরন্তঃ স্বপিতুর্বধম্।
রামবীর্য্যপরাভূতা লেভিরে শর্ম্ম ন কচিৎ ॥৯

একদাশ্রমতো রামে সভ্রাতরি বনং গতে।
বৈরং সিষাধয়িষবো লব্ধচ্ছিদ্রা উপাগমন্ ॥১০

দৃষ্ট্বাগ্ন্যাগার আসীনমাবেশিতধিয়ং মুনিম্।
ভগবত্যুত্তমঃশ্লোকে জঘ্নুস্তে পাপনিশ্চয়াঃ ॥১১

হে রাজন্! অর্জ্জুনস্য যে সুতাঃ রামবীর্য্যেণ পরাভূতাঃ, তে স্বপিতুঃ বধং রামকৃতং স্মরন্তঃ কচিদপি শর্ম্ম সুখং ন লেভিরে ॥৯

একদা সভ্রাতরি ভ্রাতৃভিঃ সহিতে রামে আশ্রমতঃ বনং গতে সতি লব্ধছিদ্রাঃ (লব্ধং ছিদ্রং জামদগ্নিবধাবসরং যৈঃ তে) বৈরং সিষাধয়িষবঃ তদাশ্রমম্ উপাগমন্ ॥১০

পাপে জমদগ্নিহননে এব নিশ্চয়ঃ যেষাং তে তত্র অগ্ন্যাগারে হোমগৃহে আসীনম্ উত্তমঃশ্লোকে ভগবতি আবেশিত-ধিয়ম্ (আবেশিতা স্থিরীকৃতা ধীঃ যেন তং) মুনিং দৃষ্ট্বা তং জঘ্নুঃ হতবন্তঃ ॥১১

হে মহারাজ! কার্তবীর্য্যার্জুনের যে এক সহস্র পুত্র ছিল, তাহারা পরশুরামের বীর্য্যে পরাজিত পিতার বধবৃত্তান্ত স্মরণ করিতে করিতে কোথাও সুখশান্তিলাভে সমর্থ হইল না। ৯

একদা ভ্রাতৃগণের সহিত পরশুরাম আশ্রম হইতে বনে গমন করিলে কার্তবীর্য্যার্জুনের পুত্রগণ সুযোগ পাইয়া শত্রুতাসাধনের ইচ্ছায় জমদগ্নির আশ্রমে উপস্থিত হইল। ১০

তৎকালে জমদগ্নি মুনি ভগবান্ শ্রীহরির প্রতি চিত্ত নিবিষ্ট করিয়া অগ্নিশালায় উপবিষ্ট ছিলেন, এ অবস্থায় তাঁহাকে দেখিতে পাইয়া পাপকর্মে কৃতনিশ্চয় সেই অর্জুনপুত্রগণ তাঁহাকে হত্যা করিয়াছিল। ১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাচ্যমানাঃ কৃপণয়া রামমাত্রাতিদারুণাঃ।
প্রসহ্য শির উৎকৃত্য নিন্যুস্তে ক্ষত্রবন্ধবঃ ॥১২

রেণুকা দুঃখশোকার্ত্তা নিঘ্নন্ত্যাত্মানমাত্মনা।
রাম রামেতি তাতেতি বিচুক্রোশোচ্চকৈঃ সতী ॥১৩

তদুপশ্রুত্য দূরস্থা হা রামেত্যার্ত্তবৎ স্বনম্।
ত্বরয়াশ্রমমাসাদ্য দদৃশুঃ পিতরং হতম্ ॥১৪

তে দুঃখরোষামর্ষার্ত্তিশোকবেগবিমোহিতাঃ।
হা তাত সাধো ধর্ম্মিষ্ঠ ত্যক্ত্বাস্মান্ স্বর্গতো ভবান্ ॥১৫

বিলপ্যৈবং পিতুর্দ্দেহং নিধায় ভ্রাতৃষু স্বয়ম্।
প্রগৃহ্য পরশুং রামঃ ক্ষত্রান্তায় মনো দধে ॥১৬

গত্বা মাহিষ্মতীং রামো ব্রহ্মঘ্নবিহতশ্রিয়ম্।
তেষাং স শীর্ষভী রাজন্ মধ্যে চক্রে মহাগিরিম্ ॥১৭

তদা চ কৃপণয়া দীনয়া রামমাত্রা রেণুকয়া যাচ্যমানাঃ অপি দারুণাঃ ক্রূর-স্বভাবাঃ ক্ষত্রবন্ধবঃ ক্ষাত্র-ধর্ম্ম-শূন্যাঃ তে অর্জ্জুন-পুত্রাঃ প্রসহ্য বলাৎ তস্য শিরঃ উৎকৃত্য ছিত্ত্বা নিন্যুঃ স্বপুরং নীতবন্তঃ ॥১২

দুঃখ-শোকার্ত্তা অতএব আত্মনা আত্মানং নিঘ্নন্তী তাড়য়ন্তী সতী রেণুকা, হে রাম! হে রাম! হে তাত! এহি! শীঘ্রম্ আগচ্ছ! ইতি এবম্ উচ্চকৈঃ বিচুক্রোশ জুহাব ॥১৩

তস্যাঃ হা রামতি আর্ত্তবৎ স্বনম্ আর্ত্তনাদং দূরস্থঃ রামঃ উপশ্রুত্য ত্বরয়া আশ্রমম্ আসাদ্য হতং পিতরং দদর্শ ॥১৪

তদা দুঃখ-রোষামর্ষার্ত্তি-শোকবেগ-বিমোহিতাঃ (দুঃখং সন্তাপঃ, রোষঃ ক্রোধঃ, অমর্ষঃ অপরাধসহিষ্ণুতা, আর্ত্তিঃ দৈন্যং, শোকঃ ভাবিচিন্তা তেষাং বেগেন বিমোহিতাঃ) বভূব হা তাত। হে সাধো! হে ধর্ম্মিষ্ঠ! অস্মান্ ত্যক্ত্বা ভবান্ স্বঃ স্বর্গং গতঃ ॥১৫

এবং বিলপ্য রক্ষার্থং পিতুঃ দেহং ভ্রাতৃষু নিধায় স্বয়ং পরশুং প্রগৃহ্য রামঃ ক্ষত্রান্তায় ক্ষত্রিয়-কুল-বিনাশায় মনঃ দধে সংকল্পং কৃতবান্ ॥১৬

হে রাজন্! ততঃ সঃ রামঃ ব্রহ্মঘ্নবিহিতশ্রিয়ং (ব্রহ্মঘ্নৈঃ নিমিত্তভূতৈঃ বিহতা শ্রীঃ যস্যাঃ তাং) মাহিষ্মতীং পুরীং গত্বা তন্মধ্যে তেষাং ক্ষত্রিয়াণাং শীর্ষভিঃ ছিন্নৈঃ শিরোভিঃ মহাগিরিং চক্রে ॥১৭

অসময়ে পরশুরামের জননী অতিকাতরভাবে পতির প্রাণরক্ষার প্রার্থনা জানাইলেও অতি দারুণ সেই নিকৃষ্ট ক্ষত্রিয়গণ বলপূর্ব্বক মুনির মস্তক ছেদন করিয়া লইয়া গিয়াছিল।১২

অনন্তর পতিব্রতা রেণুকা দুঃখ-শোকে পীড়িতা হইয়া নিজ হস্তদ্বারা বক্ষঃস্থলে আঘাত করিতে করিতে—হা রাম, হা রাম, হা বৎস—এই বলিয়া উচ্চস্বরে ক্রন্দন করিতে লাগিলেন।১৩

জমদগ্নির পুত্রগণ দূর হইতে—হা রাম, হা রাম—এইরূপ আর্তনাদ শ্রবণ করিয়া সত্বর আশ্রমে আসিয়া পিতাকে নিহত অবস্থায় দেখিতে পাইলেন।১৪

তৎকালে তাঁহারা দুঃখ, ক্রোধ, অসহিষ্ণুতা, কাতরতা ও শোকবেগে বিমোহিত হইয়া—হা পিতঃ! হা সাধো! হা ধার্মিকপ্রবর! আপনি আমাদিগকে ছাড়িয়া স্বর্গে চলিয়া গেলেন, এইরূপ বিলাপ করিয়াছিলেন। অনন্তর রাম পিতার দেহ ভ্রাতৃগণের নিকট রাখিয়া কুঠার হস্তে লইয়া ক্ষত্রিয়গণের সংহারের জন্য কৃতসঙ্কল্প হইলেন।১৫-১৬

হে মহারাজ! অনন্তর রাম ব্রহ্মঘাতিগণের পাপে নষ্টশ্রী মাহিষ্মতী পুরীতে গমন করিয়া কার্তবীর্য্যার্জুনের পুত্রগণের ছিন্ন মস্তকরাশিদ্বারা সেখানে একটি বৃহৎ পর্বত রচনা করিলেন।১৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদ্রক্তেন নদীং ঘোরামব্রহ্মণ্যভয়াবহাম্ ।
হেতুং কৃত্বা পিতৃবধং ক্ষত্রেঽমঙ্গলকারিণি ॥১৮

ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ ।
সমন্তপঞ্চকে চক্রে শোণিতোদান্ হ্রদান্ নব ॥১৯

পিতুঃ কায়েন সন্ধায় শির আধায় বর্হিষি ।
সর্ববদেবময়ং দেবমাত্মানমযজন্মখৈঃ ॥২০

দদৌ প্রাচীং দিশং হোত্রে ব্রহ্মণে দক্ষিণাং দিশম্ ।
অধ্বর্য্যবে প্রতীচীং বৈ উদ্গাত্রে উত্তরাং দিশম্ ॥২১

অব্রহ্মণ্যানাং ভয়াবহাং ঘোরাং ভয়ঙ্করীং নদীং তেষাং রক্তেন চক্রে। ক্ষত্রে অমঙ্গলকারিণি সতি পিতৃবধং হেতুং নিমিত্তং কৃত্বা প্রভুঃ ভগবান্ রামঃ ত্রিঃ-সপ্তকৃত্বঃ একবিংশতি-বারং পৃথিবীং নিঃক্ষত্রিয়াং কৃত্বা সমন্তপঞ্চকাখ্যে দেশে শোণিতোদান্ নব হ্রদান্ চক্রে ইতি দ্বয়োরন্বয়ঃ। ততঃ পিতুঃ শিরঃ আদায় আনীয় বর্হিষি যজ্ঞে তস্য পিতুঃ কায়েন সহ সন্ধায় সংযোজ্য মখৈঃ যজ্ঞৈঃ সর্ববদেবময়ম্ আত্মানং সর্বান্তর্য্যামিণং দেবং বিষ্ণুম্ অযজৎ আরাধিতবান্। তদা হোত্রে প্রাচীং দিশং, অধ্বর্য্যবে প্রতীচীং দিশং, তথা উদ্গাত্রে উত্তরাং দিশং রামঃ দদৌ ॥১৮-২১

এইরূপ তিনি তাহাদের রক্তদ্বারা ব্রাহ্মণ-বিদ্বেষিগণের ভয়জনক এক ঘোরতর নদীর সৃষ্টি করিয়াছিলেন। অনন্তর ক্ষত্রিয়গণ অন্যায়কারী হইলে রাম পিতার বধকেই নিমিত্ত করিয়া পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়া স্যমন্তপঞ্চক ক্ষেত্রে তাহাদের রক্তজলে পরিপূর্ণ নয়টি হ্রদ নির্মাণ করিয়াছিলেন।১৮-১৯

অনন্তর তিনি পিতার ছিন্নমস্তক দেহের সহিত যুক্ত করিয়া এবং ঐ দেহ কুশের উপর রাখিয়া যজ্ঞসমূহদ্বারা সর্বদেবতাময় আত্মার অর্চনা করিয়াছিলেন।২০

তিনি যজ্ঞান্তে হোতাকে পূর্বদিক্, ব্রহ্মাকে দক্ষিণ দিক্, অধ্বর্যুকে পশ্চিম দিক্, উদ্গাতাকে

অন্যেভ্যোঽবান্তরদিশঃ কশ্যপায় চ মধ্যতঃ ।
আর্য্যাবর্ত্তমুপদ্রষ্ট্রে সদস্যেভ্যস্ততঃ পরম্ ॥২২

ততশ্চাবভৃথস্নান-বিধূতাশেষকিল্বিষঃ ।
সরস্বত্যাং মহানদ্যাং রেজে ব্যব্ভ্র ইবাংশুমান্ ॥২৩

স্বদেহং জমদগ্নিস্তু লব্ধ্বা সংজ্ঞানলক্ষণম্ ।
ঋষীণাং মণ্ডলে সোঽভূৎ সপ্তমো রামপূজিতঃ ॥২৪

জামদগ্ন্যোঽপি ভগবান্ রামঃ কমললোচনঃ ।
আগামিন্যন্তরে রাজন্ বর্ত্তয়িষ্যতি বৈ বৃহৎ ॥২৫

অন্যেভ্যঃ অবান্তরদিশঃ, কশ্যপায় মধ্যমাম্, উপদ্রষ্ট্রে আর্য্যাবর্ত্তং, তথা সদস্যেভ্যঃ ততঃ পরং স্থানং দদৌ ॥২২

ততঃ সরস্বত্যাম্ অবভৃথ-স্নানেন বিধূতাশেষপাতকঃ সন্ ব্যব্ভ্রঃ জলদনির্মুক্তঃ অংশুমান্ সূর্য্যঃ ইব রেজে ॥২৩

জমদগ্নিঃ তু সংজ্ঞান-লক্ষণং (সংজ্ঞানং স্মৃতিঃ চৈতন্যং তদেব লক্ষণং চিহ্নং যস্য তথাভূতং) স্বদেহং লব্ধ্বা রামেণ পূজিতঃ সন্ ঋষীণাং মণ্ডলে সপ্তর্ষিমণ্ডলে একতমঃ ঋষিঃ অভূৎ ॥২৪

হে রাজন্! জামদগ্ন্যঃ জমদগ্নিপুত্রঃ কমলোচনঃ রামঃ অপি আগামিনি অন্তরে মন্বন্তরে বৃহৎ ব্রহ্ম বেদং বর্ত্তয়িষ্যতি ॥২৫

উত্তর দিক্, অপর ঋত্বিক্ সকলকে কোণসমূহ, কশ্যপকে ঐসকল দিকের মধ্যভাগ, উপদ্রষ্টাকে আর্যাবর্ত এবং সদস্যগণকে অবশিষ্ট ভূমিভাগ দান করিয়াছিলেন।২১-২২

ইহার পর তিনি সরস্বতী নদীতে যজ্ঞসমাপ্তি-কালীন স্নানাচরণদ্বারা পাপনির্মুক্ত সূর্য্যের ন্যায় বিরাজ করিয়াছিলেন।২৩

অনন্তর রামকর্তৃক পূজিত জমদগ্নি স্মৃতিযুক্ত নিজ দেহ লাভ করিয়া সপ্তর্ষিমণ্ডলে সপ্তম ঋষি হইয়াছিলেন।২৪

হে মহারাজ। জমদগ্নিতনয় কমললোচন ভগবান্ রামও আগামী মন্বন্তরে বেদপ্রবর্তক সপ্তর্ষিগণের অন্যতম হইবেন।২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আস্তেঽদ্যাপি মহেন্দ্রাদ্রৌ ন্যস্তদণ্ডঃ প্রশান্তধীঃ।
উপগীয়মানচরিতঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ ॥২৬

এবং ভৃগুষু বিশ্বাত্মা ভগবান্ হরিরীশ্বরঃ।
অবতীর্য্য পরং ভারং ভুবোঽহন্ বহুশো নৃপান্ ॥২৭

গাধেরভূন্মহাতেজাঃ সমিদ্ধ ইব পাবকঃ।
তপসা ক্ষাত্রমুৎসৃজ্য যো লেভে ব্রহ্মবর্চ্চসম্ ॥২৮

মহেন্দ্রাদ্রৌ মহেন্দ্র-পর্ব্বতে সিদ্ধ-গন্ধর্ব্ব-চারণৈঃ উপগীয়মানং চরিতং যস্য সঃ ন্যস্তদণ্ডঃ (ন্যস্তঃ ত্যক্তঃ দণ্ডঃ ক্ষত্রবধাদিরূপঃ যেন সঃ) যতঃ প্রশান্তধীঃ (প্রশান্তা ক্রোধাদিরহিতা ধীঃ যস্য সঃ) রামঃ অদ্যাপি আস্তে ॥২৬

এবম্ উক্তপ্রকারেণ বিশ্বাত্মা ভগবান্ ঈশ্বরঃ হরিঃ ভৃগুষু ভৃগুবংশে অবতীর্য্য ভুবঃ পরম্ উৎকটং ভারং ভারভূতান্ নৃপান্ বহুশঃ অহন্ ॥২৭

গাধেঃ সকাশাৎ সমিদ্ধঃ প্রদীপ্তঃ পাবকঃ ইব মহাতেজাঃ বিশ্বামিত্রঃ অভূৎ, যঃ বিশ্বামিত্রঃ তপসা হেতুভূতেন ক্ষাত্রং ক্ষত্রিয়জাতিম্ উৎসৃজ্য ত্যক্ত্বা ব্রহ্মবর্চ্চসং ব্রহ্মর্ষিতাং প্রাপ ॥২৮

হে নৃপ! বিশ্বামিত্রস্যাপি একশতং পুত্রাঃ আসন্ বভূবুঃ।

সেই পরশুরাম হিংসা পরিহারপূর্ব্বক প্রশান্তচিত্ত হইয়া এখনও মহেন্দ্র পর্ব্বতে অবস্থান করিতেছেন এবং সিদ্ধ, গন্ধর্ব্ব ও চারণগণ তাঁহার চরিত কীর্ত্তন করেন।২৬

এইরূপে ভগবান্ বিশ্বাত্মা শ্রীহরি ভৃগুবংশে অবতীর্ণ হইয়া পৃথিবীর মহাভারস্বরূপ ক্ষত্রিয়গণকে বহুবার সংহার করিয়াছিলেন।২৭

মহারাজ গাধি হইতে জ্বলন্ত অগ্নির ন্যায় মহাতেজস্বী বিশ্বামিত্র জন্মগ্রহণ করেন, যে বিশ্বামিত্র তপস্যাদ্বারা ক্ষত্রিয়ত্ব পরিহারপূর্ব্বক ব্রহ্মতেজ অর্থাৎ ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন।২৮

বিশ্বামিত্রস্য চৈবাসন্ পুত্রা একশতং নৃপ।
মধ্যমস্তু মধুচ্ছন্দা মধুচ্ছন্দস এব তে ॥২৯

পুত্রং কৃত্বা শুনঃশেফং দেবরাতং চ ভার্গবম্।
আজীগর্তং সুতানাহ জ্যেষ্ঠ এষ প্রকল্প্যতাম্ ॥৩০

যো বৈ হরিশ্চন্দ্রমখে বিক্রীতঃ পুরুষঃ পশুঃ।
স্তুত্বা দেবান্ প্রজেশাদীন্ মুমুচে পাশবন্ধনাৎ ॥৩১

তত্র মধ্যমঃ এব মধুচ্ছন্দাঃ মধুচ্ছন্দনামকঃ আসীৎ; তৎসম্বন্ধাৎ তে অন্যে অপি ভ্রাতরঃ মধুচ্ছন্দসঃ এব উচ্যন্তে ॥২৯

বিশ্বামিত্রঃ ভার্গবাৎ ভৃগুবংশোৎপন্নম্ অজীগর্ত্তম্ অজীগর্ত্তস্য সুতং শুনঃশেফং দেবরাতম্ অপরনামবিশিষ্টং পুত্রং কৃত্বা স্বপুত্রতয়া অঙ্গীকৃত্য হে পুত্রাঃ! এষঃ শুনঃশেফঃ জ্যেষ্ঠঃ ইতি যুষ্মাভিঃ প্রকল্প্যতাং জ্যেষ্ঠভ্রাতৃত্বেনাঙ্গীক্রিয়তাম্ ॥৩০

যঃ শুনঃশেফঃ বৈ প্রসিদ্ধঃ হরিশ্চন্দ্রস্য মখে নিমিত্তে পিতৃভ্যাং (স্নেহং বিহায়) বিক্রীতঃ পুরুষঃ পশুঃ হরিশ্চন্দ্রপুত্রেণ রোহিতেন আনীতঃ যজ্ঞযূপে বদ্ধঃ বিশ্বামিত্রং শরণং গতঃ তদা (তদুপদিষ্টমন্ত্রেণ) প্রজেশাদীন্ স্তুত্বা পাশবন্ধনাৎ মুমুচে অমুচ্যত ॥৩১

হে মহারাজ! বিশ্বামিত্রের একশত পুত্র ছিলেন, তন্মধ্যে মধ্যম পুত্রের নাম মধুচ্ছন্দ এবং এই হেতু তাঁহাদের সকলকেই মধুচ্ছন্দস্ বলা হয়।২৯

বিশ্বামিত্র অজীগর্ত্তের পুত্র ভৃগুবংশীয় 'দেবরাত' এই অপরনামধারী শুনঃশেফকে পুত্ররূপে গ্রহণ করিয়া নিজ পুত্রগণকে বলিলেন—তোমরা ইহাকে জ্যেষ্ঠরূপে গণ্য করিবে।৩০

অজীগর্ত্ত হরিশ্চন্দ্রের যজ্ঞকালে পুত্র শুনঃশেফকে পুরুষপশুরূপে হরিশ্চন্দ্রের নিকট বিক্রয় করিলে তিনি প্রজাপতি প্রভৃতি দেবতাগণের স্তুতি করিয়া পাশবন্ধন হইতে মুক্ত হইয়াছিলেন।৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যো রাতো দেবযজনে দেবৈর্গাধিষু তাপসঃ।
দেবরাত ইতি খ্যাতঃ শুনঃশেফঃ স ভার্গবঃ ॥৩২

যে মধুচ্ছন্দসো জ্যেষ্ঠাঃ কুশলং মেনিরে ন তৎ।
অশপৎ তান্মুনিঃ ক্রুদ্ধো ম্লেচ্ছা ভবত দুর্জনাঃ ॥৩৩

স হোবাচ মধুচ্ছন্দাঃ সার্ধং পঞ্চাশতা ততঃ।
যন্নো ভবান্ সংজানীতে তস্মিংস্তিষ্ঠামহে বয়ম্ ॥৩৪

জ্যেষ্ঠং মন্ত্রদৃশং চক্রুস্ত্বামন্বঞ্চো বয়ং স্ম হি।
বিশ্বামিত্রঃ সুতানাহ বীরবন্তো ভবিষ্যথ।
যে মানং মেঽনুগৃহ্ণন্তো বীরবন্তমকর্ত মাম্ ॥৩৫

এষ বঃ কুশিকা বীরো দেবরাতস্তমন্বিত।
অন্যে চাষ্টক-হারীত-জয়-ক্রতুমদাদয়ঃ ॥৩৬

যঃ এবং দেবযজনে বরুণযজ্ঞে দেবৈঃ রাতঃ জীবন্ এব বিমুক্তঃ, অতএব গাধিষু গাধিবংশেষু দেবরাতঃ ইতি খ্যাতঃ প্রসিদ্ধঃ তাপসঃ তপোনিষ্ঠঃ সঃ এব ভার্গবঃ শুনঃশেফঃ ॥৩২

যে মধুচ্ছন্দসঃ তেষু জ্যেষ্ঠাঃ পঞ্চাশৎ, তে তৎ পিত্রা উক্তং (জ্যেষ্ঠ এব প্রকল্পতামিতি) শুনঃশেফস্য জ্যেষ্ঠত্বং কুশলং ভদ্রং ন মেনিরে নাঙ্গীকৃতবন্তঃ। অতশ্চ ক্রুদ্ধঃ মুনিঃ বিশ্বামিত্রঃ তান্ 'হে দুর্জনাঃ! ম্লেচ্ছাঃ ভবত' ইতি অশপৎ ॥৩৩

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সার্দ্ধং সঃ মধ্যমঃ মধুচ্ছন্দাঃ ততঃ অনন্তরং পিতরম্ উবাচ যথা—ভবান্ পিতা নঃ অস্মান্ পুত্রান্ যৎ শুনঃশেফস্য জ্যেষ্ঠত্বাঙ্গীকরণং সংজানীতে আজ্ঞাপয়তি, তস্মিন্ আদেশে বয়ং তিষ্ঠামহে ॥৩৪

এবম্ উক্ত্বা তে মন্ত্রদৃশং দেবরাতং জ্যেষ্ঠং চক্রুঃ যথা বয়ং সর্ব্বে ত্বাং অন্বঞ্চঃ স্ম হি অনুগন্তারঃ স্ম। তব কনিষ্ঠাঃ ভবাম। ততঃ প্রসন্নঃ বিশ্বামিত্রঃ তান্ সুতান্ আহ যতঃ যে যূয়ং মে মানং পূজ্যত্বম্ অনুগৃহ্ণন্তঃ অনুবর্ত্তমানাঃ সন্তঃ অস্য জ্যেষ্ঠত্বাঙ্গীকারেণ মাং বীরবন্তং পুত্রবন্তম্ অকর্ত্ত কৃতবন্তঃ, অতঃ যূয়ং বীরবন্তঃ পুত্রবন্তঃ ভবিষ্যথ ॥৩৫

হে কুশিকাঃ! এষঃ দেবরাতঃ বঃ যুষ্মদীয়ঃ কৌশিকঃ এব যতঃ বীরঃ মৎপুত্রঃ, অতঃ তম্ এনম্ অন্বিত অনুগচ্ছত। ততঃ অন্যে চাষ্টকাদয়ঃ তস্য বিশ্বামিত্রস্য পুত্রাঃ আসন্ ॥৩৬

তাপস শুনঃশেফ ভৃগুবংশীয় হইলেও হরিশ্চন্দ্রের দেবযজ্ঞে দেবগণকর্তৃক 'রাত' অর্থাৎ প্রদত্ত হইয়াছিলেন (অর্থাৎ দেবগণ তাঁহার জীবন রক্ষা করিয়াছিলেন) বলিয়া গাধিবংশীয়গণের মধ্যে 'দেবরাত' নামে প্রসিদ্ধ হন।৩২

মধুচ্ছন্দস্‌গণের মধ্যে জ্যেষ্ঠ উনপঞ্চাশজন অজীগর্তের জ্যেষ্ঠত্ব সঙ্গত বলিয়া মনে করিলেন না, এইহেতু পিতা বিশ্বামিত্র ক্রুদ্ধ হইয়া অভিশাপ দিলেন—হে দুর্জনগণ, তোমরা ম্লেচ্ছ হও।৩৩

তখন মধুচ্ছন্দাঃ কনিষ্ঠ পঞ্চাশ ভ্রাতার সহিত বলিলেন—হে পিতঃ! আপনি আমাদের জ্যেষ্ঠত্ব বা কনিষ্ঠত্ব যাহা মনে করেন, আমরা তাহাই মান্য করিব।৩৪

অনন্তর তাঁহারা মন্ত্রদ্রষ্টা শুনঃশেফকে—'হে আর্য! আমরা আপনার অনুগামী' এইরূপ বলিয়া জ্যেষ্ঠরূপে গ্রহণ করিলেন। তখন বিশ্বামিত্র পুত্রগণকে বলিলেন—তোমরা যাহারা আমার পূজনীয়ত্ব স্বীকার করিয়া অর্থাৎ আমি পূজনীয় বলিয়া আমার আদেশ রক্ষা করিয়া আমাকে যথার্থই পুত্রবান্ করিয়াছ, সেই তোমরা (আমার বরে) পুত্রবান্ হইবে।৩৫

(তিনি আরও বলিলেন) হে কুশিকগণ! এই দেবরাত আমার পুত্র হইল, তোমরা ইহার অনুগামী হইবে। হে মহারাজ! বিশ্বামিত্রের অষ্টক, হারীত জয় ও ক্রতুমান্ প্রভৃতি আরও অনেক পুত্র ছিল।৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং কৌশিকগোত্রং তু বিশ্বামিত্রৈঃ পৃথগ্বিধম্।
প্রবরান্তরমাপন্নং তদ্ধি চৈবং প্রকল্পিতম্ ॥৩৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে ষোড়শোঽধ্যায় ॥১৬

(একে শপ্তাঃ একে অনুগৃহীতাঃ অন্যঃ তু পুত্রত্বেন স্বীকৃতঃ ইতি) এবং বিশ্বামিত্রৈঃ কৌশিক-গোত্রং পৃথক্বিধং জাতং, তৎ চ প্রবরান্তরম্ আপন্নং, হি যস্মাৎ দেবরাত-জ্যেষ্ঠত্বেন তৎ প্রবরান্তরং প্রকল্পিতম্ ॥৩৭

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে ষোড়শোঽধ্যায়ঃ।

বিশ্বামিত্রের পুত্রগণের মধ্যে জ্যেষ্ঠ উনপঞ্চাশ জন অভিশপ্ত, কনিষ্ঠ পঞ্চাশ জন পিতার অনুগ্রহপ্রাপ্ত এবং অপরের পুত্র দেবরাত পুত্ররূপে স্বীকৃত। এইরূপে কৌশিক গোত্র নানাপ্রকার এবং অন্যপ্রবর প্রাপ্ত হইয়াছে। বস্তুতঃ দেবরাতের জ্যেষ্ঠত্বহেতুই এরূপ হইয়াছে।৩৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ষোড়শ অধ্যায় সমাপ্ত।

সপ্তদশঃ অধ্যায়ঃ।

[ক্ষত্রবৃদ্ধ-রজি-রম্ভানেনসাং বংশবর্ণনম্]

শ্রীশুক উবাচ

যঃ পুরূরবসঃ পুত্র আয়ুস্তস্যাভবন্ সুতাঃ।
নহুষঃ ক্ষত্রবৃদ্ধশ্চ রজী রম্ভশ্চ বীর্য্যবান্ ॥১
অনেনা ইতি রাজেন্দ্র শৃণু ক্ষত্রবৃধোঽন্বয়ম্।
ক্ষত্রবৃদ্ধসুতস্যাসন্ সুহোত্রস্যাত্মজাস্ত্রয়ঃ ॥২
কাশ্যঃ কুশো গৃৎসমদ ইতি গৃৎসমদাদভূৎ।
শুনকঃ শৌনকো যস্য বহ্বৃচপ্রবরো মুনিঃ ॥৩
কাশ্যস্য কাশিস্তৎপুত্রো রাষ্ট্রো দীর্ঘতমঃপিতা।
ধন্বন্তরির্দীর্ঘতমস আয়ুর্বেদপ্রবর্তকঃ।
যজ্ঞভুগ্ বাসুদেবাংশঃ স্মৃতমাত্রার্তিনাশনঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। যঃ পুরূরবসঃ পুত্রঃ আয়ুঃ, তস্য নহুষঃ, ক্ষত্রবৃদ্ধঃ, রজী, রম্ভঃ, বীর্য্যবান্ অনেনা চ ইতি পঞ্চসুতাঃ অভবন্ ॥১

হে রাজেন্দ্র! অত্র তাবৎ ক্ষত্রবৃধোঽন্বয়ং শৃণু। ক্ষত্রবৃদ্ধস্য যঃ সুতঃ সুহোত্রঃ, তস্য ত্রয়ঃ আত্মজাঃ আসন্ ॥২

তে যথা কাশ্যঃ, কুশঃ, গৃৎসমদঃ ইতি। গৃৎসমদাৎ শুনকঃ, যস্য শুনকস্য বহ্বৃচেষু প্রবরঃ শ্রেষ্ঠঃ মুনিঃ মননশীলঃ শৌনকঃ পুত্রঃ অভূৎ ॥৩

কাশ্যস্য পুত্রঃ কাশিঃ, তস্য পুত্রঃ রাষ্ট্রঃ, সঃ চ দীর্ঘতমসঃ পিতা, দীর্ঘতমসঃ পুত্রঃ ধন্বন্তরিঃ; যঃ বাসুদেবাংশঃ আয়ুর্বেদ-প্রবর্ত্তকঃ তথা যজ্ঞভুক্ যজ্ঞভাগভোক্তা; স্মৃতমাত্রঃ এব আর্ত্তিনাশনঃ (আর্ত্তিং রোগপীড়াং নাশয়তি ইতি)॥৪

সপ্তদশ অধ্যায়।

[ক্ষত্রবৃদ্ধ, রজি, রম্ভ ও অনেনার বংশ বর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! পুরূরবার আয়ুনামক যে পুত্র ছিলেন, তাঁহার পাঁচটি পুত্র হয়। তাঁহাদের নাম নহুষ, ক্ষত্রবৃদ্ধ, রজি, রম্ভ ও বীর্যবান্ অনেনা। সম্প্রতি ক্ষত্রবৃদ্ধের বংশ শ্রবণ কর। ক্ষত্রবৃদ্ধের পুত্র সুহোত্র, তাঁহার তিন পুত্র—কাশ্য, কুশ ও গৃৎসমদ। গৃৎসমদের পুত্র শুনক, শুনকের পুত্র ঋগ্‌বেদজ্ঞ-শ্রেষ্ঠ শৌনক ঋষি।১-৩

কাশ্যের পুত্র কাশি, তাঁহার পুত্র রাষ্ট্র, তাঁহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৎপুত্রঃ কেতুমানস্য জজ্ঞে ভীমরথস্ততঃ।
দিবোদাসো দ্যুমাংস্তস্মাৎ প্রতর্দন ইতি স্মৃতঃ ॥৫

স এব শত্রুজিদ্ বৎস ঋতধ্বজ ইতীরিতঃ।
তথা কুবলয়াশ্বেতি প্রোক্তোঽলর্কাদয়স্ততঃ ॥৬

ষষ্টিং বর্ষসহস্রাণি ষষ্টিং বর্ষশতানি চ।
নালর্কাদপরো রাজন্ মেদিনীং বুভুজে যুবা ॥৭

তস্য পুত্রঃ কেতুমান্; অস্য পুত্রঃ ভীমরথঃ; ততঃ ভীমরথাৎ দিবোদাসঃ, তস্মাৎ দ্যুমান্ জাতঃ; সঃ এব প্রতর্দ্দনঃ স্মৃতঃ। হে বৎস! সঃ এব শত্রুজিৎ ঋতধ্বজঃ ইতি ঈরিতঃ কথিতঃ। তথা কুবলয়াশ্বঃ ইতি অপি সঃ এব প্রোক্তঃ। ততঃ দ্যুমতঃ অলর্কাদয়ঃ জজ্ঞিরে ॥৫-৬

ষট্‌সহস্রাধিকষষ্টিসহস্রবর্ষাণি অলর্কঃ এব রাজা সন্ মেদিনীং ভূমিং বুভুজে; অলর্কাৎ অপরঃ তু ন তথা কৃতবান্ ॥৭

অলর্কাৎ সন্ততিঃ নাম পুত্রঃ, তস্মাৎ সুনীথঃ, তস্য সুকেতনঃ, তস্মাৎ ধর্ম্মকেতুঃ, ততঃ সত্যকেতুঃ অজায়ত ॥৮

পুত্র দীর্ঘতমা এবং দীর্ঘতমার পুত্র আয়ুর্বেদের প্রবর্তক ধন্বন্তরি। ইনি ভগবান্ বাসুদেবের অংশজাত এবং যজ্ঞভাগ প্রাপ্ত হন। ইঁহার স্মরণমাত্রেই সকল রোগের উপশম হয়।৪

ধন্বন্তরির পুত্র কেতুমান্, তাঁহার পুত্র ভীমরথ, তাঁহার পুত্র দিবোদাস, তাঁহার পুত্র দ্যুমান্ ইনি প্রতর্দন নামে প্রসিদ্ধ।৫

এই প্রতর্দনই শত্রুজিৎ, বৎস, ঋতধ্বজ এবং কুবলয়াশ্ব এই সকল নামেও কথিত হন। তাঁহার অলর্ক প্রভৃতি অনেক পুত্র হইয়াছিল।৬

হে মহারাজ! এই অলর্কব্যতীত অন্য কোন রাজা অক্ষুণ্ণ যৌবনের অধিকারী ষষ্টিসহস্র বর্ষ ও ষষ্টিশত বর্ষ (অর্থাৎ ছয় ষষ্টি হাজার বৎসর) পৃথিবীতে রাজত্ব ভোগ করেন নাই।৭

অলর্কাৎ সন্ততিস্তস্মাৎ সুনীথোঽথ সুকেতনঃ।
ধর্ম্মকেতুঃ সুতস্তস্মাৎ সত্যকেতুরজায়ত ॥৮
ধৃষ্টকেতু সুতস্তস্মাৎ সুকুমারঃ ক্ষিতীশ্বরঃ।
বীতিহোত্রোঽস্য ভর্গোঽতো ভার্গভূমিরভূন্নৃপ ॥৯
ইতীমে কাশয়ো ভূপাঃ ক্ষত্রবৃদ্ধান্বয়ায়িনঃ।
রম্ভস্য রভসঃ পুত্রো গম্ভীরশ্চাক্রিয়স্ততঃ ॥১০
তস্য ক্ষেত্রে ব্রহ্ম জজ্ঞে শৃণু বংশমনেনসঃ।
শুদ্ধস্ততঃ শুচিস্তস্মাচ্চিত্রকৃদ্ধর্ম্মসারথিঃ ॥১১

হে নৃপ! তস্য ধৃষ্টকেতুঃ, তস্মাৎ সুকুমারঃ নাম ক্ষিতীশ্বরঃ ভূমিপঃ জাতঃ। সুকুমারাৎ বীতিহোত্রঃ, তস্য পুত্রঃ ভর্গঃ। ততঃ ভর্গাৎ ভার্গভূমিঃ নাম পুত্রঃ অভূৎ ॥৯

ইতি ইমে উক্তাঃ কাশয়ঃ কাশিবংশজাঃ নৃপাঃ ক্ষত্রবৃদ্ধস্য অন্বয়িনঃ (অন্বয়ম্ অয়ন্তে যান্তি ইতি)। অতো রম্ভস্য রভসঃ গম্ভীরঃ চ দ্বৌ পুত্রৌ জাতৌ। গম্ভীরস্য চ অক্রিয়ঃ পুত্রো জাতঃ ॥১০

তস্য ক্ষেত্রে ব্রহ্ম ব্রহ্মকুলং জজ্ঞে। আয়ুপুত্রস্য অনেনসঃ বংশং শৃণু, ততঃ অনেনসঃ শুদ্ধঃ, তস্মাৎ ধর্ম্মসারথিঃ চিত্রকৃঃ ॥১১

অলর্কের পুত্র সন্ততি, তাঁহার পুত্র সুনীথ, তাঁহার পুত্র সুকেতন, তাঁহার পুত্র ধর্মকেতু, তাঁহার পুত্র সত্যকেতু।৮

সত্যকেতুর পুত্র ধৃষ্টকেতু, তাঁহার পুত্র রাজা সুকুমার, তাঁহার পুত্র বীতিহোত্র, তাঁহার পুত্র ভর্গ এবং তাঁহার পুত্র ভার্গভূমি।৯

হে মহারাজ! এই সকল রাজা সকলেই কাশির পুত্র-পৌত্রাদিরূপে উৎপন্ন এবং সকলেই ক্ষত্রবৃদ্ধের বংশগত। রম্ভের পুত্র রভস, তাঁহার পুত্র গম্ভীর এবং গম্ভীরের পুত্র অক্রিয়।১০

অক্রিয়ের সন্তান ব্রহ্মজ্ঞ হওয়ায় তাঁহার আর বংশবিস্তৃতি ঘটে নাই। হে মহারাজ! অনেনার বংশ শ্রবণ করুন। অনেনার পুত্র শুদ্ধ, তাঁহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততঃ শান্তরজা জজ্ঞে কৃতকৃত্যঃ স আত্মবান্।
রজেঃ পঞ্চশতান্যাসন্ পুত্রাণামমিতৌজসাম্ ॥১২

দেবৈরভ্যর্থিতো দৈত্যান্ হত্বেন্দ্রায়াদদাদ্ দিবম্।
ইন্দ্রস্তস্মৈ পুনর্দত্ত্বা গৃহীত্বা চরণৌ রজেঃ।
আত্মানমর্পয়ামাস প্রহ্লাদাদ্যরিশঙ্কিতঃ ॥১৩

পিতর্য্যুপরতে পুত্রা যাচমানায় নো দদুঃ।
ত্রিবিষ্টপং মহেন্দ্রায় যজ্ঞভাগান্ সমাদদুঃ ॥১৪

গুরুণা হূয়মানেঽগ্নৌ বলভিৎ তনয়ান্ রজেঃ।
অবধীদ্ ভ্রংশিতান্ মার্গান্ন কশ্চিদবশেষিতঃ ॥১৫

কুশাৎ প্রতিঃ ক্ষাত্রবৃদ্ধাৎ সঞ্জয়স্তৎসুতো জয়ঃ।
ততঃ কৃতঃ কৃতস্যাপি জজ্ঞে হর্য্যবলো নৃপঃ।
সহদেবস্ততো হীনো জয়সেনস্তু তৎসুতঃ ॥১৬

ততঃ চিত্রকোঃ কৃতম্ অনুষ্ঠিতং কৃত্যং মুক্তিসাধনং যেন তথাভূতঃ সর্ব্বকর্ত্তব্যশূন্যঃ আত্মবান্ শান্তরজা জজ্ঞে। অথ আয়ু-পুত্রস্য রজেঃ অমিতৌজসাং মহাবল-পরাক্রম-যুক্তানাং পুত্রাণাং পঞ্চশতানি আসন্ ॥১২

সঃ চ রজিঃ দেবৈঃ অভ্যর্থিতঃ প্রার্থিতঃ সন্ দৈত্যান্ হত্বা তৈঃ হৃতান্ দিবং স্বর্গং পুনঃ ইন্দ্রায় অদদাৎ। ইন্দ্রঃ তু প্রহ্লাদাদিভ্যঃ অরিভ্যঃ শঙ্কিতঃ ভীতঃ এব দিবং তস্মৈ রজয়ে দত্ত্বা তস্য চরণৌ গৃহীত্বা আত্মানম্ অর্পয়ামাস (স্বরক্ষাভারং তস্মিন্ নিহিতবান্)। পিতরি রজৌ উপরতে মৃতে সতি তস্য পুত্রাঃ যাচমানায় মহেন্দ্রায় ত্রিপিষ্টপং স্বর্গং নো ন দদুঃ; কিঞ্চ যজ্ঞভাগান্ অপি সমাদদুঃ গৃহীতবন্তঃ। অথ গুরুণা বৃহস্পতিনা তেষাং মতিভ্রংশায় অভিচার-বিধিনা অগ্নৌ হূয়মানে সতি মার্গাৎ ইন্দ্রাধিপত্যানুকূল-বুদ্ধিরূপাৎ ভ্রংশিতান্ রজেঃ পুত্রান্ সর্ব্বান্ এব বলভিৎ ইন্দ্রঃ অবধীৎ। কশ্চিৎ একঃ অপি ন অবশেষিতঃ। ক্ষাত্রবৃদ্ধাৎ কুশাৎ প্রতিঃ পুত্রঃ জাতঃ। তস্য সঞ্জয়ঃ; তস্য জয়ো নাম পুত্রো জাতঃ। তস্য কৃতঃ, তস্য হর্য্যবলং; তস্য সহদেবঃ, তস্য হীনঃ, তস্য জয়সেনঃ ॥১৩-১৬

পুত্র শুচি এবং তাঁহার পুত্র চিত্রকু ধর্মসারথি।১১

চিত্রকুর পুত্র শান্তরজাঃ, (গোরক্ষপুর গ্রন্থে শান্তরয়) ইনি কর্মমার্গ হইতে নিবৃত্ত, জিতেন্দ্রিয় ও জ্ঞানী হওয়ায় তাঁহার বংশবিস্তৃতি হয় নাই। রজির অতুলনীয় পরাক্রমশালী পাঁচশত পুত্র ছিলেন।১২

এক সময়ে মহারাজ রজি দেবতাগণের প্রার্থনায় দৈত্যগণকে সংহার করিয়া ইন্দ্রকে স্বর্গরাজ্য প্রদান করিলে ইন্দ্র রজির পদযুগল ধারণপূর্বক তাঁহারই হস্তে স্বর্গরাজ্য প্রদান করিয়া প্রহ্লাদপ্রভৃতি শত্রুগণের ভয়ে তাঁহার নিকট আত্মসমর্পণ করিয়াছিলেন।১৩

রজি পরলোক গমন করিলে ইন্দ্র তাঁহার পুত্রগণের নিকট স্বর্গরাজ্য প্রার্থনা করিলেও তাঁহারা ইন্দ্রকে তাহা না দিয়া স্বর্গের অধিপতিরূপে যজ্ঞভাগ গ্রহণ করিতেছিলেন।১৪

অনন্তর দেবগুরু বৃহস্পতি রজির পুত্রগণের সদ্‌বুদ্ধি নাশের জন্য অগ্নিতে আভিচারিক হোম করিতে আরম্ভ করিলে তাঁহারা সন্মার্গ হইতে বিচ্যুত হন এবং দেবরাজ ইন্দ্র তৎকালে তাঁহাদিগকে বধ করিলে একজনও অবশিষ্ট রহিলেন না।১৫

হে মহারাজ! ক্ষত্রবৃদ্ধের পৌত্র কুশ, তাঁহার পুত্র প্রতি, তাঁহার পুত্র সঞ্জয়, তাঁহার পুত্র জয়, তাঁহার পুত্র কৃত, তাঁহার পুত্র রাজা হর্যবল, তাঁহার পুত্র সহদেব, তাঁহার পুত্র হীন, তাঁহার পুত্র জয়সেন, তাঁহার পুত্র সংকৃতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংকৃতিস্তস্য চ জয়ঃ ক্ষত্রধর্ম্মা মহারথঃ।
ক্ষত্রবৃদ্ধান্বয়া ভূপাঃ ইমে শৃণ্বথ নাহুষান্॥১৭

তস্য সংকৃতিঃ, তস্য জয়ঃ, তস্য ক্ষত্রধর্ম্মা ইতি ইমে ক্ষত্রবৃদ্ধান্বয়াঃ ভূপাঃ আসন্। অথ নাহুষান্ শৃণু॥১৬-১৭

এবং সংকৃতির পুত্র ক্ষত্রধর্মনিষ্ঠ মহারথ জয়। এই সকল রাজা সকলেই ক্ষত্রবৃদ্ধের বংশজাত। হে

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে সপ্তদশোঽধ্যায়ঃ।১৭

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে সপ্তদশোঽধ্যায়ঃ॥

মহারাজ! সম্প্রতি নহুষের সন্তানগণের কথা শ্রবণ করুন।১৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

অষ্টাদশঃ অধ্যায়ঃ

[যযাতিচরিতকথনম্।]

শ্রীশুক উবাচ।
যতির্যযাতিঃ সংযাতিরায়তির্বিয়তিঃ কৃতিঃ।
ষড়িমে নহুষস্যাসন্নিন্দ্রিয়াণীব দেহিনঃ॥১

রাজ্যং নৈচ্ছদ্ যতিঃ পিত্রা দত্তং তৎপরিণামবিৎ।
যত্র প্রবিষ্টঃ পুরুষ আত্মানং নাববুধ্যতে॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। দেহিনঃ (বশবর্ত্তিত্বাৎ কার্য্যসাধকানি) ইন্দ্রিয়াণি ইব নহুষস্য যতিঃ, যযাতিঃ, সংযাতিঃ, আয়তিঃ, বিয়তিঃ, কৃতিঃ ইতি ইমে ষট্ বশবর্ত্তিনঃ পুত্রাঃ আসন্॥১

যত্র রাজ্যাদিভোগে প্রবিষ্টঃ পুরুষঃ আত্মানং পরমাত্মানং ন অববুধ্যতে, তৎ তস্য রাজ্যস্য পরিণামং নরকাদি-দুঃখহেতুত্বং বেত্তি ইতি পরিণামবিৎ যতিঃ জ্যেষ্ঠঃ পুত্রঃ পিত্রা নহুষেণ দত্তম্ অপি রাজ্যং ন ঐচ্ছৎ॥২

অষ্টাদশ অধ্যায়।

[যযাতি চরিত কথন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেহধারী পুরুষের ছয় ইন্দ্রিয়ের (চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ত্বক্ ও মনঃ) তুল্য রাজা নহুষের যতি, যযাতি, সংযাতি, আয়তি, বিয়তি ও কৃতিনামক ছয়টি পুত্র হয়।১

রাজ্যে প্রবিষ্ট হইলে অর্থাৎ রাজা হইলে পুরুষের আত্মজ্ঞান লুপ্ত হয় বলিয়া, পিতা নহুষ রাজ্য দান করিলেও উহার অনর্থকারিতা বুঝিতে পারিয়া যতি রাজ্যভার গ্রহণ করিতে ইচ্ছুক হইলেন না।২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতরি ভ্রংশিতে স্থানাদিন্দ্রাণ্যা ধর্ষণাদ্ দ্বিজৈঃ।
প্রাপিতেঽজগরত্বং বৈ যযাতিরভবন্নৃপঃ ॥৩

চতসৃষ্বাদিশদ্ দিক্ষু ভ্রাতৄন্ ভ্রাতা যবীয়সঃ।
কৃতদারো জুগোপোর্বীং কাব্যস্য বৃষপর্বণঃ ॥৪

রাজোবাচ।

ব্রহ্মর্ষির্ভগবান্ কাব্যঃ ক্ষত্রবন্ধুশ্চ নাহুষঃ।
রাজন্যবিপ্রয়োঃ কস্মাদ্ বিবাহঃ প্রাতিলোমিকঃ ॥৫

শ্রীশুক উবাচ।

একদা দানবেন্দ্রস্য শর্মিষ্ঠা নাম কন্যকা।
সখীসহস্রসংযুক্তা গুরুপুত্র্যা চ ভামিনী ॥৬

দেবযান্যা পুরোদ্যানে পুষ্পিতদ্রুমসঙ্কুলে।
ব্যচরৎ কলগীতালিনলিনীপুলিনেঽবলা ॥৭

তা জলাশয়মাসাদ্য কন্যাঃ কমললোচনাঃ।
তীরে ন্যস্য দুকূলানি বিজহ্রুঃ সিঞ্চতীর্মিথঃ ॥৮

ইন্দ্রাণ্যাঃ শচ্যাঃ ধর্ষণাৎ ভোগাভিলাষ-দোষাৎ দ্বিজৈঃ অগস্ত্যাদিভিঃ পিতরি নহুষে স্থানাৎ স্বর্গাধিকারাৎ ভ্রংশিতে তথা অজগরত্বং প্রাপিতে সতি যযাতিঃ এব নৃপঃ অভবৎ ॥৩

সঃ ভ্রাতা যযাতিঃ যবীয়সঃ কনিষ্ঠান্ চতুরঃ ভ্রাতৄন্ সংযাতি-প্রভৃতীন্ চতসৃষু দিক্ষু আদিশৎ পালনার্থং নিযুক্তবান্। স্বয়ং তু কাব্যস্য শুক্রস্য বৃষপর্ব্বণঃ দানবস্য চ কন্যাভ্যাং কৃতদারঃ সন্ উর্ব্বীং পৃথ্বীং জুগোপ পালয়ামাস ॥৪

রাজা পরীক্ষিৎ উবাচ। ভগবান্ কাব্যঃ শুক্রাচার্য্যঃ ব্রহ্মর্ষিঃ তথা নাহুষঃ যযাতিঃ ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়বরঃ; অতঃ তয়োঃ রাজন্য-বিপ্রয়োঃ প্রাতিলোমিকঃ (ব্রাহ্মণকন্যায়াঃ ক্ষত্রিয়েণ সহ বিপরীতত্বাৎ) বিবাহঃ কস্মাৎ অভূৎ ॥৫

শ্রীশুকঃ উবাচ। দানবেন্দ্রস্য বৃষপর্ব্বণঃ কন্যা অবলা ভামিনী শর্ম্মিষ্ঠা নাম কন্যকা একদা সখীসহস্রসংযুক্তা তথা গুরুপুত্র্যা দেবযান্যা চ সংযুক্তা সতী পুষ্পিতৈঃ দ্রুমৈঃ সঙ্কুলে ব্যাপ্তে, কলম্ অব্যক্তং মধুরং গীতং যেষাং তে অলয়ঃ ভৃঙ্গাঃ যেষু তানি নলিনী-পুলিনানি যস্মিন্ পুরোদ্যানে ব্যচরৎ ॥৬-৭

তাঃ শর্ম্মিষ্ঠাদয়ঃ কমল-লোচনাঃ কন্যা জলাশয়ম্ আসাদ্য প্রাপ্য তীরে দুকূলানি ন্যস্য নিধায় তস্মিন্ প্রবিশ্য মিথঃ সিঞ্চতীঃ সিঞ্চন্ত্যঃ বিজহ্রুঃ বিহারং চক্রুঃ ॥৮

স্বর্গরাজ্যপ্রাপ্ত নহুষ শচীদেবীর প্রতি ধৃষ্টোচিত ব্যবহার করায় অগস্ত্যপ্রমুখ ব্রাহ্মণগণ তাঁহাকে স্বর্গচ্যুত এবং অজগরত্ব লাভ করাইলে যযাতি রাজা হইয়াছিলেন।৩

যযাতি কনিষ্ঠ চারি ভ্রাতাকে চারিদিকের শাসন কার্যে আদেশ করিয়া স্বয়ং শুক্রাচার্য্য ও বৃষপর্বার কন্যা দেবযানী ও শর্মিষ্ঠাকে বিবাহ করিয়া পৃথিবী পালন করিয়াছিলেন।৪

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! ভগবান্ শুক্রাচার্য্য ব্রহ্মর্ষি আর যযাতি ক্ষত্রিয়, এ অবস্থায় ক্ষত্রিয় ও ব্রাহ্মণের এই প্রতিলোম বিবাহ কি কারণে হইয়াছিল?।৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! এক সময়ে দানবরাজ বৃষপর্বার কন্যা সহস্র সখীদ্বারা পরিবৃতা হইয়া গুরু শুক্রাচার্য্যের কন্যা দেবযানীর সহিত পুষ্পশোভাযুক্ত বৃক্ষরাজিসঙ্কুল, পুরোদ্যানে ভ্রমরগুঞ্জনমুখর পদ্ম-পুষ্প-শোভিত সরোবরের তীরে বিচরণ করিতেছিলেন।৬-৭

তৎকালে কমলনয়না সেই কন্যাগণ সরোবরের তীরে যাইয়া সেখানে নিজ নিজ পরিহিত বস্ত্র রাখিয়া জলে অবতরণপূর্বক পরস্পর জলসিঞ্চন করিয়া বিহার করিয়াছিলেন।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বীক্ষ্য ব্রজন্তং গিরিশং সহ দেব্যা বৃষস্থিতম্।
সহসোত্তীর্য্য বাসাংসি পর্য্যধুর্ব্রীড়িতাঃ স্ত্রিয়ঃ ॥৯

শর্মিষ্ঠা জানতী বাসো গুরুপুত্র্যাঃ সমব্যয়ৎ।
স্বীয়ং মত্বা প্রকুপিতা দেবযানীদমব্রবীৎ ॥১০

অহো নিরীক্ষ্যতামস্যা দাস্যাঃ কর্ম হ্যসাম্প্রতম্।
অস্মদ্ধার্য্যং ধৃতবতী শুনীব হবিরধ্বরে ॥১১

যৈরিদং তপসা সৃষ্টং মুখং পুংসঃ পরস্য যে।
ধার্য্যতে যৈরিহ জ্যোতিঃ শিবঃ পন্থাঃ প্রদর্শিতঃ ॥১২

যান্ বন্দন্ত্যুপতিষ্ঠন্তে লোকনাথাঃ সুরেশ্বরাঃ।
ভগবানপি বিশ্বাত্মা পাবনঃ শ্রীনিকেতনঃ ॥১৩

বয়ং তত্রাপি ভৃগবঃ শিষ্যোঽস্যা নঃ পিতাসুরঃ।
অস্মদ্ধার্য্যং ধৃতবতী শূদ্রো বেদমিবাসতী ॥১৪

তদা দেব্যা উময়া সহ বৃষে নন্দীশ্বরে স্থিতং ব্রজন্তং গিরিশং বীক্ষ্য দৃষ্ট্বা ব্রীড়িতাঃ সত্যঃ স্ত্রিয়ঃ সহসা আশু উত্তীর্য্য তীরে উত্থায় বাসাংসি পর্য্যধুঃ ধৃতবত্যঃ ॥৯

তদা শর্ম্মিষ্ঠা অজানতী গুরুপুত্র্যাঃ দেবযান্যাঃ বাসঃ স্বীয়ং মত্বা সমব্যয়ৎ পর্য্যধাৎ। ততঃ দেবযানী শর্ম্মিষ্ঠা পরিধৃতং বাসঃ স্বীয়ং স্বকীয়ং মত্বা প্রকুপিতা সতী ইদং বক্ষ্যমাণম্ অব্রবীৎ ॥১০

অহো অস্যাঃ দাস্যাঃ অসাম্প্রতম্ অযুক্তং কর্ম্ম নিরীক্ষ্যতাম্; যৎ অস্মদ্‌ধার্য্যং বাসঃ তদ্ধৃতবতী। যথা অধ্বরে হবিঃ গ্রহীতুম্ অনর্হা শুনীব ॥১১

যৈঃ ব্রহ্মাদিভিঃ প্রজাপতিভিঃ ব্রাহ্মণৈঃ ইদং বিশ্বং তপসা তপোবলেন সৃষ্টম্; যে চ ব্রাহ্মণাঃ পরস্য পুংসঃ ভগবতঃ মুখং শ্রেষ্ঠাঃ এব; ইহ সংসারে যৈঃ ব্রাহ্মণৈঃ জ্যোতিঃ স্বয়ং প্রকাশরূপং পরং ব্রহ্ম উপাস্যতয়া হৃদি ধার্য্যতে, যৈঃ চ শিবঃ ক্ষেমকরঃ পন্থাঃ বৈদিকমার্গঃ প্রদর্শিতঃ প্রবর্ত্তিতঃ ইতি ॥১২

যান্ ব্রাহ্মণান্ সুরেশ্বরাঃ ইন্দ্রাদয়ঃ লোকনাথাঃ বন্দন্তি প্রণমন্তি, উপতিষ্ঠন্তি স্তুবন্তি চ; কিং বহুনা, বিশ্বাত্মা পাবনঃ পবিত্রকারকঃ শ্রীনিকেতনঃ ভগবান্ বিষ্ণুঃ অপি যান্ প্রণমতি ॥১৩

তত্র তেষু অপি বয়ং ভৃগবঃ (যস্য ভৃগোঃ পাদতাড়নম্ অপি ভগবান্ সেহে) তদ্বংশীয়াঃ সর্ব্ব-ব্রাহ্মণ-শ্রেষ্ঠাঃ। এবম্ অস্যাঃ পিতা অপি নঃ অস্মাকং শিষ্যঃ অসুরঃ এবম্ অসুরপুত্রীত্বাৎ অসতী ইয়ম্, শূদ্রঃ বেদম্ ইব অস্মদ্ধার্য্যং বাসঃ ধৃতবতী ॥১৪

এরূপ সময় ভগবান্ শঙ্করকে পার্বতীর সহিত বৃষে আরোহণ করিয়া নিকটস্থিত পথে যাইতে দেখিয়া কন্যাগণ লজ্জাবশতঃ সত্বর তীরে আসিয়া বস্ত্র পরিধান করিয়াছিলেন।৯

তৎকালে ব্যস্ততাবশতঃ শর্মিষ্ঠা না জানিয়া গুরুকন্যার বস্ত্রকেই নিজ বস্ত্র মনে করিয়া পরিধান করিলে দেবযানী ক্রুদ্ধা হইয়া এরূপ বলিয়াছিলেন।১০

অহো! তোমরা এই দাসীর অন্যায় কার্য লক্ষ্য কর। কুক্কুরী যেরূপ যজ্ঞের হবিঃ গ্রহণ করে, এই দাসীও সেরূপ আমার পরিধেয় বস্ত্র পরিধান করিয়াছে।১১

যাঁহারা তপস্যাদ্বারা এই জগতের সৃষ্টি করিয়াছেন, যাঁহারা পরম পুরুষ বিষ্ণুর মুখস্বরূপ, যাঁহারা জ্যোতির্ময় ব্রহ্মতত্ত্ব অবগত হন, যাঁহারা মঙ্গলময় বেদমার্গের প্রদর্শক এবং লোকপালকশ্রেষ্ঠ দেবতাগণ এমন কি লোকপাবন বিশ্বাত্মা ভগবান্ শ্রীহরিও যাঁহাদের বন্দনা করেন, সেই ব্রাহ্মণগণ সাধারণতই পূজ্য, তন্মধ্যে আমরা আবার ভৃগুবংশীয় বলিয়া বিশেষ সম্মানভাজন। এই দাসীর পিতা অসুর বৃষপর্বা আমাদের শিষ্য। এ অবস্থায় শূদ্রের বেদধারণের ন্যায় এই অসতী আমাদের পরিধেয় বস্ত্র পরিধান করিয়াছে।১২-১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং শপন্তীং শর্মিষ্ঠা গুরুপুত্রীমভাষত।
রুষা শ্বসন্ত্যুরঙ্গীব ধর্ষিতা দষ্টদচ্ছদা ॥১৫

আত্মবৃত্তমবিজ্ঞায় কত্থসে বহু ভিক্ষুকি।
কিং ন প্রতীক্ষসেঽস্মাকং গৃহান্ বলিভুজো যথা ॥১৬

এবংবিধৈঃ সুপরুষৈঃ ক্ষিপ্ত্বাচার্য্যসুতাং সতীম্।
শর্মিষ্ঠা প্রাক্ষিপৎ কূপে বাস আদায় মন্যুনা ॥১৭

তস্যাং গতায়াং স্বগৃহং যযাতির্ম্মৃগয়াং চরন্।
প্রাপ্তো যদৃচ্ছয়া কূপে জলার্থী তাং দদর্শ হ ॥১৮

দত্ত্বা স্বমুত্তরং বাসস্তস্যৈ রাজা বিবাসসে।
গৃহীত্বা পাণিনা পাণিমুজ্জহার দয়াপরঃ ॥১৯

তং বীরমাহৌশনসী প্রেমনির্ভরয়া গিরা।
রাজংস্ত্বয়া গৃহীতো মে পাণিঃ পরপুরঞ্জয়ঃ ॥২০

এবং শপন্তীং তিরস্কুর্ব্বন্তীং গুরুপুত্রীং দেবযানীং দষ্টঃ দচ্ছদঃ অধরোষ্ঠঃ যয়া সা রুষা ক্রোধেন ধর্ষিতা পাদাক্রান্তা উরগী সর্পিণী ইব শ্বসন্তী সতী শর্ম্মিষ্ঠা অভাষত ॥১৫

হে ভিক্ষুকি! ত্বম্ আত্মবৃত্তম্ অবিজ্ঞায় অননুসন্ধায় বহুধা কত্থসে আত্মানং শ্লাঘসে। যথা বলিভুজঃ বায়সাঃ শ্বানঃ বা তথা ত্বম্ অস্মাকং গৃহান্ জীবনার্থং কিং ন প্রতীক্ষসে? ॥১৬

এবংবিধৈঃ অন্যৈঃ অপি সুপরুষৈঃ বচোভিঃ সতীং পূজ্যাম্ আচার্য্যসুতাং দেবযানীং ক্ষিপ্ত্বা উপালভ্য মন্যুনা ক্রোধেন তৎপরিহিতং বাসঃ বস্ত্রম্ আদায় কূপে তাং প্রাক্ষিপৎ পাতয়ামাস ॥১৭

অথ তস্যাং শর্ম্মিষ্ঠায়াং স্বগৃহং প্রতি গতায়াং সত্যাং মৃগয়াং চরন্ জলার্থী যযাতিঃ যদৃচ্ছয়া অকস্মাৎ এব তত্র প্রাপ্তঃ সন্ কূপে তাং দেবযানীং নগ্নাং দদর্শ ॥১৮

দয়াপরঃ রাজা তস্যৈ বিবাবসে দেবযান্যৈ স্বম্ উত্তরীয়ং বাসঃ দত্ত্বা পাণিনা তৎপাণিং গৃহীত্বা তাং কূপাৎ উজ্জহার নিঃসারিতবান্ ॥১৯

তম্ আত্মানম্ উদ্ধৃতবন্তং বীরং যযাতিম্ ঔশনসী কাব্যকন্যা দেবযানী প্রেম্না পূর্ণয়া গিরা আহ যথা—হে রাজন্! পরপুরঞ্জয়! (পরেষাং শত্রূণাং পুরাণি জয়তীতি) হি যতঃ তে ত্বয়া মম পাণিঃ গৃহীতঃ তস্মাৎ ত্বয়া গৃহীতায়াঃ মে মম হস্তগ্রাহকঃ ত্বত্তঃ অপরঃ পুরুষঃ মা ভূৎ। হে বীর! নৌ আবয়োঃ এষঃ ভর্ত্তৃভার্য্যারূপঃ সম্বন্ধঃ ঈশকৃতঃ এব, ন পৌরুষঃ পুরুষসম্পাদিতঃ। যৎ যস্মাৎ কূপ-মগ্নায়াঃ মম

গুরুকন্যা দেবযানীর এরূপ তিরস্কার বাক্য প্রয়োগ করিতে আরম্ভ করিলে শর্মিষ্ঠা ক্রোধভরে আহতা ভুজঙ্গীর ন্যায় ঘন ঘন দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করিতে করিতে ওষ্ঠ দংশনপূর্ব্বক দেবযানীকে এরূপ বলিয়াছিল।১৫

হে ভিক্ষুকি! তুমি নিজের বৃত্তান্ত না জানিয়াই বহুভাবে আত্মপ্রশংসা করিতেছ, পরন্তু তুমি কি কাকের ন্যায় আমাদের গৃহের প্রত্যাশা কর না?।১৬

শর্মিষ্ঠা ক্রোধবশতঃ সতী দেবযানীকে এরূপ কর্কশ বাক্যে তিরস্কার করিয়া তাহার বস্ত্র কাড়িয়া লইয়া তাঁহাকে কূপের মধ্যে ফেলিয়া দিয়াছিলেন।১৭

অনন্তর শর্মিষ্ঠা গৃহে চলিয়া গেলে রাজা যযাতি বনে মৃগয়া করিতে করিতে দৈবাৎ সেখানে উপস্থিত হইয়া জলের জন্যে কূপের নিকট আসিয়াই দেবযানীকে দেখিতে পাইলেন।১৮

তখন দয়ালু রাজা বিবস্ত্রা দেবযানীকে পরিধানের জন্য নিজ উত্তরীয় বস্ত্রটি দান করিয়া নিজ হস্তদ্বারা তাঁহার হস্তধারণপূর্ব্বক কূপ হইতে উদ্ধার করিলেন।১৯

শুক্রকন্যা দেবযানী অনন্তর প্রেমপূর্ণ বাক্যে যযাতিকে বলিলেন—হে শত্রুপুরবিজয়ি মহারাজ! আপনি আমার পাণিগ্রহণ করিয়াছেন।২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হস্তগ্রাহোঽপরো মা ভূদ্ গৃহীতায়াস্ত্বয়া হি মে।
এষ ঈশকৃতো বীর সম্বন্ধো নৌ ন পৌরুষঃ।
যদিদং কূপমগ্নায়া ভবতো দর্শনং মম ॥২১
ন ব্রাহ্মণো মে ভবিতা হস্তগ্রাহো মহাভুজ।
কচস্য বার্হস্পত্যস্য শাপাদ্ যমশপং পুরা ॥২২
যযাতিরনভিপ্রেতং দৈবোপহৃতমাত্মনঃ।
মনস্তু তদ্গতং বুদ্ধ্বা প্রতিজগ্রাহ তদ্বচঃ ॥২৩
গতে রাজনি সা বীরে তত্র স্ম রুদতী পিতুঃ।
ন্যবেদয়ৎ ততঃ সর্ব্বমুক্তং শর্মিষ্ঠয়া কৃতম্ ॥২৪
দুর্মনা ভগবান্ কাব্যঃ পৌরোহিত্যং বিগর্হয়ন্।
স্তুবন্ বৃত্তিং চ কাপোতীং দুহিত্রা স যযৌ পুরাৎ ॥২৫
বৃষপর্বা তমাজ্ঞায় প্রত্যনীকবিবক্ষিতম্।
গুরুং প্রসাদয়ন্ মূর্দ্ধ্না পাদয়োঃ পতিতঃ পথি ॥২৬

ইদম্ অসম্ভাবিতং ভবতঃ দর্শনং জাতম্ ইতি ॥২০-২১

হে মহাভুজ! মে মম হস্তগ্রাহঃ ভর্ত্তা ব্রাহ্মণঃ ন ভবিতা ন ভবিষ্যতি। বার্হস্পত্যস্য বৃহস্পতি-সুতস্য কচস্য শাপাৎ; যং কচম্ অহং পুরা প্রথমম্ অশপম্ ॥২২

ততঃ যযাতিঃ অনভিপ্রেতম্ অপি দৈবোপহৃতম্ ঈশ্বরেচ্ছয়া প্রাপিতং বুদ্ধ্বা তথা তদ্গতং তস্যাম্ আসক্তম্ আত্মনঃ মনঃ চ বুদ্ধ্বা (ন চ অধর্ম্মে মদীয়ং মনঃ প্রবর্ত্ততে ইতি নিশ্চিত্য) তস্য বচঃ জগ্রাহ (পিতা দাস্যতি চেৎ যথা তর্হি ত্বাম্ অঙ্গীকরিষ্যামি ইত্যুক্তবান্) ॥২৩

বীরে রাজনি যযাতৌ গতে সতি সা দেবযানী তত্র ততঃ রুদতী পিতুঃ সমীপম্ এত্য ততঃ শর্ম্মিষ্ঠয়া কৃতং কূপ-প্রক্ষেপাদিকং তথা উক্তং ভিক্ষুকীত্যাদি সর্ব্বং ন্যবেদয়ৎ বিজ্ঞাপিতবতী ॥২৪

তৎ শ্রুত্বা বিবেকী ভগবান্ কাব্যঃ শুক্রঃ দুর্ম্মনাঃ দুঃখিতচিত্তঃ সন্ পৌরোহিত্যং বিগর্হয়ন্ নিন্দন্ কাপোতীম্ উঞ্ছবৃত্তিং স্তুবন্ দুহিত্রা সহ বৃষপর্ব্বণঃ পুরাৎ যযৌ নিশ্চক্রাম ॥২৫

ততঃ বৃষপর্ব্বা প্রত্যনীক-বিবক্ষিতং (প্রত্যনীকাঃ দেবাঃ বিবক্ষিতাঃ জয়ং প্রাপণীয়াঃ ইতি অভিপ্রেতং যস্য তথাভূতং) তং গুরুম্ আজ্ঞায় জ্ঞাত্বা পথি গচ্ছন্তং তং প্রসাদয়ন্ মূর্দ্ধ্না তস্য পাদয়োঃ পতিতঃ ॥২৬

অতএব আপনি আমাকে গ্রহণ করায় অপর কেহ যেন আমার পাণিগ্রহণ না করে। আমি কূপমগ্না হইলে আপনি যে আমাকে দেখিতে পাইলেন—ইহা দৈবেরই ঘটনা—পরন্তু মনুষ্যকৃত নহে, অতএব (আমাদের এই প্রতিলোম বিবাহ শাস্ত্র-নিষিদ্ধ হইলেও) এ সম্বন্ধ ঈশ্বরেরই কৃত, মানুষের নহে। হে মহাভুজ! আমি পূর্বে যাহাকে শাপ দিয়াছিলাম, বৃহস্পতির পুত্র সেই কচের অভিশাপে কোন ব্রাহ্মণ আমার পাণিগ্রহণ করিবেন না।২১-২২

এরূপ বিবাহ অশাস্ত্রীয় বলিয়া অনভিপ্রেত হইলেও রাজা যযাতি ইহা দৈবকর্তৃক প্রাপিত বলিয়া মনে করিলেন। বিশেষতঃ তাঁহার আর্যচিত্ত কখনও অধর্মমার্গে প্রবৃত্ত হয় না বলিয়া এস্থলে তিনি দেবযানীর প্রতি চিত্তের অনুরাগ উপলব্ধি করিয়া (আর্যচিত্তের সম্মতিরূপ প্রমাণবলেই) দেবযানীর প্রস্তাববাক্য গ্রহণ করিয়াছিলেন।২৩

অনন্তর বীর যযাতি চলিয়া গেলে দেবযানী সেখানে রোদন করিতে করিতে পিতা শুক্রাচার্যের নিকট শর্মিষ্ঠার কৃত সকল আচরণের কথা নিবেদন করিলেন।২৪

তখন শুক্রাচার্য মনঃক্ষুণ্ণ হইয়া পৌরোহিত্য-বৃত্তির নিন্দা এবং উঞ্ছবৃত্তির প্রশংসা করিতে করিতে দৈত্যপুরী হইতে অন্যত্র যাত্রা করিয়াছিলেন।২৫

তখন বৃষপর্বা বুঝিতে পারিলেন যে, শত্রু দেবতাগণের বিজয়সম্পাদনই সম্প্রতি গুরু শুক্রাচার্যের অভিপ্রেত হইয়াছে, এ অবস্থায় তিনি তাঁহাকে প্রসন্ন করিবার জন্য পথিমধ্যে অবনত-মস্তকে শুক্রাচার্যের পদযুগলে পতিত হইলেন।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষণার্ধমন্যুর্ভগবান্ শিষ্যং ব্যাচষ্ট ভার্গবঃ।
কামোঽস্যাঃ ক্রিয়তাং রাজন্ নৈনাং ত্যক্তু-
মিহোৎসহে ॥২৭
তথেত্যবস্থিতে প্রাহ দেবযানী মনোগতম্।
পিত্রা দত্তা যতো যাস্যে সানুগা যাতু মামনু ॥২৮
স্বানাং তৎ সঙ্কটং বীক্ষ্য তদর্থস্য চ গৌরবম্।
দেবযানী পর্য্যচরৎ স্ত্রীসহস্রেণ দাসবৎ ॥২৯

নাহুষায় সুতাং দত্ত্বা সহ শর্মিষ্ঠয়োশনা।
তমাহ রাজঞ্ছর্মিষ্ঠামধাস্তল্পে ন কর্হিচিৎ ॥৩০
বিলোক্যৌশনসীং রাজঞ্ছর্মিষ্ঠা সুপ্রজাং ক্বচিৎ।
তমেব বব্রে রহসি সখ্যাঃ পতিমৃতৌ সতী ॥৩১
রাজপুত্র্যার্থিতোঽপত্যে ধর্মং চাবেক্ষ্য ধর্মবিৎ।
স্মরঞ্ছুক্রবচঃ কালে দিষ্টমেবাভ্যপদ্যত ॥৩২

ক্ষণার্দ্ধম্ এব মন্যুঃ ক্রোধঃ যস্য সঃ ভগবান্ বিবেকী সমর্থঃ ভার্গবঃ কাব্যঃ শিষ্যং বৃষপর্ব্বাণং ব্যাচষ্ট অব্রবীৎ যথা—হে রাজন্! অস্যাঃ কন্যায়াঃ কামঃ ক্রিয়তাম্ অন্যথা এনাং ত্যক্তুম্ উদাসীনাং কর্ত্তুং ন উৎসহে ॥২৭

তথৈব অস্তু ইত্যঙ্গীকৃত্য বৃষপর্ব্বণি অবস্থিতে সতি দেবযানী স্বং মনোগতং প্রাহ যথা—পিত্রা দত্তা সতী অহং যতঃ যত্র যাস্যে গমিষ্যামি, তত্র ইয়ং শর্ম্মিষ্ঠা সানুগা স্বসখীসহিতা মাম্ অনুযাতু মদ্দাস্যং কর্ত্তুম্ অনুগচ্ছতু ॥২৮

ততঃ পিত্রা বৃষপর্ব্বণা দেবযান্যৈ দত্তা সানুগা শর্ম্মিষ্ঠা তদা স্বানাং পিত্রাদীনাং তৎ সঙ্কটং বীক্ষ্য তদর্থস্য তথা দেবযানী-সম্মাননাৎ চ তেষাম্ অর্থস্য কার্য্যস্য গৌরবং বীক্ষ্য স্ত্রীসহস্রেণ সহ দাসীবৎ দেবযানীং পর্য্যচরৎ ॥২৯

হে রাজন্! ততশ্চ উশনাঃ শুক্রঃ শর্ম্মিষ্ঠয়া সহ সুতাং দেবযানীং নাহুষায় যযাতয়ে দত্ত্বা তল্পে শয্যায়াং শর্ম্মিষ্ঠাং কর্হিচিৎ অপি ন অধাঃ নোপগচ্ছেঃ ইতি তং যযাতিম্ আহ ॥৩০

ততঃ হে রাজন্! কদাচিৎ শর্ম্মিষ্ঠা ঔশনসীং দেবযানীং সুপ্রজাং পুত্রবতীং বিলোক্য স্বয়ম্ অপি ঋতৌ সতী সখ্যাঃ দেবযান্যাঃ পতিং তৎ যযাতিম্ এব বব্রে (অপত্যার্থং প্রার্থিতবতী) ॥৩১

এবম্ অপত্যে অপত্যার্থং রাজপুত্র্যা শর্ম্মিষ্ঠয়া অর্থিতঃ প্রার্থিতঃ ধর্ম্মবিৎ যযাতিঃ ধর্ম্মম্ অবেক্ষ্য (অপত্যার্থম্ ঋতুকালে প্রার্থ্যমানায়াঃ কামপূরণং ধর্ম্মঃ এব ইতি বিচার্য্য) শুক্রবচঃ স্মরন্ অপি কালে ঋতুকালে দিষ্টং দৈবপ্রাপিতং তৎসঙ্গমম্

ভগবান্ শুক্রাচার্যের ক্রোধ অর্ধক্ষণমাত্র স্থায়ী হওয়ায় অনন্তর তিনি শিষ্য বৃষপর্বাকে বলিলেন—হে রাজন্। আমি আমার কন্যাকে ত্যাগ করিতে পারি না, অতএব তুমি ইহার অভিলাষ পূরণ কর।২৭

বৃষপর্বা তাহা স্বীকার করিলে দেবযানী নিজের মনের অভিপ্রায় প্রকাশ করিয়া বলিলেন—আমি পিতৃকর্তৃক প্রদত্তা হইয়া যেখানে যাইব, শর্মিষ্ঠাও নিজ সহচরীগণের সহিত তথায় আমার অনুগমন করিবে।২৮

শুক্রাচার্য চলিয়া গেলে নিজেদের সঙ্কট, আর তিনি থাকিলে নিজেদের গুরুতর কার্যসিদ্ধি বিবেচনা করিয়া পিতা বৃষপর্বা সহচরীগণের সহিত শর্মিষ্ঠাকে দেবযানীর হস্তে অর্পণ করিলে শর্মিষ্ঠা সহস্রসংখ্যক সহচরীর সহিত স্বয়ং দাসীর ন্যায় দেবযানীর পরিচর্য্যা করিতে লাগিলেন।২৯

ভগবান্ শুক্রাচার্য শর্মিষ্ঠার সহিত নিজ কন্যাকে যযাতির নিকট সম্প্রদান করিয়া বলিলেন—হে রাজন্! তুমি কখনও শর্মিষ্ঠাকে নিজ শয্যায় স্থান দিতে পারিবে না।৩০

হে মহারাজ! কিছুকাল পরে শর্মিষ্ঠা দেবযানীকে পুত্রবতী দেখিয়া নিজ ঋতুকালে সখীর পতি যযাতিকেই পুত্রোৎপাদনের জন্য নির্জনে প্রার্থনা জানাইলেন।৩১

দৈত্যরাজকন্যা শর্মিষ্ঠা সন্তানোৎপাদনের জন্য প্রার্থনা করিলে শুক্রাচার্যের নিষেধ বাক্য স্মরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

যদুং চ তুর্বসুং চৈব দেবযানী ব্যজায়ত।
দ্রুহ্যুং চানুং চ পূরুং চ শর্মিষ্ঠা বার্ষপর্বণী ॥৩৩

গর্ভসম্ভবমাসুর্য্যা ভর্ত্তুর্বিজ্ঞায় মানিনী।
দেবযানী পিতুর্গেহং যযৌ ক্রোধবিমূর্চ্ছিতা ॥৩৪

প্রিয়ামনুগতঃ কামী বচোভিরুপমন্ত্রয়ন্।
ন প্রসাদয়িতুং শেকে পাদসংবাহনাদিভিঃ ॥৩৫

শুক্রস্তমাহ কুপিতঃ স্ত্রীকামানৃতপূরুষ।
ত্বাং জরা বিশতাং মন্দ বিরূপকরণী নৃণাম্ ॥৩৬

যযাতিরুবাচ।

অতৃপ্তোঽস্ম্যদ্য কামানাং ব্রহ্মন্ দুহিতরি স্ম তে।
ব্যত্যস্যতাং যথাকামং বয়সা যোঽভিধাস্যতি ॥৩৭

ইতি লব্ধব্যবস্থানঃ পুত্রং জ্যেষ্ঠমবোচত।
যদো তাত প্রতীচ্ছেমাং জরাং দেহি নিজং বয়ঃ ॥৩৮

অভ্যপদ্যত প্রাপ ॥৩২

যদুং তুর্ব্বসুং চ দ্বৌ পুত্রৌ দেবযানী ব্যজায়ত সুষুবে। তথা বার্ষপর্ব্বণী শর্মিষ্ঠা দ্রুহ্যুম্ অনুং পূরুং চ ইতি ত্রীন্ সুতান্ ব্যজায়ত ॥৩৩

মানিনী দেবযানী ভর্ত্তুঃ সকাশাৎ আসুর্য্যাঃ অসুরকন্যায়াঃ শর্মিষ্ঠায়াঃ গর্ভসম্ভবং বিজ্ঞায় ক্রোধেন বিমূর্চ্ছিতা সতী পিতুঃ শুক্রস্য গেহং যযৌ ॥৩৪

কামী যযাতিঃ অপি তাং প্রিয়াং দেবযানীম্ এব অনুগতঃ সন্ মার্গে পাদসংবাহনাদিভিঃ (কায়িকব্যাপারৈঃ) বচোভিঃ চ উপমন্ত্রয়ন্ প্রসাদয়িতুং ন শেকে ॥৩৫

(দেবযান্যা নিবেদিত-বৃত্তান্তঃ) শুক্রঃ কুপিতঃ সন্ হে স্ত্রীকাম! স্ত্রীলোভিন্! হে অনৃতপ্রতিজ্ঞ! হে মন্দ! নৃণাং বিরূপকারিণী জরা ত্বাং বিশতাং প্রবিশতু ইতি ॥৩৬

(এবং শুক্রশাপং শ্রুত্বা) যযাতিঃ উবাচ। হে ব্রহ্মন্! তে তব দুহিতরি কামানাং কামভোগৈঃ অহম্ অদ্যপর্য্যন্তম্ অতৃপ্তঃ অস্মি। (এবম্ উক্তঃ শুক্রঃ আহ)। যদ্যেবং তর্হি যঃ কশ্চিৎ তব প্রিয়ঃ পুত্রঃ জরাম্ অভিধাস্যতি ধারয়িষ্যতি, তস্য বয়সা যৌবনেন যথাকামং যথেচ্ছং তাং জরাং ব্যত্যস্যতাং ব্যত্যাসং গময় ॥৩৭

ইতি এবং লব্ধং ব্যবস্থানং জরা-ব্যবস্থিতিঃ যেন সঃ যযাতিঃ জ্যেষ্ঠং পুত্রং যদুম্ অবোচত ; যথা—হে তাত বৎস! যদো! ইমাং তব মাতামহেন কৃতাং প্রাপিতাং জরাং ত্বং প্রতীচ্ছ গৃহাণ। নিজং ত্বদীয়ং বয়ঃ যৌবনং মহ্যং দেহি। তেন ভবদীয়েন এবং বয়সা অহং কতিপয়াঃ সমাঃ সংবৎসরান্

করিয়াও ধর্মজ্ঞ যযাতি উক্ত প্রার্থনা পূরণ ধর্ম বলিয়া বিবেচনা করিয়া যথাকালে সেই দৈবপ্রাপ্ত ঘটনা স্বীকার করিয়াছিলেন।৩২

দেবযানী যদু ও তুর্বসু এই দুই পুত্র, এবং শর্মিষ্ঠা দ্রুহ্যু, অনু ও পূরু—এই তিন পুত্র প্রসব করিয়াছিলেন।৩৩

মানিনী দেবযানী নিজস্বামী হইতে শর্মিষ্ঠার সন্তানোৎপত্তির কথা জানিতে পারিয়া ক্রোধে হত হইয়া পিতার গৃহে চলিয়া গেলেন।৩৪

কামুক যযাতি নানারূপ অনুনয় বাক্যে পত্নীকে সান্ত্বনা দিতে দিতে তাঁহার অনুগমন করিলেন, পরন্তু পদসেবাদি দ্বারাও তাঁহাকে প্রসন্না করিতে পারিলেন না।৩৫

তখন শুক্রাচার্য ক্রুদ্ধ হইয়া যযাতিকে বলিলেন—হে স্ত্রী-কামুক মিথ্যাচাররত! হে মূঢ়! মানবগণের সৌন্দর্যহারিণী জরা তোমার দেহে প্রবেশ করুক।৩৬

যযাতি বলিলেন—হে ব্রহ্মন্! আপনার কন্যার উপভোগদ্বারা আমি এখনও কামতৃপ্ত হই নাই। তখন শুক্রাচার্য বলিলেন—হে রাজন্! যে ব্যক্তি তোমার জরা গ্রহণ করিতে ইচ্ছা করিবে, তুমি তাহার যৌবনের সহিত যথেচ্ছরূপে নিজ জরার বিনিময় করিবে।৩৭

যযাতি জরাসম্বন্ধে এরূপ ব্যবস্থা লাভ করিয়া জ্যেষ্ঠ পুত্রকে বলিলেন—হে বৎস যদো! তুমি আমার এই জরা গ্রহণ করিয়া আমাকে নিজ যৌবন দান কর।৩৮

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতামহকৃতাং বৎস ন তৃপ্তো বিষয়েষ্বহম্।
বয়সা ভবদীয়েন রংস্যে কতিপয়াঃ সমাঃ ॥৩৯

যদুরুবাচ।
নোৎসহে জরসা স্থাতুমন্তরা প্রাপ্তয়া তব।
অবিদিত্বা সুখং গ্রাম্যং বৈতৃষ্ণ্যং নৈতি পূরুষঃ ॥৪০

তুর্বসুশ্চোদিতঃ পিত্রা দ্রুহ্যুশ্চানুশ্চ ভারত।
প্রত্যাচখ্যুরধর্মজ্ঞা হ্যনিত্যে নিত্যবুদ্ধয়ঃ ॥৪১

অপৃচ্ছৎ তনয়ং পূরুং বয়সোনং গুণাধিকম্।
ন ত্বমগ্রজবদ্ বৎস মাং প্রত্যাখ্যাতুমর্হসি ॥৪২

পূরুরুবাচ।
কো নু লোকে মনুষ্যেন্দ্র পিতুরাত্মকৃতঃ পুমান্।
প্রতিকর্ত্তুং ক্ষমো যস্য প্রসাদাদ্ বিন্দতে পরম্ ॥৪৩

উত্তমশ্চিন্তিতং কুর্য্যাৎ প্রোক্তকারী তু মধ্যমঃ।
অধমোঽশ্রদ্ধয়া কুর্য্যাদকর্ত্তোচ্চরিতং পিতুঃ ॥৪৪

রংস্যে বিষয়সুখম্ অনুভবিষ্যামি। যতঃ বিষয়ভোগেষু অহং ন তৃপ্তঃ অস্মি ॥৩৮-৩৯

যদুঃ উবাচ। তব অন্তরা বয়োমধ্যে এব প্রাপ্তয়া জরসা অহং স্থাতুং ন উৎসহে। যতঃ গ্রাম্যসুখম্ অবিদিত্বা পুরুষঃ বৈতৃষ্ণ্যং বৈরাগ্যং ন প্রাপ্নোতি ॥৪০

হে ভারত! পিত্রা যযাতিনা এবং তুর্ব্বসুঃ দ্রুহ্যুঃ অনুঃ চ ত্রয়ঃ পুত্রাঃ অপি চোদিতাঃ যৌবনদানায় অনুরুদ্ধাঃ সন্তঃ যদুবৎ প্রত্যাচখ্যুঃ। যতঃ অনিত্যে দেহ-যৌবনাদৌ নিত্যবুদ্ধয়ঃ অতঃ অধর্ম্মজ্ঞাঃ এব তে ॥৪১

তদা যযাতিঃ বয়সা উনং কনিষ্ঠম্, অপি গুণাধিকং গুণৈঃ অগ্রিকং তনয়ং পুরুং যৌবনদানায় অপৃচ্ছৎ, যথা—হে বৎস! অগ্রজবৎ যদ্বাদিবৎ ত্বম্ অপি মাং প্রত্যাখ্যাতুং ন অর্হসি ইতি আহ ॥৪২

পূরুঃ উবাচ। হে মনুষ্যেন্দ্র! যস্য প্রসাদাৎ অনুগ্রহাৎ পরম্ ঐহিকামুষ্মিকং পুরুষার্থং বিন্দতে লভতে, তস্য আত্মকৃতঃ সর্ব্ব-পুরুষার্থ-সাধন-দেহোৎপাদকস্য পিতুঃ প্রতিকর্ত্তুং লোকে কঃ নু পুমান্ ক্ষমঃ সমর্থঃ ?৪৩

যঃ পুত্রঃ পিতুঃ চিন্তিতং মনসা অভিপ্রেতং কুর্য্যাৎ, সঃ উত্তমঃ। যঃ তু প্রোক্তকারী (পিত্রা প্রোক্তং করোতি), সঃ মধ্যমঃ। পিত্রা উক্তং কর্ম্ম অশ্রদ্ধয়া যঃ কুর্য্যাৎ, সঃ অধমঃ। যঃ তু প্রোক্তঃ অপি অকর্ত্তা, সঃ পিতুঃ উচ্চরিতং পুরীষপ্রায়ঃ ত্যাজ্যঃ এব ॥৪৪

হে বৎস! তোমার মাতামহই আমার এই জরার সৃষ্টি করিয়াছেন, পরন্তু আমি এখনও বিষয়-ভোগে তৃপ্ত হইতে পারি নাই; অতএব তোমার যৌবনদ্বারা আরও কতিপয় বৎসর বিহার করিব।৩৯

যদু বলিলেন—হে পিতঃ! আমি এই যৌবনে আপনার জরা গ্রহণ করিয়া অবস্থান করিতে উৎসাহ বোধ করি না। যেহেতু বিষয়-সুখ ভোগ না করিয়া মানুষ বিষয়-বৈরাগ্য লাভ করিতে পারে না।৪০

হে মহারাজ! অনন্তর পিতা যযাতি যথাক্রমে তুর্বসু, দ্রুহ্যু এবং অনুকেও জরাগ্রহণের কথা বলিলে অনিত্য যৌবনাদিতে নিত্যবুদ্ধিসম্পন্ন ও ধর্মজ্ঞানরহিত সেই সকল পুত্রও পিতার আদেশ প্রত্যাখ্যান করিয়াছিল।৪১

ইহার পর যযাতি বয়সে কনিষ্ঠ অথচ অধিক গুণশালী পুত্র পূরুকে বলিলেন—হে বৎস! তুমি অগ্রজগণের ন্যায় আমাকে প্রত্যাখ্যান করিতে পার না।৪২

পূরু বলিলেন—হে মহারাজ! যাঁহার অনুগ্রহে মানব পরম পদ লাভ করে, ইহলোকে কোন্ ব্যক্তি সেই জন্মদাতা পিতার উপকারের প্রত্যুপকার করিতে পারে ?৪৩

যে পুত্র পিতার চিন্তিত কার্য নিজ হইতেই সম্পাদন করে, সে উত্তম; যে পুত্র পিতার আদেশ পাইয়া কার্য করে, সে মধ্যম; যে পুত্র অশ্রদ্ধার সহিত পিতার আদিষ্ট কার্য করে, সে অধম; আর যে পুত্র পিতার আদেশ পাইয়াও কার্য করে না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইতি প্রমুদিতঃ পূরুঃ প্রত্যগৃহ্লাজ্জরাং পিতুঃ।
সোঽপি তদ্বয়সা কামান্ যথাবজ্জুজুষে নৃপঃ॥৪৫

সপ্তদ্বীপপতিঃ সম্যক্ পিতৃবৎ পালয়ন্ প্রজাঃ।
যথোপজোষং বিষয়াঞ্জুজুষেঽব্যাহতেন্দ্রিয়ঃ॥৪৬

দেবযান্যপ্যনুদিনং মনোবাগ্দেহবস্তুভিঃ।
প্রেয়সঃ পরমাং প্রীতিমুবাহ প্রেয়সী রহঃ॥৪৭

ইতি এবম্ উক্ত্বা প্রমুদিতঃ হর্ষযুক্তঃ পূরুঃ স্বীয়ং যৌবনং পিত্রে দত্ত্বা পিতুঃ জরাং প্রত্যগৃহ্লাৎ। ততঃ সঃ নৃপঃ যযাতিঃ অপি তদ্দত্তেন বয়সা যৌবনেন যথাবৎ যথাসুখং কামান্ বিষয়ান্ জুজুষে সেবিতবান্। অব্যাহতেন্দ্রিয়ঃ সপ্তদ্বীপপতিঃ যযাতিঃ পিতৃবৎ সম্যক্ প্রজাঃ পালয়ন্ যথোপজোষং যথাপ্রীতি বিষয়ান্ জুজুষে॥৪৫-৪৬

তৎপ্রেয়সী ভার্য্যা দেবযানী অপি অনুদিনং মনসা বাচা দেহেন পরিচর্য্যাদিনা চ রহঃ একান্তে প্রেয়সঃ ভর্ত্তুঃ তস্য পরমাং প্রীতিম্ উবাহ॥৪৭

সে পিতার বিষ্ঠাতুল্য।৪৪

হে মহারাজ! এই বলিয়া পূরু হৃষ্টচিত্তে পিতার জরা গ্রহণ করিলেন এবং যযাতিও তাঁহার যৌবনদ্বারা যথোপযুক্ত বিষয়সমূহ উপভোগ করিতে লাগিলেন।৪৫

সপ্তদ্বীপের একচ্ছত্র সম্রাট্ যযাতি পিতার ন্যায় প্রজাগণকে সম্যক্ প্রতিপালন করিয়া অক্ষুণ্ণ ইন্দ্রিয়শক্তিসম্পন্ন হইয়া প্রীতির সহিত বিষয়সমূহ ভোগ করিতে লাগিলেন।৪৬

প্রেয়সী দেবযানীও মন, বাক্য, দেহ ও বিবিধ ভোগ্য বস্তুদ্বারা প্রতিদিন একান্তে প্রিয়তমের পরম প্রীতি সম্পাদন করিতেছিলেন।৪৭

অযজদ্ যজ্ঞপুরুষং ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
সর্ব্বদেবময়ং দেবং সর্ব্ববেদময়ং হরিম্॥৪৮

যস্মিন্নিদং বিরচিতং ব্যোম্নীব জলদাবলিঃ।
নানেব ভাতি নাভাতি স্বপ্নমায়ামনোরথঃ॥৪৯

তমেব হৃদি বিন্যস্য বাসুদেবং গুহাশয়ম্।
নারায়ণমণীয়াংসং নিরাশীরযজৎ প্রভুঃ॥৫০

ভূরিদক্ষিণৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ সর্ব্বদেবময়ং দেবং যজ্ঞপুরুষং হরিম্ অযজৎ পূজয়ামাস॥৪৮

যস্মিন্ হরৌ ইদং বিশ্বং ব্যোম্নি আকাশে জলদাবলিঃ মেঘপটলঃ ইব বিরচিতং সৎ নানা ইব ভাতি, তথা স্বপ্নমায়ামনোরথঃ ইব কদাচিৎ ন আভাতি চ, তং গুহাশয়ম্ (সর্ব্বেষাং গুহায়াম্ অন্তঃকরণে শেতে বসতি তম্) অণীয়াংসম্ অতিসূক্ষ্মং বাসুদেবং নারায়ণং হৃদি বিন্যস্য প্রভুঃ নিরাশীঃ ফলান্তরাভিসন্ধিরহিতঃ যযাতিঃ অযজৎ আরাধয়ামাস॥৪৯-৫০

মহারাজ যযাতি রাজত্বকালে প্রভূত দক্ষিণাযুক্ত যজ্ঞসমূহদ্বারা সর্বদেবময় ও সর্ববেদময়, পরমদেব যজ্ঞপুরুষ শ্রীহরির অর্চনা করিয়াছিলেন।৪৮

তাঁহাদের নাম—অক্রূর, আসঙ্গ, সারমেয়, মৃদুর, মৃদুবিৎ, গিরি, ধর্মবৃদ্ধ, সুকর্মা, ক্ষত্রোপেক্ষ, অরিমর্দন, শত্রুঘ্ন ও গন্ধমাদ। তাঁহাদের সুচীরা (সুচারা) নামে এক ভগ্নী ছিলেন। অক্রূরের দুই পুত্র—দেবমান্ ও উপদেব। চিত্ররথের পুত্র পৃথু, এতদ্ব্যতীত চিত্ররথ হইতে বিদূরথ প্রভৃতি আরও অনেক পুত্র জন্ম

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শত্রুঘ্নো গন্ধমাদশ্চ প্রতিবাহুশ্চ দ্বাদশ।
তেষাং স্বসা সুচীরাখ্যা দ্বাবক্রূরসুতাবপি ॥১৭
দেববানুপদেবশ্চ তথা চিত্ররথাত্মজাঃ।
পৃথুর্বিদূরথাদ্যাশ্চ বহবো বৃষ্ণিনন্দনাঃ ॥১৮
কুকুরো ভজমানশ্চ শুচিঃ কম্বলবর্হিষঃ।
কুকুরস্য সুতো বহ্নির্বিলোমা তনয়স্ততঃ ॥১৯
কপোতরোমা তস্যানুঃ সখা যস্য চ তুম্বুরুঃ।
অন্ধকো দুন্দুভিস্তস্মাদবিদ্যোতঃ পুনর্বসুঃ ॥২০
তস্যাহুকশ্চাহুকী চ কন্যা চৈবাহুকাত্মজৌ।
দেবকশ্চোগ্রসেনশ্চ চত্বারো দেবকাত্মজাঃ ॥২১
দেববানুপদেবশ্চ সুদেবো দেববর্ধনঃ।
তেষাং স্বসারঃ সপ্তাসন্ ধৃতদেবাদয়ো নৃপ ॥২২
শান্তিদেবোপদেবা চ শ্রীদেবা দেবরক্ষিতা।
সহদেবা দেবকী চ বসুদেব উবাহ তাঃ ॥২৩
কংসঃ সুনামা ন্যগ্রোধঃ কঙ্কঃ শঙ্কুঃ সুহূস্তথা।
রাষ্ট্রপালোঽথ সৃষ্টিশ্চ তুষ্টিমানৌগ্রসেনয়ঃ ॥২৪
কংসা কংসবতী কঙ্কা শূরভূ রাষ্ট্রপালিকা।
উগ্রসেনদুহিতরো বসুদেবানুজস্ত্রিয়ঃ ॥২৫
শূরো বিদূরথাদাসীদ্ ভজমানঃ সুতস্ততঃ।
শিনিস্তস্মাৎ স্বয়ম্ভোজো হৃদীকস্তৎসুতো মতঃ ॥২৬

ইতি বিশ্রুতাঃ ত্রয়োদশ পুত্রাঃ আসন্; সুচীরাখ্যা স্বসা তেষাম্ আসীৎ। অক্রূরস্য অপি দ্বৌ পুত্রৌ দেববান্ উপদেবশ্চ ইতি ॥১৪-১৭

শ্বফল্কবন্ধোঃ চিত্ররথস্য পৃথুঃ একঃ তথা বিদূরথাদ্যাঃ বহবঃ পুত্রাঃ জাতাঃ। সাত্বত-পুত্রাৎ অন্ধকাৎ কুকুরঃ, ভজমানঃ, শুচিঃ, কম্বলবর্হিঃ ইতি চত্বারঃ পুত্রাঃ জাতাঃ। তেষু কুকুরস্য বহ্নিঃ, তস্য তনয়ঃ বিলোমা; তস্য কপোতরোমা, তস্য অনুঃ, যস্য অনোঃ তুম্বুরুঃ সখা অভূৎ। অনোঃ অন্ধকঃ, তস্য দুন্দুভিঃ, তস্য অবিদ্যোতঃ, তস্য পুনর্ব্বসুঃ, তস্য আহুকঃ পুত্রঃ, আহুকী কন্যা চ, আহুকস্য দেবকঃ উগ্রসেনঃ ইতি দ্বৌ পুত্রৌ।

দেবকাত্মজাঃ চত্বারঃ যথা দেববান্, উপদেবঃ, সুদেবঃ, দেববর্দ্ধনঃ, ইতি। তেষাং স্বাসারঃ ভাগিণ্যঃ সপ্ত আসন্। তাঃ যথা ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সহদেবা, দেবকী চ ইতি। তাঃ বসুদেবঃ উবাহ উপযেমে ।১৮-২১

উগ্রসেনস্য কংসঃ, সুনামা, ন্যগ্রোধঃ, কঙ্কঃ, শঙ্কুঃ সুহূঃ, রাষ্ট্রপালঃ, বৃষ্টিঃ তুষ্টিমান্ ইতি নব পুত্রাঃ, তথা কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূঃ, রাষ্ট্রপালিকাঃ ইতি পঞ্চ দুহিতরঃ জাতাঃ। এতাঃ বসুদেবস্য অনুজানাং দেববানাদীনাং স্ত্রিয়ঃ ভার্য্যাঃ আসন্ ॥২২-২৫

অথ অন্ধকপুত্রস্য ভজমানস্য সুতঃ বিদূরথঃ, তস্য শূরঃ, তস্য

গ্রহণ করেন। ইহারা সকলেই বৃষ্ণিবংশের সন্তান ।১৬-১৮

কুকুর, ভজমান, শুচি ও কম্বলবর্হিষ এই চারি জন অন্ধকের পুত্র। কুকুরের পুত্র বহ্নি, তাঁহার পুত্র বিলোমা ।১৯

বিলোমার পুত্র কপোতরোমা, তাঁহার পুত্র অনু। তুম্বুরু নামক গন্ধর্ব অনুর সখা ছিলেন। অন্ধকের পুত্র দুন্দুভি, তাঁহার পুত্র অবিদ্য এবং অবিদ্যের পুত্র পুনর্বসু ।২০

পুনর্বসুর আহুক নামক এক পুত্র এবং আহুকী নাম্নী এক কন্যা ছিলেন। আহুকের পুত্র দেবক ও সেন। দেবকের চার ত্রত্র ।২১

হে মহারাজ! দেবকের ঐ চারি পুত্রের নাম—দেববান্, উপদেব, সুদেব ও দেববর্ধন। তাঁহাদের ধৃতদেবা প্রভৃতি সাতভগ্নী ছিলেন ।২২

তাঁহাদের নাম—ধৃতদেবৈ, শান্তদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, গৃহদেবা ও দেবকী। বসুদেব এই সাত ভগিনীকে বিবাহ করিয়াছিলেন ।২৩

কংস, সুনামা, ন্যগ্রোধ, কঙ্ক, শঙ্কু, সুহূ, রাষ্ট্রপাল, ধৃষ্টি ও তুষ্টি এই নয়জন উগ্রসেনের পুত্র ।২৪

কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূ, রাষ্ট্রপালিকা—এই পাঁচটি উগ্রসেনের কন্যা। ইহারা বসুদেবের কনিষ্ঠ ভ্রাতৃগণের ভার্যা ছিলেন ।২৫

ভজমানের পুত্র বিদূরথ, বিদূরথের পুত্র শূর,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেববাহুঃ শতধনুঃ কৃতবর্মেতি তৎসুতাঃ।
দেবমীঢ়স্য শূরস্য মারিষা নাম পত্ন্যভূৎ ॥২৭
তস্যাং স জনয়ামাস দশ পুত্রানকল্মষান্।
বসুদেবং দেবভাগং দেবশ্রবসমানকম্ ॥২৮
সৃঞ্জয়ং শ্যামকং কঙ্কং শমীকং বৎসকং বৃকম্।
দেবদুন্দুভয়ো নেদুরানকা যস্য জন্মনি ॥২৯
বসুদেবং হরেঃ স্থানং বদন্ত্যানকদুন্দুভিম্।
পৃথা চ শ্রুতদেবা চ শ্রুতকীর্ত্তিঃ শ্রুতশ্রবাঃ ॥৩০
রাজাধিদেবী চৈতেষাং ভগিন্যঃ পঞ্চ কন্যকাঃ।
কুন্তেঃ সখ্যুঃ পিতা শূরো হ্যপুত্রস্য পৃথামদাৎ ॥৩১
সাঽঽপ দুর্বাসসো বিদ্যাং দেবহূতীং প্রতোষিতাৎ।
তস্যা বীর্য্যপরীক্ষার্থমাজুহাব রবিং শুচিঃ ॥৩২
তদৈবোপাগতং দেবং বীক্ষ্য বিস্মিতমানসা।
প্রত্যয়ার্থং প্রযুক্তা মে যাহি দেব ক্ষমস্ব মে ॥৩৩

ভজমানঃ, তস্য শিনিঃ, তস্য স্বয়ম্ভোজঃ, তৎসুতস্য হৃদীকস্য দেববাহুঃ, শতধনুঃ, কৃতবর্ম্মা, দেবমীঢ়ঃ ইতি চত্বারঃ সুতা জাতাঃ, দেবমীঢ়স্য পুত্রঃ শূরঃ, স মারিষায়াং ভার্য্যায়াং দশ পুত্রান্ জনয়ামাস। তে যথা, বসুদেবঃ, দেবভাগঃ, দেবশ্রবাঃ, আনকঃ, সৃঞ্জয়ঃ, শ্যামকঃ, কঙ্কঃ, শমীকঃ, বৎসকঃ, বৃকঃ ইতি; যস্য বসুদেবস্য জন্মনি দেবদুন্দুভয়ঃ আনকাঃ চ নেদুঃ ॥২৬-২৯

হরেঃ অবতরিষ্যমাণস্য শ্রীকৃষ্ণস্য অবতারযোগ্যং স্থানং বসুদেবম্ আনক-দুন্দুভিং বদন্তি। শূরস্য পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্ত্তিঃ, শ্রুতশ্রবাঃ তথা রাজাধিদেবী চ পঞ্চকন্যকাঃ এতেষাং ভগিন্যঃ। শূরঃ অপুত্রস্য সখ্যুঃ কুন্তেঃ কুন্তয়ে পৃথাং কন্যাম্ অদাৎ দদৌ ॥৩০-৩১

অতঃ পৃথায়াঃ কুন্তীতি নামান্তরম্। কদাচিৎ গৃহাগতং দুর্ব্বাসসং পরিচর্য্যাদিনা পরিতোষ্য প্রতোষিতাৎ তস্মাৎ দেবহূতিং (দেবান্ আহূয়ন্তে অনয়া ইতি তথা তাং) বিদ্যাম্ আপ। তস্যাঃ বিদ্যায়াঃ বীর্য্যস্য সামর্থ্যস্য পরীক্ষার্থং (স্নানাদিনা) শুচিঃ সতী কুন্তী রবিম্ আজুহাব ॥৩২

তদা এব উপ সমীপে আগতং দেবং সূর্য্যং বীক্ষ্য বিস্মিতং মানসং যস্যাঃ সা কুন্তী আহ যথা—হে দেব! প্রত্যয়ার্থং যথার্থত্ব-পরীক্ষার্থং মে ময়া বিদ্যা প্রযুক্তা, অত যাহি। মে মম ক্ষমস্ব ॥৩৩

শূরের পুত্র ভজমান, ভজমানের পুত্র শিনি, শিনির পুত্র ভোজ এবং ভোজের পুত্র হৃদীক।২৬

হৃদীকের পুত্র দেববাহু, দেবমীঢ়, শতধনু ও কৃতবর্মা। দেবমীঢ়ের পুত্র শূর, তাঁহার পত্নীর নাম মারিষা।২৭

শূর মারিষার গর্ভে বসুদেব, দেবভাগ, দেবশ্রবা, আনক, সৃঞ্জয়, শ্যামক, কঙ্ক, শমীক, বৎসক ও বৃক—এই দশটি নিষ্পাপ পুত্র উৎপাদন করেন। বসুদেবের জন্মকালে দেবতাগণের দুন্দুভি ও আনকের (ঢাকের) শব্দ হইয়াছিল বলিয়া শ্রীহরির অধিষ্ঠানস্বরূপ বসুদেবকে আনকদুন্দুভি বলা হয়। পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্তি, শ্রুতশ্রবা ও রাজাধিদেবী এই পাঁচ কন্যা বসুদেব প্রভৃতির ভগিনী। পিতা শূর কন্যা পৃথাকে অপুত্রক নিজসখা রাজা কুন্তির নিকট তাঁহার সন্তান-রূপে সমর্পণ করিয়াছিলেন।২৮-৩১

এই পৃথা (কুন্তী) অতিথি সেবা দ্বারা দুর্বাসাকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট হইতে দেবহূতি নামে এক বিদ্যা লাভ করেন (ইহা দ্বারা যে কোন দেবতাকে আহ্বান করিলে তিনি নিকটে আসেন)। এক সময়ে কুন্তী পবিত্রা হইয়া বিদ্যার প্রভাব পরীক্ষার জন্য সূর্যদেবকে আহ্বান করিয়া তৎক্ষণাৎ তাঁহাকে উপস্থিত হইতে দেখিলেন এবং ইহাতে বিস্মিত-চিত্তা হইয়া বলিলেন—হে দেব! আমি কেবলমাত্র প্রত্যয়ের জন্য অর্থাৎ বিদ্যার প্রভাব বিষয়ে বিশ্বাসের জন্যই বিদ্যার প্রয়োগ করিয়াছিলাম; আপনি আমাকে ক্ষমা করুন এবং নিজস্থানে প্রস্থান করুন।৩২-৩৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমোঘং দর্শনং দেবি আধিৎস্যে ত্বয়ি চাত্মজম্ ।
যোনির্যথা ন দুষ্যেত কর্তাহং তে সুমধ্যমে ॥ ৩৪

ইতি তস্যাং স আধায় গর্ভং সূর্য্যো দিবং গতঃ ।
সদ্যঃ কুমারঃ সংজজ্ঞে দ্বিতীয় ইব ভাস্করঃ ॥৩৫

তং সাত্যজন্নদীতোয়ে কৃচ্ছ্রাল্লোকস্য বিভ্যতী ।
প্রপিতামহস্তামুবাহ পাণ্ডুর্বৈ সত্যবিক্রমঃ ॥৩৬

শ্রুতদেবাং তু কারূষো বৃদ্ধশর্মা সমগ্রহীৎ ।
যস্যামভূদ্ দন্তবক্র ঋষিশপ্তো দিতেঃ সুতঃ ॥৩৭

কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ শ্রুতকীর্তিমবিন্দত ।
সন্তর্দনাদয়স্তস্য পঞ্চাসন্ কৈকয়াঃ সুতাঃ ॥৩৮

রাজাধিদেব্যামাবন্ত্যৌ জয়সেনোঽজনিষ্ট হ ।
দমঘোষশ্চেদিরাজঃ শ্রুতশ্রবসমগ্রহীৎ ॥৩৯

শিশুপালঃ সুতস্তস্যাঃ কথিতস্তস্য সম্ভবঃ ।
দেবভাগস্য কংসায়াং চিত্রকেতুবৃহদ্বলৌ ॥৪০

কংসবত্যাং দেবশ্রবসঃ সুবীর ইষুমাংস্তথা ।
কঙ্কায়ামানকাজ্জাতঃ সত্যজিৎ পুরুজিৎ তথা ॥৪১

রবিঃ আহ, হে দেবি! দেবস্য মম সন্দর্শনম্ অমোঘং ন ব্যর্থম্। ত্বয়ি আত্মজম্ আদধে আধাস্যে। হে সুমধ্যমে! যথা তে তব যোনিঃ ন দুষ্যেত ন বিদীর্য্যেত তথা অহং কর্ত্তা করিষ্যামি। ইতি উক্ত্বা সঃ সূর্য্যঃ তস্যাং গর্ভম্ আধায় দিবং স্বর্গং গতঃ,। ততঃ তত্র দ্বিতীয়ঃ ভাস্করঃ ইব কুমারঃ সদ্যঃ সংজজ্ঞে ॥৩৪-৩৫

লোকস্য লোকাৎ জনাপবাদাৎ বিভ্যতী সতী সা পৃথা তং বালং (পেটিকায়াং সংস্থাপ্য) কৃচ্ছাৎ কষ্টেন নদীতোয়ে অত্যজৎ চিক্ষেপ। তব প্রপিতামহঃ সত্যবিক্রমঃ বৈ পাণ্ডুঃ তাং কুন্তীম্ উবাহ উপযেমে ॥৩৬

বৃদ্ধশর্ম্মা কারূষঃ শ্রুতদেবাং সমগ্রহীৎ উপযেমে। যস্যাং পূর্ব্বম্ ঋষিভিঃ শপ্তঃ ভগবদ্দ্বারপালঃ বিজয়ঃ দিতেঃ সুতঃ হিরণ্যাক্ষো অভূৎ সঃ ইদানীং দন্তবক্রঃ অভূৎ ॥৩৭

কৈকেয়ঃ ধৃষ্টকেতুঃ শ্রুতকীর্ত্তিম্ অবিন্দত উপযেমে, যস্যাং তু কৈকেয়াঃ সন্তর্দ্দনাদয়ঃ পঞ্চ সুতাঃ আসন্ ॥৩৮

জয়সেনঃ রাজাধিদেব্যাম্ আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ দ্বৌ সুতৌ অজনিষ্ট জনয়ামাস। চেদিরাজঃ দমঘোষঃ শ্রুতশ্রবসম্ অগ্রহীৎ। তস্য সম্ভবঃ তস্যাঃ সুতঃ শিশুপালঃ কথিতঃ। দেবভাগস্য কংসায়াং চিত্রকেতু-বৃহদ্বলৌ দ্বৌ সুতৌ। দেবশ্রবসঃ কংসবত্যাং সুবীরঃ ইষুমান্ ইতি দ্বৌ পুত্রৌ। কঙ্কাং

সূর্যদেব বলিলেন—হে সুন্দরি! দেবদর্শন কখনও নিষ্ফল হয় না। আমি তোমার গর্ভে একটি পুত্র উৎপাদন করিব। যাহাতে তোমার যোনি দূষিত না হয়, আমি সেরূপ ব্যবস্থা করিব ।৩৪

এই বলিয়া সূর্যদেব তাঁহার গর্ভাধান করিয়া স্বর্গলোকে গমন করিলেন। এদিকে সদ্যই দ্বিতীয় সূর্যের ন্যায় এক কুমার ভূমিষ্ঠ হইয়াছিলেন ।৩৫

কুন্তী লোকভয়ে ভীতা হইয়া অতি কষ্টের সহিত সেই পুত্রকে নদীর জলে ত্যাগ করিয়াছিলেন। তোমার প্রপিতামহ সত্যবিক্রম পাণ্ডু সেই কুন্তীকে বিবাহ করেন ।৩৬

করূষ নরপতি বৃদ্ধশর্মা শ্রুতদেবাকে বিবাহ করেন। ঋষির অভিশাপগ্রস্ত দৈত্যপুত্র দন্তবক্র তাঁহার গর্ভজ সন্তান ।৩৭

কেকয় বংশজাত ধৃষ্টকেতু শ্রুতকীর্তিকে বিবাহ করেন। তাঁহার গর্ভে সন্তর্দন প্রভৃতি পাঁচ পুত্রের জন্ম হয়। তাঁহারা কৈকয়রূপে পরিচিত ।৩৮

রাজা জয়সেন রাজাধিদেবীর গর্ভে বিন্দ ও অনুবিন্দ নামক দুই পুত্রের জন্মদান করেন। চেদিরাজ দমঘোষ শ্রুতশ্রবাকে বিবাহ করিয়াছিলেন ।৩৯

শ্রুতশ্রবার পুত্র শিশুপাল। তাহার জন্মবৃত্তান্ত পূর্বে বলা হইয়াছে। কংসার গর্ভে দেবভাগ হইতে চিত্রকেতু ও বৃহদ্বল নামক দুই পুত্রের জন্ম হয় ।৪০

দেবশ্রবা হইতে কংসাবতীর গর্ভে সুবীর ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৃঞ্জয়ো রাষ্ট্রপাল্যাং চ বৃষদুর্মর্ষণাদিকান্।
হরিকেশহিরণ্যাক্ষৌ শূরভূম্যাং চ শ্যামকঃ ॥৪২
মিশ্রকেশ্যামপ্সরসি বৃকাদীন্ বৎসকস্তথা।
তক্ষপুষ্করশালাদীন্ দুর্বাক্ষ্যাং বৃক আদধে ॥৪৩
সুমিত্রার্জুনপালাদীন্ শমীকাত্তু সুদামনী।
কঙ্কশ্চ কর্ণিকায়াং বৈ ঋতধামজয়াবপি ॥৪৪
পৌরবী রোহিণী ভদ্রা মদিরা রোচনা ইলা।
দেবকীপ্রমুখা আসন্ পত্ন্য আনকদুন্দুভেঃ ॥৪৫

কঙ্কায়াং সত্যজিৎ তথা পুরুজিৎ চ জজ্ঞিরে ॥৩৯-৪১

সৃঞ্জয়ঃ রাষ্ট্রপাল্যাং বৃষদুর্মর্ষণাদিকান্ উৎপাদয়ামাস। শ্যামকঃ শূরভূম্যাং হরিকেশ-হিরণ্যাক্ষৌ জনয়ামাস। বৎসকঃ তথা অপ্সরসি মিশ্রকেশ্যাং বৃকাদীন্ উৎপাদয়ামাস। বৃকঃ দুর্বাক্ষ্যাং তক্ষ-পুষ্কর-মালাদীন্ আদধে ॥৪২-৪৩

সমীকাৎ সুদামনী-সুমিত্রার্জ্জুন-পালাদীন্ জনয়ামাস, তথা আনকঃ কর্ণিকায়াং ভার্য্যায়াম্ ঋতধামাজয়ৌ দ্বৌ সুতৌ। আনকদুন্দুভেঃ বসুদেবস্য পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা,

ইষুমান্ জন্মগ্রহণ করেন। কঙ্ক হইতে নিজ পত্নী কঙ্কার গর্ভে, সত্যজিৎ ও পুরুজিতের জন্ম হয়।৪১

সঞ্জয় রাষ্ট্রপালীর গর্ভে বৃষ ও দুর্মর্ষণ প্রভৃতি পুত্রগণের জন্মদান করেন এবং শ্যামক হইতে শূরভুমির গর্ভে হরিকেশ ও হিরণ্যাক্ষের জন্ম হয়।৪২

বৎসক অপ্সরা মিশ্রকেশীর গর্ভে বৃক প্রভৃতি পুত্রগণের জন্মদান করেন। বৃক দুর্বাক্ষীর গর্ভে তক্ষ, পুষ্কর ও শাল প্রভৃতি পুত্র উৎপাদন করিয়াছিলেন।৪৩

সুদামনী শমীকের ঔরসে সুমিত্র, অর্জুন ও পাল প্রভৃতি পুত্র প্রসব করেন। আনক নিজ ভার্যা কর্ণিকার গর্ভে ঋতধাম ও অজয় নামক পুত্রদ্বয়

বলং গদং সারণং চ দুর্মদং বিপুলং ধ্রুবম্।
বসুদেবস্তু রোহিণ্যাং কৃতাদীনুদপাদয়ৎ ॥৪৬
সুভদ্রো ভদ্রবাহুশ্চ দুর্মদো ভদ্র এব চ।
পৌরব্যাস্তনয়া হ্যেতে ভূতাদ্যা দ্বাদশাভবন্ ॥৪৭
নন্দোপনন্দকৃতকশূরাদ্যা মদিরাত্মজাঃ।
কৌশল্যা কেশিনং ত্বেকমসূত কুলনন্দনম্ ॥৪৮

রোচনা, ইলা, দেবকীপ্রমুখাঃ পত্ন্যঃ আসন্ ॥৪৪-৪৫

বসুদেবঃ তু রোহিণ্যাং বলং, গদং, সারণং, দুর্মদং, বিপুলং, ধ্রুবং, কৃতাদীন্ চ জনয়ামাস ॥৪৫

বসুদেবস্য সুভদ্রঃ, ভদ্রবাহুঃ, দুর্মদঃ, ভদ্রঃ, ভূতাদ্যাঃ, দ্বাদশতনয়াঃ পৌরব্যাঃ ভার্য্যায়াঃ অভবন্ ॥৪৭

তথা মদিরায়াং ভার্য্যায়াং নন্দোপনন্দ-কৃতক-শূরাদ্যাঃ আত্মজাঃ অভবন্। কৌশল্যা বসুদেব-ভার্য্যা তু একং কুলনন্দনং কেশিনম্ অসূত ॥৪৮

উৎপাদন করিয়াছিলেন।৪৪

দেবকীপ্রভৃতি সাত ভগ্নী এবং পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা, রোচনা ও ইলা ইঁহারা বসুদেবের ভার্যা ছিলেন।৪৫

বসুদেব রোহিণীর গর্ভে বলদেব, গদ, সারণ, দুর্মদ, বিপুল ও ধ্রুব এবং কৃতপ্রভৃতি পুত্রগণের জন্মদান করেন।৪৬

সুভদ্র, ভদ্রবাহু, দুর্মদ, ভদ্র ও ভূতপ্রভৃতি দ্বাদশ জন পৌরবীর গর্ভজাত পুত্র।৪৭

হে কুরুনন্দন! নন্দ, উপনন্দ, কৃতক ও শূরপ্রভৃতি মদিরার পুত্র। কৌশল্যা কেশি নামক একটি পুত্র প্রসব করিয়াছিলেন।৪৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রোচনায়ামতো জাতা হস্তহেমাঙ্গদাদয়ঃ।
ইলায়ামুরুবল্কাদীন্ যদুমুখ্যানজীজনৎ ॥৪৯

বিপৃষ্ঠো ধৃতদেবায়ামেক আনকদুন্দুভেঃ।
শান্তিদেবাত্মজা রাজন্ শ্রমপ্রতিশ্রুতাদয়ঃ ॥৫০

রাজানঃ কল্পবর্ষাদ্যা উপদেবাসুতা দশ।
বসুহংসসুবংশাদ্যাঃ শ্রীদেবায়াস্তু ষট্ সুতাঃ ॥৫১

দেবরক্ষিতয়া লব্ধা নব চাত্র গদাদয়ঃ।
বসুদেবঃ সুতানষ্টানাদধে সহদেবয়া ॥৫২

পুরুবিশ্রুতমুখ্যাংস্তু সাক্ষাদ্ ধর্ম্মো বসূনিব।
বসুদেবস্তু দেবক্যামষ্ট পুত্রানজীজনৎ ॥৫৩

কীর্তিমন্তং সুষেণং চ ভদ্রসেনমুদারধীঃ।
ঋজুং সম্মর্দনং ভদ্রং সংকর্ষণমহীশ্বরম্ ॥৫৪

অষ্টমস্তু তয়োরাসীৎ স্বয়মেব হরিঃ কিল।
সুভদ্রা চ মহাভাগ তব রাজন্ পিতামহী ॥৫৫

যদা যদেহ ধর্মস্য ক্ষয়ো বৃদ্ধিশ্চ পাপ্মনঃ।
তদা তু ভগবানীশ আত্মানং সৃজতে হরিঃ ॥৫৬

হস্তহেমাদয়ঃ রোচনায়াং জাতাঃ, তথা ইলায়াম্ উরুবল্কাদীন্ যদুমুখ্যান্ সুতান্ অজীজনৎ। ধৃতদেবায়াং বিপৃষ্ঠঃ নাম এক পুত্রঃ আনক-দুন্দুভেঃ জাতঃ। শান্তিদেবায়াং প্রশম-প্রসিতাদয়ঃ। উপদেবায়াং কল্পবর্ষাদ্যাঃ দশ তথা শ্রীদেবায়াং বসু-হংস-সুহংসাদ্যাঃ ষট্ ॥৪৯-৫১

দেবরক্ষিতায়াং গদাদয়ঃ নব। সাক্ষাৎ ধর্ম্মঃ অষ্টৌ বসূন্ ইব বসুদেবঃ সহদেবয়া ভার্য্যয়া প্রবরশ্রুতমুখ্যান্ অষ্টৌ সুতান্ আদধে জনয়ামাস। দেবক্যামপি বসুদেবঃ কীর্ত্তিমদাদীন্ অষ্টপুত্রান্ অজীজনৎ। তেষু ষট্ পুত্রাঃ কীর্ত্তিমান্, সুষেণঃ, ভদ্রসেনঃ, ঋজুঃ, সম্মর্দনঃ, ভদ্রশ্চেতি সপ্তমস্তু অহীনাম্ ঈশ্বরঃ সঙ্কর্ষণঃ ভগবান্ এব। তয়োঃ অষ্টমঃ হরিঃ স্বয়মেব অভূৎ, ন তু কর্ম্মাদিনা। হে রাজন্! তয়োঃ একা কন্যা চ আসীৎ, যা সুভদ্রা তব পিতামহী এব ॥৫২-৫৫

যদা যদা কালে ধর্ম্মস্য ক্ষয়ঃ বিনাশঃ, পাপ্মনঃ চ বৃদ্ধিঃ ভবতি, তদা হি ভগবান্ ঈশঃ হরিঃ আত্মানং সৃজতে ॥৫৬

বসুদেবের ঔরসে রোচনার গর্ভে হস্ত, হেমাঙ্গদ-প্রভৃতি এবং ইলার গর্ভে যদুকুলশ্রেষ্ঠ উরুবল্কপ্রভৃতি পুত্রগণের উৎপত্তি হইয়াছিল।৪৯

হে মহারাজ! বসুদেব হইতে ধৃতদেবার গর্ভে বিপৃষ্ঠনামক একটি পুত্রের জন্ম হয়। শান্তিদেবার গর্ভে প্রশম ও প্রথিতপ্রভৃতি জন্মগ্রহণ করেন।৫০

রাজন্য, কল্প ও বর্ষপ্রভৃতি দশজন উপদেবার পুত্র। শ্রীদেবার গর্ভে বসু, হংস ও সুবংশপ্রভৃতি ছয় জন পুত্র জন্মগ্রহণ করেন।৫১

দেবরক্ষিতা গদপ্রভৃতি নয় জন পুত্র লাভ করেন। ধর্ম যেরূপ অষ্টবসুর জন্মদান করেন, সেরূপ বসুদেবও সহদেবার গর্ভে প্রবর, শ্রুতমুখ্যপ্রভৃতি আটটি পুত্রের উৎপাদন করিয়াছিলেন। এইরূপ দেবকীর গর্ভেও উদারমতি বসুদেব আটটি পুত্রের জন্মদান করেন।৫২-৫৩

তাঁহাদের নাম—কীর্তিমান্, সুষেণ, ভদ্রসেন, ঋজু, সংমর্দন, ভদ্র এবং নগরাজ সঙ্কর্ষণ।৫৪

হে মহারাজ! ভগবান্ স্বয়ং শ্রীহরিই শ্রীকৃষ্ণরূপে তাঁহাদের অষ্টম পুত্র হইয়াছিলেন। আপনার পিতামহী মহাভাগা সুভদ্রাও তাঁহাদেরই কন্যা।৫৫

হে মহারাজ! যে যে সময়ে জগতে ধর্মের ক্ষয় ও পাপের বৃদ্ধি ঘটে, সেই সেই সময়েই (উহার প্রতিকারের জন্য) জগদীশ্বর ভগবান্ শ্রীহরি অবতার-রূপে আত্মপ্রকাশ করিয়া থাকেন।৫৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন হ্যস্য জন্মনো হেতুঃ কর্মণো বা মহীপতে।
আত্মমায়াং বিনেশস্য পরস্য দ্রষ্টুরাত্মনঃ ॥৫৭

যন্মায়াচেষ্টিতং পুংসঃ স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় হি।
অনুগ্রহস্তন্নিবৃত্তেরাত্মলাভায় চেষ্যতে ॥৫৮

অক্ষৌহিণীনাং পতিভিরসুরৈর্নৃপলাঞ্ছনৈঃ।
ভুব আক্রম্যমাণায়া অভারায় কৃতোদ্যমঃ ॥৫৯

কর্মাণ্যপরিমেয়াণি মনসাপি সুরেশ্বরৈঃ।
সহসংকর্ষণশ্চক্রে ভগবান্ মধুসূদনঃ ॥৬০

কলৌ জনিষ্যমাণানাং দুঃখশোকতমোনুদম্।
অনুগ্রহায় ভক্তানাং সুপুণ্যং ব্যতনোদ্ যশঃ ॥৬১

যস্মিন্ সৎকর্ণপীযূষে যশস্তীর্থবরে সকৃৎ।
শ্রোত্রাঞ্জলিরুপস্পৃশ্য ধুনুতে কর্মবাসনাম্ ॥৬২

হে মহীপতে! আত্মনঃ ঈশস্য পরস্য দ্রষ্টুঃ সর্ব্বসাক্ষিণঃ অস্য ভগবতঃ আত্মমায়াং স্বকীয়াম্ ইচ্ছাং বিনা জন্মনঃ কর্ম্মণঃ বা হেতুঃ নাস্তি ॥৫৭

যস্য মায়াচেষ্টিতং পুংসঃ জীবস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় (উপাধিসৃষ্ট্যা বিনা ধর্ম্মাদি-সম্পাদনেন) অনুগ্রহঃ জ্ঞেয়ঃ, তথা (তেনৈব শ্রূয়মাণেন) তস্য স্থিত্যাদেঃ নিবৃত্তেঃ আত্মলাভায় চ ইষ্যতে, তস্য জীবানুগ্রাহকস্য কুতঃ কর্ম্মাদি-পারতন্ত্র্যং জন্মাদি ॥৫৮

অক্ষৌহিণীনাং পতিভিঃ নৃপলাঞ্ছনৈঃ (নৃপাণাং ক্ষত্রিয়াণাম্ ইব লাঞ্ছনানি চিহ্নানি যেষাং তৈঃ) অসুরৈঃ আক্রম্যমাণায়াঃ ভারায়মাণায়াঃ ভুবঃ অভারায় ভারাবতারায় কৃতঃ উদ্যমঃ যেন সঃ ॥৫৯

সহসঙ্কর্ষণঃ ভগবান্ মধুসূদনঃ সুরেশ্বরৈঃ ইন্দ্রাদিভিঃ মনসা অপি অপরিমেয়াণি কর্ম্মাণি চক্রে ॥৬০

কলৌ জনিষ্যমাণানাং ভক্তানাম্ অনুগ্রহায় দুঃখং শোকং তমঃ তৎকারণম্ অজ্ঞানং চ নুদতি অপনয়তি তথাভূতং সুপুণ্যং যশঃ ব্যতনোৎ ॥৬১

সতাং নির্ম্মলান্তঃকরণানাং কর্ণপীযূষে অমৃততুল্যে যস্মিন্ যশোরূপে তীর্থবরে শ্রোত্রম্ এব অঞ্জলিঃ পানসাধনং যস্য সঃ পুরুষঃ সকৃৎ বারমেকম্ উপস্পৃশ্য আচম্য কর্ম্মবাসনাং ধুনুতে ক্ষপয়তি ॥৬২

হে মহারাজ! ভগবান্ স্বয়ং মায়ার নিয়ন্তা, সর্বসঙ্গরহিত, সকলের সাক্ষী এবং সর্বব্যাপী। এ অবস্থায় একমাত্র মায়ার বিলাস ব্যতীত তাঁহার জন্ম বা কর্মের অন্য কোন কারণ থাকিতে পারে না।৫৭

হে মহারাজ! ভগবানের মায়ার বিলাস জীবের প্রতি তাঁহার অনুগ্রহরূপেই স্বীকার্য হয়; যেহেতু প্রলয়ান্তে জীবের দেহাদি সৃষ্টিদ্বারা ধর্মাদির প্রবর্তন-হেতুই মায়িক সৃষ্টি, স্থিতি ও প্রলয় ঘটিয়া থাকে। আবার এই মায়ার বিলাস শ্রবণ করিলে জীবের দেহাদি সৃষ্টির চিরনিবৃত্তিহেতু আত্মলাভ অর্থাৎ মুক্তি সম্ভবপর বলিয়াও এই মায়িক বিলাস সংসারী জীবের প্রতি ভগবানের অনুগ্রহই বলিতে হয়।৫৮

(ভগবানের মায়ার বিলাস পৃথিবীর প্রতিও তাঁহার অনুগ্রহস্বরূপ ইহাও বলিতেছেন) হে মহারাজ! অসংখ্য সেনাবৃন্দের অধিপতি রাজচিহ্ন-ধারী অসুরগণের ভারে আক্রান্তা পৃথিবীর ভার লাঘবের জন্যও তাঁহার মায়িক বিলাসের প্রয়োজন হয়।৫৯

ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেবের সহিত এই ধরাতলে যে সকল কর্মের অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা ব্রহ্মাদিশ্রেষ্ঠ দেবতাগণের মনের দ্বারাও বিচারের অযোগ্য।৬০

কলিযুগে যে সকল ভক্ত জন্ম গ্রহণ করিবেন, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদের দুঃখ, শোক ও অজ্ঞান-নাশক স্বীয় পরম পবিত্র যশোরাশি বিস্তার করিয়া গিয়াছেন ॥৬১

সজ্জনগণের কর্ণযুগলের অমৃতস্বরূপ, সেই যশোরূপ পুণ্যতীর্থে কর্ণরূপ অঞ্জলির সাহায্যে একবার মাত্র আচমন করিয়াই মানব তাহার কর্ম বাসনা পরিত্যাগ করিতে সমর্থ হয়।৬২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভোজবৃষ্ণ্যন্ধকমধুশূরসেনদশার্হকৈঃ।
শ্লাঘনীয়েহিতঃ শশ্বৎ কুরুসৃঞ্জয়পাণ্ডুভিঃ ॥৬৩

স্নিগ্ধস্মিতেক্ষিতোদারৈর্বাক্যৈর্বিক্রমলীলয়া।
নৃলোকং রময়ামাস মূর্ত্ত্যা সর্বাঙ্গরম্যয়া ॥৬৪

যস্যাননং মকরকুণ্ডলচারুকর্ণ-
ভ্রাজৎকপোলসুভগং সবিলাসহাসম্।
নিত্যোৎসবং ন ততৃপুর্দৃশিভিঃ পিবন্ত্যো
নার্যো নরাশ্চ মুদিতাঃ কুপিতা নিমেশ্চ ॥৬৫

জাতো গতঃ পিতৃগৃহাদ্ ব্রজমেধিতার্থো
হত্বা রিপূন্ সুতশতানি কৃতোরুদারঃ।
উৎপাদ্য তেষু পুরুষঃ ক্রতুভিঃ সমীজে
আত্মানমাত্মনিগমং প্রথয়ঞ্জনেষু ॥৬৬

ভোজাদিভিঃ কুরু-প্রভৃতিভিঃ চ শ্লাঘনীয়ম্ ঈহিতং লীলা যস্য সঃ শ্রীকৃষ্ণঃ স্নিগ্ধং স্মিতম্ যত্র তথাভূতং যৎ ঈক্ষিতম্ অবলোকনং তেন উদারৈঃ বাক্যৈঃ বিক্রমঃ পরাক্রমঃ তৎ-পূর্ব্বিকয়া লীলয়া সর্বৈঃ অঙ্গৈঃ রম্যয়া মূর্ত্ত্যা চ নৃলোকং রময়ামাস ॥৬৩-৬৪

যস্য শ্রীকৃষ্ণস্য মকরকুণ্ডলাভ্যাং চারু কর্ণৌ ভ্রাজন্তৌ কপোলৌ চ তৈঃ সুভগং সুন্দরং তথা সবিলাসো হাসো যস্মিন্ তৎ, নিত্যম্ উৎসবঃ শোভাতিশয়ঃ যস্মিন্ তৎ আননং তদ্দৃশিভিঃ নেত্রৈঃ পিবন্ত্যঃ অতিতৃষ্ণায় পশ্যন্ত্যঃ মুদিতাঃ নার্য্যঃ নরাঃ চ ন ততৃপুঃ তৃপ্তাঃ ন জাতাঃ, অপি তু নিমেঃ নিমেষোন্মেষকর্ত্তুঃ চ কুপিতাঃ বভূবুঃ ॥৬৫

পুরুষঃ পুরুষোত্তমঃ আদৌ নিজরূপেণ জাতঃ সন্ পিতৃগৃহাৎ ব্রজং গতঃ; তত্র ব্রজবাসিনাম্ এধিতাঃ সংবর্দ্ধিতাঃ অর্থাঃ যেন তাদৃশঃ সন্ রিপূন্ কংসাদীন্ হত্বা কৃতোরুদারঃ (কৃতাঃ উরবঃ ষোড়শসহস্রৈকশতাষ্টসংখ্যকাঃ দারাঃ কলত্রাণি যেন সঃ) তেষু দারেষু শতশতানি উৎপাদ্য, আত্মনিগমং বেদমার্গং জনেষু প্রথয়ন্ প্রথয়িতুং ক্রতুভিঃ নানাবিধৈঃ যজ্ঞৈঃ আত্মানম্ এব সমীজে সম্যক্ আরাধিতবান্ ॥৬৬

হে মহারাজ! ভোজ, বৃষ্ণি, অন্ধক, মধু, শূরসেন, দশার্হ, কুরু, সৃঞ্জয় ও পাণ্ডুর বংশধরগণ নিরন্তর তাঁহার চরিতাবলীর প্রশংসা করেন।৬৩

সেই ভগবান্ শ্রীকৃষ্ণ স্নিগ্ধ সহাস দৃষ্টিপাতযুক্ত উদার বাক্যালাপ, বিক্রমলীলা এবং সর্বাঙ্গসুন্দর নিজ বিগ্রহদ্বারা নরলোকে আনন্দ বিতরণ করিয়াছিলেন।৬৪

তাঁহার হাস্যবিলাসযুক্ত বদনমণ্ডল মকরাকৃতি কুণ্ডল-যুগলের শোভায় মনোহর কর্ণযুগল ও সমুজ্জ্বল গণ্ডযুগলের সমাবেশে অতিসুন্দর বলিয়া সর্বদাই উহা দর্শকমণ্ডলীর উৎসব বিস্তার করায় নর ও নারীগণ নয়নদ্বারা সানন্দে সেই বদনশোভা পান করিয়াও পরিতৃপ্ত হইতে পারেন নাই, পরন্তু নেত্রের নিমেষহেতু দর্শনের বিচ্ছেদ ঘটিত বলিয়া তাহারা নিমেষ-সৃষ্টি-কর্তা নিমির প্রতি ক্রুদ্ধ হইতেন।৬৫

(সংক্ষেপতঃ শ্রীকৃষ্ণ লীলা বলিতেছেন) হে মহারাজ! ভগবান্ শ্রীকৃষ্ণ প্রথমতঃ নিজ চতুর্ভুজ রূপে আবির্ভূত হইয়া পশ্চাৎ মানবাকৃতি ধারণপূর্বক পিতৃগৃহ হইতে ব্রজে গমন করেন, পরে ব্রজবাসিগণের স্বার্থসম্পাদনপূর্বক শত্রুগণকে বধ করিয়া বহু রমণীকে বিবাহ করেন এবং তাঁহাদের গর্ভে অসংখ্য পুত্র উৎপাদনপূর্বক সেই পরমপুরুষ লোকসমাজে স্বীয় বেদমার্গ বিস্তারের জন্য যজ্ঞসমূহদ্বারা যজ্ঞেশ্বর-রূপী নিজেরই অর্চনা করিয়াছিলেন।৬৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃথ্ব্যাঃ স বৈ গুরুভরং ক্ষপয়ন্ কুরূণা-
মন্তঃ-সমুত্থকলিনা যুধি ভূপচম্বঃ।
দৃষ্ট্যা বিধূয় বিজয়ে জয়মুদ্বিঘোষ্য
প্রোচ্যোদ্ধবায় চ পরং সমগাৎ স্বধাম ॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪

নবমস্কন্ধঃ সমাপ্তঃ।

তথা কুরূণাম্ অন্তঃসমুত্থ-কলিনা পৃথ্ব্যাঃ পৃথিব্যাঃ গুরুম্ অধিকং ভারং ক্ষপয়ন্ যুধি সংগ্রামে ভূপানাং চম্বঃ সেনাঃ স্বদৃষ্ট্যৈব বিধূয় নিরস্য, বিজয়ে অর্জ্জুনে জয়ম্ উদ্বিঘোষ্য উদ্ধবায় পরং তত্ত্বং প্রোচ্য উপদিশ্য চ স্বধাম বৈকুণ্ঠং জগাম॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে নবম-স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ। সমাপ্তশ্চায়ং নবমস্কন্ধঃ।

সেই ভগবান্ শ্রীকৃষ্ণই পৃথিবীর গুরুতর ভার হরণের জন্য কুরুবংশীয়গণের পরস্পর সঞ্জাত বিবাদ-মূলক যুদ্ধে কালরূপী নিজের দৃষ্টিমাত্রদ্বারাই পৃথিবী-স্থিত রাজগণের সেনাসমুদয় সংহার করিয়া অর্জুনের বিজয়-বার্তা ঘোষণা করেন এবং লীলাবসানে উদ্ধবের নিকট পরম তত্ত্ব উপদেশ করিয়া নিজ ধামে বিজয় যাত্রা করিয়াছিলেন।৬৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্বিংশ অধ্যায় সমাপ্ত।

নবম স্কন্ধ সমাপ্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No............
Sri Sri Anandamayee Ashram
BANARAS

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত-আর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

দশমঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়সমলঙ্কৃতঃ।

শ্রীশচীনন্দনগোস্বামিভক্তিরত্ন-কৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

২২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দশমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণাবতারকথনম্, ব্রহ্মণা পৃথিব্যা আশ্বাসনম্, কংসস্য দেবকীবধোদ্যোগাদ্ বসুদেববচনেন নিবৃত্তিঃ, ষণ্ণাং দেবকীপুত্রাণাং কংসেন বধশ্চ।]

রাজোবাচ।

কথিতো বংশবিস্তারো ভবতা সোমসূর্য্যয়োঃ।
রাজ্ঞাং চোভয়বংশ্যানাং চরিতং পরমাদ্ভুতম্ ॥১

যদোশ্চ ধর্ম্মশীলস্য নিতরাং মুনিসত্তম।
তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণোর্বীর্য্যাণি শংস নঃ ॥২

অবতীর্য্য যদোর্বংশে ভগবান্ ভূতভাবনঃ।
কৃতবান্ যানি বিশ্বাত্মা তানি নো বদ বিস্তরাৎ ॥৩

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্
ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ ॥৪

অন্বয়ঃ

রাজা উবাচ। ভবতা সোমসূর্য্যয়োঃ চন্দ্রস্য সূর্য্যস্য চ বংশবিস্তারঃ পুত্রপৌত্রাদিক্রমঃ কথিতঃ, তথা উভয়বংশ্যানাং চন্দ্রসূর্য্যবংশোদ্ভবানাং রাজ্ঞাং পরমাদ্ভুতং চরিতং চ কথিতম্ ॥১

হে মুনিসত্তম মুনিশ্রেষ্ঠ! নিতরাং ধর্ম্মশীলস্য যদোঃ বংশবিস্তারঃ চ কথিতঃ। তত্র যদুবংশে অংশেন অবতীর্ণস্য বিষ্ণোঃ শ্রীকৃষ্ণস্য বীর্য্যাণি চরিতানি নঃ অস্মান্ শংস কথয় ॥২

অন্বয়ঃ

ভূতভাবনঃ জীবপ্রতিপালকঃ বিশ্বাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণঃ যদোঃ বংশে অবতীর্য্য যানি কর্ম্মাণি কৃতবান্, তানি কর্ম্মাণি নঃ অস্মান্ বিস্তরাৎ বদ ॥৩

অপশুঘ্নাৎ আত্মঘাতিনঃ অথবা পশুঘ্নাৎ পশুঘাতিনঃ বিনা কঃ পুমান্ নিবৃত্ততর্ষৈঃ বিষয়তৃষ্ণাশূন্যৈঃ উপগীয়মানাৎ ভবৌষধাৎ শ্রোত্রমনোঽভিরামাৎ উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ শ্রীকৃষ্ণগুণানুকীর্ত্তনাৎ বিরজ্যেত বিরক্তঃ ভবেৎ ॥৪

প্রথম অধ্যায়।

[শ্রীকৃষ্ণাবতারকথন, ব্রহ্মাকর্ত্তৃক পৃথিবীকে আশ্বাস দান, বসুদেবের বাক্যে দেবকীর বধোদ্যোগ হইতে কংসের নিবৃত্তি এবং দেবকীর ছয় পুত্রের কংসকর্ত্তৃক বধ।]

(মহারাজ পরীক্ষিত যাবতীয় দেবাদি চরিত্রের মূল স্বরূপ শ্রীকৃষ্ণচরিত্র বিশদরূপে শ্রবণ করিবার নিমিত্ত বক্তা শ্রীশুকদেব গোস্বামীর প্রীতি উৎপাদনের জন্য তৎকথিত বাক্যের অভিনন্দন পূর্ব্বক কহিতেছেন—) হে মুনিসত্তম! চন্দ্র ও সূর্য্যের বংশ বিস্তার অর্থাৎ (তত্তদ্বংশীয় প্রত্যেক নরপতিগণের পুত্রপৌত্রাদির জন্মকথা) পূর্ব্বাপর সঙ্গতিক্রমে প্রায় সমস্তই কীর্ত্তন করিয়াছেন এবং এই উভয় বংশে যে সকল নৃপতিগণ জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগের দিগ্-বিজয়াদি পরমাদ্ভুত চরিত্রও বর্ণন করিয়াছেন। সুতরাং (চন্দ্রবংশান্তর্গতহেতু) ভগবদ্‌ভক্তিলক্ষণ ধর্ম্মশীল যদুর বংশাবলী ও তাঁহার বংশধরসকলের পরমাশ্চর্য্য চরিত্রও সম্যক্ প্রকারে বলিয়াছেন, অধুনা সেই যদুবংশে শ্রীবলদেবের সহিত অবতীর্ণ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের মহাপ্রভাবময় লীলাসমূহ কৃপা করিয়া আমাদিগের নিকট কীর্ত্তন করিতে আজ্ঞা হয়।১-২

হে মুনিবর! যদি বলেন,—"শ্রীভগবানের মহাপ্রভাবময় সমস্ত চরিত্রই পরমাশ্চর্য্য, তাহা হইলে তৎসমুদয়ই আমাদিগের নিকট কীর্ত্তন করুন" এই অভিপ্রায়ে কহিতেছেন—

যিনি সর্ব্বৈশ্বর্য্যে পরিপূর্ণ (ভগবান্) হইয়াও ভূতভাবন অর্থাৎ কৃপাবলম্বন পূর্ব্বক জীবগণকে প্রতিপালন করিয়া আসিতেছেন, কারণ তিনি বিশ্বস্থ প্রাণিমাত্রের চেতনাদিশক্তির প্রেরক হইয়া স্বভাবতই তাহাদিগের হিতকারী (বিশ্বাত্মা)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতামহা মে সমরেঽমরঞ্জয়ৈ-
দেবব্রতাদ্যাতিরথৈস্তিমিঙ্গিলৈঃ।
দুরত্যয়ং কৌরব-সৈন্যসাগরং
কৃত্বাতরন্ বৎসপদং স্ম যৎপ্লবাঃ ॥৫

যে মম পিতামহাঃ যুধিষ্ঠিরাদয়ঃ যৎপ্লবাঃ যং শ্রীকৃষ্ণং সমাশ্রিতাঃ অমরঞ্জয়ৈঃ তিমিঙ্গিলৈঃ তিমিঙ্গিলমৎস্যসদৃশৈঃ দেবব্রতাদ্যাতিরথৈঃ ভীষ্মাদিভিঃ মহারথৈঃ দুরত্যয়ং দুষ্পারং কৌরবসৈন্যসাগরং বৎসপদং কৃত্বা অতরন্ স্ম ॥৫

দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টমিদং মদঙ্গং
সন্তানবীজং কুরুপাণ্ডবানাম্।
জুগোপ কুক্ষিং গত আত্তচক্রো
মাতুশ্চ মে যঃ শরণং গতায়াঃ ॥৬

যঃ শ্রীকৃষ্ণঃ আত্তচক্রঃ ধৃতচক্রঃ এব শরণং গতায়াঃ শরণাপন্নায়াঃ মে মম মাতুঃ উত্তরায়াঃ কুক্ষিং গর্ভং গতঃ সন্ কুরুপাণ্ডবানাং সন্তানবীজং বংশস্য নিদানং দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টম্ অশ্বত্থামাস্ত্রৈঃ দগ্ধম্ ইদং মদঙ্গং জুগোপ রক্ষিতবান্ ॥৬

অতএব সেই শ্রীকৃষ্ণ যদুবংশের অবতীর্ণ হইয়া যে সমস্ত কর্ম্ম করিয়াছেন, তৎসমুদয় কর্ম্মের প্রয়োজনাদি নির্দ্ধারণপূর্ব্বক আমাদিগের নিকট বর্ণন করুন অর্থাৎ যাহা ইতিপূর্ব্বে নবম স্কন্ধে দুই শ্লোক দ্বারা অতি সংক্ষেপে বলিয়াছেন, তাহাই আমাদিগের মন্দমতি সহজে বোধের জন্য বহুশ্লোকে বিস্তার পূর্ব্বক কীর্ত্তন করুন।৩

হে ব্রহ্মন্! সবিস্তার শ্রীকৃষ্ণচরিত্রশ্রবণে আমাদিগের 'অলং বুদ্ধি' অর্থাৎ "এই পর্য্যন্তই শ্রবণ করিব, আর অধিক শ্রবণ করিব না" এইরূপ বিরক্ত হইবার আশঙ্কা করিবেন না ; কারণ, আমরা সংসার রোগগ্রস্ত হইয়া মহাসৌভাগ্যবশতঃ ভবাদৃশ সদ্‌বৈদ্য প্রাপ্ত হইয়াছি, আপনি যে রোগীর রোগ বুঝিয়া ভবরোগ নিবারক শ্রীকৃষ্ণলীলামৃত-মহৌষধ প্রদান করিতেছেন, তৎসেবনে ভবরোগাভিভূত আমরা কেনই বা বিরক্ত হইব? আত্মঘাতী অথবা পশুঘ্ন অর্থাৎ স্বর্গসুখাভিলাষী কর্ম্মী বা ব্যাধ বা গোঘাতক যবন ব্যতিরেকে ভবরোগাক্রান্ত কোন্ ব্যক্তি উত্তমঃ-শ্লোক ভগবানের গুণানুবাদশ্রবণে বিরত হইয়া থাকে? যেহেতু, ইহা ভবব্যাধির একমাত্র মহৌষধস্বরূপ অর্থাৎ ইহা সেবনে ভবব্যাধি সমূলে উপশমপ্রাপ্ত হইয়া থাকে; কারণ, যাঁহারা এই শ্রীকৃষ্ণলীলামৃত মহৌষধ সেবন করিয়া সংসারব্যাধি হইতে মুক্তিলাভ করিয়াছেন, সেই জীবন্মুক্ত মহাত্মগণ ভবরোগগ্রস্ত মানবের প্রতি উপদেশ করিয়া থাকেন যে,—হে ভবরোগাভিভূত মানবগণ! আমরা যেমন শ্রীকৃষ্ণচরিতামৃত মহৌষধ সেবন করিয়া ভবরোগ-মুক্ত হইয়াছি, তদ্রূপ তোমরাও ইহা সেবন করিয়া নিরাময় হও, কোনরূপ আশঙ্কা করিও না, আমরাই ইহার সাক্ষী বা প্রমাণ জানিবে। এতাদৃশ সপ্রমাণক মহৌষধের আশ্চর্য্য মহিমা এই,—সামান্য দৈহিক রোগাক্রান্ত হইয়া তদুপদেশার্থ কটুতিক্তাদি নানাবিধ ঔষধ সেবন করিয়া থাক, কিন্তু এই ভব মহাব্যাধি-নিবারক শ্রীকৃষ্ণচরিতামৃত মহৌষধ অন্য ঔষধ-সদৃশ নহে, ইহা কটুতিক্তাদি দোষ বিবর্জ্জিত ও শ্রোত্র ও মনের দ্বারা সেবন করিতে হয়। অতএব আমরা ভবরোগাক্রান্ত হইয়া তদ্‌রোগঘ্ন বিশেষতঃ সেবনে সুখকর এতাদৃশ অব্যর্থ ও দুর্ল্লভ মহৌষধ সেবনে কেনই বা বিরত হইব?৪

যদিও অন্যান্য দেবতাদির বিচিত্র লীলাসকল বিদ্যমান রহিয়াছে, তথাপি শ্রীকৃষ্ণই আমাদের কুলদেবতা অর্থাৎ মদীয় কুলের একমাত্র গতিস্বরূপ; অতএব তাঁহার লীলাকথা নিরন্তর শ্রবণ করাই আমার একান্ত কর্ত্তব্য। প্রসিদ্ধ আছে যে, আমার পিতামহ যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডবগণ যাঁহাকে তরণ-সাধন ভেলারূপে অবলম্বন পূর্ব্বক দুর্য্যোধনাদির সৈন্যরূপ সাগর বৎসপদতুল্য জলাশয় মনে করিয়া অর্থাৎ বৎসপদ সদৃশ জলময় স্থল পার হইতে যেমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বীর্য্যাণি তস্যাখিলদেহভাজা-
মন্তর্বহিঃ পুরুষকালরূপৈঃ।
প্রযচ্ছতো মৃত্যুমুতামৃতং চ
মায়ামনুষ্যস্য বদস্ব বিদ্বন্ ॥৭

হে বিদ্বন্! অন্তর্বহিঃ অন্তর্বহির্দৃষ্টীনাম্ অখিলদেহভাজাং সকলশরীরধারিণাং পুরুষকালরূপৈঃ পুরুষরূপৈঃ অমৃতং মুক্তিং, কালরূপৈঃ শমনরূপৈঃ চ মৃত্যুং সংসারং প্রযচ্ছতঃ দদতঃ তস্য শ্রীকৃষ্ণস্য বীর্য্যাণি বদস্ব ॥৭

সঙ্কর্ষণঃ রামঃ বলরামঃ রোহিণ্যাঃ তনয়ঃ ইতি ত্বয়া

রোহিণ্যাস্তনয়ঃ প্রোক্তো রামঃ সঙ্কর্ষণস্ত্বয়া।
দেবক্যা গর্ভসম্বন্ধঃ কুতো দেহান্তরং বিনা ॥৮
কস্মান্মুকুন্দো ভগবান্ পিতুর্গেহাদ্ ব্রজং গতঃ।
ক্ব বাসং জ্ঞাতিভিঃ সার্দ্ধং কৃতবান্ সাত্বতাং পতিঃ ॥৯

পূর্ব্বং কথিতঃ। দেহান্তরং বিনা দেবক্যাঃ গর্ভসম্বন্ধঃ কুতঃ ঘটতে ॥৮

ভগবান্ মুকুন্দঃ শ্রীকৃষ্ণঃ পিতুঃ বসুদেবস্য গেহাৎ কস্মাৎ ব্রজং নন্দগোপবাসস্থানং গতঃ। সাত্বতাং যাদবানাং পতিঃ ক্ব কুত্র জ্ঞাতিভিঃ সাকং সহ বাসং কৃতবান্ ॥৯

কেহ দুঃখ বিবেচনা করে না, তদ্রূপ অনায়াসে উত্তীর্ণ হইয়াছিলেন। যদি বলেন প্রসিদ্ধ সাগর হাঙ্গর-কুম্ভীরাদি জলজন্তু দ্বারা সমাক্রান্ত বলিয়া দুষ্পারণীয় হইয়া থাকে, তবে এই সৈন্যরূপ সাগর কি প্রকারে দুস্তর হইল? তদুত্তরে বলিতেছি যে, এই কুরুসৈন্য-সাগরেও তিমিঙ্গিলসদৃশ ও অমরবিজয়ী মহাশৌর্য্য-শালী ভীষ্ম প্রভৃতি অতিরথগণে অতিশয় দুস্তর হইয়াছিল। অতএব পিতামহগণ যে শ্রীকৃষ্ণের চরণাশ্রয় করিয়া এতাদৃশ অসাধ্যসাধন করিয়াছেন, তাহারই কার্য্যসকল বর্ণন করুন।৫

বিশেষতঃ যিনি আমার জীবন রক্ষা করিয়াছেন, তাঁহার কথা শ্রবণই আমার অবশ্য কর্ত্তব্য। যখন দ্রোণপুত্র অশ্বথামা পাণ্ডববংশ সমূলে বিনাশ করিবার অভিপ্রায়ে কুরু-পাণ্ডবের সন্তান জীবস্বরূপ মাতৃগর্ভে অবস্থিত মৎপ্রতি নির্দ্দয়ভাবে অব্যর্থ ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করিয়াছিলেন, তখন অস্ত্রের অনিবার্য্য প্রলয়াগ্নি-সদৃশ সেই ব্রহ্মাস্ত্র দ্বারা প্রত্যক্ষ আমার এই অঙ্গ দগ্ধ হইলেও মদীয় জননী উত্তরাদেবী গর্ভরক্ষায় নিরুপায় দেখিয়া "হে দেবদেব হে জগন্নাথ! রক্ষা কর, রক্ষা কর—এইবিপদে রক্ষা কর, আর কাহারও সাধ্য নাই, হে প্রভো! আমার জীবনান্তক হইলেও দুঃখ নাই, কিন্তু হে ভক্তবৎসল! তোমার ভক্তবংশ সমূলে বিনাশ হইল"। এইরূপ সকাতরে শ্রীকৃষ্ণের শরণাপন্না হইলে ভক্তাধীন ভগবান্ ভক্তবাৎসল্যে ব্যগ্র হইয়া ভক্তবংশধর আমার রক্ষার নিমিত্ত সুদর্শন চক্র ধারণ পূর্ব্বক মাতৃগর্ভে প্রবেশানন্তর মদীয় অঙ্গ ও জননীর দেহ রক্ষা করিয়াছেন। অতএব এতাদৃশ দয়াময় বিশেষতঃ জীবনপ্রদ ভগবানের লীলাকথা শ্রবণ না করা কিংবা শ্রবণে শৈথিল্য বা বিরক্ত হওয়া অকৃতজ্ঞতা ভিন্ন আর কি বলা যাইতে পারে।৬

সেই ভগবান্ কেবল যে আমারই জীবনপ্রদ তাহাও নহে, পরন্তু সংসারস্থ জীবমাত্রের সর্ব্বগতি প্রদাতা অর্থাৎ শত্রু-মিত্র উভয়েরই সদগতি প্রদান করিয়া থাকেন, যেহেতু অখিল দেহধারিগণের মধ্যে অন্তরঙ্গ বাসুদেব প্রভৃতি ভক্তগণকে চতুর্ভুজ কখন বা দ্বিভুজ স্বরূপ প্রদর্শন করাইয়া পরমানন্দ প্রদান করিয়া থাকেন; এবং বহিরঙ্গ আপাতত শত্রুরূপী কংসাদি অসুরদিগকে কালরূপ দ্বারা নিধন ও মোক্ষ অর্পণ করেন, সেই মায়ামানুষ নরাকৃতি পরমপুরুষ শ্রীভগবানের অতি রহস্য লীলাসমূহ কীর্ত্তন করুন।৭

হে প্রভো! আপনি নবমস্কন্ধে শ্রীবলরামকে রোহিণীনন্দন বলিয়াছেন, পুনরায় তাঁহাকেই শ্রীদেবকীর গর্ভসম্ভূত বলিয়া বর্ণন করিলেন। এই বাক্যে আমাদের বড়ই আশঙ্কা হইল, সেইজন্য জিজ্ঞাসা করিতেছি যে, দেহান্ত ব্যতিরেকে অর্থাৎ এক দেহে রোহিণীতনয়ের আবার দেবকীগর্ভসম্বন্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রজে বসন্ কিমকরোন্মধুপুর্য্যাঞ্চ কেশবঃ।
ভ্রাতরঞ্চাবধীৎ কংসং মাতুরদ্ধাঽতদর্হণম্ ॥১০
দেহং মানুষমাশ্রিত্য কতি বর্ষাণি বৃষ্ণিভিঃ।
যদুপুর্য্যাং সহাবাৎসীৎ পত্ন্যঃ কত্যভবন্ প্রভোঃ ॥১১

কেশবঃ ব্রজে মধুপুর্য্যাং মথুরায়াং চ বসন্ কিম্ অকরোৎ। অতদর্হণং বধস্য অযোগ্যং, মাতুঃ ভ্রাতরং মাতুলং কংসং চ অদ্ধা সাক্ষাৎ (কথম্) অবধীৎ ॥১০

মানুষং দেহম্ আশ্রিত্য বৃষ্ণিভিঃ জ্ঞাতিভিঃ সহ যদুপুর্য্যাং দ্বারকায়াং কতি বর্ষাণি অবাৎসীৎ। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য কতি পত্ন্যঃ স্ত্রিয়ঃ অভবন্ ॥১১

কি প্রকারে সম্ভব হইতে পারে ?৮

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) ও মুকুন্দ (মুক্তিদাতা) হইয়াও কি কারণে পিতা বসুদেবের গৃহ হইতে ব্রজে গমন করিলেন ? যিনি ষড়ৈশ্বর্য্যশালী, তিনি যে কংসভয়ে ভীত হইয়া ব্রজে গিয়াছিলেন, ইহা কখন সম্ভব হইতে পারে না, আর যিনি মুকুন্দ অর্থাৎ সর্ব্বজীবের মুক্তি দাতা, তাঁহার যদি কংসকে মুক্তিপ্রদান করিবারই অভিপ্রায় থাকিত, তাহা হইলে মথুরায় পিতৃগৃহে অবস্থান করিয়াই কংসকে মুক্তি দিতে পারিতেন। অপর জিজ্ঞাসা এই যে ভক্তজনপালক শ্রীকৃষ্ণ প্রকটাবস্থায় জ্ঞাতিগণের সহিত কিরূপে বৃন্দাবনে ও দ্বারকায় অবস্থান করিয়াছিলেন ? অর্থাৎ বৃন্দাবন ও দ্বারকার যথোচিত বৈশিষ্ট্য বর্ণন করুন।৯

ভগবান্ কেশব প্রকটাবস্থায় ব্রজ, মধুপুরী ও দ্বারকাতে বাস করিয়া কি কার্য্য করিয়াছিলেন ? আর কেনই বা বধের অযোগ্য জননীর ভ্রাতা (মাতুল) কংসকে স্বয়ং বধ করিয়াছেন ?১০

অপর—সেই সচ্চিদানন্দময় ভগবান্ নরাকৃতি পরম মনোহর শ্রীবিগ্রহ প্রকট করিয়া বৃষ্ণিগণের সহিত মধুপুরীতে মনুষ্যপরিমাণে কত বৎসর বাস করিয়াছিলেন, আর প্রভুর অঙ্গীকৃত যে সকল

এতদন্যচ্চ সর্ব্বং মে মুনে কৃষ্ণবিচেষ্টিতম্।
বক্তুমর্হসি সর্ব্বজ্ঞ শ্রদ্দধানায় বিস্তৃতম্ ॥১২
নৈষাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোদমপি বাধতে।
পিবন্তং ত্বন্মুখাম্ভোজ-চ্যুতং হরিকথামৃতম্ ॥১৩

হে সর্বজ্ঞ মুনে! এতৎ অন্যৎ চ সর্ব্বং কৃষ্ণবিচেষ্টিতং শ্রীকৃষ্ণস্য কর্ম্ম শ্রদ্দধানায় শ্রদ্ধাবতে মে মহ্যং বিস্তৃতং বক্তুম্ অর্হসি ॥১২

অতিদুঃসহা এষা ক্ষুৎ ক্ষুধা ত্যক্তোদং পরিত্যক্তজলম্ অপি ত্বন্মুখাম্ভোজচ্যুতং তব মুখপদ্মবিনিঃসৃতং হরিকথামৃতং পিবন্তং মাং ন বাধতে ॥১৩

পত্নী ছিলেন, তাহারই বা পরিমাণ কি ?১১

হে মুনিবর! আপনি সকলই বিদিত আছেন। ভগবান্ যে লীলা সম্পাদন করিয়াছেন, আমি তাহাতে অনভিজ্ঞ, অতএব আপনি তৎসমুদয় বর্ণন করুন। আমি যাহা যাহা জিজ্ঞাসা করিলাম ও অন্যান্য যে যে কিছু শ্রীকৃষ্ণের বিচিত্র কর্ম্ম রহিয়াছে, তৎসমুদয় আমার নিকট বিস্তার পূর্বক কীর্ত্তন করুন। ভগবল্লীলাশ্রবণে শ্রদ্ধান্বিত হইয়াছি, অতএব আপনি তাহা বলিতে কোনরূপ আশঙ্কা করিবেন না।১২

হে ভগবন্! আমি ইতিপূর্বে মহানুভব বিপ্রের নিকট যে অপরাধ করিয়াছিলাম, সেই দুঃখে অবিলম্বে প্রাণত্যাগ করিব বলিয়া জল পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছি ; কিন্তু এই কথামৃত পান দ্বারাই এখনও প্রাণ রক্ষিত হইয়াছে। অধুনা যদি কথামৃত পানে বিরত হই, তাহা হইলে এক্ষণেই আমার প্রাণ বহির্গত হইবে সন্দেহ নাই। যদি বলেন "ক্ষুধা তৃষ্ণায় ব্যাকুল হইয়াছ, ক্ষণকাল বিশ্রামাদি কর, নচেৎ কথাশ্রবণে চিত্তের চাঞ্চল্য হইতে পারে", হে প্রভো! এইরূপ বাক্য আমাকে বলিবেন না, কারণ সকল অর্থের মূল যে তৃষ্ণা, যাহার প্রভাবে আমি মুনিগলে মৃতসর্প প্রদান করিয়াছিলাম, তত্তুল্য অতি দুঃসহা বিবেকহারিণী এই ক্ষুধা, জল পর্যন্ত পরিত্যাগ করিলেও আমাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূত উবাচ।

এবং নিশম্য ভৃগুনন্দন সাধুবাদং
বৈয়াসকিঃ স ভগবানথ বিষ্ণুরাতম্।
প্রত্যর্চ্চ্য কৃষ্ণচরিতং কলিকল্মষঘ্নং
ব্যাহর্ত্তুমারভত ভাগবতপ্রধানঃ ॥১৪

শ্রীশুক উবাচ।

সম্যগ্ব্যবসিতা বুদ্ধিস্তব রাজর্ষিসত্তম।
বাসুদেবকথায়াং তে যজ্জাতা নৈষ্ঠিকী রতিঃ ॥১৫

হে ভৃগুনন্দন শৌনক! অথ ভগবান্ ভাগবতপ্রধানঃ ভগবদ্ভক্তেষু শ্রেষ্ঠঃ বৈয়াসকিঃ শুকদেবঃ এতং সাধুবাদং সাধুপ্রশ্নং নিশম্য শ্রুত্বা বিষ্ণুরাতং পরীক্ষিতং প্রত্যর্চ্চ্য সভাজয়িত্বা, কলিকল্মষঘ্নং কলিপাপনাশকং কৃষ্ণচরিতং ব্যাহর্ত্তুং বক্তুম্ আরভত ॥১৪

হে রাজর্ষিসত্তম নৃপশ্রেষ্ঠ! তব বুদ্ধিঃ সম্যগ্ ব্যবসিতা কৃতনিশ্চয়া। যৎ যতঃ বুদ্ধেঃ বাসুদেবকথায়াং শ্রীকৃষ্ণচরিতে তে তব নৈষ্ঠিকী আত্যন্তিকী রতিঃ অনুরাগঃ জাতা। তৎপাদ-সলিলং যথা শ্রীকৃষ্ণপাদনিঃসৃতং সলিলং (গঙ্গা) ত্রিভুবনম্ ইব

আর পীড়া প্রদান করিতে পারিতেছে না। যেহেতু আমি ভবদীয় মুখপদ্মবিগলিত সর্ব্বদুঃখহারী শ্রীহরির কথামৃত পান করিতে প্রবৃত্ত হইয়াছি। আহা! হরি-কথামৃত পানে প্রবৃত্ত হইয়াই আমার ঐহিক ক্ষুৎপিপাসা দূর হইল, অপর যাঁহারা হরি কথামৃত পান করিয়াছেন, তাঁহাদিগের যে ভবতৃষ্ণা দূর হইয়াছে, ইহাতে আর সন্দেহ কি হইতে পারে?১৩

সূত বলিলেন,—হে ভৃগুনন্দন [শৌনক]! মহারাজ পরীক্ষিতের এতাদৃশ সমীচীন প্রশ্নসমূহ শ্রবণানন্তর সেই ভাগবতপ্রধান ভগবান্ শ্রীশুকদেবগোস্বামী মহারাজ পরীক্ষিৎকে বিবিধ প্রশংসাবচনে সম্মানিত করিয়া কলি-কল্মনাশক শ্রীকৃষ্ণচরিত বর্ণন করিতে করিতে আরম্ভ করিলেন।১৪

শ্রীশুকদেব কহিলেন,—হে রাজর্ষিসত্তম! তোমার বুদ্ধি, সম্যক্ প্রকারে কৃতনিশ্চয় হইয়াছে অর্থাৎ বুদ্ধি যাহাতে স্থিরতা লাভ করা উচিত, তাহাতেই সম্যক্

বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি।
বক্তারং প্রচ্ছকং শ্রোতৄংস্তৎপাদসলিলং যথা ॥১৬

ভূমির্দৃপ্তনৃপব্যাজ-দৈত্যানীকশতাযুতৈঃ।
আক্রান্তা ভূরিভারেণ ব্রহ্মাণং শরণং যযৌ ॥১৭

গৌর্ভূত্বাশ্রুমুখী খিন্না ক্রন্দন্তী করুণং বিভোঃ।
উপস্থিতান্তিকে তস্মৈ ব্যসনং সমবোচত ॥১৮

বাসুদেবকথাপ্রশ্নঃ বক্তারং প্রচ্ছকং শ্রোতৄন্ ত্রীন্ পুরুষান্ পুনাতি হি ॥১৫-১৬

ভূমিঃ পৃথিবী দৃপ্তনৃপব্যাজদৈত্যানীকশতাযুতৈঃ অহঙ্কৃত-রাজাপদেশদৈত্যসৈন্যবহুশতৈঃ ভূরিভারেণ আক্রান্তা সতী ব্রহ্মাণং শরণং যযৌ ॥১৭

খিন্না দুঃখিতা করুণং রুদন্তী অশ্রুমুখী সাশ্রু-নয়না (ভূমিঃ) গৌঃ ভূত্বা বিভোঃ ব্রহ্মণঃ অন্তিকে সমীপে উপস্থিতা সতী তস্মৈ স্বং ব্যসনং দুঃখম্ অবোচত কথয়ামাস ॥১৮

স্থিরতা লাভ করিয়াছে, কেননা এই বুদ্ধি হইতেই তোমার বাসুদেবকথায় নৈষ্ঠিকী (পরাকাষ্ঠা চরম-সীমায় উপনীত) রতির আবির্ভাব হইয়াছে।১৫

হে রাজন্! তুমি যে শ্রীকৃষ্ণকথার প্রশ্ন করিলে, তদ্দ্বারা তোমার, আমার ও অন্যান্য শ্রোতৃগণের জীবনও ধন্য হইল, কেননা ভগবান্ বাসুদেবের চরণামৃত সেক্তা (যিনি সেচন করেন), সিচ্যমান (যাহাকে সেচন করা যায়) ও এতদুভয় সঙ্গী এই ত্রিবিধজনকে পবিত্র করিয়া থাকেন, কিংবা বাসুদেবের পদোদ্ভবা গঙ্গা যেমন ঊর্দ্ধলোক (স্বর্গ), মধ্যলোক (মর্ত্তলোক), অধোলোক (পাতাল) এই তিন লোক পবিত্র করিয়া থাকেন, তদ্রূপ বাসুদেব কথাপ্রশ্নও প্রশ্নকর্ত্তা, বক্তা ও শ্রোতৃবৃন্দ এই ত্রিবিধ জন-সকলকে পরম পবিত্র করিয়া থাকেন।১৬

সেই যাহা হউক এখন ভগবদবতারের প্রসিদ্ধ কারণ শ্রবণ কর, গর্ব্বিত নরপতিচ্ছলে দৈত্যগণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মা তদুপধার্য্যাথ সহ দেবৈস্তয়া সহ।
জগাম স-ত্রিনয়নস্তীরং ক্ষীরপয়োনিধেঃ ॥১৯

তত্র গত্বা জগন্নাথং দেবদেবং বৃষাকপিম্।
পুরুষং পুরুষসূক্তেন উপতস্থে সমাহিতঃ ॥২০

গিরং সমাধৌ গগনে সমীরিতাং
নিশম্য বেধাস্ত্রিদশানুবাচ হ।
গাং পৌরুষীং মে শৃণুতামরাঃ পুন-
র্বিধীয়তামাশু তথৈব মা চিরম্ ॥২১

পুরৈব পুংসাবধৃতো ধরাজ্বরো
ভবদ্ভিরংশৈর্যদুষূপজন্যতাম্।
স যাবদুর্ব্ব্যা ভরমীশ্বরেশ্বরঃ
স্বকালশক্ত্যা ক্ষপয়ংশ্চরেদ্ ভুবি ॥২২

বসুদেবগৃহে সাক্ষাদ্ভগবান্ পুরুষঃ পরঃ।
জনিষ্যতে তৎপ্রিয়ার্থং সম্ভবন্তু সুরস্ত্রিয়ঃ ॥২৩

অথ সত্রিনয়নঃ মহাদেবসহিতঃ ব্রহ্মা তৎ দুঃখম্ অবধার্য্য জ্ঞাত্বা দেবৈঃ সহ তয়া পৃথিব্যা চ সহ ক্ষীরপয়োনিধেঃ ক্ষীরসমুদ্রস্য তীরং জগাম ॥১৯

তত্র ক্ষীরসমুদ্রতীরে গত্বা সমাহিতঃ অনন্যমনাঃ সন্ দেবদেবং বৃষাকপিং সর্ব্বকামপ্রদং সর্ব্বক্লেশাপহরং চ পুরুষং নারায়ণং পুরুষসূক্তেন সহস্রশীর্ষেত্যাদিভিঃ বেদোক্তমন্ত্রৈঃ উপতস্থে তুষ্টাব ॥২০

বেধাঃ ব্রহ্মা গগনে আকাশে সমীরিতাং ভগবতা উচ্চারিতাং গিরং বাচং সমাধৌ যোগে নিশম্য শ্রুত্বা ত্রিদশান্ দেবান্ উবাচ হ। হে অমরাঃ দেবাঃ! মে মৎসকাশাৎ পৌরুষীং মহাপুরুষকথিতাং গাং বাচম্ আশু শীঘ্রং শৃণুত মা চিরম্ অবিলম্বিতম্ এব তথা বিধীয়তাম্। পুংসা হরিণা ধরাজ্বরঃ ভূতাপঃ পুরা এব অবধৃতঃ জ্ঞাতঃ। সঃ ঈশ্বরেশ্বরঃ যাবৎ স্বকালশক্ত্যা উর্ব্ব্যাঃ পৃথিব্যা ভরং ক্ষপয়ন্ বিনাশয়ন্ ভুবি চরেৎ, তাবৎ ভবদ্ভিঃ অংশৈঃ যদুষু যদুবংশেষু উপজন্যতাম্। ভগবান্ পরঃ পুরুষঃ হরিঃ বাসুদেবগৃহে সাক্ষাৎ জনিষ্যতে। অমরস্ত্রিয়ঃ তৎ প্রিয়ার্থং ভুবি সম্ভবন্তু ॥২১-২৩

যখন পৃথিবী সমাচ্ছন্ন করিয়া ফেলিল, তখন তাহাদিগের অসংখ্য সেনাসকলের ভূরিভারে আক্রান্ত ধরণী ব্রহ্মার শরণাপন্না হইলেন।১৭

সেই পৃথিবী গাভীরূপ ধারণ করিয়া শোকাকুলিত মানসে করুণস্বরে রোদন করিতে করিতে সুমেরুস্থ ব্রহ্মার সমীপে উপস্থিত হইয়া স্বীয় দুঃখ নিবেদন করিলেন।১৮

পৃথিবীর দুঃখবার্তা শ্রবণ করিয়া ব্রহ্মা মনে মনে বিচার করিলেন যে, "বিশ্বের সৃষ্টি করাই মদীয় কার্য্য এবং বিশ্বপালন করা ভগবান্ বিষ্ণুর কার্য্য। সেই ভগবান্ বিষ্ণু ক্ষীরোদসমুদ্রে অবস্থান করিতেছেন, সেই স্থলে গমন পূর্ব্বক তাঁহাকে নিবেদন করাই সঙ্গত।" অনন্তর ব্রহ্মা পৃথিবী ও ইন্দ্রাদি দেবগণের সহিত ত্রিলোচনকে সঙ্গে লইয়া ক্ষীরোদ-সমুদ্র তীরে গমন করিলেন।১৯

সেই স্থলে উপস্থিত হইয়া দেবদেব জগন্নাথ সর্ব্বকামনাপূর্ণকারী সর্ব্বদুঃখহারী ভগবান্‌কে বেদোক্ত মন্ত্রদ্বারা স্তব করিতে লাগিলেন।২০

বিধাতা সমাধিকালে গগনমণ্ডলে সমুচ্চারিত বাক্য অর্থাৎ আকাশ-বাণী শ্রবণ করিয়া সহর্ষে দেবগণকে কহিলেন—হে অমরবৃন্দ! যদি অমরত্ব রক্ষা করিতে বাসনা থাকে, তাহা হইলে পরম-পুরুষ ভগবান্ যে কথা বলিলেন, তাহা শীঘ্র আমার নিকট শ্রবণ কর, আর অবিলম্বেই তদনুষ্ঠান কর।২১

ব্রহ্মা সমাধিকালে আকাশ-বাণীরূপে শ্রীবিষ্ণুর আদেশ শ্রবণ করিয়া দেবগণের প্রতি বলিতেছেন—হে দেবগণ! ক্ষীরোদনাথ বলিলেন—স্বয়ং গোলোক-নাথ ভগবান্ শ্রীকৃষ্ণ আমাদিগের বিজ্ঞাপনের পূর্ব্বেই পৃথিবীর সন্তাপ বিদিত হইয়াছেন। সেই ঈশ্বরেশ্বর মর্ত্ত্যলোকে প্রকট হইয়া স্বীয় কালশক্তি দ্বারা ধরার ভার হরণ করিতে যতকাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসুদেবকলানন্তঃ সহস্রবদনঃ স্বরাট্।
অগ্রতো ভবিতা দেবো হরেঃ প্রিয়চিকীর্ষয়া ॥২৪
বিষ্ণোর্মায়া ভগবতী যয়া সংমোহিতং জগৎ।
আদিষ্টা প্রভুণাংশেন কার্য্যার্থে সম্ভবিষ্যতি ॥২৫
শ্রীশুক উবাচ।
ইত্যাদিশ্যামরগণান্ প্রজাপতিপতির্বিভুঃ।
আশ্বাস্য চ মহীং গীর্ভিঃ স্বধাম পরমং যযৌ ॥২৬
শূরসেনো যদুপতির্মথুরামাবসন্ পুরীম্।
মাথুরান্ শূরসেনাংশ্চ বিষয়ান্ বুভুজে পুরা ॥২৭
রাজধানী ততঃ সাভূৎ সর্ব্বযাদবভূভুজাম্।
মথুরা ভগবান্ যত্র নিত্যং সন্নিহিতো হরিঃ ॥২৮
তস্যাং তু কর্হিচিচ্ছৌরির্বসুদেবঃ কৃতোদ্বহঃ।
দেবক্যা সূর্য্যয়া সার্দ্ধং প্রয়াণে রথমারুহৎ ॥২৯

বাসুদেবকলা হরেঃ অংশঃ সহস্রবদনঃ স্বরাট্ দেবঃ অনন্তঃ হরেঃ প্রিয়চিকীর্ষয়া অগ্রতঃ পূর্ব্বতঃ ভবিতা ॥২৪

যয়া মায়য়া জগৎ সংমোহিতং, সা ভগবতী বিষ্ণোঃ মায়া প্রভুণা আদিষ্টা, সাপি অংশেন সম্ভবিষ্যতি ॥২৫

বিভুঃ প্রভুঃ প্রজাপতিপতিঃ ব্রহ্মা ইতি অমরগণান্ দেবগণান্ আদিশ্য গীর্ভিঃ বাগ্ভিঃ মহীম্ আশ্বাস্য চ পরমম্ উত্তমং স্বধাম ব্রহ্মলোকং যযৌ ॥২৬

পুরা যদুপতিঃ শূরসেনঃ মথুরাং পুরীম্ আবসন্ বাসং কুর্ব্বন্ মাথুরান্ শূরসেনান্ চ বিষয়ান্ দেশান্ বুভুজে শশাস। ততঃ (আরভ্য) সা মথুরা সর্ব্বযাদবভূভুজাং সর্ব্বযদুকুলরাজানাং রাজধানী অভূৎ। যত্র মথুরায়াং হরিঃ নিত্যং সন্নিহিতঃ (অস্তি) ॥২৭-২৮

তস্যাং মথুরায়াং কর্হিচিৎ কৃতোদ্বাহঃ কৃতবিবাহঃ শৌরিঃ বসুদেবঃ সূর্য্যয়া নবোঢ়য়া দেবক্যা সার্দ্ধং সহ প্রয়াণে গৃহগমনায় রথম্ আরুহৎ ॥২৯

ভূতলে প্রকটরূপে বিচরণ করিবেন, তোমরাও নিজ নিজ অশেষ অংশের সহিত তৎপার্ষদ্ যদু এবং পাণ্ডব প্রভৃতির পুত্র পৌত্রাদিরূপে জন্মগ্রহণ করিয়া তাহাদের নিকটে অবস্থান করিবে।২২

সর্বাবতারী পুরুষোত্তম শ্রীভগবান্ স্বয়ংই বসুদেব-গৃহে প্রাদুর্ভূত হইলেন। অতএব অমর-পত্নীগণ পরিচর্য্যা দ্বারা তদীয় প্রীত্যুৎপাদনার্থ এবং প্রিয়া শ্রীরাধাদি ও শ্রীরুক্মিণ্যাদির দাসত্ব করিতে জন্মগ্রহণ করিবে।২৩

শ্রীকৃষ্ণের প্রিয় কার্য্যের নিমিত্ত দ্বারকাদি প্রসিদ্ধ চতুর্ব্যূহ-প্রধান বাসুদেব শ্রীকৃষ্ণের অংশ সহস্রবদন স্বরাট্ সর্বপূজ্য অনন্ত (বলদেব) অগ্রেই আবির্ভূত হইবেন।২৪

যাঁহার দ্বারা জগৎ সম্মোহিত হয়, সেই সর্বশক্তিমান্ শ্রীভগবান্ বিষ্ণুর মায়াখ্যা শক্তি সাক্ষাৎ শ্রীকৃষ্ণ কর্তৃক আদিষ্টা হইয়াছেন; তাঁহার ইচ্ছাশক্তিকে অবলম্বন করিয়া শ্রীদেবকীর গর্ভসঙ্কর্ষণ এবং শ্রীযশোদাদি-মোহনরূপ কার্য্য সম্পাদনের নিমিত্ত শ্রীযশোদাতে জন্মগ্রহণ করিবেন।২৫

শ্রীশুকদেব বলিলেন,—প্রজাপতি মরীচিগণের পতি, বিভু ব্রহ্মা দেবগণের প্রতি এই প্রকার শ্রীবিষ্ণুর আদেশের অনুবাদস্বরূপ আদেশ প্রদান করিয়া "ধরে! ধন্যা। শীঘ্রই স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের সুমধুর পাদপদ্মে অলঙ্কৃতা হইবে," এইরূপ বাক্যের দ্বারা পৃথিবীকে আশ্বাস প্রদান করিয়া বিদূরস্থ সত্যলোকবর্ত্তী মূর্ত্তিমান্ বেদাদি নিজ পরিবারবর্গের সাক্ষাৎ শ্রীভগবদবতার দ্বারা সন্তুষ্টিবিধান করিবার নিমিত্ত পরমধাম সত্যলোকে গমন করিলেন।২৬

শ্রীমথুরাতে শ্রীভগবদবতার বলিতে শ্রীশুকদেব প্রথমে দুই শ্লোকের দ্বারা তাহার কারণ নির্দ্দেশ করিতেছেন—পূর্ব্বকালে যদুকুলশ্রেষ্ঠ শূরসেন মথুরা-পুরীতে বাস করিয়া মথুরামণ্ডলসম্বন্ধি-দেশ এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উগ্রসেনসুতঃ কংসঃ স্বসুঃ প্রিয়চিকীর্ষয়া।
রশ্মীন্ হয়ানাং জগ্রাহ রৌক্মৈ রথশতৈর্বৃতঃ ॥৩০
চতুঃশতং পারিবর্হং গজানাং হেমমালিনাম্।
অশ্বানাময়ুতং সার্দ্ধং রথানাঞ্চ ত্রিষট্‌শতম্ ॥৩১
দাসীনাং সুকুমারীণাং দ্বে শতে সমলঙ্কৃতে।
দুহিত্রে দেবকঃ প্রাদাদ্ যানে দুহিতৃবৎসলঃ ॥৩২

শঙ্খতূর্য্যমৃদঙ্গাশ্চ নেদুর্দুন্দুভয়ঃ সমম্।
প্রয়াণপ্রক্রমে তাবদ্ বরবধ্বোঃ সুমঙ্গলম্ ॥৩৩
পথি প্রগ্রহিণং কংসমাভাষ্যাহাশরীরবাক্।
অস্যাস্ত্বামষ্টমো গর্ভো হন্তা যাং বহসেঽবুধ ॥৩৪
ইত্যুক্তঃ স খলঃ পাপো ভোজানাং কুলপাংসনঃ।
ভগিনীং হন্তুমারব্ধঃ খড়্গপাণিঃ কচেঽগ্রহীৎ ॥৩৫

উগ্রসেনসুতঃ কংসঃ রৌক্মৈঃ স্বর্ণনির্ম্মিতৈঃ' রথশতৈঃ বৃতঃ সন্ স্বসুঃ ভগিন্যাঃ প্রিয়চিকীর্ষয়া হয়ানাং ঘোটকানাং রশ্মীন্ প্রগ্রহান্ জগৃহে জগ্রাহ ॥৩০

দুহিতৃবৎসলঃ দেবকঃ হেমমালিনাং সুবর্ণমালাবিভূষিতানাং গজানাং হস্তিনাং চতুঃশতম্, অশ্বানাম্ অযুতং, রথানাং ত্রিষট্‌শতং, সমলঙ্কৃতে অলঙ্কারৈঃ অলঙ্কৃতে সুকুমারীণাং দাসীনাং দ্বে শতে, ইতি পারিবর্হম্ উপস্করং প্রীতিদেয়ং প্রাদাৎ ॥৩১-৩২

হে তাত বৎস পরীক্ষিৎ! বরবধ্বোঃ প্রয়াণপ্রক্রমে গমনোদ্‌যোগে শঙ্খতূর্য্যমৃদঙ্গানি দুন্দুভয়ঃ চ সুমঙ্গলং যথা তথা সমং যুগপৎ নেদুঃ ॥৩৩

পথি অশরীরবাক্ দৈববাণী প্রগ্রহিণং গৃহীতাশ্বরজ্জুং কংসম্ আভাষ্য সম্বোধ্য আহ—। হে অবুধ মূঢ়! ত্বং যাং দেবকীং বহসে, অস্যাঃ দেবক্যাঃ অষ্টমঃ গর্ভঃ গর্ভোৎপন্নঃ বালকঃ ত্বাং হন্তা হনিষ্যতি ॥৩৪

ইতি উক্তঃ দেববাণ্যা কথিতঃ খলঃ দুর্জ্জনঃ পাপঃ ভোজানাং কুলপাংসনঃ কুলকলঙ্কঃ, খড়্গপাণিঃ গৃহীতখড়্গঃ, সঃ কংসঃ ভগিনীং হন্তুম্ আরব্ধঃ সন্ কচে কেশে অগ্রহীৎ ॥৩৫

মথুরামণ্ডলভুক্ত স্বীয় "শূরসেন" নামে বিখ্যাত দেশসমূহকে উপভোগ করিয়াছিলেন। তদবধি মথুরা নিখিল যদুবংশীয় ভূপালগণের রাজধানী হইয়াছিল; যে মথুরাতে বিলক্ষণ রূপ গুণ লীলা মাধুর্য্যে মনোহর হরি সর্ব্বৈশ্বর্য্যযুক্ত ভগবান্ শ্রীকৃষ্ণ তত্রত্য জনগণের নিকট নিত্য অবস্থিতি করেন।২৭-২৮

কংস কারাগারে শ্রীভগবানের আবির্ভাব বলিতে শ্রীশুকদেব তাহার প্রসঙ্গ আরম্ভ করিতেছেন—কয়েক দিন পরে সেই মথুরাতে শূরসেন শূরনন্দন বসুদেব দেবকীদেবীকে বিবাহ করিয়া তদনন্তর নববিবাহিতা পত্নীর সহিত নিজ গৃহে গমনার্থে রথে আরোহণ করিলেন।২৯

ইতিমধ্যে ভগিনীস্নেহপরবশ উগ্রসেন-তনয় কংস শত শত সুবর্ণ নির্ম্মিত রথে পরিবৃত হইয়া ভগিনীর প্রিয় কামনায় নিজেই অশ্বের প্রগ্রহ (লাগাম) ধারণ পূর্ব্বক সারথ্য কর্ম্ম করিতে লাগিলেন।৩০

দুহিতৃবৎসল দেবক কন্যা-জামাতার গৃহ মনসভীয় কন্যাকে সুবর্ণমালায় বিভূষিত চারিশত হস্তী পঞ্চদশ সহস্র অশ্ব, অষ্টাদশ শত রথ এবং শিবিকা প্রভৃতিতে সমারূঢ় বিচিত্র উত্তম বসন ভূষণাদি দ্বারা যথাবিধি অলঙ্কৃত নবযৌবনা দুই শত দাসী যৌতুক প্রদান করিলেন।৩১-৩২,

বৎস! পরীক্ষিৎ! বর-বধূর গমন আরম্ভ হইবা মাত্র শঙ্খ, তূর্য্য, ভেরী, মৃদঙ্গ এবং দুন্দুভিসকল স্বয়ংই এককালে বা সমভাবে শ্রাবী শুভলক্ষণ শ্রবণতৃপ্তিকর ধ্বনি করিয়াছিল।৩৩

পরে গমনসময়ে অশ্ব-রজ্জুধারী কংসকে সম্বোধন করিয়া "রে মূর্খ! তুমি যাহাকে পতি-গৃহে লইয়া যাইতেছ, ইহার অষ্টম গর্ভ তোমাকে বধ করিবে"—এইরূপ আকাশবাণী হয়।৩৪

কংস ঐ আকাশবাণী শ্রবণমাত্রেই খড়্গহস্তে ভগিনীকে বধ করিতে উদ্যত হইয়া তাঁহার কেশপাশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং জুগুপ্সিতকর্ম্মাণং নৃশংসং নিরপত্রম্।
বসুদেবো মহাভাগ উবাচ পরিসান্ত্বয়ন্ ॥৩৬

বসুদেব উবাচ।

শ্লাঘনীয়গুণঃ শূরৈর্ভবান্ ভোজযশস্করঃ।
স কথং ভগিনীং হন্যাৎ স্ত্রিয়মুদ্বাহপর্ব্বণি ॥৩৭
মৃত্যুর্জন্মবতাং বীর দেহেন সহ জায়তে।
অদ্য বাব্দশতান্তে বা মৃত্যুর্বৈ প্রাণিনাং ধ্রুবঃ ॥৩৮

মহাভাগঃ বসুদেবঃ জুগুপ্সিতকর্ম্মাণং গর্হিতকর্ম্মকারিণং নৃশংসং নিষ্ঠুরং নিরপত্রপং নির্লজ্জং তং কংসং পরিসান্ত্বয়ন্ উবাচ ॥৩৬

শূরৈঃ বীরৈঃ শ্লাঘনীয়গুণঃ ভোজযশস্করঃ ভোজবংশপ্রদীপঃ যঃ সঃ ভবান্ কংসঃ উদ্বাহপর্ব্বণি বিবাহমহোৎসবে স্ত্রিয়ং তথা ভগিনীং কথং হন্যাৎ ॥৩৭

হে বীর! মৃত্যুঃ জন্মবতাং জীবানাং দেহেন সহ জায়তে। অদ্য বা অব্দশতান্তে শতবৎসরান্তে বা প্রাণিনাং মৃত্যুঃ বৈ ধ্রুবঃ নিশ্চিতঃ ॥৩৮

দেহে পঞ্চত্বং মৃত্যুম্ আপন্নে প্রাপ্তে সতি দেহী জীবঃ

অপরহস্তে গ্রহণ করিল; যেহেতু সে খল ও পাপ-মূর্ত্তি, সুতরাং ভোজকুলের কলঙ্ক স্বরূপ, অতএব তাহার এ কার্য্য বিস্ময়জনক নয়।৩৫

তখন মহাভাগ বসুদেব ক্রুর ও নির্লজ্জ কংসকে অতিশয় নিন্দিত কর্ম্মে প্রবৃত্ত দেখিয়া সাম ও যুক্তি সহকারে প্রবোধ দিতে দিতে বলিলেন।৩৬

শূরগণ আপনার গুণের প্রশংসা করেন এবং আপনি ভোজবংশের যশোবর্দ্ধনকারী, এমন হইয়া ভগিনীকে বিশেষতঃ বিবাহোৎসবে কিরূপে বধ করিবেন ?৩৭

হে বীর! উৎপন্ন জীবগণের দেহের সঙ্গেই মৃত্যুও নির্দ্ধারিত হইয়া থাকে। সুতরাং অদ্যই হউক আর শত বৎসরান্তেই হউক প্রাণিদিগের অবশ্যই মৃত্যু হইবে—একথা প্রসিদ্ধ আছে। অতএব

দেহে পঞ্চত্বমাপন্নে দেহী কর্ম্মানুগোঽবশঃ।
দেহান্তরমনুপ্রাপ্য প্রাক্তনং ত্যজতে বপুঃ ॥৩৯
ব্রজংস্তিষ্ঠন্ পদৈকেন যথৈবৈকেন গচ্ছতি।
যথা তৃণজলুকৈবং দেহী কর্ম্মগতিং গতঃ ॥৪০
স্বপ্নে যথা পশ্যতি দেহমীদৃশং
মনোরথেনাভিনিবিষ্টচেতনঃ।
দৃষ্টশ্রুতাভ্যাং মনসানুচিন্তয়ন্
প্রপদ্যতে তৎ কিমপি হ্যপস্মৃতিঃ ॥৪১

কর্ম্মানুগঃ স্বকর্ম্মবশবর্ত্তী সন্ দেহান্তরম্ অন্যং দেহম্ অনুপ্রাপ্য প্রাক্তনং পূর্ব্বগৃহীতং বপুঃ দেহং ত্যজতে ॥৩৯

ব্রজন্ গন্তা পুরুষঃ একেন পদা তিষ্ঠন্ একেন এব যথা গচ্ছতি, এবং দেহী জীবঃ তৃণজলোকা যথা তথা কর্ম্মগতিং গতঃ সন্ বপুঃ ত্যজতি ॥৪০

দৃষ্টশ্রুতাভ্যাং দর্শনেন শ্রবণেন চ মনসা অচিন্তয়ন্ মনোরথেন অভিনিবিষ্টচেতনঃ আহিতচিত্তঃ পুরুষঃ যথা স্বপ্নে ঈদৃশং কিমপি অনির্বাচ্যং দেহং পশ্যতি; দৃষ্ট্বা চ তৎ এব অহমিতি প্রপদ্যতে মন্যতে; তথা প্রাক্তদেহাৎ অপস্মৃতিঃ অত্যন্ত বিস্মরণম্ এব মৃত্যুঃ ॥৪১

অপরিহার্য্য মরণের ভয়ে ভগিনীকে বধ করা সঙ্গত নহে।৩৮

মৃত্যু উপস্থিত হইলে, দেহী স্ব স্ব কর্ম্মানুসারে অন্য একটী দেহ আশ্রয় করিয়া পূর্ব্ব দেহটি পরিত্যাগ করে।৩৯

পুরুষ গমনকালে যেমন একটি পদ অগ্রে স্থাপন করিয়া, পরে পশ্চাতের পদ উত্তোলন পূর্ব্বক গমন করে, যেমন জলোকা (জোঁক) একটি তৃণ অবলম্বন করিয়া পরে আশ্রিত তৃণ পরিত্যাগ করে, সেইরূপ দেহীও স্ব স্ব কর্ম্মানুসারে অন্যদেহ অবলম্বনপূর্ব্বক পূর্ব্বদেহ পরিত্যাগ করিয়া থাকে।৪০

মানব যেমন জাগ্রতকালে বিবিধ বিষয় দর্শন ও অপূর্ব্ব মনোমোহন পদার্থ শ্রবণ করিয়া এতই আকৃষ্টচিত্ত হয় যে, স্বপ্নকালে সেই সমস্ত কাল্পনিক পদার্থকে প্রত্যক্ষের ন্যায় অনুভব করে; এমন কি!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যতো যতো ধাবতি দৈবচোদিতং
মনো বিকারাত্মকমাপ পঞ্চসু।
গুণেষু মায়ারচিতেষু দেহ্যসৌ
প্রপদ্যমানঃ সহ তেন জায়তে ॥৪২
জ্যোতির্যথৈবোদকপার্থিবেষ্বদঃ
সমীরবেগানুগতং বিভাব্যতে।
এবং স্বমায়ারচিতেষ্বসৌ পুমান্
গুণেষু রাগানুগতো বিমুহ্যতি ॥৪৩

দৈবচোদিতং প্রারব্ধকর্ম্মণা প্রেরিতং বিকারাত্মকং মনঃ মায়ারচিতেষু পঞ্চসু গণেষু মধ্যে যতঃ যতঃ ধাবতি যং যম্ অভিনিবেশেন আপ প্রাপ্নোতি, অসৌ দেহী প্রপদ্যমানঃ তদেবাহমিতি মন্যমানঃ তেন সহ জায়তে ॥৪২

উদকপার্থিবেষু জলযুক্তঘটাদিষু তৈলাদিষু বা (প্রতিবিম্বত্বেন স্থিতম্) অদঃ জ্যোতিঃ চন্দ্রাদিকং যথা সমীরবেগানুগতং বায়ুবেগেন কম্পাদিযুক্তং বিভাব্যতে প্রতীয়তে, তথা অসৌ দেহী জীবঃ স্বমায়ারচিতেষু গুণেষু দেহেষু রাগানুগতঃ সন্ বিমুহ্যতি ॥৪৩

আয়নার স্বীয় প্রকৃত অবস্থা ও দেহাদি বিস্মৃত হইয়া আসক্তির অনুরূপ দেহ ধারণে স্বপ্নকালীন বস্তুসম্ভোগ করে, তদ্রূপ জীব ও কামনা অনুসারে পূর্ব্ব দেহ বিসর্জ্জন করিয়া দেহান্তর লাভ করে।৪১

বাসনাময় চিত্ত নানাপ্রকার সংস্কারে পরিপূর্ণ থাকিলেও পঞ্চত্বকালে ফলোন্মুখী কর্ম্মের দ্বারা অভিনিবেশ করাতে দেহী জীব তদনুরূপ জন্ম পরিগ্রহ করে।৪২

যেমন বায়ুবেগে আলোড়িত জলের কম্পন অনুসারে প্রতিবিম্বিত চন্দ্রকেও কম্পিত বলিয়া প্রতীতি হয়, বস্তুতঃ চন্দ্রের কম্পনাদি কিছুই নাই, সেইরূপ জীবাত্মা স্বমায়ারচিত দেহাদিতে অনুরূপবশতঃ মুগ্ধ হইয়া অভিনিবেশ প্রাপ্ত হয়। প্রকৃত প্রস্তাবে জীবাত্মার জন্ম মরণ প্রভৃতি কিছুই নাই।৪৩

তস্মান্ন কস্যচিদ্ দ্রোহমাচরেৎ স তথাবিধঃ।
আত্মনঃ ক্ষেমমন্বিচ্ছন্ দ্রোগ্ধুর্বৈ পরতো ভয়ম্ ॥৪৪
এষা তবানুজা বালা কৃপণা পুত্রিকোপমা।
হন্তুং নার্হসি কল্যাণীমিমাং ত্বং দীনবৎসলঃ ॥৪৫

শ্রীশুক উবাচ।

এবং স সামভির্ভেদৈর্বোধ্যমানোঽপি দারুণঃ।
ন ন্যবর্ত্তত কৌরব্য পুরুষাদাননুব্রতঃ ॥৪৬

তস্মাৎ তথাবিধঃ সঃ আত্মনঃ ক্ষেমং শুভম্ অন্বিচ্ছন্ কস্যচিৎ দ্রোহং ন আচরেৎ। (যতঃ) দ্রোগ্ধুঃ দ্রোহকারিজনস্য পরতঃ যমাদিভ্যঃ ভয়ং (বিদ্যতে) ॥৪৪

এষা তব অনুজা কনিষ্ঠা বালা কৃপণা দীনা পুত্রিকোপমা তব কন্যাসদৃশী; দীনবৎসলঃ ত্বম্ ইমাং কল্যাণীং হন্তুং ন অর্হসি ॥৪৫

শ্রীশুকঃ উবাচ! হে কৌরব্য পরীক্ষিৎ! পুরুষাদান্ দৈত্যান্ অনুব্রতঃ অনুসৃতঃ দারুণঃ সঃ কংসঃ সামভিঃ সান্ত্বনাবাক্যৈঃ ভেদৈঃ ভয়প্রদবাক্যৈঃ চ এবং বোধ্যমানঃ উপদিশ্যমানঃ অপি ন ন্যবর্ত্তত ॥৪৬

অতএব এরূপ অবস্থায় আপনার মঙ্গল কামনা করিতে হইলে, কাহারও প্রতি বিদ্রোহাচরণ করা কর্ত্তব্য নহে। পরাপকারী ব্যক্তির ইহলোক ও পরলোকে কোথায়ও নিস্তার নাই।৪৪

হে বৎস! তুমি দীনদিগের প্রতি বিশেষ স্নেহ প্রকাশ করিয়া থাক। এই দেবকী তোমার কনিষ্ঠা ভগিনী, সুতরাং কন্যাস্থানীয়া; এই নিরপরাধা বালিকাকে হত্যা করা তোমার কোন প্রকারে উচিত নহে।৪৫

শ্রীশুকদেব বলিলেন,—হে কৌরব্য পরীক্ষিৎ! দৈত্যমতাবলম্বী দারুণ কংস এইরূপ সামাদি ভেদবাক্যে উপদিষ্ট হইলেও কিছুতেই নিরস্ত হইল না।৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্ব্বন্ধং তস্য তং জ্ঞাত্বা বিচিন্ত্যানকদুন্দুভিঃ।
প্রাপ্তং কালং প্রতিবোঢ়ুমিদং তত্রান্বপদ্যত ॥৪৭
মৃত্যুর্বুদ্ধিমতাপোহ্যো যাবদ্ বুদ্ধিবলোদয়ম্।
যদ্যসৌ ন নিবর্ত্তেত নাপরাধোঽস্তি দেহিনঃ ॥৪৮
প্রদায় মৃত্যবে পুত্রান্ মোচয়ে কৃপণামিমাম্।
সুতা মে যদি জায়েরন্ মৃত্যুর্বা ন ম্রিয়েত চেৎ ॥৪৯
বিপর্য্যয়ো বা কিং ন স্যাদ্গতির্ধাতুর্দুরত্যয়া।
উপস্থিতো নিবর্ত্তেত নিবৃত্তঃ পুনরাপতেৎ ॥৫০

আনকদুন্দুভিঃ বসুদেবঃ তস্য তং নির্ব্বন্ধম্ আগ্রহং জ্ঞাত্বা বিচিন্ত্য প্রাপ্তং কালং প্রতিবোঢ়ুং যাপয়িতুং তত্র ইদম্ অন্বপদ্যত নিশ্চিতবান্ ॥৪৭

বুদ্ধিমতা জনেন যাবদ্ বুদ্ধিবলোদয়ং বুদ্ধিবলানুরূপং মৃত্যুঃ অপোহ্যঃ নিবর্ত্তনীয়ঃ। যদি অসৌ মৃত্যুঃ ন নিবর্ত্তেত, দেহিনঃ প্রাণিনঃ অপরাধঃ ন অস্তি ॥৪৮

মৃত্যবে মৃত্যুস্বরূপায় কংসায় পুত্রান্ প্রদায় কৃপণাং দীনস্বভাবাম্ ইমাং দেবকীং মোচয়ে। যদি মে সুতাঃ জায়েরন্, মৃত্যুঃ কংসঃ চেৎ বা ন ম্রিয়তে ॥৪৯

বিপর্য্যয়ঃ বৈপরীত্যং বা অথবা কিং ন স্যাৎ। যতঃ ধাতুঃ বিধাতুঃ গতিঃ দুরত্যয়া দুরতিক্রমণীয়া। উপস্থিতঃ দেবকীমৃত্যুঃ নিবর্ত্তেত। নিবৃত্তঃ অনুপস্থিতঃ কংসস্য মৃত্যুঃ আপতেৎ ॥৫০

তখন বসুদেব তাহার নির্ব্বন্ধাতিশয় জানিতে পারিয়া উপস্থিত বিপদ হইতে উত্তীর্ণ হইবার মানসে মনে মনে এইরূপ পরামর্শ করিলেন।৪৭

বুদ্ধিমান্ ব্যক্তি আপনার বুদ্ধি ও বল অনুসারে যদি মৃত্যু নিবারিত না হয়, তবে আর তাঁহার অপরাধ নাই।৪৮

এদিকে যদি আমার অনেকগুলি পুত্র জন্মে, অথচ মৃত্যুস্বরূপ কংসও জীবিত থাকে, তবে এই কংসের হস্তে পুত্রদিগকে অর্পণ করিবার প্রতিজ্ঞা করিয়া এক্ষণে এই দীনা দেবকীর প্রাণ রক্ষা করি। পরে কি হইবে কে বলিতে পারে। হয়ত আমার পুত্রের হস্তেই এই কংসের মৃত্যু হইতে পারে। বিধাতার নির্দিষ্ট মার্গ কেহই অতিক্রম করিতে সমর্থ নহে। যাহা ঘটিবার সম্ভাবনা নাই, তাহাও আসিয়া উপস্থিত হয়।৪৯-৫০

অগ্নের্যথা দারুবিয়োগযোগয়ো-
রদৃষ্টতোঽন্যন্ন নিমিত্তমস্তি।
এবং হি জন্তোরপি দুর্বিভাব্যঃ
শরীরসংযোগবিয়োগহেতুঃ ॥৫১
এবং বিমৃশ্য তং পাপং যাবদাত্মনিদর্শনম্।
পূজয়ামাস বৈ শৌরির্বহুমানপুরঃসরম্ ॥৫২
প্রসন্নবদনাম্ভোজো নৃশংসং নিরপত্রপম্।
মনসা দূয়মানেন বিহসন্নিদমব্রবীৎ ॥৫৩

অগ্নেঃ (বৃক্ষান্ দহতঃ) বহ্নেঃ দারুবিয়োগযোগয়োঃ বৃক্ষদহনাদহনয়োঃ অদৃষ্টাৎ অন্যৎ নিমিত্তং যথা ন অস্তি, এবং হি জন্তোঃ দেহিনঃ অপি শরীরসংযোগবিয়োগহেতুঃ জীবিতমরণকারণং দুর্বিভাব্যঃ ॥৫১

শৌরিঃ বসুদেবঃ যাবৎ আত্মনিদর্শনং যথাজ্ঞানং বিমৃশ্য বিচার্য্য বহুমানপুরঃসরং যথা তথা তং পাপং কংসং পূজয়ামাস ॥৫২

বসুদেবঃ দূয়মানেন দুঃখিতেন চেতসা মনসা (যুক্তঃ বহিঃ) হসন্ অতএব প্রসন্নবদনাম্ভোজঃ প্রফুল্লমুখঃ সন্ ক্রূরং নিরপত্রপং নিলর্জ্জং কংসং পুনঃ অব্রবীৎ ॥৫৩

যেমন দাবানল বনমধ্যে প্রজ্বলিত হইয়া সম্মুখস্থ কোন বৃক্ষকে স্পর্শ না করিয়াও যে দূরবর্ত্তী বৃক্ষকে দগ্ধ করে, তাহা কোন অনির্দিষ্ট হেতু ব্যতীত অন্য কোন প্রত্যক্ষ কারণ প্রতীত হয় না, সেইরূপ প্রাণিসকলের জন্ম ও মৃত্যু অদৃষ্ট বলেই ঘটিয়া থাকে।৫১

শৌরি বসুদেব নিজ বুদ্ধির সামর্থ্যানুসারে এইরূপ বিচার করিয়া যথেষ্ট সম্মান প্রদর্শন পূর্ব্বক কংসের সম্বর্দ্ধনা করিলেন।৫২

বসুদেবের হৃদয় দুঃখানলে দগ্ধ হইতেছিল; তথাপি বিকশিত কমলের ন্যায় প্রফুল্লবদনে হাস্য করিতে করিতে সেই নিলর্জ্জ ক্রূরমতি কংসকে পুনর্ব্বার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসুদেব উবাচ।

ন হ্যস্যাস্তে ভয়ং সৌম্য যদ্‌বাগাহাশরীরিণী।
পুত্রান্ সমর্পয়িষ্যেঽস্যা যতস্তে ভয়মুত্থিতম্ ॥৫৪

শ্রীশুক উবাচ।

স্বসুর্বধান্নিববৃতে কংসস্তদ্‌বাক্যসারবিৎ।
বসুদেবোঽপি তং প্রীতঃ প্রশস্য প্রাবিশদ্ গৃহম্ ॥৫৫
অথ কাল উপাবৃত্তে দেবকী সর্ব্বদেবতা।
পুত্রান্ প্রসুষুবে চাষ্টৌ কন্যাঞ্চৈবানুবৎসরম্ ॥৫৬

কীর্ত্তিমন্তং প্রথমজং কংসায়ানকদুন্দুভিঃ।
অর্পয়ামাস কৃচ্ছ্রেণ সোঽনৃতাদতিবিহ্বলঃ ॥৫৭
কিং দুঃসহং নু সাধূনাং বিদুষাং কিমপেক্ষিতম্।
কিমকার্য্যং কদর্য্যাণাং দুস্ত্যজং কিং ধৃতাত্মনাম্ ॥৫৮
দৃষ্ট্বা সমত্বং তচ্ছৌরেঃ সত্যে চৈব ব্যবস্থিতিম্।
কংসস্তুষ্টমনা রাজন্ প্রহসন্নিদমব্রবীৎ ॥৫৯
প্রতিযাতু কুমারোঽয়ং নহ্যস্মাদস্তি মে ভয়ম্।
অষ্টমাদ্ যুবয়োর্গর্ভান্মৃত্যুর্মে বিহিতঃ কিল ॥৬০

অশরীরিণী বাক্ দৈববাণী যৎ আহ তদনুসারেণ হে সৌম্য ভদ্র কংস! অস্যাঃ দেবক্যাঃ তে তব ভয়ং নহি আস্তে। যতঃ যেভ্যঃ পুত্রেভ্যঃ তে ভয়ম্ উত্থিতম্, অস্যাঃ দেবক্যাঃ তান্ পুত্রান্ তে সমর্পয়িষ্যে ॥৫৪

শ্রীশুকঃ উবাচ। তদ্বাক্যসারবিৎ কংসঃ স্বসুর্বধাৎ নিববৃতে। বসুদেবঃ অপি প্রীতঃ সন্ কংসং প্রশস্য গৃহং প্রাবিশৎ ॥৫৫

অথ কালে প্রসূতিকালে উপাবৃত্তে উপস্থিতে সর্ব্বদেবতা দেবকী অষ্টৌ পুত্রান্ একাং কন্যাং চ এব অনুবৎসরং প্রসুষুবে ॥৫৬

অনৃতাৎ মিথ্যাবচনাৎ অতি বিহ্বলঃ অতিভীতঃ সঃ আনকদুন্দুভিঃ বসুদেবঃ প্রথমজং প্রথমজাতং কীর্ত্তিমন্তং তন্নামানং পুত্রং কৃচ্ছ্রেণ কংসায় অর্পয়ামাস ॥৫৭

সাধূনাং কিং দুঃসহম্? বিদুষাং বা কিম্ অপেক্ষিতম্? কদর্য্যাণাং কিম্ অকার্যং? ধৃতাত্মনাং ধীরাণাং বা কিং দুস্ত্যজম্ অস্তি? ॥৫৮

হে রাজন্ পরীক্ষিৎ! কংসঃ শৌরেঃ বসুদেবস্য তৎ সমত্বং সত্যে ব্যবস্থিতং চ দৃষ্ট্বা এব তুষ্টমনঃ প্রহসন্ ইদম্ অব্রবীৎ ॥৫৯

অয়ং কুমারঃ প্রতিযাতু, অস্মাৎ কুমারাৎ মে ভয়ং নহি অস্তি। যুবয়োঃ অষ্টমাৎ গর্ভাৎ পুত্রাৎ মে মৃত্যুঃ কিল বিহিতঃ ॥৬০

তিনি বলিতে লাগিলেন।৫৩

হে সৌম্য! আকাশবাণী অনুসারে এই দেবকী হইতে তোমার ভয়ের কোন কারণ নাই। দেবকীর গর্ভোৎপন্ন পুত্র হইতেই যদি তোমার মৃত্যু ঘটিবার সম্ভাবনা থাকে, ইহার পুত্রদিগকে জন্মিবামাত্র তোমার করে আমি সমর্পণ করিব।৫৪

শ্রীশুকদেব বলিলেন,—কংস বসুদেবের বাক্য যুক্তি-যুক্ত বিবেচনা করিয়া ভগিনীবধ হইতে নিবৃত্ত হইল। বসুদেবও প্রীতিমনে তাহার প্রশংসা করত স্বগৃহাভিমুখে প্রস্থান করিলেন।৫৫

অনন্তর যথাকালে গর্ভধারণ করত সর্ব্বদেবতা-স্বরূপা দেবকী প্রতি বৎসরে এক একটি করিয়া আটটি তনয় ও একটি তনয়া প্রসব করিলেন। বসুদেব মিথ্যাকে অতি ভয় করিতেন। এক্ষণে পূর্ব্ব প্রতিজ্ঞা স্মরণ করিয়া প্রথমজ পুত্র কীর্ত্তিমান্‌কে অতি-কষ্টে কংসের হস্তে সমর্পণ করিলেন।৫৬-৫৭

কারণ সাধুদিগের দুঃসহ কিছুই নাই। পণ্ডিতেরা কোন বস্তুরই অপেক্ষা করেন না। কদর্য্য মনুষ্যদিগের অকার্য্যও কিছুই নাই। আর যাঁহারা ভগবান্ হরিতে চিত্ত সমর্পণ করিয়াছেন, তাঁহারা সংসারে সমস্ত বস্তুই পরিত্যাগ করিতে পারেন।৫৮

হে রাজন্! কংস বসুদেবের সত্যনিষ্ঠতা ও সাধুতা দর্শনে অতিশয় প্রীতি হইয়া সহাস্যবদনে এই কথা বলিলেন, তোমাদিগের অষ্টম পুত্র হইতেই আমার মৃত্যুভয় নির্দ্ধারিত হইয়াছে; এই বালক হইতে আমার ভয়ের কোন সম্ভাবনা নাই। এক্ষণে এই কুমার গৃহে প্রত্যাগমন করুক।৫৯-৬০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তথেতি সুতমাদায় যযাবানকদুন্দুভিঃ।
নাভ্যনন্দত তদ্বাক্যমসতোঽবিজিতাত্মনঃ ॥৬১
নন্দাদ্যা যে ব্রজে গোপা যাশ্চামীষাঞ্চ যোষিতঃ।
বৃষ্ণয়ো বসুদেবাদ্যা দেবক্যাদ্যা যদুস্ত্রিয়ঃ ॥৬২
সর্ব্বে বৈ দেবতাপ্রায়া উভয়োরপি ভারত।
জ্ঞাতয়ো বন্ধুসুহৃদো যে চ কংসমনুব্রতাঃ ॥৬৩
এতৎ কংসায় ভগবান্ শশংসাভ্যেত্য নারদঃ।
ভূমের্ভারায়মাণানাং দৈত্যানাঞ্চ বধোদ্যমম্ ॥৬৪

আনকদুন্দুভিঃ বসুদেবঃ তথা ইতি তথা অস্তু ইত্যুক্ত্বা সুতং পুত্রম্ আদায় যযৌ। অবিজিতাত্মনঃ অবশীকৃতেন্দ্রিয়স্য অসতঃ কংসস্য তৎ বাক্যং ন অভ্যনন্দত ॥৬১

ব্রজে যে নন্দাদ্যাঃ নন্দপ্রভৃতয়ঃ গোপাঃ, যা অমীষাং গোপানাং যোষিতঃ স্ত্রিয়ঃ (যে চ) বসুদেবাদ্যাঃ বৃষ্ণয়ঃ বৃষ্ণিবংশসম্ভূতাঃ। যে চ দেবকাদ্যাঃ যদুস্ত্রিয়ঃ যদুকুলনার্য্যঃ ॥৬২

হে ভারত পরীক্ষিৎ! যে চ কংসম্ অনুব্রতাঃ অনুগতাঃ উভয়োঃ যদুগোপকুলয়োঃ অপি জ্ঞাতয়ঃ বন্ধুসুহৃদঃ সর্ব্বে বৈ নিশ্চিতং দেবতাপ্রায়াঃ ॥৬৩

ভগবান্ নারদঃ ভূমেঃ ভারায়মাণানাং ভারভূতানাং দৈত্যানাং বধোদ্যমং চ এতৎ কংসায় শংসয়ামাস কথয়ামাস। ঋষেঃ নারদস্য বিনির্গমে প্রয়াণে সতি কংসঃ যদূন্ সুরান্ দেবান্ ইতি তথা বিষ্ণুং স্ববধং প্রতি দেবক্যাঃ গর্ব্ভসম্ভূতম্ ইতি চ মত্বা দেবকীং বসুদেবং চ গৃহে নিগড়ৈঃ শৃঙ্খলৈঃ নিগৃহ্য বদ্ধা অজনশঙ্কয়া বিষ্ণুশঙ্কয়া তয়োঃ বসুদেবদেবক্যোঃ জাতং জাতং পুত্রম্ অহন্ হন্তি স্ম ॥৬৪-৬৬

বসুদেব তদনুসারে পুত্রটি লইয়া গৃহে প্রত্যাগমন করিলেন বটে, কিন্তু অব্যবস্থিতচেতা দুর্মতি কংসের বাক্যে তাঁহার আন্তরিক শ্রদ্ধা না হওয়ায় তিনি নিশ্চিন্ত হইতে পারিলেন না।৬১

নন্দপ্রভৃতি গোপগণ, তাহাদিগের স্ত্রীগণ, বসুদেবপ্রভৃতি যাদবগণ ও দেবকীপ্রভৃতি যদুকুলের স্ত্রীগণ, ইহারা প্রায় সকলেই দেবতা।৬২

আর নন্দ ও বসুদেবের যে সকল জ্ঞাতি, বন্ধু ও সুহৃদগণ কংসের অনুগত হইয়া রহিয়াছে, তাহারাও সকলে দেবতাংশে জন্মগ্রহণ করিয়াছেন।৬৩

ভগবান্ নারদ এই সমস্ত কথা কংসকে অবগত করাইলেন এবং আরও বলিলেন যে পৃথিবীর ভারভুত দৈত্যগণের বিনাশের জন্যই দেবগণ এত উদ্‌যোগ করিতেছেন।৬৪

ঋষের্বিনির্গমে কংসো যদূন্ মত্বা সুরানিতি।
দেবক্যা গর্ভসম্ভূতং বিষ্ণুঞ্চ স্ববধং প্রতি ॥৬৫
দেবকীং বসুদেবঞ্চ নিগৃহ্য নিগড়ৈর্গৃহে।
জাতং জাতমহন্ পুত্রং তয়োরজনশঙ্কয়া ॥৬৬
মাতরং পিতরং ভ্রাতৄন্ সর্ব্বাংশ্চ সুহৃদস্তথা।
ঘ্নন্তি হ্যসুতৃপো লুব্ধা রাজানঃ প্রায়শো ভুবি ॥৬৭
আত্মানমিহ সঞ্জাতং জানন্ প্রাগ্ বিষ্ণুনা হতম্।
মহাসুরং কালনেমিং যদুভিঃ স ব্যরুধ্যত ॥৬৮

অসুতৃপঃ স্বপ্রাণান্ তর্পয়ন্তঃ লুব্ধাঃ রাজানঃ ভুবি মাতরং পিতরং ভ্রাতৄন্ সুহৃদঃ সর্ব্বান্ সখীন্ চ প্রায়শঃ ঘ্নন্তি ॥৬৭

প্রাক্ বিষ্ণুনা হতং মহাসুরং কালনেমিম্ ইহ অস্মিন্ বংশে সঞ্জাতং স্বয়ম্ আত্মানং চ জানন্ সঃ যদুভিঃ সহ ব্যরুধ্যত বিরোধং কৃতবান্ ॥৬৮

দেবর্ষি নারদ এই বলিয়া প্রস্থান করিলে কংস যদুবংশীয় বীরগণকে দেবতা এবং স্বয়ং বিষ্ণুই তাহার বধের উদ্দেশ্যে দেবকীর গর্ভে আবির্ভূত হইবেন বলিয়া মনে মনে ভাবিতে লাগিল।৬৫

এইরূপ নিশ্চয় করিয়া কংস, বসুদেব ও দেবকীকে নিগড়বদ্ধকরত কারাগারে নিক্ষেপ করিল এবং তাহাদিগের পুত্র জন্মিবামাত্র বিষ্ণুর আশঙ্কায় বধ করিতে লাগিল।৬৬

এই পৃথিবীতে ইন্দ্রিয়-পরতন্ত্র কামাত্মা রাজগণ স্বীয় সুখ-সম্ভোগার্থ মাতা, পিতা, ভ্রাতা, সুহৃদ্ এবং সখাদিগকেও বধ করিতে কিছুমাত্র সঙ্কুচিত হয় না।৬৭

পূর্ব্বে বিষ্ণু কালনেমিনামক মহাসুরকে নিধন করিয়াছিলেন। এক্ষণে সেই অসুরই কংসরূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উগ্রসেনঞ্চ পিতরং যদুভোজান্ধকাধিপম্।
স্বয়ং নিগৃহ্য বুভুজে শূরসেনান্ মহাবলঃ ॥৬৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে প্রথমোঽধ্যায়ঃ ॥১

মহাবলঃ কংসঃ যদুভোজান্ধকাধিপং পিতরম্ উগ্রসেনং চ নিগৃহ্য কারাগারে বদ্ধা শূরসেনসংজ্ঞকান্ দেশান্ স্বয়ং বুভুজে শশাস ॥৬৯

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমস্কন্ধে প্রথমাধ্যায়ঃ ॥

জন্মগ্রহণকরত আপনার পূর্ব্ব বৃত্তান্ত স্মরণ করিয়া যদুদিগের সহিত বিরোধ করিতে আরম্ভ করিল ।৬৮

তাহার পিতা উগ্রসেন-যদু, ভোজ ও অন্ধক-দিগের অধিপতি ছিলেন; কংস এক্ষণে তাহাকে কারাগারে আবদ্ধ করিয়া শূরসেনপ্রভৃতি প্রদেশ-সকল আপনি ভোগ করিতে আরম্ভ করিল ।৬৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত প্রথমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতো দেবকীগর্ব্ভেঽনুপ্রবেশঃ, ব্রহ্মাদিদেবৈস্তস্য স্তবনং, দেবক্যাঃ সান্ত্বনঞ্চ।]

শ্রীশুক উবাচ।
প্রলম্ব-বক-চাণুর-তৃণাবর্ত্তমহাশনৈঃ।
মুষ্টিকারিষ্ট-দ্বিবিদ-পূতনা-কেশি-ধেনুকৈঃ ॥১
অন্যৈশ্চাসুরভূপালৈর্বাণভৌমাদিভির্যুতঃ।
যদূনাং কদনং চক্রে বলী মাগধসংশ্রয়ঃ ॥২

তে পীড়িতা নিবিবিশুঃ কুরু-পঞ্চাল-কেকয়ান্।
শাল্বান্ বিদর্ভান্ নিষধান্ বিদেহান্ কোশলানপি ॥৩

একে তমনুরুন্ধানা জ্ঞাতয়ঃ পর্য্যুপাসতে।
হতেষু ষট্সু বালেষু দেবক্যা ঔগ্রসেনিনা ॥৪

অন্বয়ঃ

প্রলম্ব-বক-চানূর-তৃণাবর্ত্ত-মহাশনৈঃ মুষ্টিকারিষ্ট-দ্বিবিদপূতনা-কেশিধেনুকৈঃ বাণভৌমাদিভিঃ অন্যৈঃ অসুরভূপালৈঃ চ যুতঃ বলী (কংসঃ) মাগধসংশ্রয়ঃ জরাসন্ধম্ আশ্রিতঃ সন্ যদূনাং কদনং পীড়নং চক্রে। তে যাদবাঃ পীড়িতাঃ সন্তঃ কুরুপঞ্চাল-কেকয়ান্, শাল্বান্, বিদর্ভান্, নিষধান্, বিদেহান্ কোশলান্ দেশান্ অপি নিবিবিশুঃ নিবাসং চক্রুঃ ॥১-৩

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

[শ্রীভগবানের দেবকীগর্ভে অনুপ্রবেশ, ব্রহ্মাদি দেবগণ কর্ত্তৃক তাঁহার স্তব এবং দেবকীকে সান্ত্বনাপ্রদান]

কংস যদুগণের সহিত বিরোধ করিতে লাগিল, এই প্রথম অধ্যায়োক্ত বিরোধকেই বিস্তার রূপে শ্রীশুকদেব বর্ণন করিতেছেন—

শ্রীশুকদেব বলিলেন(—হে রাজন্) প্রলম্ব, বক, চাণুর, তৃণাবর্ত্ত, অঘাসুর, মুষ্টিক, বৃষভাসুর, দ্বিবিদ, পূতনা, কেশী, ধেনুক এবং অন্যান্য বাণ ও নরকাসুরপ্রভৃতি অসুররাজগণের সহিত মিলিত হইয়া এবং মগধরাজ জরাসন্ধের আশ্রয়ে অতি বলবান্ হওয়ায় কংস যাদবগণের সহিত বিরোধ করিতে লাগিল ।১-২

তাহারা দুষ্ট কংস হইতে পীড়িত হইয়া কুরু, পঞ্চাল, কেকয়, শাল্ব, বিদর্ভ, নিষধ, মৈথিল এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তমো বৈষ্ণবং ধাম যমনন্তং প্রচক্ষতে।
গর্ভো বভূব দেবক্যা হর্ষশোকবিবর্দ্ধনঃ ॥৫
ভগবানপি বিশ্বাত্মা বিদিত্বা কংসজং ভয়ম্।
যদূনাং নিজনাথানাং যোগমায়াং সমাদিশৎ ॥৬
গচ্ছ দেবি ব্রজং ভদ্রে গোপগোভিরলঙ্কৃতম্।
রোহিণী বসুদেবস্য ভার্য্যাস্তে নন্দগোকুলে।
অন্যাশ্চ কংসসংবিগ্না বিবরেষু বসন্তি হি ॥৭
দেবক্যা জঠরে গর্ভং শেষাখ্যং ধাম মামকম্।
তৎ সন্নিকৃষ্য রোহিণ্যা উদরে সন্নিবেশয় ॥৮
অথাহমংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং শুভে।
প্রাপ্স্যামি ত্বং যশোদায়াং নন্দপত্ন্যাং ভবিষ্যসি ॥৯
অর্চ্চিষ্যন্তি মনুষ্যাস্ত্বাং সর্ব্বকামবরেশ্বরীম্।
ধূপোপহারবলিভিঃ সর্ব্বকামবরপ্রদাম্ ॥১০

একে কতিপয়াঃ জ্ঞাতয়ঃ তং কংসম্ অনুরুদ্ধানাঃ অনুবর্ত্তমানাঃ পর্য্যুপাসতে। ঔগ্রসেনিনা কংসেন দেবক্যাঃ ষট্সু বালেষু পুত্রেষু হতেষু সৎসু বৈষ্ণবং ধাম বিষ্ণোঃ অংশঃ হর্ষশোকবিবর্দ্ধনঃ দেবক্যাঃ সপ্তমঃ গর্ভঃ বভূবঃ, যং বিষ্ণোঃ অংশম্ অনন্তং প্রচক্ষতে আহ। বিশ্বাত্মা ভগবান্ হরিঃ অপি নিজনাথানাং স্বাশ্রিতানাং যদূনাং কংসজং ভয়ং বিদিত্বা যোগমায়াং সমাদিশৎ আদিষ্টবান্। হে ভদ্রে দেবি! গোপগোভিঃ অলঙ্কৃতং ব্রজং গচ্ছ। নন্দগোকুলে নন্দগোপরাজস্য গোকুলাখ্যে বাসস্থানে বসুদেবস্য ভার্য্যা রোহিণী আস্তে প্রতিবসতি। অন্যাঃ বসুদেবভার্য্যাঃ চ কংসসংবিগ্নাঃ কংসভীতাঃ সত্যঃ বিবরেষু অলক্ষ্যস্থানেষু হি বসন্তি ॥৪-৭

দেবক্যাঃ জঠরে (সন্তং) তৎ শেষাখ্যং শেষনামকং মামকং ধাম মদংশভূতং গর্ভং সংনিকৃষ্য রোহিণ্যাঃ উদরে সংনিবেশয় স্থাপয় ॥৮

হে শুভে মায়ে! অথ অহম্ অংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং প্রাপ্স্যামি। ত্বং নন্দপত্ন্যাং যশোদায়াং ভবিষ্যসি ॥৯

মনুষ্যাঃ সর্ব্বকামবরেশ্বরীং সর্ব্বকামানাং নিয়ন্ত্রীং সর্ব্বকাম-প্রদাং সর্ব্বেষাম্ অভিলাষপ্রদাত্রীং ত্বাং নানোপহারবলিভিঃ নানাবিধপূজাদ্রব্যৈঃ অর্চ্চিষ্যন্তি ॥১০

কোশলপ্রভৃতি দেশে প্রচ্ছন্নভাবে অবস্থান করিতে লাগিলেন।৩

কেবল অক্রূরপ্রভৃতি কতিপয় ভক্ত শ্রীকৃষ্ণের অবতার-দর্শন-রূপ স্বার্থ অপেক্ষা করিয়া চাতুর্য্য-প্রকাশে কংসকে বশীভূতকরতঃ তাহার আজ্ঞাধীন হইয়া শ্রীমথুরাতেই বসবাস করিতে লাগিলেন।৪

(পূর্ব্বাধ্যায়ে কংস-হস্তে নিহত পুত্রগণের সংখ্যা নির্দ্দেশ না হওয়ায় এস্থানে তাহার নির্দ্দেশ করিতেছেন) উগ্রসেননন্দন কংসকর্ত্তৃক দেবকীর ছয় পুত্র নিহত হইলে অভিজ্ঞ ব্যক্তিগণ যাঁহাকে "অনন্ত" বলিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণাংশ চতুর্ব্যূহ দ্বিতীয় সঙ্কর্ষণ দেবকীর হর্ষ-শোকের বর্দ্ধনকারী সপ্তমগর্ভ রূপে আবির্ভূত হইলেন।৫

পূর্ব্বে শ্রীক্ষীরোদনাথ বিষ্ণু-ব্রহ্মাদি দেবগণকে আদেশ করিয়াছিলেন, অধুনা সর্ব্বাংশী ভগবান্ শ্রীকৃষ্ণ নিজেই বসুদেব প্রভৃতি স্বীয় অনুগত ভক্তসকলের কংস হইতে ভয় অবগত হইয়া ব্রহ্মাদি দেবগণের ও বিমোহকারিণী নিজ-শক্তি বিশেষ যোগমায়াকে বিশেষ রূপে উৎসাহ প্রদান-পূর্ব্বক আদেশ করিতেছেন।৬

হে দেবি (জগৎপূজ্যে) সর্ব্বমঙ্গল্যে! তুমি গোপ-গোপী ও গোগণে বিভূষিত ব্রজে গমন কর।৭

বসুদেবের অন্যতমা পত্নী শ্রীরোহিণীদেবী নন্দ-গোকুলে অবস্থান করিতেছেন এবং তাঁহার অন্যান্য ভার্য্যাগণও কংস-ভয়ে অগম্য স্থানে বাস করিতেছেন। তুমি আমার আদেশানুসারে শ্রীদেবকীর জঠরস্থ মদীয় অংশরূপে প্রসিদ্ধ এবং আমারই আধার শক্তিময় সংকর্ষণনামক গর্ভকে অক্লেশে আকর্ষণ করিয়া শ্রীরোহিণীর উদরে অন্যের অলক্ষিত-ভাবে স্থাপন কর।৮

১২২২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামধেয়ানি কুর্ব্বন্তি স্থানানি চ নরা ভুবি।
দুর্গেতি ভদ্রকালীতি বিজয়া বৈষ্ণবীতি চ ॥১১
কুমুদা চণ্ডিকা কৃষ্ণা মাধবী কন্যকেতি চ।
মায়া নারায়ণীশানী শারদেত্যম্বিকেতি চ ॥১২
গর্ভসঙ্কর্ষণাৎ তং বৈ প্রাহুঃ সঙ্কর্ষণং ভুবি।
রামেতি লোকরমণাদ্ বলং বলবদুচ্ছ্রয়াৎ ॥১৩

সন্দিষ্টৈবং ভগবতা তথেত্যোমিতি তদ্বচঃ।
প্রতিগৃহ্য পরিক্রম্য গাং গতা তৎ তথাকরোৎ ॥১৪
গর্ভে প্রণীতে দেবক্যা রোহিণীং যোগনিদ্রয়া।
অহো বিস্রংসিতো গর্ভ ইতি পৌরা বিচুক্রুশুঃ ॥১৫
ভগবানপি বিশ্বাত্মা ভক্তানামভয়ঙ্করঃ।
আবিবেশাংশভাগেন মন আনকদুন্দুভেঃ ॥১৬

নরাঃ ভুবি, দুর্গা ইতি, বিজয়া, বৈষ্ণবী ইতি চ কুমুদা, চণ্ডিকা, কৃষ্ণা, মাধবী, কন্যকা ইতি চ, মায়া, নারায়ণী, ঈশানী, শারদা ইতি, অম্বিকা ইতি চ নামধেয়ানি স্থানানি কামরূপাদীনি চ কুর্ব্বন্তি ॥১১-১২

গর্ভসংকর্ষণাৎ তং শেষাখ্যং গর্ভং ভুবি সংকর্ষণং বৈ প্রাহুঃ বদন্তি। লোকরমণাৎ রামেতি। বলোচ্ছ্রয়াৎ সামর্থ্যাধিক্যাৎ বলভদ্রং প্রাহুঃ ॥১৩

ভগবতা হরিণা ইত্যেবং সংদিষ্টা মায়া ওম্ ইতি তথা অস্তু ইতি তদ্বচঃ প্রতিগৃহ্য স্বীকৃত্য, পরিক্রম্য গাং পৃথিবীং গতা সতী তৎ হরিবচনং তথা অকরোৎ ॥১৪

যোগনিদ্রয়া দেবক্যাঃ গর্ভে রোহিণীং প্রণীতে প্রাপিতে সতি অহো গর্ভঃ বিস্রংসিতঃ কংসেন পাতিতঃ ইতি পৌরাঃ বিচুক্রুশুঃ বিলেপুঃ ॥১৫

ভক্তানাম্ অভয়প্রদঃ বিশ্বাত্মা ভগবান্ হরিঃ অপি অংশভাগেন সর্ব্বৈশ্বর্য্যেণ সহিত এব আনকদুন্দুভেঃ বসুদেবস্য মনঃ আবিবেশ মনসি আবির্ব্বভূব ॥১৬

হে শুভে! অনন্তর আমি অংশভাগরূপে অর্থাৎ পরিপূর্ণরূপে শ্রীদেবকীর পুত্রভাব প্রাপ্ত হইব এবং তুমি শ্রীনন্দ-পত্নী যশোদাতে আবির্ভূত হইবে (নিগূঢ়ার্থ এই—হে শুভে! অনন্তর আমি প্রকাশ-ভেদে দেবকীর পুত্রভাব এবং প্রকাশান্তরে শ্রীযশোদার পুত্রভাব প্রাপ্ত হইব, তুমি যশোদার নিকটে কেবল বিদ্যমানতা প্রাপ্ত হইও)।৯

তুমি পুত্রাদিকামী যাবতীয় মানুষের শ্রেষ্ঠ নিয়ন্ত্রী হইবে এবং ত্বদীয় ভক্তগণের সমস্ত অভিলষিত বর প্রদান করিবে। অতএব সকাম মনুষ্যসকল বিবিধ উপহার ও বলিদ্বারা তোমাকে অর্চ্চনা করিবে।১০

আর পৃথিবীতে লোকসকল তোমার অনেক স্থান এবং দুর্গা, ভদ্রকালী, বিজয়া, বৈষ্ণবী, কুমুদা, চণ্ডিকা, কৃষ্ণা, মাধবী, কন্যকা, মায়া, নারায়ণী, ঈশানী, শারদা তথা অম্বিকা এই সকল নাম প্রচার করিবে।১১-১২

আর গর্ভাকর্ষণ বশতঃই ঐ রোহিণী-নন্দনকে পৃথিবীস্থ লোকেরা সঙ্কর্ষণ বলিবে। তিনি লোক-সকলের প্রীত্যুৎপাদন করিবেন বলিয়া তাঁহাকে সকলে রাম বলিয়া সম্বোধন করিবে এবং অত্যন্ত বলশালী হইবেন. সেইজন্য লোকে বলভদ্র বলিয়াও আহ্বান করিবে।১৩

ভগবান্ শ্রীহরিকর্ত্তৃক এইরূপ আদিষ্ট হইয়া "ভাল তাহাই হউক" বলিয়া যোগমায়া শ্রীভগবানের বাক্য স্বীকার করিলেন এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া মর্ত্তলোকে গমনপূর্ব্বক তদনুরূপ কার্য্য অর্থাৎ দেবকীর গর্ভ আকর্ষণ করিয়া রোহিণীতে স্থাপন করিলেন।১৪

যোগমায়া দেবকীর গর্ভ আকর্ষণ করিয়া এমন ভাবে রোহিণী-উদরে স্থাপন করিলেন যে, গর্ভাকর্ষণ জন্য দেবকীর কোনরূপ দুঃখ, রোহিণীর উদরে গর্ভ স্থাপন জন্য বিস্ময়াদি ও গোকুল-বাসিগণের তদ্বিষয়ক কোন রূপ জ্ঞান হয় নাই, অতএব পুরবাসিগণ তদ্বৃত্তান্ত জ্ঞাত না থাকায় আর্ত্তস্বরে "হায়! হায়! এবার কংস-ভয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স বিভ্রৎ পৌরুষং ধাম ভ্রাজমানো যথা রবিঃ।
দুরাসদোঽতিদুর্দ্ধর্ষো ভূতানাং সংবভূব হ ॥১৭

ততো জগন্মঙ্গলমচ্যুতাংশং
সমাহিতং শূরসুতেন দেবী।
দধার সর্ব্বাত্মকমাত্মভূতং
কাষ্ঠা যথানন্দকরং মনস্তঃ ॥১৮

সঃ বসুদেবঃ পৌরুষং ধাম বিভ্রৎ রবিঃ সূর্য্যঃ ইব রাজমানঃ শোভমানঃ সন্ ভূতানাং প্রাণিনাং দুরাধর্ষঃ দুরাসদঃ অনভিগম্যঃ অতিদুর্দ্ধর্ষঃ অনভিভবনীয়ঃ চ সংবভূব হ ॥১৭

ততঃ দেবী দেবকী শূরসুতেন বসুদেবেন সমাহিতং দীক্ষয়া অর্পিতং জগন্মঙ্গলং সর্ব্বাত্মকম্ ধাম শ্রীমূর্ত্তিম্ আত্মভূতম্ অচ্যুতাংশং কাষ্ঠা দিক্ আনন্দকরং চন্দ্রম্ ইব মনস্তঃ মনসা এব দধার ধৃতবতী ॥১৮

সর্ব্বজগন্নিবাসনিবাসভূতা সর্ব্বাশ্রয়ং হরিং গর্ভে ধারয়ন্তী

দেবকীর গর্ভপাত হইল কিংবা বোধ হয় কংসই কোনরূপ মন্ত্র বা ঔষধাদি যে কোন উপায়ে গর্ভ নষ্ট করিয়াছে" এইরূপ সন্দেহে বিবিধ বিলাপ করিতে লাগিল।১৫

এদিকে বিশ্বস্থ জীবমাত্রের আত্মা অর্থাৎ প্রভু হইলেও কেবল ভক্তগণের প্রতিই যিনি অভয় প্রদান করিয়া থাকেন, সেই সর্ব্বৈশ্বর্য্যপরিপূর্ণ শ্রীভগবান্ পুরুষাদি অবতারবৃন্দের সহিত ও ষড়ৈশ্বর্য্যের সহিত পূর্ণস্বরূপে শ্রীবসুদেবের মনোমধ্যে আবির্ভূত হইলেন।১৬

বসুদেব শ্রীভগবৎ-সম্বন্ধি তেজঃ ধারণ করায় দিবাকরের ন্যায় তেজস্বী হইলেন বলিয়া কংসাদি দুষ্ট প্রাণিগণ তাঁহার নিকটে গমন করিতে কিংবা তাঁহাকে দর্শন করিতে বা পরাভব করিতে অসমর্থ হইল।১৭

অনন্তর পূর্ব্বদিক্ যেমন আনন্দকর চন্দ্রকে ধারণ করে, তদ্রূপ শুদ্ধমত্তা শ্রীদেবকীদেবী

সা দেবকী সর্ব্বজগন্নিবাস-
নিবাসভূতা নিতরাং ন রেজে।
ভোজেন্দ্রগেহেঽগ্নিশিখেব রুদ্ধা
সরস্বতী জ্ঞানখলে যথা সতী ॥১৯

তাং বীক্ষ্য কংসঃ প্রভয়াজিতান্তরাং
বিরোচয়ন্তীং ভবনং শুচিস্মিতাম্।
আহৈষ মে প্রাণহরো হরির্গুহাং
ধ্রুবং শ্রিতো যন্ন পুরেয়মীদৃশী ॥২০

সা দেবকী ভোজেন্দ্রগেহে কংসকারাগারে রুদ্ধা সতী (ঘটাদিরুদ্ধা অগ্নিশিখা ইব) জ্ঞানখলে জ্ঞানবঞ্চকে জনে সতী শোভনা সরস্বতী যথা নিতরাং ন শুশুভে ॥১৯

কংসঃ অজিতান্তরাং, গর্ভে বিষ্ণুং ধারয়ন্তীং প্রভয়া ভবনং বিরোচয়ন্তীং দীপয়ন্তীং শুচিস্মিতাং তাং দেবকীং বীক্ষ্য আহ, মে প্রাণহরঃ এষঃ হরিঃ গুহাং গর্ভং নূনং শ্রিতঃ প্রবিষ্টঃ, যৎ যস্মাৎ ইয়ং দেবকী পুরা ঈদৃশী তেজঃসম্পন্না ন আসীৎ ॥২০

শ্রীবসুদেবকর্ত্তৃক বৈধ দীক্ষাদ্বারা অর্পিত জগন্মঙ্গল সর্ব্বমূলস্বরূপ ও সর্ব্বাংশপরিপূর্ণ শ্রীভগবান্‌কে মনোদ্বারা ধারণ করিলেন, তিনি পূর্ব্বেও দেবকীর আত্মাতে বর্ত্তমান ছিলেন।১৮

দেবকী প্রাকৃত ও অপ্রাকৃত সর্ব্বজগতের আশ্রয়স্বরূপ শ্রীভগবানের আধার হইয়াও সর্ব্বজনের আহ্লাদক রূপে শোভা পান নাই। কেবল স্বয়ং কিংবা বসুদেবাদি দুই এক জন অন্তরঙ্গের সহিত আনন্দানুভব করিতে লাগিলেন; কারণ ভোজরাজ কংসের গৃহে অবরুদ্ধা হইয়া এমন অবস্থায় অবস্থান করিতেছিলেন যে, অগ্নিশিখা যেমন গৃহে রুদ্ধা হইলে নগরাদি বহিঃস্থিত বস্তু প্রকাশ করিতে পারে না, কিন্তু গৃহস্থিত বস্তু বা সমীপবর্ত্তী দুই তিন ব্যক্তির প্রকাশ বা শীতাদি নাশ করিয়া থাকে; পরন্তু সেই অগ্নিশিখা দৈবাৎ প্রবলা হইয়া যেমন রোধকের গৃহ পর্য্যন্ত দগ্ধ করিয়া থাকে, তদ্রূপ শ্রীদেবকীও কংসের ঐশ্বর্য্যাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিমদ্য তস্মিন্ করণীয়মাশু মে
যদর্থতন্ত্রো ন বিহন্তি বিক্রমম্।
স্ত্রিয়াঃ স্বসুর্গুরুমত্যা বধোঽয়ং
যশঃ শ্রিয়ং হন্ত্যনুকালমায়ুঃ ॥২১

স এষ জীবন্ খলু সম্পরেতো
বর্ত্তেত যোঽত্যন্তনৃশংসিতেন।
দেহে মৃতে তং মনুজাঃ শপন্তি
গন্তা তমোঽন্ধং তনুমানিনো ধ্রুবম্ ॥২২

অদ্য তস্মিন্ ময়া আশু কিং করণীয়ম্, যতঃ অর্থতন্ত্রঃ স্বার্থপরঃ পুমান্ বিক্রমং ন বিহন্তি ন নাশয়তি। গুরুমত্যাঃ গর্ভধারিণ্যাঃ স্বসুঃ ভগিন্যাঃ স্ত্রিয়ঃ অয়ং বধঃ অনুকালং সর্ব্বদৈব যশঃ শ্রিয়ম্ আয়ুঃ চ হন্তি ॥২১

যঃ অত্যন্ত-নৃশংসিতেন ক্রূরকর্ম্মণা বর্ত্ততে, সঃ জনঃ জীবন্ অপি সংপরেতঃ মৃতঃ (স্যাৎ)। মনুজাঃ তং নৃশংসং শপন্তি সাক্ষেপম্ আক্রোশন্তি। দেহে মৃতে সতি তনুমানিনঃ পাপিনঃ অথবা তনুমানিনঃ স্বতনুং পালয়তঃ অস্য দেহে মৃতে সতি ধ্রুবম্ অন্ধং তমঃ স গন্তা গমিষ্যতি ॥২২

দগ্ধ করিবেন। যাহারা শিষ্যকে জ্ঞান দান করিতে বঞ্চনা করে, তাহাদিগের অধিগত বিদ্যার ন্যায় দেবকী অতিশয় শোভা পাইলেন না।১৯

শ্রীভগবান্ কুক্ষিমধ্যে অবস্থান করায় শ্রীদেবকী স্বীয়প্রভাদ্বারা কারাগৃহ আলোকিত করিতেছেন এবং স্বাভাবিক তদানন্দ জন্য হাস্য করিতেছেন। কংস কোনদিন তদবস্থাপন্না দেবকীকে সাক্ষাৎ অবলোকন করিয়া মনে মনে কহিতে লাগিলেন— আমার প্রাণহর হরি নিশ্চয়ই ইঁহার গর্ভে প্রবেশ করিয়াছেন, যে হেতু ইতিপূর্ব্বে ইনি কখনই এই প্রকার প্রভাবতী ছিলেন না।২০

সম্প্রতি মদ্বৈরী হরির বধ সাধনবিষয়ে সহসা আমার কি কর্ত্তব্য? গর্ভস্থিত এই হরিকে বিনাশ করাও কর্ত্তব্য নহে, কারণ লোক স্বার্থপর হইলেও স্বপরাক্রম নষ্ট করে না, অধুনা ইহার বধে আমার বীরত্ব ও বিক্রম নাশ হইবে সন্দেহ নাই। অতএব এই গর্ভগত হরি গর্ভ হইতে বহির্গত হইয়া যথাসময়ে তরুণাবস্থা প্রাপ্ত হইলে ইহার সহিত সংগ্রাম করিয়া জয় বা পরাজয় হইলেও জগতে আমার বিক্রম বিদ্যমান থাকিবে, পরন্তু গর্ভ-বধে বিক্রম কিছুই নাই। কিংবা স্বার্থপর পুরুষেও আপন বিক্রম বিনষ্ট করে না, যদিও বিষ্ণু এখন দেবকার্য সাধনার্থ গর্ভমধ্যে অবস্থিতি করিতেছেন সত্য, তথাপি স্বপরাক্রম প্রকাশ করিয়া অবশ্যই আমার সহিত যুদ্ধ করিবে এবং আমার নিকট নিশ্চয়ই পরাভব হইবে, অতএব অধুনা গর্ভগত হরিকে বিনাশ করিলে আমার কেবল বিক্রম-হানিত্ব হইবে এমন নহে, পরন্তু ধর্ম্মাদিহানি পর্যন্তও হইবে, কারণ গর্ভবধে দেবকীর বধ অবশ্যম্ভাবী এবং দেবকী স্ত্রী-জাতি তাহাতে আবার ভগিনী, বিশেষতঃ গর্ভিণী, এই অবস্থায় ইহার বধ-সাধন সদ্যই আমার যশশ্রী ও আয়ু নষ্টের কারণ হইবে, অতএব আমি স্বার্থপর হইলেও আপন পরাক্রম পরিত্যাগ করিয়া দেবকীর বধ সাধনে প্রবৃত্ত হইতে পারি না।২১

যে ব্যক্তি অত্যন্ত ক্রূরভাব আবরণ দ্বারা জীবন ধারণ করে, সে জীবিত থাকিলেও মৃততুল্য। মনুষ্যসকল জীবদ্দশাতে বা মরণান্তে তাহাকে "রে পাপিন্! কুম্ভীপাক নরকে পতিত হও" এই বলিয়া অভিসম্পাত করিয়া থাকে। পরের অনিষ্ট করিয়া যে ব্যক্তি আপন দেহ পোষণ করে সে দেহান্তে অন্ধতম নামক নরকে গমন করে।২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইতি ঘোরতমাদ্ভাবাৎ সন্নিবৃত্তঃ স্বয়ং প্রভুঃ।
আস্তে প্রতীক্ষংস্তজ্জন্ম হরের্বৈরানুবন্ধকৃৎ ॥২৩
আসীনঃ সংবিশংস্তিষ্ঠন্ ভুঞ্জানঃ পর্য্যটন্ মহীম্।
চিন্তয়ানো হৃষীকেশমপশ্যৎ তন্ময়ং জগৎ ॥২৪
ব্রহ্মা ভবশ্চ তত্রৈত্য মুনিভির্নারদাদিভিঃ।
দেবৈঃ সানুচরৈঃ সাকং গীর্ভির্বৃষণমৈড়য়ন্ ॥২৫

প্রভুঃ কংসঃ ইতি ঘোরতমাৎ ভাবাৎ স্বয়ং সন্নিবৃত্তঃ। বৈরানুবন্ধকৃৎ শত্রুভাবনির্ব্বন্ধপরঃ সন্ হরেঃ তৎ জন্ম প্রতীক্ষন্ আস্তে ॥২৩

আসীনঃ, সংবিশন্, তিষ্ঠন্, ভুঞ্জানঃ, পর্য্যটন্, পিবন্ হৃষীকেশং বিষ্ণুং চিন্তয়ানঃ কংসঃ জগৎ তন্ময়ং বিষ্ণুময়ম্ অপশ্যৎ ॥২৪

ব্রহ্মা, ভবঃ, রুদ্রঃ চ নারদাদিভিঃ মুনিভিঃ, সানুচরৈঃ

এই প্রকার বিচার করিয়া কংস ঐ গর্ভপাতাদি ঘোরতর সঙ্কল্প হইতে নিবৃত্ত হইল, যেহেতু সে স্বয়ংই রাজা, তাহাকে বাধা দিবার কেহ নাই, অতএব অন্যের মন্ত্রণাদি দ্বারা নিবৃত্ত না হইলেও অন্তর্য্যামী শ্রীভগবানের বশবর্ত্তী হইয়াই সম্প্রতি এই সাধুভাব অবলম্বন করিল বটে, কিন্তু ভগবান্ শ্রীহরির প্রতি বিদ্বেষভাব রাখিয়া মূঢ়তাবশতঃ জন্মাদি বিবর্জ্জিত ও বৈরাদি অশেষ দোষহারী বা সর্ব্বমনোহর শ্রীহরির জন্ম প্রতীক্ষা করিতে লাগিল ।২৩

বৈরানুবন্ধ-জনিত ভয়ে সেই কংস উপবেশন, শয়ন, অবস্থান, ভোজন, ভ্রমণ এবং পানাদি সর্ব্বাবস্থাতে সর্ব্ব ইন্দ্রিয়ের ঈশ্বর শ্রীভগবান্‌কে চিন্তা করিতে করিতে সমস্ত জগৎ বিষ্ণুময় দেখিতে লাগিল ।২৪

সেই সময়ে ব্রহ্মা এবং মহেশ্বর, নারদ, সনক সনন্দপ্রভৃতি মুনিগণের সহিত এবং সানুচর (সগন্ধর্ব্বাদি) দেবগণের সহিত সেই স্থানে আগমন করিয়া বিবিধ রম্য বাক্যে সর্ব্বকামবর্ষী শ্রীভগবান্‌কে স্তব করিতে লাগিলেন ।২৫

সত্যব্রতং সত্যপরং ত্রিসত্যং
সত্যস্য যোনিং নিহিতঞ্চ সত্যে।
সত্যস্য সত্যমৃতসত্যনেত্রং
সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ ॥২৬

দেবৈঃ চ সাকং সহ গীর্ভিঃ বাগ্‌ভিঃ বৃষণং কামবর্ষিণং বিষ্ণুম্ ঐড়য়ন্ তুষ্টুবুঃ ॥২৫

সত্যব্রতং সত্যপরং, ত্রিসত্যং কালত্রয়েঽপি সত্যং, সত্যস্য ক্ষিত্যাদীনাং যোনিং কারণং, সত্যে পৃথিব্যাদিষু নিহিতম্ অন্তর্য্যামিতয়া স্থিতং, সত্যস্য পৃথিব্যাদীনাং সত্যনাশেঽপি অবশিষ্যমানম্ ঋতসত্যনেত্রম্ ঋতসত্যয়োঃ প্রবর্ত্তকং, সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ প্রাপ্তাঃ ॥২৬

ভগবান্ প্রতিশ্রুত বাক্য সত্য করিলেন, ইহাতে আনন্দিত হইয়া দেবগণ প্রথমতঃ সত্যস্বরূপে স্তব করিতে লাগিলেন—হে ভগবন্! আপনার ব্রত অর্থাৎ সঙ্কল্প সত্য; আপনি যাহা বলিবেন, তাহা মিথ্যা হইবার নয়; সত্য দ্বারাই আপনাকে লাভ করা যায়; আপনি তিনকালেই সত্য বলিয়া ত্রিসত্য অর্থাৎ আপনি এই প্রপঞ্চ জগৎ সৃষ্টির পূর্ব্বে ও পরে এবং স্থিতি সময়ে সত্যস্বরূপে বর্ত্তমান আছেন; কারণ, ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও আকাশ এই পঞ্চভূতের আপনিই উৎপত্তি স্থান, আর ঐ পঞ্চভূতে লয় হইলেও আপনিই বর্ত্তমান থাকেন, সত্যবাক্য ও সর্ব্বত্র সমদর্শন এই উভয়ের আপনি প্রবর্ত্তক বা এই উভয়ই আপনার প্রাপক, আপনি সত্যস্বরূপ আমরা সর্ব্বান্তঃকরণে আপনার আশ্রয় গ্রহণ করিলাম।

অথবা আপনি যে বলিয়াছেন—যে ব্যক্তি "হে প্রভো! আমি তোমার হইলাম এই বলিয়া একবার মাত্রও যদি শরণাগত হয়, তাহাকে আমি সর্ব্বদা অভয় দান করিয়া থাকি" এই আমার ব্রত, অতএব আমরা শরণাগত হইয়াছিলাম বিধায় আমাদিগকে অভয় দান করিয়া আপনার ব্রত সত্য করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একায়নোঽসৌ দ্বিফলস্ত্রিমূল-
শ্চতুরসঃ পঞ্চবিধঃ ষড়াত্মা।
সপ্তত্বগষ্টবিটপো নবাক্ষো
দশচ্ছদী দ্বিখগো হ্যাদিবৃক্ষঃ ॥২৭

ত্বমেক এবাস্য সতঃ প্রসূতি-
স্ত্বং সন্নিধানং ত্বমনুগ্রহশ্চ।
ত্বন্মায়য়া সংবৃতচেতসস্ত্বাং
পশ্যন্তি নানা ন বিপশ্চিতো যে ॥২৮

(কিঞ্চ হে কৃষ্ণ!) অসৌ (সংসারঃ) আদিবৃক্ষঃ (এব যতঃ অয়ম্) একায়নঃ (প্রকৃত্যাশ্রয়ঃ) দ্বিফলঃ (সুখদুঃখফলঃ) ত্রিমূলঃ (গুণত্রয়মূলঃ) চতুরসঃ (ধর্ম্মার্থাদিরসঃ) পঞ্চবিধঃ পঞ্চেন্দ্রিয়-জ্ঞানপ্রকারঃ ষড়াত্মা (শোকমোহজরামৃত্যুক্ষুৎপিপাসাসমাবৃতঃ সপ্তত্বক্ (ত্বগাদিসপ্তধাতুত্বক্) অষ্টবিটপঃ (ভূতপঞ্চকমনো) বুদ্ধ্যহঙ্কারশাখঃ) নবাক্ষঃ (নবদ্বারচ্ছিদ্রঃ) দশচ্ছদী (দশপ্রাণপর্ণঃ) দ্বিখগঃ (জীবেশ্বরপক্ষিসহিতঃ) চ প্রতীয়তে ॥২৭

অস্য সতঃ (সংসারবৃক্ষস্য) ত্বম্ একঃ এব প্রসূতিঃ (জন্মকারণং) ত্বং সন্নিধানং (লয়স্থানং) ত্বম্ অনুগ্রহঃ (পালকঃ) ত্বন্মায়য়া সংবৃতচেতসঃ ত্বাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ ইতি নানা পশ্যন্তি, যে বিপশ্চিতঃ তে তু তথা ন পশ্যন্তি ॥২৮

স্বভক্তপালক অন্যান্য দেবতার ন্যায় আপনি অনিত্য অনুৎকৃষ্ট নহেন, কারণ আপনি সর্ব্বকালবর্ত্তী ও সর্ব্বদেশবর্ত্তী ও সর্ব্বকালশ্রেষ্ঠ। কিংবা "কৃষ্ণ সত্যে প্রতিষ্ঠিত হয়েন, কৃষ্ণে সত্য প্রতিষ্ঠিত হয়, সত্য হইতেও সত্য কৃষ্ণ, অতএব কৃষ্ণের নাম সত্য" এই বাক্যানুসারে আপনি সত্যনামক পরমেশ্বর আপনি ত্রিসত্য অর্থাৎ আপনার বুদ্ধি, বল ও কার্য্য সত্য। আপনার অংশসমূহও সত্য, কারণ আপনি মৎস্য-কূর্ম্মাদ্যবতারবৃন্দের উদ্গমস্থান বা অবতারী। আপনার ধামও নিত্য অর্থাৎ মথুরা-বৈকুণ্ঠাদি লোকে আপনি সর্ব্বদা স্থিত। আপনি সত্যের সত্য, আপনার বিগ্রহ নিত্য। অতএব হে নিত্যস্বরূপ! আমরা এতাদৃশ আপনার শরণাপন্ন হইলাম।২৬

হে প্রভো! আপনি যদি বলেন, "তোমরাও লোকেশ্বর ও মৎসদৃশ, অতএব আমার শরণাপন্ন হইতেছ কেন?" এইরূপ বলিবেন না, কারণ সর্ব্ব সৃষ্ট্যাদির কারণ প্রযুক্ত আপনিই একমাত্র সর্ব্বেশ্বর, আমরা আপনার আশ্রিত, লোকাদিরূপ দ্বৈত প্রপঞ্চ সমস্ত আপনা ভিন্ন কিছুই নাই, সমষ্টি ব্যষ্টি দেহরূপ এই সংসার, অনাদিকালপ্রসূত অথচ নিরন্তর পরিবর্ত্তনশীল বৃক্ষের ন্যায় প্রতীত হইতেছে। এই সংসাররূপ বৃক্ষের মূল বা আশ্রয় একমাত্র প্রকৃতি। সুখ ও দুঃখ এই দুটী ইহার ফল। সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটী গুণ ইহার মূলত্রয়, ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ইহার চারি রস,—শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা, নাসিকা এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ইহার জ্ঞান-প্রকার। জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, বিপরিণাম, অপক্ষয়, বিনাশ এই ছয়টি অথবা শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসা এই ছয়টি ইহার স্বভাব। ত্বক্, মাংস, রুধির, মেদ, অস্থি, মজ্জা, শুক্র এই সাতটি ইহার ত্বক্ (বল্কল)। ভূমি, জল, তেজঃ বায়ু, আকাশ, মনঃ, বুদ্ধি, অহঙ্কার, এই আটটি ইহার শাখা। নয়টি ইন্দ্রিয়-ছিদ্র ইহার নয় অক্ষ অর্থাৎ কোটর। প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, নাগ, কূর্ম্ম, কৃকর দেবদত্ত, ধনঞ্জয় এই দশটি বায়ু ইহার দশ পত্র। জীব ও ঈশ্বর এই দুটি এই সংসার বৃক্ষের পক্ষী।২৭

এই প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ সংসার-বৃক্ষের আপনিই একমাত্র উৎপত্তির কারণ। আপনিই ইহার লয়ের স্থান। আপনিই ইহার পালক। (যদি বলেন ব্রহ্মা, বিষ্ণু, শিব—ইহারা সৃষ্টি স্থিতি ও পালনের কর্ত্তা আমাকে কেন এইরূপ বলিতেছ; তদুত্তর এই—যাহাদিগের বুদ্ধি আপনার মায়াদ্বারা আচ্ছন্ন, তাহারাই আপনাকে ব্রহ্মাদি বহু দেবতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভর্ষি রূপাণ্যববোধ আত্মা
ক্ষেমায় লোকস্য চরাচরস্য।
সত্ত্বোপপন্নানি সুখাবহানি
সতামভদ্রাণি মুহুঃ খলানাম্ ॥২৯
ত্বয্যম্বুজাক্ষাখিলসত্ত্বধাম্নি
সমাধিনাবেশিতচেতসৈকে।
ত্বৎপাদপোতেন মহৎকৃতেন
কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিম্ ॥৩০

(এবংভূতঃ) অববোধঃ আত্মা সচ্চিদানন্দঘনৈকমূর্ত্তিঃ ত্বং চরাচরস্য লোকস্য ক্ষেমায় সতাং সুখাবহানি খলানাম্ অভদ্রাণি (বিঘ্নকরাণি) সত্ত্বোপপন্নানি (সাত্ত্বিকানি) রূপাণি মুহুঃ বিভর্ষি ধারয়সি ॥২৯

হে অম্বুজাক্ষ পদ্মপলাশলোচন! অমলসত্ত্বধাম্নি ত্বয়ি একে আবেশিতচেতসা সমাধিনা মহৎকৃতেন ত্বৎপাদপোতেন ভবাব্ধিং গোবৎসপদং কুর্ব্বন্তি ॥৩০

বলিয়া দেখে, কিন্তু যাঁহারা বিদ্বান্, তাঁহারা সেইরূপ দেখেন না, একমাত্র আপনাকেই তত্তদ্রূপে অবস্থিত অবলোকন করিয়া থাকেন। অথবা যাঁহাদিগের চিত্ত আপনার মায়াদ্বারা আচ্ছন্ন নয়, সেই ভক্তগণ আপনাকে একরূপেই দর্শন করিয়া থাকেন, আর যাঁহারা জ্ঞানাভিমান বিদ্বান্ বলিয়া অভিমান করে, তাঁহারাই আপনাকে সন্দর্শন করিয়া থাকেন।২৮

আপনি এইরূপ বলিলেন না যে, আমি দেবকী-নন্দন আমাকে তোমরা এইরূপ বর্ণনা করিতেছ কেন? হে প্রভো! আপনি জ্ঞানস্বরূপ আত্মা, স্থাবর-জঙ্গমাত্মক এ-জগতের মঙ্গলার্থ ধার্ম্মিকগণের সুখকর ও অধার্ম্মিকদিগের নাশকর বিশুদ্ধ সত্ত্বময় রূপসকল ধারণ করিয়া থাকেন। অতএব আপনি কাহারও পুত্র নহেন।২৯

হে পদ্মপলাশলোচন! অখিল সত্ত্বগণের আশ্রয়-স্বরূপ আপনাতে সমাধিদ্বারা চিত্ত নিবেশবশতঃ মুখ্য বিবেকিগণ সেই চিত্তদ্বারা ভবদীয় চরণতরীকে

স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্
ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।
ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে
নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্ ॥৩১
যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥৩২

কিঞ্চ, হে দ্যুমন্ স্বপ্রকাশ! অদভ্রসৌহৃদাঃ তে ভীমং সুদুস্তরং ভবার্ণবং স্বয়ং সমুত্তীর্য্য ভবৎপদাম্ভোরুহ-নাবং ত্বৎ-চরণপোতম্ অত্র লোকতারণার্থং নিধায় (সংস্থাপ্য পারং) যাতাঃ। যতঃ ভবান্ হি সদনুগ্রহঃ ভক্তানুগ্রহকারী ॥৩১

হে অরবিন্দাক্ষ! ত্বয়ি (অস্তমতয়ঃ ভক্তিহীনাঃ অপি তু) বাদবিশুদ্ধবুদ্ধয়ঃ (তর্কনিপুণাঃ অতএব) বিমুক্তমানিনঃ যে অন্যে ন আদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ (ত্বদ্ভক্তিশূন্যাঃ তে) কৃচ্ছ্রেণ পরং মোক্ষসন্নিহিতং পদম্ আরুহ্য ততঃ অধঃ পতন্তি ॥৩২

সেব্যরূপে অঙ্গীকারপূর্ব্বক এই ভব-সাগরকে গোষ্পদ এবং তুচ্ছ মনে করিয়া অনায়াসে পার হইয়া যান।৩০

আপনি যদি বলেন, পূর্ব্বতন সাধুগণ মদীয় চরণতরী দ্বারা ভব-সাগর পার হইয়াছেন, তবে ইদানীন্তন ব্যক্তিসকলের ভব-পারের উপায় কি? তদুত্তরে বলিতেছি—হে দ্যুমন্! (হে স্বপ্রকাশক!) সর্ব্বভূতে প্রীতিযুক্ত ভক্তগণ আপনার চরণতরীর সামীপ্যমাত্র এই ভয়ানক দুস্তর ভবার্ণব বৎসপদতুল্য হওয়ায় অনায়াসে ভব সাগর পার হইয়াও পরবর্ত্তী লোকের উদ্ধারার্থ সেই চরণতরী এই কূলে রাখিয়া অর্থাৎ শিষ্যপরম্পরা দ্বারা ভক্তিপথের সম্প্রদায় প্রচার করিয়া ভব-পারে গমন করেন, যেহেতু আপনি আপনার ভক্তগণকে অনুগ্রহ করিয়া থাকেন। যে ব্যক্তি একবার আপনাকে আশ্রয় করিয়া থাকে, তাহার আর অন্য কিছুরই অপেক্ষা থাকে না, আপনি স্বয়ং তাহাদিগকে উদ্ধার করিয়া থাকেন।৩১

হে কমলনয়ন! যাহারা আপনাতে ভক্তি স্থাপন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্-
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥৩৩
সত্ত্বং বিশুদ্ধং শ্রয়তে ভবান্ স্থিতৌ
শরীরিণাং শ্রেয় উপায়নং বপুঃ।

হে মাধব! ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ প্রেমযুক্তাঃ তে তাবকাঃ বৈষ্ণবাঃ তথা মার্গাৎ ক্বচিৎ ন ভ্রশ্যন্তি, (অপিতু) ত্বয়া অভিগুপ্তাঃ সমন্তাৎ পরিরক্ষিতাঃ (অতএব) নির্ভয়াঃ সন্তঃ বিনায়কানীকপমূর্দ্ধসু বিঘ্নগণেশ-সৈন্যপানাং মস্তকেষু পদং দত্ত্বা বিচরন্তি ॥৩৩

এবম্ভূতঃ ভবান্ (অস্য) স্থিতৌ শরীরিণাং শ্রেয়ঃ উপায়নং কর্ম্মফলপ্রদং বিশুদ্ধং সত্ত্বং বপুঃ শ্রয়তে, যেন বপুষা জনঃ

না করিয়া নিজকে বিমুক্তমানী বলিয়া অভিমান করে, আপনাতে ভক্তির অভাবপ্রযুক্ত মলিনচিত্ত সেই সকল মানব অতিকষ্টে বিষয় সুখ পরিত্যাগ-পূর্ব্বক তপস্যাদি সাধনদ্বারা মোক্ষসন্নিহিত সৎকুলে জন্মাদি পরমপদ প্রাপ্ত হইয়াও ভবদীয় পাদপদ্মের অনাদর করিয়া তাহা হইতে অধঃপতিত হইয়া থাকে ।৩২

হে প্রভো! হে মাধব! যেমন স্বয়ং বিমুক্ত-মানিগণ ভবদীয় চরণ অনাদর করিয়া অধঃপতিত হয়, তদ্রূপ তোমার ভক্তগণ ভক্তিমার্গ হইতে কদাপি ভ্রষ্ট হয় না, যদিও বিশেষ কোন দুরদৃষ্টবশতঃ আত্মতত্ত্বাদির জ্ঞানের অভাব, স্বধর্ম্মের পরিত্যাগ ও কথঞ্চিৎ পাতকগ্রস্ত হইয়া জন্মান্তর স্বীকার করিয়া থাকেন সত্য, তথাপি আপনাতে বদ্ধসৌহৃদ্য থাকে বলিয়া "ন মে ভক্তঃ প্রণশ্যন্তি অর্থাৎ আমার ভক্ত কখনও বিনষ্ট হয় না" এই প্রতিজ্ঞাকারী আপনা কর্ত্তৃক সুরক্ষিত হইয়া বিঘ্নকারীদিগের সেনানায়কের অর্থাৎ গুরুতর বিঘ্নসকলের মস্তকে পাদ প্রদান করিয়া নির্ভয়ে বিচরণ করিয়া থাকেন ।৩৩

আপনি বিশ্বপালনার্থে মানবগণের মঙ্গলপ্রদ

বেদক্রিয়াযোগতপঃসমাধিভি-
স্তবার্হণং যেন জনঃ সমীহতে ॥৩৪
সত্ত্বং ন চেদ্ধাতরিদং নিজং ভবেদ্-
বিজ্ঞানমজ্ঞানভিদাপমার্জ্জনম্।
গুণপ্রকাশৈরনুমীয়তে ভবান্
প্রকাশতে যস্য চ যেন বা গুণঃ ॥৩৫

বেদক্রিয়াযোগসমাধিভিঃ তব অর্হণং পূজাং সমীহতে করোতি ॥৩৪

হে ধাতঃ! ইদং সত্ত্বং চেৎ (তব) নিজং বপুঃ ন ভবেৎ, তর্হি অজ্ঞানভিদাপমার্জ্জনং ভ্রমপ্রমাদনিবর্ত্তকম্ বিজ্ঞানং ন ভবেৎ। যস্য চ (সম্বন্ধিতে) যেন (বা গুণমাত্রা) গুণঃ বুদ্ধ্যাদি প্রকাশতে, (সঃ) ভবান্ গুণপ্রকাশৈঃ (সর্ব্বসাক্ষী ইতি) অনুমীয়তে ॥৩৫

(কর্ম্মফলদাতৃ) বিশুদ্ধ (মায়াতীত) সত্ত্ব (চিন্ময়) শরীর ধারণ করিয়া থাকেন; যে শরীর অবলম্বন করিয়া লোক বেদাধ্যয়নরূপ ব্রহ্মচারীর ধর্ম্ম, ক্রিয়াযোগরূপ গৃহস্থের ধর্ম্ম, বনবাসাদিরূপ বানপ্রস্থের ধর্ম্ম, এবং সমাধিরূপ যতির ধর্ম্ম—এই চতুর্বিধ স্বধর্ম্ম দ্বারা আপনার পূজা করিয়া থাকে। আপনি শরীর ধারণ না করিলে পূজার অভাবে লোকের কর্ম্মফল সিদ্ধ হইত না ।৩৪

হে ধাতঃ! সর্ব্বশক্তিধারিন্! আপনার বিশুদ্ধ সত্ত্বময় এই শরীর যদি প্রকটিত না হয়, তাহা হইলে ভজনের অভাবে "অজ্ঞান ও অজ্ঞানকৃত ভেদ" এই উভয়ের নিবর্ত্তক যে ভবদীয় সাক্ষাৎকারাত্মক বিজ্ঞান তাহাও হইতে পারে না। বুদ্ধ্যাদি জড়গুণ সকল প্রকাশ দ্বারা আপনকার সাক্ষিত্বাদি গুণ প্রকাশ হইতে পারে, কিংবা যাহার বাহ্য গুণ প্রকাশ পাইতেছে, তিনি ঈশ্বর এইরূপ আপনার অনুমান করা যাইতে পারে মাত্র। অথবা আপনি শরীর ধারণ করিয়াছেন বলিয়াই আপনার সম্বন্ধি প্রকাশ বাহুল্য এবং দুর্দ্ধর্ষত্বাদি গুণ, শ্রীদেবকী ও বসুদেবে প্রকাশ পাইতেছে, ঐ গুণের ... পূর্ণ দ্বারাই আপনি সত্য সঙ্কল্প প্রভৃতি গুণে বলিয়া অনুমিত হয়েন ।৩৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেবল রামনাম, কেবল রামনাম, একমাত্র রামনামই আমার জীবন। সংসার-বিষয়-অন্ধ পাপকর্ম্মকারি-নরগণের রামনাম ব্যতীত অন্য কোন গতি নাই, নাই, নাই।

ভারত-বিভাগে

প্রাণপ্রয়াণপাথেয়ং সংসারব্যাধিভেষজম্।
দুঃখশোকপরিত্রাণং শ্রীরামেত্যক্ষরদ্বয়ম্॥

ইতিহাসোত্তমে

শ্রীরামকীর্ত্তনে নিত্যং যস্য পুংসো ন জায়তে।
সলোমপুলকং গাত্রং স ভবেৎ কুলিশোপমম্ (?)॥
রামনামসমং নাম ন ভূতং ন ভবিষ্যতি।
তস্মাত্তদেব সঙ্কীর্ত্ত্য মুচ্যতে কর্ম্মবন্ধনাৎ॥

"শ্রীরাম" এই অক্ষর দুইটী দেহ হইতে প্রাণের চিরপ্রস্থানের পাথেয়; সংসার-রোগের উত্তম ঔষধ ও দুঃখ-শোকের পরিত্রাণকারক।

যে পুরুষের নিত্য রামনামকীর্ত্তনে গাত্র পুলকিত হয় না, সে দেহ বজ্রের তুল্য জানিবে।

রামনামের সমান নাম হয় নাই, হইবে না; সেইহেতু তাহাই সর্ব্বতোভাবে কীর্ত্তন করত কর্ম্মপাশ হইতে মানব মুক্ত হয়।

ক্রিয়াযোগসারে

যে মানবাঃ প্রতিদিনং রঘুনন্দনস্য
নামানি ঘোর-দুরিতৌঘ-বিনাশকানি।
ভক্ত্যার্চ্চয়ন্তি বিবুধপ্রবরার্চ্চিতস্য
তে পাপিনোঽপি ভটা মম নৈব দণ্ড্যাঃ॥
রামেতি নাম যাত্রায়াং যে স্মরন্তি মনীষিণঃ।
সর্ব্বসিদ্ধির্ভবেত্তেষাং যাত্রায়াং নাত্র সংশয়ঃ॥

তত্রৈব শিবঃ—

বিষ্ণোর্নামানি বিপ্রেন্দ্র সর্ব্ববেদাধিকানি বৈ।
তেষাং মধ্যে তু তত্ত্বজ্ঞ রামনাম পরং স্মৃতম্॥
নারায়ণাদি-নামানি কীর্ত্তিতানি বহূন্যপি।
আত্মা তেষাঞ্চ সর্ব্বেষাং রামনামপ্রকাশকম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্রৈব—

রামনামপ্রভাবোঽয়ং সর্ব্ববেদৈঃ প্রপূজিতঃ।
মহেশ এব জানাতি নান্যো জানাতি বৈ মুনে ॥

হে দূতগণ! যে মানবগণ প্রতিদিন ব্রহ্মা-শঙ্কর আদি শ্রেষ্ঠদেববৃন্দপূজিত ও দারুণপাপসমূহ-বিনাশক রঘুনাথের নামনিকর ভক্তি-সহকারে অর্চ্চনা করেন, তাঁহারা পাপী হইলেও আমার দণ্ডনীয় নহেন—জানিবে।

যে বুদ্ধিমান্‌গণ যাত্রাকালে 'রাম' এই নাম স্মরণ করেন, তাঁহাদের যাত্রায় সর্ব্বসিদ্ধি হয়, এ সম্বন্ধে কোনও সন্দেহ নাই।

হে বিপ্রেন্দ্র! বিষ্ণুর নামসকল সর্ব্ববেদের অধিক, তন্মধ্যে তত্ত্বজ্ঞগণ কর্ত্তৃক রামনাম শ্রেষ্ঠ বলিয়া বিবেচিত হয়।

নারায়ণাদি বহুনাম কীর্ত্তিত হইয়াছে, রামনাম সেই সকলের বিকাশকারী অর্থাৎ ব্যক্তকারক আত্মা।

হে মুনে! সর্ব্ববেদে প্রপূজিত রামনামের এই প্রভাব (তেজ) মহেশ্বরই জানেন, অন্য কেহ অবগত নহে।

ভরদ্বাজ-স্তোত্র

সীতাপতে রাম রঘূত্তমেতি
যো নাম জল্পেৎ যুধি তস্য তৎক্ষণাৎ।
দিশং দ্রবন্ত্যেব যুযুৎসবোঽপি
ভিয়ং দধানা হৃদয়েষু শত্রবঃ ॥

প্রপন্নগীতায়াম্

যে কেচিদ্ দুস্তরং প্রাপ্য রঘুনাথং স্মরন্তি হি।
তেষাং দুঃখোদধিঃ শুষ্কো ভবত্যপি ন সংশয়ঃ ॥

শিবসর্ব্বস্বে

শ্রুতি-স্মৃতি-পুরাণেষু রামনামসমীরিতম্।
যন্নাম কীর্ত্তনেনৈব তাপত্রয়বিনাশনম্ ॥
যাবন্ন কীর্ত্তয়েদ্ রামং কলিকল্মষসম্ভবম্।
তাবত্তিষ্ঠতি দেহেঽস্মিন্ ভয়ং চাত্র প্রবর্ত্ততে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS